

# <u>জ্</u>রীঅরবিন্দ

# দিব্য জীবন বাৰ্ত্তা

( The Life Divine-এর বন্ধামুবাদ)

দ্বিতীয় খণ্ড

বিক্তা এবং অবিক্তা—আধ্যাত্মিক পরিণতি

শ্রীঅরবিন্দ আশ্রম পঞ্চিরী

### প্রকাশক—শ্রীষ্মরবিন্দ আশ্রম পণ্ডিফেরী

প্রথম সংকরণ-জাগষ্ট, ১৯৬০

# অনুবাদকের নিবেদন

কি জন্ম ঞ্রীঅরবিন্দের এই মহাগ্রন্থ, The Life Divine অম্বাদ করিবার অতি ত্রুহ প্রচেষ্টায় ব্রতী হইয়াছিলাম তাহা দিব্য জীবন বার্দ্তার ১ম খণ্ডে অমুবাদকের নিবেদনে প্রকাশ করিয়াছি। এখানে আর ডাহার পুনরুল্লেখ করিব না

দিব্য জীবন বার্ত্ত। দ্বিতীয় খণ্ডের সম্বন্ধে বিশেষ বক্তব্য এই যে ইহার প্রথম খণ্ড প্রধানতঃ ছিল The life Divine Book one-এর সর্ম্মান্ত্রবাদ এবং তাহার প্রথম কয়েকটি অধ্যায়ে মূল হইতে কিছু বাদ দেওয়া হইয়াছিল। সেখানে আক্ষরিক অমুবাদ করিবার সেরূপ প্রয়াস পাই নাই। কিন্তু এ খণ্ডে The Life Divine Book two র অমুবাদে কোথাও মূলের কিছু বাদ দিই নাই এবং যতটা সম্ভব সাক্ষরিক অমুবাদই করিতে চাহিয়াছি এবং তাহা করিতে গিয়া ভাষার সাবদীলতা যাহাতে নষ্ট না হয় সেদিকে আমার সাধ্যমত দৃষ্টি রাখিয়াছি। এ ছরাহ কার্য্যে কতটা সফলকাম হইয়াছি ভাহা মুখীর্যাকের বিচার্য্য।

পুস্তকে ব্যবহৃত পরিভাষা সম্বন্ধে এই বলিতে চাই যে ভাষাকে সহজ্ববোধ্য করিবার জন্ম বাঙ্গলা ভাষায় সাধারণতঃ প্রচলিত শব্দ ব্যবহার করিবার জন্ম বিশেষভাবে চেষ্টা করিয়াছি। যেখানে সেরপ শব্দ খুঁজিয়া পাই নাই তথায় প্রধানতঃ সংস্কৃত ভাষা হইতে গৃহীত বা গঠিত অপর মনীষীগণের ব্যবহৃত শব্দ ব্যবহার করিয়াছি। উদাহরণ স্বরূপ বলিতে পারি যে শ্রীঅনির্ব্বাণকে অমুসরণ করিয়া 'subliminal' শব্দের অমুবাদে সর্ব্বত্ত 'অধিচেতন' শব্দ, 'knowledge by identity'র অমুবাদে কোন কোন স্থানে 'ভাদাত্মা জ্ঞান' এবং 'penultimate'-এর স্থানে 'উপধা' ব্যবহার করিয়াছি। তবে বইএর মধ্যে যেখানে সাধারণ ভাবে প্রচলিত নাই এরপ শব্দ ব্যবহার করিতে বাধ্য হইয়াছি

সেইখানে—অস্তৃতঃ পক্ষে যেখানে প্রথমে সেই শব্দ শ্যবহাত হইয়াছে— পাশে বন্ধনীর মধ্যে ইংরাজী মূল শব্দটি দিয়াছি।

প্রথম খণ্ডের স্থায় এই খণ্ডের অমুবাদ কার্য্যে যে সমস্ত বন্ধু আমাকে উৎসাহিত করিয়াছেন এবং যাঁহারা মুজাঙ্কনের ব্যয়নির্বাহে সাহায্য করিয়াছেন, তাঁহাদিগকে আন্তরিক ধন্সবাদ জ্ঞাপন করিতেছি।

অবশেষে সানন্দ ও সক্তজ্ঞ চিত্তে জানাইতেছি যে আমার পরম স্কুদ শ্রীযুক্ত নলিনীকান্ত গুপ্ত এ খণ্ডের প্রথম কয়েকটি অধ্যায় এবং শ্রেদ্ধের বন্ধ্বর শ্রীযুক্ত ঋষভটাদ সামস্থা বাকী সকল অংশ সংশোধন করিয়া দিয়াছেন, আর সোদরপ্রতিম বন্ধু শ্রীযুক্ত প্রভাকর মুখোপাধ্যায় পাণ্ড্লিপি ও প্রফ দেখিয়া দিয়া বিশেষ সাহায্য করিয়াছেন। ইহাদের নিকট আমার ঋণ অপরিশোধনীয়। ইতি

শ্রীসুরেন্দ্রনাথ বস্থ

# প্রথম ভাগ

ব্দনস্ত চেতনা এক অবিক্যা

# ২য় **খণ্ড---প্রথ**ম ভাগ

# সূচী

অধ্যায়		পৃষ্ঠাস
51	নিরুপাধিক ভত্তনিচয়, বিশ্বগত সোপাধিক ভত্তরা <del>জি</del> ও অনির্দ্ধেশ্য	۵
ર ા	ব্ৰহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রাকৃতি, শক্তি	ea
91	নিত্য ও জীব	49
8	দিব্য ও অদিব্য	>>>
el	বিশ্বভান্তি	785
७।	সদ্বস্থ এবং বিশ্বভান্তি	745
91	বিছা ও অবিছা	२७8
41	শ্বৃতি, আত্ম-সংবিৎ এবং অবিচ্যা	२ <b>१</b> १
۵۱,	-শ্বৃতি, অহং এবং <b>আত্মামূভ</b> ব	२७३
001	তাদাত্ম্য জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান	२৮७
۱ ده	অবিভার সীমারেখা	258
<b>५</b> २ ।	অবিভার উৎপত্তিস্থান	<b>385</b>
<b>)</b> ।	তপস্ এবং অবিদ্যা	<b>3</b> 60
186	অনৃত, ভ্রম, অধর্ম এবং অন্তভের উৎপত্তি ও প্রতিকার	هو د



শ্রী গর বেন্দ

# প্রথম অধ্যায়।

# নিরুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বরাজি ও অনির্দেশ্য

থিনি অদৃষ্ট, অহাবহার্যা, অগ্রাহ্য, অলক্ষণ, অচিত্তা, অব্যপদেশু, ( যাহাকে কোন নাম রূপের হারা নির্দ্ধেশ করা যার না ) একাল্পপ্রতায়ই যাহার সার, যাহার মধ্যে প্রপঞ্জের উপশম, যিনি শাস্ত এবং শিব—তিনিই আল্পা, তাহাকেই জানিতে হইবে।

মাঙুক্যোপনিবদ (৭)

কেহ কেহ তাঁহাকৈ আশ্চর্যাবৎ দর্শন করে, তেমনি অপর কেহ কেহ তাঁহাকে আশ্চর্যাবৎ বর্ণনা করে, আবার কেহ কেহ তাঁহাকে আশ্চয়াবৎ প্রবণ করে, কিন্তু কেহই তাঁহাকে জানে না।

গীতা (২৷২~)

বিনি অকর, অনির্দেশ, অব্যক্ত, সর্বব্যেগ, অচিন্তা, কুটছ (Summit-Self) অচল এবং প্রব, ওাঁহাকে বাহারা সর্বব্য সমবৃদ্ধি ও সর্ববৃত্ত-হিতে রত হইরা উপাসনা করে তাহারা আমাকেই লাভ করে।

**গীতা** (১২।৩।৪)

মহান-আন্ধা বৃদ্ধির পরে, অবাস্ত মহান-আন্ধার পরে, পুরুষ অবান্তের পরে, পুরুষের পর আর কিছু নাই—ডিনিই পরাকাষ্টা (extreme ultimate) এবং পরাগতি (supreme goal)।

কঠোপনিষদ (ঝ১•,১১)

বাহুদেবই বাহার কাছে সব এমন মহাল্পা হতুল ভ।

গীড়া (৭১৯)

এক চিৎ-শক্তি সর্ব্বে সর্ববসন্তায় অনুসূতি অর্থাৎ তাহা সর্ব্বান্তর্যামী, যখন গোপনে রহিয়াছে তখনও ক্রিয়াশীল; তাহাই আবার বিশ্বভুবনরাজি স্পষ্টি করিয়াছে (বা করিতেন্ত্রে), ইহাই প্রকৃতির গুহ্য রহস্য। কিন্তু আমাদের এই জড় জগতে এবং আমাদের নিজের সন্তায় সে চৈতন্যের দুইটি বিভাব আছে—সেখানে বিদ্যা বা জ্ঞানশৃন্ধি যেমন, অজ্ঞান বা অবিদ্যার শক্তিও তেমনি আছে।

#### দিবা জীবন বার্তা

শ্বয়ংপ্রজ্ঞ অনন্ত সত্তার অনন্ত চৈতন্যে, সর্বত্র সকল গতি ও ক্রিয়ার মর্শ্বমূলে, প্রকাণ্য বা গোপনভাবে জ্ঞান বা বিদ্যাণক্তি বর্ত্তমান খাকিবেই ; কিন্তু এই এখানে বিশুস্টার আদিতে যে শক্তি জগৎ স্থাষ্ট করিতেছে তাহার ভিত্তি বা প্রকৃতি-রূপে এক অচেতন ব। পূর্ণ নিশ্চেতনের খেলাই আমরা দেখিতে পাই। এই মলধন লইয়াই যেন জড় জগতের কার্য্যারম্ভ হইয়াছে, ইহার মধ্যে জ্ঞান ও চৈতন্য প্রখনে অস্পষ্টভাবে যতি অলপমাত্রায় ফুটিযা উঠে কতকগুলি বিন্দুতে, যে বিলুগুলি একত্রে আদিয়া মিলিত হয়; তাহার পর অতি মন্থর ও দুঃসাধ্য পথে ক্রমপরিণতি চলিতে থাকে, অতি ধীরে অধিকতর ভাবে সমস্ত শৃষ্ধনাবদ্ধ হইয়। উঠিতে থাকে, চৈতন্যের ক্রিয়া ও প্রকাশের জন্য উনুতত্তর দেহ-যন্ত্র স্বষ্টি হয়, এবং নিশ্চেতনের অলিখিত পত্রে চেতনার নূতন নৃতন জয়বার্ত। লিখিত হইতে থাকে। কিন্তু তবু যেন মনে হয এ সমন্ত এক অনুসন্ধিৎস্থ অবিদ্যাব সঞ্চয় ও সংগঠন—যে অবিদ্যা জানিতে বুঝিতে, নৃতন সত্য ও তথ আবিষ্ণার করিতে চায়, যাহা দুঃসাধ্য সাধনার ভিতর দিয়া অতি ধীরে জ্ঞানে রূপান্তরিত হইতে সচেষ্ট। এখানে যেমন মৃত্যুর ভিত্তির উপর এবং মৃত্যুরই পবিবেশেন মধ্যে অতি কটে প্রাণ নিজেকে প্রতিষ্ঠিত ও রক্ষা করে, প্রথমে অতি কুদ্ব বিদ্বতে ক্ষুদ্রাকারে তাহা রূপ নেয়, অলপমাত্রায তাহার শক্তি ফুটিয়। **উ**ঠে, তারপব এই সব কণিকা ক্রমশঃ সধিকত্ব ভাবে একত্রিত ও পুঞ্চীভূত হইয়া ক্রমবর্দ্ধমান জটিল দেহ ও অবয়ব বা প্রাণ প্রকাশের ক্ষেত্র ও যন্ত্র গড়িয়া তোলে, ঠিক তেমনি-ভাবে আদিম নিশ্চেতনা এবং বিশ্বব্যাপিনী অবিদ্যার সন্ধকারের মধ্যে চৈতন্য প্রথমতঃ এক অনিশ্চিত কিন্তু ক্রমবর্দ্ধমান আলোকরূপে নিজেকে প্রতিষ্ঠিত ও রকা করে।

আরো কথা, এইভাবে বে জ্ঞান লাভ হয তাহা প্রতিভাসেরই জ্ঞান — তাহাতে বস্তর তরকে বা অন্তিম্বের মূল ভিত্তিকে জানা যায না। যেখানেই আমাদের চেতনা, মূল ভিত্তি বলিয়া বোধ হয় এমন কিছুর সংস্পর্শে আসিয়াছে মনে করে, সেখানেই সে ভিত্তিকে যেন শূল্যতার আকারেই সে দেখিতে পায— অথবা তাহাকে ঠিক শূল্যতা বলিয়া না দেখিলেও, সেই আদিম অবস্থা অলক্ষণ বা সর্ব্বপ্রকার বৈশিষ্ট্যরহিত বলিয়া মনে করে, আবার সেই আদি মূল নিবিশেষ তন্তের মধ্যেই দেখিতে পায় বহু বিচিত্র কার্য্য-পরিণাম (consequence) যাহাদের সঙ্গে মূল বস্তর যেন কোন স্বভাবসিদ্ধ মিল নাই, মূলের মধ্যে এমন কিছু পাওয়া যায় না যাহাতে কার্য্যপরিণামের সমর্থন মিলে অথবা পরিণামকে

#### নিরুপাধিক তত্ত্নিচয়, বিশ্বগভ সোপাধিক তত্ত্বাজ্ঞিও অনির্দেশ্য

অবশ্যন্তাবী কবিয়া তুলিতে পারে ; যে ভিত্তির উপর এই বহুবিচিত্র স্টেসৌধ গঠিত হইনাছে দেই মল অন্তিম্বের সহিত স্পবিশাল স্ফটিব স্বাভাবিক ও প্রাষ্ট কোন সম্বন্ধ দেখা যায় না। বিশ্বসভার যে তছরূপ আমাদের দৃষ্টিতে প্রথমে ফটিয়া উঠে তাহা নিৰ্বিশেষ বা নিৰুপাধিক (indeterminate) অনন্ত বলিয়া বোধ হয়, হয়ত বা তাহা অনির্দেশ্য (indeterminable)। এই অনস্তের মধ্যে বিশ্বকে শক্তি (energy) অথবা অঞ্চসংস্থান (structure) যে िक नियार पित्र ना कन, जारा यन मतन रस अक निर्वित्मच निर्मंच (indeterminate determination) বা সীমানাহীন সান্ত (boundless finite)—কথাগুলি স্ববিরোধী উজি (paradox) মনে হইলেও এইতাবের বাক্যের প্রয়োজনীয়তা রহিয়াছে, কারণ এই সমস্ত বাকোই যেন আনাদিগকে দেখাইয়া দেয় যে, বস্তুর মূল সম্বন্ধে আমবা বুদ্ধির অঠাত গভীব রহস্যেন (suprarational mystery) সন্মুখে আসিয়া উপন্থিত ছইথাছি। সেই বিশ্বে জানি না কোণা হইতে অভি বিপুল এবং বছবিচিত্র সানান্য ও বিশিষ্ট প্ৰকাশ বা উপাধি (general and particular determinates) আসিয়া উপস্থিত হইয়াছে, অনন্তের প্রকৃতির মধ্যে এমন কিছু দেখা যায় না যাহাতে এ সমস্তের সমর্থন আছে; তাই যেন বলিতে হয এ সমস্ত অনস্তম্বরূপের উপর পরকৃত অথবা সভবত স্বকৃত আবোপ (imposed or it may be self-imposed)। যে শক্তি হইতে এ সমস্ত জাত হয় আমরা তাহাকে প্রকৃতি বলি, কিন্তু এ শব্দটি কোন অর্থই প্রকাশ করে না যদি না, ইহাতে বুঝায় সেই শক্তির খেলা যাহা জিনিঘ সব যেমন আছে তেমনভাবে সাজাইয়া ধরিতেছে তাহাদেরই অন্তর্নিহিত সত্য অনুগারে। কিন্তু সেই সত্যের প্রকৃতি কি, এই সমস্ত বৈশিষ্ট্য কেন তাহাদের বর্ত্তমান রূপ গ্রহণ করিল তাহা কোথাও দৃষ্ট হয না। মানুষেব বিজ্ঞান জড় জগতের ক্রিয়াপদ্ধতি বা তাহার অনেক ক্রিয়ার পদ্ধতি আবিদ্ধার করিতে সমর্থ হইয়াছে তাহা ঠিক, কিন্তু এ জ্ঞান প্রধান প্রশের উপন কোনই আলোকপাত করিতে সমর্থ হয় নাই। বিশুক্রিয়াপদ্ধতির কোন যুক্তিযুক্ত হেত আমর। कानि ना : यादा घटि ठादात अभितिदार्या कान्य एमिश ना रकरन वार्यदातिक ভাবে তাহার বাস্তব পরি।।ম আমাদের দৃষ্টিগোচর হয়। পরিশেষে এই সমস্ত বিশিষ্ট বস্তু মূল নিবিবশেষ বা অবিশেষ্য (indeterminate or indeterminable) হইতে জাত হইয়াছে এবং সেই মলের উপর, যেন

#### দিব্য জীবন বার্দ্রা

শুনোর বা বৈচিত্র্যলেশ-পরিশূন্য একটানা এক পটভূমিকার উপর শৃষ্ণলাবদ্ধ ঘটনাক্রমের সারি দিয়। দাঁড়াইয়া আছে কিন্তু কি ভাবে সেখান হইতে উঠিয়া আসল বা তাহার মধ্যে প্রবেশ করিল তাহা আমাদের কাছে প্রহেলিকা; তাহার হেতু কিছুই বুঝি না। বিশ্বের মূলানুসন্ধান করিতে গেলে আমাদের সন্মুখে উপন্থিত হয় এক অনন্ত যাহার মধ্যে রহিয়াছে অগণিত অবোধ্য সান্তের সমাহার, এক অঞ্বত্ত যাহা অসংখ্য খণ্ডে পরিপূর্ণ. এক অঞ্কর যাহার মধ্যে আছে অফুরস্ত ক্ষরসত্তা ও বৈশিষ্ট্য। বিশ্বের আদি তাই নানা স্ববিরোধী ভাবের রহস্যে আমাদের নিকট ঢাকা আছে। ইহার এ স্ববিরোধের কি অর্থ তাহা বুঁজিয়া বাহির করিবার উপযুক্ত চাবিকাঠি আমাদের কাছে উপন্থিত নাই।

আমাদের রূপময় বিশু যাহার মধ্যে রহিয়াছে এমন এক অনন্তকে স্থাপন বা স্বীকার করিবার বস্তুত: কোন প্রয়োজন আছে কিনা সে সম্বন্ধে প্রশু তোলা যাইতে পারে, যদিও মনের সকল ধারণার প্রয়োজনীয় ভিত্তিরূপে এই অনন্তের ধারণা আমাদের মনের একটা অপরিহার্য্য দাবি : কেননা দেশ কিয়া কাল অথব। স্বন্নপ সন্তার মধ্যে কোথাও একটা সীমা নির্দেশ করা-—যাহার উপরে আর কিছুই নাই অথবা পূর্বে বা পশ্চাতেও কিছু নাই-—মনের পক্ষে অসম্ভব। অনম্ভের ধারণার স্থানে আমরা এক শুন্যতা বা অসতের কলপনা কবিতে পারি বটে কিন্তু সে কল্পনা হইবে অনন্তেরই অতলম্পর্শ গভীরতা. যাহার মধ্যে প্রবেশ করিতে আমরা অস্বীকার করিতেছি। বলিয়া আমাদের কাছে যাহা কিছু পরিচিত তাহার অবশ্যস্বীকার্য্য মূলতত্ত্ব বা ভিত্তিরূপে অজানিত অনিরূপিত এক অনন্তের স্থানে অসৎ বা যাহার অন্তিম্ব নাই এমন এক রহস্যপূর্ণ শূন্যতাকে স্থাপিত করা হইবে। কিন্তু যদি <mark>সান্ত</mark> জড়জগতেৰ সীমাহীন প্ৰসারত৷ এবং তন্মধ্যস্থ অগণিত বিশিষ্ট ৰূপাবলি ছাড়া আব কিছু আমরা মানিতে অস্বীকার করি, তাহা হইলেও সমস্যা পর্বের মতই থাকিয়া যায়। অন্তহীন সৎ বা সত্তা, অন্তহীন অসৎ বা সীমাহীন সান্ত এ সমস্তই আমাদের কাছে আদি নিব্বিশেষ কিম্বা অনির্দেশ্য (original indeterminates or indeterminables); ইহাদের কাহাকেও আমরা কোন বিশেষ ধর্ম্ম বা লক্ষণ দ্বারা বিশেষিত বা নিদ্দিষ্ট করিতে পারি না, তাহাদের বিশেষ রূপকে পূর্বে হইতে বিশেষিত করিতে পারে এমন কিছু কোথাও খুঁজিয়া পাই ना। वित्युत मन धर्माक प्रमा वर्धना कान वर्धना प्रमानकारन युग्यमिनन বলিয়া ধরিয়া লইলেও সমস্যা-সমাধানে কোন गাহায্য পাওয়া যায় না : কারণ

# নিক্লপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্ববাজি ও অনির্দেশ্য

মন একটা কাঠামেতে একটা পরিপ্রেক্ষিতে (perspective) না দেখিয়া বিশ্ব বা বিশ্বছবি ধরিতে বা দেখিতে পারে না, মনোময় দৃষ্টিতে দেখিবার জন্য মন বিশ্বের উপর তাই যে কলিপত কাঠামে। আরোপ করে দেশ কাল প্রভৃতি হয়ত তাহাই; কিন্তু তাহা যদি নাও হয় অর্থাৎ ইহাদিগকে যদি বাস্তব বলি তবু দেখি এ সমস্তও নিরুপাধিক (indeterminates); ইহাদের মধ্যে বিশেষ যে প্রকাশ দেখা দেয়, ইহাদের মধ্যন্থিত কোন কিছুতে তাহাব কারণ বুঁজিয়া পাওয়া যায় না; নিবিবশেষ কি অছুত উপায়ে বিশেষিত ও নিরূপিত হয়, কিরূপে তাহাদের বিচিত্র শক্তি, গুণ ও ধর্ম প্রকাশ পায় তাহা তেমনি রহস্যাবৃত থাকিয়াই যায়, তাহাদের খাঁট প্রকৃতি কি, কোথা হইতে তাহাদের উৎপত্তি এবং তাহাদের তাৎপর্য্য কি এ সমস্তের কিছুই আমাদের কাছে প্রকাশ পায় না।

বস্তুত: এই অনম্ভ বা নিবিবশেষ সত্তা বিজ্ঞানের কাছে শক্তিরূপে প্রকাশ পাইয়াছে ; সে শক্তি স্বরূপতঃ কি তাহা বিজ্ঞান জানে না, শক্তিকে জানে শুধ তাহার কর্মমার', গতির মধ্যে অগণিত তরঙ্গরূপে এবং তরঙ্গের মধ্যে অগণিত অতিপরমাণুর কম্পনরূপে এ শক্তি নিজেকে উৎক্ষিপ্ত করে। আনার এই সমস্ত অতিপরমাণু একত্র হইয়া বৃহত্তর পরমাণু গঠিত করে এবং শক্তির সকল বিস্কটির ভিত্তিভূমি গড়িয়া তোলে, এমন কি যে সমস্ত বিস্ফট জড়ের ভিত্তি হইতে বহু-দুরে অবস্থিত তাহাদিগকেও ইহার মধ্যেই ধরা হয়; এইভাবে ধীরে ধীরে গডিয়া উঠে ব্যহবদ্ধ স্থশুৰাল জড় জগৎ, ক্ৰমে ফোটে প্ৰাণ, জাগে চেতনা, প্ৰকৃতি পরিণামের মধ্যে এখনও অজানা কত ক্রিয়া কত রহস্য এইভাবে ক্রমশঃ আন্ধ-প্রকাশ করিতেছে এবং করিবে। প্রকৃতির মূলকার্য্যপদ্ধতির ভিত্তিকে অবলম্বন করিয়া অগণিত গৌণ পদ্ধতি প্রকাশ পায়; আমরা তাহা পর্য্যবেক্ষণ করিতে পারি, তাহাদের ক্রিয়াধারা অনুসরণ কবিতে পারি ; কিন্তু ইহাদের কোনটিরই মল রহস্য বঝিতে বা ধরিতে পারি না। আমরা এখন জানি তড়িৎ-অতি-পরমাণুর বিভিনু সংখ্যা ও বিভিনু সংস্থান বা বিভিনু ভাবের শ্রেণীবন্ধন হইতে বিভিনু প্রকৃতি বিভিনু গুণ বিভিনু শক্তিযুক্ত বৃহত্তব প্রমাণু সমূহের (atoms) আবির্ভাবের একটা নৈমিত্তিক পরিবেশ (constituent occasion) উপস্থিত হইতে পারে—যদিও ইংাকে ভুল করিয়া কারণ বলা হয়, কিন্ত প্রকৃতপক্ষে ইহা একটা প্রয়োজনীয় পূর্ব্ববর্তী অবস্থা (anticedent condition) মাত্র , কিন্ত এইরূপ বিভিন্ন সংস্থান হইতে কিরূপে বিভিন্ন প্রমাণ্র

#### দিব্য জীবন বার্ত্তা

স্থাষ্টি হয় অথবা মূল উপাদানের বিশেষ কোন গুণ কেন কি ভাবে পরমাণুতে তাহার বিশেষ গুণ ও ধর্ম সানিতে বাধ্য করে তাহা কিছুই বুঝি না। সামরা ইহাও জানি যে এই সমস্ত অদৃশ্য পরমাণু পরস্পরের সহিত যুক্ত হইয়া নূতন দৃশ্য পদার্থ স্ষ্টি করে, অথচ দেখা যায় এই নূতন পদার্খের প্রকৃতি, গুণ ও ধর্মা, যে সমস্ত পরমাণু দারা তাহারা গঠিত তাহাদের প্রকৃতি, গুণ ও ধর্ম হইতে পৃথক। উদাহরণ স্বরূপ জলকে নেওয়া যাক, হাইড্রোজেন এবং অক্সিজেন নামক দুইটি বিভিনু জাতীয় প্রমাণু একটা নিদিষ্ট অনুপাতে যুক্ত হইয়া যে জন উৎপনু করে স্পষ্টতঃ তাহ। হাইড্রোজেন এবং অক্সিজেন এই দুইটি গ্যাসের সংমিশ্রণের চেয়ে একটা বেশী কিছু; এখানে দুইএর মিলনের পর একটা নৃতন স্বষ্টি হইয়াছে, নতন এক প্রকার পদার্ধ দেখা দিয়াছে, এমন একটা জড় বস্তুর প্রকাশ হইয়াছে যাহার মধ্যে নৃতন প্রকৃতি, গুণ ও ধর্মের সমাবেশ দেখা যাইতেছে ; বিভিন্ন পরমাণুর মিলনে এই সম্পূর্ণ নৃতন প্রকৃতি, ধর্ম বা গুণ বিশিষ্ট পদার্থ কেন যে স্বষ্টি হয় তাহাব কারণ আমবা জানি না। আমরা দেখিতে পাই বীজ গাছরূপে পবিণত হয়, যে ধারা বা পদ্ধতিতে এ পরিণাম সাধিত হয আমর। প্র্যাবেক্ষণ দ্বারা তাহা অনুসরণ কবিতে পারি এবং তাহাকে কাজেও লাগাই. কিন্ত বীজ কেন কিরূপে গাঁছে পরিণত হয় তাহা অথবা বীজ বা বীজশক্তির মধ্যে কি কবিয়া গাছেব প্রাণ ও রূপ অন্তর্নিবিষ্ট হইয়া ছিল তাহা আবিষ্কার কবিতে পারি নাই, এটা একটা প্রাকৃতিক তথ্য বলিলেও বীজ কি করিয়া গাছে পবিণত হয় সে প্রশ্র অগীনাংগিত থাকিয়াই যায়। স্থ্রজনন বিদ্যায় (science of eugenics) আমরা জানিয়াছি যে শারীরিক এমন কি মানসিক গুণের যে ধারা বংশানুক্রমে সংক্রামিত হয় তাহাব কাবণ জীবকোষের (cell-এর) মধ্যস্থিত জীন (gene) এবং ক্রমোসোম (chromosome) নামক পদার্থ, কিন্তু বিশিষ্ট মানসিক গুণ ও ধর্ম কি ভাবে এই জড় পদার্থের মধ্যে অবস্থিত থাকে এবং কি ভাবেই বা তাহা এই নিশ্চেত্তন জড়কে বাহন করিয়া পরুষানক্রমে প্রকাশিত হইতে থাকে তাহাব কারণ জানিতে পারা যায় নাই। আমরা জানি না বুঝি না অথচ প্রবল ও অকাট্য যুক্তি দিযা জড় প্রকৃতির কার্য্যপদ্ধতির ব্যাখ্যা করিয়া আমাদিগকে বুঝাইতে চেষ্টা করা হয় যে ইলেক্টন এবং পরমাণু এবং তাহা হইতে জাত অণু, জীবকোণ, শবীর গ্রন্থি, শরীরেন ভিতরে রাসায়নিক পদার্থ বিশেষের ক্ষরণ এবং নানাপ্রকার শারীর ব্যাপার প্রভৃতির নানা খেলা ও ক্রিয়া সেকুসপিযার বা প্রেটোর স্নায়জাল এবং মন্তিক্ককে উত্তেজিত

# নিৰুপাধিক তত্ত্বিচয়, বিশ্বগত দোপাধিক তত্ত্বাজি ও অনির্দেশ্য

করিয়া Hamlet, Symposium অথবা Republic-এর মত গ্রন্থ প্রস্তুত করিয়াছে অথবা এসমস্ত প্রস্তুত করিবার কার্য্যকরী পরিবেশ স্টে করিয়াছে। কিন্তু কি করিয়া জড়ের গতি ও ক্রিয়া, চিন্তা ও সাহিত্য জগতের এই সমস্ত অত্যুজ্জল রত্ন স্টে করিল বা স্টে করিতে বাধ্য করিল তাহা কিছুতেই আবিকার করিতে বা বুঝিতে পারি না। স্টের মূল উপাদান এবং স্ট বস্তুব মধ্যে ব্যবধান এ ক্ষেত্রে এত অধিক যে আমরা ইহার ক্রিয়াপদ্ধতি অনসরণ করিতে কোন মতেই সমর্থ হই না, বুঝা বা কাজে লাগানো ত দূরের কথা। ব্যবহারিক ক্ষেত্রে বিজ্ঞানের এ সমস্ত সূত্র খাঁটি ও নিঃসন্দিশ্ধ হইতে পারে, পুকৃতির কার্য্যপদ্ধতি ব্যবহারিক দিকে কিন্তুপে চলে তাহা এ সমস্ত সূত্র সাহায্যে হয়ত নির্মাপত হইতেও পারে, কিন্তু রহস্যের কোন হেতু বা সদ্ধান তাহাতে পাওয়া যায় না; বস্তুর সম্বন্ধে মূল প্রশ্নের উত্তর তথায় মিলে না; ববং মনে হয় এ সমস্ত সূত্রও যেন কোন বিশ্ব-মায়াবীর মায়ার খেলা, যাহা ঘটে তাহা নিঝুঁত, অমোদ, প্রতিক্ষেত্রে স্বতঃই সফল, কিন্তু তাহার মূল রহস্য বুঝা যায় না, মূলতঃই ইহা থেন অবোধ্য।

আমাদিগকে বিভ্রান্ত করিবার আরও বিষয় আছে, আমর। দেখিতে পাই মূল নিবিশেষ শক্তি হইতে কোন বিশিষ্ট এবং নিজস্ব বা যথায়থ ভাব লইয়া এক একটি বিশেষ প্রকাশ হয় এবং সেই প্রকাশ সাধার যেন নিবিবশেষ রূপে ক্রিয়া করিয়া বহু সবিশেষ রূপায়ণের আশুয় হয়; এই সমস্থ সবিশেষ রূপায়ণ বা উপজাতিন তলনায় মল বিশেষকে জাতিগত নিংবিশেষ বলিতে পারি। এই সবিশেষ রূপায়ণের সংখ্যা বহু, কথনও বা অগণিত , কখনও কখনও একই বস্তু-শক্তিকে (substance-energy) ভিত্তি করিয়া এইরূপ অসংখ্য সবিশেষ রূপায়ণ বা উপজাতি প্রকাশ পাইতে থাকে কিন্তু এপানেও মূল জাতিগত নিব্বিশেষের মধ্যে এমন কিছু খুঁজিয়া পাওয়া যায় না যাহা এই সমন্ত উপজাতির স্বাষ্টির কারণ বলিয়া ধরা যাইতে পারে। একই তডিং শক্তি হইতে বিদ্যুতের তিন অবস্থা জাত হয়, একটি ভাবের (positive) একটি অ-ভাবের (negative) অপরটি সাম্যের (neutral), ইহার প্রত্যেক আকারেই তড়িৎ-শক্তি যুগপৎ জড়-কণা (particles) এবং তরঙ্গ (waves) রূপে অবস্থিত: একই বায়ীয় শক্তিবস্ত (energy-substance) হইতে বহু বিভিনু বায়বীয় পদার্থ ব। গ্যাস জাত হয় ; শক্তি-বন্তর একই কঠিন অবস্থা ক্ষিতিত্ত্বরূপে থাকিয়া বহু প্রকার মত্তিকা, বহু জাতীয় শিলা, বহু খনিজ পদার্থ

#### দিব্য জীবন বার্ছা

বছ ধাতুতে পরিণত হয় ; একই প্রাণতৰ হইতে উদ্ভিদ-জগতের কত সম্পূর্ণ বিভিনু অগণিত তরুলতা পূষ্প পরবের বিপুল সমারোহ দেখা দেয়, আবার একই পশু-প্ৰাণের তম্ব হইতে অসংখ্য কত জাতি, কত উপজাতি, কত বিশিষ্ট ব্যষ্টিপ্রাণীর উদ্ভব হয়। তেমনি আবার সেই প্রাণশক্তি মানুষের প্রাণ ও মনের কত অসংখ্য ধারা বাহিয়া তাহার আজিও অসমাপ্ত ক্রমবিকাশের উত্তর ভাগের কোন অজানা ও অনিশ্চিত শেঘ অধ্যায়ের দিকে চলিয়াছে তাহার ইয়তা কে করিবে ? এ সমন্ডের মধ্যে একটা এই সাধারণ নিয়ম দেখা যাইতেছে যে প্রত্যেক মৌলিক বিশেষের স্বভাবধর্ম্মের একটা একম্ব বা সমতা সর্বদা রক্ষিত হইতেছে এবং সেই সমতাকে আশ্রয় করিয়া সামান্য ও বিশেষভাবে যাহ। কিছু প্রকাশ হইতেছে তাহার মধ্যে বহু বৈচিত্র্যের যেন বন্যা বহিয়া চলিয়াছে। জাতি বা উপজাতিতে সমতা বা সাদুশ্যের বিধান রক্ষিত হইতেছে কিন্তু ব্যক্তি বা ব্যাষ্ট্রির মধ্যে দেখা দিতেছে অগণিত প্রকার ভেদ, বছ বৈষম্য, অনেক সময় তাহা সূক্ষ্যাতিসূক্ষ্য, কিন্তু সাধারণ বা জাতিগত মূল বিশেষের মধ্যে এমন কিছু খুঁজিয়া পাই না যাহার ফলে এই সমন্ত বিভেদ, বৈচিত্র্য বা বৈষম্য দেখা দিতে পারে। মূলে এক অপরিবর্ত্তনীয় সাম্য এবং বাইরে বা শাখাপ্রশাখায় রহস্যময় বৈচিত্র্যের অবাধ সমারোহ ইহাই যেন বিধান মনে হয়; কিন্তু কে বা কি এই নিয়তি পরিচালিত করিতেছে? কে নিন্বিশেষকে এইটোবে বিশেষিত করিতেছে ? বিশেষের এই আনির্ভাবের হেতু কি ? তাহার মূল সত্য বা তাহার তাৎপর্য্য কি ? যাহার কোন লক্ষ্য দেখা যায় না, অর্থ খুঁজিয়া পাওয়া ষায় না, বৈচিত্র্যের সেই বিপুল সম্ভাবনা, কাহার তাড়না বা প্রেরণায় এরূপ অগণিত ধারায় নিয়ত প্রবাহিত হইতেছে ? স্বাষ্টর আনন্দ বা সৌন্দর্য্যকে সার্থক করা ছাড়া ইহার আর কোন কারণ ত খুঁজিয়া পাওয়া যায় না। একটা মনন, অনু-সৃদ্ধিংস্থ এবং স্বাষ্ট্র ও কলপনাকশল একটা চেতনা, এ সমস্ত সফল করিয়া তুলিতে পারে এমন একটা ইচ্ছাশক্তি, হয়ত গোপনভাবে ইহার মধ্যে থাকিতে পারে কিন্তু জড়জগতের যে রূপ আদিতে ফুটিয়াছে তাহার কোথাও ইহার চিহ্নও (मधा योग्र ना।

এ সমস্যা সমাধানের জন্য আমাদের দৃষ্টি প্রথমেই 'আকস্মিকতার' উপর পড়ে, অর্থাৎ আমরা বলি এ সমস্তের উৎপত্তি আকস্মিক, এ আকস্মিকতা যেন গতিশাল ক্রিয়াপ্রায়ণ, কেং ইহাকে চালনা করে না স্নৃতরাং এ যেন নিজেই নিজের নিয়ামক—একটা স্ববিরোধী কথা যেন আসিয়া পড়িল, কিন্তু যে বিশ্ব-

# নিৰুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক ভত্ত্বাজি ও অনিৰ্দেশ্য

প্রতিভাগকে আমরা প্রকৃতি বলি তাহার এক দিকে অলঙ্ঘ্য নিয়মের শাসন ষেমন দেখিতে পাই তেমনি অন্য দিকে এমন সব খামখেয়ালি এবং উদ্ভট কল্পনার দেখা পাই যাহার কোন অর্থই বুঁজিয়া পাওয়া যায় না, স্থতরাং এ দুইএর সামঞ্জস্য-সাধনের জন্য এইরূপ স্বতোবিরোধী কল্পনার আশ্রয় নিতে হয়। তাই বলা হয় যে এক অচেতন এবং অনিয়ত শক্তি যেন নিয়ম বা যক্তি না মানিয়া ক্রিয়া করিতেছে কোন বিধানের সঙ্গে সম্বন্ধ ন। রাধিয়া আকস্মিকভাবে যাহা-তাহা স্মষ্টি করিতেছে, যে স্মষ্টিকে নিয়ন্ত্রণ করিবার কোন তম্ব নাই—নিয়ম বলিয়া যাহা বোধ হইতেছে তাহা শুধু ক্রিয়ার একই ছলের পুনরাবৃত্তি মাত্র, তাহা টিকিয়া যাইতেছে কেননা কেবল এই পুনরাবৃত্তিযুক্ত ছদ্দই বস্তুর সন্তাকে রক্ষা করিতেছে—ইহাই প্রকৃতির শক্তি। কিন্তু এ ব্যাখ্যা মানিতে হইলে স্বীকার করিতে হয় যে বিশ্বের আদিতে কোথাও একটা অসীম সম্ভাবনা বা অগণিত সম্ভাবনার একটা গর্ভাশয় আছে এবং একটা মন শক্তির বশে সেই গর্ভা-শয় হইতে সম্ভাবনার প্রকাশ হইতেছে—বে শক্তি অচেতন ও অবোধ্য, আমর। বুঝিয়া উঠিতে পারি না সে শক্তিকে সং বা অসং কি বলিব; অথচ এইরূপ একটা মূল ও ভিত্তি না ধরিলে শক্তির প্রকাশ ও ক্রিয়া কি করিয়া সম্ভব হয় তাহা বুঝিয়া উঠিতে পারি না। কিন্ত বিশ্বব্যাপারের অন্য বিপরীত প্রান্তে যখন দৃষ্টিপাত জরি তখন একটা আকস্মিক ক্রিয়া স্থায়ী শৃঙ্খলা স্বৃষ্টি করে এ মত আর যুক্তিযুক্ত বোধ হয় না। প্রকৃতির মধ্যে বিধানের, সম্ভাবনারাজির ভিত্তিরূপে নিয়মের একটা অতি দুচ সমর্থন বা ব্যবস্থা রহিয়াছে দেখা যায়। যেন ইহার্ট মনে হয় যে প্রকৃতির মর্মমূলে নিয়ামক এক স্বভাবসত্য নিত্য বর্ত্ত-মান আছে যে সত্যকে আমরা জানিতে পারিতেছি না, সে সত্যের বহু বিচিত্র ভাবে প্রকাশ পাইবার সামর্থ্য আছে—তাহার নিজের মধ্যস্থিত বহু সম্ভাবনা বহু বৈচিত্র্য সেই সতাই দিকে দিকে বিচছুরিত করিতেছে, স্মষ্টিশক্তি এই সমস্ত বৈচিত্ৰ্যকে বান্তব ঘটনান্ধপে ফুটাইয়া তুলিতেছে। ইহা হইতে হিতীয় আর একটা সিদ্ধান্তের কথা মনে হয়, মনে হয় বিশ্বের মূলে আছে একটা যান্ত্রিক নিয়তি, যাহার ক্রিয়া আমরা প্রকৃতির বহুপ্রকার নিয়ম ও বিধানের মধ্যে দেখিতে পাই, যে নিয়ম বা বিধান যেন যম্ভচালিত ভাবেই ক্রিয়াশীল হয় : আমরা পর্বের্ব যে গোপন স্বভাবসত্যের কথা বলিয়াছি হয়ত তাহার প্রশাসনে চালিত ক্রিয়া-পদ্ধতিই আমাদের নিকট ষন্ত্রচালিত জাগতিক ক্রিয়ারূপে প্রকাশ পায়। শুধু যম্রচালিত নিয়মতন্ত্রের দারা পরিণতির ক্ষেত্রে অন্তহীন বৈচিত্র্যের যে স্বাধীন

#### দিব্য জীবন বাৰ্ত্তা

খেলা চলিতেছে দেখা যায়, তাহার কোন ব্যাখ্যা তো পাওযা যায় না ; তাহার জন্য একছের এক মুখ্য বিধানের সঙ্গে বহুছের একটা গৌণ বিধান সর্বদা এক সঙ্গে বর্ত্তমান থাকা এবং এ উভয় বিধানকে আত্মপ্রকাশের জন্য উন্মুখ হওয়া চাই; কিন্ত প্রশু উঠিবে কিসের বা কাহার একত্ব কাহার বছত্ব ? যান্ত্রিক নিয়তি এ প্রশ্রের কোন জবাব দিতে পারে না ; আবার আगরা যাহাকে অচেতন বা নিশেচ-তন বলি তাহ। হইতে চেতনার উদ্ভব কি করিন। সম্ভব হইল এ মতবাদ দিয়া তাহা ব্যাখ্যা করা যায় না. কেননা নিশ্চেতন যান্ত্রিক নিয়তি যাহার স্বব্ধপ তাহার মধ্যে ইহার বিরোধী তত্ত্ব চেতনার কোন স্থান হইতে পারে না ; যদি নিয়তি বশেই চেতনার প্রকাশ হয় তাহা হইলে বলিতে হয় যে নিশ্চেতনের মধ্যে চৈতন্য পূর্বে হইতে গোপনে পরিণতির জন্য অপেক্ষা করিয়াছিন এবং সকন যখন পুস্তত হইয়াছে, উপযুক্ত পবিবেশ যখন গড়িয়া উঠিয়াছে তখন তাহা আপাতনিশ্চেতনার কারাগার ভাঞ্চিয়া বাহিব হইয়াছে। অমোধ এই প্রবল বাধা আমরা অবশা দূর করিতে পারি ইহা বলিয়া যে প্রকৃতির মধ্যে নিয়ম বলিয়া কোন কিছু নাই, অনোঘ নিয়মের বিধান না হইলে বাহ্য পরিবেশের স্থিত কারবার চলে না আমাদের মনেব এই চিন্তাধারা আছে ব্লিয়া সে এইরূপ একট। যান্ত্রিক নিয়নেব বিধান জগতেব উপর আরোপ করিয়াছে—কিন্তু বস্তুত: ঐরপ কোন নিয়মের অন্তিষ নাই। প্রকৃত পক্ষে বিশ্বে অগঞ্জিত অণু-পরমাণুর মধ্যে একটা শক্তির আক্ষিত্রক খেল। মাত্র চলিতেছে; সে খেলার সাধারণ ক্রিয়ার ফলে সমস্ত ক্রিয়া সমষ্টির মধ্যে ছন্দের পুনরাবৃত্তির জন্য নান। বিশেষের প্রকাশ হয় মাত্র, এইকপে সত্তার ভিত্তিকপে যাদ্রিক নিয়তির স্থানে আবার আমর। আক্সিকতাকে আনিয়া বসাই। কিন্তু তাহা হইলে এই মন, এই চেতনা কি? যে অন্ধশক্তি হইতে ইহা জাত হইয়াছে তাহা হইতে মূলতঃ এতই স্বতম্ব ইহার প্রকৃতি যে, যে জগতে চৈ তন্যকে বাস করিতে বাধ্য হইতে হইতেছে নিশ্চেতনের স্মষ্ট সেই জগতের উপর তাহার নিজের ভাবধার৷ এবং প্রয়োজনের বিধান আরোপ করিয়া তবে তাহাকে এখানে ক্রিয়া করিতে হয়। এ সিদ্ধান্তে দুইটি বিরোধ আছে, প্রথম বিরোধ যাহা মূলতঃ নিশ্চেতন তাহা হইতে চৈতন্যের আবির্ভাব, দিতীয় বিরোধ যে জগৎ মচেতন আকস্মিকতা দারা স্বষ্ট তাহার শেঘ উজ্জল পরিণতিতে দেখা দেয় যাহার মধ্যে শৃহাল। আছে যুক্তি আছে এমন এক মন। এ সমস্ত সম্ভব হইতে পারে কিন্তু এ সিদ্ধান্ত গ্রহণ করিবার পূর্ব্বে এ পর্য্যন্ত যাহা বলা হইয়াছে তদপেক্ষা স্বষ্ঠু ব্যাখ্যার প্রয়োজন।

# নিক্লপাধিক ভত্তনিচয়, বিশ্বগত সোপাধিক ভত্তরাজি ও অনির্দেশ্য

অন্য এক সিদ্ধান্তের পথে যাওয়া যাইতে পারে যে সিদ্ধান্তানুসারে আপাত-।নৈশ্চেতনের আদি ও মূল উপাদান লইয়। চৈতন্যই বিশ্ব স্থাষ্ট করিয়াছে ; এমতে এক মন, এক ইচছাশক্তিই জগতের পরিকল্পনা ও সৃষ্টি করিয়াছে কিন্ত আপনার স্বাষ্ট্রর অম্ভরালে সে মন নিজেকে প্রচছনু রাধিয়াছে। সে চেতনা পুখনেই অচেতন শক্তির একটা আবরণ, পদার্ধের একটা জড় রূপ স্বাষ্টি করিয়াছে, যে জড রূপ যুগপৎ সেই চৈতন্যের ছণ্যুত্থাবরণ এবং স্ফটির মূল নমনীয় উপাদান : ক্সকাৰ যেমন নিশ্চেষ্ট এবং নিজের বশীভূত মৃত্তিক। দিয়া তাহার মনমত ঘটের নমুনা ও রূপ গড়িয়া তোলে তদুপ ভাবেই এই চৈতন্য জড়কে ব্যবহার করিতেছে। আমাদের চারিদিকে যাহা নিছু দেখি তাহার সমস্তই বিশ্বের বাহিরে অবস্থিত ঈশ্বরের (extra-cosmic-Divinity) ভাবন। ধারা জাত ; জগতের ওপারে অবস্থিত এই সত্তা বা পুরুষের এক সর্ববঞ্জ এবং সর্বেসামর্থ্য-যুক্ত মন এবং ইচছাশক্তি আছে, বাহ্য জগৎকে গণিতের অবশ্যন্তাবী নিয়ম-শৃখলে তিনিই বাঁধিয়াছেন. তাহার জন্যই সৌলর্য্যের ও মাধুর্য্যের এত রূপরেখা, একম্ব এবং বৈচিত্র্যের সংবাদী ও বিবাদী স্থরের (consonances and discords), নানারূপ ছন্দের এত অপরূপ মিলন ও সংমিশ্রণ। তাহার জন্যই এক বিশু নাটকের অভিনয় হইতেছে যাহাতে আমরা দেখিতেছি যে বর্ত্ত-মান থাকিবাৰ এবং বিপুৰ্ব্যাপী নিশ্চেতনের মধ্যে আত্মপ্রতিষ্ঠার জন্য চৈতন্যকে পুয়াস পাইতে ও সংগ্রাম করিয়। চলিতে হইতেছে; এই পুরুষকে আমর। যে দেখিতে পাইতেছি না. মন অথবা ইন্দ্রিয় শক্তিয়াবা তাহাকে যে ধারতে পারিতের্ছি না তাগতে আশ্চর্য্য হইবার কিছু নাই, কাবণ যে জগতের মধ্যে তিনি নাই সেই জগতে সেই বিশ্বাতীত পুরুষের অপরোকানুভূতি লাভ অথবা তাহার কোন প্রত্যক্ষ লক্ষণ দেখিবার ত কোন আশা করা শৃহতে পারে না। गर्वत प्रथा याहराज्य व वृद्धित किया ७ थिला, नियम वा विधारनत ताब्या চলিতেছে, পরিকলপনা যেন গত্রের (formula) মধ্য দিয়া আত্মপ্রকাশ করিতেছে, উদ্দেশ্যের সহিত সামঞ্জপ্য রক্ষা করিয়া উপায়ের প্রয়োগ হইতেছে. স্বর্বদা অফ্রস্ত আবিচ্চারের ধারা বহিতেছে, এমন কি কল্পনাকেও নিয়ামক এক যক্তিবিচার নিয়ম্বিত কবিতেছে—বিশ্বের উপর এ গমস্বের ছাপ এত সুস্পষ্ট যে ইহা হইতেই নমস্ত পদার্থের মূল উৎদের প্রকৃতি সম্বন্ধে যথেও প্রমাণ পাওয়া যাইতেছে মনে করা স্থসঙ্গত। আবার এই শ্রন্থা সম্পূর্ণরূপে জগদতীত না হইয়া যদি তাহার স্টের মধ্যে অন্তর্গ চু ভাবে বর্ত্তমানও থাকেন তব -

### দিৰা জীবন বাৰ্ছা

তাহার পরিচয় আমাদের কাছে গোপন থাকিতে পারে, তাহার অবস্থানের কোন লক্ষণ বাহিরে না দেখা দিতে পারে—কেবল এই নিশ্চেতন জগতে যাহাদের মধ্যে চিৎশক্তির বিকাশ ও পরিণতি হইতেছে তাহাদের মধ্যে তাহার পরিচয় ও প্রকাশ হইতে পারে : কিন্তু তাহাদের মধ্যেও চৈতন্য-পরিণতির একটা এমন निक्षिष्ट माजाय यতिमन जानिया ना (भौ ছिতেছে, यंथारन (भौ हिल असर्यामीत অবস্থিতি সম্বন্ধে সে স্পষ্টভাবে সচেতন হইতে পানিবে, ততদিন পর্যান্তও এ পরি-চয় না মিলিতে পারে। মধ্যবর্ত্তীকালে এই পরিণতি পথগামী চেতনার উন্মেষ ও পষ্টিও অসম্ভব কিছু নয়, কারণ এই প্রকাশ পদার্থের স্বরূপগত প্রকৃতির বিরোধী কিছু নয় ; সর্বেশক্তিশালী এক মন সহজেই তাহার স্বষ্টির মধ্যে নিজ স্বরূপের কিছু আবেশ ঘটাইতে পারে। এসিদ্ধান্ত গ্রহণের পক্ষে একটা বাধা আছে ; ইহাতে স্ষ্টিটা যেন খামখেয়ালী কিছু মনে হয়, তাহার কোন উদ্দেশ্য দেখা যায় না, অজ্ঞান হন্দ এবং দু:খের বিধান সমূহ যেন বৃথায় ঘটিতেছে তাহাব প্রয়ো-জন অথবা লক্ষ্য কি তাহা বুঝা যায় না, ইহাব পরম পরিণতির কোন রহস্য উদঘাটিত হইতেছে না। হয়ত উত্তরে শুনিব যে এ সমস্ত ঈশুরের লীলা বা খেলা ; কিন্তু যিনি দিব্য চিন্ময় পুরুষ তাহার লীলায় এত সমস্ত অদিব্য উপাদান এবং প্রকৃতির ছাপ কেন দেখিতে পাই ? যদি বলা যায় জগতে যাহা কিছ দেখিতেছি তাহা সমস্তই ঈশুরেন ভাবনার বিলাস তবে তাহার উত্তরে বেশ বলা যাইতে পারে এতদপেক্ষা উৎকৃষ্টতর ভাবনা ত ভগবানের মধ্যে ধাকিতে পারিত পরস্ক জালা যন্ত্রণাময় এবং দুর্বোধ্য এ জগৎ স্মষ্টি হইতে বিরত থাকাই তাহার উৎকৃষ্টতম ভাবনার পরিচয় হইত। বিশ্বাতিরিক্ত (extracosmic) ঈশুরকে লইয়া বিশুসন্তার যত প্রকার ব্যাখ্যা আছে তাহার প্রত্যেককে এই বাধায় আসিয়া ঠেকিতেই হইবে, ব্যাখ্যা না করিয়া কেবল পাশ কাটাইয়া যাওয়া ছাডা এক্লপ ঈশুরবাদের আর কোন উপায় নাই। এ বাধা কাটে কেবল তথনই যথন সুষ্টা বিশাতীত হইয়াও স্ষ্টিকে অতিক্রম করিয়া বর্ত্তমান থাকিয়াও, যদি স্টির মধ্যে অনুস্তুত থাকেন, বিশ্বের ঈশুর হইগাও যদি বিশ্বান্থক হন, একাধারে তিনি নিজেই পেলা এবং খেলোয়াড় এ উভয়ই যদি হন, যিনি অনস্ত তিনি বিশ্বপরি-ণামের নানা বিচিত্র ছন্দে ও রূপে যদি আপনার মধ্যস্থিত অন্তহীন সম্ভাবনাকে রূপায়িত করিয়া তুলিয়া থাকেন।

শেঘোক্ত এই অনুমান সত্য বলিয়া মানিলে একধা স্বীকার করিতে হইবে যে জড়শক্তির ক্রিয়ার পশ্চাতে এক বিশ্বব্যাপী অন্তহীন চেতনা সংবৃত ও গুপ্ত

# নিক্রপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বরাজি ও অনির্দ্ধেশ্য

হইয়া বর্ত্তমান আছে: সেই চেতনা তাহার সম্প্রস্থ শক্তির (frontal energy) ক্রিয়া হারা পরিণামশীল অভিব্যক্তির উপাদান গড়িয়া লইয়াছে, জড় বিশ্বের সীমাহীন সান্ততার রূপে নিজের মধ্য হইতে নিজেকেই স্টে করিতেছে. জড উপাদান স্মষ্টির জন্য জড় শক্তির এই আপাত নিশ্চেতনা একটা অপরিহার্য্য অবস্থা (indispensable condition); চৈতন্য এই জড়ের মধ্যেই নিজেকে সংবৃত ও লুকায়িত করিতে চায় যাহাতে এই আপাতবিরুদ্ধ বস্তুর ভিতর দিয়া সে নিজেকে আবার বিবৃত ও প্রকাশিত করিতে পারে ; কারণ এইরূপভাবে নিশ্চেতন জড স্মষ্টি না করিলে নিজেকে পূর্ণরূপে সংবৃত করা সম্ভব হয় না। বিশু যদি অনন্তের নিজের মধ্য হইতে নিন্দেকেই স্মষ্টি হয় তবে জড়ক্সপের ছদাবেশে ইহা তাহার নিজের সন্তার সতা ও শক্তির অভিব্যক্তি ছাড়া আর কিছ হইতে পারে না : এই সমস্ত সত্য ও শক্তির নানারূপ ও বাহন (vehicle) প্রক্-তিতে সামান্য বা মৌলিক সবিশেষ বা সোপাধিকতৰ (general or fundamental determination) जार्ल (एवं) एत्य । थाराजा जम्लिष्ट जिनिक्षिष्टेमन হইতে জাত হইয়াছে মনে হইতেছে, সেই সমস্ত ব্যষ্টিবিশেষ (the particular determinates)—যাহাদের মধ্যে এমন সকল বৈচিত্র্য ও তেদ রহি-য়াছে যে অন্য কোন রূপে তাহাদের ব্যাখ্যা করা যায় না—মৌলিক সবিশেষের (general determinates) অন্তরে যে সমস্ত সত্য ও শক্তি সম্ভাবনারূপে বর্ত্তমানে আছে তাহাদেরই যথায়থ রূপায়ণ বলিয়া ব্ঝা চেতনাতে স্বভাবতঃ যে বহু বৈচিত্র্যের সম্ভাবনা অবাধভাবে বিদ্যমান আছে তাহাতেই আমরা প্রকৃতির ক্রিয়ার যে বিভাবকে নিশ্চেতন আকস্মিকতা বলিয়া দেখি তাহার ব্যাখ্যা মিলিবে—এই নিশ্চেতনতা শুধু একটা বাহিরের আপাত বোধ মাত্র—চৈতন্য জড়ের মধ্যে পূর্ণভাবে সংবৃত হইয়া পড়িয়াছে বলিয়াই এরূপ বোধ হইতেছে, এই নিগৃঢ় চেতনা যে আবরণ দিয়া নিজের অন্তিমকে **ঢাकि**ग्रा त्रांत्रिग्रा এकठा इमुर्रितर्ग प्रथा पिट्डि, ठारारे এই निर्म्डिना। আকস্মিকতার যে বিপরীত বিভাব যান্ত্রিক নিয়ম বলিয়া আমরা প্রকৃতির মধ্যে দেখি তাহারও অর্থ, অনন্তের সত্য ও বাস্তব শক্তিসমূহের অলঙ্গ্যভাবে আদ্ধ-প্রকাশের মধ্যে খঁজিয়া পাওয়া যায়, এক্ষেত্রে নিশ্চেতনের আবরণ রহিয়াছে वनियारे नियमक व्यक्ति याञ्चिक वनिया मत्न रय । वित्युत मृन किलनात्क এইরূপ ভাবে স্থাপিত করিতে পারিলে স্পষ্ট বুঝা যায় যে নিশ্চেতন যে ক্রিয়া করে, যাহা গড়িয়া ভোলে, তাহা কেন গণিতের অবার্থ নিয়ম মানিয়া চলে,

#### দিব্য জীবন বাৰ্ছা

কেন তাহার মধ্যে রহিযাছে স্থাপন্ত পরিকলপনা, সংখ্যাসসূহের যথাযথ সংস্থান, উপায়ের সম্পে উদ্দেশ্যের সামঞ্জন, অফুরস্ত কলা কৌশল এবং আবিন্ধাবের সমাবেশ, যাহার জন্য বলা চলে সতত বিদ্যামান পনীক্ষা ও গবেষণারত এক সামর্থেটর সড়ে উদ্দেশ্য সাধনের এক অন্যর্থ্য যন্ত্রবং সাফল্য যেন যুগপং বর্ত্ত-মান আছে। আপাতনিশ্চেতনা হইতে কি করিয়া চৈতন্যের আবির্ভাব হইতেছে সে সমস্যা সমাধানেরও কোন বাণা আর থাকে না।

বস্তত: এই সিদ্ধান্ত সত্য বলিয়া প্রমাণিত হইলে প্রকৃতির সকল দুর্বোধ পদ্ধতি ও রহস্যের অর্থ ও সঙ্গতি খুঁজিয়া পাওয়া যায়। তপ্রঃশক্তি বা তেজ (energy) বস্তুকে সৃষ্টি করে ইহাই মনে হয়, কিন্তু চিৎশক্তিতে যেমন সৎ বা সত্তা অনুসাত আছে তেমনি ভাবে তেজের মধ্যে বস্তু অন্তর্নিনিষ্ট রহিয়াচে, ফলতঃ চিংশক্তিই তেজরূপে এবং অন্তর্গু চু সংই বস্তুরূপে প্রকাশ পায়। কিন্তু ইহা চিন্ময় বা অধ্যাপ্সবস্তু বলিয়া, যতক্ষণ তেজ তাহাকে ইন্দ্রিয়গ্রাহ্য রূপ না দেয় ততক্ষণ পর্য্যন্ত জড ইন্দ্রিয় তাহাকে ধরিতে পারে না। পদার্ধের অঞ্চ-বিন্যাস (design) সংখ্যা ও পরিমাণ কিরূপে বস্তুর গুণ ও ধর্ম-প্রকাশের ভিত্তি হইতে পারে তাহাও এবান বুঝিতে আরম্ভ কবি, কারণ অঞ্চ-বিন্যাস সংখ্যা ও পরিমাণ সম্বস্তুর শক্তি, এবং গুণ ও ধর্ম সতের মধ্যে অবস্থিত চেতনা ও তাহার শক্তি হইতে জাত : স্মুতরাং বস্তুর ছন্দোম্য গতি ও ক্রিয়ার ফলে তাহাদের সক্রিয়তা ও অভিব্যক্তি হইতে, অর্ধাৎ গুণ ও ধর্ম প্রকাশ পাইতে পারে। এই ভাবে অন্যান্য অনুরূপ ঘটনার সঙ্গে বীজ হইতে কী ভাবে বৃক্ষ আবির্ভু ত হয় তাহাও বুঝা যাইবে, এ সমস্ত আবির্ভাবের কারণ আমরা যাহাকে সদ্ভূত বিজ্ঞান বা ঋত-চিৎ (Real Idea) বলিয়াছি, বস্তুর মধ্যে অন্তর্যামী হইয়া তাহার অবস্থান; যথায়থ এবং অভীপ্ট রূপ—যে রূপকে সন্তার শক্তির জীবন্ত কায়ারূপে ধরা যাইতে পারে—অনন্তের মধ্যে দিব্যদর্শনরূপে ফুটিয়া উঠে; শক্তিবস্তর (energysubtance) মধ্যে অনন্তের আন্ধসন্তুচিত বা আন্ধসংহাত অবস্থায় রহিয়াছে বীজাকার রূপ—তাহাকেই আবির্ভূ ত হইতে হইবে, এই বীজেরই অন্তর্গু চ চৈতনে নিহিত যে রূপ, অব্যর্থভাবে তাহারই অভিব্যক্তি ঘটে। এইভাবে ভীনু এবং ক্রমোসোম (gene and chromosome) সূক্যাদপি সূক্ষ্য জ্বত বস্তু হইয়াও কিরূপে মানসিক ভাব পর্যান্ত নিজেদেব মধ্যে বহন করে এবং মান্দের বীচ্ছের মধ্যে বর্ত্তমান থাকিয়া কিরূপে ভাবী দেহে তাহা সংক্রামিত করে তাহা বঝাও কঠিন হইবে না। ইহা মূলতঃ বিষয়রূপে অবস্থিত জড়ের

# নিরুপাধিক তত্তনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বাজি ও অনির্দেশ্য

মধ্যস্থ সেই তত্ত্বের বলে সাধিত হইতেছে যাহা আমাদের মধ্যে বিষয়ীর অন্তর্মুখান অভিজ্ঞতা সকল (subjective experience) ফুটাইয়া তুলিতেছে—কারণ আমরা দেখিতে পাই জড়দেহ অবচেতনভাবে কতপুকার মানসিকভাব ও ভাবনা, অতীতের কত স্মৃতি ও অভ্যাস, প্রাণ মনেব কত প্রকার সংস্কার, স্বভাবের কত নির্দিষ্ট আকার নিয়ত বহন করিতেছে এবং এক রহস্যময় উপায়ে সে সমস্ত আমাদের জাগ্রত চৈতন্যে ভাসাইয়া তুলিতেছে, যাহার ফলে আমাদের মধ্যে দৈনন্দিন জীবনে কত ক্রিয়া নিয়য়িত হইতেছে অথবা কত নূতন ক্রিয়া দেখা দিতেছে।

আমাদের শরীবের বৃত্তি ও তাহাদের ক্রিসা কিরূপে আমাদের মনের ক্রিয়া নিয়ন্ত্রিত করে ইহাতে তাহা বুঝাও সহজ হইবে, কাবণ দেহ ত শুধু অচেতন জড় বস্তু নয় ; ইহার ভিতরে গুপ্তভাবে যে চিৎশক্তি অবস্থিত আছে দেহ তাহারই এক রূপ বা বিগ্রহ। দেহ নিজে তাহার গোপন সত্তায চৈতন্যময়, সেই সঙ্গেই যে চৈতন্য বাহিরে প্রকাশিত হইয়াছে এবং যাহা এানাদের জড় তপ:বস্তুতে (energy-substance) আস্থ্যচেত্ৰ হইয়াছে, দেহ তাহার এবং বাহনও বটে। শরীরের মধ্যে যে মনোময় পুরুষ বাস করিতেছে তাহার ক্রিয়া এবং গতিব জন্য এই সমস্ত শাবীরিক কর্ম্ম প্রয়োজন। যে চিৎপুরুষ ইহার মধ্য হইতে উন্মিষিত ও বিকশিত হইয়া উঠিতেছে সেই পরুষ্ট দেহ-যন্ত্রে গতি সঞ্চার করিয়। নিজের মন ও ইচছার সমস্ত রূপায়ণ চালিত করিতেছে এবং তাহাদিগের মধ্য দিয়াই জড়ের মধ্যে আপনাকে প্রকাশ করি-তেছে। জিড়েব মধ্যে চৈতন্যের এই যে রূপায়ণ তাহা মনোময় রূপ হইতে যখন জড়ের রূপ গ্রহণ করে, সেই পরিবর্ত্তনের সময় দেহযন্ত্রের সামর্খ্য এবং ক্রিয়াপদ্ধতির জন্য সেই মানসিক রূপের কতকটা বিকৃতি ঘটিতে পারে। অমূর্ত্ত মানসিক ভাবকে মূর্ত্ত বাস্তব অবস্থায় প্রকাশিত হইতে গেলে দেহযন্ত্রের এই গতি ও ক্রিয়া যেমন অপরিহার্য তক্ষপ তাহা দারা সে ভাবের প্রভাবিত হওয়াও স্বাভাবিক। দেহযন্ত্র কোন কোন দিকে, যে সেই যন্ত্র ব্যবহার করে তাহার উপরও কর্তৃত্ব করে। ক্রিয়াশাল মন এবং ইচ্ছার শাসন বা হস্তক্ষেপের পূর্বেই ইহা নিজের অভ্যন্ত সংস্কারের শক্তি দিয়া অতকিতভাবে দেহবাসী চৈতন্যে কোন অস্বেচছাকুত (involuntary) প্রতিক্রিয়ার বিক্ষেপ জাগাইয়া তুলিতে পারে : এ সব সম্ভব হয় কেননা দেহেরও একটা অবমানস চেতনা আছে এবং আমাদের পূর্ণ আৰপ্রকাশে তাহারও একটা স্থান আছে। আমর। যদি

#### দিব্য জীবন বার্তা

**ও**ধু বাহিরের যান্ত্রিক ক্রিয়ার দিকে দৃষ্টি রাখি তবে এমনও মনে হয় যে দে**ছই** বুঝি মনকে শাসন করিতেছে কিন্ত ইহা একটা গৌণ সত্য মাত্র, মুখ্য সত্য হুইতেছে এই যে মনই দেহের নিয়ন্তা। এই দিক দিয়া দেখিলে গভীরতর একটা সত্যের সাক্ষাৎ মিলিতে পারে; সে সত্য এই ষে, বস্তু যাহাকে ঢাকিয়া রাখিয়াছে বন্তুর সেই আদ্মারূপী এক অধ্যাদ্ম সত্তাই দেহ ও মন এ-উভয়ের আদি নিয়ন্তা। পক্ষান্তরে যে পদ্ধতিতে মন তাহার ভাবধারা ও আ**দেশ দেহের উপর** সঞ্চারিত করিতে পারে সেই বিপরীত পদ্ধতির দিকে তাকাইলে দেখিতে পাই মন দেহকে নৃতন ক্রিয়ার যম্ব রূপেও গড়িয়া তুলিতে পারে এবং তাহার অভ্যস্ত দাবি অথবা আদেশের চিহ্ন দেহের পরে এমন ভাবে আঁকিয়া দিতে পারে যে দেহের সহজাত সংস্কাব পর্যান্ত তাহাদিগকে যন্ত্রের মত মানিয়া চলে, এমন কি মন যখন পরে সচেতনভাবে দেহকে চালাইতে চাহে না তখনই সেই একই ভাবে দেহের ক্রিয়া পরিচালিত হওয়ার বিরাম ঘটে না : মনের পক্ষে দেহের ক্রিয়া নিয়ন্ত্রণ করিবার এমন কি তাহার স্বাভাবিক ধর্ম্ম ও বিধানকে পর্য্যন্ত অভিভূত ও স্তম্ভিত করিয়া তাহাকে চানাইবার ক্ষমতা অতিমাত্রায় দেখা দিতে পারে, এমন কি সে ক্ষমতার সীমা নির্দেশ করা যায় না। এরূপ ক্ষমতা সাধারণতঃ প্রকাশ পায না বটে কিন্তু তাহা যে আছে তাহা নিঃসংশয়ে প্রমাণিত হইয়াছে—এই সমস্ত এবং দেহ ও মনের মধ্যস্থিত অন্য যে সমস্ত দুর্বোধ রহস্য আছে এই সিদ্ধান্তে সে সমস্তই সহজবোধ্য হয়; সজীব দেহমধ্যস্থ গোপন চৈতন্য তাহার বৃহত্তর সঙ্গীর নিকট হইতেই শক্তি পায় ; দেহমধ্যস্থিত এই চেতনা তাহার উপব কি দাবি উপস্থিত করা হইতেছে তাহা অন্তর্নীনভাবে প্রচছনুরূপে অনুভব করে এবং যাহার উপর দেহ পরিচালনার ভার দেওয়া আছে সেই উন্মিষিত অথবা প্রকাশিত দেহাধিষ্ঠাত্রী চেতনার শাসন মানিয়া চলে। অবশেষে, এক দিব্য মন ও দিব্য ইচছাশক্তি যে বিশুস্থ ষ্ট করিয়াছে. একথাও এ সিদ্ধান্তানুসারে আর অযৌক্তিক বোধ হয় ন।। আমাদের বিচার বদ্ধি স্মষ্টির অন্তর্গত যে সমস্ত বিষয়কে শ্রুষ্টার যদুচছা জাত বলিয়া মানিতে চায় না তাহাদেরও একটা যুক্তিসঙ্গত ব্যাখ্যা পাওয়া যায় ; কেননা এই দৃষ্টিতে আমরা দেখিতে পাই যে চৈতন্যকে অতি কষ্টে ধীরে ধীরে তাহার বিপরীত বলিয়া যাহা বোধ হয় সেই নিশ্চেতনা হইতে প্রকাশিত হইতে হইতেছে, প্রকাশের পথে এ সমস্ত একরূপ অপরিহার্য্য ঘটনা — চৈতন্যের এ কৃচ্ছু বৃত তাহার সমস্ত বিরোধী ও বিপরীত ধারাকে যে পরাজিত করিবে এবং ধীরে মন্থর গতিতে পরিণামে

### নিরুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বাজি ও গ্রনির্দেশ্য

তাহার যে বৃহত্তর সত্য <sup>ব</sup>এবং শুদ্ধখাঁটি স্বভাব প্রকটিত হইবে তাহ। নিশ্চিত।

কিন্তু সন্তার যে প্রান্তে জড় রহিয়াছে সেই দিক হইতে যদি আমবা দেখিতে যাই তবে এ সিদ্ধান্তের নিশ্চিত সমর্থন মিলে না. কিন্তু সে দিক দিয়া দেখিতে গেলে পুকৃতি এবং তাহার কার্য্যপদ্ধতির অন্য কোন ব্যাখ্যাও আমরা নিঃসংশয়ে গ্রহণ করিতে পারি না, আদিম নিশ্চেতনার যে যবনিকা রহিয়াছে তাহা ভেদ করা মনের পক্ষে অসম্ভব, অথচ যাহা প্রকাশ পাইতেছে তাহার গোপন উৎপাদক বা প্রকাশক এই আবরণে ঢাক। পড়িয়াছে, জড়প্রকৃতির যে প্রতিভাগ ও তাহার কার্য্যপদ্ধতি আমরা দেখিতে পাইতেছি তাহাদের পশ্চাতে অবস্থিত সত্য ও শক্তিসমূহের আবাসভূমি এই যবনিকারই অন্তরালে রহিযাছে। তাই অধিকতর নিশ্চয়তাব সহিত এ সমস্ত তত্ত্ব জানিতে হইলে আমাদিগের চৈতন্যের পরিণতির ধারা ধরিয়া আন্মজ্ঞানের এমন এক উচ্চ ও বিশাল ক্ষেত্রে পৌঁছিতে হয়, যেখানে বিশ্বের এই আদিম রহস্য আপনিই আমাদের কাছে উদুঘাটিত এবং প্রকাশিত . হইয়া পড়ে। কারণ ইহা ধরিয়া লওয়া যাইতে পারে যে চৈতন্যের এই উদ্ধায়ন সংশয়রহিত, এবং তাহা হইতে ইহাও নিঃসংশয়িত যে সেই আদিম গোপনটৈতন্য-- যাহা ক্রমশঃ আত্মপ্রকাশ করিতেছে--স্ফটর প্রথমে যাহা আপনার মধ্যে নিগৃঢ় ভাবে সংরক্ষণ করিয়াছে অবশেষে তাহাও প্রকাশ কনিবে। এই সত্যকে প্রাণের মধ্যে খুঁজিয়া যে পাওয়া যায় না তাহা স্পষ্ট, কারণ যে বিধানে প্রাণক্রিয়া আরম্ভ হইয়াছে তাহাতে চেতনা এখনও অবমানস হইয়া রহিয়াছে, তাই আমারের মত মনোময় জীবের কাছে তাহা নিশ্চেতন এবং একান্ত পক্ষে অবচেতন মনে হয়, স্থতরাং আমাদের বর্ত্তনান অবস্থায় বাহির হইতে প্রাণের উপর গবেষণা চালাইয়া সে গোপন রহস্যের মর্ম্মোদ্ঘাটন, জড়কে পরীক্ষা করিয়া সে মূল রহস্যের সন্ধান পাওয়ার চেষ্টার মতই নিরর্থক হইবে। কি যখন প্রাণের মধ্যে মনের বিকাশ ঘটে তখন যে মননের প্রকাশ পায় তাহা ক্রিয়ার মধ্যে দেহ ও প্রাণের নানা প্রয়োজন এবং পূর্ববিগস্কারের মধ্যে রুদ্ধ খাকিয়া কামনা, বাসনা, সংবেদন, আবেগ বা হৃদয়োচ্ছাস প্রভৃতি রূপে দেখা দেয়: সে মননের পক্ষে এ সমস্ত হইতে সরিয়া দাঁড়াইয়া সাক্ষীভাবে ইহাদিগকে দেখা বা জানা সম্ভব হয় না। অবশ্য প্রখনে মানুষের মনেই বুঝিবার আবিষ্ণার করিবার পূর্ণভাবে জানিবার ইচ্ছা ও আশা জাগিয়া উঠে; তাই আত্মন্তান ও জগৎজ্ঞানের সম্ভাবনা যে তাহার আছে তাহা বোধ হয়।

#### দিবা জীবন বার্দ্ধা

কিন্তু আমাদের মন বস্তুত: ঘটনা এবং তাহার প্রক্রিয়া বা পদ্ধতি পর্য্যবেক্ষণ করিতে পারে এবং তাহার পরে মনের মধ্যে চলে অনুমান, সিদ্ধান্ত বলিয়া একটা কিছু খাড়া করিবার চেষ্টা, চলে বিচার তর্ক আলোচনা। গোপনচেতনাকে আবিকার করিতে গেলে মনের নিজেকে জানিতে হয়, তাহার নিজের সন্তা ও প্রক্রিয়ার মূল তত্ত্ব কি তাহা স্থির কবিতে হয়। কিন্তু পশুজীবনে এই উন্মিষন্ত চেতন। যেমন প্রাণের ক্রিয়া ও গতির মধ্যে অবরুদ্ধ, তব্রুপ মানুষের মধ্যে তাহার মানসচেতনা নিজের চিন্তার আবর্ত্তে নিমজ্জিত হইয়া আছে :—বে চিন্তার ধার। অবিরাম গতিশীল, যাহ। হইতে মনের কখনও ছুটি নাই; তাহার চিস্তা অতীতে যে ধারায় শক্তির যে খাতে চলিয়াছে, যে দিকে তাহার যাওয়ার ঝোঁক রহিয়াছে, যাহা সে পছন্দ করে, প্রাকৃতিক নির্বাচনের (natural selection) ফলে যে দিকে তাহার স্বাভাবিক প্রবণতা আছে, তাহার যে সমস্ত সংস্কার জনিময়াছে--সেই সমস্ত এবং সেইরূপ নান। ভাবদ্বারাই মনের যুক্তি-বিচার এবং আলোচনার ধারা এবং তাহার গতিপ্রকৃতি নির্দ্ধারিত হয় ; সত্যের निटर्फ न मानिया जामारमत मनरक नियुष्ठिত कतिवात जाशीनजा जामारमत नाह, আমাদের মনন-ক্রিয়ার নিয়ন্ত্রী আমাদের প্রকৃতি। মনন-ক্রিয়া হইতে নিজে সরিয়া দাঁডাইয়া কতক্টা অনাসক্তভাবে আমাদের মধ্যস্থিত মনংশক্তির ক্রিয়া আমরা পর্য্যবেক্ষণ করিতে পারি বটে; কিন্তু তথনও মনের ক্রিয়াপ্রণালীই ভুধু দেখিতে পাই, মনে যে সমস্ত বিশিষ্ট বৃত্তির উদয় হয় তাহাদের মূল উৎস কোথায় সে খবর আমরা পাই না; মনের ক্রিয়াপ্রণালীসম্বন্ধে নানাপ্রকার সিদ্ধান্ত, মতবাদ অথবা অনুমান আমরা গঠিত করি কিন্তু আমাদের স্বরূপ আমাদের চেতনা এবং আমাদের পূর্ণপ্রকৃতির গোপন রহস্যের উপরিস্থিত যবনিকা তখনও থাকিয়া যায়।

যখন যোগপন্থার অনুসরণ করিয়া মনকে স্থির ও শাস্ত করিতে পারি, কেবল তথনই আমরা আন্ধ-পর্য্যবেক্ষণের গভীরতর ফল লাভ করিতে সক্ষম হই। প্রথমেই আমরা আবিঞ্চার কবি যে মন একটা সূক্ষ্মপদার্থ, তাহাকে ব্যাপক বিশেষ (general determinate) অথবা জাতিবাচক নির্বিশেষ (generic indeterminate) এ দুইই বলা চলে। মনঃশক্তি যখন ক্রিয়াণীল হয় তথন ভাবনা, ধারণা, বেদনা, আবেগ, ইচছার ক্রিয়া, অনুভূতির প্রতিক্রিয়া প্রভৃতি নানা আকারে মনের ব্যাষ্টবিশেষ (particular determinations) বা বিশিষ্ট আন্ধর্মগায়ণসমূহ দেখা দেয়, কিন্তু এই শক্তি আবার

### নিরুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বাজি ও অনির্দেশ্য

নিঞ্জিয় হইয়া অসাড় জড়তাঁয় আচছনু হইতে অথবা আদ্বসত্তার নিশ্চল নৈঃশব্দ্য এবং শাস্তিতে বাস করিতে পারে। তাহার পর দেখিতে পাই যে আমাদের মনের সমস্ত বিশিষ্ট রূপায়ণ আমাদের মন হইতেই জাত হয় না : কারণ মনঃ-मिक्कित वह जतक এवः शाता वाधित घटेरा जानिया मरनत मरशा श्राविष्ट श्या, ইহারা আসিয়া মনে রূপ নেয় অথবা বিশুমন বা অন্য কোন বিশিষ্ট মন হইতে পুর্বেই রূপায়িত ও উৎসারিত হইয়াছে বোধ হয়, কিন্তু এ সমস্তই আমরা নিজের চিন্তা বলিয়া গ্রহণ করি। আমরা ইহাও অনুভব করিতে পারি যে আমাদের মধ্যেই এক গোপন অধিচেতনমন (subliminal mind) আছে যাহা হইতে ভাবনা ধারণা, ইচছার আবেগ বা মনোময় অনুভতি জাত হয়; আমর। আরো দেখিতে পারি যে চৈতন্যের উচ্চতর ভূমিসমূহ হইতে মনেব এক শ্রেষ্ঠতর শক্তি আমাদের মধ্য দিয়া অথবা আমাদের উপর ক্রিয়া করে। সর্বশেষে यामता याविकात कति त्य मत्नामय छेलानान এवः मनः मेक्कित्क धात्रशं कतिया এক মনোম্য পুরুষ বর্ত্তমান আছে যে এই সমস্ত পর্য্যবেক্ষণ করে, ধারক ও অনুমন্তারূপে এই পুরুষ না থাকিলে এ সমস্ত খাকিতে বা ক্রিয়া করিতে পারিত न। এই মনোমর পরুষকে মৌন সাক্ষীরূপেই প্রথম দেখা পাই, কিন্তু সাক্ষী-রূপই যদি তাহার স্বরূপের সর্বস্ব হইত, তাহা হইলে মনের বিশিষ্ট রূপায়ণকে প্রকৃতির দারা সন্তার উপর একটা প্রাতিভাসিক ক্রিয়াব আবোপ মাত্র মনে করিতে হইত, অথবা প্রকৃতি নিজের দারা স্বষ্ট একটা চিম্বাজগৎ সাক্ষীপুক্ষের সন্মধে উপস্থাপিত করিয়াছে ইহাই আমাদিগকে স্বীকার করিতে হইত। পরে আমরা দেখিতে পাই যে এই মনোময় প্রুম নীরব দ্রষ্টার ভূমিক। হইতে সরিয়া যাইতে পারে, নিজেই মনের সমস্ত প্রতিক্রিয়ার উৎস হইতে, তাহাদিগকে গ্রহণ বা বর্জন এমন কি তাহাদিগকে আদেশ দিতে, শাসন ও নিয়ন্ত্রণ করিতে এবং তাহাদের বিজ্ঞাত। হইয়া দাঁড়াইতে পারে। তখন এই জ্ঞানও জাগে যে এই মনোময় উপাদানই মনোময় পুরুষকে প্রকাশ করিয়াছে, ইহা তাহারই আৰুপ্ৰকাশক উপাদান এবং মনঃশক্তি তাহারই সচেতন শক্তি, স্নতরাং এ সিদ্ধান্ত যুক্তিসঙ্গত মনে হয় যে মনের সমস্ত বাষ্টি বিশেষ বা বিশিষ্ট রূপায়ণ পুরুষের নিজের সত্তা হইতে জাত হইরাছে। কিন্তু এইখানে একটা বিপত্তি ঘটে. আর এক দিক হইতে দেখিতে গেলে আমাদের ব্যক্তিমন (personal mind) विश्व मत्त्रहे अको। ज्ञानां विषया मत्त हय : विश्व मत्त छिखां तय गकन छत्रक, ভাবের যে সমস্ত শ্রোত, ইচ্ছার যে সমস্ত আভাস ও ইঙ্গিত, অনুভতির যে সমস্ত

#### দিব্য জীবন ৰাৰ্ডা

তরঙ্গ, রূপায়ণ এবং রসবোধের যে সমস্ত আকৃতি জাগিতেছে বা ভাসিয়া উঠিতেছে ব্যক্তিমন তাহার ধারণ, গঠন এবং সঞ্চালনের যন্ত্র মাত্র। অবশ্য ব্যক্তিমনের পূর্বে হইতে গঠিত একটা আকার, একটা বিশিষ্ট রুচি ও প্রবৃত্তি, একটা মেজাজ এবং প্রকৃতি আছে ; যদি ব্যষ্টি-সত্তারএই বিশিষ্ট আত্মরপায়ণের সহিত খাপ খায়, তাহার বিশিষ্ট ব্যক্তি প্রকৃতি যদি গ্রহণ করে তবেই বিশ্বমন হইতে তাহার মধ্যে যাহ। আসে তাহার স্থান হয়। এই সমস্ত জটিলতার জন্য আমাদের প্রথম পুশু অমীমাংসিত রহিয়া গিয়াছে ; চিত্তের এই যে পরিণতি এবং ক্রিয়া ইহা কি বিশ্বব্যাপ্ত কোন শক্তির দার। স্বষ্ট হইয়া মনোময় পুরুষের নিকট উপস্থাপিত হইয়াছে ? অথবা ইহা কি যাহা নিন্বিশেষ অথবা হয়ত অনির্ণেয় সেই সন্তার উপর মনঃশক্তির দারা আরোপিত একটা ক্রিয়া ? অথবা ইহাই কি সত্য যে এ সমস্তই অন্তরস্থ আশ্বার কোন শক্রিয় শক্তি দারা পূর্বে হইতে নির্দ্ধারিত এবং সংগঠিত হইয়া রহিয়াছে এবং মনের বহির্ভাগে কেবল প্রকাশিত হইয়াছে ? এ প্রশ্রের মীমাংসার জন্য আমাদিগকে এমন এক বিশ্বসত্তা এবং চেতনার সংস্পর্ম লাভ করিতে অথবা তাহাতে অনুপ্রবিষ্ট হইতে হইবে খাহার মধ্যে সমস্ত বস্তু এবং তাহাদের পূর্ণ এবং অখণ্ড তত্ত্ব আমাদের সংকীর্ণ মানস সত্তা হইতে অধিকতররূপে প্রকাশিত আছে।

চেতনার সেইরাপ অবস্থা বা তথ আছে যাহার স্থান ব্যষ্টিমনের এমন কি অবিদানে অন্তর্গত বিশ্ব-মনেরও উপরে, যাহাকে অধিমানস (overmind) বল। হইয়াছে। ইহার মধ্যেই বিশ্ব সত্যের প্রতাক্ষ ও অকুষ্ঠিত পরিচয় প্রখনে পাওয়া যায। আমরা আশা করিতে পারি যে ইহার মধ্যে বিশ্বক্রিয়ার আদিম রহস্য, বিশ্বপ্রকৃতির মূল গতিপ্রবৃত্তির অন্তর্দ্ষ্টি আমরা লাভ করিতে পারিব। এখানে একটা বিষয় খুব স্পষ্ট; বাষ্টি এবং বিশ্ব এ উভয়ই জগদতীত পরম সত্য হইতে আসিয়ছে এবং তাহাই এই দুইএর মধ্যে রূপায়িত হইয়া উঠিতেছে, ইহা এ ভূমির স্বতঃপ্রতায়। এখানে নিশ্চিত বোধ হয় যে বাষ্টিসত্তাব মন ও প্রাণ, প্রকৃতির অন্তর্বর্তী তাহার আদ্মা-পুরুষ, বিশ্ব বা বিরাট পুরুষের আংশিক আম্বরূপায়ণ, আবার উভয়ই পরোক্ষ এবং অপরোক্ষভাবে লোকাতীত পরম সত্যের আম্প্রকাশ—এ প্রকাশ সীমাবদ্ধ এবং অর্দ্ধান্ত হইতে পারে কিন্ত তবু যে তাহারই প্রকাশ ইহাই তাহার মর্ম্মসত্য। কিন্ত ইহাও দেখিতেছি যে ব্যষ্টিজীব নিজেও সে প্রকাশের আংশিক নিয়ন্তা; বিশ্ব-গত বিরাটপুরুষ্বের বা সংবন্ধর যতখানি বা যে আংশ নিজের প্রকৃতি অনুসারে

# নিরুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্ব্যক্তি ও অনির্দেশ্য

সে গ্রহণ এবং জীর্ণ করিতে পারে মাত্র তাহাই তাহার মন প্রাণ দেহের আধারে রূপায়িত হইয়া উঠে; সংবন্ধ হইতে জাত অথবা বিরাটের মধ্যে অন্তর্গু চূ ভাবে স্থিত কিছুকে সে রূপ দেয় বটে, কিন্তু সে রূপায়ন হয় তাহার নিজস্ব ভাষায় তাহার নিজ প্রকৃতি অনুসারে। কিন্ত বিশ্বপ্রতিভাস সম্বন্ধে আমাদের মূল প্রশ্রের মীমাংসা এ অধিমানস জ্ঞান দিযাও হয় না। এ ক্ষেত্রে ডিনটি উত্তর হইতে পারে, প্রথম—মনোময় পুরুষের দারা গঠিত মনন, অভিজ্ঞতা এবং অনুভবের এই জগৎ সত্যই তাহার আপন আত্মপ্রকাশ, এই আত্মন্তপায়ণ তাহার নিব্দের আধ্যাত্মিক সন্তার কোন সত্য হইতে জাত হইয়াছে, সেই সত্যেরই সক্রিয় সম্ভাবনার প্রকাশ দেখা দিয়াছে। দিতীয় উত্তর—ইহা প্রকৃতির বিস্ফট্ট এবং মনোময় ব্যটি-পুরুষের কাছে সেই প্রকৃতির দ্বারা উপস্থাপিত, সেই প্রকৃতির মধ্যে ব্যষ্টিপুরুষ ব্যক্তিরূপ গ্রহণ করিয়াছে বলিয়া এ সমস্ত পুরুষের নিজস্ব অথবা তাহার আশ্রিত বলা হয় মাত্র। তৃতীয় উত্তর—এ সমস্ত বিশ্বব্যাপী একটা কলপনার খেলা, অনন্তের শুদ্ধ সন্তার অনির্ণেয় শূন্যতার উপর একটা আজগুৰী অলীক খেয়ালের আবোপ : স্মষ্ট্রহস্যের এই তিন প্রকার ব্যাখ্যার প্রত্যেকটির দাবি সমান বলিয়া মনে হয় এবং মন ইহার মধ্যে কোন ব্যাখ্যা গ্রহণ করিবে তাহ। স্থির করিতে পারে না, কারণ প্রত্যেক মতেবই নিজম্ব যুক্তি প্রমাণ আছে, প্রত্যেকেই বোধি এবং অভিজ্ঞতার দোহাই দেয়। অধিমানস যেন এই জটিলতাকে আরও বাডাইয়া তোলে, কারণ অধিমানসী দৃষ্টি ইহাদের প্রত্যেক মতের নিজস্ব স্বতম্ব দাবি অনুসারে রূপায়িত হওয়ার সম্ভাবনা ও সামর্থ্য আছে তাহা স্বীকার করে, জ্ঞানে সক্রিয়ভাবে আ<del>ছু</del> বিভাবনার দারা অনুভবের জগতে মূর্ত্ত হইয়া উঠিবার অধিকার প্রত্যেকের আছে ইহা মানে।

অধিমানসে এমন কি মনের সমস্ত উচ্চতর ভূমিতে আমরা দেখিতে পাই যে একটা হৈত প্রত্য়র পুনঃপুনঃ ফিরিয়া আনে—একদিকে আছে এক শুদ্ধ নীরব ও নিজ্রিয় আন্ধা, যাহা অলক্ষণ, নির্গুণ, নির্শিবশেষ, সর্বপ্রকার সম্বন্ধরহিত, স্বয়ন্তু, স্বপুতিষ্ঠ এবং আপ্রকাম; অন্যদিকে আছে চিৎতপসের বা স্ফেশীল চৈতন্য ও শক্তির এক অতিবিপুল গতি ও স্পন্দন যাহা নিজেকে বিশ্বে অনস্তরূপে রূপায়িত করিতেছে। এই হন্দ্ব পরস্পরের একান্ত বিরোধী মনে হইলেও একত্রে অবস্থিত আছে, যেন এ দুই অন্যোন্যাপেক বা একে অন্যের পরিপুরক; উদ্বু দৃষ্টিতে দেখা যায় যে এক দিব্য পরম তত্ত্ব বা এক

#### **पिया जीवन वाद्धा**

নির্গু ণ ব্রদ্র এবং যিনি সকল সম্বন্ধের সকল বিশেষের সকল প্রকাশের মূল উৎস, আধার ও প্রভু, অনন্ত গুণসম্পনু এমন এক সগুণ বুদ্র যুগপৎ এক সঙ্গে বর্ত্তমান আছে। নির্গু ণতার দিক অনুসরণ করিলে আমরা আদ্মান্তবের এক চরম কোটিতে পৌঁছিতে পারি যেখানে আমরা এক পরম অন্যনিরপেক নিত্য বস্তুকে পাই যাহা অব্যবহার্য্য, সকল সম্বন্ধরহিত, সকল বিশেষত্বজিত, অনিৰ্বাচ্য এবং অনিৰ্দ্দেশ্য যাহাকে বাক্য দিয়া শুধু এই বলা চলে যে তাহা আদি এবং চরম সজা। আমরা যদি সগুণতার ভিতর দিয়া চলি তাহ। হইলেও অভিজ্ঞতার এক চরম অবস্থায় পৌঁছি যেখানে আমরা এক দিব্য নিত্য বস্তুকে পাই যিনি ব্যক্তিক (personal) স্বৰ্বগত প্রমপুরুষ তিনি ভগবান তিনি একাধারে বিশ্বাতীত এবং বিশ্বাম্বক সকল সমন্ধ সকল বিশেষের তিনি অনস্ত এবং শাশুত প্রভ. তিনি নিজের সন্তার মধ্যে অমস্ত কোটি ব্রদ্রাওকে তাঁহার আত্ম-জ্যোতির একটি মাত্র কিরণ, তাঁহার অনিব্রচনীয় সন্তার একটিনাত্র ভাবের ছারা ধারণ করিয়া আছেন। মনের কাছে ব্রদ্রের এ দুইটি বিভাব পরস্পর এমন বিরোধী মনে হয় যে ইহার একটি সত্য হইলে অপরটি মিখ্যা হইবে কিন্ত অধিমানসী চেতনার কাছে এ উভয়ই শাশ্বত সন্তার দুইটি পরম বিভাব, উভয়ই সমান ভাবে সত্য; তাহা হইলে এ দূএব প•চাতে ইহাদিগকে অতিক্রম করিয়া এ উভয় বিভাবের উৎস স্বরূপ এক সত্য নিশ্চয়ই কোখাও বর্ত্তমান আছে যাহার চরম ও পরম শাশুত সতা ইহাদিগকে ধারণ করিয়া আছে। প্রস্পরবিরোধী তম্ব যাহাব মধ্যে সমান সত্যরূপে রহিয়াছে তাহার স্বরূপ যাহার কোন জ্ঞান, কোন বোধ মনের পক্ষে পাওয়া অসম্ভব ইহা কি তেমন আদি অনির্ণেয় রহস্যরূপে থাকিয়া যাইবে ? বুদ্র ইহা নয় ভাহা নয় এরূপ মৌলিক যে নেতিবাদ, আবার ব্রদ্র ইহা, ব্রদ্র তাহা এরূপ যে ইতিবাদ ইহাদের পরম্পরার মধ্য দিয়া আমরা তাহাকে খুঁজিতে সর্বেদা বাধ্য হই, সেই ধারাদ্বয়ের কোন একটিকে স্বতন্ত্রভাবে অবলম্বন করিয়া অথবা যুগপৎ পূর্ণভাবে দুইকে গ্রহণ করিথা কোন কোন প্রকার অভিজ্ঞতা ও উপলব্ধি মারা, ইহারই বিভাব ও শক্তির সাহায্যে, ইহার কিছু আমরা জানিতে পারি, কিছু আভাস আমরা পাইতে পারি, কিন্তু তবু শেঘ পর্য্যন্ত আমাদের মননশক্তির উচ্চতম ভূমিতে (भी छिग्रां ७ त्यन प्रथा यांग्र त्य देशां क भन्ना शन ना, देश चरा बरा विद्या शन ।

কিন্তু পরম নিত্যবস্তু বা পরবুদ্র যদি কেবল শুদ্ধ অনির্ণেয় এমন এক নির্বি-শেষ হয় যাহার মধ্যে বিশেষের কোন স্থানই নাই, তাহা হইলে স্ফট্টি, প্রকাশ

# নিৰুপাধিক ভত্তনিচয়, বিশ্বগত সোপাধিক ভত্তরাজি ও অনির্দেশ্য

বা বিশ্বের উৎপত্তি তো সম্ভব হয় না। অথচ বিশ্ব যে রহিয়াছে তাহা তো দেখিতেছি। তাহা হইলে কে বা কি এই একান্ত বিরোধী স্বাষ্ট এই অসম্ভব সম্ভব করিল, আম্মবিভাগের এই অসমাধেয় প্রহেলিকা বা সমস্যা আনিয়া উপস্থিত করিল ? যে স্টেষ্টি করিয়াছে তাহাকে কোন প্রকার শক্তি বলিয়া স্বীকার করিতেই হইবে, আর বদ্রাই যখন একমাত্র নিত্য সত্য বস্তু এবং সর্বেপদার্থের উৎপত্তি-স্থান তথন এ শক্তিও হইবে তাহা হইতে উৎসারিত তাহার সঙ্গে সম্বন্ধযক্ত, উভয়ের মধ্যে একটা সম্বন্ধ থাকিবে, বদ্রাই হইবে শক্তির আশ্রুয় স্থান। কারণ এ শক্তি পরমতব বা ব্রদ্র হইতে যদি সম্পূর্ণ পৃথক কিছু হয়, অনির্ণয়ের নিত্য-শুন্যতার উপর ব্রদ্রের বহির্ভূ ত বিশুকৃৎ এক কল্পনা নিজের বিশেঘসমূহকে (determination) যদি আরোপ করিয়া থাকে তাহা হইলে একমাত্র বৃদ্ধ আছে একথা ত আর বলা চলে না ; তাহা হইলে সাংখ্যের পুরুষ প্রকৃতি হইতে মূলতঃ পৃথক নয়, এমন এক হৈত সকল স্ষ্টির মূলে আছে ইহা স্বীকার কবিতে হয়। ইহা যদি নিতাবস্তুর এক এবং বস্তুত একমাত্র শক্তি হয় তাহা হইলে পরমগত্তা ও তাহার শক্তি একান্ত বিরোধী বা পরস্পরেব প্রতিষেধক হইয়া পচে অথচ ইহারা যুগপৎ বর্ত্তমান আছে, ইহা যুক্তিতে অসম্ভব মনে হয় : কারণ আমরা ধরিয়া নইয়াছি যে বুদ্র সকল সম্বন্ধ সকল বিশেষের সন্তাবনা হইতে নিত্যমুক্ত, অথচ মায়া স্টেশীল কলপনারূপে অবস্থিত থাকিয়া সেই বন্ধের উপর অনন্ত সম্বন্ধ ও বিশেষের আরোপ করিতেছে স্বতরাং বদ্ধকে মায়। কলিপত এ সমস্তের আশ্রম ও সাক্ষী হইতেই হইয়াছে, যুক্তি তে। ইহা স্বীকার করিতে পারে না। স্থতরাং এ শক্তিকে এ মায়াকে স্বীকার করিতে গেলে বলিতে হয় ইহা এমন একটা রহস্য, একটা প্রহেলিকা যাহা যুক্তিতর্কের বা বিচার-বুদ্ধির অগম্য, যাহাকে সৎ বলা চলে না, অসৎও বলা চলে না, যাহার পুক্তির কোন ব্যাখ্যা মিলে না, যাহা জনিব্ৰ্ব চনীয়। কিন্তু এ মতের বাধা এত বছ এবং প্ৰবল যে তত্বজিজ্ঞাসা এবং **আধ্যাদ্দিক অভিজ্ঞতাব শেষ কথা** এবং চূড়াপ্ত প্রত্যায় যদি আমাদিগকে ইহা অবশান্তাবী চরম সিদ্ধান্তরূপে মানিতে বাধ্য করায় তবেই ইহা স্বীকার করিতে পারি। সকল স্বাষ্টি মায়া বা ম্রমই যদি হয় তবুও অন্ততঃ প্রত্যয়রূপে তাহাদের একটা স্বস্তিষ (subjective existence) আছে এবং ু, বোধসকল যিনি একমাত্র পরমসতা তাহার চৈতন্য ভিনু অন্য কোথাও ত থাকিতে পারে না, ফলে তাহার। অনির্ণেয় নির্বিশেষের বোধময় বিশেষ (subjective determinations) হইয়া পড়ে। আবার যদি সকল পদার্থ এই শক্তির মিথ্যা বা

#### দিব্য জীবন বার্তা

মায়াময় না হইয়া সত্য বিস্কষ্টি হয়, তাহা হইলে প্রশু উঠে কোণা হইতে তাহাদের উৎপত্তি হইল, কি তাহাদের উপাদান ? ব্রুদ্রাতিরিক্ত কোন শূন্য বা অসৎ হইডে ইহারা আসিয়াছে তাহা ত সম্ভব নহে, কারণ তাহা হইলেও একটা বৈতবাদ আসিয়া পড়ে, সে হৈতের একটি বিশাল ইতিবাচক এক শুন্য--ইতিবাচক কেননা তাহা হইতেই সমস্ত আসিয়াছে-অপরটি একটি বৃহত্তর অনির্দেশ্য বস্তু যাহাকে আমর৷ একমাত্র সত্য বস্তু বলিয়া ধরিয়া লইয়াছি: স্কুতরাং স্পষ্টতঃ মূল সত্যবস্তু কখনও পূর্ণরূপে অনির্ণেয় এবং নিব্বিশেষ হইতে পারে না। যাহা কিছু স্ঠ হইয়াছে, সেই সম্বস্তই তাহার উপাদান এবং সেই সম্বস্তর মধ্যেই তাহা অবস্থিত আছে ; আর এই একান্ত সত্য বস্তু যাহার উপাদান তাহা নিজেও সত্য না হইয়া পারে না। যাহা নিত্য সত্য অনম্ভ সত্তা তাহা হইতে, যাহাকে সত্য বলিয়া ভধু মনে হইতেছে অপচ যাহা ভিত্তিশূন্য নেতি বা মিথ্যা— তাহাই মাত্র জাত হইয়াছে ইহ। হইতে পারে না। কোন বিশেষ অথবা সম্ভাবিত বিশেষ সমূহের কোন সমাহার দ্বারা তাহাকে বিশেষিত বা সীমিত করা যায় না. ব্ৰদ্লকে যদি এই হিগাবে নিংবিশেষ ও অনির্ণেয় বলি তবে তাহা সত্য এবং তাহা বেশ ব্বা যায় কিন্তু তাহার অর্থ ইহা নহে যে আত্মবিশেষণের কোন সামর্থ্য তাহার নাই। পরমসৎ যিনি তাহার নিজের অনন্ত সত্তার মধ্যে তাঁহার আছ-বিশেঘণের বা সত্য আত্মরূপায়ণের কোন শক্তি অথবা আত্মসৃষ্টি বা আত্মপ্রকাশ ধারণ করিয়া রাখিবার কোন সামর্থ্য নাই. ইহা স্বীকার করিতে পারি না।

স্তরাং অধিমানস হইতে আমরা কোন নিশ্চিত এবং শেষ সিদ্ধান্ত পাই না; সমস্যার সমাধান বুঁজিতে আমাদিগকে অধিমানসকেও অতিক্রম করিয়া অতিমানস জ্ঞানে পৌঁছতে হইবে। অতিমানস বা ঋতচিৎ যেমন একদিকে অনন্ত এবং শাশুতের আন্ধল্ঞান, তেমনি অন্যদিকে সেই আন্ধল্ঞানের অন্তানিহিত আন্ধবিশেষণের বা আন্ধল্ঞপারণের শক্তি—এ উভয় বিভাব অতিমানসে যুগপৎ বর্ত্তমান; প্রথমটি তাহার তিত্তি ও অধিষ্ঠানভূমি বা পরমপদ, আর দিতীয়টি তাহার সন্তার বীধ্য তাহার আন্ধসন্তার গতি ও ক্রিয়ার শক্তি। কালাতীত শাশুত সন্তাব আন্ধল্ঞানে তিনি যে সত্য নিজের মধ্যে দর্শন করেন, তাহার সন্তার চিন্ময়ী শক্তি তাহাই কালের নিত্যক্ষেত্রে ফুটাইয়া তোলে। অতএব অতিমানস অনভবে ব্রদ্ধ কেবলমাত্র পূর্ণরূপে মনির্ণেয় এবং সর্ববিশেষণের প্রতিষেধ স্বন্ধপ এক চরম নেতি নহে; ব্রদ্ধ তাহার শুদ্ধ নিবিশেষ অনন্ত সন্তার নিজের মধ্যেই নিজে পূর্ণ, যাহা। সকল পরিবর্ত্তনরহিত শাশুত সন্তার

# নিরুপাধিক তম্বনিচয়, বিশ্বগত দোপাধিক তম্বরাজি ও অনির্দেশ্য

এবং সেই শুদ্ধসন্তার নিশ্চন ও নিত্য আনন্দে কেবল অবস্থিত থাকিতে পারে, শুদ্ধ জ্ঞান স্বৰূপ তেমন এক শক্তি মাত্ৰে ব্ৰদ্ধের আছে—ইহ। ব্ৰদ্ধের সমগ্র তত্ত্ব ৰা সমগ্ৰ সত্য নহে। যাহার সত্তা অনন্ত তাহার শক্তিকেও অনন্ত হইতে হইবে, তাহার মধ্যে যেমন থাকিবে শাশুত বিরাম এবং অচল প্রশান্তি তেমনি তাহাতে পাকিবে শাশুত ক্রিয়া এবং বিস্ফটির সামর্থ্য : কিন্তু তাহার ক্রিয়া হইবে নিজেরই মধ্যে নিবদ্ধ, তাহার স্বষ্টি হইবে তাহার নিজের শাশুত এবং অনন্ত স্তার মধ্য হইতে-কেননা যাহা দিয়া তিনি স্থাষ্ট করেন তাহার কোন কিছুই তাহার বাহিরে বা তাহা হইতে ভিনুভাবে থাকিতে পারে না ; সৃষ্টির ভিত্তিতে যাহা কিছু তাহা হইতে পুণক মনে হয় বস্তুত: তাহা তাহারই মধ্যে আছে ; বস্তুত: তাহার উপাদানকারণও তিনি, তাহ। তাঁহার সন্তার বহির্ভূ ত কোন কিছু হইতে পারে না। অনন্তশক্তি শুদ্ধ নিজ্ঞিয় একছে, অবিক্রিয় বা অপরিবর্ত্তনীয় সত্তাতে ঙ্ধ অবস্থিত থাকিবার এক বীর্য্য বা সামর্ধ্য হইতে পারে না। তাহার মধ্যে নিশ্চয়ই থাকিবে সত্তা ও তপ:শক্তির অনস্ত সামর্থ্য; অনস্তচৈতন্যের মধ্যে নিজেরই আন্ধবোধজাত অন্তহীন সত্যসমূহের অন্তিম থাকিবেই থাকিবে। এই সমস্ত সত্য ক্রিয়াশীল হইলে তাহারাই আমাদের জ্ঞানে দেখা দিবে তাহার সন্তার বহুবিভাবরূপে, আমাদের অধ্যান্থবোধে তাহারাই ফুটিয়া উঠিবে তাহার নানা বিচিত্র গতি ও প্রবৃত্তি বা শক্তির মূর্ত্তিতে, আমাদেব রসচেতনায় ধরা পড়িবে সত্তার নিজের আনন্দের নানা যন্ত্র, আধার বা রূপায়ণ রূপে। তাহা হইলে এই দাঁড়াইল যে স্ফটি বুদ্ধের আম্বরূপায়ণ বা আম্বপ্রকাশমাত্র : অর্থাৎ স্ষষ্টি অনর্ডের মধ্যে যে অনন্ত সন্তাবনা রহিয়াছে তাহারই ছন্দোময বিস্তার ছাড়। আর কিছু নয়। কিন্তু প্রত্যেক সম্ভাবনাই জ্ঞাপন করে যে তাহার পশ্চাতে সভার এক সত্য, যিনি সৎস্বরূপে অবস্থিত তাঁহার এক তম্ব আছে : কারণ আশ্রয় স্থন্ধপে এক সত্য না থাকিলে কোন সম্বাবনা তো দেখা দিতে পারে না। প্রকাশে, যিনি সংস্বরূপ তাঁহার কোন মৌলিক সত্য আমাদের জ্ঞানে দেখা দিবে সেই পরাৎপর পুরুষের কোন মূল চিন্ময় বিভাবরূপে, তাহা হইতেই তাহার মধ্যস্থ সকল সম্ভাবনা তাহার মধ্যে গতি ও প্রকৃতির যে স্বভাবসিদ্ধ উন্মুখত। আছে তাহ। আমুপুকাণ করিবে, ইহারাই আবার তাহাদের সার্থক রূপায়ণ, ভাবব্যঞ্জক শক্তি এবং প্রকৃতিগত ক্রিয়াপদ্ধতি সৃষ্টি করিবে অথবা বরং বলা উচিত যে অব্যক্ত গোপনে স্থিত অবস্থা হইতে তাহাদিগকে প্রকাশের কেত্রে আনিয়া বাহির করিবে; তাহাদের

#### দিব্য জীবন বার্ছা

নিব্দেদের সন্তা তাহাদের সম্ভূতিতে তাহার স্বরূপ এবং স্বভাবরূপে ফুটিয়া উঠিবে। স্টি ব্যাপারের ইহাই পূর্ণ পরিচয়; কিন্তু আমাদের মন এই ক্রিয়াপদ্ধতি পূর্ণরূপে দেখে না, সে শুর্ষু দেখে সম্ভাবনাসমূহ বাস্তবরূপে নিজেদিগকে রূপায়িত করিতেছে, কিন্ত ইহার পশ্চাতে এক পূর্বেনির্দ্ধারক (predetermining) সতা এবং সে সত্যের একটা তাগিদ একটা অনঙ্গনীয় আবেশ আছে, যাহ। সম্ভাবনাকে বাস্তবৰূপ গ্রহণে সমর্থ করিয়া তুলিতেছে তাহা আমরা অনু-মানে বা কলপনায় আনিতে পারিলেও নিশ্চিত ভাবে ধরিতে পারি আমাদের মন বান্তবক্ষেত্রে যাহা ঘটে তাহা পর্য্যবেক্ষণ করে, যাহা সম্ভাবনা রূপে রহিয়াছে তাহা আবিষ্কার করিতে পারে, কিন্তু যে অদুশ্য গোপন শক্তি স্টির মূলে থাকিয়া সমস্ত গতি ও রূপ অব্যাহত ভাবে নিয়ন্ত্রণ ও প্রকাশ করি-তেছে মন তাহার দর্শন পায় না ; কারণ বিশ্বের পুরোভাগে বহু শক্তি একত্ত মিলিত হইয়া যে একটা সাম্য স্বাষ্ট করিয়াছে তাহার ফল মাত্র আমরা দেপি: মূলে এক বা বহু নিয়ামক শক্তি যদি থাকে তবে তাহা অবিদ্যার আবরণে আমাদের নিকট ঢাকা আছে। কিন্তু অতিমানস বা ঋতচিতের দৃষ্টিতে এই সমস্ত গোপন নিয়ামক শক্তি হইবে স্কুপষ্ট ; ইহারাই তাহার দর্শন ও অভিজ্ঞতার মূল উপাদান : অতিমানসী স্টাষ্টধারায এই নিয়াসক অব্যর্থ শক্তিসমূহ, শুঝলাবদ্ধ সম্ভাবনাসমূহ এবং তাহার ফলে বাস্তবক্ষেত্রে যাহা ঘটনারূপে দেখা দেয় তাহা সমস্ত একটা সমগ্রতায় গ্রখিত, সমস্তই একটা অখণ্ড গতি ও ক্রিয়া : সম্ভাবনা এবং ঘটনা সমূহের মধ্যেই আছে মূল নিয়ামক শক্তিসমূহের অনিবার্য্য প্রবেগ—ইহাদের সমগ্র প্রকাশ সমগ্র বিস্টি সেই সত্যেরই অঙ্গ, যে সত্যকে ইহারা সর্বান্তির (All-Existence) অন্তর্গত পূর্বনির্দ্ধারিত সার্থক আকার ও শক্তিরূপে প্রকাশ করিয়া তুলিতেছে।

আমাদের গভীর আধ্যাত্মিক উপলব্ধিতে আমরা ব্রদ্ধ সম্বন্ধে যে মূল জ্ঞান লাভ কবি তাহা এক অনস্ত শাশুত সতা, এক অনস্ত শাশুত চৈতন্য, এক অনস্ত শাশুত আনন্দের অপবোক্ষ বা সম্বোধিজাত অনুভূতি। অধিমানস এবং মানস জ্ঞানে আমরা এই মূল অথও তত্মকে স্বতন্ত্র স্বতন্ত্র অংশ বিশিষ্ট মনে করিতে, এমন কি সে তত্মকে তাহার তিনটি আত্মবিভাবে একেবারে পৃথক করিয়া দেখিতে পারি; কারণ আমরা শুদ্ধ অহেতুক শাশুত আনন্দের এমন এক অতিগভীর অনুভূতি পাইতে পারি যে আমরা কেবলমাত্র তাহাই হইয়া যাই; সন্তা এবং চৈতন্য সে আবেশে এমন ভাবে ভুবিয়া যাইতে পারে যে আপাতদৃষ্টিতে

### নিরুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বরাজি ও অনির্দেশ্য

তাহার৷ যেন নাই এমন মনে হয়, ঠিক তেমনি ভাবে শুদ্ধ চৈতন্যের এক চরম অনুভূতি লাভ করা এবং অন্যবোধশুন্য হইয়া তাহাতে নিজেকে মিশাইয়া দেওয়া অথবা শুদ্ধ পরম সতের তদনুরূপ অনুভূতির সঙ্গে তাহাতেই পূর্ণরূপে এক হুইয়া যাওয়াও সম্ভব। কিন্তু অতিমানস জ্ঞানে এই তিন বিভাব সংবৃদ। অবিভাজ্য ও অথও ত্রিপুটিরূপে বর্ত্তমান, যদিও কোন একটা বিভাব অপরের সন্মুখে থাকিয়া তাহার নিজের চিন্ময় বিশেষ বা বিভৃতিসমূহ ফুটাইয়া তুলিতে পারে : কারণ ইহাদের প্রত্যেকের নিজস্ব বিভাব বা অন্তর্নিহিত আত্মরূপায়ণ-সমূহ আছে, অথচ সমগ্রভাবে তাহারা মূল ত্রৈক পরমতন্ত। প্রেম, হর্ষ এবং সৌন্দর্য্য সন্তার দিব্য আনন্দের মূল বিশেষ বা বিজূতি, আমরা স্পষ্টতঃ দেখিতে পাই যে সেই আনন্দই ইহাদের উপাদান এবং আনন্দই ইহাদের প্রকৃতি ; এ সমস্ত নিত্যবস্তুর সহিত সম্বন্ধরহিত অখচ তাহার উপর আরোপিত অথবা বাহির হইতে আগত এবং তাহার আশ্রিত কোন বিস্কট্টি নহে, তাহার৷ তাহারই সত্য, তাহার চৈতন্যের সহজ ধর্ম, তাহার সন্তার শক্তিরই বীর্য্য। ঠিক তেমনি জ্ঞান ও সঙ্কলপ পরম চৈতন্যের মূল বিভৃতি বা বিভাব; ইহারাও অনাদি চিৎশক্তির সত্য এবং শক্তি এবং তাহারি প্রকৃতিতে অনুসূত হইয়া বর্ত্তমান থাছে ; এই এক বিভাবের মধে। অন্যের অনুপ্রবেশ আরও বেশী ম্পষ্ট হয় যখন আমরা প্রমার্ড সতের মল চিন্ময় বিভৃতিগুলির দিকে দৃষ্টিপাত কবি ; এই বিভৃতি তাহার ত্রিশক্তি, সকল স্টি বা সকল প্রকাশের পক্ষে ইহারা প্রয়োজনীয় প্রথম ও মূল স্বীকার্য্য (first postulates); এ তিনের নাম দিতে পারি—আদ্মা. ঈশুর এবং পুরুষ।

বুদ্রের আত্মপ্রকাশের ধারা অনুসরণ কবিয়া যদি আমরা আরো অগ্রসর হই তবে দেখিতে পাই যে এই সমস্ত বিভাব বা শক্তির প্রত্যেকটির ক্রিয়াতে একটি ত্রীমুখী ভাব রহিয়াছে; জ্ঞান অনিবার্য্যরূপে ফুটিয়া উঠে জ্ঞাতা, জ্ঞেয় এবং জ্ঞানের ত্রিধারায়; ভালবাসা বা প্রেম, প্রেমিক, প্রেমাস্পদ এবং প্রেম এই ক্রিমুণ্ডিতে নিজেকে দেখিতে পায়; সংকলপ বা ইচ্ছা আত্মসার্থকতা লাভ করে ইচ্ছার প্রভু, ইচ্ছার বিষয় এবং ইচ্ছা পূর্ণের কায্যকরী শক্তি এই তিনরূপে; ভোক্তা, ভোগ্য এবং যে ভোগ ইহাদিগকে মিনিত করে সেই তিনের মধ্যে উন্নাস (joy) তাহার আদিম ও পূর্ণ চরিতার্থতা লাভ করে; বিষয়ী-আত্মা (self as subject) বিষয়-আত্মা (self as object) এবং আত্মসংবিৎ বা আত্মজ্ঞান (self awareness)—যাহা আত্মার বিষয় ও বিষয়ী এই দুই

#### **पिवा कोवन वार्छा**

রূপের মধ্যে মিলনের সেতুরূপে ক্রিয়া করে—এই তিন অনিবার্যারূপে আত্ম আত্বপ্রকাশ করে। অনন্তের মূল চিন্ময় আত্মবিভাবনার বা মূলা প্রকৃতির মধ্যে এই সমস্ত আদি শক্তি ও বিভাব তাহাদের যথাযোগ্য স্থান বা পদবীতে প্রতিষ্ঠিত আছে ; সার্থক সম্বন্ধ, সার্থক বীর্য্য, সন্তা, চৈতন্য, শক্তি এবং আনন্দের সার্থক রূপায়ণসমূহ, শাশ্বত চিৎশক্তির সত্য যে পদ্ধতিতে প্রকাশ পায় তাহার বীর্য্য, অবস্থা, পন্থা এবং ধারাসমূহ, প্রকাশের নিয়ামক শক্তি, তাহার সম্ভাবনা এবং বাস্তবতা প্রভৃতি অন্য যাহা কিছু আছে তাহার৷ সকলেই এই মূল চিন্ময় আম্ববিভাবনাসমূহের বিভৃতি বা বিশেষ প্রকাশ। সকল প্রকার শক্তির সকল সম্ভাবনার এবং তাহাদের স্বভাবসিদ্ধ পরিণামসমূহের এই সমস্ত বিস্তার স্বতি-মানসের জ্ঞানে এক পরম একমে বিধৃত হইয়া আছে। এ জ্ঞান এ সমস্তকে ইহাদের মূল আদি সত্যের উপর সচেতন ভাবে প্রতিষ্ঠিত রাখে; ভাহাদের প্রকৃতিতে তাহার৷ যে সমস্ত সত্য ব৷ যে সমস্ত সত্য তাহার৷ প্রকাশ করে, অতিমানস জ্ঞানই তাহাদের মধ্যে সামঞ্জ্যা ও সমনুয় রক্ষা করে। এ জ্ঞানের উপর কল্পনার কোন আবোপ নাই. ইহাতে স্বেচ্ছাচারী স্থান্টির স্থান নাই, তন্ত্রপ ইহাতে নাই কোন ভেদ, কোন খণ্ডতা, অসমাধেয় কোন বিরোধ বা পরম্পরবিরুদ্ধ কোন বৈষ্ম্য। কিন্তু অবিদ্যাব মধ্যে যে মন রহিয়াছে তাহাতে এই সব দেখা দেয়: কারণ সন্ধৃচিত ও গাঁমিত সে চেতনা দেখে যেন প্রত্যেক বস্তু পৃথকরূপে তাহার জ্ঞানের বিষয় এবং প্রত্যেক বস্তুবই সত্তা অপব হইতে পৃথক এবং এই জ্ঞানেই সে ক্রিয়া করে, তাই সকল বস্তুকে সে তেমনি পৃথকভাবে জানিতে, পাইতে বা ভোগ করিতে প্রযাস পায়, তাহাদের উপর প্রভূষ বিস্তার করে অথবা ভাহাদের অধীন হইয়া পডে। কিন্তু মনের অবিদ্যাব পশ্চাতে যে ঋত, সত্য, চেতনা, শক্তি ও আনন্দের বলে বস্তুনিচয় বর্ত্তমান আছে, আমাদের অন্তরান্ধা বা চৈত্যপক্ষ সেই সমস্তই খোঁজে। এই খাঁটি অনুেষণের মধ্যে এই যে সত্য জ্ঞান তাহার মধ্যে আবৃত হইয়া আছে, মনকে তাহার মধ্যে জ্ঞাগরণ শিখিতে হইবে: জাগিতে হইবে সেই পরম সতে যাথা হইতে সর্ব্বপদার্থ তাহাদের সত্যে প্রতিষ্ঠিত হয়, উদ্বোধিত হইতে হইবে সেই পরম চেতনায় সকল খণ্ড চেতনা যাহার অংশ : পাইতে হইবে সেই পরা শক্তিকে যাহা হইতে সকলেই তাহাদের অন্তরম্ব শক্তি বা বীর্যা লাভ করে; লাভ করিতে হইবে সেই পরম আনন্দ সকল আনন্দই যাহার খণ্ড ও অপূর্ণ মৃত্তি। চেতনার এই যে সঙ্কোচ এবং পর্ণচেতনার মধ্যে আবার এই যে জাগরণ ইহাও ব্রের আত্মপ্রকাশের পদ্ধতি, ইহাই তাঁহার আত্ম

### নিক্লপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বাজ্ঞি ও অনিৰ্দ্ধেশ্য

বিভাবনা। এমন কি সত্যের বিরোধীরূপে যখন তাহাদিগকে দেখা যাইতেছে বা প্রতিভাত হইতেছে তখনও এই সমস্ত সীমিত চেতন বস্তুর মধ্যে একটা গভীরতর অর্থ ও সত্য, এক দিবা দ্যোতনা আছে। তাহারাও অনস্তের একটা সত্য বা একটা সন্তাবনাকে বাহিরে প্রকাশ করে। যতদূর মনের ভাষার প্রকাশ করা যায়, তাহাতে বলা যায় যে, যে অতিমানস-জ্ঞান সর্ব্বে একই সতাকে দর্শন করে, তাহার প্রকৃতি কতকটা এইরূপ; আমাদের কাছে আমাদের সন্তার পবিচয়, স্পষ্টির গোপন রহস্য এবং বিশ্বেব অর্থ ও তাৎপর্য্য, অতিমানস এমনি ভাবেই প্রকাশ করে।

ইহারই সঙ্গে, নিত্য বস্তু সম্বন্ধে আমাদের পারণা এবং আধ্যাম্মিক অনুভতির অতি প্রয়োজনীয় অন্য একটা দিকরূপে আমরা ইহাও পাই যে বুদ্ধ নিবিবশেষ এবং অনির্ণেয়। এক পক্ষে কোন বিশেষ প্রকাশ বা বিশেষ প্রকাশের কোন সমষ্টি দারা ব্রদ্ধের কোন সংজ্ঞা দেওয়া অথবা তাহাকে কোন রূপে সীমিত করা যায় না : অন্য পক্ষে শুদ্ধ সন্তাব অনিবার্য্য শূন্যতায়ও তাহাকে পর্য্যবসিত করা যায় না। পক্ষান্তরে বরং বলা চলে বুদ্রাই সকল বিশেঘের উৎস ও আধার : বুদ্র অনির্ণেয় এবং অনির্দেশ্য না হইলে সত্তার এবং শক্তির অনন্তপ্রকাশ হইতে পারে না, তাই অনির্ণেয়তা এ সমস্তের স্বাভাবিক এবং অপরিহার্য্য আশ্রয়। ব্রুদ্র কোন বিশিষ্ট বস্তু নহেন, যাহার সংজ্ঞা দেওয়া যায় এমন কোন সমষ্টিকেও অতিক্রম করিয়া তাহা বর্ত্তমান, তাইত ব্রদ্ধ অনন্তরূপে সর্ব্ব-বস্তু হুইতে পারেন। নিত্য-বস্তুর এই মূলীভত অনির্দেগ্যতা এবং অনির্ন্বাচ্যতা আমাদের আধ্যান্থিক অভি-জ্ঞতায় চরম নৈতিবাদ বা নেতিপ্রত্যয়ের বিশেষণ পরম্পরাব মধ্য দিয়া আমাদের চৈতন্যে ফটিয়া উঠে, আমাদের কাছে তাহা অক্ষর, অব্যয় আন্ধা, নির্গু ণ বৃদ্ধ, অলক্ষণ ভদ্ধ এক অন্বিতীয় সত্তা, নৈৰ্ব্যক্তিক নিজ্ঞিয় পরম নৈঃশবদ্য অনিব্ৰচ-নীয় এবং অক্তেয় অসং। আবার অন্য দিকে বুদ্রাই সকল বিশেষ, সকল প্রকাশের মন ও উৎস, তাহার সম্ভতিস্বভাবের বা প্রকাশশীলতার এই শক্তি হইতে যে মন ইতিপ্রতায়সমূহ আমাদের নিকট প্রকাশ হয় তাহাদের মধ্য দিয়াও আমরা তেমনি ভাবে বদ্রাসাক্ষাৎকার লাভ করি। কারণ আদ্বাই সর্বভূত বা সর্ব্ব-বস্তু হইয়াছেন, তিনি সগুণ বুদ্ধ, অনস্তত্ত্বপদ্পনু, নিতাবস্থ, এক হইয়াও বহুরূপ ধারণ করিয়াছেন, একল পরুষ এবং সকল ব্যষ্টি বা ব্যক্তির তিনি উৎস ও আশ্রম্বরূপ অনন্তপরুষ : তিনিই স্টির প্রভু, শব্দ বুদ্রা, সকল কর্ম ও প্রবৃত্তির শাস্তা ও বিনাতা : তিনি তাহা যাহা জানিলে সকল জানা হইয়া যায় :

#### দিব্য জীবন বার্দ্রা

এই সমস্ত ইতিপ্রত্যয়ের সঙ্গে পূর্বেণজি নেতিপ্রত্যয়ের মিল ও সামঞ্জস্য আছে। কারণ অতিমানস জ্ঞান বা অনুভবে এক অখণ্ড সন্তাকে দুই ভাগে ভাগ করিয়া পৃথক করা অসম্ভব—এমন কি এই দুই ভাবের দর্শনকে দুইটি দিক বা দুইটি পক্ষ বলাও যেন বাড়াবাড়ি; কারণ এ দুই ভাব পরম্পরের মধ্যে ওতপ্রোত হইয়া আছে; তাহাদের সহভাব (co-existence) অপবা একীভাব (one-existence) শাশুত; তাহাদের শক্তি পরম্পরকে ধারণ করিয়া অনন্তের আত্মপ্রকাশ সম্ভব করিয়াছে।

আবার সগুণ বা নির্গুণকে পৃথকভাবে অনুভব কর। সম্পূর্ণরূপে একটা মিখ্যার খেলা বা অবিদ্যার একটা পূর্ণ ভ্রান্তি—ইহাও বলা চলে না, কারণ অধ্যান্ত অনুভবে ইহার একটা প্রামাণিকতা (validity) আছে। কারণ নিতা-বন্ধর এই দুই মৌলিক বিভাব যাহা অধ্যাম্বক্ষেত্রে সবিশেষ ও নিবিবশেষ রূপে অধ্যাম্ম দৃষ্টিতে দেখা যায়, তাহাই স্থল জগতে সামান্য বিশেষ ও জাতিগত নিবিবশেষ রূপে দেখা দেয়, আবার এই ব্যক্ত সামান্য এবং অব্যক্ত প্রকৃতির লীলা নিশ্চেতনের প্রান্তে আবোহ এবং অবরোহ রূপে আদ্মপ্রকাশ করে। যে সমস্ত বিভাব আমাদের কাছে নেতিবাচক মনে হয় তাহাদের মধ্যে আছে সেই স্বাধীনতা যাহার জন্য অনন্ত নিজের আন্ববিভাবনা বা বিশেষ প্রকাশ সমূহ দ্বারা সীমিত হন না ; তাহাদের অনুভব ও উপলব্ধিতে আমাদের আশ্বার ভিতরের বন্ধন খসিয়া যায়, আমাদিগকে মুক্ত কবে, এবং এই স্বাতস্ত্র্য, এই স্বাধীনতার অংশ গ্রহণ করি-বার সামর্থ্য দেয়, তাই যখন আমরা নিশ্বিকার ও অক্ষর আশ্বার অনুভবের মধ্যে প্রবেশ কবি অথবা যখন সেই উপলব্ধির মধ্য দিয়া অগ্রসব হইয়া যাই, তথন আমর। সত্তার অন্তরের ক্ষেত্রে প্রকৃতির বিশেষ এবং বিস্মষ্টি সকল দার। আবার বন্ধ বা সীমিত থাকি না। এই মূল স্বাতস্থা বা স্বাধীনতার জন্য ক্রিয়া ও প্রকাশশীলতার দিকে চৈতন্য, বিশেষে ভরা এক জগৎ স্টাষ্ট করিয়াও তাহা দ্বারা বন্ধ হয় না। চৈতন্য যাহা স্বষ্টি করিয়াছে তাহা হইতে প্রত্যাহত হইয়া সত্যের কোন উচচতর সূত্র অবলম্বন করিয়া নবতরভাবে স্বষ্টি করিবার সামর্থ্যও এই স্বাধীনতা চৈতন্যকে দান করে। স্বাধীনতার এই ভিত্তির উপর দাঁডাইয়াই আত্মার শক্তি সন্তার সত্য সম্ভাবনাসমূহের (truthpossibilities) অনন্তবৈচিত্র্য প্রকাশ করে এবং নিজের কর্মজালে নিজে -বন্ধ না হইয়াও নিয়তি (Necessity) এবং স্মষ্টির যে কোন ধারা ফুটাইয়া তুলিতে সমর্থ হয়। ব্যষ্টি জীবও এই সমস্ত নেতিবাচক চরম অবস্থার

### নিক্সপাধিক ভন্তনিচয়, বিশ্বগত সোপাধিক ভন্তরাজ্ঞি ও অনির্দেশ্য

অভিজ্ঞতা লাভ করিয়া এই শক্তিময় স্বাধীনতা ভোগ করিতে এবং তাহার আগ্ব-বিভাবনা বা আত্মরপায়ণের এক পর্ব্ব হইতে উচ্চতর কোন পর্ব্বে আরুচ হইতে পারে। ব্যক্তিচেতনাকে খানস হইতে অতিমানস-চেতনায় অধিকাট হইবার সময় অত্যন্ত অনুক্ল, হয়ত ৰ। অপরিহার্য্য মধ্যবর্ত্তী এক অভিজ্ঞতা তাহাকে লাভ করিতে হয়, সে অভিজ্ঞতায় মনন এবং মনোময় অহংএর পূর্ণ নির্বোণ হয়, তাহারা আত্মার নৈ:শব্দ্যের মধ্যে প্রবেশ করে। চৈতন্যের যে উত্তঞ্জ শিখর হইতে ব্যক্ত জগতের আরোহ এবং অবরোহের সোপানমালা স্পষ্ট দৃষ্ট হয়. যে চেতনা ফুটিয়া উঠিলে উত্তরণ এবং অবতরণের স্বাধীন শক্তিরূপ বিশেঘ আধ্যাদ্দিক অধিকার লাভ হয়, তাহা পাইতে হইলে এ পরিবর্ত্তনের পুর্বে শুদ্ধ আন্ধার উপলব্ধি অবশ্য হওয়া চাই। অনস্তচেতনায় সংশ্বরূপের আদি বিভাব বা আদ্যা শক্তির যে কোন একটির সঙ্গে পৃথকভাবে পূর্ণরূপে একীভত হওয়ার সামর্থ্য বিদ্যমান আছে, কিন্তু তাহাতে প্রাকৃত মনের মধ্যে তাহাকেই চরম ও পূর্ণ জ্ঞান রূপে গ্রহণ করিয়া কোন অনুভবে ভুবিয়া গিয়া সঙ্কীর্ণ হইয়া পড়িবার যে প্রবৃত্তি আছে তাহা নাই ; কারণ তাহা অনন্তের সকল বিভাব ও শক্তির একছানুভূতির বিরোধী; মননের মত সঙ্কীর্ণতা না আনিয়াও এক বিভাব বা শক্তির এইরূপ পূর্ণ অনুভূতিতেই অধিমানস জ্ঞানের ভিত্তি ও সমর্থন পাওয়া যায়। অধিমানস চায় প্রত্যেক বিভাব প্রত্যেক শক্তি প্রত্যেক সম্ভা-বনাকে স্বতম্বভাবে পূর্ণতার ময্যাদা দিতে। কিন্তু অতিমানস সংবঁদা সকল অবস্থায় সকল ক্ষেত্রে আধ্যাদ্মিক অনুভূতিতে সকল বিভাব ও শক্তির অগণ্ড একম্ব জ্ঞান বজায় রাথে। যে কোন বিভাবকে পরিপূর্ণতম রূপে গ্রহণ করিলেও সেই বিভাবের পূর্ণতম আনন্দ, শক্তি এবং সার্ধকতা অব্যাহত রাখিলেও সে মূল একত্বের অন্তর্ক্তবোধ কখনও হারায় না। তাই যখন নেতিভাবনাকে পরি-পূর্ণ স্বীকার করে তখনও ইতি ভাবনার সত্যের উপর দৃষ্টিহারা হয় না। অন্তর-স্থিত এই একম্বের বোধ অধিমানসেও আছে এবং তাহাই তাহার পৃথকভাবে নানা বিভাবের অনুভূতির নিরাপদ ভিত্তি। ব্যবহারিক মনে সকল বিভাবের একম্ব জ্ঞান লুপ্ত হইয়া যায়, চেতনা অন্য সকলকে বর্জন করিয়া পৃথকরূপে এক ভাবকে মাত্র স্থাপন করে এবং তাহাতে ডুবিয়া যায়। কিন্তু দেখানেও মনের অবিদ্যার মধ্যেও অখণ্ড তব তাহার ঐকান্তিক অভিনিবেশের অন্তরালে প্রচছনুভাবে থাকে, তাহা মনের মধ্যে গভীর বোধিপ্রভ্যয় আকারে অথবা ভিত্তিরূপে স্থিত পূর্ণ একদের ধারণা বা ভাবনার আবেশে ফুটিয়া উঠিতে পারে ;

#### দিব্য জীবন বার্জ।

অধ্যাম্ব মন এমন ভাবে গড়িয়া উঠিতে পারে যে এ অনুভব ও অভিজ্ঞতা তাহাতে নিত্য বর্ত্তমান থাকে।

সর্ব্বগত ব্রুদ্রের সমস্ত বিভাবের মর্শ্ব বা মূলগত সত্য পরম সতের মধ্যেই নিহিত আছে : এমন কি যে বিভাব বা শক্তিকে আমরা নিশ্চেতন নামে অভিহিত করি, যাহা শাণুত সন্তার প্রতিষেধ বা একান্তবিরোধী কিছ মনে হয়, তাহাও আত্মসচেতন বিশুচেতন অনম্ভ যাহাকে নিজের মধ্যে ধারণ করিয়া রাখিয়াছেন তেমন এক সত্যের সঙ্গে সঙ্গতিবিশিষ্ট বা সেই সত্য হইতে জাত: যখন আমরা গভীরভাবে দেখি তখন বুঝি যে ইহা অনম্ভের সেই শক্তি गাহার বলে চেতনা আম্বসংবৃতির মুচর্ছার মধ্যে লুকাইতে, আম্ববিস্মৃতিতে নিজেরই অতল আবরণের মধ্যে ডুবিয়া যাইতে পারে, যেগানে কোন কিছু প্রকাশ নাই অথচ যাহাব মধ্যে সবই আছে কিন্তু কি ভাবে যে আছে তাহ। আমাদের মানসিক ধারণার অগম্য, আবার সেই অনিব্রচনীয় অব্যক্ত বা স্কুপ্ত অবস্থা হইতে সন পুকাশ হইতে পারে। চেতনার উচচভূমিতে এই অবস্থাকেই দেখি অনস্তের বিরাট অস্তহীন যোগনিদ্রা-রূপে, আমাদের জ্ঞান যাহাকে এক জ্যোতির্ময় পরম অতিচেতন মনে করে, সভাব অপর প্রান্তে ইহাই আন্থার সেই শক্তিরূপে দেখা দেয় যাহ। জ্ঞানের কাছে আন্নসত্তার বিরোধী বা বিপবীত কিছু—যাহা অসতের যেন অতল, নিশ্চেতনের এক গভীর রাত্রি, বোধহীনতার এক অপবিমিত নৃচ্ছা—উপস্থিত করিতে অথচ সেই অসৎ, সেই নিশ্চেতনা সেই বোধহীনতা হইতে সন্তার সকল রূপ সকল চেত্রনা সকল আনন্দের আত্মপ্রকাশ হইতে পারে—কিন্ত তাহার৷ প্রথমে অতি সন্ধৃচিতরূপে ক্ষুদ্রাকারে প্রকাশ পায়, ধীরে ধীরে তাহাদের আত্মনাপায়ণের দল মেলিতে থাকে, এমন কি যাহা তাহাদের বিরোধী তাহারা সেই আকাবেও দেখা দিতে পাবে, এ সমস্ত এক গোপন সর্বেসতা সর্বোনন্দ এবং সর্বেবিদ্যা বা জ্ঞানের লীলা বা খেলা বটে, কিন্তু এ লীলা নিজেরই আছ-বিস্মৃতি, আম্মবিবোধ এবং আম্মসন্ধোচের বিধানসমূহকে বজায় রাখে—ততদিন বজায় রাখে যতদিন এ সমস্তকে অতিক্রম করিয়া যাইবার জন্য প্রস্তুত না হয়। ইহাই নিশ্চেতন এবং অবিদ্যা, যাহার খেলা আমরা জগতে দেখিতে পাইতেছি। ইহা অনন্ত নিত্য সন্তার প্রতিমেধ নয়, ইহা তাহারই এক বিভৃতি, তাহারই আন্ধরপায়ণের এক সূত্র।

বিশ্বসন্তার এইরূপ পূর্ণজ্ঞানে অবিদ্যার কি অর্থ পাওয়া যায়, বিশ্বের আধ্যা-দ্বিক বিধানে সে অবিদ্যার স্থান কোথায় ইহা এখন বিবেচনা করিলে ভাল হয়।

#### নিরুপাধিক তত্ত্বনিচয়, বিশ্বগত সোপাধিক তত্ত্বাজি ও অনির্দেশ্য

আমরা যাহা কিছু অনুভব করি তাহা সমগুই যদি একটা আরোপ, বুদ্রে একটা মিথা। স্মষ্টির কলপনা মাত্র হয়, তাহা হইলে বিশুসত্তা এবং জীবসতা উভয়ই ন্বভাবতঃ অবিদ্যার খেলা হইয়া দাঁডায় : নিতাবন্তর অনির্ণেয় আত্মগংবিৎই হয় একমাত্র খাঁটি জ্ঞান বা বিদ্যা । যদি বলি যে সকল বিস্ফাট সতাস্বরূপ কালাতীত শাশুত এক সাক্ষীচেতনার সন্মধে কানাবচিছন এক প্রতিভাগ এবং তাহা যদি সত্যস্বরূপের <mark>আত্মপ্রকাশ না হ</mark>ইয়া, যাহা স্বতঃই পরিণাম প্রাপ্ত হইতেছে এমন এক বিশুস্টি বা প্রকৃতির খেলা হয়, তবে তাহাও হইবে একভাবের আরোপ। তর্খন স্থাষ্ট সম্বন্ধে আমাদের জ্ঞান হইয়া দাঁডাইবে ক্ষণিক চেতনা ও সন্তার একটা সাময়িক ব্যাপারের জ্ঞানমাত্র, তাহা কোন সত্যেব জ্ঞান নয়, তাহা শাশুতেব দৃষ্টির সম্মুখে ক্ষণিক ভাসমান একটা সম্ভৃতি (becoming) যাহার অন্তিবের সম্বন্ধেই সন্দেহ জাগে—তাহাও ত হইবে একটা অবিদ্যা। কিন্তু বিশু যদি সত্যেরই স্ক্রণ হয় তাহা হইলে সর্বদ। অন্তর্নিহিত থাকিয়া যাহা স্পষ্টি করিতেছে, যাহা তাহার অন্তিম্বকে সম্ভব করিয়া ত্লিতেচ্ছে সেই সদাক্র্মান মল সত্যের জন্য বিশ্বও সত্য হইবে। তাহা হইলে তাহাদেব চিন্ময উৎপত্তি স্বভাবের জন্য জীবসতা বা জগংসত্তাব জ্ঞান বা বোধ হইবে অনুস্থ আন্ধ-জ্ঞান এবং সর্ব্ব-জ্ঞানের খেলা। অবিদ্যা কেবল একটা গৌণবৃত্তিমাত্র হইতে পারে. তাহা কেবল একটা আচছনু এবং সন্ধুচিত জ্ঞান বা একটা উন্মিষন্ত জ্ঞানের অপর্ণ আংশিক প্রকাশ মাত্র, যদিও তাহাব অন্তরেও অন্তরালে সত্য এবং পরিপূর্ণ আত্মজ্ঞান এবং সর্ব্ব-জ্ঞান বর্ত্তমান আছে। অবিদ্যা একটা সাময়িক প্রতিভাস মাত্র: তাহাকে বিশ্বের নিমিত্ত বা উপাদান বলা যায় না : চিৎস্বরূপ বদ্রে ফিরিয়া যাওয়াই ইহাব সার্থকতা—যে সার্থকতা লাভ ইহার পক্ষে অপরিহার্য্য, এ ফিরিয়া যাও্যা বিশু হইতে এক বিশাতীত আদ্ধ-সংবিতে নয়, কিন্তু এই বিশ্বেরই মধ্যে পরিপর্ণতম এক আত্ম-জ্ঞান এবং সর্ব্ব-खारनद गरशा।

আপত্তি উঠিতে পারে যে সব দিক দেখিলে অতিমানস জ্ঞান বস্তুর চরম জ্ঞান নয়। একদিকে মানস ও অধিমানস ভূমি অপরদিকে সচিচদানন্দের পূর্ণ অনুভূতি এই দুএর মধ্যে অতিমানসচেতনা একটা মধ্যবর্দী সোপান, স্মৃতরাং তাহারও অতীত অবস্থায় চিৎপ্রকাশের উচচতম ভূমিসকল বিদ্যমান আছে, যেখানে বহুর মধ্যে একের বিকাশ স্তার মর্ম্মপরিচয় নিশ্চয়ই নয়, ববং শুদ্ধ একত্বের এক অখণ্ডতাই তথায় প্রকাশ পাইবে। কিন্তু এই সমস্ত ভূমিতেও

#### দিবা জীবন বার্দ্রা

অতিমানস ঋতি চিৎ যে নাই তাহা নহে, কারণ তাহা সচিচদানলেরই স্বরূপশক্তি; তফাৎ এই যে সেধানে যে সমস্ত বিশেষ আছে তাহাদের সীমানির্দেশ
নাই, তাহারা নমনীয়, একে অন্যেব মধ্যে অনুপ্রবিষ্ট, প্রত্যেকে সাস্ত হইয়াও
সীমাহারা। কারণ সেধানে প্রত্যেকের মধ্যে সর্ব্বের এবং সর্ব্বের মধ্যে
প্রত্যেকের চরম এবং পূর্ণ সমাবেশ—সেধানে মৌলিক একাম্বরোধের জ্ঞান
পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছে তাহা চেতনার পরস্পরের মধ্যে অনুপ্রবিষ্ট ও অন্তভুক্ত হওয়ার এক চরম অবস্থা। আমরা জ্ঞান বলিয়া যাহা দেখি বা বুঝি
তাহা সেধানে নাই, কারণ তাহার প্রয়োজন নাই; যেহেতু সব হইবে সন্তার
নিজেরই মধ্যে চেতনার প্রত্যক্ষ ক্রিয়া, যাহা এক ও অন্তরক্ষ, স্বভাবতঃই
যাহাতে আম্ব-জ্ঞান এবং সর্ব্ব-জ্ঞান বর্ত্তমান আছে। তথাপি চেতনার সম্বন্ধতত্ত্ব, সন্তার মধ্যে পরস্পরেব আনন্দের সম্বন্ধ, সন্তার আম্বণক্তিসকলের মধ্যে
সম্বন্ধ লোপ পাইবে না; এই সমস্ত উচ্চত্য অধ্যাত্বত্বমি অনির্দেশ্বতার বা শুদ্ধসন্তার এক মহাশূন্যম্য ক্ষেত্র হইবে না।

তবু হয়ত নলা হইবে যে যাহাই হউক, প্রকাশের সকল জগতের উদ্বে অস্ততঃ সচিচদানদের নিজের মধ্যে শুদ্ধ-সত্তা ও চৈতন্যের আদ্ধ-জ্ঞান এবং শুদ্ধ আনন্দ ছাড়া আর কিছু থাকিতে পারে না। অথবা বাস্তবপক্ষে এই ত্রৈক সত্তাও অনন্তের মূল চিন্ময় আদ্ববিশেদণ হইতে পারে—স্রতবাং একাস্ত নিবিবশেষ এবং অনির্বাচ্য চরম তত্ত্ব অন্য সব বিশেষের মত এই তিন বিশেষও লোপ পাইবে। কিন্তু আমরা বলি এ সমস্ত পরমসতের স্বরূপসত্য; এ সমস্তের চরম সত্য সেই নিতাবস্তুর মধ্যে পূর্ব হইতে বর্ত্তমান ছিল; যদিও অধ্যাদ্বমনের চরমতম অভিজ্ঞতায়ও তাহারা যাহা বোধহয় সেখানে তাহা স্বরূপে অন্যবিধ এবং অনির্বেয়। সত্য কথা এই নিবিবশেষ, এই চরমতত্ত্ব মহাশূন্যতার এক পরম রহসা অথবা নেতিভাবনাসমূহের পবম যোগফল মাত্র নয; মূল সর্বেক্ত সত্য বা তত্ত্বেব আদ্বশক্তিতে যাহা সম্থিত নহে অথবা তাহার মধ্যে যাহা নাই তেমন কিছুর প্রকাশ কোন মতেই সম্ভব হইতে পারে না।

# দ্বিতীয় অধ্যায়

## ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি।

আৰিখক তিনি তবু বিভাজের মত হইরা সর্বাভূতে আছেন। স্মীতা (২০)২৩)
বাদ্ধা সভ্য জ্ঞান ও অনস্ত। তৈত্তিরীয় উপনিবল্ (২০১)
প্রকৃতি এবং পুরুষ উভায়কে অনাদি ও শাখত বলিয়া জানিও। স্মীতা ( ৩০:২৯)
মারাকে প্রকৃতি এবং মারার অধীবরকে মহেশ্বর বলিয়া জানিতে হইবে।
ব্যেতাশ্বতর উপনিবল্প (৪০১০)

বিবে ইহাই পরম দেবতার মহিমা যাহার বারা ব্রহ্মচক্র আমিত হইতেছে। বিনি
সকল ঈশরের পরম মহেবর, সকলদেবতার পরম দেবতা তাঁহাকেই ঞানিতে হইবে। পর।
তাঁহার শক্তি এবং তাঁহার জ্ঞান ও বলের ক্রিয়া বিচিত্র এবং বাভাবিক। এক দেবতা
সর্বভাবে অন্তর্গুচ্ হইয়া আছেন—ভিনি সর্ববাগী, সর্বাভূতের অন্তরালা, কর্মের অধ্যক্ষ,
সাক্ষী, জ্ঞাতা, কেবল ও নিশ্ব ব। বেতাব্তর উপনিবল্ (১),৭,৮,১১)

স্মুতরাং এক পরম সত্য শাশুত এবং অনম্ভ নিতাবস্তু আছে। অনস্থ এবং চরম নিবিবশেষ বলিয়া স্বরূপতঃ অনির্ণেয়। সামে এবং বিশেষ-দশী মন শ্বানা তাহার কোন সংজ্ঞা দেওয়া যায় না অথবা কোন ধারণা কবা সম্ভব হয় না, মন দ্বারা স্বষ্ট বাক্য তাহাকে প্রকাশ করিতে পারে না, তাই তিনি অনি-ব্বাচ্য। শেনতি নেতি ভাষায় তাঁহাকে বর্ণনা করা যায় না, কারণ তিনি ইহা নন তাহা নন বলিয়া তাঁহাকে সীমিত করিবার কোন অধিকার আমাদের নাই. আবার ইতিবাদের ভাষায়ও তাঁহার বর্ণনা চলে না, কারণ ইতি ইতি বা তিনি ইহা তিনি তাহা বলিয়া তাহাকে সীমার মধ্যে বাঁধিবার কোন অধিকারও আমা-দের নাই। তথাপি এমন করিয়া তাঁহাকে জানা না গেলেও, তিনি পর্ণব্রূপে এবং সর্ব্বতোভাবে যে অজ্ঞেয় তাহাও বলা যায় না। তিনি নিজের কাছে নিজে জ্ঞাত, বাক্য ও মনের অগোচর হইলেও, আমাদের মধ্যস্থ অধ্যান্ত-সত্তা যে একন্ববোধ-জাত জ্ঞান লাভ করিতে সক্ষম, সেই জ্ঞানে স্বত:-সিদ্ধভাবে তাহার উপলব্ধি ও অনুভূতি হইতে পারে; কারণ সেই অধ্যাদ্ধ সতা স্বরূপে, তাহার আদি ও অন্তবঙ্গ সত্যে এই পরম সম্বন্ধ ছাড়া অন্য কিছ नदर ।

#### দিব্য জীবন বার্দ্তা

নিবিবশেষ এবং অনন্ত বলিয়া এইভাবে মনের কাছে তিনি অনির্পের হইলেও, আমরা আবিষ্কার করি যে সেই পরম এবং শাশুত অনস্ত আমাদের জাগতিক চৈতন্যের কাছে, তাহার সত্তার খাঁটি এবং মূল স্ত্যসমহ **ঘারা নিজেই** বিশেষিত হন—সে সমস্ত সত্য জগদতীত হইয়াও জগতের মধ্যে অবস্থিত এবং জগতের মূল ভিত্তিস্বরূপ। আমাদের সর্ব্বসাধারণ প্রত্যয় বা ধারণার জ্ঞানে এই সমস্ত সত্য যে মূল বিভাবের আকারে ফুটিয়া **উঠে তাহা হইতেই সর্ব্বগত** ব্রদ্রের পরিচয় ও অনুভব আমরা লাভ করি। বস্তুত: তাহাদের শ্বরূপ আমাদের বুদ্ধির কাছে ধরা পড়ে না, ধরা পড়ে সাক্ষাৎভাবে চিন্ময় বোধি হারা আমাদের চেতনার অন্তর্মূলে অবস্থিত এক আধ্যান্মিক অনুভবের কাছে; উদার এবং নমনীয় বা সাবলীল ভাবের ধারণায় মনেও তাহাদের আভাস ফুটিতে পারে এবং যে ভাষা সংজ্ঞার কঠোব নিগড অতিমাত্রায় ব্যবহারের দাবি না করে অথব। ভাবের উদারতা ও সুক্ষ্মতাকে কুঞ্চিত ও সীমিত না করিতে চায়, তেমন ভাবের নমনীয় ভাষায় তাহাদের সম্বন্ধে কিছু প্রকাশও করা যাইতে পারে। এই অনুভব বা এই ভাব কতকটা খাঁটি ভাবে প্ৰকাশেব জন্য এমন এক ভাষা গড়িয়া তুলিতে হইবে যাহার মধ্যে একাধাবে তম্বদর্শনের বোধিজাত গভীরতা এবং কবিম্বের ন্ধপায়ণী প্রতিভা ফুটিয়া উঠিতে পাবে, যাহার মধ্যে সার্থক এবং জীবস্ত এমন সমস্ত উপমা ও রূপকেব স্থান থাকিবে, যাহারা এই সমস্ত অপরোক্ষানুভূতিকে নিখুঁত অর্থপূর্ণ এবং সুস্পষ্ট ইশারা ও ইঞ্চিতে ব্যক্ত করিতে পারে ; সুস্থাতা এবং অর্থগৌববে ভবা ভাবেব ঘনবিগ্রহ রূপ তেমন এক ভাষা বেদ এবং উপ-নিষদের মধ্যে গডিয়া উঠিয়াছে ইহা আমরা দেখিতে পাই। সাধারণ দার্শ-নিকেব ভাষায় যদি দুরান্তের একটা অস্পষ্ট ইঙ্গিত দেওয়া যায়, বস্তু হইতে বিচিছ্নু ভাব বা গুণেব বর্ণনা দারা সত্যের একটা আব্ছা রূপ যদি গড়া যায় তবে তাহাতেই আমাদিগকে সম্ভষ্ট থাকিতে হইবে, বুদ্ধির কাছে এ ভাষার কিছু সার্থকতা আছে, কাবণ এইরূপ ভাষাই আমাদের বৃদ্ধি দিয়া বৃঝিবার পথে. আমাদেব বিচার-পদ্ধতির পক্ষে উপযোগী, কিন্তু জ্ঞানের পথে খাঁটি সার্ধকতা লাভ কবিতে চাহিলে, সাধারণ সীমিত ন্যায়শান্তের (finite logic) সীমা অতিক্রম কবিয়া অনন্তের ন্যায়ে (logic of the Infinite) বুদ্ধিকে অভ্যন্ত হইতে হইবে। কেবন এই উপায়ে এই ভাবে দেখিতে এবং ভাবিতে অভ্যন্ত হইবার পর যিনি অনির্ব্বচনীয়, তাঁহার কথা বলিলে স্ববিরোধী উক্তি বলিয়া বোধ হইবে না অথবাসে বলা ৰূপা হইবে না। ইহা নাকরিয়া

## বন্ধা, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

সাত্তেব ন্যায়কে অনন্তকে নিকপণ কবিবাব জন্য যদি প্রয়োগ কবি, তাহা হইলে সূব্বিরাপী সত্যবন্ধ আমাদেব দৃষ্টিপথেব বাহিবে চলিয়া যাইবে এবং তাহার স্থানে আমবা প্রকৃত বন্ধ হইতে বিচিছ্নু একটা ছায়াকে আঁক্ডাইয়া ধবিব, ভাষায প্রস্তবীভূত যেন এক মৃত মূত্তিব দেখা পাইব অথবা কঠিন এবং তীক্ষাব এমন একটা কপবেখাব সাক্ষাৎ পাইব, যাহা সত্যেব কথা বলে বটে কিন্ত তাহাকে প্রকাশ কবে না। যাহাকে জানিতে হইবে তাহাকে জানিবাব পথকেও তদনুক্রপ হইতে হইবে, তাহা না হইলে পাইব দূবস্থ অজানা পদার্থ সম্বন্ধে একটা জলপনা, পাইব জ্ঞানেব একটা কপ বা আভাস, যথাৰ্থ জ্ঞান নহে।

এইভাবে যে প্রম সত্য-বিভাব আমাদেব চৈতন্যে আত্মপুকাশ করে তাহ। শাশুত, অনস্ত এবং চবম এক আত্মসত্তা, আত্মজান এবং আত্মানন্দ ইহাই সর্বেবল্পন প্রতিষ্ঠা এবং গোপন আশ্রুষ, ইহাই সর্ব্ব পদার্থে অনুস্যুত হইষা বর্ত্তমান আছে। এই স্বয়ন্ত্ৰ ইহাৰ মূল প্ৰকৃতিৰ ত্ৰিধাৰাৰ সাম্প্ৰকাশ কৰেন। এ তিন ভাবেৰ ভাৰতীয় নাম অধিক তৰ স্মুন্দৰ—ে তাদায় বলা হয় সত্যস্বৰূপ ব্রম্ম হইলেন আত্মা, পুক্ষ এবং ঈশুব। এই শব্দ তিনটি সম্বোধিদ্বাবা জ্ঞাত ধাতু হইতে উৎপনু হইষাছে , তাহাদেব মধ্যে আছে উদাব ও ব্যাপক স্বস্পষ্টতা, সাবলীল ভাবে প্রযুক্ত হইবাব সামধা, তাহাব জন্য যেমন তাহা অস্পষ্টত। পৰিহাৰ কৰে তেমনি বৃদ্ধিৰ সীমাবদ্ধকাৰী বাৰণাৰ ৰঠিন জ্ঞানেও জডাইয়া পড়ে ना। প্ৰবন্ধকে পাশ্চাত্য দৰ্শনে Absolute বা চৰম নিবিবশেষ তত্ত্ব বলা হয়, কিন্তু প্রকৃতপক্ষে বুদ্র নিন্বিশেষ হইয়াও সেই সর্বেগত সত্য যাহাব মধ্যে যাবতীয় বিশেষ তাহাদেব ৰূপ ও গতিব আকাবে বৰ্ত্তমান , এই নিবিবশেষ চবন তত্ত্বের আলিঙ্গনে বাঁধা সকল বিশেষ। তাই উপনিষ্ট বলিযাছে 'সর্বেং খলিদং বুদ্রা'---'এই যাহা কিছু আছে সবই বুদ্র'---বলিয়াছে 'অনুং বৃদ্ধ थार्ता वस मत्ना वस"- 'जन ना जछ वस थान वस, मन वस', नायु ना थार्तन অধিপতি বাৰুদেৰতাকে সম্বোধন কৰিয়া বলা হইয়াছে "ত্বং বাৰ্যো প্ৰতাক্ষং ব্ৰহ্মাসি"—'হে বাযু, তুমি প্ৰত্যক্ষ বা ব্যক্ত ব্ৰহ্ম', মানুষ এবং পশু, পক্ষী ও পতক্ষ ইহাদেব প্রত্যেকেব দিকে অঙ্গুলি নির্দেশ কবিয়া প্রত্যেককে পৃথক ভাবে সেই প্ৰম একেৰ সঙ্গে এক বলিয়া দেখিয়া বলা হইয়াছে—'হে বুদ্ৰ তুমি এই বৃদ্ধ এই বালক এই ব'লিকা, এই পক্ষী এই পতঙ্গ'। 🛭 🕏 জী পুমান্ কুমাব উত বা কুমাৰী জীণো দণ্ডেন বঞ্চস—-নীলঃ পতঙ্গ—হবিতো লোহি তাকঃ।" বদ্ৰাই চৈতন্যৰূপে যাহ। কিছু বৰ্ত্তমান আছে, তাহাতে অবস্থিত থাকিয়া নিজেকেই

#### দিবা জীবন বার্ত্তা

নিজে জানিতেছেন; বুদ্রাই সেই শক্তি যাহা দেবতা এবং অস্তুর বা রাক্ষসের বলবীর্যা ধারণ করিয়া আছে, বুদ্রই সেই শক্তি যাহা মানুঘ পশু এবং প্রকৃতির नाना क्राप्यत गर्था किया वा स्थलां करत, वक्त राष्ट्र यानल, गखांत्र राष्ट्र গোপন পরম উল্লাস যাহা আকাশের মত আমাদের সন্তাকে ঘিরিয়া রহিয়াছে এবং যাহা না থাকিলে কেহই নিঃপ্রাস নিতে বা বাঁচিতে পারিত না। ''কোহ্যেবান্যাৎ কঃ প্রাণাৎ, যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ''। বন্ধ অন্তরান্ধা রূপে সকলের মধ্যে রহিয়াছেন—''সর্বেষাং ছদি সনিবিষ্টঃ''; তিনি প্রতি স্মষ্ট রূপের মধ্যে বাস করিতেছেন এবং প্রত্যেক কপের প্রতিরূপ গ্রহণ করি-মাছেন ''রূপং রূপং প্রতিরূপে। বভ্ব''; এই সর্বভ্তেব ঈণুরই চেতন সত্তার মধ্যে চৈতন্য: আবাৰ যাহা নিশ্চেতন বস্তু তাহাৰ মধ্যেও তিনি গুহাহিত 'চেতন্য ; যে বছ, শক্তিরূপা প্রকৃতির হাতে পুতল মাত্র, সেই পরম এক তাহাদেরও প্রভু এবং নিয়ন্তা। তিনি কালের অতীত আবার কালও তিনি; যাহা দেশ এবং দেশের মধ্যে যাহা কিছু অবস্থিত তাহাও তিনি; তিনি বিশ্বেব নিমিত্ত আবার তিনিই কার্য্য ও কারণের পরম্পবা। তিনি ভাবুক এবং তাহার ভাবনা, যোদ্ধা এবং তাহার সাহস, তিনি দ্যুতকার এবং তাহার ছলনা। সকল সত্য সকল বিভাব সকল প্রতিভাস তিনি। বৃদ্ধ চর্ন্মতহ, নিন্বিশেষ, লোকাতীত এবং অনির্বোচ্য, যিনি বিশ্বধারণ করিয়া রহিয়াছেন সেই নিশ্বাতীত সত্তা; সকল সন্তার আশ্রয়রূপী বিশ্বাদ্মা, সাবার প্রত্যেক ব্যষ্টি বা ব্যক্তির আদ্মাও তিনি ; আমাদের অন্তরান্ধা বা চৈত্যপুরুষ তাঁহারই শাশুত অংশ ''অংশঃ সনাতনঃ'', সজীবসত্তাপূর্ণ এই জগতে তাহারই পরা প্রকৃতি বা চিৎশক্তিই জীব হইয়াছে। একমাত্র বদ্রাই আছেন, তাহার সন্তাতেই সকলেব সত্তা কেননা সব-কিছুই বৃদ্র ; আমরা আন্ধা বা প্রকৃতিতে যাহা কিছু দেখিতেছি এই সত্যবস্তুই তাহাদেব সকলের সত্য। বুদ্ধ বা ঈশ্বর তাহার যোগমায়ায় তাহার আত্মপ্রকাশেব জন্য নিয়োজিত চিৎশক্তিরই সামর্থ্যে এই সব হইয়াছেন। তিনি সচেতন সন্তা, আদ্বা, চিংসত্তা বা প্রুষ, তি।নি তাহার প্রকৃতির, তাহার সচেতন আদ্ব-স্তার শক্তির খারা সর্বভূত হইয়াছেন; তিনি ঈশুর, সর্বেজ, সর্বেশক্তিমান সুকলের শাসক ও নিয়ন্তা. তিনি তাহার সচেতন শক্তির বলে কালের ক্ষেত্রে আত্মপ্রকাশ এবং জগত পরিচালনা করেন। এই সমস্ত এবং এই প্রকার वाकगावनि এकमा नितन (पर्था) यात्र जांगापनत माथा मकन जानरे आहर : মনের পক্ষে এ সমস্তের কিছু অংশ কাটিয়া বা বাছিয়া লইয়া তাহার মধ্যে আবদ্ধ

## ব্রহ্ম, পুরুষ, ঈশর—মায়া, প্রকৃতি, শক্তি

হওয়া এবং যাহা তাহাব সজে মিলিতে চাঁয় না, তাহা ছাঁটিয়া ফেলা সম্ভব ; কিন্তু পূর্ণজ্ঞান লাভ কবিতে হইলে আমাদিগকে দাঁড়াইতে হইবে এইরূপ বছ-মুখী এবং পূর্ণ বর্ণনার উপর।

আধ্যান্ত্রিক অভিজ্ঞতার আদি সত্যরূপে আমবা পাই এক শাশুত অনম্ভ নিতাবস্ত্র, যাহা নিজেতেই নিজে অবস্থিত, নিজেকেই নিজে জানেন এবং নিজেতেই নিজে আনন্দিত, যাহা বিশ্বের মধ্যে অন্তর্ভূভাবে বর্তমান খাকিয়া এবং বিশ্বের আশ্রুয় হইয়াও সদা বিশ্বাতীত। কিন্তু সতাস্বরূপ এই সত্তাতে দুইটি বিভাব যুগপৎ বর্ত্তমান আছে—এ দুই বিভাবের একটি ব্যক্তিক (personal) অপরটি নৈর্ব্যক্তিক (impersonal)। ইহা যে কেবল গত্তা মাত্র তাহা নহে—ইহা শাপুত এবং অনন্ত এক প্রথ প্রথম। যেখন একদিকে এই নিবিবশেষ সর্ব্বেগত সত্য বা বুদ্র আমাদের নিকট তিননপে আম্বপ্রকাশ করেন যাহাদিগকে ভারতীয ভাষায় বলা হইয়াছে — খাত্মা, পুরুষ এবং ঈশুর তেমনি তাহার চিংশক্তিকেও আমরা দেখি মানা, প্রকৃতি এবং শক্তি এই তিন রূপে। সেই চৈতন্যের আন্ধশক্তি বা মাযা অন্তশ্চানী থাকিয়া সর্ব্রপদাথ স্ষষ্টি করিতেছে ; প্রকৃতিরূপে সক্রিয়ভাবে কার্য।কবী হইয়া সচেতন সাক্ষীরূপে অবস্থিত পুরুষ বা আত্মার দৃষ্টিপথে সর্ব্বপদার্থকে উদ্ভাসিত কবিয়া তুলিতেচে; ঈশুর বা ভগবানের বীর্ণ্য বা শক্তিরূপে যুগপৎ ভাব-স্মষ্টি এবং সঞ্জিশভাবে সমস্ত দিব্য কার্য্য সমাধা করিতেছে। ব্রদ্রেব এই তিন বিভাব এবং এই তিন শক্তির মধ্যে সমগ্র বিশ্বসত। এবং সকল বিশ্বপ্রকৃতি রহিষাছে—ইহারাই তাহা-দের ভিত্তি ও আশ্রয়। ইহাদের সকলকে একত্র এবং অথওরূপে দেখিলে বিশ্বাতীতরূপে, সমগ্র বিশ্বরূপে, এবং বিবিক্ত ব্যক্তি রূপে অব্ধিত সন্তার মধ্যে ষে তেদ ও বৈষম্য আনাদের কাছে প্রতীয়মান হয, তাহাদের সামগ্রসা খঁজিয়া পাওয়া যায় ; এক অন্বয় সন্তার এই ত্রৈক বিভাবেব একত্ত্বে বিশ্রা-তীত নিবিবশেষ, বিশুপ্রকৃতি এবং যামাদের জৈবপ্রকৃতি একত্রে গ্রথিত আছে। পৃথকভাবে দেখিলে সবিশেষ জগৎ নিন্বিশেষ প্রমূব্রদ্রের একান্ত বিরোধী মনে হয় এবং তাহার অগম্য এবং অজ্ঞেয় একম্বের সত্যেব সঙ্গে জীবরূপে আমাদের খাঁটি অন্তিম কিছুতেই থাকিতে পাবে না। কিন্তু বস্তুত: नुप्त নিন্বিশেষ হইয়াও সকল িশেষের মধ্যে যুগপৎ বর্ত্তমান, এই নিন্বিশেষ সকল বিশেষ হইতে মক্ত ও স্বতন্ত্র, আবার সকল বিশেষেব আশ্রয় এবং ভিক্তিও ইহা। এই নিত্য বন্ধই সকল বিশেষের মধ্যে পরিব্যাপ্ত থাকিয়া তাহাদিগকে শাসিত

#### দিব্য জীবন বার্দ্রা

ও গঠিত করিতেছে; যাহা এই সর্বেগত সত্য নয় এরূপ কিছু নাই। ইহা কিরূপে সম্ভব তাহা এই ত্রিভাব ও ত্রিশক্তিকে পর্য্যবেক্ষণ করিয়া আমরা বুঝিতে পারি।

স্বয়ন্তুসত্তা এবং তাহার লীলাকে যখন অখণ্ডদৃষ্টির সীমাহীন একম্ববোধের মধ্য দিয়া দেখি তখন তাহার মধ্যে বিচেছদের বা<sup>\*</sup>বিভেদের আভাস দেখি না এবং তাহার সমগ্রতার জ্ঞান আমাদের মনে দৃঢ় গ্রতীতির সহিত বদ্ধমূল হইয়। যায়। কিন্তু তর্কবৃদ্ধির বিশ্লেষণে বিপুল বাধাসমূহ আসিয়া হাজির হয়; যাহাকে কিছুতেই সীমার মধ্যে বদ্ধ করা যায় না, সেই অনুভবকে তর্কজাত কোন দার্শনিক মতবাদের মধ্যে নিবদ্ধ কবিবার সকল চেপ্তার এইরূপ পরিণাম হওয়া অনিবার্য্য। সেক্ষেত্রে বন্ধিকে সত্যের বিচিত্র জটিল রূপের এক অংশ যদুচছাক্রমে কাটিয়া নইয়া এবং বাকীটা বর্জন করিয়া সঞ্চতি রক্ষার চেষ্টা করিতে হয়, নহিলে মানিতে হয় যে তাহার অতিব্যাপক পূর্ণরূপ ধরিবার বা বুঝিবাব সাধ্য তর্কবুদ্ধির নাই। কারণ আমরা দেখিতে পাইতেছি যাহা অনির্ণেয় ও নিব্বিশেষ তাহ। যুগপৎ আত্মপ্রকাশ করিতেছে অনন্ত ও সান্তরূপে, যাহ। একরপী অক্ষর এবং অপবিবর্ত্তনীয় তাহ। সর্বেদা বহুক্ষররূপ, অনম্ববিভেদ অন্তহীন বিশেঘকে নিজের মধ্যে স্থান দিতেছে; যাহা এক তাহা অগণিত বছন্নপে পরিণত হইতেছে, যাহা নৈর্ব্যক্তিকভাব তাহা ব্যক্তিকতা ও রক্ষা করিতেছে, তাহা নিজেই পরম পুরুষ বা প্রমব্যক্তি। আশ্বার নিজস্ব এক প্রকৃতি আছে যখচ তাহা প্রকৃতির পরপারস্থিত কিছু; সন্তা সম্ভূতিতে পরিণত হইয়াও সর্বেদা নিজ স্বরূপে অবস্থিত আছে—তাহা সর্বেদা নিজের সকল সম্ভূতিব অতীত, বিশ্ব-চেতনা জীব-চেতনারূপে ফুটিয়া উঠিতেছে আবার জীবচেতনা বিশ্বচেতনায় পর্য্যবসিত হইতেছে; বুদ্র স্বৰ্ভণ বজিত বা নিৰ্গুণ এবং অনম্বন্তণবিশিষ্ট স্বিশ্বেষ বা স্তুণ; বিশ্ব কর্ম্মের প্রভূ ও কর্ত্তা হইয়াও বুদ্ধ অকর্ত্তা এবং প্রকৃতির সকল ক্রিয়ার নীরব দ্রষ্টা। চিরকাল একভাবে ঘটিতে দে<sup>নি</sup> বলিয়া আমরা প্রকৃতির ক্রিয়াপদ্ধতি-সমূহকেও স্বাভাবিক বলিয়া নিন্বিচারে মানিয়া নই কিন্তু এই অতিপরিচয়ের অবশুঠন সরাইয়া ফেলিয়া যদি আমরা গভীরভাবে বুঝিতে চাই তবে দেখি পুকৃতিও যাহ৷ কিছু কবে তাহঃ পূর্ণতঃ বা অংশতঃ অলৌব্ধিক এবং আশ্চর্য্য-জনক যেন এক মায়াবিনীর অবোধ্য মায়ার খেলা। স্বরম্ভুসতা এবং তাহার মধ্যে আবির্ভু ত বিশুজগৎ, ইহারা প্রত্যেকে পুথকুভাবে অথবা উভয়ে একসঙ্গে

## ব্ৰহ্ম, পুরুষ, ঈশর—মায়া, প্রকৃতি, শক্তি

এমন একটা রহস্য, যুক্তি বা বিচার যাহার নাগাল পায় না। আমরা মনে করি যে সর্ব্বস্তুতে যুক্তি আছে, কারণ সাম্ভ জড়ের ক্রিয়াপদ্ধতিতে আমরা একটা সঙ্গতি দেখিতে পাই এবং তাহার বিধান নিরূপণযোগ্য মনে করি কিন্তু যখন গভীর ভাবে পরীক্ষা করি তখন প্রতিমূহর্তে ইহার মধ্যেও এমন কিছর দেখা भित्न योश **अर्योक्तिक वा উन-योक्तिक अथवा** योश अ**তि-योक्तिक।** आमता আণা করিতে পারি যে একটা স্থশঙ্গত নিরূপণযোগ্য প্রক্রিয়া, জড় হইতে প্রাণের এবং প্রাণ হইতে মনের ক্ষেত্রে গেলে, বেশী নাত্রায় দেখিতে পাইব কিন্তু কার্য্যতঃ দেখিতে পাই ঠিক তাহার বিপরীত। সান্তকে খানিকটা যদি বা যুক্তির মধ্যে আনিতে পারি কিন্তু দেখিতে পাই অতিসূক্ষ্য আণবিক কণিকা (infinitesimal) একই নিয়মের বাঁধনে বদ্ধ হুইতে অস্বীকার করে, আর অনন্তকে ধরা ছোঁয়াই যায় না। আমাদের বুদ্ধি বিশ্বের ক্রিয়া এবং তাহার তাৎপর্য্য একেবারেই ধরিতে পারে না ; আন্ধা, ঈশুব বা চিৎসত্তা বলিয়া কিছু যদি থাকে. জীব ও জগতের সঙ্গে তাহার সম্বন্ধ কি, তাহাদের প্রতি তাহার আঁচরণ কিরূপ, তাহার জ্ঞান আমাদের বোধের বাহিরেই থাকিয়া যায়, এমন কোন সূত্র খুঁজিয়াও পাই না যাহা ধরিয়া সে জ্ঞানে পৌঁছিতে পারি। ঈশুব, প্রকৃতি এমন কি আমরা কেন কি ভাবে ক্রিয়া বা চলাফেরা করি তাহা আমাদের নিকট রহস্যাবৃত, অংশতঃ বা কোন কোন স্থানে তাহা আমাদের বোধগম্য হইলেও সমগ্রভাবে কখনও আমাদের বৃদ্ধিগোচর হয় না। মনে হয় বিশ্বময় এই যে মায়ার খেলা তাহ। আমাদের মনের অগম্য ঐল্রজালিক কোন শক্তির ইল্রজাল ; সে শক্তি তাহার জ্ঞানবলে কিম্বা কল্পনা কুহকে এ সমস্ত ফুটাইয়া তোলে, যদি জ্ঞানে হয় তবে সে জ্ঞান আমাদের জ্ঞান নয় আর যদি কুহকে হয় তবে তাহাও বুঝিতে আমাদের কল্পনা দিশাহারা হইয়া পড়ে। যে চিৎসত্তা বিশুস্ট করিতেছে অখব। বিশ্বের মধ্যে এত অম্পষ্ট ভাবে আম্বপ্রকাশ করিতেছে তাহ। আমাদের বৃদ্ধিতে মনে হয় যেন এক মায়াবী এবং শক্তি বা মায়াকে মনে হয় যেন স্বাষ্ট্ৰসমৰ্থ ইক্রজান : ইক্রজান বিভ্রম বা অতি বিগ্নয়কারী সত্য এ উভয়ই স্বষ্ট করিতে পারে : কিন্তু আমরা দেখিতে পাইতেছি যে এ দুই অনির্ব্বচনীয়, বুদ্ধির অগম্য ব্যাপারের মধ্যে বিশ্বে আমর। কোন্টির সন্মুখীন হইয়াছি তাহা শ্বির করা অতি দুরূহ।

কিন্তু বস্তুতঃ এই হতবদ্ধিকর ধারণার মূল কারণ খুঁজিনে হইবে চরমতবের বিশ্বান্ধক স্বয়ন্তুসন্তার অন্তর্গত কোন বিভ্রম বা অঙুত কল্পনার মধ্যে নয়; আমরা হতবৃদ্ধি হইয়া পড়ি তাহার কারণ বহু বিচিত্র সন্তার জ্ঞানলাভের প্রধান

#### দিবা জীবন বার্তা

সূত্রের সন্ধান আমর। পাই নাই, তাহার গোপন পরিকল্পনা বা আদর্শ কি তাহা আবিকার করিতে পারি নাই। স্বয়ন্ত্-সৎ অনন্ত স্বরূপ, তাহার সন্তার ও ক্রিয়ার পদ্মতে থাকিবে অনন্তেরই ছন্দ ; কিন্তু আমাদের চেতনা সঙ্কীর্ণ আমাদের বদ্ধি বা বিচারশক্তি সাম্ভ পদার্থে গঠিত ; এই সাম্ভ চেতনা এবং বৃদ্ধি দিয়া আমরা অনস্তের পবিমাপ করিব এ কল্পনা অযৌক্তিক; অল্প কি করিয়া পাইবে ভূমার পরিচয় ? স্বল্পবিত্তের অতিসীমিত ও সঙ্কীর্ণ ব্যবহারের মধ্যে আবদ্ধ দারিদ্র্য সে সমস্ত বিপুল ও অপর্য্যাপ্ত ঐশ্বর্য্যের পরিচালনা ও তত্বাবধানের ধাবণা কি কবিয়া করিবে ? অবিদ্যাচ্ছনু ও অলপজ্ঞ বৃদ্ধি কখনই সর্বেজ্ঞের ক্রিযাবাবা বুঝিতে সক্ষম হয় না। আমাদের যুক্তিবিচারের ভিত্তি জড়প্রকৃতির সাস্ত ক্রিয়াবলিব অভিজ্ঞতার এবং যাহা সীমার মধ্যে কাজ কবে এমন কিছুর অপূর্ণ পর্যাবেক্ষণ এবং অনিশ্চিতবোধেব উপর প্রতিষ্ঠিত; সেই ভিত্তির উপর দাঁডাইয়াই সে কতকগুলি ধাবণা গঠিত করিয়াছে যাহাদিগকে সে সাধাবণ সার্বেভৌম বিশুসত্য রূপে দেখিতে চায় এবং যাহা এই সমস্ত ধানণার সঙ্গে भित्न ना अथवा याशिक रेशिपन विद्यानी तम मत्न करन ठाशिपिशदक मर्याक्रिक, মিখ্যা বা অবোধ্য বলে। কিন্তু শত্যেব নানা স্তর, নানা প্রকাব ভেদ আছে. এক স্তরের ধারণা, মাপ বা আদর্শ অন্য স্তরেব সঙ্গে নাও মিলিতে পাবে। অতিপ্ৰমাণ (electron), অণু, প্ৰমাণু, কোঘাণু পুভৃতি আণ্ডিক কণিকাৰ (infinitesimals) স্মাহাৰে আমাদের গঠিত হইয়া উঠিয়াছে; এই সমস্ত আণবিক পদার্থেব ক্রিয়ার বিধান দ্বাবা মানব-দেহের স্থল শার্নীর ক্রিয়ারও সকল রহস্য বুঝা যায় না-মানুঘেব জড়াতীত অংশসমহের, তাহার প্রাণ মন আশ্বার গতিপ্রকৃতির সকল বিধান, সকল পদ্ধতি ব্ঝা তো দূরের কথা। দেহের মধ্যে অনেক সান্ত অবয়ব তাহাদের নিজস্ব অভ্যাস, গুণ ও ধর্ম এবং বিশিষ্ট ক্রিয়াও প্রবৃত্তি লইয়া গড়িয়া উঠিয়াছে ; দেহ নিজেই একটি সান্ত অবয়বী—েসে এই সমস্ত অব্যবকে নিজের অংশ, অঞ্চ বা ক্রিয়ার যন্ত্ররূপে ব্যবহার করিলেও এই সমস্ত ক্ষুদ্র অবয়বের সমষ্টিমাত্র নহে ; এই দেহের মধ্যে ফুটিয়া উঠিয়াছে তাহার এক নিজস্ব সত্তা যাহার একটা সাধারণ বিধান বা ধর্ম্ম আছে যাহা এই সমস্ত অবয়ব বা উপাদানের ধর্ম্মের উপর নির্ভর করে না। ইহার পরেও আছে জড়াতীত প্রাণ ও মনের সান্ত বিগ্রহ যাহা ভিন প্রকৃতির এবং যাহাদেব নিজম্ব ক্রিয়াধারা আরও বেশা সৃক্ষা; ইহাদের ক্রিয়ার যন্ত্র দেহের পর ইহারা যতই নির্ভরশাল হউক না কেন ইহাদের নিজন্ম

## ব্ৰহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

ধর্ম হইতে ইহারা বিচ্যুত হয় না, আমাদের প্রাণ ও মনের সত্তায় এবং তাহাদের শক্তিতে এমন কিছু আছে যাহা জড়দেহের ক্রিয়া ও ব্যাপার অপেকা বেশী কিছু, এবং অন্য কিছু। আবার প্রত্যেক সাম্ভের সন্তায় বা তাহার পশ্চাতে অনম্ভ একটা কিছু আছে যাহা ঐ সাম্ভকে তাহাব আন্তরপায়ণের বিগ্রহরূপে গড়িয়া তুলিয়াছে যাহা সাম্ভকে ধারণ করিয়া আছে এবং পবিচালিত করিতেছে। সেইজন্য সাম্ভের মধ্যে ব। পশ্চাতে অবস্থিত এই তত্ত্বেব জ্ঞান ন। হইলে এই সান্তের সন্তা, বিধান বা ক্রিযাপদ্ধতিরও পূর্ণজ্ঞান হইতে পাবে না ; আমাদের সান্ত জ্ঞান, ধারণা ও আদর্শ নিজেদের দর্ক্কীর্ণ সীমার মধ্যে সত্য হইলেও তাহার। অপর্ণ এবং আপেক্ষিক। দেশ ও কালের মধ্যে যাহা খণ্ডিত ও বিভক্ত তাহার বিধান, অবিভক্ত এবং অথও সত্তা বা তাহার ক্রিয়ার উপর নিশ্চয়ই নিঃসন্দিগ্ধ-চিত্তে প্রযোগ করা নার না, কেবল যে দেশ কালাতীত অনন্তের উপর তাহ। প্রয়োগ করা চলে না তাহা নহে, অনন্ত দেশ বা খনন্ত কালের বেলায়ও প্রযুক্ত হইতে পারে না। আমাদের বহিশ্চর সত্তা যে নিবন ও পদ্ধতি মানিয়া চলিতে বাধ্য, আমাদেৰ সম্ভবে যাহা গোপনে সৰস্থিত আছে তাহাকেও তাহা মানিতে না হইতে পারে। উনযৌক্তিক বা যাহাতে বিচাবশক্তি ফুটে নাই (infrarational) এমন বস্তুকে লইয়া যুক্তি তর্কেব উণাব প্রতিষ্ঠিত আমাদের বৃদ্ধি বেশ বিপদগ্রস্ত হইয়৷ পড়ে; প্রাণ ঐনপে উন্নোক্তিক এক পদার্থ এবং <u>মামবা দেখিতে পাই যে মামাদেব তর্কবৃদ্ধি তাহাকে নশে মানিতে তাহাব উপর</u> চালায় জ্লুম, চাপায় কৃত্রিম নহাবেদনাদাযক বিধান ও ব্যবস্থা ; তাহাতে প্রাণ হইয়া শতে অসাত এবং সাড়েষ্ট অথবা নষ্ট, অথবা বদ্ধি আচার এবং সংস্কারের এমন কঠিন নিগড়ে তাহাকে বন্ধন করে যাহাতে প্রাণ পঙ্গু হয় ও তাহার সামর্থ্য কারারুদ্ধ হইয়া পড়ে। প্রাণ বিদ্রোহ করিয়া তাথান সকল চেষ্টা বিফল করিয়া দেয় এবং বৃদ্ধি তাহার উপর যে ব্যবস্থা চাপাইয়াছিল, তাহার ভিত্তির উপর যে ইমারত গড়িয়া তুলিতেছিল তাহা ক্ষয় করিয়া অথবা একেবারে চূর্ণ করিয়া দেয়। এক্ষেত্রে প্রয়োজন এক সংজ্ঞাত সংস্কার, একটা বোধি কিন্ত বুদ্ধির ভাণ্ডারে তাহা নাই, বোধি যদি তাহাকে সাহায্য করিতে নিজেই আসিয়া হাজির হয় বুদ্ধি সকল সময় তাহাব কখায় কান দেয় না ; কিন্তু যাহা বুদ্ধিব এলাকার উপরে অবস্থিত বা অপ্রতর্ক্য (supra-rational) তাহাকে বুঝা বা তাহাকে লইয়া চলা বুদ্ধির পক্ষে খাণও কষ্টকন; অপুতর্ক্যের জগৎ শাম্বারই জগৎ; তাহাব গতিবৃত্তিতে যে বিপুনতা, সৃক্ষাতা, গভীরতা এবং

#### দিব্য জীবন বার্তা

জটিলতা আছে বৃদ্ধি তাহাতে আপনাকে হারাইর। কেলে; এ রাজ্যে বোধি এবং অন্তরের অনুভব একমাত্র দিশারী, যদি আর কিছু থাকে তবে সে তাহা, বোধি যাহার একটা শাণিত প্রান্ত বা ধারা অথবা তাহা হইতে নির্গত এক জ্যোতির্দ্মর আলোকরশ্মি মাত্র; মন বৃদ্ধির অতীত সেই ঋতিচিৎ বা অতিমানস দিব্যদর্শন এবং দিব্য-প্রজ্ঞা হইতেই চরম এবং পবম জ্ঞানালোক আসিতে পারে।

তাহা বলিয়া অনন্তের সত্তা এবং ক্রিয়াকে আমরা সকল যুক্তিতর্করহিত একটা ইন্দ্রজাল বলিতে পারি না ; বরং বলিতে হয় যে অনম্ভের সকল ক্রিয়ার মধ্যে একটা মহত্তর ও বৃহত্তর যুক্তি আছে কিন্তু তাহ। মানগিক বা ৰুদ্ধিগত যুক্তি নহে, বলিতে পারি যে তাহা একটা আধ্যান্মিক এবং অতিমানস যুক্তি; তাহার মধ্যেও যুক্তি বা ন্যায়ের বিধান আছে, কেন না সেখানে নানা সম্বন্ধ দেখা যায় এবং তাহাবা অপ্রান্তভাবে ক্রিয়া সম্পাদন করে; আমাদেব কাছে যাহা ইক্রজান বনিয়া প্রতীত হয তাহা অনম্ভের দিব্য ন্যায়। ইহা বৃহত্তর ন্যায়, বৃহত্তব কারণ ইহার ক্রিযাধাব৷ অধিকতব বিশাল, সৃক্ষ্যু, বিচিত্র ও জটিল, এ ন্যায় অামাদেব পর্য্যবেক্ষণে যাহাদের সন্ধান পাই না এমন সমস্ত তথ্য সমগ্রভাবেই জানে, আমবা আবোহ এবং অববোহ (induction and deduction) ন্ধপ ন্যাযের বিধান দ্বাবা যাহাব পূর্বোভাসও পাই না, এ ন্যায় ঐ সমস্ত তথ্য হইতে তেমন সিদ্ধান্তে পৌঁছিতে পাবে ; কাবণ আমাদের অনুমান ও সিদ্ধান্তের ভিত্তি দূর্বেল বলিয়া তাহাব। ভ্রমান্ত্রক ও ভঙ্গুব। কোন ঘটনার পরিণাম এবং তাহার অতি স্থূল উপাদানসমূহ, পরিবেশ বা কারণেব আভাস দেখিয়াই আমরা তাহা বিচাব ও তাহার ব্যাখ্যা করি। \* কিন্তু প্রতি ঘটনার পশ্চাতে আছে বছ শক্তির জটিল ক্রিয়া. যাহা আমরা দেখিতে পাই না, দেখিবার শক্তিই আমাদের নাই, কেননা সকল শক্তিই আমাদেব কাছে অদৃণ্য--কিন্ত অনন্তের অধ্যাদ্ধ দৃষ্টিতে তাহার। অদৃশ্য নয়। এ সমস্তেব মধ্য হইতে কোন কোন শক্তি ক্রিয়াশীল হইয়া একটা নূতন কিছু স্ঠাষ্ট করে অধবা তাহার কারণ হইয়া দাঁডায়, আবার পূর্বে হইতে যে সমস্ত শক্তি বর্ত্তমান আছে তাহার পার্শ্বে কোন কোন শক্তি সম্ভাবনান্যপে বর্ত্তমান থাকিয়া একভাবে এই শক্তি-সমাহারের অন্তর্ভুক্ত হইয়াও থাকে; ইহা ছাড়া কোন নূতন সম্ভাবনা তাহার পঞ্জিয় প্রবেগ লইযা হঠাৎ আসিয়া এ শক্তিসমষ্টির মধ্যে প্রবিষ্ট এবং ইহাদের সঙ্গে যুক্ত হইতে পারে ; সকলের পশ্চাতে নিয়ন্ত৷ এক বা বছ শক্তি আছে এই সমন্ত সন্তাবন। বাহার আদেশ কার্য্যে পরিণত করিবার জন্য প্রয়াস

### ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

পাইতেছে; আবার একই শক্তিসংস্থান হইতে বিভিনু পরিণাম দেখা দেওয়া সম্ভব: একটা নির্দেশ নিশ্চয় পিছনে প্রস্তুত ছিল, অপেক্ষা করিতেছিল এবং তাহাই কি পরিণাম ঘটিবে স্থিব করিয়া দেয় কিন্তু মনে হয় সে যেন হঠাৎ আবির্ভূত হইয়া মধ্যে পড়িয়া সমস্ত পরিবর্ত্তন কবিয়া দিল, তাহা যেন গতিপথ নির্দ্ধারক এক দিব্য অনুজ্ঞা। আমাদের বৃদ্ধি এ সমস্তের কিছু ধরিতে পারে না, কেননা বুদ্ধি অবিদ্যারই যন্ত্র ও সাধন, তাহার দৃষ্টি সীমাবদ্ধ, তাহার ভাণ্ডারে শঞ্চিত জ্ঞানের পরিমাণ অতি অলপ, আবার যাহ। সঞ্চিত আছে তাহাও সবর্বদা খুব নিশ্চয়াম্বক এবং বিশ্বাসযোগ্য নতে ; তাহা ছাড়া প্রত্যক্ষভাবে জানিবার উপায়ও তাহাব কিছু নাই, এইখানেই বোধির সঙ্গে বুদ্ধির পার্থকা; অপরোক্ষ জ্ঞান হইতে বোধি জাত হয়, কিন্তু বৃদ্ধি জ্ঞানের একটা পরোক্ষ ক্রিয়া মাত্র। যে সমস্ত তথ্য সে সংগ্রহ করিয়াছে তাহার এবং অজ্ঞাতবস্তুর চিহ্ন এবং ইঙ্গিত দেখিয়া যাহা সে অনুমান করিতে পারে তাহার সাহায্যে অতিকষ্টে বৃদ্ধি এই পরোক্ষ জ্ঞান গড়িয়া তোলে। কিন্তু আমাদের বুদ্ধি ও ইন্সিয়ের কাছে যাহা স্পষ্ট বা প্রকাশিত নয়, অনম্ভ চেতনার কাছে তাহা স্বতঃপ্রকাশিত ; যদি অনন্তেব কোন ইচ্ছাশক্তি থাকে তবে তাহা এই পর্ণ জ্ঞানেই ক্রিয়া কবে, তাহাব মধ্যে যে স্বতঃপ্রকাশ বা আত্মজ্ঞান পর্ণ হইযা আছে তাহারই পূর্ণ স্বতঃস্ফুর্ত্ত-পরিণাম হইল এই ইচ্ছা। নিজে যাহা স্ষষ্টি বা প্রকাশ করিয়া তাহাতে বন্ধ, এমন এক ব্যাহত ও বাধাগ্রস্ত বিবর্ত্তনী শক্তি (evolutionary force) ইহা নহে; অথবা ইহা এমন এক ইচছাশক্তি নহে যাহা যদুচছার বশে মহাশুন্যের মাঝে কলপনার খেলামাত্র কবিতেছে; ইহা অনন্তেরই সত্যা, যে সত্য সাম্ভেব রূপায়ণসমূহের মধ্যে নিজেকেই প্রতিষ্ঠিত করিতেছে।

একথা খুবই স্পষ্ট যে আমাদের সঙ্কীর্ণ বৃদ্ধির যুক্তি এথবা আমাদের পরিচিত ক্রিয়াধারা কিম্বা আমাদের মধ্যে রূপায়িত ধারণাবলির সহিত সামঞ্জস্য রক্ষা করিয়া এই অনস্তচেতনা এবং ইচছা যে কাজ করিবে তাহার কোন হেতু নাই; সীমিত ও আংশিক কল্যাণ সাধনের জন্য আমাদের মধ্যে যে নৈতিক বিচারবৃদ্ধি গঠিত হইয়াছে তাহাব আদেশ পালন করিয়া চলিতে সে চেতনা ও ইচছা যে বাধ্য, ইহাও তো বলিতে পারি । আমাদেব বৃদ্ধি যাহাকে অযৌক্তিক এবং অনৈতিক বলে, সে তাহাও স্বীকার করিতে অথবা তেমন ঘটনা ঘটাইতে পারে; কারণ সমষ্টির চরম কল্যাণ বা বিশ্বগত কোন উদ্দেশ্য সাধনে তাহার প্রয়োজন

#### দিব্য জীবন বার্দ্তা

আছে; কোন বিশিষ্ট ঘটনাবলি বা পবিবেশ, উদ্দেশ্য বা কাম্যবস্তুর একদেশ দর্শন করিয়া আমরা যাহাকে অযৌক্তিক বা হেয় মনে করি তাহা হয়ত বিপুলতর এবং গভীরতর উদ্দেশ্য, সমগ্র তথ্য বা পূর্ণ পরিবেশ এবং প্রয়োজনেব দিক দিয়া দেখিলে যুক্তিসঙ্গত ও উপাদেয় বলিয়া বুঝা যাইবে। তর্কবৃদ্ধি তাহার আংশিক দর্শন হইতে কতকগুলি সিদ্ধান্ত রচনা করে এবং তাহাদিগকে জ্ঞান ও ক্রিয়ার সাধারণ বিধান বলিয়া গ্রহণ কবিতে চেষ্টা কবে এবং যাহা তাহাদিগের সহিত মিলিতে চায় না তাহাদিগকে কোন মানসিক কৌশলে সেই বিধানের সঙ্গে সঙ্গত কবিতে প্রয়াস পায় অথবা তাহাদিগকে একেবারেই ছাঁটিয়া ফেলিয়া দেয়; কিন্তু অনন্তচেতনাৰ একপ কোন বিধান ধাকিবে না,—তৎপরিবর্ত্তে তথায় থাকিবে স্বরূপগত ব্যাপক সতাসমূহের লীলা, যাহার শাসনে সিদ্ধান্ত ও পরিণান আপনা হইতেই ফুটিয়া উঠে ; সমগ্র পরিবেশ যপন বিভিনু হইয়া পড়ে, তখন সেই সমস্ত সত্যও তদনুসারে বিভিনু হয কিন্তু স্বতঃস্কুর্ত্ত ভাবে, তাহাদেব এই নুমনীয়তা বা সাবলীলতা এবং এবস্থার উপযোগী ব্যবস্থা করিবাৰ এই স্বাধীন ক্ষমতা আছে, তাই সঙ্কীণ চিত্তবৃত্তিৰ কাছে মনে হয় যে তাহাদের কোন মান (standard) বা বিধান নাই। তেমনি সীমিত সন্তার মান বা বিধান দিয়া আমবা অনম্ভ সত্তাব তত্ত্ব এবং তাহার ক্রিযাপদ্ধতি বিচাব করিতে পারি না—কারণ সান্তেন পক্ষে যাহা অসম্ভব তাহা ভূমার মধ্যে সতা-স্বরূপের প্রকাশেন মুক্তচনে স্বাভাবিক এবং স্বতঃসিদ্ধ সহজ অবস্থা ও উদ্দেশ্য রূপে থাকিতে পালে। যাহা ভগ্নাংশসমূহকে ক্রমে যোগ করিয়া পূর্ণসংখ্যা গড়িতে চায় আমাদেব মেই খণ্ডিত মানসচৈতন্যের এবং যাহাতে পূর্ণ সত্য দৃষ্টি ও জ্ঞান আছে সেই অনত্ত ও পূর্ণ চেতনার মধ্যে তফাং এইখানেই। অবশ্য যতক্ষণ যুক্তিকেই আমাদেব প্রধান সম্বল ও আশ্রয়রূপে ব্যবহাব করিতে আমরা বাধ্য, ততক্ষণ বুদ্ধিকে একেবাবে বিসর্জন দিয়া অপুষ্ট বা অর্দ্ধস্ফুট বোধির আশ্রয় নেওয়া বস্তুতঃ আমাদের পক্ষে সম্ভব নয় : তাহা হইলেও. অনন্ত এবং তাহার সতা এবং ক্রিয়াব কথা যখন বিবেচনা করিতে বসিয়াছি তখন আমাদের বৃদ্ধির মধ্যে পূর্ণভাবে নমনীয়তা এবং সাবলীলতাকে লইয়া আসা এবং যাহাদের কথা আননা বিচার কবিবার চেষ্টা করিতেছি সেই বৃহত্তর অবস্থা ও সম্ভাবনাসমূহেব সম্বন্ধে সচেতন হইবার জন্য নিজেকে সেই চেতনার কাছে খলিয়া ধরিবার চেষ্টা আমাদের অবশ্য কর্ত্তব্য। বাহারা নিজে সীমাবদ্ধ, ্র এবং সীমিত কবাই যাহাদের স্বভাব আমাদের সেই সমস্ত সিদ্ধান্ত যাহ। অন্সের ও

### ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

অসীম তাহার উপর আরোপ করা যায় না। আমবা যদি কেবল একটা বিভাবেই অভিনিবিষ্ট হইয়া সেই বিভাবকে সমগ্র বলিয়া মনে করি, তবে অন্ধ্রগণ ও হন্তী সম্বন্ধে যে গল্প প্রচলিত আচে, তাহাবই দৃষ্টান্তম্বন্ধপ হইয়া পড়িব ; ঐ অন্ধগণের প্রত্যেকে হস্তীটির বিভিন্ন অঙ্গ স্পর্শ করিয়াছিল এবং তারপর সিদ্ধান্ত করিয়াছিল যে সমগ্র জন্তুনৈ তাহান দ্বানা স্পষ্ট প্রক্ষের অনন্ধপ কোন বন্ধ। অনন্তের যে-কোন বিভাবের অনুভবকে গত্য বা প্রামাণিক বলিব ; কিন্তু তাহাতে এ সিদ্ধান্ত কৰা চলে না যে অনন্ত কেবল তাহাই, আবার সেই অনুভূত বিভাবের দৃষ্টি লইষা অনম্ভেন বাকীটাকে দেখা এবং আধ্যান্থিক অনুভূতির অন্য যকল দৃষ্টিভঙ্গীকে বাদ দেওয়া কোন ক্রমেই নিরাপদ নহে। অনন্ত যুগপৎ এক স্বৰূপসত্য, শীমাহীন সমগ্ৰতা, আবাব একটা বহুৰ; অনম্বকে সত্যভাবে জানিতে হইলে এ সমস্তকে জানিতে হইবে। শুধু অংশগুলিকে বা ব্যাষ্ট্ৰদমূহকে দেখা, সমগ্র বা সমষ্টিকে একেবাবে না দেখা অথবা সমগ্রকে অংশগুলির যোগফলরূপে শুধ দেখা এক জ্ঞান বা বিদ্যা বটে কিম্ম সেই সঙ্গে বলিতে হইবে যে তাহা অজ্ঞান বা অবিদ্যাও বটে, আবাব শুধ সমগ্রতা বা সমষ্টিকে দেখা এবং সংশগুলির উপর একেবারে দৃষ্টি না দেওয়াও হইবে যেমন বিদ্যা তেমনি অবিদা। ; কেননা অংশেব মধ্যে যদি বিশ্বাতীতেব আবেশ আসিয়া পড়ে তবে তাহা সমষ্টি হইতে বৃহত্তর হইতে পাবে; আমাদিগকে সোজাস্তজি বিশ্বাতীতের দিকে নইয়া যায় বলিয়া শুধু যদি স্বরূপয়ত্যের দিকে দুটি রা এবং সমষ্টি ও ব্যাষ্ট্রসকলকে একেবারে বাদ দিয়া বসি তবে সে জ্ঞান হইবে পূর্ণ-জ্ঞানেব ঠিক-"উপধা" বা "তটম্ব" জ্ঞান (penultimate knowledge); কাবণ তাহাতেও আছে একটা বড় অনিদা। পূর্ণ একটা জ্ঞান নিশ্চযই আছে, আমাদের বৃদ্ধিকে এমন নমনীয় ও সাবলীল চইতে হইবে যাহাতে সে সত্যের সকল দিক সকল বিভাব দেখিতে পায়, এবং সেই সমস্তেব ভিতৰ দিয়া বৃদ্ধিকে তাহাকেই খুঁজিতে হইবে যাহার মধ্যে ইহারা সকলে প্রন্ম এ**কথে** भिनित इट्टेंग यांग ।

তাহা হইলে আমরা ইহাও দেখিতে পাই যে যদি আমরা বুদ্রেব নির্ণিবকলপ আত্মস্বরূপ মাত্র দর্শন করিতে চাই তবে আমবা তাহাব নিঃশব্দ নিজ্ঞিয় অচল স্থিতিতে সমাহিত হইতে প্রারী—কিন্তু তাহাতে অনম্বের সম্থৃতির সক্রিয় সত্যকে আমরা হারাইয়া বসিব : আবাব আমরা যদি তাহাকে শুধু ঈশুর রূপে দেখি তবে তাহার শাশুত স্বরূপস্থিতি এবং অন্তহীন নৈঃশব্দ্যের অনুভূতি হইতে বঞ্চিত

#### দিবা জীবন বার্ডা

হইব, আমরা সক্রিয় ও গতিশীল সত্তা, সক্রিয় ও গতিশীল চৈতন্য এবং সক্রিয় ও গতিশীল আনন্দের লীলার উচ্ছলতা অনভব করিব বটে কিন্তু নিব্বিকল্প ও নিরঞ্জনের শুদ্ধ সন্তা, শুদ্ধ চৈতন্য এবং শুদ্ধ আনন্দের পরিচয় পাইব না। আমরা যদি কেবল তাহার পুরুষ প্রকৃতি বিভাবেই অভিনিবিষ্ট হই তবে আমাদের দৃষ্টিতে অস্তরাম্বা এবং বহিঃপুকৃতির, চিৎ এবং জড়ের হৈতবোধই ভাসিয়া উঠিবে কিন্ত যেখানে তাহার। এক তাহা দেখিতে পাইব না। গলেপ আছে এক শিঘা নিজেকে বুদ্ধ মনে করিয়া সঙ্কীর্ণ পথে চলিবাব সময় এক হাতীর মাছত তাহাকে পথ হইতে সরিয়া যাইবাব জন্য অনুরোধ কবিয়াছিল, সে অনুরোধ পালন না করাতে হাতী ভঁড দিয়া তাহাকে তুলিয়া লইয়া দূরে নিক্ষেপ করিয়াছিল। দিশাহাব। শিষ্যকে তথন গুৰু বলিলেন ''তুমি বুদ্ধ বটে কিন্তু মাছত বুদ্ধ যখন হাতী ব্ৰদ্ধের পথ হইতে তোমাকে সরিয়। যাইতে বলিয়াছিল তথন তাহার কথা গুনিলে না কেন ?" অনন্তের প্রসঞ্চ বিবেচনা করিবার সময় এই শিঘ্যের মত ভুল যেন আমরা না করিয়া বসি। অনন্তেব অন্য সকল দিক ও বিভাব বাদ দিয়া 🖦 তাহাব সত্যের একটা দিক মাত্র দেখিবাব এবং সেই দিক হইতে বিচার ও ক্রিয়া-পদ্ধতি স্থির কবিবাব ভূল যেন আমর। না করি। আমি বুদ্র 'সহং বুদ্রাসিম' এ অনুভূতি সতা সন্দেহ নাই, যদি আমরা সেই সঙ্গে, এই যাহা কিছু আছে সে সবও বুদ্ধ 'সর্ব্বং খল্পিদং বুদ্ধ' এ অনুভতি লাভ না কৰি তবে আমনা আমাদেৰ লব্ধ অনুভবকে ভিত্তি করিয়া নিবাপদে বা খাঁটি পথে অগ্রসব হইতে পারিব না ; আমাদের আন্ধ-সন্তিত্ব আছে এ বোধ সত্য ; কিন্ক সেই সঙ্গে অপর সকলের আদ্বাও আছে ইহাও সতা। বস্তুতঃ সকলেব মধ্যে যে এক আদ্বা আছে এবং আমার আদ্বা এবং অপর সকল আদ্বাকে অতিক্রম করিয়া যে সংস্বরূপ প্রমাদ্বা আছেন, তাহাও আমাকে জানিতে হুইবে। যিনি অনস্ত তিনি বহু হুইয়াও এক, কেবলমাত্র এক পরা বৃদ্ধি দিয়া তাহার ক্রিয়াধারা বুঝা যায় : সে বুদ্ধি गकनरक रमर्थ, এक अर्जन रहजना नरेग्ना कांक करत जेनः रजरमत मर्र्योठ অভেদ দর্শন করে অথচ নিজস্ব ভেদকে যথাযোগ্য মর্য্যাদা দেয়, তাইত দেখিতে পাই যে প্রত্যেক বস্তুর নিজের মৌলিক সন্তার একটা মৃত্তি এবং ক্রিয়াশীল পুকৃতির একটা রূপ, স্বভাব ও স্বধর্ম আছে, এবং সমষ্টিব ক্রিয়া বা লীলাতে সকলেরই যথাযোগ্য স্থান বক্ষিত হয়। অনন্তের জ্ঞান ও ক্রিয়াতে আছে অন্তহীন বৈচিত্রোর মধ্যে একের লীলা ; অনন্তের সন্তোর দিক হইতে চাহিয়া দেখিলে বুঝা যাইবে যে, সকল ঘটনার মধ্যে এক বৈচিত্রাহীন একম্ব দেখিতে

### বন্ধ, পুরুষ, ঈশর—মায়া, প্রকৃতি, শক্তি

চাওয়া যেমন ভুল, পশ্চাতে অবস্থিত সামঞ্জসা এবং একছবিধায়ক সত্যকে না দেখিয়া বহুছের ক্রিয়াকে বিচিছ্ন বহু বলিয়া দেখাও তেমনি ভুল। বৃহত্তর সত্যের এই তথকে যদি আমরা আমাদের আচরণ ও ব্যবহারে ফুটাইয়া তুলিতে চাই, তাহা হইলে শুধু নিজের আদার অথবা শুধু অপর সকলের আদার উপর ঝোঁক দেওয়া দুইই হইবে সমান ভুল; যিনি সকলের আদালক 'সর্বভূতাদ্বভূতাদ্বা' বলা হয় তাহার উপরই আমাদের সকল ক্রিয়ার একছকে এবং পূর্ণ ও অনস্তরূপে নমনীয় বা সাবলীল অথচ স্থসমঞ্জস ক্রেয়ার বহুছক্র স্থাপিত করিতে হইবে; কারণ অনস্তের ক্রিযাপদ্বতির প্রকৃতিই এইরূপ।

অনস্তের ন্যায়ের অনুগত করিয়া যদি আমরা অধিকতরভাবে সাবলীল বৃহত্তর শুদ্ধ বৃদ্ধির দ্বাবা দেখি তাহা হইলে দেখিতে পাইব যে নিত্য এবং সর্ব্ব-গত সত্যকে আমাদের প্রাকৃত বুদ্ধি দিয়া দেখিতে গিয়া যে সমস্ত বাধা ও বিরোধের সন্মুখীন হইয়াছিলাম তাহা সমস্তই আমাদের বাক্য ও ধারণা-জনিত, প্রকৃত বাধা বা বিরোধ কিছু নাই। আমাদের বৃদ্ধি সেই নিত্যবন্ধর ধারণার দিকে যখন দৃষ্টিপাত করে তখন মনে করিতে বাধ্য হয় যে তাহ। অনির্দেয় এবং অনির্বোচ্য অথচ তখনই আবার দেখিতে পায় যে অন্তহীন বিশেষের এক জগৎ সেই অনির্দেশ্য নিত্যবস্তু হইতে বাহির হইতেছে এবং তাহার মধ্যে বর্ত্তমান আছে : কেননা অন্য কোপাও হইতে তাহাবা আসিতে পারে না, অন্য কোথাও বর্ত্তমান থাকিতেও পারে না ; এই সমস্ত বিশেষ সেই অনির্ণেয় নিত্য বন্ধ ছাড়া অন্য কিছু নয় এই কথা বলিলে বৃদ্ধি তাহাতে বিশেষ আপত্তি করিতে পারে না বটে, কিন্তু সে আরও বিহবল হইয়া পড়ে; কিন্তু বিরোধ মিটিয়া যায় যদি বৃঝি এই অনির্ণেযতা প্রকৃত অর্থে খাঁটি নেতি বা সর্বনিষেধ নয়, অনস্তের উপর অসামর্ধ্যের আরোপ নয়, কিন্তু তাহ। ইতি বা ভাববাচক কিছু—সে ইতি নিজের বিশেষ বা উপাধি দ্বারা সীমিত না হওয়ার স্বাভাবিক স্বাধীনতা এবং আপন হইতে পৃথক কোন সত্তা শ্বারাও সীমিত না হওয়ার স্বাধীনতা—যদিও প্রকৃতপক্ষে তেমন অনাম্ব বস্তুর অন্তিম্ব বা উদ্ভবের কোন সত্য সম্ভাবনাই নাই। অনন্তেব স্বাধীনতার শীমা নাই তাহার নিজেকে অন্তহীন বিশেষরূপে প্রকাশ করিবার স্বাধীনতা আছে, আবার নিজস্টির প্রতিকৃল কোনও প্রভাবও তাহার স্বাধীনতাকে বিন্দুমাত্র খর্ন্ব করিতে পারে না। বস্তুতঃ অনন্ত কিছু স্বষ্টি (বা যাহা তাহাতে নাই তাহার প্রকাশ) করে না, যাহা তাহার নিজের মধ্যে তাহার স্বরূপসত্যের মধ্যে আছে তাহাই প্রকাশ করে : ইহ। নিজে সকল

#### দিবা জীবন বার্তা

সত্যের স্বরূপসত্য : এবং সকল সত্যই সেই এক পরমসত্যের **শক্তি বা** বিভূতি। স্বষ্টি শব্দে যদি নির্মাণ বা যাহা ছিল না তাহা প্রস্তুত **করা এই** প্রচলিত অর্থ বুঝি, তবে নিত্যবন্ত শ্রুষ্টাও নয় ও স্মষ্টও নয়। যাহা পূর্বে হইতে বস্তুর মূল সন্তারূপে স্বরূপস্থিতিতে বর্ত্তমান আছে, সেই সন্তার গতি ও রূপের মধ্যে তাহা সম্ভূতিতে পরিণতিকে স্বষ্টি বলিয়া অভিহিত করা হয়। অখচ অভাব বা নেতিপ্র ত্যয়েব দিক হইতে নয়, ইতিপ্রত্য<mark>য়ের বা ভাবের দিক</mark> হইতেই একটা বিশেষ অর্থে আমবা ব্রহ্মের অনির্ণেয়তার উপর জোর দিব, তাহাতে এই নিব্বিশেষ অনিব্বাচ্যতা আছে বলিয়াই তাহার অনন্ত আন্ধবিভাবনার স্বাধীন শক্তি আছে, কারণ ইহা না থাকিলে ব্যাত্তৰ একটা নিদিষ্ট শাশুত সবিশেষ ভাবে পরিণত হইত অথবা তাহা এমন এক অবিশেষ অবস্থা হইত যাহা তাহার অন্তনিহিত কতকগুলি নিদ্দিষ্ট বিশেষেব সম্ভাবনার সমষ্টিতে গুধু বাঁধা থাকিত। ব্রদ্ধ সকল সীমা হইতে যে মুক্ত, নিজের স্ঠাষ্টিব বাঁধনেও যে বাঁধা নয় তাহার এই স্বাতস্ত্রাকে একটা সীমাব বাঁধন, একটা আত্যম্ভিক অসামর্থ্যতা অথবা তাহার শাশ্ববিভাবের সকল স্বাধীনতার সম্বীকৃতি বলা যায় না : বরং তিনি অনন্ত অসীম তাহাকে নেতিবাচক বিশেষণ দ্বারা সীমিত করিবার চেষ্টাই হইবে স্ববিবোধ দোঘদুই। নিত্যবস্তুর প্রকৃতির মর্ন্মগত্যেব দুটি দিক আছে— একটি তার নিজ্ঞিয় স্বরূপস্থিতি অপরটি সক্রিয় আম্মবিস্টে বা আম্বরূপায়ণ, এ দুইয়ের মধ্যে সত্যই কোন বিবোধ নাই ; কেবল এক নিত্য বা শুদ্ধ অনস্ত বীজরূপী স্বরূপসত্তাই আপনাকে নীলায় অনন্তরূপে অনন্তভাবে রূপায়িত করিয়া তুলিতে পাবে, এ দূএব মধ্যে পরস্পরের কোন প্রতিষেধ বা কোন অসামঞ্জন্য নাই-এ দই ভাব প্ৰস্ণাবের পরিপ্রক ; একথা অবশ্য স্বীকার্য্য যে প্রম অন্বয় এক তত্ত্ব আছে, তাহাকেই মানুষের বৃদ্ধি মানুষের ভাষায় নিত্য আর লীলা এই দৃই নাম দিযাছে।

যদি আমরা সরল ও সথার্থ দৃষ্টি দিয়া সত্য বা তন্ধকে দেখি তবে সর্বত্তব একই সমনুষ ও সামঞ্জস্য আছে দেখিতে পাইব। আমাদের অভিজ্ঞতার এক প্রান্থে যেমন দেখিতে পাই যে এক অনন্দ স্বরূপসত্য রহিয়াছে যাহাকে কোন ধর্ম, কোন গুণ, কোন লক্ষণ দিয়া কোন সীমার মধ্যে বাঁধা যায় না, তেমনি অন্যপ্রান্থে দেখিতে পাই দেই অনন্তই অগণিত গুণ, ধর্ম এবং লক্ষণে উচ্ছুসিত হইয়া উঠিতেছে। এখানেও এ দুইটি প্রত্যায়েব মধ্যে তাহার পরম স্বাতস্ত্রাই অন্তিরূপে (positive) ব্যক্ত হইতেছে; অনন্তি, অভাব, নেতি বা

## ব্ৰহ্ম, পুৰুষ, ঈশ্বর—মায়া, প্ৰকৃতি, শক্তি

প্রতিষেধরূপে নয়। ইহাতে আমরা যাহা দেখিতেছি তাহা প্রতিষিদ্ধ বা তাহা নাই ইহা প্রতিপনু করিতেছে না বরং অন্যপক্ষে ইহা না থাকিলে যাহা দেখিতেছি তাহাব সন্তিম্বই সম্ভব হইত না। ইহার জন্যই গুণ এবং বৈশিষ্ট্যের মধ্যে স্বাধীনভাবে অনম্ভ আত্মপ্রকাশ সম্ভব হুইতেছে। চিৎসন্তার এক বিশিষ্ট শক্তির প্রকৃতির নাম গুণ, অথবা আমরা বলিতে পারি যে সন্তার চৈতন্য তাহার নিজের মধ্যে যাহা আছে তাহা পুকাশ কবিতে গিয়া যে বিশিষ্টশক্তি বাহির করিয়া আনে তাহাকে যেন পরিচিত কবিবার জন্য সেই শক্তির অন্যানী যে একটা ঢাপ তাখাতে দিয়া দেয়, তাহাকেই আমরা গুণ বা চবিত্র বলি। আমার সাহস গুণরূপে তেমনিভাবে আমার সন্তাব এক শক্তি: আমার চেত্রনার একটা বিশেষ প্রকৃতি সামার সন্তার এক শক্তিরূপে এখানে প্রকাশিত বা রূপায়িত হইয়াছে, ক্রিয়ার মধ্যে আমার প্রকৃতিব এক প্রকার বিশেষ শক্তিকে স্বষ্ট কবিয়াছে বা ভিতৰ হইতে বাহির কবিয়া আনিয়াছে। তেমনি ঔষধেব রোগ আবোগ্য করিবাব শক্তি তাহাব এক গুণ, যে খনিজ বা বনজ উপাদান দিয়া ঔষধ প্রস্তুত হইয়াছে তাহাব মধ্যে স্বাভাবিকভাবে সন্তার এক বিশেষ ণক্তি বর্ত্তমান আছে, এই বিশেষত্ব সেই উদ্ভিদ বা খনিজ পদার্থের মধ্যে গোপন-ভাবে স্থিত সংবৃত চৈতন্যের মধ্যস্থিত ঋতচিৎ বা সম্ভূত বিজ্ঞানের দ্বাবা নিরূপিত হইযাছে; প্রকাশের মূলে যে ভাব নিগৃচ ছিল বিজ্ঞান তাহাকে বাহিরে ক্টাইয়া ভুলিয়াছে, তাহাই এইভাবে বীৰ্য্যবন্ত হইয়া এখন তাহার সন্তার শুক্তিরূপে বাহিবে প্রকাশ পাইতেছে। বস্তুর সকল ধর্ম, সকল গুণ এবং সকল লক্ষ্ণ সচেতন সন্তার এইন্দপ নানা শক্তি : নিতাবস্থ আপনার মধ্য হইতে তাহাদিগকে এইভাবে বাহিৰে প্রকাশ করিয়াছেন। তাহার মধ্যে সব কিছু আছে. সব কিছকে সৃষ্টি\* করিবার বা আপনাব মধ্য হইতে প্রকাশ কবিবার স্বাধীন শক্তিও তাহার আছে : তবও নিত্যবস্তুকে আমবা সাহসরূপ গুণ বা আরোগ্য করিবার শক্তিমারা বিশেষিত করিতে পাবি না, এমন কি একথাও বলিতে পারি না এই সমস্ত তাহার বিশেষ লক্ষণ : গুণাবলির সমষ্টিকেও বলিতে পারি না যে ''ইহাই সেই নিতাবন্তু''। অন্যদিকে সাবার একথাও বলা চলে না যে নিত্যবস্তু এক মহাশূন্য এই সমস্ত পদার্থ প্রকাশ কবিয়ার সামর্থ্য তাহার

স্প্রী শব্দের ধাতুগত অর্থপ্ত তাই—ক্ষু ধাতুতে বাহা আধারের মধ্যে অন্তর্গু হইরা
আছে তাহাকে মৃক্ত করা বা প্রকাশিত করা বুঝার।

#### দিব্য জীবন বার্তা

নাই। পকান্তরে তাহার মধ্যে সকল সামর্থ্যই বর্ত্তমান; সকল গুণ ও ধর্ম্মের শক্তি তাহাতেই অধিষ্ঠিত। মনকে বলিতে হয়—''যাহা সব দেখিতেছি নিত্যবস্তু বা অনন্ত তাহাদের কিছুই নয়, এ সমস্ত বস্তু সে নিত্যবস্তু নয়'' আবার সঙ্গে সঙ্গে তাহাকে বলিতে হয় ''এই সব কিছু বুদ্রা, তাহাকে তৎ বলা হয়, এ সমস্ত তাহ। ভিনু কিছু নহে কারণ সেই তৎ একমাত্র সৎ এবং সর্ব্ব-সৎ।" এ দই উক্তিকে একান্ত বিরোধী মনে করিয়া মন ধাঁধায় পড়িয়া যায়। এখানে শ্বষ্ট ভাবনা বা ধারণার এবং ভাষায় ভাবপ্রকাশের অস**ক্ষ**ত সীমা ও স**ক্ষো**চ রাখা হয় বলিয়াই এ ধাঁধার স্বাষ্ট কিন্তু এ দূএর মধ্যে সত্য বিরোধ কিছু নাই ; কারণ বুদ্রাই সাহস বা নোগাবোগ্যেব শক্তি অথবা সাহস এবং রোগারোগ্যের শক্তিই বদ্ধ ইহা বাতুলের উক্তি সন্দেহ নাই,—পক্ষান্তরে সাহস বা আরোগ্য করিবার শক্তিকে নিজেরই আন্ধর্মপায়ণের ভঙ্গিরূপে প্রকাশ করিবার সামর্থ্য বুদ্দের নাই এ উক্তিও সমানভাবেই বাতুলেব উক্তি বলিয়া গ্রাহ্য হইতে পারে সাস্তের ন্যায় (logic of the finite) যখন পথ দেখাইতে পারে না তখন ইহার পশ্চাতে অবস্থিত অনন্তের ন্যায়ে (logic of the infinte) কি আছে তাহা আমাদিগকে সরল, প্রত্যক্ষ এবং মুক্ত দৃষ্টি ষারা দেখিতে হইবে। তখন আমরা অনুভব করিব যে যিনি অনম্ভ তিনি গুণে, ধর্ম্মে, শক্তিতে সর্বভাবেই অনন্ত, কিন্তু গুণ ধর্ম্ম ও শক্তির কোন সমাহার বা সমষ্টি দিয়া সে অনুষ্ঠের বর্ণনা দেওয়া অসম্ভব।

আমরা দেখি, চরম সত্য, আদ্বা, ঈশ্বর, চিৎপরুষ, সৎ বা সত্তা যাহাই তাহাকে বলি না কেন তাহা এক ; বিশ্বাতীত ও বিশ্বাদ্বা রূপেও তাহা এক ; আবার আমাদের ইহাও চোখে পড়ে যে বহু সত্তা আছে, প্রত্যেকের মধ্যে আছে আদ্বা বা চিৎসত্তা—আছে তিনু অথচ অনুরূপ এক প্রকৃতি। যেহেতু চিৎসত্তা এবং সর্বেবস্তব মূল স্বরূপ এক, আমাদিগকে বাধ্য হইয়া মানিতে হয় যে এই সমস্ত স্বরূপতঃ সেই এক ; অতএব সেই একই বহু বা বহু হইয়াছে ; কিন্তু তবু পুশু হয় যাহা সদীম এবং আপেক্ষিক বা সবিশেষ তাহা কি করিয়া হইবে অথও নির্বিশেষ চরম তন্ধ ? মানুষ বা পশু বা পক্ষী কি করিয়া হইবে দিব্যুক্ষ ? কিন্তু এই আপাতবিরোধের কলপনায় মনের দুইটি ল্লান্তি আছে। বুদ্রের একহকে মন বিচার করে গণিতের 'এক' নামক সংখ্যা দ্বারা, সে এক শীমিত একটি একক (unit), নিজের একাকীন্বের মধ্যে সীমাবদ্ধ, হিসাবে সে দুইএর চেয়ে ছোট, তাই তাহাকে দুই করিতে হইলে হয় ভাগ বা খণ্ড করিতে

## বন্দা, পুরুষ, ঈশর — মায়া, প্রকৃতি, শক্তি

হয় নতুবা বোগ বা গুণ করিতে হয়; কিন্ত ব্রদ্রের একন্ব তাহা নহে, ইহা এক অনম্ভ একম্ব, ইহা সেই মূল অনম্ভ একম্ব যাহার মধ্যে শত সহস্র লক্ষ, কোটি, পরার্দ্ধও থাকিতে পারে। জ্যোতিঘের গণনায় যে বিপুল সংখ্যার আমরা সাক্ষাৎ পাই অথবা তদপেকা বৃহৎ সংখ্যা কলপনা করিয়া যদি তাহাদিগকে ন্তুপীকৃত এবং গুণিত করি তবে তাহাও সে একম্বকে পার হইয়া বা অতিক্রম করিয়া যাইতে পারে না ; কেননা উপনিষদের ভাষায় বলা হইয়াছে 'ব্রু চলেন না অথচ তাহাকে অনুসরণ করিবার বা ধবিবার জন্য যতদূবই ছুটিয়া যাও সর্বেদা দেখিবে তিনি আছেন তোমার অনেক আগে'। তাঁহার সম্বন্ধে এই কথা বলা চলে যে অন্তহীন বহু হওয়ার সামর্থ্য যদি তাঁহার না থাকিত তাহা হইলে তিনি অনন্ত এক হইতে পারিতেন না ; কিন্তু তাহার অর্থ এই নয় যে, এক সংখ্যায় বিভক্ত বহু হইয়াছেন কিম্বা অর্থ ইহাও নয় যে সে একম্বকে বহুর সমষ্টি বলিয়া বণিত বা সীমিত করা হইয়াছে ; ইহা এক হইয়াও অনন্ত বহু হইতে পারে কেননা বছম্ব কিম্বা সাস্ত একম্বের ধারণা বা কলপনা এ উভযের কোনটা দিয়াই তাঁহাকে সীমিত বিশেষিত বা পরিচিত করা যায় না—এ উভয়কে অতিক্রম করিয়া তাহা বর্ত্তমান আছে। সংখ্যায় বছম্ব একটা প্রাপ্তি যেহেত যদিও অধ্যাম্ম ক্ষেত্রে বহুর আছে, বহু আম্মা বা বহু পুক্ষ আছে কিন্তু সে বহুপরুষের মধ্যে একে অন্যনিরপেক হইয়া বর্ত্তমান নাই তাহারা পরম্পরাশ্রিত বা তাহাদের একের মধ্যে আছে অন্যের অনুপ্রবেশ; বহুত্বের যোগফলকে এমন কি বিশু-সমষ্টিকে এ একম্ব বলা চলে না। বহু এ অম্বয় তত্ত্বের আশ্রিত এবং তাহারই সতায় তাহার। সত্তাবান; তখাপি বছম অবাস্তব নহে, বছ বাটির মধ্যে বছ জীবাদ্ধার মধ্যে সেই একই আদ্ধ। বাস করিতেছে, একের মধ্যে তাহাবা নিত্য বর্ত্তমান আছে এবং তাহাদের শাশুত ভাবের বা স্থিতির মূলে আছে শাশুত এক বা অম্বয়ের অধিষ্ঠান। প্রাকৃত বুদ্ধি সাম্ভ এবং অনম্ভের মধ্যে এক বিরোধ স্ষষ্টি করে এবং সাম্ভের সঙ্গে বছত্ব এবং অনন্তের সঙ্গে একত্বকে যুক্ত করে. কিন্তু অনন্তের ন্যায়ে সেরূপ কোন বিরোধ নাই, এইজন্য একের মধ্যে বছর নিতাম্বিতি পূর্ণরূপে স্বাভাবিক এবং সম্ভব।

আবার দেখি ব্রদ্ধের শুদ্ধ স্বরূপস্থিতিতে এক অবিচল নৈঃশব্দ্য রহিয়াছে; সঙ্গে সঙ্গে ইহাও দেখি যে সে অনস্তে আছে এক সীমাহীন গতি, এক অমেয় শক্তি, যাহার মধ্যে সব কিছু বর্ত্তমান আছে এমন এক চিন্ময় আদ্ধ্রপুসারণ। এই দুই ভাবের অনুভূতি বাঁটি সত্যেরই অনভূতি কিন্তু আমাদের প্রাকৃত ধাবণ।

#### দিবা জীবন বার্ছা

এই নি:শব্দ স্বৰূপ স্থিতি এবং এই সম্ভূতি বা গতির মধ্যে একটা কৃত্রিম বিরোধ আরোপ করে কিন্তু অনন্তের ন্যায়ে এরূপ কোন বিরোধ নাই। একমাত্র নীরব স্বরূপে অচলভাবে স্থিত অনন্ত শুধু আছে তাহার মধ্যে অনন্ত শক্তি গতি এবং বীর্য্য নাই-একথা ব্রহ্মদর্শনের শুধু একটা বিভাবের অনুভৃতিরূপে ভিনু माना याग्र ना ; गंक्रिटीन वीर्यग्रहीन वुद्धात कथा ভाবा वा कल्पना कता যায়না ; অনম্ভের তপোবিভূতিতে থাকিবে অনস্তবীর্য্য, নিত্যবস্তুর প্রতাপের মধ্যে থাকিবে সর্বেশক্তি, চিৎস্বরূপেব প্রভাবের মধ্যে থাকিবে এক অমেয় সংবেগ। কিন্তু স্বরূপস্থিতির নৈঃশব্দ্য হইবে তাহার সকল গতি ও ক্রিয়ার ভিত্তি। অনন্ত নিশ্চলতাই অনন্ত সচলতার জন্য প্রয়োজনীয় অনস্থা, ক্ষেত্র, এমন কি মর্ম্ম সত্য় : এক নিশ্চল ও অচঞ্চল সত্তাতে অবস্থিত না হইলে সতার শক্তির ক্রিয়াই যে অসম্ভব হইয়া পড়ে। এই নিঃশব্দ, নিশ্চল স্বন্ধপস্থিতিতে যথন আমবা কতকাংশে পৌঁছিতে পাবি তখন তাহার উপর এমন এক শক্তি ও বীর্য্যকে প্রতিষ্ঠিত করিতে পারি যাহা আমাদের বহি•চর চঞ্চল মানগিক অবস্থায় আমর। কলপনাও করিতে পারি না। বন্ধের স্থিতি এবং গতির মধ্যে বিরোধ আমরা আমাদের মানসিক ধারণা এবং সংস্কারবশেই রচনা করি; প্রকৃতপক্ষে ইহারা পবস্পরের পনিপূরক এবং এ দুটকে কখনও পৃথক করা যায় না। অক্ষর নীরব চিৎপুক্ষ তাহার অনন্ত শক্তিকে নিজের মধ্যে শান্ত, নিশ্চল এবং সমাহিত করিয়া রাখিতে পারেন, কেননা তিনি তাঁহার শক্তিদম্হ দাবা বদ্ধ তাহাদের অধীন বা তাহাদেব যন্ত্র নহেন, কিন্তু তিনিই সকল শক্তির অধিকারী, তাহাদিগকে মুক্ত ও প্রকাশিত করিতে পারেন. তাহাদের দ্বারা শাশুতভাবে অনস্ত ক্রিয়া সম্পাদন করিতে তিনি সমর্থ, তাহাতে ক্লান্তি নাই এবং তাহার বিবতি বা বিশ্রামের প্রয়োজন নাই, তথাপি তাঁহার এই সকল গতি ও ক্রিয়ার মধ্যেও সর্বেদা তাঁহার নীরব নিশ্চলতা অনুসাত হইয়া রহিয়াছে এবং এই সমস্ত গতি ও ক্রিয়ার জন্য মুহূর্ত্ত মাত্র তাহ। বিচলিত বিকৃত বা পরিবর্ত্তিত হয় না ; প্রকৃতির সকল বাণী এবং ক্রিয়ার মধ্যে, তাহার মর্ম্মনলে, নীরব এই সাক্ষী-চৈতন্য সদা বর্ত্তমান আছে। এসব কথা আমাদের পক্ষে বুঝা কঠিন, কেননা আমাদের বহিশ্চর সাস্ত সামর্থ্য উভয় দিকেই সীমাবদ্ধ এবং আমাদেব সকল ধাবণা এবং সংস্কার এই সীমা ও সঙ্কোচের ভিত্তিতেই গঠিত ; কিন্তু ইহা বুঝা শক্ত নয় যে এই সমস্ত আপেক্ষিক এবং সাম্ভ ও গীমিত ধারণা এবং সংস্কার অনন্ত নিত্য সত্যে প্রযুক্ত হইতে পারে না।

## ব্ৰহ্ম, পুরুষ, ঈশ্বর—মারা, প্রকৃতি, দক্তি

অনন্ত সম্বন্ধে আমাদের ধারণা এই যে তাহা অরূপ অপচ সর্বেত্র আমাদিগের চতুদ্দিকে আমাদিগকে ধিরিয়া রহিয়াছে অগণিত রূপের মেলা ; অতএব দিব্য-পুরুষকে বলা যাইতে পারে এবং বলা হয় যে তিনি একাধারে রূপী এবং অরূপ। এখানেও খাঁটি কোন বিরোধ নাই, বিরোধেন একটা আপাতবোধ বা আভাস মাত্র আছে ; অরূপ বলিতে রূপায়ণী শক্তির অভাব বা প্রতিষেধ বুঝায় না, বরং অরূপই অনন্তের স্বচ্ছন্দ রূপায়ণের নিমিত্ত ; কারণ তাহা না হইলে সান্ত বিশ্বে একটা রূপ বা বাঁধাধরা সম্ভাবিত রূপরাজির একটা সমষ্টি মাত্র দেখা দিত : অরূপতাই চিন্ময় মৌলিক সত্তার সত্তোর, চিৎপদার্থের প্রকৃতি; সকল সান্ত সত্তা সেই চিৎবস্তর শক্তি, রূপ বা আত্মমূতি; দিব্যপুক্ষের নাম রূপ নাই ঠিক, সেই কারণেই সন্তার সকল সম্ভাবিত নামকপকে তিনি ফুটাইয়া তুলিতে পারেন। রূপ একটা প্রকাশ, তাহা শূন্যের মধ্যে খেযাল-খুশিব কলপনা নয়, কাবণ রেখা বর্ণ আয়তন এবং পরিকল্পনা. যাহা রূপের অপরিহার্য্য উপাদান, সর্বদা একটা অর্থকে বহন কবে, বলা যাইতে পারে তাহাদিগকে অবলম্বন কবিয়া এক অদৃশ্য ও অব্যক্ত সত্তোর নিগৃঢ় অর্থ ও প্রয়োজন ব্যক্ত হইতেছে; এইজন্য আকার বেখা বর্ণ আয়তন ও গঠনেব মধ্য দিয়া যাহা অন্যভাবে অদশ্য তাহা রূপায়িত হইয়া উঠে বা মূর্ত্তি ধারণ করে, যাহা অন্যভাবে ইন্দ্রিয়বোশের কাছে গোপন রহিয়াছে সেই বোধ ও ব্যঞ্জনা ইহারাই বহন কবিয়। আনে। রূপকে বলিতে পাবি অরূপের অন্তরুৎপনু বিগ্রহ, তাহান অপরিহার্য্য আত্মরূপায়ণ বা আত্ম-প্রকাশ: একথা যে শুধ বাহিরের রূপের বেলায় খাটে তাহা নহে, পরন্ত প্রাণ ও মনের যে সমস্ত অদৃশ্য রূপায়ণ শুধু ভাবের চোখে দেখা যায়, অথবা অন্তর চৈতন্যের সক্ষ্য বৃত্তি দিয়া ধরা যায় যে রূপের জগৎ, তাহাদেব বেলায়ও ইহা নামের গভীরতর অর্থে, আমরা যে শব্দ দিয়া বস্তুকে বর্ণনা করি সে শবদ নহে, কোন রূপ, অন্তবস্থ যে সত্যকে রূপায়িত করিয়া তুলিতেছে, তাহার সমগ্র শক্তি, সমগ্র ধর্ম এবং সমগ্র বৈশিষ্ট্যই নামের অর্থ, অর্থসচক একটা শবদ বা জ্ঞানোপযোগী একটা নাম দিযা এ সমস্তই আমবা প্রকাশ করিতে চেষ্টা করি। এই অর্থে আমরা নামকে বলিতে পারি প্রকাশেব অন্তঃস্থ সত্য (Numen); দেবতাদের গুহ্য নাম বলিতে বুঝিতে হইবে তাঁহাদের স্বরূপ-সত্তার শক্তি, ধর্ম্ম এবং বৈশিষ্ট্য---সাধকের চেত্রনার উপলব্ধিতে যাহা ধরা পড়ে এবং ধারণার উপযুক্ত হইয়া উঠে। অনন্ত নামহীন; কিন্তু সেই নামহীনতার মধ্যে সম্ভাবিত সকল নাম, দেবতাদের সকল নাম সকল সত্যা, সকল সত্যের নাম

#### দিব্য জীবন বার্ছা

ও রূপ পূর্বেদৃষ্ট ও পূর্বেকদিপত হইয়া বর্ত্তমান আছে কেননা সর্বেসতের মধ্যে এ সমস্তই অন্তর্গুচ় ও অনুসূতে হইয়া রহিয়াছে।

**এই সমন্ত বিচারের ফলে আমাদের কাছে ইহা এখন স্পষ্ট হইয়াছে যে,** বিশ্বসন্তার স্বরূপপ্রকৃতিতে সাম্ভ ও অনম্ভ এই দুইটি বিভাব যে একসঙ্গে বর্ত্তমান, তাহা দুইটি বিরুদ্ধ ভাবকে একস্থানে স্থাপন বা তাহাদের পরস্পরের মিশ্রণ মাত্র নয়—কিন্ত সূর্য্যের সঙ্গে আলো ও তাপের যেরূপ স্বাভাবিক ও অপরিহার্য্য সম্বন্ধ আছে, ইহাদের সম্বন্ধও তদুপ ; সান্ত অনন্তের সম্বুধে প্রকটিত একটি বিভাব, তাহাবই আন্ববিভাবনা বা আন্বরূপায়ণ; কোন সাস্ত ভাব নিজের মধ্যে নিজের সহায়ে বা নিজের উপর নির্ভর করিয়া থাকিতে পারে না, অনন্তকে নির্ভর করিয়াই সে বর্ত্তমান থাকে, তাহার মৌলিক সত্তাতে অনম্ভেব সহিত এক বলিয়াই যে বর্ত্তমান থাকিতে পারে। কারণ আমরা অনন্ত বলিতে দেশ ও কালের মধ্যে এক সীমাহীন আত্মপ্রসারণ মাত্র বুঝি না ; সেই সঙ্গে বুঝি যে তাহা এমন কিছু যাহা দেশ ও কালের অতীত, বুঝি যে তাহা আপনাতে আপনি বর্ত্তমান অনির্দেশ্য এবং অনেয সত্তা, যাহ। নিজেকে অণু-পরমাণুর মত অতি ক্ষুদ্রে অথবা বিপুল বৃহতে, কালের অতি ক্ষুদ্র এক ক্ষণে, দেশের এক বিশুতে, অথবা মুহূর্ত্তস্থায়ী ঘটনার মধ্যে প্রকাশ করিতে পারে। যাহা অবিভক্ত বা অবিভাজ্য তাহার এক বিভাগ রূপে আমরা সাম্ভকে দেখি। কিন্তু সে দেখা সত্য নয় : কারণ বিভাগ একটা আপাতপ্রতীতি মাত্র : সীমার একটা কল্পিত রেখা মাত্র টানা যায় কিন্তু সান্তকে অনন্ত হইতে সত্যই পৃথক করা যায় না কোন-মতেই। বাহ্য চর্ক্সচক্ষ্ দিয়া না দেখিয়া অন্তরের দৃষ্টি এবং বোধ দিয়া যদি একটা ৰুক্ষ বা অন্যকোন পদাৰ্থকে দেখি, তাহা হইলে এক অনম্ভ অম্বয় তথ বা সতাই বৃক্ষ বা বস্তুরূপে রূপায়িত হইয়াছে, এই জ্ঞান আমাদের মধ্যে প্রকাশ পায় ; তখন দেখি ইহার প্রত্যেক অণু প্রত্যেক পরমাণুতে রহিয়াছে সেই সত্যের আবেশ ও অধিষ্ঠান, সেই তম্বই নিজের মধ্য হইতে ইহাদিগকে রূপায়িত করিয়াছে। তাহাই বস্তুর সমগ্র প্রকৃতি, তাহার সম্ভূতি বা গ্রকাশের পদ্ধতি, তাহার মধ্যে অবস্থিত অন্তর্গূ চু শক্তির ক্রিয়াকে ফুটাইয়। তুলিতেছে ; এ সমস্তই ঐ অনন্ত, ঐ অধ্য় তম্ব ; আমরা তখন দেখি যে তিনিই সর্বেভূতে অখণ্ড-ভাবে আম্বপ্র্যাবিত কবিয়া বর্ত্তমান আছেন এবং সকল পদার্থ এমনভাবে মিশাইয়া রাখিয়াছেন যে কেহই বা কিছুই তাহা হইতে ভিনু নহে, অথবা অপর কোন ব্যক্তি বা বস্তু হইতে সম্পূৰ্ণ পূথিক নহে। গীতাতে আছে 'অবিভক্তঞ

### ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মারা, প্রকৃতি, শক্তি

ভূতেমু বিভক্তনেব চ স্থিতম্'—ক্ষবিভক্ত হইয়াও বিভক্তের মত হইয়া তিনি দব্বভূতে আছেন। স্থতরাং প্রত্যেক বস্তুই ঐ অনস্ত চিন্ময় বস্তু, এবং স্বরূপতঃ অন্য সব বস্তুর সহিত এক, কেননা তাহারাও অনন্তেরই নাম ও রূপ, তাহার শক্তি ও অন্তঃস্থ সত্যের প্রকাশ।

সকল বিভাগ এবং বৈচিত্র্যের মধ্যে বর্ত্তমান অনপনেয় একস্বই অনস্তের গণিতের মূলসূত্র, উপনিষদের একটি শ্রোকে ইহার ইঞ্চিত বা নির্দেশ পাই— তাহার অর্থ এই—''পূর্ণ এই, পূর্ণ ঐ, পূর্ণ হইতে পূর্ণকে বিয়োগ করিলে পূর্ণই অবশিষ্ট থাকে; "পূর্ণমদঃ পূর্ণমিদং...পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিঘ্যতে"। তেমনি ভাবে সত্যবস্তুর এক অনস্ত আদ্বগুণদের কথা বলা যাইতে পারে. বুদ্রের আত্মগুণনেব ফলই সর্বেভূত ; এই আত্মগুণনেই এক বহু হইয়াছে : কিন্ত ইহাতেও বুদ্র পূর্বে হইতে নিজস্বরূপে যাহা ছিলেন সর্বেদাই তাহা রহিয়াছেন. কারণ বহুও সেই বুদ্র এবং সম্ভূতিতে পরিণত হইয়াও বহু একই রহিয়াছে। সাম্ভের অাবির্ভাবে একের মধ্যে কোন বিভাগ আসে নাই, কারণ এক অনন্তই আমাদের কাছে বহু সান্তরূপে প্রতিভাত হুইতেছে: স্টিতে অনন্তের সঙ্গে কিছু যোগ করা হয় না ; স্বাষ্ট্রর পূর্বের্ব তিনি যাহা ছিলেন স্বাষ্ট্রর পরেও তাহাই রহিয়াছেন। অনম্ভ সান্ত পদার্ধের যোগফল নহে, তিনি সর্ব্বপদার্ধ হইয়া নিঃশেষ হইয়া যান নাই, সর্ব্বপদার্থের অতিবিক্ত আরো কিছু তাহাতে আছে। অনন্তের এই ন্যায় যদি আমাদের গীমিত বৃদ্ধির ধারণার বিরোধী মনে হয়, তবে তাহার কারণ সে ন্যায় এই বৃদ্ধিকে অতিক্রম করিয়া গিয়াছে এবং সীমিত পুতিভাসের দেওয়া তথ্যের উপর তাহার ভিত্তি নয় ; যে ন্যায় পর্ণতম্বকে আনিঙ্গন করিয়াই রহিয়াছে এবং সেই তত্তের সত্যজ্ঞান দিয়াই তাহা প্রতিভাসের সত্যকে দেখে: তাই ইহা সন্তা, গতি, নাম, রূপ বা বস্তুকে সে তন্ত্ব হইডে পুথকন্ধপে দেখে না; কারণ ইহারা পুথক হইতে পারে না, পুখক হওয়া সম্ভব হইত যদি তাহার৷ শুন্যতার মধ্যস্থিত প্রতিভাস হইত, যদি তাহাদের সকলের একটা সাধারণ মুলভিত্তি না থাকিত, যদি তাহাদের মধ্যে কোন মৌলিক সম্বন্ধ না থাকিয়া কেবল পাশাপাশি থাকার এবং পরস্পরের কাজে লাগিবার সম্বন্ধ থাকিত, একম্বের একই মূল হইতে জাত সত্য যদি তাহার। না হইত। ভিতরে এবং বাহিরে নাম ও রূপে বা গতিতে তাহাদের যে স্বাতস্ত্রা বা স্বাধীনতা দেখা যায়, তাহাদিগকে যেটুকু স্বতম্ব বলা যায় তাহাও যে অনুস্ত হইতে তাহারা জাত হইয়াছে, তাহারই নিত্য অধীনতা অথবা সেই পরম একের

### দিব্য জীবন বার্ত্তা

সহিত গোপন একম হইতে জাত। সেই পরম একই তাহাদের মূল, তাহাদের রূপায়ণের কারণ, তাহাদের বিচিত্র শক্তির এক মূল শক্তি, তাহাদের সম্ভব বা উৎপত্তির উপাদান।

আমাদের ধারণায় এই অন্বয় তত্ত্ব অক্ষর, তাহাতে কোন পরিবর্ত্তন নাই, নিত্যকাল ধরিয়া তাহা একই অবস্থায় আছে, কেননা ক্ষরভাব বা পরিবর্ত্তন যদি তাহাতে দেখা যায় ভেদ ভাব যদি তাহা স্বীকার করে তবে তাহা আর অন্বয় ত্ত্ব থাকে না। স্থাচ প্রকৃতির মর্ম্মরহস্যরূপে একই মূল একছের অনন্ত বৈচিত্র্য আমর। সর্বেত্র দেখিতে পাইতেছি। মূলে শক্তি এক কিন্তু সে শক্তি নিজের মধ্য হইতে অগণিত শক্তিকে প্রকাশ করিতেছে; মৌলক বস্তু এক কিন্তু তাহা হইতে বহু বিভিন্ন বস্তু এবং কোটি কোটি অসম বা অসদশ পদাৰ্থ উৎপনু হইতেছে : মন এক কিন্তু তাহাতে পরস্পর হইতে ভিনু বহু মনোবৃত্তি. মনের বহু রূপায়ণ, বহু ভাবনা, বহু বোধ বা সংবেদন পরস্পরের সহিত মিলিয়া মিশিয়া বা সংঘর্ষে প্রবৃত্ত হইযা দেখা দিতেছে; প্রাণ এক কিন্তু প্রাণেব রূপ-রাজি অসদৃশ এবং অগণিত ; মানুষেব প্রকৃতি এক কিন্তু তাহাতে আছে কত জাতি, কত বৈষম্য, আবাব প্রত্যেক ব্যক্তির এক নিজস্ব সত্তা সাছে যাহা কোন না কোন ভাবে অপর সকন হইতে ভিনু বা বি-সম ; একই বৃক্ষের পত্তে পত্তে বিভিন্ন রেখা-সঙ্কন প্রকৃতির চেষ্টা ; এই বৈচিত্র্যা প্রকৃতি এত বেশী করিয়া আনিতে চায় যে, কোন দুইটি মানুষের যে কোন অঙ্গুলিতে বর্ত্তমান রেখাগুলি পর্য্যস্ত হবহু মিলে না, তাই কেবলমাত্র অঙ্গুষ্ঠের ছাপ দেখিয়া মানুঘকে সনাক্ত করা যায়—তথাপি মূলতঃ সব মানুষ্ট এক, কোন মৌলিক ভেদ তাহাদের মধ্যে নাই। একম্ব বা সাম্য যেমন আছে সংৰ্বত্ৰ, তেমনি সংৰ্বত্ৰ আছে ভেদ বা বৈষম্য, প্রকৃতির অন্তরে অধিষ্ঠিত তথ বা সত্তা একই বীজকে লক্ষ লক্ষ আকারে ফুটাইয়া ত্তলে—এই বিধানকে ভিত্তি কবিয়া তাহা বিশ্ব গড়িয়া তুলিয়াছে, আবাব ইহাই অনন্তের ন্যায়, পরম সত্য মূলতঃ এক, অচ্যুত ও অক্ষর বলিয়া সহজে নিবাপদে ন্ধপের স্বভাবের এবং গতির স্বর্গণিত বৈচিত্র্যে তাহা ন্ধপায়িত হইতে পারে, কারণ কোটি কোটি নপ গ্রহণ করিলেও তাহান্য তাহাদের ভিত্তিস্বরূপে স্থিত শাশুত অহয় তৰকে তিলমাত্ৰ বিচলিত বা প্ৰভাবিত কবিতে পাৱে না, বস্তু এবং সত্তার মধ্যে এই আসা বা চিৎপুরুষ আছে বলিয়াই পুকৃতি এই অনন্ত বৈচিত্র্যের বিলাসিতায় মাতিয়া উঠিতে পারে; যাহার বলে সব কিছুই পরি-বজিত ন। হইয়াও নিত্য পরিবর্তিত হইয়া চলিয়াছে : সেই নিরাপদ এই ভিত্তি

# উন্ধা, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

যদি না থাকিত তবে প্রকৃতির খেলার সকল কীত্তি এবং বিস্টি ভাঙ্গিয়া পড়িত এবং মহা বিশৃষ্থলা দেখা দিত ; তাহার সম্বন্ধ-শূন্য সমস্ত গতি ও স্মষ্টিকে একত্রে ধারণ করিবার কিছু থাকিত না। অধ্য তব অক্ষর স্বভাব, তাহার অর্থ ইহা নহে যে তাহার মধ্যে পরিবর্ত্তন-শূন্য এমন এক সাম্যের স্থর শুধ বাজে যাহা বৈচিত্র্য আনিতে অক্ষম, তিনি অপরিণামী সত্তা এই অর্থে যে তিনি অগণিত সম্ভারূপে রূপায়িত হইতে পারেন অখচ কোন বৈচিত্র্য তাহার সেই অক্ষব অপরিণামী স্বভাবকে বিনষ্ট, ন্যাহত বা খর্বে কবিতে পারে না। আত্মাই হইয়া উঠিয়াছে পতঞ্চ বা পক্ষী বা পশু বা মানব, অখচ এই সমস্ত পরিবর্ত্তন এবং রূপান্তরের মধ্যে আত্মা আত্মাই আছে, কেননা অন্তর্গীন বৈচিত্র্যা এবং বহুত্বরূপে সেই পরম একই আপনাকে অনম্ভ ভাবে প্রকাশ কবিতেছেন। আমাদের বহিশ্চর বৃদ্ধি সিদ্ধান্ত করিতে চায় যে বহুত্ব মিধ্যা একটা প্রতিভাগ মাত্র, কিন্তু যদি আমরা আরও গভীরভাবে দেখিতে চেষ্টা করি তবে দেখিব যে একটা বাস্তব বহুত্বই অন্তরস্থ বাস্তব একত্বকে বাহির কবিয়া আনিনা প্রকাশ করে, তাহার সামধ্যের পূর্ণ পরিচয় দেয়, সেই একম্ব, কি হইতে পারে এবং যেরূপে আছে তাহা মূলতঃ কি, প্রকাশ কবিতে পারে, তাহাব শুল্র আলোকেব মধ্যে যে বহুবর্ণ একত্রে মিলিত হইরা এক হইয়া আছে তাহাদিগকে মক্ত করিতে পাবে : যাহা একম্ব হুইতে বিচ্যতি বলিয়া মনে হুয় তাহাব মধ্য দিয়া গেই পরম একই থাপনাকে অনম্ভরূপে পাইতেছেন বা জানিতেছেন। তাহা প্রকৃতপক্ষে একম্বের অফুরম্ভ বিস্তার ও বিকাশ। ইহাই তো অত্যাশ্চর্য্য ব্যাপার, বিশ্বেব এই মায়। : তথাপি অশত্তের আৰুদুটিতে এবং আৰানুভবে ইহা পুৰ্ণন্নপে যুক্তিসঙ্গত, স্বাভাবিক এবং অবশ্যন্তাবী।

কারণ ব্রদ্ধের মায়। তাহার অনন্ত বৈচিত্র্যাম্য অঘ্য স্বভাবের যুগপৎ ইক্রজাল (magic) এবং যুক্তিজাল (logic); বস্তুতঃ যদি একটা গীমিত একত্ব এবং সাম্যের এক-টানা স্বরই তাহাতে বাজিত তাহা হইলে তথায় যুক্তি এবং ন্যায়ের কোন স্থান থাকিত না, কারণ ন্যায়ের কাজই হইল নানা সদ্ধকে যথাযথভাবে দেখা। যুক্তির উচচতম কায্য হইতেছে সেই একমাত্র বস্তু একমাত্র বিধানকে আবিকার করা, সেই এমন এক অন্তর্গূ চ্ সভাকে জানা যাহা বছকে. ভেদকে, বিরুদ্ধবাকৈ, বিসদৃশকে মিলিত করিয়া দিতে পারে, একেন মধ্যে গাঁথিয়া তুলিতে পারে। বিশ্বের সকল সন্তা দুই ভাবের মধ্যে গতিশীল. একের বছরূপে রূপায়ণ এবং বছর একত্বে প্রত্যাবর্ত্তন; এরূপ হইতেই হইবে, কারণ এক এবং বছ উভয়ই

### দিবা জীবন ৰাৰ্ছা

অনন্তের দুইটি মৌলিক বিভাব। কারণ সন্তার সত্যকেই দিব্য আদ্বজ্ঞান এব সংর্বজ্ঞান প্রকাশের ক্ষেত্রে আনিয়া উপস্থিত করে; এই সত্যের বিকি প্রকাশই তাহার লীলা।

তাহা হইলে ব্রহ্মের সার্ব্বভৌমসম্ভার (Universal being) ক্রিয় বেভাবে চলিতেছে ইহাই তাহার ন্যায় বিধি, তাহার যুক্তির মূলে আছে মায়ারই অনন্ত জান। বুদ্রের সত্তা যেমন, তাহার চৈতন্য বা মায়াও তভ্রপ: নিজের আন্নসক্ষোচ জাত সান্ত বন্ত দারা অথবা নিজের ক্রিয়ার কোন এক বিশেষ অবস্থা বা বিধানে তাহা বদ্ধ নহে ; সীমিত বৃদ্ধির কাছে যাহা পরস্পারবিরোধী মনে হয় সেইরূপ বহু বস্তু বা স্থুসঙ্গত বহু গতির রূপ তাহ। যুগপৎ গ্রহণ করিতে পারে: এক হইলেও তাহাতে আছে অগণিত বৈচিত্র্যা, অন্তহীন নমনীয়তা বা সাবলীলতা, যথাযোগ্য ভাৰ-পরিগ্রহের অফুরন্ত নৈপুণ্য। মায়া শাশুত এবং অনম্ভ ব্রদ্রের পরম এবং সার্বভৌম চৈতন্য এবং শক্তি ; স্বভাবতঃ বন্ধনশূন্য এবং অমেয় বলিয়া ইহা যুগপৎ বহু চেতনার ভূমি, নিজের শক্তির বহুরূপ ফুটাইয়া তুলিতে পারে, অথচ তথনও তাহা একই চিৎশক্তিন্ধপে চিরকাল থাকিয়া ষায়। মায়া যুগপৎ বিশ্বাতীতা, বিশুরূপা এবং ব্যক্তিভূতা ; পরম বিশ্বাতীত সন্তারূপে সে নিজেকে সর্বেগতারূপে, বিশ্বাদারূপে, বিশ্বপুকৃতির মধ্যস্থ চিৎ-শক্তিরূপে জানে, আবার সেই সঙ্গে সর্বেসন্তার মধ্যে অবস্থিত ব্যষ্টিসন্তা ও ব্যষ্টি-চেতনারূপে সে নিজেকে অনুভব করে। ব্যষ্টিচেতনা নিজেকে গীমিত এবং বিচিছনু মনে করিতে পারে, কিন্তু আবার সে সীমাব বাঁধন ছিঁড়িয়া ফেলিয়া নিজেকে বিশ্বভূত এবং বিশ্বাতীত বলিয়াও জানিতে পারে : ইহার কারণ এই সমস্ত অবস্থার মধ্যে অথবা তাহাদের অন্তরে ভিত্তিরূপে একই ত্রৈক-চেতনা ত্রিধা স্থিতিতে বর্ত্তমান আছে। স্থতরাং সেই একের পক্ষে উপরিস্থিত বিশ্বাতীত সত্তা, মধ্যস্থিত বিশ্বময় সত্তা অথবা নিমুস্থিত ব্যষ্টির চেতনসত্তার ভূমি হইতে তিনরূপে নিজেকে দেখা বা অন্ভব করিবার কোন বাধা নাই। সেই অহয় সন্তার চেতনার বহু বিভিনু বাস্তব অবস্থা বা ভূমি আছে, এবং সে সত্তা স্বতম্ব এবং অনন্ত এবং তাহাকে একটা ৰিশিষ্ট অবস্থায় বাঁধিয়া রাখা যায় না, তাহা স্বীকার করিলে ইহা আর ষ্ববৌক্তিক বা অস্বাভাবিক বা অসম্ভব মনে হইবে না। যে চৈতন্য জনম্ভ তাহার স্বাধীনভাবে আমুবৈচিত্র্য প্রকাশ করিবার শক্তি থাকা ত স্বাভাবিক। চেতনার বহুভূমি থাকিবার সম্ভাবনা স্বীকার করিলে প্রত্যেক ভূমিতে কত

## ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

াবৈভিনুভাবে যে বৈচিত্র্য ফুটিতে পারে তাহার কোন সীমানির্দেশ চলে না। তবে অবশ্য ইহা স্বীকার করিতে হইবে যে সেই সমন্ত বৈচিত্র্যের অস্তরে এক-রূপে যিনি অবস্থিত তিনি যুগপৎ সকলের মধ্যে আদ্ব-সচেতন থাকিবেন, কেননা অষয় এবং অনন্তের আছে সার্বভৌম চেতনা। আমাদের সীমিত চেতনা, যাহা অবিদ্যার এক ক্ষেত্র, তাহার সঙ্গে যাহা অনস্ত আর্ক্তান এবং নর্বজ্ঞান তাহার সন্ধ্ব কি, কেবল এই প্রশু এখনও অমীমাংসিত রহস্যরূপে থাকিয়া যাইতে পারে, তবে আরো আলোচনা করিলে সে রহস্যেরও হার হয়ত উদ্যাটিত হইবে।

অনস্ত চেতনার দিতীয় আর একটি সম্ভাবনাকে স্বীকার করিতে হয়, তাহা হইল তাহার আত্মসঙ্কোচের বা গৌণভাবে আত্মরপায়ণের শক্তি, যাহাতে অসীম এবং পর্ণ চেত্তনা ও জ্ঞানের মধ্যে একটা গৌণ ক্রিয়া বা গতি দেখা দেয়: কারণ অনস্তের আন্ধবিভাবনার জন্য ইহা একটি অপরিহার্য্য পবিণাম। স্বরূপের প্রত্যেক আম্বরূপায়ণের মধ্যে তাহার নিজের সত্য ও স্বভাবের জ্ঞান বর্ত্তমান আছে : অথবা যদি আমরা অনা ভাষায় বলা পছন্দ করি তবে বলা যায় যে সেই বিশেষ রূপায়ণের মধ্যস্থ সত্তা এইভাবে আম্বসচেতন হয়। ক্ষেত্রে ব্যক্তিম্ব বলিতে এই ব্ঝায় যে প্রত্যেক ব্যষ্টি-জীবাম্বা আম্বদর্শন এবং বিশ্বদর্শনের একটি কেন্দ্র, এই দৃষ্টির পরিবেশ বা পারিপাশ্বিক অবস্থা--- যাহাকে আমরা সীমাহীন পরিধি বলিতে পারি—সকলের পক্ষেই এক হইতে পারে কিন্তু কেন্দ্র হিইতে পারে বিভিনু,—এ কেন্দ্র স্থল দেশের (space) কোন ৰুত্তির মধ্যে কোন স্থল বিলতে স্থাপিত না হইয়া একটা মান্সিক কেন্দ্র হইতে পারে, যে কেন্দ্রের সহিত অন্য বহু সচেতন কেন্দ্রের সমন্ধ গাকিবে কারণ তাহার। শকলে বিশুসন্তার মধ্যে একত্রে অবস্থিত। কোন জগতেব প্রত্যেক সন্তা দেখিবে একই জগৎ, কিন্তু দেখিবে নিজের আত্মসত্তার দিক হইতে নিজের আত্মপ্রকৃতি অনুসারে; কারণ প্রত্যেকে নিজ মধ্যস্থিত অনম্ভের সত্য প্রকাশ করিবে, নিজের বিশিষ্ট ভাবে হইবে তাহার আম্মবিভাবনা এবং বিশ্ব-ভাবনার শহিত সাক্ষাৎকার। বৈচিত্র্যের মধ্যে একছের বিধানানুসাবে নিশ্চয়ই তাহার দর্শন মূলতঃ অপরের সহিত এক হইবে, কিন্তু তাহাতেও নিজের বৈশিষ্ট্য ষ্টাইয়া তুলিৰে—তাই তো দেখিতে পাই সকল মানুঘ বিশ্বের সকল পদার্থ শঘদ্ধে একইভাবে সচেতন হইলেও সর্বদা প্রত্যেকের দৃষ্টিতে ব্যক্তিষাতম্য

#### দিবা জীবন বার্ছা

বর্ত্তমান থাকে। এই আমুসীমা-নির্দেশ মূল সত্য নহে কিন্তু সমপ্রতাকে এবং সার্ব্বভৌমকে নিজের ব্যষ্টির বৈশিষ্ট্যের মধ্য দিয়া দেখা। আধ্যাদ্বিক ক্ষেত্রে জীবাদ্ধা অথণ্ড সত্যের মধ্যে বিধৃত নিজ কেন্দ্র হইতে তাহার আদ্বপ্রকৃতি অনু সারে কাজ করেন বটে কিন্তু তাহাব ভিত্তি হয় সার্বভৌম এবং তাহাতে অপর আত্মা, অপরের প্রকৃতি সম্বন্ধে কোন অন্ধতা থাকে না। পূর্ণ জ্ঞানকে রাখিয়াই निरक्षत्र कियात मर्पा किञ्चात व गीमानिर्फ्य, देश व्यविगात किया नरर। ব্যষ্টিভাবের এই আম্বসকোচ ছাড়া অনস্ত চৈতন্যে আব একটা শক্তি আছে— তাহা হইল বিশ্বভাবনার সঙ্কোচ বা সীমানির্দেশ ; তাহার এমন শক্তি আছে যে আপন ক্রিয়াকে সন্ধৃচিত ও সীমিত করিয়া একটা জগৎ বা বিশ্বের ভিত্তি পত্তন করিয়া দিতে পাবে, এবং তাহাকে স্থৃশুখলা, স্বঘমা ও সামঞ্জস্যের মধ্যে স্থাপন করিয়া তাহাকে আত্মগঠনে প্রচালিত কবিতে পাবে : জগৎ-স্মষ্টির জন্য শেই জগতের মধ্যে সম্ভর্য্যামী রূপে থাকিয়া তাহাকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করিবার জন্য অনম্ভ চৈতন্যের একটা বিশেষ আম্মবিভাবনা বা আম্মবিভতিকে রূপায়িত করিতে হয়, আব সেই ক্রিয়াব জন্য যাহা প্রয়োজন নাই তাহাকে সংহরণ কবিষা নিজেব মধ্যে রাখিষা দিতে হয়। ঠিক তেমনি মন প্রাণ বা জড়েব মত কোন শক্তিকে স্বতম্বভাবে ক্রিয়া করিবার জন্য উপস্থাপিত করিতে हरेल ঐ ভাবে आप्रशीमा-निर्फित्मत श्रुत्याजन हय। हेरा वना यात्र ना त्य, যেহেতু অনন্তে কোন গীমা-নির্দেশ চলে না স্ততবাং এরূপ ক্রিয়া ও গতি অসম্ভব, ববং বলিতে হুস এ শক্তিও তাহার বহু শক্তির অন্যতম, কারণ তাহার শক্তির তো সীমানির্দেশ চলে না ; অন্যসকল আম্ববিভাবনা এবং সাম্বভাব গঠনের মত ইহাও প্রকৃতপক্ষে কোন ভেদ বা বিভাগ লইয়া আসে না, কারণ তাহার পশ্চাতে এব, চারিদিক ঘিবিয়া থাকে পূর্ণ অনন্ত চেতনা, সেই চেতনাই হয় তাহার আশ্রয়, এবং এই বিশেষ গতিতে যাহ। প্রকাশ পায তাহা স্বভাবতঃ কেবল নিজেকে যে জানে তাহ। নহে কিন্তু যাহ। তাহার পশ্চাতে অবস্থিত আছে তাহারও জ্ঞান মলতঃ হারার না। অনন্তের পর্ণ চেতনায ইহা হওয়া অপবিহার্যা; আমরা ব্ঝিতে বা অনুমান করিতে পারি যে যাহা সান্তক্রপে স্পন্দিত বা প্রতিভাত হইতেছে তাহার সমগ্র আন্বচেতনাতে এমন এক নিগৃঢ় এবং স্বাভাবিক জ্ঞান আছে যাহা ক্রিয়াশীল না হইলেও জানে যে এই যে নিজের সীমানির্দেশ চলিতেছে তাহাতেও মূলত: কোন বিভাগ বা ভেদ স্মষ্টি হয় নাই। অনন্তেব পক্ষে সমষ্টি বা বাষ্টি চৈতনোর এইরূপ আশ্বসীমানির্দেশ স্পষ্টত:ই সম্ভব, তাহার চিন্ময় সম্ভাবনা-

### ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

সমূহের মধ্যে ইহাও যে একটি, একথা বৃহত্তর যুক্তির স্বীকার করিতে কোন বাধা নাই। তবে আমাদের প্রাকৃতচেতনায় যে বিভাগ বা অবিদ্যাজনিত ভেদ বা অন্ধ সীমার বন্ধন আমাদের কাছে দেখা দিতেছে তাহার ব্যাখ্যা এখনও পর্যান্ত মিলে নাই।

কিন্তু অনন্ত চৈতন্যের তৃতীয় একটি শক্তি বা সম্ভাবনা আছে,, সে শক্তি হইল তাহার নিজেতে নিজে ডুবিয়া যাওয়া বা আম্বসমাহিত হওয়া, যে সমাহিত অবস্থায় তাহার আত্মজ্ঞান বা আত্মসংবিৎ থাকে বটে কিন্তু তাহা জ্ঞান বা বিদ্যা অথবা সর্বব্ঞানরূপে আর প্রকাশিত থাকে না ; তখন সর্বব সর্বতোভাবে <u>মান্বজ্ঞানের মধ্যে অব্যক্ত হইয়া পড়ে এবং জ্ঞান বা অন্তরচেতনা নিজেকে</u> শুদ্ধ সন্তার মধ্যে হারাইয়। ফেলে। এই প্রবম জ্যোতির্দ্ময় অবস্থাকে আমরা চরম অর্থে অতিক্রেতন বলি—যদিও যাহাদিগকে আমরা অতিচেতন বলি. বস্তুতঃ তাহার অধিকাংশই সকল চেতনাকে অতিক্রম কবিয়া যায় না. কিন্তু তাহাব। উচ্চতৰ চেতনাতে অধিষ্ঠিত থাকে, যাহ। নিজেৰ কাছে নিজে পচেতন কিন্তু আমাদের সীমিত চেতনার ভূমি হইতে অতিচেতন বলিয়া মনে হয মাত্র। এই আম্বসমাহিত অবস্থা অনস্তের এই সমাধিস্থ বা মৃচিছত অবস্থাকে আলোক এবং প্রকাশের দিক হইতে না দেখিয়া অন্ধকার এবং অপ্রকাশের দিক হইতে দেখিয়া আমরা তাহাকে নিশ্চেতন বলি : অনম্ভেব সত্তা সেখানেও আছে কিন্তু বাহার্মপে নিশ্চেতন দেখি বলিয়া আমাদের মনে হয তাহা অনন্ত এক অসৎ পদার্থ (non-being) ; সেই আপাত অসতেও এক অন্তর্নিহিত এবং স্বরূপগত কিন্তু আন্ধবিস্মৃত চৈতন্য এবং শক্তি আছে, কারণ ইহা তে৷ দেখিতে পাইতেছি যে সেই নিশ্চেতনের শক্তি এক তুলোময় স্নশুখন জগৎ গডিয়া তুলিয়াছে ; আম্বসমাহিত অবস্থার একটা মূচর্ছার মধ্যে জগৎ স্পষ্ট করিয়াছে, শক্তি এখানে স্বতঃস্কুর্ত্ত হইয়। কাজ করে কিন্তু সম্ভানে সন্ধভাবে যেন গ্রন্থ অবস্থায়, কিন্তু তাহাতে অনস্তের সত্যের অব্যাহত শক্তি বর্ত্তমান খাকে দেখা যায়। আমরা যদি আর একটু অগ্রসর হইয়া স্বীকার কবি যে অনন্তের আত্মসমাহিত হওয়ার শক্তির ভিতরে, তাহার একটা বিশেষ বা গীমাবদ্ধ এবং আংশিক ক্রিয়ার মধ্যে আন্বাভিনিবেশের শক্তিও থাকিতে পারে, যাহার ফলে পর্ণরূপে নিজের মধ্যে নিজে কেন্দ্রীভূত ও অভিনিধিষ্ট না থাকি ।। কেবল বিশেষ স্থিতিতে অথবা বাই বা সমষ্টিৰ আম্ববিভাবনাৰ মধ্যে নিজেকে সংহাত বা সমাহিত করিতে পারে, তাহা হইলে যাহার মধ্যে সন্তার কেবল

#### **पिता कोवन वार्खा**

একটা বিভাবের বিচিছনু সচেতনতা শুধু আছে সেই কেন্দ্রীভূত অবস্থা বা স্থিতির ব্যাখ্যা আমরা পাই। স্থতরাং মূলতঃ দুই প্রকার স্থিতি আছে, ব্রদ্ধের পক্ষে সগুণ ভাব হইতে নিবৃত্ত হইয়া নির্গু ণভাবে অবস্থিত হওয়া নিজের শুদ্ধ এবং নিজ্রিয়সতায় ডুবিয়া যাওয়া সম্ভব, তখন সে ভাবের বাহিরে যাহা কিছু তাহা এক যবনিকার অন্তরালে যেন অবস্থিত পাকে এবং সেই বিশেষ স্থিতিতে তাহার৷ প্রবেশ করিতে পায় না ; তেমনি ভাবে আমরা সেই স্থিতির কথা বুঝিতে পারি যাহাতে চৈতন্য, সতার একটি ভূমির একটি গতির সম্বন্ধে মাত্র সচেতন হইতে পারে তখন বাকি সমস্তের জ্ঞান যেন পিছনে আবরণে ঢাকা থাকে, অথবা এক সক্রিয় জাগ্রত সমাধির দ্বারা সে সকলকে, যাহা শুধু নিজের ক্ষেত্রে বা গতিতে পভিনিবিষ্ট সেই বিশিষ্ট ও গীমিত চেতনা বা জ্ঞান হইতে যেন কাটিয়া ফেলা হয়। কিন্তু সেখানেও সমগ্র অনন্ত চেতনা গুচভাবে আছে. বিলুপ্ত হইয়া যায় নাই, তাহাকে জাগাইয়াও তোলা যায়, কিন্তু তাহার প্রত্যক্ষ ক্রিয়া নাই তাহার ক্রিয়া শুধু অনুমানে গ্রাহ্য; সীমিত চেতনাকে বন্ধরূপে ব্যবহার করিয়া তাহা পরোক্ষে দক্রিয় হয় মাত্র, তাহার শক্তি ও অধিষ্ঠান স্বরূপে প্রকাশিত বা ব্যক্ত নয়। আমরা তাহা হইলে নিশ্চিত ভাবে বলিতে পারি অনস্তচৈতন্যেব স্থিতি ও গতিতে এই তিনটি শক্তিরই প্রকাশ সম্ভবপর, এবং যে বহুভাবে ইহাবা ক্রিয়াশীল হয় তাহা বিচার করিয়া মায়ার খেলার রহস্য বুঝিবার একটা সূত্র আমরা পাইতে পারি।

এখানে পুসঞ্গতঃ বলিতে পারি একদিকে যে শুদ্ধ চৈতন্য, শুদ্ধ সন্তা, শুদ্ধ আনন্দ এবং অন্যদিকে জগৎ জুড়িয়া সন্তা চৈতন্য ও আনন্দের যে বিপুল ক্রিয়াশীলতা যে বিচিত্র উপাযপুরোগ যে অন্তহীন ঘটনা বিপর্যায় চলিতেছে এ দুই-এর মধ্যে আমাদের মন যে বিরোধ দেখে তাহার উপর এইভাবে কিছু আলোকপাত হয়। শুদ্ধ চৈতন্য এবং শুদ্ধ সন্তার স্থিতিতে আমরা একমাত্র তৎস্বরূপের অনুভব পাই অর্থাৎ সে অনুভবে পাই যে তাহা শুদ্ধ নিব্দেতে নিজে বর্তমান বা স্বয়ন্তু, অবিচল এবং অপরিবর্ত্তনীয়, নামরূপরহিত এবং তর্খন আমাদের মনে হয় ইহাই একমাত্র সত্য এবং বান্তব। অপরদিকে তাহার সক্রিয়তার দিকে দৃষ্টি করিয়া আমরা অনুভব করি যে তাহার ক্রিয়াশীলতা পূর্ণরূপে সত্য এবং স্বাভাবিক, এমন কি এতদুর পর্য্যন্ত মনে করিতে পারি যে শুদ্ধ চেতনার পূর্বেজিন্ধপের কোন অনুভব লাভ করা সন্তবই নয়। অথচ এখন একথা স্পষ্ট যে অনন্ত-চৈতনেয় নিক্রিয়তা এবং সক্রিয়তা উভয়ই সম্ভব;

#### ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

ইহারা তাহার দুইটি বিভাব এবং সর্বেগত বা সার্বেভৌম চৈতন্যে এই নিজ্ঞিয়তা এবং সক্রিয়তা যুগপৎ বর্ত্তমান থাকিতে পারে, ইহার এক বিভাব অন্য বিভাবের সান্দীরূপে তাহাকে ধারণ করিয়া বর্ত্তমান থাকিতে অথবা সান্দীরূপে না থাকিয়াও স্বতঃই তাহার স্বাভাবিক আশ্রয় হইতে পানে ; অথবা নিস্তন্ধ স্থিতি ক্রিনাশীলতার মধ্যে অনুপ্রবিষ্ট হইয়াও থাকিতে পারে অথবা নি\*চল সমুদ্র যেরূপ ভরঞ্কের চাঞ্চলাকে উৎক্ষিপ্ত করে তদুপ নিচ্ছিয় এবং নিশ্চল স্তৰতা হইতে উচ্চুসিত হইয়া উঠিতে পারে দক্রিয়তার বাণীরপ। এইজন্য কোন কোন অনস্থায় একইসঙ্গে বহু বিভিনু চেতনাকে অনুভব করা আমাদেব পক্ষে সম্ভব হইতে পারে। যোগযুক্ত অবস্থায় সন্তার এমন একটা অবস্থা অনুভব কবা যায়, যখন আমরা দুইটি চেতনা যুগপৎ লাভ করি বা একসঙ্গে দুইটি চেতনা হইয়া খাই ; তাহার একটি বহিশ্চর চেতনা, তাহা ক্দ্র. চঞ্চল এবং অবিদ্যাচছনু, তাহা ভাবনা বেদনা স্থপ দৃঃপ এবং সর্বেপ্রকাব প্রতিক্রিয়া খারা শাসিত ও পবিচালিত: ভিতরে স্থিত অপরটি শাস্ত, বৃহৎ সমস্বগুণসম্পনু, যাহা বহিশেচতনাকে অবিচল ভাবে উপেক্ষা কবে বা প্রশ্রয় দেয়, অথবা ইহাও হইতে পাবে তাহার চাঞ্চল্যকে দমন করিয়। প্রশান্তিতে এবং ঔদার্য্যে তাহাকে রূপান্তরিত করিবার জন্য তাহাব উপর ক্রিয়া করে। আমরা উর্দ্ধস্থিত এইনপ এক বৃহৎ চেতনায় উঠিয়া যাইতেও পাবি এবং তথা হুইতে আমাদেব ভিত্তরের বা বাহিত্বের সকল বিভাবকে, মন প্রাণ দেহ এবং সর্ব্বনিমৃশ্বিত অবচেত্নকে অধীৎ আমাদের সকল অংশকে পর্যাবেক্ষণ কবিতে এবং তাহাদের একেব বা অন্যের অথবা সমগ্র নিমৃত্র সত্তার উপর শক্তি প্রয়োগ করিতে পাবি। আবার উর্দ্ধু তন চেতনার সেই বা অন্য কোন ভূমি হইতে আমবা নামিয়া যে কোন নিমুগুনেও মাসিতে পাবি এবং সেখানকার স্থিমিত আলোক বা তাহার অন্ধকানের মধ্যে আমাদের কর্ম্মের ক্ষেত্র স্থাপিত কবিতে পারি এবং স্বরূপের অপরাংশ সাময়িক-ভাবে তুলিয়া রাখিতে বা পশ্চাতে সরাইয়া দিতে পাবি অথবা তাহাকে এমন এক ক্ষেত্ররূপে রাখিতে পারি যেখান হইতে আনকলা, অনমতি, আলোক বা প্রভাব লাভ করি, অখবা এমন এক ভমি বা স্বিতিরূপে ধাকিতে পারে যাহাতে আমরা আরুচ হইতে বা যাহার মধ্যে ফিনিযা আদিতে এবং তথা হইতে নিমুতর ক্রিয়া ও গতিকে পর্য্যবেক্ষণ করিতে পাবি। অথবা আমরা সমাধিতে ভবিয়া নিজের অন্তরের গভীরে চলিয়া যাইতে পানি এবং শেখানে সচেতনভাবে ধাকিতে পারি—তখন বাহিরের কোন পদার্থেব জ্ঞান আর থাকে না ; অথবা

#### দিব্য জীবন বার্দ্তা

•

এই অন্তরের জ্ঞানকেও অতিক্রম করিয়া গভীরতর অন্য কোন চৈতন্যের অথবা কোন উচচ অতিচেতনার মধ্যে নিজেদিগকে হারাইয়া ফেলিতেও পারি।
ইহা ছাড়া এক সর্বব্যাপী সমন্মচেতনার ক্ষেত্র আছে সেখানেও আমরা প্রবেশ করিতে এবং এক সর্বব্যাহী দৃষ্টি বা সর্বব্যাপী জ্ঞানের মধ্যে আমাদিগের সকলকে এক এবং অগগুরূপে দেখিতে পারি। মাহা অন্তরন্থিত উচচতর এবং পূর্ণ সত্য হইতে বিচিছ্নু, আমাদের সীমিত অবিদ্যা এবং তাহার গতি ও ক্রিয়ার মধ্যে যাহা অবস্থিত, আমাদের সীমিত অবিদ্যা এবং তাহার গতি ও ক্রিয়ার মধ্যে যাহা অবস্থিত, আমাদের সাধাবণ প্রাকৃত অবস্থা মাত্র যাহার কাছে পরিচিত, সেই বহিশ্চর বুদ্ধি এ সমন্তকে অদ্ভুত, অনৈস্গিক অথবা আজগুরি মনে কবিতে পারে, কিন্তু বৃহত্তব বুদ্ধি এবং অনন্তের ন্যায়েব আলোকপাতে অথবা যাহা মূলতঃ অনন্তের সঙ্গে এক, আমাদেব মধ্যন্থিত সেই আত্মার বৃহত্তব জন্মেয় শক্তিকে মানিয়া লইলে, এ সমন্ত সহজেই বুঝা বা স্বীকার করিয়া নেওবা যায়।

সতাম্বরূপ বন্ধ পরম তত্ত্ব, তাহা আপনাতে আপনি অবস্থিত, মায়া তাহার চেতনা এবং শক্তি। বিশ্বের দিক হইতে এই বদ্ধকে সকল সভার আত্মা বা বিশ্বাম্বা বলিয়া মনে হয় কিন্তু তিনি নিজের বিশুভাবকে অতিক্রম করিয়া বিশ্বাতীত প্রমান্বারূপে অবস্থিত আছেন ইহাও বুঝা যায় এবং সেই সঞ্চেই তিনি প্রত্যেক সভার প্রত্যেক জীবেন মধ্যে ব্যষ্টি সংর্বগত (individual universal) রূপেও রহিয়াছেন; নায়াকে তখন আত্মার আত্মণক্তি বলিয়া দেখা যাইতে পারে। ইহা সত্য যে বুদ্ধেব এই বিভাবের জ্ঞান যখন আমাদের মধ্যে প্রথম ফুর্নিয়া ওঠে, তখন সাধারণতঃ সমস্ত সভাই নিন্তন্ধতার মধ্যে ডুবিয়া যায় অথবা অন্ততঃপক্ষে সমস্ত ৰহি∗চর ক্রিয়া হইতে নিবৃত্ত এবং অন্তরাবৃত্ত इहेगा नीतवाटाट व्यवस्थित हम् । उथन मत्न हम् त्य वान्ना निका देनः भटना স্থিত, অচল অক্ষব সত্তা, স্বয়ন্ত্ৰ, সৰ্বেগত, সৰ্বেভূতে অধিষ্ঠিত কিন্তু গতিশীল বা স্ক্রিয় নহে, স্তত ক্রিয়াশীল মায়া হইতে যেন দ্রে অবস্থিত। এই রূপে আমরা তাহাকে প্রকৃতি হইতে ভিনু, প্রকৃতিব ক্রিয়া হইতে উপরত এক চেতন সত্তা বা পুরুষরূপেও দেখিতে পাবি। কিন্ত ইহা হইবে একটা ঐকান্তিক অভিনিবেশ যাহা নিজেকে অধ্যান্ত স্থিতির একটা অবস্থাতে অবরুদ্ধ রাখে এবং ব্রদ্র বা স্বয়ন্ত্রগর নিজের সকল ক্রিয়া ও প্রকাশ হইতে যে স্বাতস্ত্রা ও স্বাধীনতা আছে, তাহা অনুভব করিবার জন্য সমস্ত সক্রিয়তা নিজের নিকট হইতে দুরে সরাইয়া দেয়। ইহা একটা মৌলিক এবং অপরিহার্য্য অনুভব

### ব্রহ্ম, পুরুষ, ঈশর—মায়া, প্রকৃতি, শক্তি

কিন্তু পূর্ণ অনুভব নয়। কাবণ আমরা দেখি, যে শক্তি বা চিংতপস্ ক্রিয়া ও স্সষ্ট করে তাঁহ। মায়া বা ব্রদ্রের সর্ববিদ্যা ভি:্র অন্য কিছু নছে। এ শক্তি আম্বারই শক্তি : সচেতন সত্তা বা পুরুষ যখন নিজ স্বভাব বশে সঞ্জিয় হন তখন তাহাকে পুকৃতি বলে; আন্ধা এবং জগংশক্তি, নীরব আন্ধা এবং আন্ধার সৃষ্টিশীল শক্তি বস্ততঃ দুই বা পৃথক নহে, ইহাকে দ্বৈক বা একভাবের দুইটি দিকা বনিতে পারি। বলা হইয়াছে অগ্নি এবং অগ্নিব শক্তিকে যেমন পৃথক করা যাম না তক্ষপ দিব্য প্রমতঃ এবং তাহাব চিংশক্তিকে আমন। পৃথক ক্রিতে পানি না । যাহা অতি গভীরভাবে নীরব ও অচল, যাহা পূর্ণ নিজ্ঞিয় এমন কিছ রূপে আমাদের আয়ার যে প্রথম অনুভৃতি হয তাঃ। আয়ান পূর্ণ গত্য নহে, আরও একটা উপলব্ধি হইতে পারে, যাহাতে নিজেব শক্তিন নধ্যে হিত ব জগৎ ক্রিয়া ও জগৎ সত্তাব নিমিত্ত রূপী আত্মাকে অনুভব কবা যায়। তথাপি আন্ধা ব্ৰদ্ধেৰ একটা মৌলিক বিভাব, যদিও তাহাতে তাহাৰ নৈৰ্ব্যাঞ্জিকতাৰ উপর কিছু অতিরিক্ত জোব দেওয়া হইয়াছে; সেইজন। থাগার শক্তিনে এমন মনে হয় যে তাহা স্বতঃপুৰুত হইয়া কাৰ্য্য কৰে, আত্মা তাহাকে ধাৰণ করিয়া রাখিযাছে, আন্ধাই তাহাব ক্রিয়াব গাক্ষী আশ্রুয় প্রবর্তক ও ভোক্তা, কিন্তু শুহুর্তের জন্যও আত্মা সে ক্রিয়াবলির সঙ্গে জড়ীভূত হয় না। যখনই আমরা আত্মার অনভব লাভ কবি, তখনই আমরা তাহাকে নিতা, অজ, অরূপ এবং নিম্পের কর্মে নির্নিপ্ত এই রকম বোধ কবি। সামাদেন সন্তান অন্তবে তাখাকে স্থান্দ-রূপেও অনুভ্ব কবি, তিনি চাবিদিকে স্বস্থিত আছেন তেমনি তিনি উপরেও রহিষাছেন এবং উদ্ধৃ হইতে তাহার কপায়ণকে দেখিতেছেন। যনুভব করি य िंनि गर्वेद्यात्री, गर्वेत्रपार्थ मय वा এक, जनस, उन्न, निका, जल्लेगा এই সাম্বাকে ব্যষ্টিৰ সাম্বা, চিন্তাকাৰীর, কন্মীন এবং ভোজাব সাম্বা নলিয়াও অনভব করা যায়, কিন্তু সে সময়েও তাহাব বৃহত্তর বা পনা প্রকৃতি দর্বদ। বর্তুমান থাকে: কারণ তাহার ব্যক্তি বা ব্যাষ্ট্রিয়ের সঞ্চেই থাকে তাহার সার্ব্বভৌমন্ত বা সর্ব্বভৃতাধিবাসত্ব এবং অতি সহজে সেই ভাবেন মধ্যে তাহা চলিয়া যাইতে পারে এবং তাহার পরের ধাপে বিশুকে নি'শেষে অতিক্রম কবিয়া পুর্ণরূপে অনিব্রাচ্য চরম তত্ত্বের মধ্যে অন্প্রবিষ্ট হইতেও পারে। আত্ম ব্যানের সেই বিভাব যাহার মধ্যে আমর৷ যুগপুৎ পাই জীবভূত, বিশ্বান্থক এবং বিশ্বাতীত স্বরূপের অন্তরঙ্গ অনুতর। আত্মার উপলব্ধিই সহজ সরল পত্মা, যাহ। কিপুতার সহিত ব্যক্তির মক্তিতে, নিশ্চল বিশ্বাম্বভাবে এবং প্রকৃতিব উর্দ্ধে স্থিত স্থিতির

#### দিবা জীবন বার্ডা

দিকে নইয়া যায়। ইহার সঙ্গেই এই আন্ধোপনন্ধির আর একটা দিক আছে যাহাতে বোধ হয়, কেনল যে সর্বেপদার্থের আশুয় হইয়া সর্বেত্র ব্যাপ্ত হইয়া সকলকে ঘিরিয়া আন্ধা বর্ত্তমান আছে তাহা নহে, কিন্তু আন্ধাই সর্বেপদার্থ হইয়াছে, তাহা প্রকৃতিব সকল সম্ভূতির সহিত স্বাধীন ভাবে একীভূত, কিন্তু এখানেও স্বাধীনতা এবং নৈর্ব্যক্তিকতাই আন্ধার স্বভাব। জগতে পুরুষের যেমন প্রকৃতির আপাতবশ্যতা দেখা যায়, তাহা আন্ধাতে নাই। নিজশক্তির বিন্দুমাত্র অধীনতাও তাহাতে দৃষ্ট হয় না। আন্ধাকে উপলব্ধি করিবার অর্থই হইল চিৎসভার নিত্যস্বাধীনতার উপলব্ধি।

সেই চেতন-সত। যখন প্রকৃতিব রূপ ও ক্রিয়ার প্রবর্ত্তক, সাক্ষী, ভর্ত্তা, প্রভু এবং ভোক্তা তখন তিনি হন পুক্ষ। জীবভূত ও বিশ্বভূত, সম্ভূতির সঙ্গে একীভূত ও তাহাদের মধ্যে সংবৃত হইয়াও যেমন আশ্বারূপ বিভাব তাহার মৌলিক বিশ্বাতীত স্বভাব হইতে কখনও বিচ্যুত হয়না, তেমনি পুরুষ রূপ বিভাবও তাহার সার্ন্বিক-ব্যক্তি স্বভাবের (universal-individual) পরিচয় দেয়; তাই পুরুষ যথন প্রকৃতি হইতে বিবিক্ত বা পৃথক হইয়া থাকে তখনও প্রকৃতির সঙ্গে তাহাব অন্তবঙ্গ যোগেব হানি হয় না। এইজন্য চিন্ময় পুরুষ তাহার নৈর্ব্যক্তিকতা, নিত্যতা এবং সার্ব্বভৌমতা বন্ধায় রাখিয়াও অধিকত্ব ভাবে ব্যক্তিকতা \* গ্রহণ ক্রে; ইহা প্রকৃতির মধ্যস্থ নৈর্বেক্তিক-ব্যক্তিক পুৰুষ, পুকৃতি হইতে যাহা পূৰ্ণৰূপে নিচিছনু কখনও হয না ; প্ৰকৃতি পুরুষের জন্যই ক্রিয়াণীলা হয়—তাহার অনুসতিতে তাহারই ইচছা এবং ভোগের জন্য। আমবা যাহাকে প্রকৃতি বলি চিন্ময় পুরুষই সেই শক্তির উপৰ নিজ চৈতন্য আনোপ করে, দর্পণেৰ মত সেই চৈতন্যে প্রকৃতির ক্রিয়া গ্রহণ করে, বিশ্বেন কার্যাকরী শক্তিরূপে প্রকৃতি যে রূপ স্ঠাট করিয়া তাহার উপৰ আবোপ কৰে তাহাকে স্বীকাব কৰে, প্ৰকৃতির ক্ৰিয়া ও গতিতে কখনও অনুমতি বা অনুমোদন দেষ, কখনও বা তাহা প্রত্যাহার করিয়া নেয়। প্রকৃতির স্হিত সম্বন্ধযুক্ত চিন্ময় পুক্ষের স্থাৎ পুক্ষ প্রকৃতিরূপী এই ম্মীর উপলব্ধির বাস্তব মূল্য খুব বেশী, কারণ ইহাদের বিভিন্ন সম্বন্ধের উপর শরীরী জীবের

সংখা দশন এই থাক্তিকভার উপর জোর দিয়াছে, বহপুক্রকে বীকার করিয়াছে এবং গ্রহুতিকে বিশ্বজনীনতা বা সার্বভৌমত্ব দান করিয়াছে; এই মতে প্রভেত্তক পুকুষের স্বভন্ত সন্তা আছে যদিও সকল পুকুষই ভোগ করে এক বিশ্ববাদী সামাক্ত প্রকৃতিকে।

## ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

চেতনার সমস্ত খেলা, সকল ক্রিয়া নির্ভন্ন করে। আমাদের মধ্যস্থিত পুরুষ যদি নিজ্ঞির থাকিয়া প্রকৃতিকে ক্রিয়া করিতে দেয়, প্রকৃতি যাহা তাহার উপর আরোপ করে তাহা স্বীকার করিয়া নেয, তাহার কার্য্যে সর্বেদ। যদি স্বতঃই অনুমোদন করে, তাহা হইলে আমাদের মনপ্রাণদেহের মধান্থিত জীবসত্তা বা আমাদের মনোময প্রাণময় এবং জড়ময় সত্তা হইয়া পড়ে আমাদের প্রকৃতির অধীন, প্রকৃতিন রূপায়ণেব হারা হয় শাসিত, তাহার ক্রিযাবলি হারা হয় পরিচালিত , অবিদ্যাব মধ্যস্থিত আমাদের ইহাই স্বাভাবিক অবস্থা । কিন্তু পুরুষ নিজেকে সাক্ষীস্বরূপ জানিয়া যদি প্রকৃতি হইতে সরিয়া দাঁড়ায, তবে তাহাই হয জীবেৰ স্বাধীনতালাভের প্রথম পদক্ষেপ, কাবণ যে তখন হয় প্রকৃতি হুইতে বিচিছ্যু এবং মুক্ত এবং তাহার পক্ষে প্রকৃতি ও তাহাব ক্রিযাপদ্ধতি-সমূহকে পূর্ণ স্বাধীনভাবে জানাও হয় সম্ভব, কাবণ তখন সে পুকৃতিব কাজের সঞ্জে জডীভূত খাকে ন। বলিয়া প্রকৃতিব কার্যাকে স্বীকাব বা অস্বীকাব উভয়ই করিতে পারে, প্রকৃতিব কার্য্যে তখন আর তাহার স্বতঃ অনুমোদন খাকে না, স্বাধীনভাবে অনুমতি দিতে এবং তাহা কাৰ্য্যকৰী করিতে পাৰে; পুক্তি আমাদের মধ্যে কি করিবে বা না করিবে তাহার নিয়ন্তা তখন আমরাই হইতে পারি অথবা তাহার কার্য্য হইতে সম্পূর্ণভাবে সবিয়া গিয়া সহজেই আশ্বার চিন্ময় নৈঃশব্দোর মধ্যে প্রবেশ করিতে পাবি অথবা তাহাব বর্ডমান রূপায়ণ-সম্হকে বর্জন করিয়া সত্তার কোন আধ্যান্ত্রিক স্তবে উঠিয়া যাইতে এবং তথা হইতে আমাদেব জীবনকে নৃতন করিয়া গডিযা তুলিতে পাবি। পুরুষ তুখন আর অনীশ নয়, নিজেব প্রকৃতির অধীশুর।

সাংখ্য দর্শনে পুরুষপুকৃতিতত্ত্বেন সংবাঁপেক। বিস্তৃত এবং গভীব আলোচনা পাই। এই দুই সেখানে চিরকালই পরস্পন হইতে ভিনু কিন্তু পরস্পবের সহিত্ত সম্বন্ধ, সেখানে পুকৃতি ক্রিয়াশক্তি কিন্তু তাহার চৈতন্য নাই; কাবণ চৈতন্য আছে পুরুষের, তাই পুরুষ হইতে বিযুক্ত পুকৃতি জড়, অচেতন এবং যন্ত্রধানী; পুকৃতি তাহার রূপায়ণের ও ক্রিয়ার ভিত্তিরূপে আদিভূত জড়কে গঠিত করে, এবং তাহার মধ্যে প্রাণ ইন্দ্রিয় মন ও বুদ্ধিকে ফুটাইয়া তোলে; কিন্তু প্রকৃতির অংশ এবং জড়ভূতের মধ্যে প্রকৃতি হারা নির্দ্রিত বলিয়া বৃদ্ধিও হয় জড়, যন্ত্রধানী এবং অচেতন; জড়বিশ্বে নিশ্বেতনের ক্রিয়াবলিন মধ্যে পরম্পরের যথাযোগ্য পূর্ণ সম্বন্ধ এবং ছন্দ কি করিয়া বজায় থাকে এ প্রশ্রের উপর সাংখ্যের এই সিদ্ধান্ত অনেকটা আলোকপাত করে; ইন্দ্রিয়মানস এবং বুদ্ধির যান্ত্রিক ক্রিয়াবলির

#### দিব্য জীবন বার্তা

উপর চিদ্রপী আদ্বার আলোক আসিয়া পড়ে বর্লিয়া তাহারই চেতনায় তাহার। হয় সচেতন, তেমনি সেই চিৎসত্তার অনুমতি ও অনুমোদনে তাহারা হয় সক্রিয়। প্রকৃতি হইতে সরিয়া দাঁড়াইয়া পুরুষ হয় স্বাধীন স্বতন্ত্র ; জড়ের সঙ্গে জড়ীভত হইতে অস্বীকার কবিয়া হয় প্রকৃতির পুভু। প্রকৃতিব উপাদান এবং ক্রিয়ার মধ্যে আছে তিনটি তত্ত্ব, তিনটি প্রণালী বা তিনটি গুণ ; এই ত্রিগুণই আমাদেব শবীর ও মনেব মূল উপাদান এবং ক্রিয়াবলিব নিমিত্ত; এই তিনগুণের একটি জড়তৰ ( তমোগুণ ), দিতীয়টি পতিতৰ ( বজোগুণ ), তৃতীয়টি প্ৰকাশতৰ, সাম্যা, আলোক এবং সামঞ্জন্যে যাহার পরিচ্য পাওয়া যায় ( সম্বপ্তণ ) ; এই সমস্ত গুণোৰ মধ্যে যথন বৈঘম্য দেখা দেয় তথন প্ৰকৃতি হয় সক্ৰিয় এবং যখন গুণসাম্য আসিয়। পড়ে তখন সে হয় নিজিয়। সাংখ্যমতে পুরুষ বহু, এক এবং অদিতীয় নয়, কিন্তু প্রকৃতি এক। মনে হয় ইহা হইতে এই সিদ্ধান্ত করা যায় যে জগতে আমব। যেটুকু একত্বেব তত্ব দেখিতে পাই তাহা প্রকৃতির অন্তৰ্গত : কিন্তু প্ৰত্যেক পুৰুষই স্বতন্ত্ৰ এবং অনন্যসাধাৰণ ; প্ৰকৃতিকে ভোগ করিবাব মধবা তাহা হইতে মুক্ত হইবার ব্যাপাবে প্রত্যেকেই একা এবং অন্য হইতে পৃথক। যথন আমরা বাটি আন্তা এবং বিশুপুকৃতির তন্তাবলি প্রত্যক্ষ অন্তব-ম্পর্শ ও অনুভূতি দ্বাবা জানি, তখন দেখিতে পাই যে সাংখ্যের এ সমস্ত সিদ্ধান্তই সত্য ; কিন্তু এ সমস্ত ব্যবহারিকভাবে সত্য এবং আমরা এ সমস্তকে আস্বা এবং পুকৃতিৰ কাহারও সমগ্র শত্য বা মূল শত্যরূপে গ্রহণ করিতে বাধা নই। জড়জগতে পুকৃতি অচেতন শক্তিরূপে দেখা দেয় বটে, কিন্তু ক্রমে যেমন চেতনা উপরের ধাপসমূহে উঠিতে খাকে, তখন দেখিতে পাই প্রকৃতি ক্রমশঃ অবিকতররূপে নিজেকে চেতন শক্তিরূপে বাক্ত কবিতে খাকে এবং আমরা অনুভব করি তাহার নিশ্চেতন। এক গুপ্ত চৈতন্যকে গোপন কৰিয়। রাখিয়াছিল; তেননি বাষ্টচেতনায় দেখি পুরুষ বহু বটে, কিন্তু তাহার স্বন্ধপে তাহাকে সর্বেব মধ্যে এক এবং তাহাব নিজের স্বরূপস্থিতিতে এক বলিয়া অনুভৰ করিতে পারি। তাহা ঢাডা, পুক্ষ-প্রকৃতিকে দুই বলিয়া যে অনুভৃতি তাহা সত্য কিন্তু তাহারা যে এক এ অনুভূতিও সত্য । প্রকৃতি বা শক্তি তাহার রূপ এবং ক্রিয়া পুরুদেব উপর আলোপ করিতে যে সক্ষম হয় ভাহার কারণ এই যে পুক্তি বা শক্তি পুরুষের আত্মপুকৃতি বা আত্মশক্তি; তাই পুরুষ তাহাদিগকে নিজের বলিয়া গ্রহণ কবিতে পারে, স্বাবার পরুষ প্রকৃতির প্রভূ হইতে পাবে, যেহেতু ইহ। তাহার নিজের প্রকৃতি যাহাকে তাহার ক্রিয়ার মধ্যে

### ব্ৰহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

সে নিজ্জির থাকিয়া দেখিতেছিঁল; কিন্তু তাহাকে শাসিত এবং নিয়ন্ত্রিত করিবার শক্তি তাহার আছে. এমন কি নিজ্জিযতার মধ্যেও প্রকৃতির কার্যো পুরুষের সনুমতি বা অনুমোদনেব পুযোজন ছিল; ইহাতেই পুমাণ হয় যে এই দুই তেরু কর্থনও পরস্পরেব অনাদ্ধীয় নয়। সন্তার আন্ধপ্রকাশেব ক্রিয়ার জন্য দৈতের বা দুইনপে স্থিতির এই অবস্থা গ্রহণ কবিবার প্রয়োজন ছিল বলিবাই এ ব্যবস্থা; কিন্তু তাহা বলিয়া সত্তা এবং চিংশক্তিতে, পুরুষ এবং প্রকৃতিতে কোন মৌলিক নিতাতেদ বা ছিম্ব নাই।

সংবস্তু বা আত্মাই চিন্ম্য পুক্ষকপে অবিষ্ঠিত হুইয়া নিজের পুক্তিব ক্রিয়া পর্য্যবেক্ষণ এবং স্বীকার বা শাসন কবেন। প্রুমপুর্কতির মধ্যে একটা মাপাত হৈতবোধ স্ট হয়, যাহাতে পুৰুষেৰ অনুমোদনে পুৰুতি স্বাধীনভাবে নিজেব ক্রিয়াবলি ফুটাইয়। ত্লিতে পাবে, সাবার পুকৃতিব ক্রিয়াকে প্রশাসন ও নিগম্বণ কৰিবাৰ পৰ্কৈ পুক্ষের স্বাধীন ও সৰ্বতামুখী শক্তি বৰ্ত্তমান পাকে; হৈতের আৰও প্রযোজন এই জন্য যে পুৰুষ যে কোন মুখুৰ্তে প্রকৃতিব কোন ক্রপায়ণ হইতে স্বাধীনভাবে স্বিয়া দাঙাইতে পাবে এবং সম্ভ ক্রপায়ণকে ভাঙ্গিয়া দিতে পাবে অথবা কোন নৃত্ৰন বা উচ্চত্ৰ ৰূপায়ন স্বীকাৰ বা ফুটাইয়া ুনিতে প্রকৃতিকে বাধ্য কবিতে পারে। পুরুষের নিজের শক্তি বা প্রকৃতির গজে এই সমস্ত সম্বন্ধের এবং ব্যবহারের যে স্পট গভারনা আছে, তাহা আমাদের পাঁভজ্ঞতায় দেখা যাইতে বা প্রমাণিত হইতে পালে। যে সমস্ত শক্তি অনন্ত ্টেতন্যে স্কাতাবিকভাবে বর্ত্তমান আছে দেখিবাছি এ সমস্থ তাহাৰ ধুজিসিদ্ধ পারণাম। প্রুঘ-বিভাব এবং প্রকৃতি-বিভাব সর্বদ। একসঙ্গে বর্ত্তমান থাকে এবং পুক্তি বা চিংশক্তি ক্রিয়ান মধ্যে যে স্থিতি গ্রহণ করে, পুকাশ করে বা ফুটাইয়া তোলে, পুক্ষে তাহাব অনুরূপ স্থিতি দেখা দেয়। চরম ও পরম স্থিতিতে যখন পুরুষ পরম চৈতন্যময় বা পুরুষোত্তম, তথন চিৎশক্তি হয় তাহার পবাপ্রকৃতি। প্রকৃতির ক্রনগতির পুত্তাক ধাপে বা স্থিতিতে পুরুষ সেই ধাপের অনুরূপভাবে স্থিত হয়, মনঃ-পুকৃতিতে হয় মনোময় পুরুষ, প্রাণপ্রকৃতিতে প্রাণমণ পুরুষ, জড়প্রকৃতিতে यनुमय शुक्रम, यिजानतम विखानमय शुक्रम, श्राम यशाम विजित्त स्य यानन-ম্য পুরুষ বা ওদ্ধ সংস্করপ। ইহাই আমাদের মত শ্রীবী বাটি জীবসমূহের নধ্যে চৈত্যপ্রুষ বা অন্তরাম্বারূপে সর্ব্বপশ্চাতে অবস্থিত থাকিয়া আমাদের

#### দিবা জীবন বার্ত।

চৈতনা এবং চিন্ময়সন্তার অন্য সকল রূপায়ণকৈ ধারণ করিয়া রহিয়াছে। আমাদের মধ্যের জীবান্ধা বা ব্যষ্টিপুরুষই বিশ্বে বিশ্বান্ধা এবং বিশ্বাতীত অবস্থায় বিশ্বাতীত সত্তা বা বিশ্বাতীত পুরুষ; এই ব্যষ্টিপুরুষ এবং আদ্ধার একান্ধতা খুবই স্পষ্ট, ইহা বস্তু বা সভার মধ্যে শুদ্ধ নৈর্ব্যক্তিক-ব্যক্তিক (impersonal-personal) রূপে আদ্ধার স্থিতি—নৈর্ব্যক্তিক কেননা ব্যক্তিগত গুণধারা তাহার মধ্যে ভেদের স্পষ্টি হয় নাই, ব্যক্তিক কেননা প্রত্যেক ব্যষ্টিতে আদ্ধা যে ব্যষ্টিভাবাপন্ন হইতেছে ইহাই তাহার শাস্তা বা নিয়ানক— আদ্ধাই তাহার চিংশক্তি বা তাহার নিজপ্রকৃতিব কার্য্যকরী শক্তির সকল ক্রিয়ার বিধাতা, সেইজন্য ক্রিয়াব অনক্রপভাবে পর্ব্বে পর্ব্বে তাহাব অবস্থান।

প্রক্ষপ্রকৃতিব বিশেষ কোন মিলনে প্রক্রম যে রূপই গ্রহণ করুন না কেন্ উভয়েব মধ্যে যে সম্বন্ধ স্থাপিত হউক না কেন, ইহা স্পষ্ট যে মৌলিক সমস্ত বিশ্ব-ভাবনায় পুরুষই প্রকৃতির প্রভু এবং নিয়ন্ত। ; কারণ যখন পুরুষ প্রকৃতিকে নিজেব ভাবে নিজ নির্বাচিত পথে চলিতে দেন, তখনও প্রকৃতির কর্ম্মে পুরুষের সন্মতিব প্রযোজন থাকে। এই তহটির পূর্ণতম প্রকাশ পায় সত্যস্বরূপ ব্যাের তৃতীয় বিভাবে সর্থাৎ ঈশ্বরে, যিনি জগতেব শ্রন্তা ও প্রভূ। এ বিভাবে যিনি পর্ম পুরুষ, যিনি বিশাতীত হইযাও বিশাবিকা চেতনা ও শক্তিতে প্রকা-শিত, তিনি সন্মধে আসিয়া দাঁড়ান,—তিনি সর্বেশক্তিমান, সর্বেজ, সর্বেশক্তির পরিচালক সকল সচেতনের বা নিশ্চতনের চেতনা, সকল আম্বার, মনের क्रमरयत, रमरहत मरभा जिनि जन्नर्यग्रामी, जनिवामी, मर्न्वकर्त्वत नियन्त्र। ও অধ্যক্ষ, সকল আনন্দেব সকল রসের ভোক্তা, নিজের সত্তার মধ্যেই সর্ববস্তুর সুষ্টা, তিনি সর্বেময় পুরুষ, সকল পুরুষ, সকল সত্তা যাহার ন্যাষ্ট অভিব্যক্তি, যিনি বিশ্বেৰ সকল শক্তিৰ মূল শক্তিস্বরূপ; তিনি প্রমান্ধ। সংবভূতাদ্ধা; সংরূপে তিনি জগংপিতা, চিংশক্তিরূপে জগন্মাত।, সর্বপ্রাণীর বন্ধু, সকল আনলের ঘনবিগ্রহ এবং সর্বসুন্দব, জগতেব সকলরূপ ও আনন্দের সকল ধারাই যাহাব পুকাশ, যিনি পূর্ণ বা সর্বেপ্রেমিক এবং সর্বে প্রেমাস্পদ। ভাবে দেখিলে এবং বুঝিলে সত্যন্ধরূপের সকল বিভাবের মধ্যে এই বিভাবই এক হিসাবে সর্বাপেক্ষ। ব্যাপক মনে হয, কেন না এখানে এক রূপের মধ্যে পকল আসিয়া মিলিত হইয়াছে ; কাবণ ঈশুর যুগপৎ বিশ্বাতীত এবং বিশ্বগত বা বিশ্বের মধ্যে অনুস্যুত, সকল ব্যক্তিম্বের তিনি আশ্রুয়; সকল ব্যক্তির মধ্যে তিনিই অধিবাসী এবং সকল ব্যক্তিম স্বতিক্রম করিয়া তিনি বর্ত্তমান : তিনি

## ব্রহ্ম, পুরুষ, ঈশর—মায়া, প্রকৃতি, শক্তি

পরম এবং সর্ব্বগত বুদ্ধ, চর্ম তত্ব, পরমাত্মা এবং পুরুষোত্তম।\* কিন্তু ইহা খুবই স্পষ্ট যে সাধারণে প্রচলিত ধর্মে যাহাকে ঈশুর বলে তিনি তাহা নহেন, কেননা সে ঈশুর তাহার গুণ ছাবা সীমিত, বিশিষ্ট ব্যক্তি এবং অন্য সকল হইতে পৃথক; এই সমস্ত ব্যক্তিক দেবতা সেই এক অন্বয় ঈশুরের সীমিত প্রতিনিধি বা খণ্ড নাম এবং দিবা ব্যক্তি সন্তা। যিনি সক্রিয় এবং স্বর্ত্তণের আধার সেই সবিশেষ বুদ্ধ, তিনিও এ ঈশুর বা পুরুষোত্তম নহেন, কারণ সগুণ বুদ্ধ তাহার একটি বিভাব মাত্র, তেমনি নিগুণ নিজ্মির বুদ্ধও তাহাব সন্তার আর একটি বিভাব। ঈশুরই সত্যস্বরূপ বুদ্ধ, আত্মা ও চিৎসত্তা; তাহার আত্মসত্তার তিনি আশুয় এবং ভোক্তা; তিনিই বিশুস্থাইা, বিশ্বের সহিত এক বা বিশ্বরূপ অথচ জগদতীত, তিনি নিত্য, শাশুত, অনস্ত, অনির্ব্বাচ্য এবং স্বর্ধাতীত দিব্যসন্তা।

মানসিক ভাবে চিন্তা করিতে গিয়া আমরা ব্যক্তিভাব এবং নৈর্ব্যক্তিকতার মধ্যে যে অত্যন্ত বিরোধ দেখিতে পাই, তাহা জগতের বাহ্য পবিচয়কে ভিভি করিয়া মনেরই স্পষ্ট ; কারণ এই পার্ণিব জগতে যে নিশ্চেত্রন হইতে সর্ব্ব-পদার্থ উদ্ভুত হইয়াছে তাহা পূর্ণ নৈর্ব্যাক্তিক; অচেতন শক্তিরূপা প্রকৃতি তাহার ব্যক্ত সভায় এবং ক্রিয়াতে নিতান্তই নৈর্ব্যক্তিক ; সমস্ত শক্তি পরিয়া আছে এই নৈৰ্ব্যক্তিকতাৰ মুখোস ; বস্তুর সমস্ত গুণ এবং বীর্য, এমন কি পেম আনন্দ এবং চেতনাতেও এই নৈর্ব্যক্তিকতা দেখিতে পাই। নৈর্ব্যক্তিক এই জগতে ব্যক্তিভাব চেতনাব স্বষ্ট একটা ছায়ামুডি বলিয়াই যেন মনে হয়: শক্তির, গুলোর, প্রকৃতির অভ্যন্ত ক্রিয়ার সঙ্কোচ বা সীমাব দারা গঠিত একটা রূপায়ণের মধ্যে ব্যক্তিভাব জাত হয়, ইহা আম্বান্ভবের একটা সন্ধীর্ণ সীমার মধ্যে বন্ধ, ইহাকে আমাদের অতিক্রম কবিতে হইবে, বিশ্বাস্থভাব লাভ করিতে গেলে এ ব্যক্তিভাবকে ভাঙ্গিতে হয়, যাব বিশ্বাতীতভাবে পৌঁছিতে গেলে ত কথাই নাই। কারণ আমরা এইভাবে যাহাকে ব্যক্তিভাব বলি তাহা বহিশ্চর চেতনার একটা রূপায়ণ মাত্র : ইহার পশ্চাতে আছেন এক পরম ব্যাক্তি যিনি বছ ব্যক্তিভাব গ্রহণ করেন, এবং বহু ব্যক্তিভাব গ্রহণ করিলেও তিনি সতা এবং শাশুত যে অম্বয় ছিলেন তাহাই থাকেন। বৃহত্তব দৃষ্টি দিয়া দেখিলে আমরা বলিতে পারি নৈর্ব্যক্তিকতা এই পরম ব্যক্তিবই একটা শেক্ত মাত্র ; সৎ পরুষ

#### দিব্য জীবন বাৰ্তা

না থাকিলে শুধু সৎ বা সত্তার কোন অর্থই হয় না, সচেতনকপে কেহ না থাকিলে চেত্তনার দাঁড়াইবার কোন স্থান থাকে না, ভোক্তা কেহ না থাকিলে আনন্দ হয় নিরর্ণক এবং আনন্দ যে আছে তাহার প্রমাণ হয় না ; প্রেমিক না হইলে প্রেমের ভিত্তি খুঁজিয়া পাওয়া যায় না, প্রেম পূর্ণ ও সার্থক হয় না, একজন সর্ব্ব-শক্তিমান না থাকিলে সর্বেশক্তিই হয় ব্যর্থ ও নিক্ষল। কারণ আমবা পুরুষ বা ব্যক্তি বলিতেই বুঝি চৈতন্যময় সত্তা ; এ জগতে ব্যক্তিভাব নিশ্চেতনেরই একটা রূপ, একটা পরিণাম রূপে উন্মিঘিত হইলেও প্রকৃত পক্ষে সে তাহা নয় ; কারণ নিশ্চেতনা নিজেই গোপন চেতনার এক বিভূতি ; দেখিতে পাই যাহ। উন্মিঘিত হইতেছে তাহা, যাহা হইতে উন্মিঘিত হইতেছে তদপেক। বৃহত্তব বা মহত্তর; তাই জড়ের চেশে মন বড়, মনের চেয়ে অন্তরাক্সা বড়; আন সকলেব চেয়ে বড হইল চিম্বস্তু, যাহা গুহাতম চরম তত্ত্ব, যাহার উন্মেদ ও প্রকাশ হয় সর্বেশেষে এবং এই চিম্বস্তুই পুরুষ, সর্বেব্যাপী চৈতন্যময় সত্তা, সর্বব্যক্তি (the All-Person)। আমাদেব মন এই খাটি পরম পুরুষকে জানে না ; সে ভুল কবিয়া আমাদের বহিশ্চৰ অহণ্ডবং গীমিত ন্যাষ্ট প্রকাশের অনভবকে ব্যক্তিভাব বা পুৰুষ তত্ত্ব মনে কৰে, এবং এক নিশ্চেতন সত্তা হইতে সীমিত চৈতন্য এবং ব্যক্তিষের অনোৎপাদনকারী প্রাতিভাসিক উন্মেষ শুধু দেখে—এইসমস্ত কাৰণে সভাবস্তুৰ ব্যক্তিভাৰ এবং নৈৰ্ব্যক্তিকতা এই দুই বিভাবেৰ মধ্যে এক বিবোধ আনিয়া ফেলে কিন্তু বস্তুতঃ কোন বিবোধ নাই। এক অনস্ত স্বনন্তু সংই (self-existence) প্ৰবম সম্বস্তু কিন্তু সেই সতের সতা এবং তাৎপথা হইতেছে বিশ্বাতীত পরম শাশুত পুরুষ বা পুরুষোত্তম—তাহাকে অনম্ভ পুরুষ বলিতে পারি, কাবণ তিনিই সকল ব্যক্তি-ভাবের স্বৰূপ এবং উৎস ; তেমনি বিশুরূপে যাহা অবস্থিত বিশ্বাদ্ধা বিশুসত্তা বা বিরাট পরুষই তাহার সত্য বা তব এবং তাৎপর্যা ; সেই একই আত্ম।, চিৎ-বস্তু, সত্তা বা পুরুষই,—যিনি বহুরূপে আত্মপ্রকাশ করিতেছেন—ব্যষ্টিরূপে যাহ। স্থিত তাহারও সত্য এবং তাৎপর্য্য।

যাহাকে দিব্যপুরুষ, প্রমপুরুষ এবং সর্ব্রপুরুষ বা বিরাটপুরুষ বলিতেছি তাহাকেই যদি ঈশুর বলি তবে তাহার শাসন বা জ্পৎপ্রশাসন বুঝিবার পক্ষে আমানের এক অন্থবার আসিয়া উপস্থিত হয়; কিন্তু তাহার কারণ আমরা তৎক্ষণাৎ মানব শাসকের সহয়ে আমাদের যে মানসিক ধারণা আছে তাহাই তাহার উপর আবোপ করিয়া বিস ; আমরা তথন তাহার যে ছবি আঁকিয়া

## ব্ৰহ্ম, পুরুষ, ঈশ্বন—মায়া, প্রকৃতি, শক্তি

বিস তাহাতে দেখাই, তিনি সর্বশক্তিমান রূপে জগতে আপনাব খেয়াল খুশিতে মন ও মানসিক সন্ধলপ দারাই কার্য্য কবেন এবং সেই জগতের উপর তাহার নিজের মানসিক ধারণা বা কল্পনাকেই আইন বা বিধান বলিয়া চাপাইয়া দেন ; আবার তাহার ইচ্ছাকেও দেখি তাহার ব্যক্তি স্বভাবের একটা বন্ধনহীন খুশির খেলা বলিয়া। কিন্তু সর্বশক্তিমান অখচ অজ্ঞান মানুষের মত এরকমে অজ্ঞানের যদি সর্বেশক্তিমত্তা আদে) সম্ভব হয়, তবু যথেচছাচারী এক ইচছা বা ভাবনার ঘারা দিব্য পুরুষের কাজ কবিবার কোন প্রয়োজন নাই ; কারণ তিনি ত মন দারা শীমিত নহেন, তাহার অখণ্ড বা সর্ব্বচেতনা আছে যাহাতে সর্বভূতের সকল সত্যের জ্ঞান বর্ত্তমান আছে ; তিনি জানেন যে তাহার সর্ব্জ্ঞান সকলের মধ্যস্থিত সত্য অনুসাবে তাহাদেব তাংপর্য্য, তাহাদেব নিয়তি (necessity) বা সম্ভাবনা তাহাদেব আন্তমভাবেৰ অপৰিহাৰ্য্য পুৰৰ্ত্তনাকে ফুটাইয়া তুলিতেছে। দিব্যপুক্ষ স্বাধীন, কোন নিয়মের বন্ধন তাহার নাই. তথাপি বিধান এবং পদ্ধতিব মধ্য দিয়াই তিনি ক্রিয়া করেন কেননা তাহারা বস্তুর সত্যেরই প্রকাশ, সে সত্য যন্ত্রেব গণিতেব বা অন্য কোন বাহ্যবস্তুর স্থল সতা শুধু নয়, কিন্তু তাহা বস্তুর চিন্ময় স্বরূপ সত্য ; যাহা তাহারা হইয়াতে এবং যাহা এখনও তাহাদের মধ্যে রহিয়াছে অখচ ফুটে নাই কিন্তু ফটাইয়া ভূলিতে হইবে এ সমস্তের সভ্য তাহাতে আছে। তিনি নিজে ক্রিয়ার মধ্যে বর্ত্তমান, কিন্তু ক্রিয়া অতিক্রম করিয়াও তিনি আছেন এবং ক্রিয়ানিরন্ত্রণ এবং গংহরণ করিবার শক্তিও তাহাব আছে ; কারণ একদিকে প্রকৃতি সীমাব মধ্যে জটিলব্যবস্থ৮ ও প্রণালীতে কার্য্য করে অখচ আশ্রয়ন্নপে সে-ক্রিয়ার মধ্যেও আছে দিবাপুক্ষের আবেশ ও অধিষ্ঠান, কিন্তু অন্য দিকে উপব হইতে একটা দর্শন একটা উচচতর ক্রিয়াশক্তি এবং তাহার প্রযোজনা এমন কি একটা হস্তক্ষেপ থাছে. তাহা স্বাধীন কিন্তু যথেচছ নহে, তাহা প্রায়<sup>ই</sup> খামাদের কাছে ভেল্কি বা ইক্রজান মনে হয় যেহেতু তাহা দিব্য পরাপ্রকৃতি হইতে আসিয়া বাহ্য বা অপর৷ প্রকৃতির উপর ক্রিয়া করে ; এখানকার প্রকৃতি সেই পনা-প্রকৃতির এক সীমিত বা খণ্ড প্রকাশ, তাই তাহার হস্তক্ষেপ বা তথা হইতে আলোক, শক্তি এবং প্রভাব নামিয়া আসিবাব ফলে এ প্রকৃতির পরিবর্ত্তন সাধন স্বাভাবিক। এ কথা সত্য যে জডপ্রকৃতি যৱেব মত গণিতের স্বতঃসিদ্ধ িধান মানিয়া চলে, কিন্দু তাহার মধ্যে ক্রিয়াশীন ভাবে চেতনার চিন্ময় বিধানও বহিয়াছে —যাহা প্রকৃতির ক্রিয়াবলিকে ভিতর হইতে একটা নূতন দিকে নেয়, একটা নতন

#### দিব্য জীবন বাৰ্ছা

মূল্য অর্পণ করে, তাহাদিগকে সম্ভানে একটা অর্থপূর্ণ যথার্থ পথে একটা গোপন প্রয়োজন সাধনের দিকে লইয়া যায়। তাহারও উপরে আছে একটা চিন্ময় বা আধ্যাদ্বিক স্বাধীনতা এবং স্বাতম্ভ্য, যাহা চিৎ-বস্তর সার্বভৌম এবং পরম সত্যকে জানে এবং সেই সত্যের মধ্যে থাকিয়াই ক্রিয়া করে। আমরা দিব্য জগৎপূর্শানন অথবা তাহার গোপন ক্রিয়াকে হয় পূর্ণরূপে মানবোচিত অথবা অপরিবর্ত্তনীয়রূপে যান্ত্রিক ক্রিয়ার মতই ভাবি। এই উভয় ভাবের দৃষ্টিব মধ্যে সত্যেব কিছু উপাদান আছে বটে, কিন্তু তাহা সত্যের একটা বিভাব একটা দিক মাত্র কিন্তু ইপাদান আছে বটে, কিন্তু তাহা সত্যের একটা বিভাব একটা দিক মাত্র কিন্তু হাঁটি সত্য এই যে যিনি সর্বেরর মধ্যে অম্বয়রূপে এবং সর্বের উপর সর্বোতীতরূপে আছেন যিনি নিজের চেতনায় অনস্থ, তিনিই জগৎ শাসন করি-তেছেন, স্থতরাং অনস্ত চৈতন্যের বিধান এবং ন্যায় অনুসাক্রই আমাদিগকে বিশ্বের অর্থ, উৎপত্তি এবং গতিপ্রকৃতি বুঝিতে চেন্টা করা উচিত।

অহয় সহস্তব এই বিভাবের সঙ্গে তাহার অন্যান্য বিভাব নিবিডভাবে যুক্ত করিয়া দেখিলে, যাহা নিজেতে নিজে বর্ত্তমান সেই শাশুত আত্মসত্তার (Self-Existence) এবং যাহাব দ্বাবা তাহা জ্বগৎ প্রকাশ করে, তাহার সেই চিৎশক্তির গতি ও ক্রিয়ার মধ্যে কি সম্বন্ধ তাহা বুঝিতে পাবি। আমরা নিজেদিগকে নিশ্চল নিজ্ঞিয় স্বয়ষ্ট্রসভাব নৈঃশবেদ্যর মধ্যে স্থাপিত করি, তাহা হইলে বোধ হইবে যে যাহার সকল ধারণা ও ভাবনাকে রূপায়িত করিবার সামর্থ্য আছে তেমন এক চিংশক্তি বা মাযা, যিনি সেই নীবৰ প্রুষেব স্ক্রিয় লীলা-সঙ্গিনী, তিনিই সকল ক্রিয়া করিতেছেন; চিৎশক্তি নিশ্চল নিজ্ঞিয় শাশুত সভাতে প্রতিষ্ঠিত থাকিয়া সেই চিন্ময় বস্তুকে নানাভাবে ঢালিয়া স্কল প্রকার বিচিত্র রূপ এবং গতি ফুটাইয়া তুলিতেছে, আর নিজ্ঞিয় পুরুষ তাহাতে সন্মতি দিতেছেন অথবা নিরপেক্ষ এক আনন্দ ভোগ করিতেছেন, সে আনন্দ তাহারই স্পষ্ট এবং ক্রিয়াশীল সতার নিশ্চল বা নিষ্ক্রিয় আনন্দ। এই স্ক্রিয় সন্তা সত্য হউক বা ভ্রম হউক ইহাই তাহার তম্ব ও তাৎপর্য্য। চৈতন্য বা প্রকৃতি, সত্তা বা পুরুষের সহিত লীলারত ; প্রকৃতির শক্তি সত্তাকে লইয়া যাহা থশি তাহা করিতেছে, সত্তাকেই তাহার স্বাষ্টর উপাদানরূপে গ্রহণ করিয়াছে কিন্তু ইহ। সম্ভব হইতেছে প্রতিপদে গোপনভাবে সন্তার সন্মতি রহিয়াছে বলিয়া। এই অনুভূতিতে একটা স্পষ্ট সত্য আছে, আমাদের ভিতরে এবং আমাদের চতুদ্দিকে সর্বেত্রই ইহা ঘটিতে দেখি; ইহা বিশ্বের একটি সত্য স্থতরাং নিত্য সত্যবস্তুর কোন মৌলিক সত্যবিভাবের সঙ্গে নিশ্চয়ই

### ব্ৰহ্ম, পুৰুষ, ঈশ্ব--মায়া, প্ৰকৃতি, শক্তি

যোগ আছে বা সেই বিভাব হইতে জাত হইয়াছে। কিন্তু আমনা যখন বন্তুর সক্রিয বাহ্য প্রতিভাস হইতে ভিতরে প্রবেশ করি—সাক্ষী পুক্ষের নৈ:শব্দ্যে নয়, কিন্তু চিম্বস্তুর বা ব্রদ্রের সক্রিয় লীলার আন্তর অনুভূতিতে—তখন আমরা এই চিৎশক্তি বা মায়াকে সন্তার, সমন্ত্র সংপুরুষের বা স্থারেরই শক্তি বলিয়া এই পরম পুরুষ মায়ার এবং সর্বভূতের অধীশুর, আমরা দেখি যে তাহার প্রভূষশক্তিতে তিনিই তাহাব আত্মপ্রকাশের সুষ্টা এবং শা<mark>ন্তারূপে</mark> সব কিছু করিতেছেন; অথবা যদি তিনি পশ্চাতে অবস্থিত থাকেন এবং প্রকৃতির শক্তি এবং তাহাব স্কষ্ট পদার্থ সকলকে ক্রিয়ার স্বাধীনতা দেন তথাপি তখায় তাহাব অনুমতির মধ্যে স্বভাবতই রহিয়াকে তাহাকে প্রভু বলিষা স্বীকার ; প্রতি পদে 'তথাস্ত্র' 'তাহাই হউক' বলিয়া আছে তাহাব অনুচচারিত বা প্রচছনু অনুমোদন; কারণ তাহা না হইলে জগতে কোন কাজই চলে না, কিছু ঘটে না। ঙদ্ধ সত্ত। এবং তাহার চিৎশক্তিতে, পুরুষ এবং প্রকৃতিতে স্বরূপতঃ কোন হৈত থাকিতে পারে না ; প্রকৃতি যাহা কবে তাহা বস্তুতঃ পুরুষের মারাই কৃত হয়। আমরা যখন অজ্ঞানের সাবনণ উন্মোচন কবিয়া ভিতবে যাই তখন এমন এক সজীব সত্যবস্থার অধিগ্রান অনুভব কবি যাহাই সর্ববস্থা এবং সর্বনিয়ামক ও সর্বেশক্তিমান এবং সকলেব শাস্তা ও নিযন্তা ; যিনি চরম ও পরম সত্য ইহাও তাহার এক মূল সত্যবিভাব।

আবার আমবা যদি নৈঃশবেদ্য সমাহিত হইয়া তাহাতে ডুবিয়া থাকি, তাহা হইলে স্পষ্টিশীলা চেতলা এবং তাহাব সমস্ত ক্রিয়াবলি নৈঃশবেদ্যর মধ্যে অস্তর্হিত হইয়া যায়; তথন প্রকৃতি এবং সৃষ্টি আব আমাদেব কাচে থাকে না অথবা তাহা আর সত্য থাকে না । পক্ষান্তরে সন্তাব সেই বিভাবের উপর যদি ঐকান্তিক দৃষ্টি স্থাপন কবি যে বিভাবে তিনিই একমাত্র বর্ত্তমান পুরুষ এবং শাস্তা, তবে যে শক্তি দারা তিনি সর্বে কার্য্য করেন তাহা তাহাব অন্বিতীয়তার মধ্যে লুকাইয়া পড়ে অথবা তাহার বিশ্বব্যাপী ব্যক্তিভাবেব একটা গুণ, ধর্ম বা বিভূতি হইয়া যায়; বিশ্বের মধ্যে তাহা হইলে একই সন্তা বা পুক্ষকে দেখি একচছত্র স্মাটকাপে। কিন্তু এ উভয়বিধ অনুভবই মনেব কাছে নানা বিরোধ ও বাধার স্কষ্ট করে, তাহার কারণ স্থিতি অথবা গতিতে মন আন্থশক্তির সত্য অনুভব কবে না, অথবা একান্ত ভাবে আন্থার নেভিভাবের অনুভবেব দিকেই শুধু মুঁকিয়া পড়ে কিন্তা প্রমাধ্য পুরুষের জগংশাসনের উপর মানুষী ভাবের আরোপ কবে। স্পষ্টই দেখি, আমরা যে অনন্তের দিকে দৃষ্টি দিতেছি তাহার আন্থশক্তিতে আছে বহুকিয়া

#### দিব্য জীবন বার্ত্তা

বহুগতি প্রকাশ করিবার সামর্থ্য এবং সে গতির প্রত্যেকটি সত্য। তাই আরও ৰুহৎ ভাবে যদি দেখি এবং নৈৰ্ব্যক্তিকতা ও ব্যক্তিভাবে যে সত্য আছে তাহাকে একই সত্য বলিয়া বুঝি, এবং সেই আলোকে অর্থাৎ নৈর্ব্যক্তিকতার মধ্যন্থিত ব্যক্তিভাবের আলোকে, যদি দেখি তাহা হইলে আত্ম এবং আত্মশক্তির দৈক বিভাব দেখিতে পাইব, তখন সত্যবস্তুৰ প্রম ব্যক্তিভাব হইতে আবির্ভূত এক দিম্ত্রির-স্পুর ও প্রকৃতিব, জগংমুষ্টা দিব্যসাম্বা এবং জগংমুষ্টা দিব্য মাতৃম্ভির দেখা মিলিবে: তাহা হইলে বি.পুব পুরুম-ও-স্ত্রীতবের খেলা এবং পরস্পরের মিলন অগব। ক্রিয়া এবং প্রতিক্রিয়া যে জগৎ-স্ফটির জন্য অবশ্য প্রয়োজন তাহা বুঝিব। স্বয়ন্তু সত্তার অতিচেতন সত্যে এই তব্ব গলিয়া মিলিয়া এক হইয়া বা সেখানে প্রত্যেকের ভিতবে অপরে অন্তর্ভুক্ত হইয়া আছে ; সেখানে উভ্যেব এক হইতে অন্যকে পৃথক করা যায় না কিন্তু জাগতিক গতি ও ক্রিয়ার মধ্যে, ন্যবহারিক অধ্যাম্ম সত্যে তাহার৷ উন্মিষিত ও ক্রিযাশীল হন ; মাযা বা পৰা প্ৰকৃতি বা চিংশক্তিরূপিণী বিশুসুদ্বী দিব্য জগন্মাতা একদিকে বিশ্বাদ্মা-ঈশ্ববকে এবং অন্যদিকে নিজের আন্তর্শক্তিকে এই দৈত তবরূপে প্রকাতি করেন। বুদ্র, আন্ধা বা ঈশুর তাহাব মধ্য দিয়াই ক্রিয়া করেন এবং তাহাকে ছাড়িয়া কিডুই কবেন না; তাহাব মধ্যে ঈশুরের ইচছা বা সঙ্কলপ অন্তর্নিহিত আছে বটে, কিন্তু সেই প্রমা চিংশক্তিরূপিণীই সকল ক্রিয়া করেন সর্ববিশু প্রকটিত করেন কাবণ সেই বিশুজননী আপন গর্ভে ভ্রের আকারে সমস্ত আত্মা এবং সত্তাকে ধারণ কবিয়া আচেন; এবং পরমেশুরেব কার্য্যকারিণী শক্তিরপে সমস্ত প্রকাশ কবেন: প্রকৃতির বিধানানুসাবেই সবকিছু বর্ত্তমান আচে এবং ক্রিয়া করিতেতে; চিংশক্তিই পবম পুরুষেব সভাকে কোটি কোটি গতিব ধাৰাতে এবং সম্ভুটীননপে চালিত কৰিয়৷ তাহাকে পুকাশ কৰেন এবং তাহার এই অনন্তরূপের সঙ্গে খেলা কবেন ; এইভাবে এই যাহা কিছু আছে সবই সেই চিৎশক্তিন পেলা। যখন আমরা তাহার ক্রিয়া হইতে সরিয়া আসি তখন সমস্তই একটা নীবৰ প্ৰশাহিত্ত ডুৰিয়া যাইতে পালে এবং আমরা একটা নৈঃশব্দোর মধ্যে প্রবেশ করিতে পারি, ইহা সম্ভব হয কেননা তথন প্রকৃতি নিজ গতি স্তন্ধ বা নিজ ক্রিয়া নিবৃত্তি করিতে সম্মত বা ইচ্ছুক হন, কিন্তু আমর। তখন তাহারই পুশান্ত ও নিডৰ স্থিতিতে ড্ৰ দিয়াই সে প্রশান্তি সে নৈঃশব্দাকে লাভ করি। যথন আমবা প্রকৃতি হইতে স্বতম্ত হইতে চাই, তথনও সেই প্রকৃতিই আমাদিগকে উশ্বরের সেই পরমা এবং সর্বব্যাপিনী শাক্তকে প্রকাশ

## ব্ৰহ্ম, পুৰুষ, ঈশ্বৰ—মায়া, প্ৰকৃতি, শক্তি

করেন, ঈশ্বরের সভাতেই যে আমাদেব সত্তা তাহা ও বুঝাইয়া দেন, কিন্ত প্রকৃতি নিক্ষেই সেই পরমাশক্তি এবং তাহাবই পরাপ্রকৃতিতে আমবাও তাহাই। যদি আমরা সন্তার কোন উচ্চতর রূপায়ণ বা স্থিতিতে পোঁছিতে চাই, তবে তাহাও হইবে প্রকৃতির বা দিব্যশক্তির পরম সত্যের এই চিংশক্তির মধ্য দিয়া ; আমাদিগকে জগজুজননীর মধ্য দিয়াই ভগবানের কাছে আত্মসমর্পণ কবিতে হইবে; কারণ ভগবানেব এই পবাপ্রকৃতিতেই আমাদিগকে অধিরাচ হইতে হইবে এবং তাহা কেবল তখনই সম্ভব হইতে পারে, যখন অতিমানসী শক্তি আমাদের মনকে গ্রহণ করেন এবং তাহাকে অতিমানসে রূপান্তরিত কবিয়া দেন। স্থতনাং আমবা দেখিতে পাইতেছি যে সংস্করপের এই তিনটি বিভাবের মধ্যে কোন বিবোধ বা অসামঞ্জ্য নাই, ভাহাদের নিত্য স্থিতিতেও নাই অথবা যে তিন ভাবে জগতে তাহাদের ক্রিয়া চলে তাহাতেও নাই। একই সত্তা একই সত্য নিজের চিৎশক্তি বা আন্ধ শক্তি দ্বাবা মায়া, প্রকৃতি ও শক্তি নপে বিশু স্টি কবিয়া তাহাকে ক্রিয়া ও গতির নধ্যে রক্ষা করিতেছেন। তিনিই আম্বারূপে বিশুপ্রকাশেব ভিত্তি হইয়াছেন, বিশুকে ধাবণ কবিয়া আছেন আশ্রুষ দিতেছেন এবং তাহার মধ্যে বাস কবিতেছেন, তিনিই পুরুষ বা চৈতনা-ময় সত্তারূপে থাকিয়া তাহাকে ভোগ বা অনুভব কবিতেছেন আবার তিনিই ঈশুবরূপে থাকিয়া তাহার প্রভু হইয। আছেন, শাসন ও নিয়ন্ত্রণ কবিতেছেন, তাহাব মধ্য দিয়া নিজ সঙ্কল্প গাধন কবিতেছেন।

আমাদের মনে অন্বয় সত্য বস্তব এই তিন বিভাব বা তিন দিকের সামঞ্জদা বিধান করা দুরূহ হইয়া পড়ে, কেননা যাহা সত্য বস্তু হইতে বিচিছনু নহে, পবস্তু এমন কিছু যাহা অধ্যাত্ম চেতনায় জীবত এবং পর্ভারভাবে সত্যবস্তু, তাহাব কথা বলিতে গিয়া আমাদিগকে গামান্য প্রত্যয় বা নির্বিস্তুক ধারণা (abstract conception) ব্যবহার কবিতে এবং সংজ্ঞা নির্দেশ শ্বারা এক বস্তুকে অন্য বস্তু হইতে পৃথক করাই যাহার কার্য্য তেমন বাক্য এবং ভাষার গাহায্য নিতে হয়। বস্তু হইতে বিচিছনু কবিয়া যে ধাবণাসকল আমরা দুঢ়রূপে গড়িয়া তুলি তাহাদের পরম্পরের মধ্যে তীক্ষু ভেদ রেখা সকল থাকিয়া যায়, কিন্তু সত্যবস্তুব পুকৃতি তো তেমন নয়; তাহাব বহু বিভাব আছে বটে, কিন্তু সে সমস্ত পরম্পরের নধ্যে মিলিয়া যায়। কেবলমাত্র সেই ভাবের ভাষায় ইহাব সত্যকে প্রকাশ করা যাইতে পাবে যাহার ভাব এবং উপমা বা রূপক এক দিকে যেমন হইবে দার্শনিক তেমনি অন্যদিকে হইবে জীবন্ত এবং বাস্তব; শুক্ষন

#### দিব্য জীবন বার্দ্তা

বুদ্ধি এ সমস্ত উপমাকে প্রতীক বা ভাষার অলঙ্কার মনে করিতে পারে বটে কিন্তু তাহার। তাহার চেয়ে বেশী কিছু, বোধির দর্শন এবং অনুভবে এ সমস্তের গভীরতর অর্থ ফুটিতে পারে, কারণ তাহার। অধ্যাশ্ব চেতনান জীবস্ত অনুভূতিতে লব্ধ সত্যের মূর্ত্তি। বস্তুর নৈংব্যক্তিক সত্যকে শুদ্ধ বুদ্ধির নির্বেপ্তক সূত্রে অনুবাদ করা যাইতে পারে, কিন্তু সত্যের আর একটা দিক আছে যাহা কেবল অধ্যাশ্ব এবং সূক্ষা দৃষ্টিতে ধরা পড়ে এবং সত্যের সেই অন্তর্দৃষ্টি যাহাতে নাই এমন বস্তুনিরপেক্ষ সূত্র বা ভাষা কখনও জীবস্ত বা পূর্ণ হয় না। বস্তুর বহস্যের মধ্যেই আছে বস্তুর গাঁটি সত্য; বুদ্ধি আমাদেব কাছে, বস্তুনিরপেক্ষ প্রতীক রূপে যাহা উপদ্বিত ক'রে তাহা সত্যের বাহাপ্রতিসূত্তি মাত্র, তাহা যেন কিট্টবিষ্ট (cubist) নামক শিলপীদিগের মত বাক্য দিয়া আঁকা ভাবনাব ছবি, যেন জ্যামিতিক ক্ষেত্র। বুদ্ধি এইভাবে যাহা উপদ্বিত করে দার্শনিক বিচারে প্রধানতঃ তাহার মধ্যে আবদ্ধ থাকা প্রয়োজন হইতে পারে, কিন্তু মনে রাখা উচিত যে তাহা সত্যের বস্তুনিবপেক্ষ একটা রূপ মাত্র; পূর্ণরূপে বুঝিবার এবং পূর্ণরূপে প্রকাশ কবিবার জন্য চাই একটা বাস্তব্য অভিক্তত। এবং আরও জীবন্ত এবং পূর্ণাঙ্গ একটা ভাষা।

এইবার এক এবং বছর যে সম্বন্ধ আমবা আবিন্ধার করিয়াছি তাহ। সত্যবস্তুর এই দিক দিয়া দেখিলে কিন্ধপ দেখা যায় তাহা বুঝিবার চেটা করা স্থ্রবিধাজনক হটনে; ইহা দ্বাবা নাষ্ট্রবাক্তি এবং ভগবৎসন্তা, জীবাদ্ধা এবং ঈশুরের মধ্যে সত্য সম্বন্ধ কি তাহাও বাক্ত হটবে। সাধাবণে প্রচলিত ঈশুরবাদের বছ জীব কুম্বনার যে তাবে দট গড়িয়া তোলে তেমনি তাবে ঈশুর দ্বাবা স্ট বা গঠিত, তাহারা গ্রন্টার আশ্রিত ও অধীন। কিন্তু এই বৃহত্তর দৃষ্টিতে বহুও তাহাদেব অন্তব্যম স্বন্ধসনত্যে অদ্বয় বুদ্ধা, বিশ্বাতীত এবং বিশ্বাদ্ধক স্বয়ম্ভূসন্তার ব্যাষ্টি আদ্বা বাক্তিরূপ; নিত্য সত্যবস্তুর মত তাহারাও নিত্য কিন্তু তাহার সন্তার মধ্যে থাকিয়াই নিত্য; আমাদেব জড়ময় সত্তা প্রকৃতির বিস্কৃত্টি বটে কিন্তু জীবাদ্ধা ঈশুরের সনাতন সংশ (মংশঃ সনাতনঃ) এবং প্রাক্ত জীবের পশ্চাতে ভগবানই আছেন তাহার আশ্রুরূপে, তব্ অদ্বয়তন্তই সন্তার মূল সত্য, একেতেই বছ বহিয়াছে, তাই প্রকাশিত সত্তা বা জীব সম্পূর্ণরূপেই ঈশুরের অধীন ও আশ্রিত। প্রাকৃত্ অহং অন্যনিবপেক্ষভাবে থাকিবাব চেষ্টা করে, তাহার ভেদান্ধক অবিদ্যাব জন্য সে ফ্রেইশুবের একাস্থ্ আশ্রিত্বিন্ধ, এ বোধ ঢাকা পড়িয়া পড়িয়া যায়; যদিও প্রতিপদে স্পষ্টতঃ দেখা যায় যে যে বিশ্বশক্তি তাহাকে

## বন্ধ, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

সৃষ্টি করিয়াছে তাহার সে অধীন রহিয়াছে, সেই শক্তিবারাই সে পবিচালিত হইতেছে, সে নিজে বিশুময় সত্তা ও তাহার ক্রিয়ার অংশ : কামময় অহংএর এ চেষ্টা স্পষ্টতঃ নিজের মূল্য নির্ণয় করিবাব শক্তিহীনতা হইতে জাত, আমাদের মধ্যে অন্তর্ভভাবে যে স্বয়ন্তু সতা বর্তমান আছে, অহং তাহার সত্যকে ভুল করিয়া নিজের উপর প্রতিফলিত করে বলিয়াই তাহাতে এ বোধ জাগে। ইহা সত্য যে আমাদের মধ্যে এমন কিছু আছে যাহা বিশুপ্রকৃতিকে অতিক্রম কবিয়া যায়, বিশ্বাতীত সন্তায় যাহার প্রতিষ্ঠা কিন্তু তাহা অহংএর মধ্যে নাই, আছে আ**ন্ধাতে আ**মাদের অন্তরতম সত্তায়। কিন্তু প্রকৃতি হইতে এই স্বাত**ন্ত্র** লাভ করা যায় কেবল তখনই, যখন আমরা এক উচ্চতর সভ্যের আশুয় গ্রহণ করি ; দিব্যপুরুষের কাছে আমাদের জীবচেতনা এবং জীবপ্রকৃতির আন্থসমর্পণের বারাই আমরা আমাদের উচ্চতম আন্ধভাব এবং প্রমসত্যে প্রতিষ্ঠিত হইতে পারি : আমরা স্বয়ম্ভ এবং নিতা, কেবল সেই পৃক্ষেব স্বয়ম্ভভাবে এবং নিত্যতায়। এই আশুয়গ্রহণ ব্রদ্রের সহিত এক হবোষের বিরোধী নহে বরং সেই একত্বের অনুভতি লাভের দার স্বরূপ : এখানে আবার যাহ। সংর্বদা বিশ্বের গতি ও ক্রিয়াব মূল এবং গোপন রহস্য তাহার সাক্ষাৎ পাই, াদেখি ষৈতের প্রতিভাস অধৈতকে থুকাশ কনিতেছে, দৈত অদৈত হইতে বাহিরে আসিয়া আবার অহৈতে ফিরিয়া যাইতেছে। অনম্ভের চৈতন্যের এই সতাই এক এবং বছর মধ্যে নানা বিচিত্র সম্বন্ধেন সম্ভাবনাসকল স্টিকরে, তাহাদের মধ্যে মনে একত্বের অনুভূতি, হৃদয়ে সেই অদৈতের অধিষ্ঠান-বোধ প্রতি অঙ্গে সেই পরম একের অন্তিত্বের অনুতব, এ সমস্তই উপলব্ধির এক উচচ-তম শিখর, কিন্তু তথাপি ইহাতে ব্রদ্ধের সঙ্গে অন্য ব্যক্তিগত সম্বন্ধ সকল নষ্ট হয না, বরং তাহাবা দৃঢ়তররূপে প্রতিষ্ঠিত হয়, পূর্ণতা পায়, পূর্ণানন্দে ভরিষা ওঠে এবং পূর্ণ সার্থকতা লাভ করে। ইহাও অনন্তের একটা ইন্দ্রজাল মনে श्य किन्त जर्न हेश जनस्त्रत नगायमञ्जल।

আর একটা সমস্যার সমাধান বাকি আছে। সে সমাধানও ঐ একই ভিত্তিতে পাওয়া যাইবে; তাহা হইল প্রকাশ এবং অপ্রকাশ বা ব্যক্ত এবং অব্যক্তের বিরোধের সমস্যা। আপত্তি উঠিতে পারে এ পর্যন্ত যাহা বলা হইয়াছে তাহা প্রকাশিত বিশ্বের সম্বন্ধে সত্য হইতে পারে, কিন্তু ব্যক্ত ভাব ও একটা নিমুন্তরের সত্য, অব্যক্ত সত্য বা সত্তা হইতে জাত একটা আংশিক গতি ও ক্রিয়া; অব্যক্ত সেই পরম সত্যে অনুপ্রবিষ্ট হইলে বিশ্বের এই সমস্ত সত্যের আর কোন

#### দিব্য জীবন বার্ছা

মূল্য বা প্রামাণিকতা থাকে না। যাহা ব্যক্ত হয় নাই তাহা কালাতীত পুর্ণরূপে শাশুত এক পরম স্বয়ম্ভ সত্তা, তাহাব কোন প্রকার ন্যুনতা সাধন অসম্ভব, তাহার সম্বন্ধে যাহা ব্যক্ত এবং সীমাবদ্ধ তাহা কোন প্রকার খবর দিতে পারে না অথবা যে খবর দেয় তাহা অপ্রাচুর্য্যের জন্য ভ্রমান্ধক বা বঞ্চনামূলক হইয়া পড়ে। ইহ। হইতে প্রশু উঠে কালের সঙ্গে কালাতীত চিম্বস্তুর সম্পর্ক কি? আমরা স্বীকার করিয়া নইযাছি যে কানাতীত শাশুতে যাহা অব্যক্তভাবে আছে তাহাই নিত্য-কালের মধ্যে ব্যক্ত হয়। যদি তাই হয়, কাল যদি নিত্যের এক অভিব্যক্তি হয়, তাহা হ'ইলে নিমিত্ত বা অবস্থা যতই বিচিত্ৰ বা ভিনু, অভিব্যক্তি যতই আংশিক এবং অপূর্ণ হউক না কেন, তখাপি কালের অভিব্যক্তির মধ্যে যাহা মৌলিক, তাহা বিশ্বাতীত বা তুবীয় সন্তায় পূৰ্ব্ব হইতে বৰ্ত্তমান ছিল এবং সেই কালাতীত সত্য হইতেই উৎসারিত হইয়াছে। यদি তাহা না হয়, তাহা হইলে আমাদিগকে শ্বীকার করিতে হয় যে, এই সমস্ত মৌলিক ভাব বা বস্তু এমন এক নিরপেক সত্তা হইতে আসিয়াছে যাহা কাল নয় কালাতীতও নয়, এবং কালাতীত চিৎসত্তা হইয়া পতে এক পরম আধ্যান্থিক নেতিপ্রত্যয়, এমন এক অনির্দ্দেশ্য যাহা কালেন মধ্যে যাহা কিছু রূপায়িত হইতেছে, তাহা হইতে নিৰ্ম্মুক্ত হইবার এক ভিত্তি,—সগুণেব সহিত নির্গুণের যে সম্বন্ধ কালের ইতিভাবের সহিত এই নেতিভাবেৰ সম্বন্ধ হইবে তত্ৰপ। কিন্তু প্ৰকৃতপক্ষে আমরা কালাতীত বলিতে এই বুঝি যে তাহা চিন্ম্য সন্তার এমন এক স্থিতি যাহা কালের গতির অধীন নয়, কালের মধ্যে আমাদিগকে যে একটা প্রম্পরার, বা অতীত, বর্ত্তমান ও ভবিষাৎরূপে একটা সম্বন্ধের মধ্য দিয়া সভিজ্ঞতা লাভ করিতে হয় সে সত্তা তাহা হইতে নিৰ্দ্মুক্ত। কিন্তু তা২। বলিযা কালাতীত চিম্বস্তুকে যে একটা শুশু মহাশুন্য হইতে হইবে এমন কোন কথা নাই ; বরং সর্ব্পদার্থই তাহার সন্তার মধ্যে, তাহার নিতা অঘ্য তত্ত্বে বর্ত্তমান আছে, তথায় সকলই আছে তাহাদেন স্বরূপে বা মূলরূপে, যেখানে কাল, রূপ, সম্বন্ধ বা পরিবেশের কোন কথা উঠিতে পারে না। শাণুত এই কথাটি কাল এবং কালাতীত চিম্বস্ত এ উভয়ের সম্বরে খাটে। যাহা কালাতীত অব্যক্ত, নিগুচু এবং স্বরূপে বা বীজরূপে অবস্থিত, কালের গতির মধ্যে তাহাই হয় আউবাজ, অথবা অন্ততঃ পক্ষে বলিতে হয় যে তাহাই পরিকল্পনা এবং সম্বন্ধ, পরিণাম এবং পরিবেশের মধ্যে প্রকাশ পায়। অতএব কাল এবং কালাতীত উভয়ই নিত্য অথবা একই নিত্য শাশুত বস্তুব দুইটি স্থিতি বা দুইটি দিক : সত্তা এবং চৈতন্যের তাহার। দুইভাবের স্থিতি,

# বন্ধা, পুরুষ, ঈশর—মায়া, প্রকৃতি, শক্তি

একটা নীরব নিশ্চল শাশুতস্থিতি, অপনটি স্থিতির মধ্যে গতির নিত্য-স্থিতি।

মূল স্বরূপ স্থিতিতে সম্বন্ধ দেশ-কাল-পরিশ্ন্য; তাহার ভিতরে যাহা আছে তাহা ফুটাইয়া তুলিবার জন্য সেই সম্বস্তুর যে আত্মপ্রসারণ তাহাই দেশ এবং কাল। অন্যান্য ছল্বের মত, দেশ-কাল এবং তাহাদের পরিশ্ন্যতা এই দুই মন্দের মধ্যে পার্থক্য এই যে এক অবস্থায় নিজেব স্বরূপ ও তত্ত্বের যে গতি যে প্রকাশ যে উচ্ছলন হইতেছে, চিম্বস্তব দৃষ্টি সেই দিকে; অন্য অবস্থায় চিৎবস্তুর দৃষ্টি নিজের স্বরূপ সত্তা ও তত্ত্বেব দিকে অর্থাৎ সে অবস্থায় তাহা পূর্ণ-ৰূপে আত্মসমাহিত। অন্বয় তত্ত্বেৰ এই আত্মপ্রসাবণকে আমাদেব দেওয়া নাম হইতেছে দেশ এবং কাল। সাধারণতঃ দেশকে আমবা একটা নিশ্চল প্রসারণরূপে দেখি থাহার মধ্যে সর্ব্বপদার্থ একটা বিশিষ্ট এবং নিদিষ্ট শুখনা বা পরিকলপনাব মধ্যে স্থিত বা গতিশীল; কালকে আমনা একটা গতিশীল প্রসারণরূপে দেখি, গতি এবং ঘটনা দিয়া যাহার পরিমাপ করি : ভাগা হইলে দেশ ব্রদ্রের নিশ্চলভাবে আম্বপ্রসাবণ এবং কাল তাহাবই গতিশীল আম্ববিস্থার। কিন্তু এ বোধ প্রথম দৃষ্টিজাত হইতে পানে এবং ইহাতে ভুল থাকিবান সম্ভাবনা আছে: দেশ বস্তুতঃ সর্বদা গতিশীল হইতেও পাবে, কালের সঙ্গে বস্তু-সকলের অচল এবং অভ্যস্ত বা সদাবর্ত্তমান সম্বন্ধ হইতেই দেশ অচল এই বোধ জাত হইতে পাবে, দেশের গতি হইতেই আমাদের নোধ হইতে পাবে যেন অচল দেশের মধ্যে কালেরই গতি চলিতেছে। সাবাব বলা যাইতে পারে রূপ এবং বস্তুকে ধারণ করিবার জন্য বুদ্ধেন আত্মপ্রগারণের নাম দেশ ; তেমনি যাহাব মধ্যে রূপ এবং বস্তু সকল অন্তনিহিত লাছে ব্দের শেই আঞ্মাক্তিকে গতির মধ্যে দিয়া বিস্তারিত ও প্রসারিত কবিবার জন্য ব্রেরে যে আত্মপ্রসারণ, তাহার নাম কাল ; স্বতরাং দেশ আর কাল এ উভযই শাশুভ বিশুগত সন্তার একই আন্ধসম্প্রসারণের দুইটি বিভাব বা দুইটি দিক।

বিশুদ্ধ ভৌতিক দেশকৈ জড়ের এক ধর্ম মনে করা যাইতে পাবে; কিন্তু জড়, শক্তিরই গতি ও ম্পন্দ হইতে স্বষ্ট। স্থাতনাং জড়-জগতে দেশ জড়শক্তির একটা মৌলিক আত্মপুসাবণ অথবা তাহার অধিষ্ঠানের আত্মসভূত ক্ষেত্র, যে নিশ্চেতন অনন্তের মধ্যে সে সক্রিয় তাহারই একটি প্রতিরূপ; আপন ক্রিয়ার ও আত্ম-বিস্টির সব গতি ও বিধি সংস্থাপন করিবার ক্ষেত্র। কাল মাবার সেই গতিরই পুবাহ অথবা সেই গতিপুবাহ জাত একটা সংস্কার বা চিহ্ন,

#### দিবা জীবন বার্ত্তা

এমন একটা কিছুর সংস্কার যাহা আমাদের মধ্যে নিয়মিত ক্ষণ-পরম্পরার একটা বোধ জাগায়, অবিরাম গতির নিববচিছ্নু আধার হইয়াও সেই গতিকে পারম্পর্যে তাগ করিয়া দেখায়, কেননা গতির মধ্যেই পারম্পর্য্যের একটা নিয়ত ধারা বর্ত্তমান আছে। অথবা কাল, শক্তির পরিপূর্ণ ক্রিয়ার জন্য যাহা প্রয়োজন দেশের তেমন এক আয়তন (dimension); কিন্তু আমাদের বিষয়ী বা জ্ঞাতৃরূপে অবস্থিত চেতনা সেরূপে দেখেনা, কেননা সে ইহাকে শুধু মনন গ্রাহ্য (subjective) বা চেতনা জাতীয় কিছু মনে করে; মনে উহার অনুভূতি হয়, ইন্দ্রিয় দিয়া হয় না, এই জন্য ইহাকে দেশের আয়তন বলিয়া স্বীকার করা হয় না, কেননা দেশকে ইন্দ্রিয় হারা স্বাই বা ইন্দ্রিয় হাবা অনুভূত ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়রূপে প্রসারণ (objective extention) বলিষাই মনে কবিতে আমবা অভ্যন্ত।

याशरे रुष्ठेक, यनि চिष्ठञ्जरे रुग्न मुन मुन, जारा एरेटन दम्म এবং कान, চেতনাবই এমন একটা অবস্থা যাহার মধ্য দিয়া চিৎস্বরূপ নিজে শক্তির গতি ও ক্রিয়া দর্শন করে-অথবা তাহানা গেই চিৎ-বস্তুরই কোন মৌলিক অবস্থা বা আম্মবিভৃতি, যে চেতনায় তাহারা প্রকাশিত সেই মূল চেতনান বিভিনু প্রকারের স্থিতি অনুসাবে ইহাদেন মধ্যেও বিভিন্ন প্রকার তেদ বা বিভিন্ন ভাবের স্থিতি দেখা যায়। অর্থাৎ চেতনার এক একটা ভূমিতে আছে দেশ ও কালের এক এক বিশিষ্ট প্রকাবের প্রকাশ, এমন কি একই ভূমিতেও তাহাদের প্রকার ভেদ দেখা দিতে পারে, অথচ ইহাদের সমস্তই এক মূল চিন্ময় দেশ-কাল-তৰের নানা ভাবেব অনুবাদ বা নানা বিশিষ্ট ভাবের প্রকাশ; বস্তুতঃ আমরা যখন জড়ময়: দেশকে ছাডিয়া উপবে উঠি তখন এক চিন্ময় প্রসারণের দেখা পাই যাহা জডীয় নহে, এবং ইহাও দেখি যে এই প্রসাবণের মধ্যে ইহাকে ভিত্তি করিয়া সমস্ত গতি ও ক্রিয়া চলিতেছে, স্বরূপে ইহা সেই চিম্বস্ত যাহা নিজের শক্তির সকল ক্রিয়াকে ধারণ করিয়া আছে। জভময় দেশ হইতে যতই আমরা সরিয়া অস্তরের দিকে অনুপ্রবিষ্ট হই, ততই দেশেব উৎপত্তি এবং মূল সত্য আমাদেব কাছে স্পষ্ট হইতে থাকে, কারণ তখন যাহার মধ্যে মন বাস ও বিচরণ করে দেশের তেমন এক মনোময় প্রসারণের কথা জানিতে পারি, যাহা ভৌতিক দেশ কাল হইতে পৃথক, তখাপি এই দুই দেশের মধ্যে পরস্পরের অনুপ্রবেশ আছে : কারণ মন আপন দেশে এমনভাবে বিচরণ করিতে পাবে যে জভময় দেশেও গতিক্রিয়া স্টাষ্ট করিতে পারে, অথবা জ্ডময় দেশে বহুদরে অবস্থিত পদার্থের

## ব্ৰহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

টপর ক্রিয়া করিতে পারে। চৈতন্যের আরও গভীরে প্রবেশ করিলে আমরা এক শুদ্ধ অধ্যাদ্ধ বা চিন্ময় দেশের সাক্ষাৎ পাই; এই জ্ঞানে কালজ্ঞান আর ধাকে না কারণ সকল গতির হয় নিবৃত্তি, অথবা গতি বা ঘটনা যদি কিছু থাকেও, তবে তাহা কালের কোন অনুভবযোগ্য অনুক্রমের ধার ধারে না।

অনুরূপ ভাবে অন্তরাবৃত্ত হইয়া যদি আমবা কালেব অন্তরালে অনুপ্রবিষ্ট হই, তাহার জড়ময় রূপ হইতে গরিয়া দাঁড়াই এবং তাহাতে ডুবিয়া না গিয়া তাহার খেলা দর্শন করি, তবে বুঝিতে পারি যে কালের দৃষ্টরূপ ও তাহার গতি মাপেক্ষিক, কিন্তু কান স্বয়ং সত্য ও শাশুত। কানকে কি ভাবে দেখিব গ পরিমাপ কবিব, তাহা যে-একক দিয়া কালের পরিমাপ করি তাহার উপর গুধু নির্ভর করে না, কিন্ত যে দেখে তাহার চেতন। ও অবস্থানের উপবও নির্ভ**ৰ করে, তাহা ছাড়া চেতনার প্রত্যেক ভূমিতে** কালের সহিত স<del>য়ন্</del>ধ যে বিভিনু; মনের দেশে মানস চেতনার কাছে কালের যে অর্<mark>ধ ও</mark> নান (বা পরিমাণ) তাহ। ভৌতিক দেশের সহিত এক নয়; চেতনার দ্রবস্থা বা ভূমির অনুযায়ী ভাবে কালের গতি শ্রুত বা বিলম্বিত হয়। চেতনার প্রত্যেক ভূমিব নিজস্ব কাল (বা কালেব মান) খাকিলেও, বিভিন্ন ভূমির মধ্যে কালগত সম্বন্ধ স্থাপিত হইতে পারে ; যখন আমর। জডের বহির্ভাগের পশ্চাতে যাই, তখন দেখিতে পাই যে একই চেতনায় যুগপং আছে কালের নানা স্থিতি এবং গতি। স্বপ্রের মধ্যস্থিত কালকে পর্য্যবেক্ষণ কবিলে ইল স্পষ্ট বুঝা ধায়, দেখা যায় জাগ্রত অবস্থায় যাল। এক সেকেণ্ড বা কণেক পেকেও মাত্র সময়, তাহার মধ্যে স্বপ্রে দেখা দিতে পারে বিচিত্র ঘটনাবলীর একটা দীর্ঘ পরম্পরা। তাহা হইলে দেখি যে কালের বিভিনু স্থিতির মধ্যে গম্বন্ধ থাকিলেও এক অবস্থার কালের পবিমাপের সহিত অন্য অবস্থার কালকে মিলাইতে পারি এমন কিছুর সন্ধান পাই না। তাই মনে হয় কালের চৈতন্য-নিরপেক্ষ কোন বাস্তব সত্তা বুঝি নাই, সত্তার স্থিতি গতি অনুসারে চৈতন্যের ক্রিয়া শ্বারা যে পরিবেশ স্বাষ্ট হয় কাল তাহার উপর নির্ভর করে, তাই মনে হয় কালের সত্তা আছে শুধু চেতনায় ও মনে বা তাহা শুধু মনোময় বস্তু (subjective)। মনোময় দেশ এবং জড়ময় দেশের পরস্পরের সম্বন্ধ বিচার করিয়া দেখিলে মনে হইবে দেশের অন্তিম্বও বহিয়াছে চেতনায়; এর্থাৎ দেশ ও কাল এ উভয়ই মূলত: চিন্ময় প্রসারণ কিন্ত শুদ্ধ মন তাহাকে অনুবাদ করিয়া মনে করে যে তাহা মনোময় ও মননের ক্ষেত্র এবং ইন্দ্রিয় মানসের অনুবাদে তাহা

#### ্দিৰা জীবন বাৰ্ত্তা

ইক্রিয়ানুভূতির আযতন বা ক্ষেত্র বলিয়া প্রতীত হয়। বিষয়ী বা জ্ঞাতার চৈতন্যে যাহা আছে অর্ধাৎ যাহা মননপ্রাহ্য (subjective) এবং বিষয় বা ইক্রিয়-গ্রাহ্য রূপে (objective) বাহিরে যাহা আছে, এ উভয়ই একই চৈতন্যের দুইটি দিক, এবং প্রধান কথা এই যে কোন বিশিষ্ট দেশ কিয়া কাল অথবা দেশ কালের কোন বিশেষ যুগল রূপ সংস্করূপেরই একটা অবস্থা বা স্থিতি, যাহার মধ্যে সন্তার চৈতন্য এবং শক্তির ক্রিয়া আছে, যে ক্রিয়া বিচিত্র ঘটনাবলী স্মষ্ট বা প্রকাশ করিতেছে; যে চৈতন্য দ্রষ্টা বা সাক্ষী এবং যে শক্তি ঘটনার রূপ দেয় এ দুয়েব মধ্যে একটা সম্বন্ধ আছে; প্রত্যেক ভূমিতেই এ সম্বন্ধ নিত্য বর্ত্তমান, এই সম্বন্ধই কালেব বোধ জাগায, কালের গতি, কালের সম্বন্ধ এবং কালের পরিমাণ সম্বন্ধ আমাদের জ্ঞান ফুটায়। সমস্ত বৈচিত্র্যের অন্তর্রালে অবস্থিত কালের মূল সত্য এবং প্রাথমিক স্থিতি এই যে তাহা নিত্যের নিত্যন্ব, ঠিক তেমনি দেশের মূল সত্য এবং মূল অর্থ এই যে তাহা অনন্তের অন্তর্য ।

নিজেন নিত্যম্ব সম্বন্ধে সংপুক্ষের চৈতন্যে তিনটি বিভাব থাকিতে পাবে। প্রখম বিভাবে দেখিতে পাই ব্রেনে স্বরূপ সত্তায় স্মচল প্রতিষ্ঠা সেখানে তাহা হয় আত্মসমাহিত ন্য আত্মসচেত্রন ; কিন্তু এই দুই অবস্থাতেই স্তা গতি বা ঘটনার মধ্য দিয়া আমুপ্রকাশ কবিতে বিরত; ইহাকেই বলা হয় ব্রদ্রের কালাতীত নিতাতা। দিতীয় বিভাবে যে প্রকাশ নিয়তি-নিদিষ্ট হইয়া আছে অথবা কার্য্যতঃ চলিতেছে তাধার ভূতভব্য সমস্ত সম্ভাবনা, সমস্ত সম্বন্ধের পরম্পবা এক সমগ্র চৈতন্যে বিধৃত হইন। রহিয়াছে, যাহাব মধ্যে আমরা যাহাকে অতীত বর্ত্তমান এবং ভবিঘ্যৎ বলি তাহা সমস্তই একত্রে আছে যেন একটা মানচিত্র বা নকুসার মত ; অথবা ইহা যেন শিল্পী, চিত্রকর বা স্থপতির পূর্ণ দৃষ্টির দর্শন যাহার মধ্যে তাহার সঙ্কলিপত স্টেব পূর্ণাঙ্গ এবং পুঞানুপুঝ পরিকল্পনা বর্ত্তমান; একে বলিতে পারি একটা স্থায়ী বা প্রুবাস্থিতি যাহার মধ্যে কালের সমগ্রতা যগপৎ বর্ত্তমান আছে। ঘটনা যে ভাবে ঘটে তাহাতে আমাদের স্বাভাবিক জ্ঞানে কালকে এই ভাবে দেখিতে আমরা সক্ষম নই, যদিও আমাদের স্বতীতের স্মৃতিতে এই ভাবের একটা আভাগ পাইতে পারি যেহেতু সেখানে জ্ঞাত বিষয় সমূহকে একত্র কবিয়া এইভাবের সমগ্রতার যেন কিছুটা পাওয়া যাইতে পারে : কিন্তু আনরা জানি যে এই চৈতন্য খাছে, কারণ অনন্যাধারণ এই চৈতন্যে উনীত হওয়া যখন কাহারও পক্ষে কখনও সম্ভব হয় তখন সে কালের একটা সমগ্র দৃষ্টির মধ্যে ভূত ভবিঘাৎ এবং বর্ত্তমান যুগপৎ দেখিতে পায়। ততীয়

## ব্রহ্ম, পুরুষ, ঈশ্বর—মায়া, প্রকৃতি, শক্তি

বিভাবে চিংশক্তির এক ক্রমিক গতি দেখ৷ যায়, নিশ্চল স্থিতির অবস্থায় শাশুতের দষ্টিতে যাহ। ভাসিয়া উঠিযাছিল এই বিভাবে চিংশক্তি তাহ। ক্রমশ: অনুক্রমের ভিতর দিয়া ফুটাইয়া তোলে : ইহাকেই বলি কালের কালের এই তিন বিভাব বা তিন বিভাবের গতি একই নিত্য সন্তাতে অবস্থিত : ৰাম্ববিক পক্ষে স্থিতির নিত্যত। এবং গতিব নিত্যতারূপে দুইটি পৃথক নিত্য বস্তু নাই ; কিন্তু একই নিত্যতাৰ সম্পৰ্কে চৈতন্য বিভিন্ন স্থিতি বা ভূমিকা গ্রহণ কবিতে পারে। কেননা সমস্ত গতিব বাহিব হইতে বা তাহার উদ্বের্য থাকিয়া চৈতন্য সমস্ত কাল পরিণামকে দেখিতে পারে ; নে ক্রমণতি পূর্বে হইতে নিৰ্দ্ধাবিত বা নিয়তি-নিৰ্দিষ্ট হইয়া ৱহিয়াছে যাহ। ঘটিতে নাধা, সেই নিৰ্দিষ্ট গতিব মধ্যে খাকিয়া চৈতন্য এক স্থানী স্থিতি গ্রহণ কবিতে পারে, এবং সেই ম্বিতি হইতে পূৰ্বেৰ্ব যাহা ঘটিয়াছে এবং পরে যাহা ঘটিবে তাখা দেখিতে পারে : অথবা চৈতন্য গতির মধ্যে গতিশীল হইতে পাবে এবং ক্ষণ হইতে ক্ষণান্তরে চলিতে পারে চৈতন্যের প্রবাহ, তখন চৈতন্য যাহ। ঘটিয়াছে পিছনে ফিরিয়া তাহাব সমস্তই দেখিতে পানে, দেখে যে তাহার৷ অতীতে চলিয়া যাইতেছে, আবার যাহ। ঘটিবে বলিয়া ভবিষাৎ হইতে তাহাব দিকে আসিতেছে তাহার সমস্তও তাহাব দৃষ্টিপথবত্তী হয়: অথবা সংবঁশেষে গে বর্ত্তমানের মধ্যে অভিনিবিষ্ট হইয়াও পড়িতে পারে, যাহা সেই ক্ষণে আছে অথবা তাহার ঠিক চারিপাশে বা পশ্চাতে যাহা আছে তাহাই মাত্র দেখে, অন্য কিছু তাহার চোখে পতে না। আবার অনন্ত সন্তার এক দৃষ্টি বা এক অভিক্রতার মধ্যে এ সমস্ত ভূমি এ সমস্ক-স্থিতি যুগপৎ অবস্থিত থাকিতে পারে। কালেন ভিতন বা বাহির উভয় দিক হইতে আবাব তাহার মধ্যে না থাকিয়া বা তাহাকে সতিক্রম করিয়াও এ দৃষ্টি কালকে দেখিতে পারে ; দেখিতে পারে কালাতীত অবস্থা হইতে চ্যত না হইয়াও কালাতীত কিরূপে কালের গতি ও ক্রিযারূপে ফুটিয়া উঠিতেছে, এ দৃষ্টি যুগপং স্থিতি এবং গতিশীলভাবে সমগ্র গতিকে সমগ্র স্পন্দনকে আলিঙ্গন করিতে এবং ক্ষণিক দৃষ্টির মধ্যেও নিজের কিছুটা সেই একই সঙ্গে প্রসারিত বা সঞ্চারিত করিয়া দিতে পারে। ক্ষণিক দৃষ্টতে আবদ্ধ সাস্ত চেতনার কাছে যুগপৎ এইরূপ নানাভাবে দেখা অনস্তের একটা ইন্দ্রজাল বা মায়ার একটা ভেল্কি মনে হইতে পাবে ; তাহার নিজস্ব দেখার ভঙ্গিতে একটা সীমারেখা একটা গণ্ডি ন। টানিলে সে দেখিতে পাবে না, একসময় একটি অবস্থা ওধ না দেখিলে সে সামঞ্জন্য হারাইয়া ফেলে, তাই সে এরূপ দৃষ্টিকে সঞ্চতিহীন

#### দিব্য জীবন বার্ডা

বিশৃষ্থল অবান্তব কিছু বোধ না করিয়া পারে না। কিন্তু অনস্ত চেতনার পক্ষে এক সঙ্গে সমস্ত ভাব সমগ্ররূপে দেখা ও অনুভব করা পূর্ণরূপে যুক্তিসঙ্গত এবং অ্বসমঞ্জস; এই বহু ভাবের দৃষ্টির প্রত্যেকটি একটি সমগ্র দৃষ্টির অংশ বা উপাদান-রূপে অন্য সকলের সহিত অস্তরঙ্গভাবে সম্বদ্ধ হইয়া সকলের সহিত একত্রে এক পরম সামঞ্জস্য স্থাপন করিতে পারে, দৃষ্টির বহুছ সেখানে দৃষ্ট পদার্থের একছকেই ফুটাইয়া তোলে, অম্বয় সত্যম্বরূপের মধ্যে একসঙ্গে অবন্ধিত বহুবিভাবকে নানা দিক দিয়া চেতনার কাছে আনিয়া উপস্থিত করে।

সেই অষয় সত্যকে যদি যুগপৎ এইরূপ নানাভাবে দেখা যায় তাহা হইলে কালাতীত নিত্যতা এবং কালের মধ্যম্ব নিত্যতাও একসঙ্গে বর্ত্তমান থাকা অসম্ভব হয় না। ইহাতে নিত্যবস্ত দুই হইয়া যাইবে না, এ দুই ভাব ব্রদ্রের একই নিত্যতাকে তাহার আম্বজ্ঞানে দুইভাবে দেখা, এবং তাহাদের মধ্যে কোন ভেদ বা বিরোধ থাকিতে পারে না; ইহারা অনম্ভ এবং নিত্য সত্য বস্তুর আম্বজ্ঞানের পরম্পরের সম্বন্ধ বিশিষ্ট দুইটি শক্তি বা দুইটি ধারা, একটি হইল ম্বিতির এবং অপ্রকাশেব শক্তি. অপরটি নিজের মধ্য হইতে জাত ক্রিয়া, গতি এবং প্রকাশের শক্তি। আমাদের বহিশ্চর সাম্ভ দৃষ্টির কাছে এই দুই শক্তির একসঙ্গে যুগপৎ বর্ত্তমান থাকা যতই বিরোধী এবং তাহাদিগের মধ্যে সামপ্তস্য স্থাপন যতই দুরহ মনে হউক না কেন, মায়া বা ব্রদ্রের আত্মজ্ঞান এবং স্বর্বজ্ঞানের কাছে. ঈশ্বরের নিত্য এবং অনস্ত জ্ঞান ও প্রজ্ঞাশক্তির কাছে, বা স্বয়ম্ভূ স্চিচদানন্দের চিংশক্তির কাছে তাহা হইবে স্বরূপগত এবং স্বাভাবিক।

# তৃতীয় অধ্যায় নিত্য ও জীব

তিনিই আমি। ইশোপনিষদ (১৬)

জামারই এক সনাতন অংশ জীবলগতে জীবভূত হইণাঙে। -----জানচকু দেখিতে পায় যে ঈশ্বরই দেহের মধ্যে বাস করিতেছেন ও ভোগ করিতেছেন এবং তাহা হইতে উৎক্রান্ত হইতেছেন। গীতা (১৪।৭,১০,

পরস্পরের সথা এবং সঙ্গা ফুল্মর পক্ষবিশিষ্ট ছুইটি পক্ষী একট বৃক্ষে সংসক্ত হইরা আছে; ভাহাদের একজন ফুনিষ্ট ফল ভক্ষণ করে আর একজন কিছু থায় না এবং অপরের দিকে চাহিয়া থাকে।.....থেখানে পক্ষোভিত আস্থার, অমৃতের অংশ পাইয়া নিরম্ভর বিভারে কথা থোবণা করে, সেইথানে জগৎপাতা অগদীবর আমাকে আলিজন করিরা ধরিলেন, তিনি জ্ঞানী আমি জ্ঞান।

ক্ষেধি (৫০১৬৪০২০,২১)

এক সর্বব্যাপী পরম সম্বন্ধ আছে, যাহা বিশ্বের মূল বা সারসত্য, যেখানে বিশ্বের কোন বিকাশ নাই সেইখানে, বিশ্বের মধ্যে এবং প্রত্যেক বাষ্টিজীবে অর্ধাৎ সর্বেদিকে এবং সর্বেত্র তাহা পরিব্যাপ্ত। এই সর্বেগত সম্বন্ধর এক সচল শক্তি আছে, এমন এক অনস্ত চিংশক্তি আছে যাহার ক্রিয়া-সামর্ধ্য সর্বেদা স্বাষ্টিপরায়ণ এবং আত্ম-পুকাশশীল। এই আত্মপুকাশের গতি ও ক্রিয়ার ক্রমপরম্পরায় এমন একটা অবস্থা আছে যাহাতে তাহা জড়ের আপাত নিশ্চেতনায় নামিয়া আসে, তারপর সেই নিশ্চেতন হইতে ব্যাষ্টিরূপে জাগিয়া উঠে এবং সত্যম্বরূপের এক অধ্যাত্ম ও অতিমানস চেতনা ও শক্তির দিকে চলে তাহার সন্তায় ক্রমবিকাশের অতিযান, অতিযান চলে তাহারই নিজের বিশ্বগত এবং বিশ্বাতীত পরম আত্মার দিকে, তাহাব নিজ সন্তার পরম উৎসের অভিমুখে। এই তত্ত্বকেই ভিত্তি করিয়া আমাদের পার্থিব সন্তার যে সত্য এবং জড়পুকৃতির মধ্যে দিব্যজীবনের যে সন্তাবন। বহিয়াছে তাহার ধারণা 'থামাদিগকে গড়িয়া তুলিতে হইবে। এখানে আমাদের প্রধান পুরোজন, যে অবিদ্যাকে দেখি জড়ের নিশ্চেতন। হইতে উন্মিষিত হইয়া উঠিতেছে অথবা জড়দেহের মধ্যে

#### দিব্য জীবন বাৰ্ত্তা

থাকিয়া ক্রমশঃ আত্মপ্রকাশ করিতেছে, তাহার উৎস কোথায় এবং প্রকৃতি কি তাহা জানা; আরও জানা যে জানকে এই অবিদ্যার স্থানে প্রতিষ্ঠা করিতে হইবে তাহার প্রকৃতি কি এবং বিশ্বপুকৃতি কোন্ ধারা ধরিয়া নিজেকে উন্মীলিত করিতেছে এবং জীব তাহাব স্বরূপে ফিবিয়া মাইতেছে। কারণ বস্ততঃ অবিদ্যার মধ্যে বিদ্যা বা জ্ঞান প্রচছনু হইয়া আছে; তাহাকে অর্জন করিতে হইবে না, তাহার আবরণ উন্মোচন করিয়া তাহাকে প্রকাশিত হইতে দিতে হইবে । এ জ্ঞান শিক্ষা কথা যায় না, ইহা ভিতরের এবং উপরের দিকে নিজেকে শ্বলিয়া ধবিয়া নিজেই নিজেকে প্রকাশ করে। কিন্তু এ সমস্ত বুঝিবার আগে আব একটা বাধা একটা সংশয়্ম অনিবার্য্যরূপে আসিয়া উপস্থিত হয়, তাহার সম্মুখীন হইতে হইবে এবং তাহাকে আমাদের পথ হইতে দরাইয়া দিতে হইবে। সে বাধা হইতেছে এই যে আমাদের মধ্যে পবম দেবতা আছেন বা প্রকাশ পাইতেছেন, বাষ্ট্র জীবচেতনা বিশ্বপরিণামের অগ্রগতির বাহন. এসমস্ত কথা মানিলেও কি করিয়া স্বীকার করি যে বাষ্ট্র কোন এক অর্থে নিতা অথবা আত্মজান এবং ব্রদ্রেন সঙ্গে একস্ববোধ জাগিলে যখন মুক্তি হয়, তখনও জীবের বাষ্ট্রভাবের কিছু গাকিতে পারে ৪

এ সংশয় তর্কবুদ্ধিই আনে, ইহাকে নিরসন করিতে বৃহত্তর এবং উদারতর এবং জ্ঞানপ্রদ এক যুক্তি বা তর্কের আশ্রা নিতে হইবে. অখবা আশ্যাদ্বিক অনুভূতির দিক হইতে যদি সংশয় আসিয়া উপস্থিত হয় তবে সংশ্য়োচেছ্দী কোন উদারতব অনুভূতিব দাবা সে সংশয় দূর করিতে হইবে। নৈযায়িকেবা যেরপ শব্দের অর্থ লইয়া কথা কাটাকাটি করে, সেইরপ তর্কযুদ্ধের মধ্যে প্রবেশ করিয়া এ সংশয় সম্বন্ধে বিচার করা যায় বটে, কিন্তু তাহা একটা কৃত্রিম উপায়, মেদ্বেব মত যাহাকে ধরা ছোঁয়া যায় না. এমন জিনিঘ লইয়া সেখানে যেন চলে একটা বৃথা বিবাদ, কখনই তাহা হইতে কোন স্থির সিদ্ধান্তে পোঁছা যায় না। একথা স্বীকার করিতে হইবে যে যুক্তিতর্কের একটা সার্থকতা আছে, তাহার নিজের ক্বেত্রে তাহা অপরিহার্য্য, যে ভাব এবং শব্দরূপ প্রতীক বা ভাষা লইয়া মন কারবার করে তাহাকে স্পষ্ট করিবার, সূক্ষ্ণভাবে দেখিবার এবং বুঝিবার জন্য যুক্তিতর্কের প্রয়োজন আছে; পর্য্যবেক্ষণ এবং অভিজ্ঞতা হইতে যে সত্যের ধারণা আমবা লাভ করি অথবা দৈহিক, মানসিক বা আধ্যাদ্ধিক দৃষ্টিতে যাহা দেখি আমাদের সাধারণ মানব-বুদ্ধি স্বভাবতঃ তাহাদিগকে যেরপ অস্পষ্ট এবং বিশুঙ্খল করিয়া তোলে, সে-অবস্থা হইতে তাহাদিগকে নির্মুক্ত করিয়া দেখা

#### নিভ্য ও জীব

,

বিচারবৃদ্ধির কাঞ্জ; মানুষের বৃদ্ধি অনেক সময় বাহ্যরপকেই সত্য বলিয়া মনে করিয়া বসে, শীঘু চলিবার জন্য অর্দ্ধ সত্য ঘারাও সে চালিত হইয়া ভুল পথেই পদার্পণ করে, সিদ্ধান্তকে অতিরঞ্জিত করিয়া ফেলে, বিশেষ মানসিক ধারণ। a। ভারাবেগের দিকে অনেক সময় তাহাব পক্ষপাতিত্ব থাকে, আমরা সত্যের সঙ্গে সত্যকে যোগ করিয়াই পূর্ণজ্ঞানে পৌঁছি; এখানেও বৃদ্ধি অনেকসময় আনাড়ীর মত করিয়া বসে, এসমস্ত প্রকৃত সত্যে পৌঁছিবার বাধা : তর্ক বিচারের কাজ ইহাদের ক্রটি বিচ্যুন্তি দূর করা। আমাদের মনকে হইতে হইবে স্বচছ, শুদ্ধ, নমনীয় বা সাবলীল এবং সূজ্যদশী, যাহাতে সাধারণমানবস্থলভ সেই মানসিকভাবে অভ্যস্ত না হইযা পড়ি মেখানে সতাই হইয়া পড়ে মিথ্যার পরিবেশক। স্বচছবুদ্ধি, ন্যাথ্যক্ষতভাবে যুক্তিবিচার, যুক্তিবিচার যেখানে তাহার চরমোৎকর্ম লাভ করিয়াছে সেই দার্শনিক বিচারের , ধারা. এ সমস্ত জ্ঞানলাভে সহায়তা করে এবং গ্রানের ক্ষেত্র প্রস্তুত বিষয়ে তাহার। নে সহায়তা করে তাহার মূল্যও খুব বেশী। কিন্তু ৩৭ তর্কবৃদ্ধিব দারা পামর। জগতের জ্ঞান অখবা বুদ্ধজ্ঞানে পৌঁছিতে পারিনা, নিমু তন এবং উচ্চত্তৰ উপলব্ধি বা সত্যের মধ্যে সমনুয় স্থাপন ত দূরের কথা। ইহা সত্যেব আবিষ্কারক হওয়া অপেক্ষা ভ্রান্তি যাহাতে না আসিতে পাবে তজ্জন্য সতর্ক প্রহরীর কাজ অনেক ভালভাবে করিতে পারে,—যদিও যে জ্ঞান পূর্বের্ব লব্ধ হইয়াছে তাহা হইতে অবরোহ ক্রমে (by deduction) বিচাব কবিয়া নূতন সত্যের সন্ধান সে পাইতে এবং তাহ। অনুভতি যখন। উচ্চতৰ এবং বৃহত্তর সত্যদশী বৃত্তির নিষ্ট্র সমর্থনের জন্য উপস্থাপিত করিতে পাবে। সমনুয়কারী যে জ্ঞান, যাহা একত্বের দিকে লইয়া যায়, তাহার সূক্ষাতর কেত্রে, যুক্তিবিচারের অভ্যাস আপন নিজস্ব বৈশিষ্ট্যের জন্য অনেক সময় বাধার স্ট করিতে পারে ; কেননা ভেদ করিতে বা দেখিতে, ভেদ লইয়া থাকিতে এবং ভেদের সাহায্যে কাজ করিতে ইহা এত বেশী অভ্যস্ত থে যেখানে ভেদকে দূব করিতে হইবে কিংকর্ত্তব্যবিমূচ হইয়া পড়ে। যখন ব্যষ্টিজীব বিশ্বগত এবং বিশ্বাতীত একছের সম্বব্ধে আসিয়া দাঁড়ায় তথন প্রাকৃত (normal) মনের কাছে বহু বাধা আসিয়া উপস্থিত হয়; আমাদের উদ্দেশ্য সে সমস্ত বাধাকে স্পট্ট করিয়া দেখা এবং তাহাদের কোখা হইতে উৎপত্তি হয় এবং কি করিয়া তাহাদের হাত এডান যায় তাহা ৰুঝা। ইহার চেয়েও বড় একটা উদ্দেশ্য আছে ; বাধার হাত এডাইয়া

#### দিব্য জীবন বার্ডা

١

যে একত্বে আমরা পৌঁছি তাহার স্বরূপ কি, যখন ব্যাষ্ট্রজীব সর্বভূতের সহিত একাদ্বতা অনুভব করে, শাশ্বত অবৈতের মধ্যে বাস করে তখন কি হয় তাহার স্বরূপ, কি হয় তাহার প্রকৃতি—সেই জ্ঞান লাভ করা।

তর্কবৃদ্ধির ইহা বঝিবার পক্ষে প্রথম বাধা এই যে সে জীবাদ্বাকে অহংএর সজে এক করিয়া সর্বেদা দেখিয়া আসিয়াছে এবং অহং যে সমস্ত সীমার মধ্যে বাস করে, অন্য সকল হইতে নিজেকে যে পৃথক মনে করে, জীবাদ্বাকে সেইরূপ সীমিত এবং ভেদধর্মী বিবেচনা করে। কিন্তু তাহাই যদি হইত তবে অহংএর বিলয়ে জীবাদ্ধারও ঘটিত আম্ববিলোপ : আমাদের শেঘ পরিণতি হইত জড. প্রাণ মন বা চিৎতবের কোন সার্বেজনীনতা বা সার্বেভৌমত্বে মিশিয়া যাওয়া অথবা যে অনির্দ্দেশ্য সন্তা হইতে অহংগত ব্যষ্টিভাবের প্রকাশ হইয়াছে তাহাতে গলিয়া যাওয়া। কিন্তু আমবা যাহাকে অহং বলি একান্ত ভেদদশী দেই আন্ধ-প্রত্যায়ের স্বরূপ কি ? মূলতঃ ইহার মধ্যে সত্য কিছু নাই, প্রকৃতির ক্রিয়াবলীকে কেন্দ্রীভূত কবিবাব বাবহারিক প্রযোজনের জন্য আমাদের চেতনার এক রূপায়ণ মাত্র। আমরা বোধ করি যে মনোময় প্রাণময় এবং অনুময় স্থল অন্তব এমন কিছু গঠিত করিয়া তুলিয়াছে যাহা সন্তার বাকি সমস্ত অংশ হইতে নিজেকে পুখক বোধ কবিতেছে; পুক্তিব মধ্যস্থিত ইহাকে, সন্তাব সন্ত্তিতে এই ব্যষ্টিভাবকে আমবা আমাদের স্বরূপ মনে করি। আমরা মনে করি আমরা এমন কিছু যাহা এইভাবে আপনাকে ব্যক্তিভাবাপনু করিয়াছে, বাষ্টভাব যতক্ষণ থাকিবে ততক্ষণই তাহা থাকিবে, তাহা একটা ক্ষণস্থায়ী পদার্থ অন্তত-পক্ষে কালের মধ্যস্থ একটা সম্ভৃতি ব। পরিণাম ; অথবা আমরা মনে করি যে সত্য 'আমি' রূপে কেহ আছে, ব্যষ্টিভাব যাহাকে আশ্রয় করিয়া রহিয়াছে অথবা যাহ। হইতেই জাত হইয়াছে, হয়তো সে মৃত্যুহীন একটা সত্তা কিন্তু তাহার ব্যক্তিভাবে সীমাবদ্ধ: এই বোধ এবং এই ধাবণা হইতে আমাদের অহং বোধ জাত হইয়াছে, সাধারণতঃ আমাদের ব্যষ্টিসত্তার জ্ঞান ইহাপেক্ষা আর অধিক অগুসর হয় না।

অবশেষে আমাদিগকে বুঝিতে হইবে যে আমাদের ব্যক্টিভাব একটা বহিরক্ষ রূপায়ণ মাত্র, একটা বিশেষ দেহস্থিত প্রাণের সাময়িক প্রয়োজন-সিদ্ধির জন্য কৃতকণ্ডলি নির্বাচিত এবং শীমিত উপাদান লইয়া যে একটা সচেতন সমাহার ও সমনুয় ব্যবহারিক ক্ষেত্রে গড়িয়া উঠিয়াছে তাহাই এই ব্যক্টিভাব; অথবা ইহা একটা নিত্য পরিবর্ত্তনশীল সমনুয়, যাহা জন্মের পর জন্মে লব্ধ জীবন

#### নিত্য ও জীব

ও দেহ সকলের মধ্য দিয়া উনুতির পথে ক্রমশ: অগ্রসর হইতেছে। ইহার পশ্চাতে এক চেতনা এক পুরুষ আছেন যিনি এই ব্যক্তিভাবেব বা এই সমনুয়ের দ্বারা বিশেষিত বা সীমিত হন না. বরং আশ্রয়রূপে থাকিয়া তাহাকে বিশেষিত ও নিয়ম্বিত করেন অথচ তিনি তাহার অতীত। বিশুসত্তা সম্বন্ধে তাহার সকল অনুভৃতিকে নইয়া যে ভাণ্ডার আছে, তাহার মধ্য হইতেই এই সমনুয় এই বার্টি-ভাব গড়িবার উপাদান তিনি বাছিয়া নেন। তাই এই ব্যষ্টিভাবের জন্য একদিকে যেমন বিশুসভাকে চাই তেমনি অন্যদিকৈ চাই তেমন এক চেতনা যাহ। ব্যষ্টিত্বের সম্ভাবনা সকলের অনুভূতিব জন্য বিশ্বসন্তাকে ব্যবহার করে। আসাদের বর্ত্তমান ব্যষ্টিভাবের অনুভূতিব জন্য এই প্রুষ আর তাহার বিশু প্রকৃতির উপাদান এ উভয় শক্তিই প্রয়োজন। পুক্ষ যদি তাহার ব্যা**ইভাবের** সমনুয় শক্তির চেতনা লইয়া কোনরূপে অন্তহিত হন, মিলাইয়া যান বা নিজেকে বিলুপ্ত করিয়া দেন তাহা হুইলে গঠিত এই ব্যষ্টিভাব বিল্পু হুইয়া যায়, কেননা যে সত্য তাহাকে ধারণ করিয়াছিল তাহ। না খাকাতে তাহার দাঁড়াইবার স্থান খাকে না. অন্যপক্ষে বিশুসতা যদি অন্তহিত হয়. মিলাইয়া যায় বা বিলপ্ত হইয়া পড়ে তাহা হইলেও ব্যষ্টিভাবের লম ঘটে, কাবণ অভিজ্ঞতার যে উপাদান লইয়া সে নিজেকে গড়ির। তোলে এবার হয় তাহার অভাব। তাহা হইলে এক বিশুসত্তা এবং ব্যষ্টিভাব নিয়ামক এক চেতনা আমাদেন সত্তার এই দুই কারণ দুই তথ আমাদিগকে স্বীকার কবিতে হইবে---এই দুই-ই আত্মানুভব এবং বিশ্বানুভবেৰ কারণ।

অবশের্ষে আমরা ইহাও দেখি যে এই পুরুষ, আমাদের ব্যাষ্টভাবের এই নিমিত্ত এবং আত্মা নিজেব একপ্রকার সচেতন আত্মপ্রসারণের মধ্যে সমগ্র বিশ্বকে এবং আত্মা নিজেব সভাকে আলিঙ্গন পাশে বদ্ধ করেন এবং বিশ্বসতাকে নিজের সহিত এক বলিয়া অনুভব কবেন। নিজের সচেতন প্রসারণে তিনি তাহার আদিম অভিজ্ঞতাকে অতিক্রম করেন এবং সক্রিয়ভাবে আত্মসীমা নির্দেশ এবং ব্যাষ্টভাব ফুটাইবার জন্য যে সমস্ত প্রতিবন্ধ বা বেড়া প্রস্তুত হইয়াছিল তাহা ভাঙ্গিয়া দেন; নিজের অনন্ত সার্বেজনীনতা অনুভব করিয়া ভেদভাবাপনু ব্যাষ্ট বা সীমিত আত্মসতার সকল চেতনার উপর চলিযা যান। ইহার ফলে যাহা নিজেকে নিজে সীমিত করিয়া বাই আমাদের সেই মিধ্যা চেতনাকে, শুধু আত্ম-সীমা নির্দেশের হারা অন্য সকল সত্তা এবং সম্ভূতি হইতে দৃঢ়ভাবে নিজেকে ভিনু

#### দিবা জীবন বার্ছা

यत्न कतिया यांश नाँिष्या शीरक ; उथन य तार्य वायता प्रमकात्नत यर्या একটা বিশিষ্ট দেহ মনের ব্যক্তিগত ব্যষ্টিভাবের সহিত নিজেদিগকে এক করিয়া দেখিতেছিলাম তাহা মুছিয়া যায়, কিন্তু ব্যক্তিত্ব এবং ব্যক্টিভাবের সকল সত্যই কি সেই সঙ্গে মুছিয়া যায় ৷ পুরুষের কি তখন আম্ববিলোপ ঘটে অথবা বিরাট পুরুষরূপে অবস্থিত এবং অগণিত দেহ মনের অন্তর্য্যামী হইয়া শুধু তিনি বাস করেন ? আমরা দেখি তাহা হয় না ; তখনও পুরুষের ব্যষ্টিভাবনা থাকে, এবং এইভাবে ব্যষ্টিভাবনার সময়ও তিনি বর্ত্তমান এবং এই বৃহত্তর চেতনায় প্রতিষ্ঠিত কিন্ত আমাদেন মন তখন সীমিত ক্ষণস্থায়ী आमारिक आञ्चलार्वित गर्रवेश्व विनिद्या मत्न करत ना—किन्छ छोहारक নিজের সত্তারূপ সমুদ্র হইতে উৎক্ষিপ্ত সম্ভূতিব একটা তর্ক্তমাত্র অথবা সার্ব্বভৌমত্বের একটা কেন্দ্র বা রূপায়ণ বলিয়া দেখে। জীবাদ্ধা তখনও ব্যাষ্টভাবের অভিজ্ঞতান জন্য বিশুসম্ভূতি বা বিশুপ্রকৃতিকেই উপাদানরূপে গ্রহণ কবে, কিন্তু যাহা তাহার বাহিরে অবস্থিত এবং যাহা হইতে তাহার উপাদান সংগ্রহ কবিতে হইবে, যাহা তাহার নিজের চেয়ে বৃহত্তর যাহার খারা সে প্রভাবিত হয় এবং যাহাব সহিত আপোষ করিয়া চলিতে হয়, বাহ্য বিশু-প্রকৃতিকে তেমন কোনকিছু সে মনে কনে না ; ববং সে তখন জানে যে সে প্রকৃতি তাহার প্রত্যক্-চেতনায় অথবা অন্তর্মুখারূপে (subjectively) তাহার নিজের মধ্যেই আছে ; তাহার বিশুগত উপাদানকে এবং তাহার যে ব্যক্টিভাবের অনুভৰ দেশ ও কালেব ক্ৰিয়াৰ মধ্যে প্ৰকাশ পাইতেছে তাহাকে নিজেৱই একটা মুক্ত এবং বৃহৎ চেতনাব মধ্যে সে দেখিতে পায়। এই নবলব্ধ চেতনায় চিন্ময় ব্যষ্টিপুরুষ অনুভব কবে যে তাহাব নিজেব সত্য স্বরূপগতথান্ধা বি**থাতী**ত সত্তার পৃহিত এক, তাহা।ব মধ্যে তাহার স্থিতি, তাহার বাস ; তখন সে <mark>কৃত্রিম</mark> এবং বিচিছনু ব্যক্তিমকে বিশ্বান্তবের জন্য একটা রূপায়ণ ছাড়া আর কিছু मत्न करत् ना।

বিশ্বসন্তান সহিত আমাদেব একত্বের ফলে আত্মার এক চেতনা প্রকাশ পায় যাহা যুগপং বিশ্বরূপে এবং বাষ্টিপুক্ষের মধ্যে বাষ্টিবিগ্রহরূপে আত্মপ্রকাশ করে এবং বিশ্বে, ব্যক্তিরূপে এবং সমন্ত বাষ্টিসন্তায় সে পুরুষ অনুভব করেন যে একই আত্ম সর্ব্বত্র আত্মপ্রকাশ এবং তাঁচাব সে বিচিত্র প্রকাশেব অনুভব কবিতেছেন। তাহা হইলে সেই আত্ম বা পুরুষ এক, এক না হইলে একত্বের এই অনুভূতি আসিতে পারিত না; কিন্তু তথাপি তাঁহার একত্বের জন্যই বহু

#### নিতা ও জীব

বৈশিষ্ট্যযুক্ত বিশ্ব এবং বহু ব্যক্তিরূপে ব্যক্ত হইবার শক্তি তাঁহার আছে। একস্বই তাঁহার স্বরূপের সতা, কিন্তু বিশ্ববৈচিত্রা এবং বহু ব্যক্তিরূপে তাঁহার আত্ম-প্রকটন সর্বদা চলিতেছে, যে প্রকটন তাঁহাব চেতনাব প্রকৃতি এবং আনন্দের এক খেলা, ইহাই তাঁহার সন্তার শক্তি। এই পরুষের সহিত যদি আমরা এক হইতে পারি, এমন কি যদি আমরা পূর্ণরূপে এবং সর্বভাবে সেই সভাই হইয়া যাইতে পারি, তাহা হইলে সে সন্তার শক্তিকে তাহা হইতে কেন কাটিয়া ফেলা হইবে এবং তাহা ছাঁটিয়া ফেলিবার জন্য কেনই বা আমরা আদৌ ইচ্ছা বা চেটা করিব ? যদি তাহা করি তবে তাঁহার সহিত আমাদেব একম্ব বা মিলনেরই হইবে অঞ্চহানি, কেননা তথন আমরা একান্ত অভিনিবেশ ঘারা ভগবৎসভাকে গ্রহণ করিব বটে কিন্তু ভগবানের শক্তি, চৈতন্য এবং অনন্ত আনন্দের মধ্যে আমাদের যে অংশ আছে তাহাকে গ্রহণ কবিব না। ইহাতে সাধকের পক্ষে বন্ধের নিস্তর**ঙ্গ** একত্বের শান্তি ও বিশ্রান্তিকে খোঁজা হইবে বটে, কিন্তু ভগবৎ-সন্তার পুকৃতি, ক্রিয়া এবং শক্তির সহিত বহু ভাবের মিলনের যে পরম আনন্দ এবং উল্লাস. তাহা বর্জন করা হইবে। এইভাবে নিশ্চন বুদ্রে পৌঁজু যায় ইহা সত্য; কিন্তু তাহাই যে আমাদেব সত্তাব চরম উদ্দেশ্য বা পরমপূর্ণতা তাহা মনে কবিবার কোন কাবণ নাই।

যাঁহারা নিজ্রিয় নিশ্বিশেষ বুদ্রে পৌঁছিতে চান, তাঁহাবা হয়তো বলিবেন যে চৈতনোব শক্তি ও ক্রিয়াব মধ্যে খাঁটি একছ লাভ করা যায় না, তাহা সন্তব হয় শুধু চৈতন্যের নিশ্চল স্থিতিতে, তাহাতেই আছে ভেদলেশ-পবিশূন্য পূর্ণ একছ। আপমরা যাহাকে ভগবানেব সহিত বাষ্টিব জাগ্রত মিলন বলিতে পারি, আব যাহাতে ব্যষ্টিচেতনা কেন্দ্রীভূত এবং সমাহিত হইয়া পবম একছে ভুবিয়া যায, যাহাকে তাহার স্বঘুপ্তির মিলন বলা যাইতে পাবে—এ দুই ভাবে আমরা মিলিতে পাবি; দুই মিলনের মধ্যে অনুভূতিব একটা ভেদ নিশ্চয়ই আছে। জাগ্রত মিলনে ব্যষ্টিপুরুষ তাহার সক্রিয় অভিজ্ঞতা এবং তাহার নিশ্চল চেতনা উভয়কে এমন প্রসারিত করিয়া ধরে যে উভয়েই তাহাব আত্মন্থ সত্তা ও জগৎস্তার সহিত ঐক্য সাধনের উপায় হইয়া উঠে; তবুও তাহাব ব্যষ্টিভাব বজায় থাকে, স্মৃতরাং থাকে একটা পৃথকছ। পুক্ষ তখন অন্য সকল ব্যষ্টির মধ্যগত আত্মাকে নিজের আত্মা বলিয়াই জানেন; তিনি যেমন নিজের মানসিক এবং ব্যবহারিক ক্রিয়া সম্বন্ধে সচেতন হন তেমনি এক সক্রিয় মিলনের ফলে তাঁহার সার্বেজনীন চেতনায় অপর সকল ব্যষ্টির মানসিক এবং ব্যবহারিক সকল ক্রিয়াও

#### দিব্য জীবন বার্তা

জানিতে পারেন; আন্তর মিলনের বলে তিনি তাহাদের কার্য্য নিয়য়শেও সাহায্য করিতে পারেন; কিন্তু তবু ব্যবহারিক ক্ষেত্রে একটা ভেদ থাকে। তাহার নিজের মধ্যে ভগবানের যে ক্রিয়া তাহার সঙ্গেই বিশেষ এবং সাক্ষাৎভাবে তাহার হয় সংযোগ; অন্য জীবের মধ্যে ভগবানের ক্রিয়ার সহিত সার্বজনীনতার তাহার যোগে থাকে কিন্তু পবোক্ষভাবে, তাহাদের এবং ভগবানের সহিত তাহার যোগের ফলে এবং সেই যোগের মধ্য দিয়া। স্পতরাং ব্যাষ্টভাব থাকে, যদিও ক্ষুদ্র ভেদদর্শী অহংএর সীমা অতিক্রান্ত হয়; তাহার পক্ষে বিশ্বাদ্ধা বর্ত্তমান, তাহাব বালপাশে বদ্ধ, কিন্তু সেই বিশ্বচেতনা তাহার ব্যাষ্টিচেতনাকে নিজের মধ্যে ভুবাইয়া নিশ্চিক্ত করিয়া দেয় না এবং ব্যাষ্টগত বৈশিষ্ট্য ও বৈচিক্র্যকেও মুছিয়া ফেলে না. যদিও নিজের মধ্যে সাবর্ত্তজনীনতা আসিবাব জন্য যাহাকে আমরা অহং বলি তাহাব সকল সীমা ও বন্ধন লয় পাইয়া যায়।

একছনোধের ঐকান্তিক অভিনিবেশে ডুবিয়া গিয়া আমরা ভেদ ও বৈচিত্র্যের এ আভাসটুকু মুছিয়া ফেলিতে পারি ইহা সত্য, কিন্তু তাহাতে লাভ কি ? পরিপূর্ণ একম বোধের জন্য ? বুদ্র নিজের মধ্যে বছম এবং বৈচিত্র্য স্ষ্টি কবিয়াছেন বলিয়া যেমন তাহাব একম বা অদৈততত্ত্বের কোন প্রকারে হানি হয় নাই, তেমনিভাবে বৈচিত্র্য স্বীকার করিয়া আমাদেরই বা তাহার সহিত পূর্ণ মিলনেব পূর্ণ একমবোধেব হানি হইবে কেন ? এই অবস্থায় তাহার সন্তায় আমাদেব পূর্ণ একত্ব আছে বলিয়া যে কোন মুহুর্ত্তে আমবা তাহাতে পূর্ণক্রপে সমাহিত হইয়া তাহাব নিস্তবঙ্গ সত্তায় অবস্থিত হইতে পারি, কিন্তু বৈচিত্র্যময় অন্য যে একম্ব আছে, তাহাৰ মধ্যেও আমরা যে কোন মুহুর্ত্তে জাগ্রত হইয়। স্বাধীনভাবে ক্রিয়া করিতে পাবি কিন্তু তথনও একম্ববোধের হানি হয় না: কারণ আমবা কামময় অহং-এব বিলয়সাধন কবিয়াছি এবং আমাদের মননের ভেদান্থক শক্তি বা তাডনা হইতে মুক্ত হইয়াছি। তবে কি শান্তি এবং বিশান্তি লাভের জন্য আমাদের একান্ত প্রলয় চাহিব ? কিন্তু তাহার সহিত একান্বতা লাভ করিয়া আমরা ত শান্তি ও বিশান্তি পাইয়াছি,—বেমন শাশুত কর্ম্মের মধ্যে থাকিয়াও পনমপুক্ষের আছে শাশুত শাস্তিব অচল প্রতিষ্ঠা। তাহা হইলে সকল তেদ সকল বৈচিত্র্য হইতে মুক্ত হইবার জন্য কি একান্ডভাবে সেই নিজিষ নিশ্চন বন্ধে লয় পাইতে চাই ? কিন্তু বৈচিত্র্য ও ভেদ ভাবেরও যে এক দিব্য প্রয়োজন আছে ; ইহাঘারা এক নিবিড়তর একম্বে আমরা পৌঁছিতে পারি। অহংভাব-বিজডিত জীবনের মত তাহা বিভাগ বা খণ্ড করিবার

#### নিতা ও জীব

উপায় নয়; কারণ ইহাছারা আমরা আমাদের অন্য সকল আছার সঙ্গে, 
দর্বভূতস্থ ভগবানের সঙ্গে মিলিত ও একীভূত হওয়ার পরমানন্দ সম্ভোগ 
করিতে পারি,—ব্রদ্রের বছরূপে প্রকাশকে বর্জন করিলে সে আনন্দ হইতে 
আমরা হই বঞ্চিত। স্থাপুপ্ত এবং জাগ্রত এই উভয় মিলনে ব্যাষ্টর মধ্যস্থিত 
ব্রদ্রই একভাবে তাহার শুদ্ধ দিব্য একত্ব এবং অনাভাবে তাহার এবং বিশ্বরূপের 
মধ্যস্থিত একত্বকে গ্রহণ এবং আস্বাদন করেন; ইহা ত হইতে পাবেনা যে 
তিনি পরম অহৈত স্বভাব হইতে বিচ্যুত হইমাছিলেন আবার তাহাতে প্রভিষ্টিত 
হইতেছেন। আমরা নিশ্চয়ই একাস্ত শুদ্ধাহৈতে সমাহিত হইতে অপবা বিশ্বাতীত 
এক তুরীয় অবস্থায় উঠিয়া যাওয়া পছন্দ কন্তিত পাবি কিন্ত ভগবৎসন্তার 
অধ্যাত্মবিজ্ঞানে এমন কিছু নাই, যাহা আমাদের ব্যক্তিভাবের পরম সার্ধকতা 
যাহার মধ্যে আছে, বিশ্বাত্মার সেই উদার ভাবেব অন্ভব ও আনন্দ হইতে 
আমাদিগকে বাধ্য করিয়া বিফিত করিবে।

কিন্তু আমরা আবও দেখিতে পাই যে ব্যষ্টিগভ। যে চরমে একমাত্র বিশ্বসন্তাতে অনুপ্রবিষ্ট হয় তাহা নহে, কিন্দ এমন কিছুতে পৌঁছে যাহাতে বিশু এবং ব্যষ্টি এক হইয়া যায়। বিশ্বেন মধ্যস্থিত আমাদেন ন্যাষ্টভাব যেমন শেই পরমান্বার একটা সম্ভৃতি তেমনি বিশ্বও তাহান একটা সম্ভৃতি। বিশ্বসন্তার মধ্যে সর্বেদা ব্যষ্টিসতা অন্তর্ভুক্ত হইযা আছে; সেইজন্য বিশু ও ব্যষ্টি এই দুই সম্ভৃতি সর্ব্বদ। পরস্পরেব সহিত সম্বদ্ধ এবং ব্যবহানিক ক্ষেত্রে একে অন্যের উপর নির্ভরশীল। কিন্তু আমরা দেখিতে পাই অবশেষে বার্টিসতা তাহার চেতনায় জগর্ৎকৈ নিজের অন্তর্ভুক্ত কবিয়া লয়, এবং যেতেতু এইরূপ অন্তর্ভুক্তি শবেও চিন্ময় ব্যষ্টিভাবেব লোপ হয ग। কিন্তু তাহার আন্থাতৈতন্যই হয় পূর্ণ বৃহৎ এবং উদাব, তখন একথা আমাদিগকে স্বীকাব করিতে হয যে বিশ্ব ব্যষ্টির মধ্যে সর্বেদা অন্তর্ভুক্ত ছিল, এবং কেবল কামময় অহংএব মধ্যে তাহার আদ্ধ-শীমা নির্দ্দেশের জন্য অবিদ্যার বশেই বহিশ্চর চেতনা সে অন্তর্ভুক্তি দেখিতে পায় নাই। কিন্তু যথন আমবা বিশু এবং বার্টির এইরূপ প্রস্পরেব অন্তর্ভুক্তির কথা বলি, যখন বলি বিশু আমার মধ্যে এবং আমি বিশ্বের মধ্যে, সর্ব্ব আমার মধ্যে এবং আমি সুবের্বর মধ্যে—কারণ পুমুক্ত আন্নানুভবে এইরূপই বোধ হয়,— তখন স্পষ্টত:ই আমরা সাধারণ যুক্তিবিচারের ভাঘা পাব হইয়া চলিতেছি; তাহার কারণ সাধারণতঃ আমাদিগকে যে ভাষা ব্যবহার করিতে হয় তাহা মনের গড়া, স্থূলদেশ এবং পরিবেশের ধারণায় আবদ্ধ বৃদ্ধিই সে ভাষার মধ্যে অর্থের

#### দিবা জীবন বার্তা

আবোপ করে; তাই চৈতন্যের উচ্চত্র অনুভূতিকে ভাষায় রূপ দিতে গিয়। বাহ্য জীবন এবং ইক্রিয়ের অনুভূতি-লব্ধ ভাষার ভাণ্ডার হইতে লইয়া শব্দ এবং অলঙ্কান আমরা বাবহার করি। কিন্তু মুক্তপুরুষ চৈতন্যের যে ভূমিতে উঠিয়া যান তাহ। জড় জগতের উপর নির্ভর করে না, এবং যে বিশ্বকে সেখানে আমর। আমাদের মধ্যে অন্তর্ভুক্ত করি এবং যাহার মধ্যে আমর৷ অন্তর্ভুক্ত হইয়া যাই তাহা জড় বিশ্ব নয়, তাহা ভগবানেরই প্রকট সত্তা, যাহার মধ্যে তাহার চিৎশক্তি ও আন্ধানন্দ একটা বৃহৎ ছন্দের সুসঙ্গতি লাভ করিয়াছে। অতএব ব্যাষ্টি ও বিশ্বের এই পবস্পরের মধ্যে পরস্পবেব অন্তর্ভুক্তি আধ্যাদ্ধিক উপলব্ধি আৰ আন্তৰচেতনাৰ বিষয; ৰহুৰ দুইন্ধপ—সৰ্ব এবং ব্যাষ্ট, এই দুই ন্ধপে একবের চিন্ময অনুভৃতিকে অনুবাদ করিয়া ভাষায় আমবা এইভাবে প্রকাশ করি, তাহা এক এবং বছ যে শাণুত পরম একম্বে বিধৃত সেই কথারই অনুবাদ ; কারণ বিশ্বে ভেদ ও অভেদেব মধ্যে যে বহু প্রকাশিত ও লীলায়িত হইয়। উঠিতেছে, তাহাব মর্দ্রগত নিতা সতা আছে একের মধ্যেই বিধৃত হইয়া। ইহার অর্থ এই যে যিনি বিভক্তরূপে প্রতীত হইলেও তম্বতঃ অবিভক্ত, সেই বিশ্বাতীত প্ৰমান্বাই এই বিশ্ব এবং ব্যষ্টি এ উভয়ন্ধপে প্ৰকাশিত হইতেছেন ; বস্তুতঃ তিনি বিভক্ত হইযা বিশিপ্ত হইযা পড়েন নাই কিন্তু অবিভক্তরূপেই স্ব্বত্র বর্ত্তমান আছেন। তাই আমনা দেখি ব্যষ্টির প্রত্যেকের মধ্যে স্ব্ অর্থাৎ বাষ্টির মধ্যে সমষ্টি এবং সমষ্টি বা সব্বের মধ্যে প্রত্যেক বাষ্টি বর্ত্তমান बार्ष्ट, जातात गर्न बार्ष्ट मेशूरतत मर्या এनः मेशून बार्ष्ट्न गर्स्नत मर्या ; मुख আন্ধা যপন এই বিশ্বাতীতের সহিত যুক্ত হয় তখন তাহাব নিজের এবং বিশ্বের সম্বক্ষে যে আশ্ব-অভিজ্ঞতা লাভ হয়, তাহাকে মননের ভাষায় অনুবাদ করিলে যেন ইহাই বোধ হয় যে, যাহা যুগপৎ একটা একত্ব-বোধ একটা একের অন্যের মধ্যে নিঃশেষ বিলয় প্রাপ্তি এবং একটা প্রেমালিঞ্চন, তেমন একটা দিব্যমিলনের মধ্যে ব্যষ্টি ও জগৎ পরস্পর প্রস্পরেব মধ্যে অন্তর্ভুক্ত হইয়া যাওয়া সত্ত্বেও প্রত্যেকেব পৃথক অস্তিত্ব বহিষাচে।

শামাদের সাধারণ ব্যবহারিক বৃদ্ধি এ সমস্ত উচ্চতর সত্যের ক্ষেত্রে প্রযোজ্য নয়। প্রথমতঃ শুধু অবিদ্যার ক্ষেত্রে 'অহং' কে ব্যাষ্টিজীব বলা চলে, কিন্তু যথার্থ এক ব্যাষ্টিজীব আছে যে অহং নয়, অনা জীবেব সহিত যাহার নিত্য সম্বদ্ধ আছে; সে সম্বদ্ধ অহংগত বা ভেদজ্ঞানের উপর স্থাপিত নয়, সে সম্বদ্ধের মূল প্রকৃতি এক মৌলিক একম্বের উপর প্রতিষ্ঠিত, কিন্তু ব্যবহারিক ক্ষেত্রে তাহা

#### নিভ্য ও জীব

পরস্পরের উপর নির্ভরশীল। দিব্যসত্তার পূর্ণ প্রকাশের সমগ্র রহস্য আছে, একম্বে প্রতিষ্ঠিত এই অন্যোন্যাশ্রমত্ব বা পর্বস্পবের অন্তর্ভুক্তির মধ্যে, আমরা ষাহাকে দিবাজীবন নাম দিতে পারি তাহাব ভিত্তি ইহাই হইবে। দ্বিতীয়ত: এ সমস্ত বিষয় সাধারণ বিচার-বৃদ্ধির বৃঝিবার পক্ষে ফে বাধা হয়, বৃঝিতে গিয়া সে বৃদ্ধি যে হতবৃদ্ধি হইয়া পড়ে, তাহার কারণ আমরা দিব্য অনন্তে প্রতিষ্ঠিত একটা উচচতর সীমাহীন আশ্বানুভবের কথা বলিতেছি কিন্তু তাহার জন্য যে ভাষা ব্যবহাৰ করিতেছি তাহা এখানকার নিমুত্র এবং সীমিত অন্ভব হইতে সন্থ হইযাছে, যে অনুভবেব ভিত্তি হইল সান্ত প্রতিভাগ (appearance) এবং ভেদজ্ঞানের উপর স্থাপিত সংজ্ঞা (definition), যাহা দারা সামবা জডজগতের সমস্ত ঘটনার শ্রেণীবিভাগ কবিতে চাই এবং এককে অন্য হইতে পৃথক কবিবার চেষ্টা কবি। এই যেমন বাষ্টিজীব শব্দটি ব্যবহার কবিতে গিয়া কখনও তাহাতে অহংকে বুঝি কখনও বা প্রকৃত জীবান্ধাকে বুঝি, তজ্ঞপ মানুঘ বলিতে কখনও বুঝি আপাতপ্রতীয়মান মানুঘ, কখনত বা তাহাতে বুঝি খাঁটি মানুষ। স্পষ্টতঃ এই সমস্ত শব্দ যথা মানুষ, আপাতপ্রতীযমান, খাঁচি, বাষ্ট, প্রকৃত প্রভৃতি প্রত্যেকটি আপেফিক অর্থে প্রয়োগ হইন্ডেডে, বেশ বুঝিতেছি যে এ শব্দগুলি অপূর্ণ এবং আমবা যাহা বুঝাইতে চাই এ শব্দগুলি দিয়া তাহা ঠিক ঠিক বুঝাইতে পাবিতেছি না। বাষ্টঞীব এই শব্দটি দিয়া মামরা সাধারণতঃ এমন একটা কিছু বুঝি যাহা অন্য সকল পদার্থ হইতে নিজেকে পুথক করিয়া রাখিয়াছে, যদিও প্রকৃতপক্ষে তেমন বস্তু জগতে কোখাও নাই ; ইহা আমার্দের মনেব কালপনিক ধারণা, যাহার সার্থকতা এবং প্রয়োজন শুধু আছে ব্যবহারিক জগতের একটা আংশিক বা খণ্ড সত্য প্রকাশেন জনা। কিন্তু মৃষ্কিল এই যে মন শব্দ শ্বারাই পরিচালিত হয় এবং ভূলিয়া যায় যে আংশিক এবং ব্যবহারিক সত্য খাটি সতা হইতে পাবে কেবল তথনই, যথন সে অপরের সহিত সত্য সম্বন্ধে যুক্ত হয়, কিন্তু যুক্তিব কাছে এ ভাবের সম্বন্ধ সে-শন্দের মূল অর্থের বিরোধী মনে হয়, তাই শব্দটি সাধারণ অর্থে শুধু লইলে তাহাব মর্থ্যে মিথ্যাব একা। উপাদান সর্ব্বদাই থাকিয়া যায়। তাই ব্যষ্টিজীব বলিতে সাধারণতঃ আমরা মনোময় প্রাণময় জড়দেহধারী একটি ব্যষ্টি সভাকে বুঝি, যাহা অপর সকল সত্তা হইতে গুখক এবং তাহাব নিজের ব্যক্তিভাবের জন্যই অপরের সঙ্গে একান্ধতা লাভ করা তাহার পক্ষে অসম্ভব। যথন আমরা মন প্রাণ দেহকে অতিক্রম করিয়া ব্যষ্টিজীবকে আন্ধা বা জীবান্ধা বলি, তথনও তাহাকে অন্যসকল

### দিব্য জীবন বার্ডা

হইতে পৃথক এক বাট্টি সন্তা মনে করি, তাহাদের সহিত একাদ্ববোধ এবং পরস্পরের অন্তর্ভূক্ত হইয়া অন্যোন্যাশ্রয়তা লাভ করা তাহার পক্ষে অসম্ভব, মনে
করি অপরের সঙ্গে বড় জোর একটা আধ্যাদ্বিকসংযোগ বা হৃদয়ের যোগাযোগ
স্থাপন করা যায়। তাই-একখা দৃচতা সহকারে বলা প্রয়োজন যে খাঁটি ব্যটিজীব
বলিতে এসমন্তের কিছুই আমরা বুঝি বা বলি না, আমরা বলি ব্যটিজীব শাশুত
সন্তার এক চেতন শক্তি, সর্বেদা একত্বে তাহার অবস্থিতি সর্বেদা পরস্পরের
অন্তর্ভূক্ত হইতে সক্ষম। এই সন্তাই আত্মপ্রান দ্বারা মুক্তি এবং অমৃতদ্বকে
ভোগ করে।

সাধারণ এবং উচচতর বৃদ্ধির দন্দ আমাদিগকে আরও বিচার করিয়া দেখিতে হইবে। প্রকৃত জীবকে যখন নিতোর এক চেতন শক্তি বলিয়া অভিহিত করিয়াছি, তথনও আমরা বুদ্ধিষারা গঠিত শব্দ ব্যবহার করিয়াছি,—নিছক প্রতীকের ভাষা এবং অধ্যান্ধ-সাধকের রহস্যসমাচছনু বাক্য ব্যবহার না করিয়া এ সমস্ত কথা প্রকাশের অনা উপায়ও আর আমাদের নাই—কিন্তু অহংভাব বর্জন করিবাব চেষ্টা করিতে গিয়া আমবা আরও প্রমাদেব মধ্যে পড়িয়া গিয়াছি, আমরা অতিমাত্রায় বস্তুনিরপেক্ষ বা বিদেহী প্রত্যয়ের (abstract) ভাষা ব্যবহার করিয়াছি। আচ্চা, আবার বলিবার চেষ্টা করি, আমাদের দিক হইতে দেখিয়া ব্যক্টিজীবকে বলিতে পারি গে এক সচেতন সত্তা—নিত্যবস্তুরই এক সত্তা, তিনি যখন বাষ্টিভাবে আত্মান্ভব করিতে চাহেন তখন তাহার এই সত্তার প্রকাশ হয়। ইহা সেই পুরুষ হইতে বিচিছ্নু একটা বস্তুনিরপেক (abstract) শক্তি নয়, ইহা এক মূর্ত্ত বা ব্যক্তি সত্তা (concrete being) কারণ ব্যক্তি না হইলে অমৃত্য ভোগ কে কবিবে ? তাহা হইলে বলিতে হয় কেবল যে আমি বিশ্বের মধ্যে আছি এবং বিশ্ব আমার মধ্যে আছে তাহা নয় কিন্তু ঈশুর আমার মধ্যে আছেন, আমি ঈশুরের মধ্যে আছি ; তাহার এ অধ নয় যে ঈশুর তাঁহার সতার জন্য মানুষের উপর নির্ভর করেন, ইহার অর্ধ এই যে তিনি নিজেব মধ্যে যাহাকে প্রকাশ কবেন তাহার মধ্যে প্রকাশিত হন; ব্যষ্টিজীব আছে তুরীয় বা বিশ্বতীত সন্তার মধ্যে কিন্তু তুরীয় সন্তাও পূর্ণরূপে জীবের মধ্যে প্রচছনু হইয়া আছেন। আরও কথা এই যে আমার সন্তায় আমি ঈশুরের সহিত এক. তথাপি আমাব অভিজ্ঞতায় তাঁহার সঙ্গে আমার নানা সম্বন্ধ ণাকিতে পারে : মক্ত জীবন্ধপে আমি ঈশুরের ত্বীয় ভাবকে আম্বাদন করিতে পারি, তাঁহার সহিত এক হইতে পারি এবং সেই সঙ্গেই অন্য সমস্ত জীবসত্তা

### নিভা ও জীব

এবং তাহার জগৎ সন্তার মধ্যেও ঈশুরকে ভোগ করিতে পারি। স্পষ্টতঃ
নিতাবন্তর কতকগুলি আদি সম্বন্ধে আমরা পৌঁছিয়াছি এবং তাহাদিগকে মনের
কাছে স্পষ্ট করা যায় কেবল তখনই, যখন আমরা তুরীয়, জীব ও বিশুসন্তাকে
এক চরম তন্তের চৈতন্যের নিত্যশক্তি বলিয়া অনুভব করি—আমরা আবার পূর্ণরূপে বস্তুনিরপেন্দ বা বিদেহী প্রভারের (abstract) ভাঘা ব্যবহার করিতেছি
কিন্তু না করিয়া আর উপায় নাই। সংশোধন করিয়া অন্য ভাঘায় যে বলিব
এবার তাহাও সম্ভব নহে—তাহা এক একম্বরোধ তথাপি একত্বেব অপেক্ষা
বেশী কিছু, এইভাবে তাহা আমাদের মধ্যম্ম তাহাব নিজ চেতনার কাছে আম্বপুকাশ করে, কিন্তু মানুমের ভাঘায ইহা যথোচিতরূপে বলা যায় না, কেননা
নেতি বা ইতি কোন ভাবেরই বাক্য ছারা বুদ্ধির কাছে তাহার বর্ণনা দেওযার
আশা করিতে পারিনা কিন্তু আমাদের ভাঘাব পূর্ণশক্তি দিয়া তাহাব ইঞ্চিতমাত্র
দিতে আশা করিতে পারি।

মুক্ত চেতনার এই নিঃসংশয়িত সতা সম্বন্ধে যাহার কোন অভিজ্ঞতা নাই, তেমন প্রাকৃত মনের পক্ষে এইরূপ বস্তু সন্দেহের চোগে দেখ। স্বাভাবিক, কাবণ বিদ্ধি ইহার মধ্যে পরস্পবের একান্তবিবোধী বহু বিঘয়েব সমাবেশ দেখিতে পায়। তাই সে বলিতে পারে ''নিন্বিশেষ নিত্য বস্তু কি তাহা আমি জানি, যাহার মধ্যে সম্বন্ধের বা বৈশিষ্ট্যেব কোন কিছু নাই তাহাই যে বস্তু, নির্বিশেষ এবং দবিশেষ দুইটি এমন একান্তবিরুদ্ধ তথ যে তাহাদের সমনুয় কিছুতেই হইতে পারে না ; যাহা সবিশেষ তাহার মধ্যে কোথাও নিন্বিশেষ কিছু নাই, তেমনি নিবিবশেষের মধ্যেও স্বিশেষের কোন স্থান নাই। আমান মননের গোডাকার সত্যের যাহা একান্তবিরোধী তাহা বুদ্ধির কাছে মিণ্যা এবং বাস্তবক্ষেত্রে তাহার অন্তিত্ব অসম্ভব। ন্যায় শাস্ত্রের একটা বিধান আছে যে দুইটি একান্তবিরোধী উক্তির উভয়ই এক সঙ্গে সত্য হইতে পারে না, অথচ এ সমস্ত বর্ণনা যাহা দেপিতেছি তাহাতে একান্তবিরোধী ভাব এক সঙ্গে সত্য বলা হইয়াছে ; সেই বিধানানুসারে বলিতে পারি, 'বুদ্রের সঙ্গে এক হইয়া যাওয়া তথাপি তাঁহাব সঙ্গে এমন সম্বন্ধ থাকা যাহাতে তাঁহাকে ভোগ করা যায়'—ইহা অসম্ভব। একত্ত্ব এক ছাড়া ভোজা যেমন কেহ থাকে না তেমনি এক ছাড়া ভোগ্যবস্তুও কিছু থাকে না। ঈশুর, জীব এবং বিশু পৃথক তিনটি বস্তু, তাহা না হইলে তাহাদের মধ্যে পরস্পরের কোন সম্বন্ধ থাকিতে পারে না। হয় তাহাদের ভেদ সর্বকাল ব্যাপিয়া আছে এবং থাকিবে, না হয় বর্ত্তমানে তাহারা বিচিছনু, হয়ত প্রথমে

# দিব্য জীবন বাঙা

তাহার। অভিনু এক সত্তা ছিল এবং পরিণামে সেই এক অভিনু সত্তায় ফিরিয়া গিয়া এক হইয়া যাইবে ; হয়ত একছই ছিল এবং হয়ত একই হইবে কিন্ত বর্ত্তমানে যতদিন জীব আর জগৎ আছে ততদিন এক হইতে পাবে না ; বিশ্ব-সত্তা বিশ্বভাবকে বৰ্জন না কবিলে তুবীয সত্তার সহিত একম্ব জানিতে বা পাইতে পারে না ; জীব ও তেমনি বিবাট বা তুরীয় সন্তার একত জানিতে বা পাইতে পাবে তাহার জীবত্ব এবং বাষ্টি ভাবনাকে একেবারে বিশর্জন দিয়া : অথবা যদি একম্বই নিতা সতা হয়, তাহা হইলে জীব ও জগতেব কোন স্বস্তিম্ব নাই, তাহার। নিত্য বস্তুব উপর আরোপিত একটা ভ্রমজ্ঞান যাত্র। ইহাতেও একটা অমীমাংগিত একান্ত বিরোধ খাকিয়া যায় বটে, কিন্তু নিত্য বস্তুতে যে বিরোধ স্বীকার কবিতে আমি প্রস্তুত, সে বিরোধের মীমাংসা করিতে আমি বাধ্য নহি কিন্তু এখানে আমাব প্রাথমিক ধারণার মধ্যে বিবোধ দেখিলে তাহা যুক্তিযুক্ত ভাবে মীমাংসা না কবিলে যে আমার কাজ চলে না, স্বতবাং মীমাংসা করিবার চেষ্টা কবিতে বাধ্য হই। এই কথা স্বীকার করিলে, হয় আমি জগৎকে ব্যবহানিকভাবে সত্য মনে কবিয়া ভাবনা এবং ক্রিয়া করিতে পানি অখব৷ তাহাকে মিখ্যা জানিয়া বর্জন করিতে এবং কর্ম ও ভাবন। হইতে বিবত হইতে পাবি। বিবোধের মীমাংস। কবিতে আমি বাধ্য নহি, আমাব এবং জগতের অতীত কোন কিছুব সম্বন্ধে বা তাহাব মধ্যে সচেতন হইব এবং ঈশুর যেমন কবেন তেমনি ভাবে সেই ভিত্তি হইতে বিরোধে ভব। জগতে কার্য্য করিব এমন কোন ডাক আমার কাছে আদে নাই, যখন আমি এখনও জীব রহিয়াছি তখন ঈশুরেব মত হইতে চেটা করা অখবা যুগপৎ তিন বস্তু হওয়া আমার যুক্তি-বিচার-বিরুদ্ধ এবং কার্য্যতঃ অসম্ভব মনে ২য়।" স্বভাবতঃই সাধারণ বৃদ্ধির এইরূপ মনোভাব হইতে পারে ; ইহা ভেদ দর্শনের স্পষ্ট সরল ও দৃঢ় উক্তি ; ইহাতে বুদ্ধির নিজেকে অতিক্রম করিবার কোন উৎকট প্রয়াস নাই, কোন প্রকার রহস্যবোধের অস্পষ্ট ছায়া অথবা অর্দ্ধ আলোকে নি**জেকে হারাই**য়া ফেলা নাই অথবা একটা আদিম রহস্যবোধ শুধু আছে, তুলনামূলকভাবে দেখিলে তাহা সরল মনে হইবে, তাহার মধ্যে অন্য কোন জটিল বাধা দেখা দিবে না। তাই এ ভাবের বিচার সহজবুদ্ধির কাছে অত্যন্ত সম্ভোদজনক মনে হয়। ইহাতে তিনটি তুল আছে, প্রথম তুল, ইহাতে সবিশেষ এবং নিবিশেষের মধ্যে এক অনপনেয় ভেদ ও বিরোধের সৃষ্টি করা হইয়াছে ; বিতীয় ভুল, ইহাতে একান্ত বিরোধের সম্বন্ধে ন্যায় শাস্ত্রের বিধান অত্যন্ত সহজ ভাবে দেখা হইয়াছে

# নিত্য ও জীব

এবং অত্যন্ত দৃঢ় করিয়া তোলা হইয়াছে ,তাহার ক্ষেত্রকে অতিবিস্তৃত করা হইয়াছে আর তৃতীয় ভুল, যাহার উৎপত্তি ও আদি নিবাস নিত্য সত্যে, কালের ভাষায় তাহাকে ধারণা ও বর্ণনা করা হইযাছে।

আমরা চরম তব বলিতে এই বুঝি যে তাহা আমাদের অপেকা বৃহত্তর, আমরা যে জগতের মধ্যে বাস করি তদপেক্ষাও বৃহত্তর, আমরা যাহাকে ঈশুর বলি সেই বিশ্বাতীত পুরুষের পরম সত্যা, এমন কিছু যাহা না থাকিলে আমরা যাহা দেখি অথবা যাহ। কিছু আছে বলিয়া আমবা জানি, তাহাব কিছুবই উত্তৰ অথবা মুহূর্ত্তমাত্রও অস্তিত্ব সম্ভব হইত না। ভারতীয় দশন ইহাকে বুদা বলে, ইউবোপার দশন ইহাকে Absolute বা সম্বন্ধ বহিত চরম তথ বলে, কেননা ইহা আপনাতে আপনি বর্তমান বা স্বযন্তুসত্তা এবং সকল সম্বন্ধের বন্ধন হইতে মুক্ত। যাহাতে কিছু বৈশিষ্ট্য বা সম্বন্ধ আছে অর্থাৎ যাহা সবিশেষ তাহার অস্তিম নির্ভর করে দকল বিশেষের মধাস্থিত এক সত্যের উপব, সেই সত্যই তাহাদের উৎপত্তিস্থান, তাহাদেন সকল শক্তি ও ধর্ম্বের আশুয়, অথচ তাহা তাহাদের দকলকে অতিক্রম কবিষা বর্ত্তমান আছে ; এসত্য এমন একটা কিছু যে, যে কোন বিশেষ অথবা আমরা যাহা জানি বিশেষ সকলের তেমন কোন সমষ্টি, তাহার একটা অংশ, একটা নিমুতর বা বাবহাবিক পুকাশ মাত্র। আমাদের যুক্তি বলে যে তেমন একটা চরম তত্ত্ব ধানিবেই, অধ্যাগ্ন অনুভবের দ্বানা আমরা তাহাব অস্তিত্বের অপরোক্ষ জ্ঞান লাভ কবি, কিন্তু যখন আমাদের যে জ্ঞান প্রম উজ্জল তখনও আমরা তাহার বর্ণনা দিতে পারি না, কারণ মানুষেব ভাঘা এবং ভাবনাঁ শুধু সবিশেঘেরই খবর দিতে পারে ; তাই নিশ্বিশেঘ সেই চরমত্ত্ব আমাদের কাছে অনিব্রাচ্য।

এ পর্যান্ত ভাবনা করিতে গিয়া কোন সত্য বাধার সন্মুখান হইনা বা কোন গোলমালে পড়িনা। কিন্তু মন বিবাধ দেখিতে অভ্যন্ত, ভেদ ও দ্বন্দ লইষা ভাবনা করাই তাহার মজজাগত, তাই এ ক্ষেত্রেও সে অথুসর হইয়া সহজ্ঞেই বলিয়া বসে যে সেই চরম তত্ত্ব বিশেষ বা সম্বন্ধেন হারা যে বন্ধ নয় কেবল তাহাই নহে. মন যেন বলে সে তত্ত্ব সীমার বন্ধন হইতে মুক্ত ইহাই তাহার বন্ধন অর্ধাৎ তিনি সীমাহীনতার মধ্যে বন্ধ বলিয়া সর্সাম এবং সাস্ত রূপে কখনই দেখা দিতে পারেন না, তাই সম্বন্ধের কোন শক্তি তাহাতে একেবারেই নাই, তাহার প্রকৃতি অনুসারে তাহাতে থাকিতেই পাবে না, তাহার সম্প্র সত্তা এমন কিছু যাহা বিশেষের বা সম্বন্ধের পরিপন্থী, নিত্য বিরোধী। আমাদের যুক্তির এই ভুল

# দিব্য জীবন বার্ডা

পদক্ষেপের ফলে আমাদের বৃদ্ধি এমন অবস্থায় পৌঁছে যাহা হইতে তাহার পরিত্রাণের উপায় আর আসরা খুঁজিয়া পাইনা। আমাদের নিজের এবং বিশ্বের অন্তিম শুধু যে একটা রহস্য হইয়া ওঠে তাহা নহে, বৃদ্ধির পক্ষে তাহা ধারণাতীত হইয়া পড়ে। কারণ এ সিদ্ধান্তানুসারে চরমতত্ত্বের স্বিশেষ হওয়ার কোন সামর্থ্য নাই, সমস্ত বৈশিষ্ট্য এবং সম্বন্ধ হইতে তাহা চির নির্দ্মুক্ত, অথচ তাহাই সকল বিশেষের নিমিত্ত বা মূল কারণ, অন্ততঃপক্ষে তাহাদের আশুরস্থান ও আধার, সকল বিশেষের সত্য এবং উপাদান তাহাতেই রহিয়াছে। আমাদের পক্ষে এ স্থান হইতে পরিত্রাণের যে একমাত্র উপায় আছে তাহা যুক্তির বা অযুক্তির বলা কঠিন : সে উপায় এই যে আমাদিগকে বলিতে হয় যে জগৎ নিরাকার নিবিবশেষ শাশুত চরম তত্ত্বেব উপব আনোপিত স্বয়ংক্রিয় বা স্বতঃসিদ্ধ একটা ভ্রম বা কালের ক্ষেত্রের একটা অবান্তব সত্য। বিপথে চালনা করা যাহাব স্বভাব আমাদের সেই ব্যষ্টিচেতনাই এ আরোপ করিয়াছে, সে চেতনা ভুল করিয়া ব্রহ্মকে জগৎরূপে দেখিতেছে —যেমন মানুঘ ভুল করিয়া রজজুকে সর্প বলিয়া দেখে, কিন্ত হয় আমাদের ব্যষ্টিচেত্তনা নিজে একটা বিশেষ, বন্ধে অধিষ্ঠিত হইয়া তাহা বর্ত্তমান আছে, বন্ধ ঘাবাই তাহার অস্তিত্ব সন্তব হইয়াছে সে নিজে কোন সত্য তত্ত্ববস্তু নয়, অথবা তাহাব নিজের স্বরূপে সে বুদ্রই ; স্কুতবাং মোটের উপব ইহাই দাঁড়াইতেছে যে বদ্রাই আমাদের মধ্যন্থিত তাহার নিজ সত্তাব উপর নিজেই এই ভ্রম আরোপ করিয়াছেন এবং তাহার নিজের চৈতন্যের কোন আকার বা বিভৃতি রূপ বাস্তব রজুজুকে জগৎ বা অবান্তব সর্প বলিয়া ভল করিতেছেন, তাহার অনির্ণেয় শুদ্ধ সত্তার উপন বিশ্বের এই আভাস আরোপ করিয়াছেন মধনা যদি নিজের চৈতন্যের উপর আবোপ না করিয়া খাকেন. তবে এমন চৈতন্যের উপর করিয়াছেন যাহা তাহা হইতে জাত হইয়াছে এবং তাহারই আশ্রুয়ে বর্ত্তমান আছে, যাহা মায়ার মধ্যে তাহারই একটা প্রতিক্ষেপ (projection)। কিন্ত এ ব্যাধ্যায় কিছুই ব্যাখ্যাত হয় নাই, যে মূল বিরোধ ছিল তাহা পুর্বের মতই অমীমাংসিত রহিয়া গিয়াছে, কেবল তাহা আমরা অন্য ভাষায় বিবৃত করিয়াছি। ইহাই যেন মনে হয় আমাদের বৃদ্ধি দিয়। ব্যাখ্যা করিতে গিয়া আমাদের কঠোর বিচার বুদ্ধির দ্বারাই আমরা কুয়াশাচছনু হইয়া পড়িয়াছি; অতিধৃষ্ট তর্কবিচার আমা-দের বদ্ধির উপর যে প্রত্যয় চাপাইয়া দিয়াছে তাহাই আমরা চরমতদ্বের উপর আনোপ করিতেছি : বিশু-প্রকাশকে বুঝিবার পক্ষে আমাদের মনের যে বাধ। ছিল তাহাই চরমতত্ত্বের পক্ষে জগৎ প্রকাশ আদৌ অসম্ভব এই ভাবন।-

### নিত্য ও জীব

রূপে রূপান্তরিত করিয়াছি। কিন্তু স্পষ্টত: জগৎস্টিতেও ব্রান্রের যেমন বাধেনা তেমনি সেই সজে একই সময়ে জগতের অতীত হইয়া বর্তমান খাকিতেও তাহার কোন বাধা হয় না; বাধা বর্তমান আছে শুধু আমাদের মনেব গীমাবদ্ধার্যার জন্য সান্ত এবং অনস্ত যে একসজে বর্তমান আছে অতিমানসন্দার্যার জন্য সান্ত এবং অনস্ত যে একসজে বর্তমান আছে অতিমানসন্দার্যার অকথা আমরা বুঝিতে অথবা নিন্বিশেষ এবং সবিশেষ যেখানে একছে প্রথিত আছে তাহা ধরিতে পারি না। প্রাকৃত যুক্তিবিচারে ইহাবা পরস্পরের বিরোধী; চরম তত্বের ন্যামে তাহারা মূলত একই অহম সত্যের পরস্পরের সহিত সম্বদ্ধবিশিষ্ট, কোন কিছু একান্ত বিকদ্ধ প্রকাশ নহে। অনস্ত সংস্বরূপের চেতনা আমাদের মনশ্চেতনা কিষা ইন্দ্রিরচেতনার মত নম তাহা বৃহত্তর এবং আবও ব্যাপক, তাহাব ক্রিয়াব নিমুত্রন গৌণ বিভাবরূপে মন এবং ইন্দ্রিয় তাহার মধ্যেই অবস্থিত, এবং অনস্তের যুক্তি আমাদের মনের যুক্তি হইতে অন্যাবিধ। আমাদের মনের ফ্রেমস্ত শব্দ, ভাব বা ভাষাব সাহিত পবিচ্য আছে, তাহাবা গৌণ এবং নিমুত্রব ঘটনা হইতে গঠিত এইযাতে, সেই মনের কাছে যাহা অনপনেয় বিরুদ্ধভাব বা পদার্থ বলিয়া মনে হয়, অনস্তের ন্যায়, সন্তাব বৃহৎ মূল ভাবের মধ্যে তাহাদের সমন্য সাধন করে।

আমাদের এই ভুল হয় যে যাহা সকল সংজ্ঞান অতীত তাহান সংজ্ঞা দেওয়ান চেপ্টা করিতে গিয়া আমরা সেই চবমতরের বর্ণনা সর্ববাতিবেকী (all exclusive) নেতিবাচক বিশেষণ দিয়াই করিতে প্রশাস পাই, অথচ তাহাকে পরম ভাববন্ধ বা ইতিস্বরূপ এবং সমস্ত ভান বা ইতিন উৎপত্তি ছাল না ভাবিয়্মিও পারি না। যাহারা শুধু শব্দেব ভেদ না তারতন্যের উপর দৃষ্টি না রাখিয়া সন্তার তথ্যকেও বুঝিতে চেপ্টা করিয়াছেন, এমন অনেক তীক্ষুবুদ্ধি সম্পেনু দার্শনিকও যে চরমতত্বকে মনের অলীক কলপনা বলিতে, তার্কিকের শব্দেজাল এবং যুক্তিবিচার হইতে জাত বস্তুশুন্য একটা ভাবমাত্র ভাবিতে, যাহার স্বস্তিমই নাই এমন এক মহাশুন্য বলিয়া বুঝিতে. এবং নিত্য সম্ভূতিই (becoming) আমাদের সন্তার একমাত্র সত্য এই সিদ্ধান্ত করিতে বাধ্য হইয়াছেন তাহাতে আশ্চর্যের কিছু নাই। প্রাচীন ঋণিরা বুর্ন্ন ইহা নয়, তাহা নয় এইরূপ নেতিবাদ দিয়া বুর্ন্নের কথা বলিয়াছেন বটে, কিন্তু সতর্ক হইমা আবার ইতিবাদের ভাষাও ব্যবহার করিয়াছেন ; তাঁহারা ইহাও বলিমাছেন— বুদ্ধ ইহা, বুদ্ধ তাহা, স্বই বুদ্ধ' ; কারণ তাঁহারা বুঝিয়াছিলেন বুদ্ধকে শুধু ইতি বা শুধু নেতিবাদের ভাষার সীমিত করিলে সত্য হইতে এই হইতে হয়। তাঁহারা বলিয়াছেন

## দিব্য জীবন বার্জা

যে জড় বা অনু বুদ্ধ, প্রাণ বুদ্ধ, মন বুদ্ধ, বিজ্ঞান বা অতিমানস বুদ্ধ, বিশ্বের আনল ব্রূম — সচিচদানলই ব্রূম, তথাপি ইহার কোনটির মারাই ব্রুমের সংজ্ঞা वा मम् पविष्य प्रथम याम ना, अमन कि मिष्ठिमानन मध्य आमाप्तत्र या সব্বোচচ ধারণা তাহা দিয়াও নয়। আমাদের প্রত্যক্ষগোচর জগতে আমাদের মনশ্চেতনাকে যতই উদ্ধে তুলি না কেন, দেখিতে পাই প্রত্যেক ইতির সঙ্গে থাকে একটা নেতি। কিন্তু সে নেতি শুন্য ত নয়, বস্তুতঃ যাহা আমাদেব কাছে শুনা বলিয়া মনে হয় তাহাৰ মধ্যে সংহত এবং ঘনীভূত হইয়া আছে শক্তি ও সত্তাব বীর্য্য ; তাহা ভূত বা ভব্যের উপাদানে ভরা। সাবার নেতি আছে বলিয়া তাহান প্রতিশোগী ইতি যে নাই বা অবাস্তব হইয়া পড়িবে তাহাও তো সত্য নহে; ইতিবাদেব দ্বারা বস্তুসত্যেব শুধু অপূর্ণ পরিচয়ই পাওয়া যায়, এমন কি তাহা দ্বাবা ইতিভাবের নিজস্ব সত্যকেও পূর্ণরূপে বুঝা যায না। কাবণ ইতি এবং নেতি ভাব যে ওধু পাশাপাশি আছে তাহ। নয়, তাহাৰা আছে পরস্পবেন সহিত সম্বন্ধযুক্ত হইযা একে অন্যেব উপন নির্ভর কনিয়া ; তাহারা পূর্ণকে প্রকাশ কবে এবং পূর্ণদৃষ্টিতে দোখলে পরস্পরকে বুঝাইয়া চিনাইয়া দেয, ঘৰণা গীনিত মন তত্ত্ব প্ৰয়ন্ত পৌঁছিতে পাৰে না। ইহাদের একটিকে नाम मिया यनातित्क विवारं ठाविरल त्यवे यनातित्क ६ काना इवेरव ना ; তাহাৰ আপাত্ৰিবোধী ভাবেৰ ইঞ্চিত বা ব্যঞ্চা দিয়া যখন তাহাকে দেখিতে শিপি, তথনট সেই বস্তুর গভীবতর সত্য জানিতে আবন্ত কবি। যুক্তি বিচারেব ব্যতিবেকী (exclusive) বিবোদেন মধ্যে না গিয়া এইভাবের উদার এবং গভীব বোধিন মধ্যে দিয়া চরম তত্ত্বের দিকে পৌঁছিতে চেষ্টা করাই প্রকৃত বৃদ্ধিব কাজ।

বুদ্দেব যে ইতি বা অন্তিবাচক তাব আছে তাহার পরিচয় পাই আমাদের চেতনায় তাহার নানা ভাবের বিবৃতি বা প্রকাশে: প্রকাশিত অন্তি বা ইতি ভাব ছাড়া বুদ্দের মধ্যে আব যাহ। কিছু আছে দে সমস্তকেও ইতি বা অন্তিবাচক তাবই বলিতে হইবে, বুদ্দেব নেতিভাব তাহাই প্রকাশ করে; প্রথম অন্তিবাচক বিবৃতিতে যে যে সীমা নির্দেশ করে এই নেতিবাদ দ্বারা সে সীমাকে অস্বীকাব করা হয়। আমবা এখানে প্রথমে দেখিতে আবস্তু করিতেছি বুদ্দের মূল সম্বন্ধগুলি, যেমন অনন্ত এবং দান্ত, সবিশেষ এবং নির্শিষ, সপ্তণ এবং নির্ভ্ প এ সমস্তের প্রত্যেক যুগাতুহের নেতিভাবের মধ্যে তাহার প্রতিযোগী ইতিভাবের সমস্ত শক্ষি নিগুচভাবে বহিয়াছে, নেতিভাবই তাহার আধার, ইহা হইতেই

# নিত্য ও জীৰ

দ্বস্তি বা ইতি উন্মিষিত হইতেছে; অতএব দু'য়ে কোন সত্য বিরোধ নাই। গ্রহার চেয়ে কম স্ক্র্রভাবের সত্যের দেখা পাই বিশ্বাতীত ও বিশ্বগত, বিশ্বগত ৬ ব্যষ্টিসন্তার মধ্যে, এখানে আমরা দেখিয়াছি যে এসমস্ত যগোরই একটা দিক তাহার আপাতবিরোধী অন্যাদির অন্তর্ভুক্ত আছে। বিশ্বাপা বা বিরাট যেমন নিজেকে সংহত ও বিশিষ্ট করিয়াছেন ব্যষ্টিজীবে, তেমনি ব্যষ্টির মধ্যে আছে বিবাটের সমস্ত সাধারণ তত্ত্ব বা স্বর্গামান্য গুণাবলি। বিরাট চেতনা জীব-চেতনার অগণিত বৈচিত্র্যে নিজেকে রূপায়িত করিয়াই—বৈচিত্র্যকে নিরুদ্ধ কবিষা নহে—তাহাব নিজেকে নিজে পূর্ণরূপে পাইতে বা জানিতে পারে; তেমনি বাষ্টিচেতনাও নিজেকে পবিপূর্ণকর্ণে জানিতে ব। পাইতে পারে, যখন বিবাটেব সহিত তাহার ভাবসাম্য বা একম স্থাপিত হয়, অহংএর ক্ষুদ্র সীমার মন্যে অবরুদ্ধ থাকিয়া নহে। তেমনিভাবে বিবাট তাহাব নিজের পর্ণ স্ত্রাতে এবং তাহার মধাস্থ প্রতি পদার্ধে অনুসূত্ত অথও বিশ্বাতীতকে নিঙ্গেব অন্তর্ভুক্ত করিয়া নাখিনাছে. তাহাৰ নিজেরই বিশ্বাতীত সত্যেব চেতনাদারা বিবাটের বিশ্বসন্তা বজায় আছে , আবার বিরাট প্রত্যেক ব্যষ্টিসন্তার মধ্যে নিজেকে তখনই প্রাপ্ত হয় বা দেখিতে পায়, যখন সেই সত্তার এবং সকল সত্তার মধ্যে বিশ্বার্তাত দিব্য সত্তার উপলব্ধি করে। বিশ্বাতীতের মধ্যে বিশ্ব আছে, তাহাই বিশ্বকে প্রকাশ করে, তাহাই বিশ্বের উপাদান, প্রাচীন কবিত্বের ভাষায় আমরা বলিতে পারি এই প্রকাশ এই বিস্ফটিব মধ্যে বিশ্বাতীতই নিজের অনস্তবৈচিত্রোর ছন্দপ্রঘমা যেন নিজে থাবিষ্কার করেন। সম্বন্ধ তত্ত্বেব নিযুত্তব স্তরেও আমর। ইতি এবং নেতির এই একই খেলা দে**ৰিতেঁ পাই**। আমরা বুঝিতে পাবি যে এখানে ও ইহাদেব দিব্য মিলন এবং বামঞ্চ্যা ঘাৰা—ইহাদের কোনটিকে বিলুপ্ত বা বিরোধকে চরমে তুলিয়া নয়— নাদিগকে সেই নিত্যবস্তুতে পৌ ছিতে হয়। কারণ যাহা সেই চবম তত্ত্বের -স্থায়রূপায়ণের বিচিত্র ছন্দ ছাড়া আব কিছু নয়, সেই সর্ব্ব সেই সবিশেঘ দেখিতে পায় যে বিশ্বাতীত চরম তত্ত্বের মধ্যে তাহার অস্তিম্বের কারণ এবং সমর্থন বর্ত্তমান আছে, তাহাকে যে সেখানে অস্বীকার করা হইয়াছে তাহা নয় , তাহার **মধ্যেই দেখিতে পায় তাহার সত্যের মূল এবং তত্ত্ব আছে, দেখিতে পায় যে সেখানে** তাহাকে মিখ্যা বলিয়া উডাইয়া দেওয়া হয় নাই। জগং এবং ব্যষ্টিজীব এ উভয় সেই বিশ্বাতীত চরনতত্বেব মধ্যন্থ কিছুতেই ফিরিয়া যায়, যাহার মধ্যে বিশ্বসত্তার এবং জীবসত্তাব বাঁটি সত্য বর্ত্তমান আছে, যাহা তাহাদিগকে অস্বীকার করে না বা মিখ্যা বলিয়া সাজা দেয় না। জগদতীত বদ্ধ অবিশাসী নৈয়ায়িকের

# **मिया जीवन वार्ज्**।

মত নিজেরই দেওয়া বিবৃতি বা নিজেরই আদ্মপ্রকাশকে খণ্ডন বা অস্বীকার করেন না ; বরং তাঁহার অন্তিবের মধ্যে ইতি বা অন্তিবাচক ভাব এমন একান্ত এবং অনস্তভাবে আছে, যে অন্তিভাবের কোন সান্তকপায়ণ এমন হইতে পারে না যাহা তাঁহাকে নিঃশেষিত করিবে অথবা সংজ্ঞা এবং সীমার বাঁধনে বাঁধিতে পারিবে।

ইহা স্পষ্ট যে নিতা বন্ধর সতা যদি এরপই হয়, তাহা হইলে ন্যায়শান্ত্রেন একান্ত বা ব্যতিরেকী বিরোধের বিধানে (law of contradiction) তাহাকে বাঁধা যায় না। যেখানে আংশিক বা খণ্ড এবং ব্যবহারিক সত্যকে জোর করিয়া বলিতে হইবে সেখানে এ বিধানের প্রয়োজন আছে। ভাবনাকে স্পষ্ট, নিশ্চিত এবং কার্য্যসাধনোপযোগী করিয়া তলিতে দেশেব ও কালের বিভাগ আছে, যেখানে রূপ এবং গুণের ভেদ বর্ত্তমান, সেখানে বিশেষ লক্ষ্যে পৌঁ ছিবার উদ্দেশ্যে ক্রিয়া কবিবার জন্য, বস্থুসকলের শ্রেণীবিভাগ এবং তাহাদিগকে ব্যবহাব করিবার জন্য আমাদের পক্ষে এ বিধানেব সাহায্য লইতে হইবে। এই বিধান সন্তার রূপজগতের একটা প্রবল ক্রিয়াশীল সত্যকে ' ব্যবহারের ক্ষেত্রে প্রকাশ করে—সর্বোপেক্ষা যাহা বাহ্যবস্তু সেই জডের উপবই <sup>-</sup> তাহার প্রভাব সবচেযে বেশী; কিন্তু অন্তিত্বেব সোপান দিয়া যতই আমরা সূক্ষ্মতব ধাপে আবোহণ করিতে থাকি ততই দেখিতে পাই যে তাহার কঠিন বন্ধন ক্রমেই শিথিল হইয়া আসিতে থাকে। জড়জগতের ঘটনা এবং শক্তির সহিত ব্যবহারে আমাদের পক্ষে এ বিধান মানিয়া চলা বিশেষ প্রয়োজন; সে ক্ষেত্রে কোন বিশেষ সময়ে কোন ঘটনা বা শক্তিকে একই থাকিতে এবং তাহাৰ বীৰ্য্যকে একই হইতে হইৰে, ব্যবহারিকভাবে ফলপুসূ এবং প্ৰত্যক্ষ হইতে হইবে বা আপাত দৃষ্ট ধৰ্ম ও সামৰ্থ্য দানা তাহাকে সীমিত হইতে হইবে. তবেই আমবা তাহাকে লইয়া কাজ কবিতে পারিব। কিন্তু এখানেও মানুষ বুঝিতে আবন্ত করিয়াছে, বিজ্ঞানেৰ শ্রেণীবিভাগ এবং বাবহারিক পরীক্ষা দার। এবংবৃদ্ধিব সাহাযো মানুষ যে সমস্থ ভেদ দর্শন বা সৃষ্টি করে. তাহা তাহাদের নিজে-দের বিশেঘ ক্ষেত্রে এবং তাহাদের নিজেদের উদ্দেশ্যসাধনের পক্ষে পূর্ণভাবে বৈধ এবং গার্থক হুইলেও, তাহাতে বস্তুব পূর্ণ অথবা স্বরূপ সত্যের পরিচয় পাওয়া যায় না ; তাহাতে বস্তুর সমগ্রতার সমস্ত তম্ব বা সত্য পাওয়া যায় না, এমন কি যে বিশেষ বস্তুকে আমরা শ্রেণীবিভাগের মধ্যে ফেলিয়াছি এবং পৃথকভাবে বিশ্লেষণ করিবার জন্য কৃত্রিমভাবে পৃথক করিয়। নইয়াছি তাহারও পূর্ণ সভ্য তাহাতে

### নিভা ও জীব

নিলে না। এইরূপ পৃথক করিয়া লইবার ফলে বস্ততঃ আমরা অত্যন্ত ব্যবহারিক ভাবে অত্যন্ত ফলদায়ীরূপে সে বন্ধকে নাড়াচাড়া করিতে পারি এবং প্রথমে নামরা মনে করি যে আমাদের ক্রিয়া যে ফলপ্রসূ হইয়াছে তাহাতেই প্রমাণিত হটল যে পৃথক এবং বিশ্রেষণ করিয়া আমরা যে জ্ঞান লাভ কবিয়াছি তাহা যথেষ্ট এবং পূর্ণ। কিন্তু পরে বুঝিতে পারি যে ইহাকে অতিক্রম করিয়া যাইতে পারিলে আমবা এক বৃহত্তর সত্য এবং মহত্তর সিদ্ধিতে পৌ ছিতে পারিব।

প্রাথমিক জ্ঞানলাতের জন্য পৃথক করিবার প্রয়োজন নিশ্চয় আছে।
একগও হীরক হীরকই এবং একটা মুক্তা মুক্তাই. এ দুটিই পৃথক জাতীয় পদার্থ,
यন্য সকল পদার্থ হইতে পৃথক হইয়া বর্ত্তমান লাছে, প্রত্যেকে নিজস্ব আকাবে
ও ধর্মে অপর হইতে ভিনু হইয়াই আছে। কিন্তু ইহাদেব উভয়ের মধ্যে
কতকগুলি সাধারণ গুণ বা ধর্ম এবং উপাদানও আছে, আবাব ইহাদের কতগুলি
ওণ এবং উপাদান সকল বস্তুর মধ্যেই আছে। প্রকৃত পক্ষে ইহাদের প্রত্যেকে অন্য
হইতে তাহার যে সমস্ত পৃথক ধর্ম্ম আছে কেবলমাত্র তাহাদের গারাই যে নিজের
অন্তিত্ব বজায রাখে তাহা নহে, বরং উভয়ের মধ্যে যে মূল সাধারণ ধর্ম্ম আছে
ওাহাই টিকিয়া গাকিবার জন্য তাহাকে অধিকতর শক্তি দেয়; সকল জড়বস্তব
মল ভিত্তি এবং যে সত্যে তাহারা টিকিয়া থাকে তাহাদেব পবিচয় কেবল তথনই
পাই, যখন দেখি সকল জড়পদার্থ মূলতঃ একবস্তু বা এক শক্তি, তাহাদেব সকলেব
উগাদান এক, অথবা বলিতে পারি এক সার্ব্বভৌমিক গতি বা বিশ্বস্পাদ এই
সমস্ত বিভিনু রূপ, এই নানা বিচিত্র গুণ, তাহাব নিজ সন্তাব এই সমস্ত নির্দিষ্ট
এবং স্থেসমন্ত্রপ সন্তাবনা, নিজের মধ্যে হইতে উদ্বে উৎক্ষিপ্ত করিয়াছে, নানা-

তাহাদিগকে সংযোজিত করিতেছে এবং তাহাদিগকে ফুটাইয়া ও সিদ্ধ

বিয়া তুলিতেছে। যদি আমরা ভেদের জ্ঞানে নিজেদিগকে আবদ্ধ রাধি
ভাহা হইলে হীবক এবং মুজা যেমন আছে তাহা লইয়া কাজ কারবার কবিতে
পারিব, তাহাদের মূল্য নিরূপণ করিতে পারিব, কি কি কাজে তাহাদিগকে
খাটান যায় জানিতে পারিব, তাহাদের মধ্যে যে পুকাবভেদ আছে তাহা ধরিতে
পারিব, সাধারণ ব্যবহারে ইহাদিগকে স্বচেয়ে ভাল কাজে কি করিয়া লাগাইতে
পারিব অথবা তাহা হইতে কি করিয়া স্বচেয়ে বেশী লাল্বান হইব তাহাও
বৃথিতে পারিব; কিন্তু যদি তাহাদের উপাদানের এবং যে বৃহত্তর শ্রেণার মধ্যে
তাহারা পড়ে সেই শ্রেণীর সাধারণ ধর্ম্মের জ্ঞান লাভ করিতে পারি, তবে
হাহাদিগকে নিয়ন্তিত করিতে পারিব এবং আমাদের ইচছামত হীরক কিংবা মুক্তা

## দিবা জীবন বার্ডা

প্রস্তুত কবিবার শক্তিও লাভ করিতে হযতে। পারিব। যদি আমর। আরও অপ্রসর হইয়া যাইতে পারি এবং সমস্ত জড়বন্তুর মূল তরকে যদি জয় করিতে পারি, তবে এক বস্তুকে অন্য বস্তুতে রূপান্তব করিবাব শক্তি পর্যান্ত আমরা লাভ করিতে পারিব—এই শক্তিই জড়পুকৃতির উপৰ আমাদের আধিপত্য বিস্তারের শেষ সীমা। তাই দেখি ভিনুতার জ্ঞান তাহাব নিজেবই বৃহত্তম সত্য এবং মহত্তম কার্য্যসাধকতা লাভ করে তথনই, যথন সকল বৈচিত্র্যের পশ্চাৎস্থিত একত্বের মধ্যে সকল ভেদ ও বিভিন্তা মিলাইতে এবং তাহাদের সামঞ্জস্য সাধন করিতে যাহা সমর্থ বস্তুর সেই গভীবতর জ্ঞান আমবা লাভ কবি। গভীৰতৰ জ্ঞান পূৰ্বেৰ্বৰ অন্য জ্ঞান এবং তাহার বাহ্য ফলপুসূতাকে নষ্ট করে না অথবা তাহা বৃথা বলিয়া উডাইয়া দেয না। জড়েন এই চরম তত্ত্বের আবিষ্কার হইতে আমবা এ সিদ্ধান্ত কবিয়া বসি না যে, কোন মল বস্তু বা জড় নাই, আছে **ওধু শক্তি** যাহা জড়কে প্রকাশ কবিতেচে বা জডকাপে প্রকাশিত হইতেছে, একগাও বলি না যে হীরক এবং মুক্তা অসং বা তাহাদের কোন অন্তিম্ব নাই বা তাহাদের অক্তিম্ব ঙধু আমাদেব জ্ঞান ও কর্ম্বেক্সিযের এমানুভ্তিতেই বর্ত্তমান আছে. বলি না যেহেতু এক বস্তু বা শক্তি বা গতিই জগতে একমাত্র নিত্যসতা স্মৃতরাং আমাদের বিজ্ঞানেব সর্ব্বোৎকৃষ্ট এবং যুক্তিযুক্ত কাজই হীবক যুক্তা এবং অন্য যাহ। কিছু গলান যাইতে পারে. তাহাদের সকলকে গলাইয়া সেই মল নিত্য বস্তুতে किरिया या उया এবং পদার্শের রূপ এবং গুণ বা ধর্মকে চিবতরে বিলীন করিয়া পদার্থেব একটা স্বরূপ সত্য আছে, তাহার একটা সার্বেজনীন সত্য আছে, একটা ব্যঙ্গিভাবেৰ সত্যও আছে ; সাৰ্ব্ৰজনীনতা এবং ব্যঙ্গিভাৰ স্বৰূপেনই সত্য এবং শাশুত শক্তি : স্বৰূপ সত্য অপব দুইটিকে অতিক্ৰম করিয়া বর্ত্তমান আছে কিন্তু এই তিন ভাবেব একত্র যোগই—কোন এক ভা একাকী নয-শাশুতেব, সংশ্বরূপের পূর্ণ পরিচয।

যেখানে সত্তাব সূক্ষাতব এবং উচচতর শক্তিকে বাদ দিয়া আমাদের বুদ্ধির ক্রিয়াধাবা চলে, সেই জড় জগতেও এই সত্য আমবা অনুভব করিতে পারি, যদিও অতি কষ্টে এবং বহু সীমা ও সন্ধোচনেব মধ্যে তাহা করিতে হয়, কিন্তু যেমন আমরা উপরেব ধাপে উঠিতে থাকি তেমনি এ সত্য অধিকতর স্পষ্ট এবং শক্তিশালী হইয়া উঠিতে খাকে। আমাদের শ্রেণীবিভাগ এবং ভেদ দর্শনেব সার্থকতা যেমন দেখিতে পাই, তেমনি দেখিতে পাই তাহাদের সীমা। বস্তুতঃ সকল বস্তুই ভিনু হইয়াও এক। ব্যবহারিক প্রয়োজনের জন্য উদ্ভিদ্, পশু

### নিত্য ও জীব

এবং মানুষ ভিনু ভিনু সতা ; কিন্তু যথন আমরা গভীরতবভাবে দেখি তখন দেখি উট্টিদও একটা পশু, কেবল তাহাৰ মধ্যে আম্বসচেতনতা এবং ক্রিয়াশক্তি এখনও যথেষ্ট পরিণতি লাভ করে নাই; পশুও উন্মিধন্ত মন্দ্য; তাহার মধ্যে মনুষ্যাজের অস্পষ্ট সূচনা দেখিতে পাওয়া যায, মানুষ নিজেও সেই পশু কিন্তু পঞ্চ ছাড়া আৰো কিছু, তাহার আত্মসচেতনতা এবং তাহান চৈতন্যেব ক্রিয়াশক্তি পশু অপেকা বেশী আছে বলিয়াই গে মানুষ হইয়াছে; আবাব মানুষ মানুষ অপেক্ষাও কিছু বেশী, কাবণ তাহার সভার মধ্যে দিব্যভাবের সম্ভাবনা নিরুদ্ধ হইয়া আছে, তাহাব মধ্য দিয়া দেবতাই গড়িয়া উঠিতেছে। উত্তিদ্, পশু, মানুষ এবং দেবতা ইহাদেব প্রত্যেকেব মধ্যে শাশুত পুক্ষ ওহাহিত হইয়া এবং নিজেকে নিরুদ্ধ কবিষা বর্ত্তমান আছেন, তাহাব সভাব কোন বিশেষ পুকাশকে ফুটাইয়া ভুলিবার জন্য। ইহাবা প্রত্যেকে নিজেন গোপন সভায় পূর্ণ শাণুত পুরুষ। তাহাব পূর্বের যে সমস্ত পবিণাম সাধিত চইসাছে মানুঘ তাহাব নিজের মধ্যে তাহ। গ্রহণ কবিয়া সমস্তকে মনুণ্যবেংক আকানে রূপাস্থবিত কবিয়াছে; সে এখন ব্যষ্টি মন্ঘ্য, ব্যক্তি তথাপি সে সমগ্র নানবজাতি, যিনি সার্বেজনীন মানব তিনিই ব্যষ্টি মানবরূপ ব্যক্তিয়েন মধ্য দিয়া ক্রিয়া করিতেছেন। মানুধ সর্ব্বময় তবুও সে নিজেতে নিজে অদিতীয়। সে বর্ত্তমানে যাহা তাহা ত বটে কিন্তু সে অতীতে যাহা ছিল, তাহাৰ সৰও তাহাতে আছে এবং আজ যাহা সে নয় তাহাও তাহার মধ্যে সম্ভাবনারূপে বভুমান আছে। তাহার বর্ত্তমান ব্যষ্টিভাবের দিকে যদি শুনু দৃষ্টিপাত কবি, তবে আমনা তাহাকে বুঝিতে পার্রিক না, কিন্তু কেবল তাহাব সার্ব্জনীনতা, কেবল তাহাব সাধাবণ মানবতাব দিকে যদি দেখি, অথবা এ উভয়কে বাদ দিয়া যেখানে ভেদসূচক মানবতা এবং বৈশিষ্ট্যসূচক ব্যাষ্ট্রয় এ উভ্যই তিলোহিত হুইয়া যায় বলিয়া মনে হয় তাহাৰ সত্তাৰ সেই স্বৰূপেৰ দিকে ঋণু লক্ষ্য কৰি, তবে তাহাতেও তাহাকে জানিতে পাবিব না। প্রত্যেক বাষ্ট্রপদার্থ বুদ্রা, সংব বা সমষ্ট্রিও সেই অম্বয় তত্ত্ব, কিন্দ্ৰ তাহার এই তিন বিভাবেৰ মধ্য দিয়া হন তাহার আস্বসত্তাৰ পূর্ণ অভিব্যক্তি। মূলতঃ এক এবং অখণ্ড বলিয়া উশুরের বছবিচিত্র কর্ম্ম এবং কর্মধারা তুচ্ছ মূল্যহীন, অবাস্তব, কেবল প্রাতিভাসিক এবং লম বলিতে বাধা নই, বলিতে বাধ্য নই যে আমাদেৰ জ্ঞানের যুক্তিযুক্ত বা অতিযৌজিক (বা অলৌকিক) এবং সর্বোত্তম সার্ধকতা হইতেছে তাহাদের নিকট হইতে দুরে সরিয়া যাওয়া, আমাদের বিশুগত এবং ব্যক্তিগত সত্তাকে স্বরূপসভায়

#### দিব্য জীবন ৰাৰ্ডা

মিলাইয়া দেওয়া এবং সকল সম্ভূতিকে বৃধা বলিয়া চিরকালের জ্বন্য তাহান প্রলয় ঘটানো।

আমাদেব জীবনেব ব্যবহারিক ক্রিয়াকলাপেও আমরা সেই একই সত্যের প্রযোগ দেখিতে পাই। বিশেষ কোন ব্যবহারিক উদ্দেশ্যে আমরা কোন বস্তু বা ভাবকে ভাল কিম্বা মন্দ, স্ত্রন্দর অথবা কুৎসিত, ন্যায় বা অন্যায় বলি এবং তদনুসারে কাজ করি; কিন্তু যদি ইহাতেই আমরা সীমাবদ্ধ থাকি তবে প্রকৃতজ্ঞান লাভ কবিতে পাবি না, এখানে একান্ত বা ব্যতিরেকী বিরোধের বিধান কেবল তখনত সত্য হয়, যখন বলি একই বস্তুর বিষয়ে একই কালে একই ক্ষেত্রে একই বিঘয়ে একই দৃষ্টিভঙ্গী হইতে অথবা একই ব্যবহাবিক উদ্দেশ্য সাধনেৰ জন্য দুইটি বিভিন্ন এবং পৰম্পরবিরোধী উক্তি সত্য হইতে পাৰে না। উদাহনণ স্বরূপ একটা মহাযুদ্ধ, মহামাবী বা ধ্বংস অথবা ভীষণ রাষ্ট্ বিপ্রব আমাদের নিকট একটা অমঞ্চলজনক ব্যাপার, উৎকট প্রলযন্ধর বিপ্র্যায বলিয়া মনে হইতে পারে, কোন এক বিশেষভাবে দেখিলে তাহার বিশেষ কোন कन विठान करितन कोन विर्शेष विषय ठोश मंछा ; किन्न यात এक मिक হইতে দেখিলে ইহা একটা প্ৰমকল্যাণকর ব্যাপাব হইতে পাবে, কেননা ইহা শীঘ্র ক্ষেত্রকে প্রদিশি কবিষ্য নূতন মঙ্গল অথবা অধিকতর **সন্তো**ষজনক অবস্থা স্থাষ্টি কৰিতে পাৰে। কোন মানুষকে ঋধু ভাল বা ঋধু মন্দ বলা যায় না, সকল মানুষেৰ মৰো আছে বিৰুদ্ধ ধৰ্মেৰ নিশুণ; এমন কি ইছাও দেখা যায় যে একটা অনুভূতি বা একটা ক্রিথাব মধ্যেও এই সকল বিরুদ্ধ ধর্ম অনেক সময় নানা জানিলভাবে নিশ্রিত আছে। সর্বপুকার বিকদ্ধ ধর্ম, গুণ, শক্তি একত্র এব প্রস্পানের মধ্যে অনুপ্রবিষ্ট হট্যা আগাদের ক্রিয়া, জীবন এবং প্রকৃতি গড়িয়া আমবা কোন কিছুকে কেবল তখন পূর্ণনপে বুঝি, যখন আমর। চরমতক্ষেব কিছু আভাস পাই. এবং যাহা প্রকাশ পাইতেছে তাহাব সকল বিশেষ বা সম্বন্ধের মধ্যে যদি তাহারই ক্রিয়া দেখিতে পাই, সে দেখায় প্রত্যেককে কেবল তাহার নিজের দিক হইতে দেখি না. প্রত্যেকের সর্ব্বের সঙ্গে যে সম্বন্ধ আছে এব° শাহা স্বৈকে অতিক্রম করিয়া স্বঁকে সমনুয় করিতেছে, সেই স্ব্বাতিগোৰ সম্বে তাহাৰ যে সম্বন্ধ আছে সেই দুই দিক হইতেও দেখি। বস্তুত: আমধা কেবল তথনই কে!ন বিছুকে জানি যথন ৬ধু আমাদের দৃষ্টি বা উদ্দেশ্য लहेशा (मधि गा, एपथि वस्त्रन भरका उगवारनन प्याजि<u>श</u>ाय **७ উएफमा ; यपिछ जार्व**-ভৌম দৃষ্টির মধ্যে আমাদেৰ গীমিত মানবীয় দৃষ্টি এবং ক্ষণিক প্রয়োজনেরও একটা

### নিত্য ও জীব

ন্থান এবং সার্থকতা আছে ; কারণ সকল বিশেষের পশ্চাতে নিব্বিশেষ অবস্থিত এবং এই নিবিবশেষই সকল বিশেষের উৎপত্তিস্থান ও সমর্থন। জগতেন কোন क्रिया वा कान वर्ष-विनागितक जात्राय नारियव विधान वला यांग्र ना. जर्थाठ गमरू-ক্রিয়া এবং বিধিব্যবস্থার পশ্চাতে এমন একটা কিছু আছে যাহাকে বলিতে পারি প্ৰম ন্যায় এবং যাহা সকল বিশেষের মধ্য দিয়া নিজেকে প্ৰকাশিত কবিতেছে : তাহাকে আমরা উপলব্ধি করিতে পারি, যদি আমাদেব দর্শন ও জ্ঞান বর্তমানের মত একদেশদর্শী, বাহ্যবিষয়ে আসক্ত এবং কতগুলি ব্যক্ত ঘটনা এবং প্রতিভাগের মধ্যে সীমাবদ্ধ না হইয়া সম্প্রদারিত ও সংবাবগাহী হয়। তেমনি এক প্রম কলাণ এবং পরম সৌন্দর্য্য আছে ; কিন্তু তাহার একটা আভাস মাত্র আমরা পাইতে পারি যদি পক্ষপাতশ্ন্যভাবে সর্ব্বপদার্থকে আলিফ্ন কবিতে পাবি এবং তাহাদের বাহারূপ অতিক্রম করিয়া এমন একটা কিছুব অনুভৃতি লাভ করি গাচাকে ইহাদের সকলে এবং প্রত্যেকে নানা বিচিত্ররূপে ও ভাদায ব্যক্ত ও প্ৰকাশ করিতে প্রয়াস পাইতেছে ; তাহা অনির্বাচ্য নিব্বিশেষত্রর নয়— কারণ প্রবাক্ত নিবিবশেষ শুধু সকলের আদিম উপাদান অথবা হযতে। সকল বিশেষেব গনীভত অবস্থা, তাহার,নিজের হাবা কোন কিছু ব্যাখ্যাত হয় না—বব: তাখাকে বলি চরম তম্ব। বস্তুতঃ আমবা একটা বিপরীত পদ্ধতি অবলম্বন কবিয়া সকল পদার্থ ভাঙ্গিয়া তাহাদের সমগ্র-রূপ দেখিতে অস্বীকাব করিতে পাবি, যে-বস্থ ্রাহাদিগকে ধারণ ব। সমর্থন করে তাহার সঙ্গে তাহাদেন কোন সমন্ত্র দেখিতে বিবত হইতে পারি এবং এইভাবে অসঙ্গল, অন্যায, ভীঘণতা, যন্ত্রণা, তচ্ছতা বা নাৰ্ধতা প্ৰভৃতি প্ৰত্যেকের এক-একটা চবম তৰ আচে এই মান্সিক ধাবণা স্কষ্ট ববিতে পাৰি: কিন্তু এ পথে চলিবার অর্থ চরমভাবে অজ্ঞানেবই পথে শাও্যা, কেননা ভাগ করিয়া খণ্ড কবিয়া শুধু বহুরূপে দেখা অবিদ্যাবই ধর্ম। এভাথে আমবা দিবাকর্ম্মের পরিচয় পাই না। নিত্যবস্থ বিশেষের মধ্য দিয়া যে আত্মপ্রকাশ িক্রে, তাহার রহস্য আমাদের কাছে দুর্বোধ এবং আমাদের সীমিত দুষ্টর কাছে <sup>'</sup>সর্ব্**বস্তুই হন্দ** ও নেতিভাবের একটা উদ্দেশ্যহীন খেলা অথবা পঞ্জীভত একান্থ-িশ্রাধের সমাহার বলিয়া মনে হইলেও, আমরা এসিদ্ধান্ত কবিতে পারিনা যে - খামাদের শীমিত প্রাথমিক দৃষ্টিতে যাহা দেখিতেছি তাহাই ঠিক অথবা নলিতে :পাবি না এই বিশুলীলা অল।ক মনেব একটা ভ্রান্ত এবং মিখ্যা ধারণা, তাহার ্ৰিলে কোন সত্য নাই। অথবা চরম তত্ত্বের মধ্যে একটা আদি অনপনেয় একান্ত-্বিরোধের <mark>অন্তিত্ব মানিযা লইয়া তাহা হারা বাকি সম</mark>স্ত রহস্যের সমাধান করিব,

### দিব্য জীবন বার্দ্রা

ইহাও তো হইতে পারে না। মানুষের বিচার-বুদ্ধি যথন একান্ডবিরোধী ছন্দেব একটিকে অন্যনিবপেক্ষভাবে দেখে এবং তাহার স্বতন্ত একটা মূল্য দিতে চান অথবা যথন একটির অন্তিছকে একেবারে অস্বীকার করিয়া বসে. তথন সে তুশ করে, কিন্তু যে বিবোধের কোন প্রকার সমনুষ করা হয় নাই সে বিবোধের উভন কোটিকে একত্রে গ্রহণ করিতে যথন আবাহন করা হয় এবং তাহাই চরম ও শেঘ সিদ্ধান্ত বলিয়া ধবিয়া নিতে বলা হয়, অথবা তাহাদেব ছন্দের অতীত কোন কিছুর মধ্যে তাহাদের উৎপত্তি এবং সার্থকতা যথন দেখিতে না পাওয়া যায়, তথন তাহা স্বীকার করিতে অস্বীকার করিয়া সেই বৃদ্ধি ঠিক কাজই করে।

কালের ধানণাব আশুয় গ্রহণ কবিযাও আমবা অন্তিত্বের এই আদি বিনোধের শামঞ্চ্য বা সমাধান করিতে পারি না। যেভাবে আমরা কালকে জানি বা তাহার ধারণা করি, তাহা দিয়া আমরা ঘটনাব প্রস্পরাকে মাত্র জানিতে পানি ; কাল একটা অবস্থা এবং অবস্থা সকলের কারণ ; সত্তার বিভিন্ন ভমিতে তাহাৰ প্ৰকার-ভেদ ঘটে, এমন কি একই ভূমিতে বিভিন্ন সন্তাৰ কাছে তাহা বিভিনু হয়; স্থাৎ ইহা কোন নিরপেক্ষ নিতাবস্ত (absolute) নয়, ইহা পরম তত্ত্বের মূল সম্বন্ধ বা বিশেষেব ব্যাখ্যা দিতে পাবে নং। সেই বিশেষ সমূহ স্বিস্তাবে কালের ক্ষেত্রে প্রকাশ পাষ; তাই আমাদের মনোম্য এবং প্রাণময সত্তাব কাচে মনে হয় যে কালই তাহাদের নিয়ামক ; কিন্তু এ অনভব বা এ বোধ আমাদিগকে তাহাদের উৎপত্তিস্থানে পৌ ছাইয়া দিতে অথবা তাহাদের তত্ত্ব ব্যাখ্যা করিতে পাবেনা। সবিশেষ এবং নিনিবশেষের (conditioned and the unconditioned) মধ্যে আমবা এক ভেদ দর্শন করি, এবং আমবা কলপনা কবি কালের কোন এক বিশেষ তারিখে বা ফণে নির্নিবশেষ বিশেষে. অনন্ত সাত্তে পরিণত হইযাছে, এবং কালের আব এক দিনে তাহাব সাম্ভ ভাব ঘুচিয়া যাইবে, কেননা কোন কোন ক্ষেত্ৰে কোন কোন বিশেষ বিষয়ে, অথবা এই কিম্বা সেই ব্যবস্থা বা সংস্থানে আমাদের কাছে সেইরূপই মনে হয়। কিঙ অন্তিরকে যদি সমগ্ররূপে দেখি তাহা হইলে দেখিতে পাই যে অনন্ত এবং সাল এক সঙ্গেই এবং একে অন্যের জন্যই বর্ত্তগান আছে। প্রাচীনেরা বিশ্বাগ করিতেন, কালের মধ্যে জগতের স্বষ্টি এবং প্রলবেব এক ছন্দলীলা চলিতেছে, তাখাও একটা বড় অনুষ্ঠান বড় বিশেষ ঘটনা মাত্র হইবে এবং তাহাতেও প্রমাণ হইবে না যে কোন বিশিষ্ট গময়ে অনন্ত অস্তিত্বের ক্ষেত্রের সর্বেত্র হইতে স্কুন বিশেষ সকল প্রকাশ লোপ পাইয়া যাইবে এবং সকল সত্তা নিবিবশেষ অবস্থান

#### নিত্য ও জীব

ফিরিয়া ষাইবে এবং আবার আর এক বিশিষ্ট ক্ষণে বিশেষসমূহ সত্য চুইয়া উঠিবে বা প্রকাশ পাইতেছে বলিয়া মনে চুইবে। মূল সম্বন্ধ বা বিশেষের প্রথম উৎপত্তিস্থান আমাদের মনোময় কাল-বিভাগেব বাহিরে অবস্থিত, দিব্য কালাতীতের মধ্যে, অথবা আমাদের মনোময় অভিজ্ঞতায় যে বিভাগ এবং পারন্পর্য্য দেখা দেয় সে সমস্ত যাহার রূপায়ণ সেই অথও বা নিতা কালের ক্ষেত্রে।

আমরা দেখিতেছি থে যেখানে সব আসিয়া নিশিয়াছে, তুগায় সকল আদি তৰ সত্তাৰ সকল নিত্য সত্যবিভাৰ—একখা উল্লেখযোগ্য যে অনস্থ যেমন নিত্য সত্তার তম্বরূপে সাম্ভও তেমনি নিতা-–চনম তারেন একারের মধ্যে স্থিত এবং প্রস্পারের সঙ্গে এক মৌলিক সম্বন্ধে যুক্ত, সে একম প্রাধীন বা তাহাতে সকলে মিশিতে পারে, তাহা বাতিবেকী একখ (exclusive unity) নহে মধাৎ ভূধু এক বিভাব লইয়াই সে একৰ গঠিত হয় নাই , কিন্তু আদি ভূত্ব সৰ যেভাবে জড ও মনোময় জগতে আমাদের কাছে আসিয়। দেখা দেশ, তাহা হইল তাহাদের দিতীয়, তৃতীয় বা আরও নিমুত্র ক্রমের কর্মপুণালী। নিত্যবস্তু ভাগার নিজ সন্তাৰ বিরোধী কিছু হইয়াছেন, মূলে তাখাৰ মধ্যে বিশেষ ভাৰনাৰ কোন সামর্থ্য ছিল না এবং এক বিশেষ দিনে বা কণে সতা হউক বা এনাম্বক হউক বিশেষসকল তাহাতে দেখা দিয়াছে, এসমস্ত কথা সতা নহে : ইহাও সত্য নহে যে কোন অনিবৰ্বচনীয় অপ্ৰাক্তভাবে এক বহু হইয়া গিয়াছে, নিব্ৰিশেষ মাপন সত্তা হইতে বিচ্যুত হইয়া সৰিশেষে পৰিণত হইয়াচে অথবা নিওঁণেৰ মধ্যে গুণের অন্ধুর দেখা দিয়াছে। এই সমস্ত দ্বন্দ আমাদেন মনশ্চেতনানই ব্যবসা, মন **অথণ্ডকে এইভাবে থণ্ড ক**নিয়া দেখে। স্বন্ধের এই দুই কোটিব কোনটাই ঘলীক নয়, সত্য, কিন্তু তাহাদিগকে অসমাধেষ দক্ষরপে বা প্রম্পূব হইতে পুথকরপে স্থাপন কবিলে তাহাদেব সত্য পবিচয় পাওয়া যায় না, কেননা বয়েন শর্শকাত দৃষ্টিতে সেরূপ অসমাধেষ বিনোধ বা ভেদ নাই। বিজ্ঞানের বিভাগ করিয়া বস্তুকে দেখা এবং দর্শনের বিভেদ করিয়া তত্ববিচারের মধ্যেই যে শুধ্ ছন্দের অসামঞ্জন্য এবং নিত্য ভেদ দর্শনের এই দুর্বেলতা আছে তাহ। নহে, আমাদের আধ্যাম্বিক অনুভবের মধ্যেও এইরূপ ব্যতিবেকী ভাব অর্থাৎ বুদ্রের यन्ताना विভাব বাদ দিয়া শুধু একভাবে নিবদ্ধ থাকার অবস্থা দেখা দিতে পারে, শীমা এবং ভেদ স্বাষ্ট্র কলাই যে মানসচেতনার ধর্ম আমব তাহা দিয়া সাধনা মারম্ভ করি বলিয়াই এরূপ একভাবে ডুবিয়া গাকি। যে সত্য মননকে ছাড়াইয়া গিয়াছে তাহাকে বৃদ্ধিগ্রাহ্য করিবার জন্য দার্শনিক বিচাবে ভেদ

### দিব্য জীবন বাৰ্ছা

এবং বৈশিষ্ট্য দেখার প্রয়োজন আছে ; কেননা বস্তুর মনন প্রথম দৃষ্টিতে অভেদ দর্শন করিতে গিয়া যে গোলযোগ বা বিশৃখলা দেখিতে পায় তাহার হাত হইতে এই ভাবেই নিজৃতি পাওয়া যায়; কিন্তু আমরা যদি শেঘ পর্যান্ত দার্শনিকেন এইভাবে দেখাব মধ্যে নিজেদিগকে নিবদ্ধ রাখি, তবে যাহা প্রাথমিক সহায় ছিল তাহাকেই শৃশ্বল পুস্তুত কবিয়া বসি। অধ্যাপ্ন সাধনার পথে, যাহা পরম্পবের বিরোধী মনে হইতে পাবে, আধ্যান্ত্রিক অনুভবের তেমন বিশিষ্ট ও বিভিনু ধারা ধরিয়া আমাদের চলিতে হয়, কেননা মানুষ মনোময় জীব বলিয়া যাহ। মননের অতীত, প্রথমেই তাহাকে বৃহৎ ও পূর্ণভাবে ধরা তাহার পক্ষে দুরুহ বা অসম্ভব ; কিন্তু যখন আমর। যে পথে চলিতেছি তাহাকে বৃদ্ধির সাহায্যে একমাত্র সত্য বলিয়া প্রকাশ করিতে চেষ্টা করি তথন ভুল কবিয়া বসি, যেমন ভুল করি যদি বলি যে নৈর্ব্যক্তিক নির্গুণ বুদ্রাই আমাদের একমাত্র চরম উপ-লন্ধির বিষয় এবং সমস্ত স্টি, সকল প্রকাশ মাসা বা মিথ্যা অথবা যদি বলি অশেছ কল্যাণ গুণযুক্ত সগুণ বুদ্রে পৌঁছানই আমাদের সাধনার চবম লক্ষ্য এবং বুদ্রের নির্গু ণ নৈর্ব্যক্তিক বিভাবকে যদি আমাদের অধ্যাম্ম অনুভূতি হইতে দ্বে নির্বা-গিত কবি। আমাদিগকে বুঝিতে হইবে যে অধ্যাম্ব পথের মহান সাধকগণের এই যে দুইটি অনুভূতি ভাহাদের প্রভ্যেকে আপন ক্ষেত্রে সমান ভাবে সভ্য, ভেমনি প্রতোকেব অনুভূতি অপরেব কাছে সত্য নহে ; তাহারা একই সত্যের দুই দিকের অনুভূতি, পরম্পবকে বুঝিবাব জন্য এবং এ দুইটি যাহার বিভাব তাহাকে পর্ণরূপে জানিতে বা উপলব্ধি কবিতে হইলে এ উভয় অনুভূতিই প্রয়োজনীয়। ঠিক একই কথা, এক এবং বহু, সাম্ভ এবং স্থনন্ত, বিশ্বগত এবং বিশ্বাতীত, ব্যাঈ জীব এবং বিশ্বাস্থা —এ সকলের বেলাতেও খাটে ; ইহাদের প্রত্যেকটি যেমন নিজের মধ্যে বর্ত্তমান, তেমনি অপব ভাবেও অনুস্যুত আছে এবং ইহাদের কাহাকেও জানিতে হইলে তাহাদের মধ্যে যে আপতি বিবোধ দেখা যাইতেছে তাহাকে অতিক্রম করিতে এবং অপবকেও জানিতে হইবে।

তাহা হইলে আমরা দেখিতে পাইতেছি যে একই অম্বয় তত্ত্বের তিনাটি বিভাব আছে, বিশ্বাতীত, বিশ্বান্ধক এবং ব্যাষ্ট ; এবং এ তিনাটির প্রত্যেকটিব মধ্যে অপর দুটি ব্যক্ত বা গোপনভাবে অনুস্যুত আছে। বিশ্বাতীত তাহাব স্বরূপে এবং স্বভাবে সর্বদা বর্ত্তমান আছেন এবং কালের ক্ষেত্রে তাহার নিজেরই সম্ভাবনাসমূহের ভিত্তিরূপে অবস্থিত থাকিয়া অপর দুইটি বিভাবকে নিয়ন্ত্রিত করিতেছেন; তাহাকে বলা হয় দিবাপুরুষ বা শাশ্বত, সর্বর্গত স্বর্বজ্ঞ,

### নিভ্য ও জীব

দর্বশক্তিমান, সর্বোনুসূত ঈশ্বর-চেতনা, যিনি সকল সত্তা বা সর্বেভূতকে থালিন্দন করিয়া অন্তর্য্যামী এবং নিয়ামক রূপে বর্ত্তমান আছেন। প্থিবীতে তৃতীয় বা ব্যষ্টি বিভাবের চরম প্রকাশ মানুষ; কারণ একমাত্র মানুষই দিব্যভাবের পথে চলিবার এই সন্ধিস্থানে দাডাইয়া সেই আত্মপ্রকাশের গতিধারাকে বিকশিত কারিয়া তুলিতে পারে, যাহা বিদ্যা এবং অবিদ্যা এই দুই কোটির মধ্য দিয়া দিব্যচেতনারই সংবৃতি এবং বিবৃতিরূপে আমাদের নিকট উপস্থিত গুইয়াছে। মানুষ তাহার চৈতন্যে আৰুজ্ঞান মার। বিশ্বাতীত এবং বিশুগত পুক্ষের সেই অম্বয় সত্তা এবং সর্ব্বসন্তার সঙ্গে একম্বলাভ এবং সেই জ্ঞানের মধ্যে বাস করিতে পারে এবং সেই জ্ঞানেব সাহায্যে জীবনের দিব্যরূপান্তর সাধন কারবার যে শক্তি আছে, তাহা ঘাবা তাহাব বার্ষ্টসত্তাব মধ্যে দিব্য আত্মপ্রকাশ ক্টাইয়া তোলা তাহার পক্ষে দত্তব , বাটিজীবের গুধু একজনেব ন্য পবন্ত ণুকলের এই দিব্যজীবনে পৌ ছাই বিশ্বের ক্রিয়া ও গতিব একমাত্র লক্ষ্য বলিয়া বাবণা করিতে পারি। ব্যাট সত্তার অস্তিম ব্রাের কোন আত্মাতে কলিপত এক ন্মজ্ঞান মাত্ৰ, সে ভ্ৰম সেই আত্মা পৰে এক দিন আবিষ্কাৰ কৰে, ইহা হুইতে পাৰে ন।। কারণ ইহা তো হইতে পাবে না বে যাহা চরম আম্বজ্ঞানস্বরূপ সুখব। তাহার সহিত যাহা এক, এমন কোন চৈতন্য তাহাব নিজের সত্য এবং নিজের সামর্থ্য জানেনা এবং অজ্ঞান দারা ভূল পথে চালিত হইয়া নিজের সম্বন্ধে এমন এক গ্রাম্ভ ধারণা পোঘণ করে যে ধারণা তাহাকে সংশোধন কবিতে হইবে অথবা এমন **অসম্ভব কার্য্যে হস্তক্ষেপ কবে যাহা তাহাকে তাাগ করিতে হইবে।** প্রথবা ব্যাষ্ট্র জীবের অস্তিত্ব এক দিব্য থেলা বা লালান মধ্যে একান গৌণ বিষয় মাত্র, এবং সে লীলার মধ্যেও কোন উচ্চতন আশা পোষণ না কবিয়া ধৃথ এবং দু:খের অবিরাম চক্রাবর্ত্তনের মধ্যে চিরকাল অবস্থিত থাকিতে হইবে, গঞানের বন্ধন হইতে সময়ে সময়ে পুএক জনের পলায়ন ভিনু নিদ্ভিব কোন উপায় থাকিবে না ইহাও হইতে পারেনা। ভগবানের লীলাকে এইরূপ নিচকুণ াবং সর্বনাশা বলিয়া মনে করিতে বাধ্য হইতাম যদি মানুদের মধ্যে নিজেকে <sup>এ</sup>তিক্রম করিয়া যাইবার শক্তি না থাকিত, আমুজানের দারা খেলার এই গ্রবস্থার রূপান্তর সাধন করিয়া পরম আনন্দস্তরূপের সত্যের দিকে ক্রমশঃ অগ্রস্ব ÷ইবার শক্তি যদি তাহার না ।াকিত। এই শক্তির মধ্যেই ব্যাষ্ট জীবের অন্তিত্বের শন্ধন খুঁজিয়া পাওয়া যায় ; যিনি তাহাদের অতীত অবস্থায় সর্বদ। প্রকাশিত ণাছেন, যিনি তাহাদের বাহাপ্রতিভাসের অন্তরালে প্রচছনুভাবে সদ। বর্ত্তমান

# দিব্য জীবন বার্ত্তা

আছেন সেই বিশ্বাতীত সচিচদানলেন দিব্য আলোক শক্তি আনন্দ, বাটি এবং বিশ্বসত্তা নিজেদের মধ্যে ফুটাইযা তুলিবে তাহাই এই দিব্য খেলা বা লীলার গোপন উদ্দেশ্য এবং চরম সার্ধকতা। কিন্তু তাহাদের আত্মবিনাশ দ্বারা নয় পরন্ত বর্ত্তমান থাকিয়া এবং পূর্ণ সদ্ধ স্বীকার করিয়া নিজেদের দিব্যক্সপান্তর সাধন দ্বাবা তাহাদের মধ্যেই এই উদ্দেশ্য পূর্ণ হইবে। তাহা না হইলে তাহাদের অন্তিম্বের বা আবির্ভাবেন কোন কারণ থাকেনা; জীবের মধ্যে শিবেব উন্নেম এবং বিকাশ ইহাই এ প্রহেলিকান গোপন সত্য ; এসমন্তের মধ্যে তাই তো তিনি অবস্থিত আত্মেন। বিদ্যা এবং অবিদ্যাময় এই জগদ্রহস্যের দার উদ্যাটনের চাবিই হইল তাহার এই আত্মপ্রকটনের ইচছা ও সক্ষম।

# চতুর্থ অধ্য†য় দিব্য ও অদিবা

যিনি কবি মনীয়ী বন্ধস্থু (যিনি আপনাতে আপনি বর্ত্তমান) ও পরিভূ (যিনি সর্ক্তম স্বাকিছু হইডেছেন), তিনি শাবত কাল হইতে (স্বাকিছুর) যধায়ণ বিধান করিভেছেন। উলোপনিষদ (৮)

জ্ঞান বারা পৃত ২ইরা অনেকে আমার ভাব পাইরাছে --- ভাহারা আমার সাধ্যা লাভ করিয়াছে। সীভা (৪।১০. ১৪)

ভাহাকেই ব্ৰহ্ম বলিয়া জান, এখানে মাশ্বৰ বাহাকে উপাসনা করে তাহাকে নয়। কেনোপনিষদ ( ১۱৪ )

তিনি এক, বনা, সর্বভূতের অন্তরাদ্ধা। সর্বলোকের চকু ধরূপ; সুধকে বাহিরের চকুর দোষ যেমন স্পর্ণ করিতে পারেনা, জেমনি কগতের ত্বংধ সর্বভূতান্তরাদ্ধাকে স্পন্ন করিতে পারেনা। কঠোপনিবদ (৫০১২,১১)

ঈশ্বর আছেন সক্ষকুতের হৃদয় দেশে।

গীঙা (১৮/৬১)

এই বিপু অনন্ত শাশুত সূর্বস্বরূপের প্রকাশ; যাহা ফিছু বর্ত্তনান আছে তাহাব অন্তরে দিব্য পুরুষ রাস করিতেছেন; আমরাও আমাদের আত্মস্বরূপে, আমাদের র্মভীবত্রম সন্তায় তাহাব সহিত এক; আমাদের অন্তরায়া, আমাদের মধ্যে যিনি গোপনে বান করিতেছেন সেই চৈত্যপুরুষ বুদ্রের সন্তা ও চৈতনোর মধ্যে। আমাদের সন্তা সম্বন্ধে এই সিদ্ধান্তে আমরা পৌঁছিয়াছি, সঙ্গে সঙ্গেই হাও বলিয়াছি যে ক্রমপরিণতির ফল হইল দিব্যজীবন, এই কথা বলিতেই হাই যেন বুঝা যায় যে আমাদের বর্ত্তমান জীবন এবং তাহাব নিমু স্তরে যত জীবন আছে সমস্তই অদিব্য। প্রথম দৃষ্টিতে মনে হয় ইহা যেন স্ববিরোধী উক্তি; তাই আমাদের বর্ত্তমান জীবনকে অদিব্য এবং যে জীবনে আমরা পৌঁছিতে চাই তাহাকে দিব্য বলিয়া এ দুএর মধ্যে একটা প্রভেদ স্পন্ট না করিয়া, দিব্য প্রকাশের একটা নিমুত্রর স্তব হইতে উদ্ধৃতর স্তন্ধে আনোহণ-—একখা বলা বেশী যুক্তিসন্তে। ইহা স্বীকার করা যাইতে পাবে যে যদি আমনা বাহির হইতে যে সমস্ত ইন্ধিত আনে তাহাদিগকে বাদ দিয়া কেবলমাত্র অন্তরের সত্যের

#### দিবা জীবন বার্ছা

দিক হইতে দেখি, তবে পবিণতির প্রকৃতির মধ্যে থাকিয়া আমাদের মধ্যে যে পবিবর্ত্তন আসিবে তাহা এইরূপে দেখা যাইতে পারে; জ্ঞানও অজ্ঞানের, ভাল এবং মন্দের, স্থপ এবং দুঃধের মন্দের মারা অবিচলিত এবং সচিচদানন্দের বাধাবদ্ধনহীন চৈতনা ও আনন্দের অংশ গ্রহণে সমর্থ কোন সার্বজনীন নিরপেক্ষ দৃষ্টিতেও হযত এইরূপই বোদ হইবে। তথাপি তবদৃষ্টির কথা ছাড়িয়া দিয়া যদি আমরা ব্যবহারিক এবং আপেক্ষিক দৃষ্টি দিয়া দেখি তাহা হইবে দিব্য এবং অদিব্যের যে প্রভেদ কিছুতেই যাইতে চাহে না তাহার একটা মূল্য এবং বিশেষ প্রযোজন বা সার্থকতা আছে দেখিতে পাই। তাহা হইবে সমস্যার এই দিকটি আমাদিগকে দেখিতে এবং তাহার যথার্থ মূল্য নিরূপণ করিতে হইবে।

বস্তুত: একদিকে আম্বজ্ঞান এবং জ্যোতি: শক্তির মধ্যে স্থিত বিদ্যার জীবন এবং অপর দিকে অবিদ্যার জীবন, এ দ্য়েব মধ্যে যে ভেদ রহিয়াছে দিব্য এবং মদিবা জীবনেব মধ্যে ভেদ মূলতঃ তাহাই—যে জগৎ আদি নিশ্চেতনা হইতে অতিধীরে বহুকটে পরিণতিব পথে অগ্রসর হইতেছে সেখানে অস্ততঃ এই রকমই দেখা যায়। নিশ্চেতনাকে ভিত্তিরূপে গ্রহণ কবিয়া যে কোন জীবন গড়িয়া উঠুক ন৷ কেন তাহাতে মৌলিক অপূর্ণতার এই ছাপ দেখিতে পাওয়৷ যাইবেই ; নিজেন এই অবস্থায় যখন সে তুপ্ত থাকে, তখনও সে তুপ্তিব মধ্যে পূৰ্ণতা এবং গামঙ্ক স্যাধিতে পারে না, তাহা নানা বৈষম্যের এক জোড়াতালি দেওয়া ব্যাপার হইবেই। সন্যপক্ষে একান্ত প্রাণময় ও মনোময় জীবনও স**ন্ধীর্ণ** পরিসবের মধ্যে থাকিয়া পূর্ণ হইয়া উঠিতে পাবে, যদি তাহার ভিত্তিতে খাকে শীমিত হইলেও সামঞ্জস্যপূর্ণ আত্মশক্তি এবং আত্মজান। এবং অসামগুসোর ছাপ চিরকাল বহন করিয়া থাকাই অদিব্যের চিহ্ন ব। পরিচর; পক্ষান্তবে দিব্যজীবন, যথন ক্ষুদ্র সীমার মধ্য হইতে ক্রমশ: বৃহৎ হইতে থাকে তখনও তাহার প্রতিস্তরে প্রতি অবস্থায়, মূল ভাবে এবং সকল কার্য্যেও কার্য্যের প্রতি অঙ্গে এই সামঞ্জস্য বজায় থাকিবে; সে জীবনেব নিরাপদ ভূমিতে স্বাধীনতা এবং পূর্ণতা সহজভাবে ফুটিয়া উঠে বা তাহাদের উচ্চতার চরমশিখরের দিকে অগ্রস্ব হয় এবং পরিগুদ্ধ ও অতি-সূন্দ্র ঐশ্বর্যোবও সম্পদে মণ্ডিত হইয়া চলে। অদিব্য এবং দিব্যসন্তার পার্থকা বিচাবে দকল পূর্ণতা এবং দকল অপূর্ণতারই খবর আমাদিগকে লইতে হইবে; কিন্তু আমরা সাধাবণতঃ সাধারণ মানুষের মতই এ উভয়ের পার্থক্য দর্শন করি, অর্থাৎ সেই মানুঘের মত যাহার উপর চাপিয়াছে জীবনের গুরুভার, যাহা লাঘব

## मिया ७ अमिया

করিবার জন্য করিতে হয় দু:সহ চেষ্টা, যে মানুষেব সন্মুখে আসিয়া উপস্থিত গ্ইয়াছে নানাপ্রকার জাটিল সমস্যা যাহাদেব অবিলয়ে মীমাংসা না হইলে চলে না এবং সেই জটিলতায় পড়িয়া তাহার আচরণ কি ভাবে নিয়ন্ত্রিত করিবে তাহা বুঝিয়া উঠিতে পারে না , তাই ভাল এবং মন্দেব মধ্যে যে ভেদ দেখিতে বাধ্য হই, আমরা তাহার কথাই সব চেয়ে বেশী ভাবি অণবা সেই সঞ্চে ভালমন্দের সহিত যাহার সম্বন্ধ আছে এবং যাহ। আমাদেৰ জীবনে মিশ্রিতভাবে বর্ত্তমান, মুখদ:খের সেই ঘন্তের সমস্য। সমাধানের জন্য চিন্তা কবি। যখন বৃদ্ধি দিয়া সর্বভৃতে দিব্যসত্তার অস্তিম, দিবাভাব হইতে জগতের উৎপত্তি এবং জগতের ক্রিয়াপুণালীতে দিব্যভাবে নিয়ন্ত্রণ ও প্রণাসন দেখিতে চাই—তখন আমাদের সন্মধে আসিয়া দাঁড়ায় অশুভ বা অনর্থেব (evil) অস্তিত্ব, যন্ত্রণার নির্বৈদ্ধা-তিশয়হ, প্রকৃতির কার্য্যাবলীর অন্তর্গত আপদ বিপদ দঃখ শোক যন্ত্রণ। প্রভৃতির মতিবাহল্য ; এই সমস্ত নিষ্ঠুব এবং নিৰ্দ্দয ব্যাপার আমাদিগকে হতবৃদ্ধি কবিয়া দেয়, দিব্যভাব হইতে যে জগতেব উৎপত্তি অথবা দিব্যভাব দানাই যে চলিতেছে জগতের প্রশাসন অথবা সর্বেদশী সর্বেনিয়ামক বা সর্বেপ্রকাশক এবং সর্বব্যাপী এক দিব্যসত্তা যে জগতেব মধ্যে অনুস্যুত হইয়া বর্ত্তমান প্রাডেন মানুঘের এই গংজাত বিশাসও এই সমস্ত দেখিয়া টলিয়া যায়। আমরা মনে করি অন্য দমন্ত **দমন্য। আমর। সহজে** ও স্তল্পবভাবে মীমাংদা কবিতে পাবি এবং দ**হজে** সিদ্ধান্তে পৌঁছিতে পারি বলিয়া বেশ তৃপ্তিও অন্তব কবি। কিন্তু এই বিচার-পদ্ধতি যথার্থ পরিনাণে ব্যাপক ন্য, ইহা শুধু মানুষীভাবেন দৃষ্টিভঞ্চীতে দেখা : কারণ ব্যাপক-পৃষ্টিতে দেখিলে অশিব বা অশুভ ও দুঃখকে দুইটি প্রধান দোষ বলিয়া মনে হইবে বনে কিন্তু ইহারাই জগতের পূর্ণ ক্রটি বিচ্যুতি নহে এমন কি তাহার অপূর্ণতাব মূল স্বরূপও নহে। জগতেন অসম্পূর্ণতান মধ্যে যে শুধু এই দুইটি ত্রুটি আছে তাহা নহে; আমাদেৰ অধ্যায় বা জড় সত্তা যদি কেবল শিব <mark>এবং আনন্দ স্বভাব হইতে ভ্ৰ</mark>ষ্ট ও পতিত হইনা খাকে অখন। আমাদের পুকৃতির পক্ষে অশিব এবং দৃঃখকে জয় করিতে না পারাই যদি পতনের কারণ হয় তবে বলিতে হয় সেরূপ পতন ছাড়া আরও কিছু ঘটিয়াছে। আমাদের ধর্মবৃদ্ধি খোঁজে শিব বা কল্যাণ, আমাদেব প্রাণ গোঁজে আম্বস্থু কিন্ত গাগতিক অভিজ্ঞতায় ভভ এবং মুখ ছাড়া অন্য অনেক <sup>দ্</sup>ব্যভাবেরও তো খ**াব দেখা** যায় : জ্ঞান, সতা, সৌন্দর্য্য, শব্জি, একম্ব প্রভৃতি বস্তুও তো <u> দিবাজীবনের উপাদান, এ সমস্তও তো আমাদিগকে যেন অনিচছার সহিত</u>

#### দিবা জীবন বাণ্ডা

অতি অলপ পরিমাণে দেওয়া হইয়াছে; অখচ ইহাদের সকলেই তাহাদেব চরমে দিব্যপুকৃতিরই শক্তি।

স্মৃতনাং আমাদেব এবং জগতের অদিব্য অপূর্ণতাকে শুধু নৈতিক অশুভ বা ইক্রিয়ণ্রাহ্য দুঃখনেদনান মধ্যে আবদ্ধ রাখা যায় না ; এ দুইটি ছাড়া জগতের আরও মনেক জটিল সমস্যা আছে : কারণ অন্য কোন সাধারণ উৎস হইতেই এ দুইটি প্রবল দোম উদ্ভুত হইয়াছে। সে উৎস হইতেছে সাধারণ অপুর্ণতা-তত্ত্ব, তাহাকে আমাদেন স্বীকান এবং তাহান নিষ্যে আলোচনা কবিতে হইবে। এই অপূর্ণতা বা পূর্ণতাহানিব তরকে যদি আমরা গভীবভাবে দেখি তবে দেখিতে পাই নে আমাদেন মধ্যে যে সমস্ত দিব্য উপাদান আছে প্রথমে তাহারা সীমিত হইয়া পড়ে, ইহাবই ফলে আপন দিব্যভাব হইতে তাহার। বিচ্যুত হয়, পবে ঘটে বহুমুখী নানা বিকৃতি ও বিপর্যায়, দেখা দেয একটা বিপরীত-মুখী ভাব, সন্তার আদর্শ সতা হইতে চ্যুতি ঘটিবাব ফলে আসিয়া পড়ে মিখ্যা বা মিখ্যাচাব। যে সেই সত্যকে পায় নাই কেবল কল্পনামার। তাহার একটা ধাৰণা কবিমাছে, সেই মনেৰ কাছে সভা হইতে চাতির বাবণ দেখা দেয় যেন দিন্য ভাব হুইতে আশ্বান পতন বা অবস্থলননপে অথব। তাহার কাছে সেই দিব্য ভাব শুৰু এমন একটা সভাবনা, এমন একটা আশাৰ বস্তু মাত্ৰ যাহাতে আমরা ক্ৰান্ত পৌঁতিৰ না. তাহাৰ উপলব্ধি আমাদেৰ পক্ষে ক্ৰান্ত সম্ভব হইবে না. কানণ কেবল এক আদর্শনপেই তাহাব অস্তিত্ব আছে ও থাকিবে। মানে যে আমাদের অন্তরায়। এক মহন্তর চেতনা, জ্ঞান ও আনন্দ, প্রেম ও সৌন্দর্য্য, শক্তিও সামর্থ্য, সমনুষ ও কল্যাণের দিব্যলোক হইতে ল্রষ্ট হইষা এখানে আসিয়া পডিনাছে, না হয় স্বীকাৰ কৰে স্বভাবেৰ সকল চেষ্টা সকল সাধনার গজে রহিষাছে এক বার্থতার চিরসম্বন্ধ এবং সহজাত সংস্কার যাহাকে দিব্য ও कामा मत्न करन ठाशास्त्र (भौ िष्ठवात शिष्क यामात्मव मार्थे। এই পতन वा শক্তিহীনতাৰ কাৰণ যদি গভীবভাবে শুঁজিতে যাই, তবে আমাদের সতা, চৈতন্য, শক্তি, আমাদের অভিজ্ঞতা সর্বেত্রই --অবশ্য এ সকলের মর্ম্মনে নয় কিন্ত ইহাদের বহিশ্চন ব্যবহাবিক প্রকৃতিতে- -একটা মৌলিক ব্যাপার দেখিতে পাই, তাহা হইল ভেদের একটা বার্য্যকবী পাতিভাস বা তত্ব অথবা দিব্যসন্তার একত্ব হইতে একটা বিচেছদ : ব্যবহারিক ক্ষেত্রে এই ভেদজ্ঞানের অপরিহার্য্য ফলে দিবাচেত্রনা ও জান, দিবা আনন্দ ও সৌন্দর্যা, দিবাশক্তি ও সামর্থ্য, দিবাসমন্ত্র ও কল্যাণ সর্বেত্রই একটা সীমা আসিয়া দেখা দেয় ; সমগ্রতা এবং পরিপূর্ণতা

# দিব্য ও অদিব্য

হইয়া পড়ে ক্ষুণু, এই সকলকে দেখিবার দৃষ্টিশক্তি হইয়া পড়ে আন্ধ, ইহাদের সাধনাব পথে আমরা হইয়া পড়ি পঙ্গু, আমাদের অনুভব হয় তাহাদের অতি ক্দাংশ, অনুভবের শক্তি ও গভীরতাব হয় হ্রাস, গুণেব ঘটে ন্যুনতা ; এ সমস্তে স্পষ্ট দেখা দেয়, হয় আধ্যান্মিকতার উচ্চশিখন হইতে পতনের চিহ্ন আব ন। হয় বোধশক্তিহীন নিশ্চেতনের বৈচিত্র্যশূন্য একষেয়ে স্থরেব ভিতব হইতে চৈতন্যের কৃষ্ঠিত উন্সেম্বের ছাপ। উচ্চতর স্তবে ভাবের যে গভীরতা সম্জ ও স্বাভাবিক ছিল তাহা এখানে নষ্ট অথবা আমাদেব জড সত্তাৰ অন্ধকাৰ এবং স্থিমিত আলোকের স্হিত সামঞ্জস্যসাধনেৰ জন্য তাহাৰ দীপ্তি ম্লান ও অবলুগুপুায় হইয়া যায়। আবার ইহাব প্রবর্ত্তী গৌণ ফলকপে দেখা দেয় এই সমস্ত উচ্চত্র্য পদার্থের বিকৃতি; আমাদের সীমিত চেতনায় অচেতনা এবং লান্ত চেতনা আসিয়া উপস্থিত হয়, অবিদ্যা আমাদের সমগ্র প্রকৃতিকে গ্রাস কবিয়া ফেলে; আমাদের অপূর্ণ জ্ঞান ও সঙ্কল্পের অপপ্রযোগে এবং বিপথে চলিবাব প্ররোচনায়, হীনবীর্য্য চেতনাশজ্জিব স্বয়ংক্রিয় প্রতিক্রিয়ান ফলে এবং আমাদের প্রকৃতির নিব্দ্দিতাপুণ্ত দাবিদ্যের জন্য আমাদেব মধ্যে দৈবী সম্পদের বিবোধী মত বৃত্তি দেখা দেয়, অশক্তি, জড়তা বা অসাড়তা, মিধ্যা, ল্রম, দুঃখ এবং শোক, অপকর্ম, বৈঘম্য, অশুভ বা অনর্থ আসিয়া পড়ে। তাহা ছাডা আমাদেব মন্তরতম পুদেশে গোপনে এই ভেদভাবের অনুভূতিব উপর একটা আগক্তি, সন্তার খণ্ডভাবের সঙ্গে সংসক্ত হইযা খাকিবার একটা প্রবৃত্তিকে, আমাদেব জাগ্রত চেতনায় আমরা যথন স্পষ্ট দেখিতে পাই না, তখনও পালন এবং পোঘণ করি. এমন কি এইসমন্ত পদার্থ যখন আমাদের সন্তান কোন অংশকে পীড়ন করে এবং সেই উৎপাড়িত অংশ তাহাদিগকে বর্জন কবিতে চায় তখনও সে আসক্তি ও প্রবৃত্তি নষ্ট হয় না ় এই গোপন আসজিই এই সমস্ত দুঃখদায়ক পদার্থকে আমাদের পুকৃতি হইতে উচেছদ বা বর্জন এবং দূরাপসরণ করিতে দেয় না। চিৎশক্তি এবং আনন্দেব তম্ব, সকল প্রকাশ সকল স্টির মূলে আছে বলিয়া, আমাদের প্রকৃতির ইচ্ছা, পুরুষের অনুমোদন ভিনু কিছুই আমাদের আধারে টিকিয়া থাকিতে পারে না ; ইহাদের অন্তিত্বে আমাদের সন্তার কোন অংশ স্থুখ বা তুপ্তি পায়—হউক না কেন সে স্থুখ গোপন বা বিকৃত—সেই তুপ্তিই ইহাদের বাঁচাইয়া রাখে।

যখন আমর। বলি যে গমস্তই এমন কি যাহাকে আমর। অদিব্য বলি তাহাও দিব্য প্রকাশ, তথন আমর। এই বুঝি যে বাহ্যরূপ আমাদিগকে প্রতিহত

# দিব্য জীবন বাৰ্ডা

ও বিপ্রকৃষ্ট (repel) করিলেও সমন্ত মূলত: বা স্বরূপে দিব্য। অথবা এই-ভাবে বলিলে আমাদের মানস বোধ সহজেই বোধ হয় সায় দিতে পারিবে: সব্ববস্তুর মধ্যে অন্তিত্বের একটা মূলসত্যের সন্ধান পাওয়া যায়—ভাহাকে আদ্মা ভগবান বা ব্রদ্ধ বলি—তাহাঁ নিত্যশুদ্ধ, নিত্যপূর্ণ, নিত্য আনন্দময় এবং নিত্য অনম্ভ ; ব্যবহারিক বা আপেক্ষিক জগতের কোন বস্তু হারা সে অনন্ত কখনও সীমিত হয় না : তাহার শুদ্ধ সন্তায় আমাদের পাপ বা অশুভের কোন कनक स्पर्भ करत ना ; आमारमत मृ:थ ও তাপে তাহার আনন্দ कुनु হয় ना ; আমাদের চেতনার, জ্ঞানের, ইচছার বা একস্থ-বোধের দোষ বা ত্রুটিতে তাহার পূর্ণতার হানি হয় না। কোন কোন উপনিষদে দিব্যপুক্ষকে অম্বয় অগ্রিরূপে বর্ণনা করা হইয়াছে, যে অগ্রি সকল রূপের মধ্যে অনুপ্রবিষ্ট হইয়া সেই রূপেরই আকার ধারণ করিয়াছে ; আবাব অন্বয় সূর্য্যরূপে বর্ণনাও পাই, যে সূর্য্য অপক্ষ পাতে সকলকে আলোকিত করিতেছে, আমাদের চক্ষুর দোষ যাহাকে স্পর্শ করে না। কিন্তু এই উক্তি পর্য্যাপ্ত নহে ; ইহাতে সমস্যার সমাধান হয় না। সে সমস্যা এই, যাহা নিজে নিত্য শুদ্ধ, পূর্ণ, আনন্দ এবং অনম্ভ তাহা তাহার নিজেব প্রকাশে এই অপূর্ণতা এবং সীমাবদ্ধতা, অপবিত্রতা এবং যম্ভণা, মিখ্যা এবং অশুভ কেবল যে সহ্য করিয়া থাকেন তাহা নহে, যেন মনে হয় তাহাদের বজায় রাখেন এবং প্রশ্রয় দেন, কিরূপে ইহা সম্ভব হয়। উপনিষদের উক্তিতে ছন্ত্রের পরিচয় পাই কিন্তু পাইনা তাহার সমাধান।

সন্তার এই দুইটি বিরুদ্ধ ভাবকে যদি শুধু আমরা পরস্পরের সম্মুখে স্থাপন করি, তাহা হইলে এই সিদ্ধান্তে পৌঁছিতে বাধ্য হই যে ইহাদের মধ্যে কোন সমন্ম ও সামগ্রস্য সন্তব নয় : আমরা শুধু শুদ্ধ এবং মূল সৎস্বরূপের উপচীয়-মান আনন্দে যতটা পারি সংসক্ত থাকিয়া যতদিন পর্যান্ত তাহাদের উপর এই সমস্তের বিরোধী দিব্যভাবের বিধান আরোপ করিতে না পারি, ততদিন পর্যান্ত তাহাদের প্রতিকূল বহির্মুখিতা কোন মতে সহ্য করিয়া যাইতে পারি । অথবা ইহাদের বিরোধ সমাধান করিবার চেষ্টা না করিয়া পলায়নের পথ খুঁজিতে পারি । আমরা বলিতে পারি যে একমাত্র অন্তরের সৎস্বরূপই সত্য এবং বাহিরের বৈষম্য এক অনির্বচনীয় অবিদ্যা বা মায়ার স্টি একটা শ্রম, একটা মিথাা বোধ মাত্র ; স্থতরাং আ্যাদিগকে শুধু সমাধান করিতে হইবে কোন্ পথে কোন্ সাধনার হাবা আমরা প্রকাশিত জগৎ রূপ এই লান্তি হইতে সেই গোপন তত্বের সত্যে পৌঁছিতে পারিব। অথবা বৌদ্ধ মত গ্রহণ করিয়া বলিতে

# षिवा **७ ज**िषवा

পারি যে কোন সমস্য। সমাধানের প্রয়োজন নাই ; কারণ বস্তুত: সত্য এই যে এ জগৎ অনিত্য এবং অপূর্ণ ; আত্মা,ঈশুর বা ব্রন্ধ বলিয়া কিছু নাই. যেহেণ্ড্ আত্মা বা ব্রহ্মও আমাদের চেতনার একটা লমজ্ঞান মাত্র ; স্রতবাং মুক্তির একমাত্র পদ্ম, ক্ষণভদুরতার প্রবাহ নিয়ত বহিতেছে বলিয়া জ্ঞানের এবং ক্রিয়াশক্তির যে একটা স্বায়ীরূপ গড়িয়া উঠিতেছে বলিয়া মনে হইতেছে তাহাদিগকে নিরন্ত क्ता। পলায়নের এই পথ ধরিয়া চলিয়া আমরা নির্ন্বাণের মধ্যে আমবিলয়ে পৌঁছি; আমাদের আশ্বার বিলোপে জগৎ-সমস্যাও বিলুপ্ত হইয়। যায়। সমস্যাকে এড়াইয়া যাওয়ার ইহা একটা পথ বটে কিন্তু সত্য এবং একমাত্র পথ বলিয়া ত মনে হয় না, পুর্বের অন্য সমাধানগুলিও তো সম্পূর্ণভাবে সম্ভোঘ-জনক বলিয়া মনে করিতে পারি না। ইহা সত্য যে জগতের বৈষম্যময পুকাশকে শুধু বহিশ্চর বাহাপ্রতায় মনে করিয়া আমাদের অন্তরচেতনা হইতে বাদ দিয়া ফেলিতে পারি এবং কেবলমাত্র শুদ্ধ এবং পূর্ণ সংস্বরূপকে নির্বন্ধ সহকারে চাহিয়া ব্যক্তিগতভাবে আমর। তাহার আনন্দম: গভীর নৈ:শব্দ্যের অনুভূতি পাইতে পারি, সেই পরম ধামে প্রবেশ করিয়া আলোক এবং আনন্দের মধ্যে বাস করিতে পাবি। সব বর্জন কবিয়া অন্তরে নিত্য শাশুতে সত্যে একাস্তভাবে সমাহিত হওয়া সম্ভব, এমন কি তাহাতে এমনভাবে আদ্বনিমজ্ঞান করিতে পারি যে জগতের বৈষম্য আমাদেব কাছে ন্তর বা লুপ্ত হইয়া যায়। কিন্তু তবু আমাদের অন্তবের অন্তরতম প্রদেশে অখণ্ড এবং পূর্ণ চেতনার জন্য একটা আকৃতি এবং প্রকৃতির মধ্যেও সমগ্র বা সর্ববিভাব সমন্বিত নিত্যবস্তুকে খুঁজিবার একটা আকাঙ্কা আছে, সন্তার পূর্ণ জ্ঞান, পরিপূর্ণ আনন্দ এবং সর্বতো-মুখী শক্তির দিকে আছে একটা প্রবল প্রবেগ ও প্রেরণা। এই সমন্ত সমাধান ছারা আমাদের মধ্যে অখণ্ড সন্তা, পরিপূর্ণ জ্ঞান এবং সর্বোর্থসাধক বা পূর্ণাঙ্গ ইচ্ছাশক্তির এই যে প্রয়োজন এই যে আকৃতি ও আকাঙ্কা আছে, তাহার পূর্ণ তৃপ্তি হইতে পারে না। যতক্ষণ পর্যান্ত দিব্যভাবে আমাদের কাছে জগৎ-তম্ব ব্যাখ্যাত না হইতেছে ততক্ষণ ব্ৰহ্মকেও আমরা অপূর্ণ ভাবেই জানিব ; কাবণ জগৎও তো ব্রদ্র, যতক্ষণ পর্য্যন্ত জগৎকেও আমাদের চৈতন্যে ব্রদ্রবন্ত-রূপে না দেখিতেছি বা না লাভ করিতেছি ততক্ষণ পর্যান্ত পরিপূর্ণ বুদ্রলাভ वांभारपत्र इस नाहै।

খন্য উপায়েও এ সমস্যার হাত এড়ান যাইতে পারে; আমর। মূল শংসক্ষপকে স্বীকার করিয়া লইলেও পূর্ণতা সম্বন্ধে মানবীয় দৃষ্টি সংশোধন করিয়া

#### দিব্য জীবন ৰাৰ্ডা

অথবা সীমিত মানসমানদণ্ডের ধারণা বিসর্জন দিয়া প্রকাশের মধ্যেও দিব্যভাব আছে ইহা বলিতে এবং তাহার সমর্থন করিতে চেষ্টা করিতে পারি। বলিতে পারি সর্বভূতান্তর্য্যামী চিৎসত্তাই যে কেবল পূর্ণ এবং দিব্য তাহা নহে, কিন্ত প্রতিবস্ত নিজের সত্তাতেই আপেক্ষিক ভাবে পূর্ণ এবং দিব্য, কারণ সন্তার সম্ভাবনাসমূহের মধ্যে যাহ। তাহাকে প্রকাশ করিতে হইবে তাহাই তো সে প্রকাশ করিতেছে এবং পূর্ণ প্রকাশে তাহার যথাযথ স্থান ত সে অধিকার করিয়া আছে অর্ধাৎ যে ভূমিকা অভিনয় করিবার ভার যে ভাবে তাহাকে দেওয়া হইয়াছে তাহা সে ত ঠিক মতই করিতেছে। স্বন্ধপতঃ বিশ্বের প্রত্যেক বস্তুই দিব্য. কারণ তাহা দিব্য সন্তারই একটা ভাব এবং রূপ, প্রত্যেক বস্তু ডাহার বিশেষ পুকাশের বিধান অব্যাহত এবং যথাযথরূপে নিজের মধ্যে পূর্ণ করিয়া তুনিতেছে। প্রত্যেক সন্তার মধ্যে তাহার প্রকৃতির পক্ষে যাহা ঠিক উ<mark>পযুক্ত সেই</mark> পরিমাণে এবং সেইভাবে জ্ঞান, শক্তি এবং আনন্দ আছে: নিজের অন্তরে অনুস্যুত এক গোপন ইচ্ছা, আশ্বার এক স্বাভাবিক বিধান, এক প্রকৃতিগত শক্তি, এক নিগুঢ় তাৎপর্য্য দারা অনুভূতিব যে স্তব তাহার জন্য নির্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে প্রতিবস্ত ক্রিয়া করিতেছে। তাহার সন্তার বিধান এবং ধর্ম পূর্ণ ভাবে তাহার ক্রিয়া ব। তাহাব প্রতিভাসে ফুটিয়া উঠিতেছে বলিয়া সে পূর্ণ, কারণ তাহার প্রকৃতির সকল স্থর তাহার স্বধর্মের সঙ্গে বাঁধা আছে, তাহার সকল কর্ম ও ভাব তাহা হইতেই উদ্ভূত হয়, তাহাবা সেই স্বভাবের উদ্দেশ্য এবং অভিপ্রায়, সত্তার মধ্যস্থিত ক্রিয়াশীল দিব্য ইচ্ছা ও জ্ঞানের অমোঘ বিধান অনুসারে চলে। সমগ্রের সহিত সম্বন্ধে সমষ্টির মধ্যে তাহার যথায়থ স্থানেও প্রত্যেক সত্তা পূর্ণ এবং দিব্য; সমগ্রতার পক্ষেও তাহার প্রয়োজন আছে, এবং সমষ্টির মধ্যে থাকিয়া তাহাতে তাহার নিজের অংশ গ্রহণ করিয়া বিশ্বের মধ্যে যে সামঞ্জস্য ও স্থমমা পূর্ণ হইয়া উঠিয়াছে বা উঠিবাব পথে চলিয়াছে তাহার সহায়তা করিতেছে, তাহার মধ্যে যাহা কিছু আছে তাহা সমগ্রের উদ্দেশ্য এবং সমগ্রতাব বোধ পূর্ণ করিতেছে। यদি আমাদের কাছে কিছু অদিব্য মনে হয়, যদি এই বা সেই ঘটনাকে দিব্য-সত্তাব প্রকৃতিবিবোধী বলিয়া দোমী সাব্যস্ত করিতে ব্যস্ত হই—তাহার কারণ আমাদের অজ্ঞানতা, যে অজ্ঞানতা বিশ্বের মধ্যে দিব্য-পুরুষের ভাব এবং উদ্দেশ্য পুর্ণরূপে অবগত নয়। আমরা বস্তু বা ভাবের এক অংশ বা এক অঙ্গ দেখি, কিন্তু আমর। এমনভাবে বিচার করি যেন তাহাই সমগ্র, আবার বাহ্য ঘটনাকে তাহার ভিতরের অর্থ না জানিয়াই বিচার করি :

# দিব্য ও অদিব্য

কিন্ত সেরপ করিতে গিয়া আমর। বন্তর মূল্যনিরপণ ব্যাপার দুষ্ট এবং বিকৃত করি, তাহাদের উপর এক আদি এবং মূল ব্রান্তির ছাপ লাগাইয়া দিই। ভেদভাব লইয়া কোন বন্তই পূর্ণ হইতে পারে না, কারণ ভেদজ্ঞান একটা ব্রান্তি;
সমগ্র দিব্যস্থমমার পূর্ণতাই খাঁটি পূর্ণতা।

এ সমস্তই একটা গণ্ডির মধ্যে কতকটা সত্য ; কিন্তু শুৰু ইহা দ্বারা সমস্যার পূর্ণ সমাধান হয় না এবং আমাদিগকে পূর্ণ ভৃপ্তি দিতে পারে না। যাহা হইতে আমাদের অগ্রসর হইতে হইবে, সেই মানুষী চেতনা এবং মানুষী দুষ্টির প্রচর পরিচয় ইহাতে গ্রহণ করা হইয়াছে ; কিন্তু যে স্থাদতিব কথা ইহাতে বলা হইরাছে তাহার দর্শন তো ইহাতে মিলিতেছে না, তাই ইহ। আমাদের দাবি মিটাইতে বা প্রমাণ দারা বুঝাইতে পারিতেছে না ; অশুভ ব। অনর্থের এবং অপুর্ণতার অন্তিম্বের থে বোধ মানুমের কাছে অতি প্রবল, তাহাকে অনুভৃতির সহিত সম্পর্করহিত মনেব একটা ধারণার দ্বারা শুধু সম্বীকার করা হইয়াছে ; উপরম্ভ ইহা আমাদের প্রকৃতিতে যে চৈত্য উপাদান আছে, অধ্যাক্ষ বিজয়ের দিকে, আলোক এবং সত্যের দিকে আন্ধার যে আম্পৃহা, অপূর্ণতা এবং অশুভকে পরাস্ত ও দুরীভূত করিবাব যে অভীপ্সা আছে তাহা উদ্বোধিত বা পরিচালিত করে না। শুধু এই সিদ্ধান্তের উপর নির্ভর কবিলে আমরা একটা সহজ মতবাদের বেশী আর কিছু পাই না ; যাহা বলে যেখানে যা কিছু আছে ঠিকট আছে, কারণ স্বর্ব পদার্থ দিব্যজ্ঞানের বিধানে পূর্ণ হইয়াই আছে, তাহাকে দার্শনিকের মানসিক শুভবাদ বা স্থখবাদ বলা যায়, যাহা একটা আপাত আমুতৃপ্তি ভিনু অন্য কিছু দিতে পার্বি না ; যে বেদনা দুঃখ এবং সংঘর্মেব হত্যুদ্ধিকর তাডনায় মানুষ সর্বেদ। জর্জরিত ও বিপনু তাহার উপর এ মত বিশেষ কোন তালোক-পাত করে না, বড জোর একটা ইঞ্চিত পাওয়া যায় যে যাহান মধ্যে আমাদের প্রবেশের পথ नारे त्रिरे निरामुष्टित मरभा गमाधारनत छे शास चार्छ। याभारमत মধ্যে যে অতৃপ্তি যে আম্পুহা আছে, তাহাদের প্রতিক্রিয়ায় আমরা যতই বেশী সম্ভান ও অন্ধকারে বিচরণ করি না কেন এবং তাহাদেব মধ্যে মনের নানা বাসনার খাদ যতুই মিশান থাক না কেন, আমাদেব সন্তার গভীরে তাহাদের প্রতিরূপ কোন দিব্য সত্য নিশ্চয়ই আছে কিন্তু এ মতবাদ সেদিকে কোন আলোকপাত করে না। যে দিব্য সমগ্রতা তাহাব অংশসমূহের অপূর্ণতার জন্য পূর্ণ তাহাকে অপূর্ণ তার মধ্যে পূর্ণ বলা চলে, কারণ তাহাকে যাহা সিদ্ধ হয<sup>়</sup> নাই এমন উদ্দেশ্যের পথে চলিবার সময়কার এক অবস্থারই পূর্ণরূপ বলিতে হয় ; তাহার

# দিব্য জীবন বার্ত্তা

পূর্ণতাকে বর্ত্তমান পূর্ণতা বলিলেও চরম পূর্ণতা বলা চলে না, তাহার সম্বন্ধে খাটে থ্রীক পণ্ডিতেব এই উক্তি যে বুদ্রের সম্ভূতি চলিতেছে কিন্তু তিনি এখনও সম্ভূত হন নাই। বাঁটি বুদ্র তাহা হইলে আমাদের মধ্যে অন্তর্গু চ এবং হরতে বা আমাদিগকে অতিক্রম করিয়া অবন্ধিত; আমাদের মধ্যে এবং আমাদিগকে অতিক্রম করিয়া যে বদ্র রহিয়াছেন তাহাকে লাভ করাই হইবে সমস্যার খাঁটি সমাধান; তিন্দি যেমন পূর্ণ আমাদিগকেও তেমনি পূর্ণ হইতে হইবে; তাঁহার সাদৃশ্য এবং সাধর্ম্মা লাভ করিয়া আমাদিগকে মুক্ত হইতে হইবে।

যদি মানুষেব চেতনা অপূর্ণতাবোধে নিত্য বন্ধ থাকে, যদি তাহাকেই আমাদের জীবনেব বিধান এবং আমাদেব সত্তার প্রকৃতির খাঁট পরিচয় মনে করি, তবে পশু যাহা অন্ধভাবে মানিয়া নেয় মানুষেরও তাহাই সজ্ঞানে এবং বিচার বৃদ্ধি দিয়া মানিয়া লওয়া হয়, এবং তাহা হইলে বলিতে হয় যে আমরা বর্ত্তমানে যাহ। হইয়াছি তাহাই দিব্য আত্মপ্রকাশেব চরম অবস্থা । আমাদের স্বপূর্ণতা এবং দু:খতাপ সার্বেজনীন সামঞ্জস্য এবং পূর্ণতার জন্যই স্বষ্ট হইয়াছে ইছাও মানিয়া লইতে হয়, এবং আমাদের হৃদয়ের ক্ষতে বেদনানাশক এই দার্শনিক মলম লাগাইযা নিজেব মনকে প্রবোধ দিতে হয়, সম্ভষ্ট চিত্তে অমাদের অপূর্ণ মানসিক জ্ঞান অথবা অধীর প্রাণ যতটা সন্মতি দেয় ততটা যুক্তিযুক্ত দূরদশিতা এবং দার্শনিক সুক্ষাদশিতার সহিত ভবিতব্যতার হাতে আত্মসমর্পণ করিয়া জীবনের চোবাবালির মধ্যে বিচরণ কবিতে হয় । অথবা ইহাপেকা বেশা সাম্বনা পাইতে পাবি ধর্মের আবেগের আশ্রয় লইয়া, সকলই ঈশুরের ইচ্ছা মনে করিয়া, যেখানে আমরা গিয়া আরও স্থখময় সত্তা, আরও শুদ্ধতর এবং পূর্ণতর পুকৃতি লাভ করিব সেই কোন দিব্যধামে আমাদের এখানকার ক্ষতি-পুরণ হইবে এই আশায় ও বিশ্বাসে যে অবস্থায়ই পড়ি না কেন তাহা মানিয়া লইতে পারি। কিন্তু মানুষের চৈতন্য এবং তাহার ক্রিয়াধারার মধ্যে এমন একটা মূল বস্তু আছে যাহ। তাহার বিচারশক্তির মতই মানুদকে পশু হইতে পূর্ণরূপে পৃথক করিয়া রাখিযাছে, অ'মাদের মধ্যে অপূর্ণতাকে চিনিবার জন্য কেবল যে যন আছে তাহা নয়, একটা চৈত্য খংশ আছে যাহা অপূর্ণতা বর্জন আমাদের অন্তরাক্সা এ জগতে অপূর্ণতার বিধানে সম্ভষ্ট থাকিতে পারে না, এবং আমাদের প্রকৃতি হইতে সকল অপূর্ণতাকে দূরীভূত করিবার এক আকৃতি আছে—বেখানে অপূর্ণ থাকা স্বভাবতই অসম্ভব, সেই দিব্যধাৰে গিয়া নয়, কিন্তু এখানে এই পৃথিবীতে থাকিয়াই, যেখানে পূর্ণতাকে পরিণতির

### मिया ७ व्यपिया

পূর্ণ সাধনাব তীব্র সংগ্রামে জয় করিয়া লাভ করিতে হয় । অপূর্ণতা যদি এয়াদেব সভাব এক বিধান হয় তবে তাহাদের বিরোধী অসন্তটি ও আম্পৃহাও সভাব নিশ্চিত বিধান ; ইহারাও দিব্য অসন্তটি এবং দিব্য আম্পৃহা । তাহাদের অসন্তরে এক শক্তির আলোক স্বাভাবিকভাবে বর্ত্তমান আছে এবং যাহাতে দিব্য দত্তা আমাদেব অধ্যাত্মপুকৃতির গভীরে এক গোপন সত্যরূপে মাত্র না থাকিতে পারে কিন্তু তাহাকে পুকৃতির পরিণতির ক্বেত্রেও আত্মপুকাশ করিতে হয়, এইজন্য সেই আলোকই তাহাদিগকে আমাদেব মধ্যে পুতিষ্ঠিত রাধিয়াছে।

এই দৃষ্টি লাভ হইলেই বলিতে পারি যে এক দিব্যসিদ্ধির দিকে এক দিবা জ্ঞানেব প্রশাসনে সকলেই ক্রিয়া করিতেছে বা চলিতেছে, স্থতবাং জগতে প্রত্যেক বস্তু সেই মর্থে যথাস্থানে প্রতিষ্ঠিত হইয়াছে ; কিন্তু ইহাও বলিতে হ্য ইহাতেই সে দিব। উদ্দেশ্যের সম্পূর্ণ পবিচয় পাও্যা গেল না। কারণ বর্ত্তনানে যাহা কিছু হইয়াছে তাহার সমর্থন এবং পূর্ণ সার্থকতা এবং ভৃপ্তি **ঘটাৰে, যাহা সে হইতে পারে এবং হইবে তাহা ধারাই। ইহা নিশ্চিত যে** থানাদেব বর্ত্তমান বন্ধি তাহার সাধারণ অবস্থায় বস্তুর বাহ্য সার্থকতা এবং বাহ্য ্রাতিভাসিক রূপ শুধু ধরিতে বা দেখিতে পাবে, তাহাব অন্যবিধ গভীরতব যে গোপন সতা এবং গাঁট সার্থকতা আছে তাহা প্রকাশ কবিয়া বর্ত্তমানে বস্তু যাহা হইযাছে তাহার সমর্থন করিতে পারে কেবল এক দিব্য জ্ঞান ; কিন্তু শুধু এই নিশাস লইয়াই আমরা তুপ্ত থাকিতে পারি না, আমাদিগকে যাহ। ছাবা সভাব সমস্যাব সমাধান হুইবে সেই আধ্যান্থিক সত্যকে খুঁজিয়া বাহিব করিতে এবং তাথাকে পাইতৈ হইবে; ইহাই আমাদের সত্তার বিধান। সে পাওয়ান চিহ্ন ও পবিচয় তাহাকে ঋধু দর্শনেব বিচারে মন দিয়া স্বীকার করা নয়, অথবা তাহার নধ্যে আমাদের খন্ধিওম্য কোন দিব্য সার্থকতা বা উদ্দেশ্য আছে মনে করিয়া বর্ত্তমান অবস্থার হাতে নিজেকে ছাড়িয়া দেওয়া অথবা বিজ্ঞেব মত তাহাকে 'ঙ্ধ গ্রহণ করিয়া চলাও নহে ; সে পাওয়ার খাঁটি পরিচয় পাওয়া যাইবে তথনই যখন আমরা অধ্যাম্ম ক্ষেত্রে উনুীত হইয়া লাভ কবিব সেই ভান ও শক্তি, যাহা জীবনের সমস্ত বিধান, সমস্ত প্রতিভাস, সমস্ত বাহ্য রূপকে রূপান্তরিত করিয়। দিব্য সার্থকত। এবং দিব্য **উদ্দেশ্যেব নিকটবর্তী** কোন খাঁটি মৃত্তিতে রূপান্তরিত করিবে। আমাদের দু:খ :বং দোষ বা ক্রটির অধীনতাকে ঈশুবের আপাত ইচ্ছা বা আমাদের উপর শুধু বর্ত্তমানে প্রযুক্ত একটা অপূর্ণতার বিধান বলিয়া মানিয়া লইয়া তিতিক্ষা সহকারে সহ্য করিয়া যাওয়া উচিত এবং যুক্তিযুক্ত,

#### দিবা জীবন বার্ছা

ইহা মানিতে প্রস্তুত আছি যদি সেই সঙ্গে ইহাও স্বীকার করিয়া লওয়া হয় যে, আমাদেব সমস্ত অশুভ এবং দুঃখকে অতিক্রম করিয়া যাওয়া, আমাদের অপূর্ণতাকে পূর্ণতায় রূপান্তরিত কনা এবং দৈবী প্রকৃতির এক উচ্চতর বিধানে আরুচ় হওয়াও আমাদের মধ্যস্থিত ভগবানের ইচছা। আমাদের মানুষী চেতনায় সতার এক সত্যেব, দিব্য এক প্রকৃতির, প্রকাশোন্মুখ এক দেবতার আদর্শ বা আভাদের এক মূত্তি আছে ; সেই উচ্চতের সত্যের তুলনায় আমাদের জীবনের বর্ত্তমান অপূর্ণ অবস্থাকে অদিবা জীবন এবং জগতের যে অ**ব**স্থা হইতে আমনা যাত্রারম্ভ করিতেছি তাহাকে অদিন্য অবস্থা বলা যাইতে পারে; এই অপূর্ণতাই পবিচয় দিতেছে যে দিবা সত্তা ও দিবা প্রকৃতি আমাদের কাচে প্রথমে ছদ্যবেশেই আসিয়াছে, ইহা তাহাদের ঈপ্সিত রূপায়ণ নয়। আমাদের মধ্যে গোপনভাবে ঈশ্বব বা তাঁহার শক্তি বহিষাছে তাহাই অভীপ্যার এই অগ্রি-শিখা জ্বালিয়াছে, আমাদেব মধ্যে আদর্শ দিব্যভাবেব ছবি ফুটাইযা ত্লিয়াছে. আমাদেব অতৃপ্তিকে জাগ্রত বাখিয়াছে এবং চনুবেশ দূর করিয়। দিয়া প্রকাশ করিবার জন্য আমাদিগকে উত্তেজিত করিতেছে অথবা যেমন বেদে বলা হইয়াছে এই পার্থিব জীবের ব্যক্ত দেহ প্রাণ মন ও আত্মাতেই বুদ্ধাকে রূপাফিত প্রকাশিত এবং প্রতিষ্ঠিত কবিবাব জন্য আমাদিগকে আবাহন কবিতেছে। বর্ত্তমান প্রকৃতি দেখা দিযাছে কেবল এই যে পবিবর্ত্তন হইতেছে সেই সময়ের জন্য, আমাদেন অপূর্ণ অবস্থা কেবল একটা যাত্রানম্ভের আদি বিন্দু এবং অন্য এক উচ্চতর, উদারত্ব, মহত্তব জীবন লাভেব স্থুযোগ মাত্র, সেই জীবন হইবে দিবা এবং পূর্ণ, অন্তবস্থিত দিবাপুক্ষেব জন্য সে যে শুণু অন্তরেই পূর্ণ হইবে তাহ। নহে কিন্তু সভাব ব্যক্ত এবং স্থূলতম বাহ্যকপেও পূর্ণ হইবে।

কিন্দ্র এই সমস্ত সিদ্ধান্ত আমাদের অন্তরের অভিন্তত। এবং স্থূলতম বাহ্য জগতের আপাতপ্রতীযমান ঘটনাসমূহকে ভিত্তি কবিয়া একটা প্রাথমিক বিচার বা বোধিজাত প্রাথমিক জ্ঞান ধাবা গঠিত হইয়াছে। অবিদ্যা অপূর্ণতা এবং দুঃখেব পুকৃত কারণ এবং বিশুপুকৃতিব লক্ষ্যে বা বিশ্বস্যক্ষায তাহাদের প্রকৃত স্থান কোখায তাহা না জানিলে এ সমস্ত সিদ্ধান্ত পূর্ণরূপে প্রমাণিত হইতে পারে না। যদি ঈশুর আছেন ইহা স্থীকার করি তবে দেখিতে পাই যে মানক জ্যাতির সাধাবণ বৃদ্ধি এবং চেতনার সাক্ষ্যে ঈশুব এবং জগতের সম্বন্ধে তিনাটি মত আছে। যে জগতে আমবা বাস করি তাহার প্রকৃতি অনুসারে প্রয়োজন রহিয়াছে যে এই তিনাটির মধ্যে একটির সহিত অপর দুই মতের

## **मिवा ७ अमिवा**

নিলন ও সামঞ্জস্য হয় না, এবং সেই অসামগ্রস্যের জন্য জটিল বিরোধ মানুষের ন্নকে হতবৃদ্ধি করে এবং অবশেষে সংশয় ও নান্তিক্য আসিয়া পড়ে। কারণ পুখমে দেখিতে পাই যে বলা হইয়াছে এক সর্বব্যাপী দিব্যসত্য বা সত্তা আছেন, তিনি শুদ্ধ, পূর্ণ এবং আনন্দময়, তাঁহাকে ছাড়িয়া তাঁহা হইতে পূথক হইয়া কিছুই থাকিতে পারে না, সকলেব অস্তিম আছে কেবলমাত্র তাঁহাকে আশ্রুম কবিয়া তাঁহাবই সন্তার মধ্যে। যাহা ভগবানেব নর-প্রকৃতি বা নরন্ধপ আরোপ করে, আদিম মানবের সেই মত যাহাকে ইংরাজীতে anthropomorphism বলে তাহা এবং নিরীশুরবাদ বা জড়বাদ ছাডা সকল প্রকার চিন্তাধারাই এই স্বাকানোক্তি হইতে বিচাবারম্ভ করে অথব। বিচারের ফলে এই মূল ধাবণায় পৌছে। ইহা সত্য যে কোন কোন ধর্মমত জগৎ হইতে পৃথক এক ঈশুরের এস্তিম স্বীকার কনে থিনি নিজ সত্তাব বাহিরেই এক জগৎ স্বাষ্ট্র করিয়াছেন, কিন্তু অধ্যান্ত শাস্ত্র বা অধ্যান্ত দর্শন গঠন করিবার সময় তাহানাও স্বীকাব করে যে দ্বপুর সর্বেব্যাপী এবং স্কলের মধ্যে অনুসূত, কারণ আধ্নাদ্বিক ভাবের ভাবনা ক্ৰিতে গেলেই সৰ্ব্ব্যাপিত্ব স্বীকাৰ এমনই প্ৰযোজনীয় যে তাহাকে এডাইয়া যাওয়া যায় না। যদি সেরূপ আন্ধা ঈশুর বা সত্য বলিয়া কিছু থাকে তবে তাহা স্ব্ৰত্ত থাকিবে, এক এবং অখণ্ড হইবে, তাঁহাৰ সন্তার ৰাহ্যিৰ কাহাৰও থাকিবার গণ্ডাবনা নাই, তাঁহা ভিনু অন্য ক্লিছু হইতে কোনকিছু জাত হইতে পারে না : তাঁহাকে আশুয় না কবিয়া বা তাঁহা হইতে স্বতন্ত্ৰভাবে বা ভাহাৰ সন্তাৰ নিঃশ্বাস এবং শক্তিতে অনুপ্রাণিত বা পূর্ণ না হইয়া কিছুই থাকিতে পাবে না। এনন কথা কেপাও কোথাও বলা হইয়াছে যে জগতের সম্ভান, অপুর্ণতা এবং ্ৰূপ দিব্যসভাৰ আশ্ৰুযে নাই ; কিন্তু তাহা হইলে আমাদিগকে দুই ইপুর মানিতে হয়, একজন শিবময 'হর্মজ্দু' (Ormuzd) অপব জন অশিবময় 'অভ্রিমন্' (Ahriman) অথবা জগৎ ইইতে ভিনু হইযাও জগতে অনুসূতে একজন পূর্ণ প্ৰুষ, অন্য একজন অপূৰ্ণ বিশুসুষ্টা বা বিবিক্ত অদিব্য প্ৰুক্তি আছে একপ নাবণা করা সম্ভব, কিন্তু আমাদের মধ্যস্থিত উচ্চতম বৃদ্ধি তাহা স্বীকার করে না. ইহাকে বড়জোর সত্যের একটা গৌণবিভাব বলিয়া মানা চলে কিন্তু মূল সত্য বা পূর্ণ সত্য নয়; একখা মনে করতে পারি না যে সর্বভূতম্ব এক চিন্ময় পুরুষ এবং সর্বেশ্রন্থী এক শক্তি পরম্পর হইতে ভিনু, তাহানের সভার প্রকৃতি পরম্পরবিরোধী, তাহাদের ইচছা ও উদ্দেশ্য পৃথক। আমাদের বৃদ্ধি বলে, বোধি চৈত্রন্য অনুভব করে, আধ্যান্থিক অভিজ্ঞতার পাক্ষ্যেও সমর্থিত হয় যে

#### দিৰা জীবন বাৰ্ত্তা

সকল বস্তু এবং সর্বজীবের মধ্যে এক শুদ্ধ নিত্য সন্তা আছে এবং তাহারাও আছে তাহাবি মধ্যে ও আশ্রুয়ে; এই সর্ব্বাশ্রুয়ী ও সর্ব্বান্তর্য্যামী পুরুষের অধিষ্ঠান ভিনু কোখাও কিছু নাই বা কিছুই ঘটিতে পারে না।

দিতীয় মতটি আমাদের মন সহজেই স্বীকার করে এবং প্রথম স্বীকার্য্য হইতে অনুমানও করা থায়, তাহা এই যে নিজের পূর্ণ সার্বভৌম দিব্যজ্ঞান বা প্রজ্ঞাতে অধিষ্ঠিত এই সর্বেগত দিব্য সন্তার পরাশক্তি এবং পরমা চেতনার দারা স্বৰ্বস্থ তাহাদের স্কল সম্বন্ধ এবং ক্রিয়া-পদ্ধতি ব্যবস্থিত, নিয়ন্ত্রিত ও শাসিত হইতেছে। কিন্তু অন্য দিকে বাস্তবক্ষেত্রে বস্তুর যে ক্রিয়া-পদ্ধতি এবং সম্বন্ধ মানব-চেতনার কাছে আদিয়া উপস্থিত হয় তাহা অপূর্ণ এবং সাঁমিত ; দেখা দেয় একটা অসামঞ্জা, এমন কি একটা বিকৃতি, এমন কিছু যাহা দিব্যসন্তার সম্বন্ধে আমাদের যে ধারণা আছে তাহান নিরোধী বা বিপরীত, দিব্যসন্তার অস্তিবেন স্পষ্ট প্রতীয়মান অস্বীকৃতি, অস্ততঃপক্ষে তাহার বিকৃত রূপ বা ছদ্য-বেশ। ইহা হইতে তৃতীয় আর একটি সিদ্ধান্ত আসিয়া পড়ে, দিব্য সত্য এবং জাগতিক সত্য মূলতঃ এবং বাহ্য অবস্থায় পরম্পর হইতে বিভিন্ন, এত বিভিনু যে ইহাদের একে পৌঁছিতে ২ইলে অনা হইতে দূরে থাইতে হইবে ; জগতের সেই সম্ভর্থ্যামী দিব্যপুরুষকে পাইতে গেলে যে জগতে তিনি বাস কবিতেছেন, যাহা তাঁহাব নিজের সত্তার নধ্যে তিনি স্বষ্টি বা প্রকাশ করিয়াছেন এবং যাহাকে তিনি শাসন করিতেছেন, সেই জগৎকে ত্যাগ করিতেই হইবে। এই তিনটি সিদ্ধান্তের প্রথমটিকে মানিতেই হইবে ; সর্ব্বগত দিব্যসত্তা যে জগতের মধ্যে বাস করিতেছেন সেই জগতেব সহিত যদি তাঁহাব কোন সম্বন্ধ থাকে. সেই জগতের প্রকাশে, গঠনে, পবিপালনে এবং প্রশাসনে যদি তাহার কোন হাত খাকে তবে দিতীয় সিদ্ধান্তটিকেও নানিতে হয়; সাবার তৃতীয় সিদ্ধান্তটিও স্বতঃসিদ্ধ বলিয়াই মনে হয় কিন্তু তথাপি পুনের্বৰ সিদ্ধান্ত সমূহের সঙ্গে তাহার মিল নাই : এই অমিল বা অসম্পৃতি হইতে একটা সমস্যা আসিয়া আমাদেব কাছে উপস্থিত হয় এবং মনে হয় যেন তাহার সম্ভোঘজনক সমাধান পাওয়ার কোন উপায় নাই।

শাস্ত্র ও দর্শনের যুক্তি দিয়া এ সমস্যাকে এড়াইয়া চলিবার চেষ্টা করা শক্ত নহে। এপিকিউবাশেব দেবতাদেব মত একজন নিদর্মা ঈশুরকে খাড়া করা যায় যিনি নিজে আনন্দময়, প্রাকৃতিক যান্ত্রিক বিধান হারা জগৎ স্থপথে বা কুপথে যে দিকেই চলুক না, এ ঈশুব তাহার উদাসীন দ্রষ্টা মাত্র। আমরু

# দিব্য ও অদিব্য

বলিতে পারি এক সাক্ষীপুরুষ, সর্বভূতের এক নীরব আন্ধা আছে, সে পুরুষ প্রকৃতিকে যাহা খুসি করিবার সন্মতি দিতেছে, তাহাব নিজের নিজ্ঞিয় এবং নিষ্ঠলঞ্চ চৈতন্যে প্রকৃতিব সকল স্কর্ম্ম বা কৃকর্ম প্রতিফলিত হইতে দিয়া তুপ্ত আছে; অথবা বলিতে পারি যে এক প্রম এবং চরম আত্ম। আছে তাহা নিজ্ঞিয়, সর্ব্বসম্বর্জিত ; বিশ্ববিভ্রম বা বিশ্বস্থাইৰ কার্য্যে তাহা নিলিপ্ত এবং উদাসীন; অপচ এক অনিব্ৰচনীয় রহস্যময় বিশু কালকবলে পতিত জীবকে প্ৰলুব্ধ এবং পীড়িত কৰিবার জন্য তাহা হইতেই বা তাহাৰ প্রতিযোগীরূপে জাত হইযাছে। কিন্তু এ সমস্ত সমাধান আমাদেব দ্বিধা-বিভক্ত অভিজ্ঞতাতে যে আপাত বিরোধ আছে তালকেই প্রতিফলিত করা ছাড়া অন্য কিছু কৰে না ; তাহাতে বিৰোধেৰ সমনুষ্যেৰ চেটা নাই, তাহাৰ সমাধান ব। ব্যাখ্যা কিছুই হয় না ; ইহাবা যিনি অগও এবং অনিভাজ্য তাঁহাকে মূলতঃ ভাগ করিষা প্রকাশ্যে বা গোপনে এক দ্বৈত প্রতিষ্ঠাব চেষ্টা করে, ভালতে মীমাংসা না হইয়া বরং সমস্যাকে পুনবায দুচরূপে স্থাপন, করা হয়। বস্তুতঃ ইহাতে ঈশুর বা আন্ধা এবং প্রকৃতিকে দুই বস্তুত্রপে দেখা হয় ; কিন্তু প্রকৃতি বা বস্তুর শক্তি, আম্মাব বা বস্তুর মূল সত্তাব এক শক্তি ছাডা আন কিছু হইতে পারে না ; প্রকৃতি তাহার নিজের বিরোধী কোন কর্ম কবিতে পারে না, অথবা কর্ম্মে সে আয়া হইতে পূর্ণ স্বাধীন, ইহাও চইতে পারে না ; পুরুষেন সন্মতি না অসমতি প্রকৃতির কার্য্যকে প্রভাবান্থিত কনিতে পারে না ইহাও সম্ভব নয়, অখবা ইহাও মানা যায় না যে পুক্ষের মন্ত্রেন মত অসাডতা এবং নিচ্ছিয়তার উপৰ প্রকৃতির উদ্ধাম অখচ যাগ্রিক শক্তি থাবোপিত হইতেছে মাত্র। ইহা বলা সম্ভব যে এক জন নিজ্ঞিয় সাকীরূপী আত্মা এবং একজন সক্রিয় ঈশুর আছেন; কিন্তু ইহাতেও গোল মিটে না. কেন না শেঘ পৰ্যান্ত আমাদিগকে ষীকার করিতে হয় যে এ দুই একই তত্তেব দুই বিভাব ; ঈশুবভাব সাক্ষী পুরুষেরই সক্রিয় বিভাব, সাব সাক্ষীভাব সক্রিয় ঈপুবের নিক্রিয় দ্রপ্টা রূপ নিভাব। আশ্বার জ্ঞানের মধ্যে স্থিত বিভাব এবং সেই আশ্বারই কর্ম্মের মধ্যে স্থিত বিভাবের মধ্যে এই বিরোধ, এই সম্দ্র-ব্যবধানের ব্যাপ্যা প্রয়োজন, কিন্তু তাহাব ব্যাপ্যা তো মিলিতেছে না অথবা যাহার ব্যাখ্যা করা যাব না এমন এক রহস্যই থাকিয়া যাইতেছে। আবার আমরা এমনও বলিতে পারি বুক্লতত্বে দুইটি চেতনা আছে, একটা সক্রিয় অন্যটা নিষ্ক্রিয় ; এক তাহার স্বরূপ এবং অধ্যায় চেতন। এ চেতনায় বদ্ধ পর্ণ অখণ্ড এবং নিবিবেশেষ, অন্যচেতনায় আছে গঠন- মত।

# **पिया कोयम याखा**

বা স্টিসামর্থ্য এবং বাস্তবতা, তাহাতেই ব্দ্র অনাম্ব হন, কিন্তু নিবিবশেষ পূর্ণ সে অনাম্বতায় কোন অংশ গ্রহণ করে না ; কারণ অনাম্বা কালাতীত সত্যের মধ্যে অবস্থিত কালের এক ক্ষেত্রের রূপায়ণ মাত্র। কিন্তু যে আমরা কেবল অর্দ্ধগচেতন অর্দ্ধেক সতা হইলেও নিত্যবস্তুর অর্দ্ধেক স্বপ্রময় জীবনের মধ্যে বাস করিতেছি এবং প্রকৃতির দারা এ স্বপুকে সত্য বলিয়া মানিয়া লইতে এবং এই ভয়াবহ ব্যাপারের সহিত যক্ত থাকিতে বাধ্য হইতেছি, সেই আনাদের কাছে একথা স্পষ্টভাবে এক রহস্যের আকার ধারণ করে ; কারণ কালেন ক্ষেত্রের এই চেতনা এবং তাহার রূপায়ণসমূহ শেষ পর্য্যন্ত সেই একই আত্মার শক্তি এবং তাহাবি আশ্রিত এবং কেবল তাহার মারাই তাহাদেব অস্তিম্ব বজান খাকে : সত্যবস্তুর শক্তিতেই যাহাব অস্তিহ্ব তাহা সেই সত্যবস্তুৰ সহিত্ৰ সম্বন্ধ রুগিত হইবে কি কবিয়া অথবা সেই বস্তুই বা কি করিয়। তাহাব শক্তিব দ্বাবা স্থ জগতের সহিত সম্বন্ধণনা হইবে ? জগতের অন্ডিম্ব যদি পরম চিৎস্তান উপর নির্ভর করে তবে জগতেব মধ্যেব ব্যবস্থা এবং সম্বন্ধও নির্ভর করে সেই চিৎসত্তার শক্তির উপর : জগতের বিধানও তাহার সত্তা ও চেতনার কোন বিধানানসারেই নিয়ন্ত্রিত হয়। নিজের আত্মসন্তার মধ্যে যাহ। অবস্থিত শেট বিশুচেতনার জ্ঞান আম্মাতে বা সত্যবস্তুতে থাকিবে, বিশুচেতনাৰ মধ্যেও সে জ্ঞান খাকিবে : আত্মানই এক শক্তি সর্বেদা প্রাতিভাসিক জগৎ এবং ক্রিয়াবনি নিয়ন্ত্রিত করিবে সম্ভতঃপক্ষে তাহাতে তাহার অনুমতি খাকিবেই, কেননা যাহ। আদি এবং শাশুত আন্নসত্ত। হইতে জাত হয় নাই তেমন কোন স্বতন্ত্ৰ শক্তি বা প্রকৃতি থাকিতে পারে না। আর কিছু না করিলেও চিন্মযরূপে যে তিনি সর্ব্বগত হইয়া বর্ত্তমান আছেন ইহা শারাই তিনি হইবেন বিশ্বের স্রুষ্টা এবং নিয়ন্তা। বিশ্বক্রিয়ার অন্তরালে অনন্তের মধ্যে শান্তি এবং নৈঃশব্দ্যের এক অবস্থা আছে, এক চেতনা আছে যাহা নিশ্চল এবং নিজ্ঞিয় অথচ বিশুস্টীব সাক্ষী, আধ্যান্থিক অনুভূতিতে সে সত্যে পৌঁছা যায় ইহ। নিঃসন্দেহ ; কিও তাহাই আধ্যান্ত্রিক অনুভবের সমগ্রত। নহে, তাই আমব। আশা করিতে পারি না যে জ্ঞানের বা সত্যের এক অংশের দ্বারাই মৌলিকভাবে বিশুরহস্যের সম্প্র সমাধান পাওয়া যাইবে।

বিশ্বের উপর একটা দিব্য প্রশাসন আছে একথা যদি একবার স্থীকার করি, তাহা হইলে আমাদিগকে মানিতে হইবে যে, সে প্রশাসন-শক্তি পূর্ণ এবং

## ্দিব্য ও অদিব্য

এব্যাহত ; কারণ তাহা না হইলে আমরা স্বীকার কবিতে বাধ্য হই যে, অনস্ত এবং পরাৎপর সত্তা ও চৈতন্যের জ্ঞান ও ইচ্ছাশক্তি গীমিত এবং তাহাদের কর্দ্মের বাধা অপসারণে অক্ষম। এটুকু মানা অবশ্য অসন্তব নয যে, প্রম সর্ব্রগত দিবাপুরুষ নিজের পূর্ণ সত্তার মধ্যে কোন কিছুকে অপূর্ণ হইয়া ফুটিয়া উঠিতে এবং অপূর্ণতার কারণ হইয়া বর্ত্তমান থাকিতে দিয়াছেন, বুদ্র তাহাকে কর্ম্মের কতকটা স্বাধীনতা দিয়াছেন ; এমনি আংশিক স্বাতম্ব্য দিয়াছেন অবিদ্যাচছনু নিশ্চেতন প্রকৃতিকে, মানুষের মন ও সঙ্কলেপর ক্রিয়াকে, এমন কি যাহারা নিশ্চেতনের রাজ্যে প্রতিষ্ঠিত আছে, অন্ধকার এবং অশুভেব তেমন সচেতন শক্তি বা শক্তিসমূহকে ৷ কিন্তু ইহাদের কেহই ব্রুদ্রেন অনিত্ব, প্রকৃতি এবং চৈতন্য হইতে পুথক নহে, কেহই তাহার অধিষ্ঠান, অনুমোদন বা অনুমতি ভিনু ক্রিয়া কবিতে পারে না । মানুষের স্বাধীনতা আপেক্ষিক, তাহার নিজের প্রকৃতিব অপূর্ণতার জন্য কেবল মাত্র তাহাকেই দার্যা করা যায় না। প্রকৃতিব অবিদ্যা এবং নিশেচ-তনা সেই অম্বয় সন্তার মধ্যেই জাত হইযাছে, তাহা হুইতে স্বতম্বভাবে নহে ; পুক্তির ক্রিয়াব অপুণ্তা সর্বগত তত্ত্বেব ইচ্ছার সহিত একেনারে সম্বন্ধবহিত কোন কিছু নহে। ইহা স্বীকার কবা যাইতে পাবে যে, প্রকৃতিন যেসকল শক্তিতে গতির আবম্ভ হইয়াছে সেই গতিব বিধানানুসাবে তাহাদেব নিজেদিগকেই ক্রিয়াসম্পনু করিবার অধিকার দেওয়া হইয়াছে, কিন্তু সর্বক্ত এবং সর্বেগত দিব্যপুৰুষ থাহাকে তাহার নিজেব মধ্যে উদয হইতে এবং তাহাবি সন্তাব মধ্যে অবস্থিত থাকিয়া তাহাব সান্যিধ্যে ক্রিয়া কবিতে দিয়াছেন, তাহার। তাহা হইতে জাত এবং তাহারি প্রশাসনে চালিত হইতেছে ইহা আমনা বলিতে বাধ্য, কারণ ্তাহারি আদেশ ভিনু তাহারা আসিতে বা বর্ত্তমান থাকিতে পানিত না। যাহা ্তিনি প্রকাশ কবিয়াছেন সেই বিশ্বেব সহিত দিব্যসন্তার আদৌ যদি কোন সম্বন্ধ থাকে, তবে তিনি ছাড়া তাহার আব কোন প্রভু থাকিতে পাবে না এবং বিশ্বের অন্তিত্বের পক্ষে তাহার আদি এবং সার্ব্বভৌম সত্তাব যে প্রয়োজনীয়তা আছে এ সত্য হইতে আমাদের পলায়নেব কোন উপায় নাই। বৃদ্ধ সম্বন্ধে খামাদের প্রথম পূর্ব্বপক্ষ (premise) হইতে এই যাহা স্বতঃগিন্ধরূপে পাওয়া যায়, তাহাকে ভিত্তি করিয়া এবং তাহা হইতে যে সমস্ত ফলিতার্থ (implication) পাওয়া যায়, তাহার কোনটাকে বাদ না দিয়া অপূর্ণতা দ:খ এবং অশুতের সমস্যা আমাদিগকে সমাধান করিতে হইবে।

প্রথমে আমাদিগকে একটি কথা বুঝিতে হইবে এই জগতে অবিদ্যা,

### দিব্য জীবন ৰাৰ্ছা

লম, সীমাবদ্ধতা, দু:খ, ভেদ এবং বিরোধ বা সংখাত আছে বলিয়া তাহা খার। বিশ্বে ব্যাের সত্তা, চেতনা, শক্তি, জ্ঞান, সঙ্কলপ ও আনন্দের অন্তিছ অস্বীকৃত বা অপ্রমাণিত হইতেছে, তাড়াতাড়ি আমাদের এ সিদ্ধান্ত করিয়া বসিবার প্রয়োজন নাই। ইহাদিগকে যদি পৃথক করিয়া স্বতন্ত্ররূপে দেখি তবে সেরূপ বোধ হইতে পারে, কিন্তু বিশ্বক্রিয়ার মধ্যে সমগ্রতার স্বচ্ছ দৃষ্টি লইয়া যদি তাহাদিগকে যথায়থ স্থানে স্থাপন করি এবং যথার্থ তাৎপর্য্য বুঝি তবে এই ভুল ভাঙ্গিয়া যায়। সমগ্রতা হইতে একটা অংশ ভাঙ্গিয়া নইযা পৃথক ভাবে দেখিলে তাহা অপূর্ণ কদাকাব এবং দুর্কোধ বোধ হইতে পারে; কিন্তু তাহাকেই সমগ্রেব মধ্যে দেখিলে দেখা যায় তাহার যথাস্থানে সে সামঞ্জস্যেই পূর্ণ প্রতিষ্ঠিত হইয়াছে, দেখা যায় তাহার একটা অর্থ ও প্রয়োজন আছে। দিবা সত্য তাহার সত্তায় অনন্ত, এই অনন্ত ভাবের মধ্যে আমবা সর্বত্র সান্ত ভাব দেখিতে পাই : মনে হয় যেন এই আপাতপ্রতীয়মান ব্যাপাব হইতে আমাদের সত্তা চলিতে আরম্ভ করিয়াছে, আমাদের সঙ্কীর্ণ এহং এবং তাহার অহংকেক্রিক সমস্ত ক্রিয়া সর্বেদাই এই সান্ত ভাবের সাশ্যু দিতেছে। কিন্তু বস্তুতঃ যখন আমবা পূর্ণ আত্মজ্ঞান লাভ কবি, তখন দেখিতে পাই যে, আমর। সীমিত নই, কারণ আমবাও অনস্ত। আমাদের অহং বিশু-সভারই একটা মুখ বা দিক এবং তাহাব কোন স্বতম্ব অস্তিত্ব নাই ; আমাদের আপাতপ্রতীয়নান বিবিজ্ঞ বাষ্ট্ৰসত্তা একটা বহিশ্চৰ গতি বা ভাৰ মাত্ৰ, ইহাৰ পশ্চাতে আমাদের খাঁটি জীবচেতনা তাহার চাবিপাশে সর্বেপদার্থের সহিত একছে ব্যাপ্ত হইয়া আছে. আবার উদ্ধ দিকে বিশ্বাতীত দিব্য অনন্তের সহিতও তাহার একয রহিযাছে। অতএব আমাদের অহং একটা সীমিত সত্তা বোধ হইলেও বস্তুতঃ তাহা অনন্তেবই শক্তি: বিশ্বে যে অন্তহীন সন্তার বৈচিত্র্য রহিয়াছে তাহা অসীম অনন্তেবই পবিণাম এবং তাহারই অত্যাশ্চর্য্য সাক্ষী, সীমা বা সাম্ভাবের নয়। ভেদ বা খণ্ডতার আপাতবোধ কখনও প্রকৃত ভেদে পবিণত হয় না : ভেদভাবের আধার হইয়া এবং তাহা শতিক্রম করিয়া এক অবিভাজ্য একম্ব আছে, যাহাকে ভেদ কখনও ভিনু করিতে পারে না। জগৎ-সত্তার মধ্যে অহং আছে, আপাতভেদ এবং তাহার বিবিক্ত ক্রিয়া আছে, ইহা দুশ্যমান জগতের গোড়ার কথা হইলেও তাহাতে মূল একম এবং অবিভাজ্য সত্তার দিবা প্রকৃতি অস্বীকৃত হয় না ; বাহ্যজগতে অনম্ভ যে শক্তিতে বছরূপে বিভাবিত হইতেছে, তাহা অনম্ভ একেরই এক শক্তি।

### मिवा ७ अमिवा

তাহা হইলে সন্তার সত্য কোন বিভাগ বা সত্য কোন সীমাবদ্ধতা হয় নাই. সৰ্ব্বগত তৰেব মধ্যে কোনও মৌলিক বিবোধ আসে নাই ; তবে মনে হয় চৈতন্যে একটা খাঁটি শীমাৰদ্ধতা আসিয়া পড়িয়াছে ; আমরা আত্মন্তান হাবাইযাছি, অন্তরেব দিবাসত্তা আবরণে নাক। পড়িয়াছে এবং তাহার ফলে সর্ব্বপ্রকাব অপর্ণতা আসিয়া উপস্থিত হইযাছে। কারণ আমাদের আত্মান্তবে যে খণ্ড অহংচেতনা প্রথমে কানিয়া ওঠে এবং নিবৰ্ণদ্ধাতিশয়ের সহিত পুনঃ পুনঃ আত্মানুভবে প্রকাশ পায়, মামরা মনে প্রাণে দেহে তাহাব দহিত নিজেকে এক করিয়া দেখি। ইহাই মৃত্যতঃ যাহ। যত্য নহে এমন এক ব্যবহাবিক বিভাগ আমাদের উপর আরোপিত করে এবং সত্য হইতে পৃথক হইয়া পডিলে যে অবাঞ্চিত ফলসকল ভোগ করিতে হয় তাহারাও নাসিয়া পড়ে। কিন্তু এখানে বহিস্তবে আমবা যাহাই অনুভৱ কবি না কেন, আমাদের উপর যে প্রতিক্রিযাই হউক না কেন, ঐপুনিক ক্রিয়ার দৃষ্টিভঙ্গীতে দেখিলে বুঝিব যে অবিদ্যান এই ন্যাপাবও জ্ঞানেনই একটা ক্রিয়া-- খাঁটি খবিদ্যা নয়। খবিদাারূপ এই প্রতিভাগ একটা বহিশ্চরক্রিয়া ও গাউ; কাবণ ইহার পশ্চাতে এক অবিভাজ্য সর্বিচেতনা আছে ; সেই সংবিচেতনা য়খন কোন বিশেষ ক্ষেত্ৰে, জ্ঞানেন বিশেষ ক্রিয়া বা সচেতন কর্ণ্যেব কোন বিশেষ ধারাকে আশুয় কবিয়া বিশেষ দীমান মধে। নিজেকে দীমানদ্ধ করে, তথন সেই জ্ঞানের যে শক্তি বা যে দিকটা শুবু বাহিবেই পুকাশ পায় এবং যাহাব পশ্চাতে সেই ভানের বাকি সবটা প্রচচনুভাবে অপেকা করিনা পাকে, তাহাকেই খবিদ্যা বলে। সর্বচেতনা প্রকৃতিব মধ্যে খালোক এবং শক্তিব এই গোপন ভাণ্ডাব এইভাবে রক্ষা কবেন যাহাতে আমাদের প্রিণতির ধানার মধ্যে সেই ভাণ্ডাবে সঞ্চিত বিত্ত হইতে কিছু কিছু করিয়া বাহিব কবিতে পাবেন। সন্মুখ-ভাগে অবক্সিত এই অবিদ্যার যে ক্রটি যে ন্যুনতা আছে এক গোপন শক্তিব ক্রিযায তাহ। পূর্ণ হয়, সেই শক্তি আপাত-পতনের মধ্য দিয়াও ক্রিয়া করে, গর্বজ্ঞতা জীবের জন্য চরম যে লক্ষ্য নিদিষ্ট করিয়। বাখিলাছে, এই পতন তাহা হইতে অন্য লক্ষ্যের দিকে যাহাতে লইয়া যাইতে না পাবে তাহাব ব্যবস্থা ববে, অবিদ্যার মধ্যস্থিত আদ্বাকে তাহার অভিজ্ঞতা হইতে জ্ঞান ও শক্তি লাভে সহাযতা করে, এমন কি প্রাকৃত ব্যক্তিসত্তাব ক্রমোনুতিব পর্যে যাহ। প্রয়োজন, সেই দুঃপ এবং ভ্রম হইতেও তাহাব প্রিণ্ডিব প্রে চলিবার পার্ণেয় সংগ্রহ কবিতে এবং যাহ। আর কাজে লাগিবে না তাহাকে পিছনে ফেলিয়া যাইতে সাহায্য কৰে। সম্মুখস্থিত এই অবিদ্যা শক্তি হইল কোন বিশেষ সীমিত

#### দিব্য জীবন বাৰ্ডা

কার্য্যে নিজেকে শ্বভিনিবিট করিবার শক্তি; আমাদের মানবীয় মনেও এই শক্তির অনুরূপ কিছু দেখা যায়, যখন আমবা কোন বিশেষ উদ্দেশ্যে বিশেষ কার্য্যে চিত্ত সমাহিত করি, তখন মনে হয় যেন সেই কর্য্যের জন্য যতটুকু জ্ঞান, যতটুকু ভাবনা প্রয়েজন তাহাই শুধু ব্যবহার করি, আমাদের বাকী জ্ঞান বা ভাবনা যাহার সঙ্গে সে কাজের কোন সম্বন্ধ নাই বা যাহা সে কাজে বাধা দিবে, তাহা আমবা সাময়িকভাবে পশ্চাতে রাখি; তথাপি বস্তুতঃ আমরা যাহা হইয়াছি তাহারই অবিভাজ্য চেতনা যাহা কবিবার তাহা করিতেছে, যাহা দেখিবার তাহা দেখিতেছে, তাহাই যে কর্মের নীবব জ্ঞাতা এবং কর্ত্তা আমাদের চেতনার কোন অংশ বা ব্যতিবেকী (exclusive) কোন অজ্ঞান নয়; আমাদের মধ্যে সম্প্রজ্ঞানের এই বহিবৃত্ত অভিনিবেশশক্তির সম্বন্ধে এই সমস্ত কথাই বলা চলে।

আমাদেন চেতনার গতিবৃত্তির মূল্য নিরূপণ করিতে গিয়া একাণ্যভাব এই সামধ্যকে মানুষেৰ মননের বৃহত্তম শক্তির অন্যতম বলিয়া ঠিকই ধরা হয়: ঠিক তেমনি যাহা গাঁমিত জ্ঞানের অন্যনিরপেক বা একভাবে অভিনিবিষ্ট হইয়া কাৰ্য্য কৰা মনে করি এবং যাহাকে আমরা অবিদ্যা বলি, তাহাকেও দিব্য চেতনার বৃহত্তম শক্তিব অন্যতম মনে কবিতে হইবে। কেবলমাত্র স্বপুতিষ্ঠ এক প্রব্ম জানই এইরূপ শক্তিশালী ক্রিয়ার মধ্যে নিছেকে সীমিত করিতে অখচ সামার মধ্যে খাকিয়াও আপাত-অবিদ্যার ভিতৰ দিয়া নিজের সকল অভিপ্রায় পূর্ণ করিয়া ভূলিতে পাবে। আমরা বিশ্বের মধ্যে দেখি যে এই স্বপ্রতিষ্ঠ প্রম জ্ঞান বছরূপে প্রকাশিত অবিদ্যাব মধ্যে ক্রিয়া করে, যেখানে ্ সে ন্দের প্রত্যেকে নিজেন অন্ধ আবেগ অনুসরণ করিয়া চলিতেছে; তথাপি তাথাদেব সকলের ভিতৰ দিয়া এই জ্ঞান এক সার্বজনীন স্থাসঙ্গতি গডিয়া তোলে। ইহার চেয়েও বিস্ময়ের কথা আছে, যাহ। নিশ্চেতনের ক্রিয়া বলিয়া মনে হয়, তাহার মধ্যে পাই স্ব্ভিতার প্রমাশ্চ্য্তিম প্রিচ্য় : আমাদের অবিদ্যা হইতেও অন্ধকার যাহাতে ধনীভূত সেই নিশ্চেতনা পূর্ণ বা আংশিক ভাবে রহিম্নছে অতিপ্রমাণু, প্রমাণু, জীবকোষ, উদ্ভিদ কীট পতঙ্গ প্রভৃতি প্রাণীজগতের নিমৃতম স্তরে; আবার নিশ্চেতনাই ইহাদের ভিতর দিয়া সুসঙ্গতিপূর্ণ একটা ব্যবস্থা ফুটাইয়া তোলে, সর্বেজ্ঞানে যে অভিপ্রায় বর্ত্তমান আছে কিন্তু যাহ। আবনণের পশ্চাতে গোপনে লুকান আছে, সেই অভিপ্রায়ের দিকে ইহাদের সহজাত প্রবৃত্তি বা অচেতন সংবেগকে এই নিশ্চেতনাই

### मिवा ७ व्यक्ति

নিয়ন্ত্রিত ও পরিচালিত করে; সত্তার যে সমন্ত রূপায়ণের মধ্য দিয়া সে অভি-প্রায়ের ক্রিয়া হয় তাহাদের মধ্যে সে জ্ঞান নাই, অখচ তাহাদের সহজাত প্রবৃত্তি ও আবেগের মধ্যে তাহা পূর্ণরূপে ক্রিয়াশীল। অতএব আমরা বলিতে পারি যে, অবিদ্যার বা নিশ্চেতনের এই ক্রিয়া সতাই অবিদ্যার ক্রিয়া নয়, ইহার মধ্যে গর্বব্জ সাম্বজ্ঞান এবং সর্বজ্ঞানের এক শক্তি, এক চিহ্ন, এক প্রমাণ বর্ত্তমান আছে। অবিদ্যার পশ্চাতে যে এক অবিভাজ্য সর্বজ্ঞান বত্তমান আছে সমগ্র প্রকৃতিই তাহার বাহ্য প্রমাণ, কিন্তু ব্যক্তিগত হিসাবে তাহার অন্তরক্ষ পরিচয় পাইতে হইলে তাহা কতকটা পূর্ণতার সহিত কেবল তখনই মিলিবে, যখন আমাদের গভীবতব অন্তরতব সতায় অথব। আধ্যাদ্ধিকতান বৃহত্তর ও মহত্তর অবস্থায় গানর। পৌঁছিব, যখন আমব। আমাদের বহি\*চব অবিদ্যাব আবরণ উন্মোচন কবিয়া তাহার পশ্চাতে অবস্থিত দিব্য বিজ্ঞান এবং ইচছাশক্তিব সংস্পর্শ লাভ করিব। তথন স্পষ্ট দেখিতে পাইব যে আমর। অবিদ্যার মধ্যে এতকাল নিজেরা যাহা করিয়া আসিতেছি, অদুশ্য এক সর্বেক্ত তাহা উপব হইতে দেখিতেছেন এবং তাহা পবিণামের দিকে পবিচালিত করিতেছেন ; আমরা দেখি ্যে, আমাদের অবিদ্যাচ্ছণু ক্রিয়াধানাব পশ্চাতে এক বৃহত্তব ক্রিয়াধারা আছে এবং তথন আমাদের মধ্যে তাহার যে নিগ্চ অভিপ্রায আছে তাহারও আভাস পাইতে আৰম্ভ কৰি ; এখন যাহাকে শুৰু বিশ্বাসেই পূজা করিতেছি কেবল তথনি তাহাকে দেপিতে এবং জানিতে পাবি, তখনি সেই ওদ্ধ এবং গাৰ্বজনীন অধিষ্ঠানকে গ্লম দিয়া স্বীকার ও অনুভব করি, সর্বেসত্তা এবং সর্বেপ্সুকৃতির অধীশুরের গাক্ষাৎ পাই।

অবিদ্যার সম্বন্ধে যাহা বলা হইল, আবদ্যার ফলে যাহা কিছু আসিয়াছে তাহাদের সম্বন্ধেও সেই কথা থাটে। যাহা আমাদের কাছে অসামর্থ্য, দুর্বেলতা, কৈব্য, শক্তিহীনতা, ইচছার ব্যাহত প্রমাস এবং নিগডাবদ্ধ গাধনা বলিয়া মনে হয়, তাহার সকলই দিব্যসন্তার আগ্বক্রিয়ার দিক হইতে দেখিলে সর্বত্ত সেই শক্তির যথাযথ আগ্বসীমানির্দেশজাত এক একটা বিভাব বলিয়া জানা যাইবে। সেই শক্তির নিজের স্বাধীন ইচছা অনুসারে যে কার্য্যে যতটুকু প্রয়োজন ঠিক তদনুযায়ীভাবে শক্তি বাহিরে প্রকাশ করে, অবশ্য শক্তি প্রকাশের বাপারে সেই কার্য্যের জন্য যে প্রমাস প্রয়োজন, তাহার যে সফলতা নিদ্দিষ্ট আছে, প্রয়োজনীয় বলিয়া যে অকৃতকার্য্যতা স্থিরীকৃত আছে, সে সমস্তের হিসাবও ঠিক মত লওয়া হয়। কোন বিশেষ শক্তি বিশ্বের শক্তিসমন্তির অঞ্চীভূত এবং তাহাদের

#### দিব্য জীবন বার্জা

সহিত সাম্য রাখিয়াই শক্তিকে প্রকাশ হইতে হয়; আবার সে শক্তি যে ফললাভ করে তাহা এক বৃহত্তর ফলের অবিভাজ্য অংশ, এই শক্তি প্রকাশ ব্যাপারে এ সমস্ত দিকেও দৃষ্টি রাখিতে ভুল হয় না। শক্তির এই সীমাবদ্ধতার পশ্চাতে আছে সর্বেশক্তি, এবং সেই সর্বেশক্তিই এই সীমানিদ্দেশ করে; বহু সীমিত ক্রিয়ার সমষ্টির মধ্য দিয়াই যিনি সর্বেশক্তিমান তিনি তাহান অভিপ্রায় সকল অপ্রতিহতভাবে এবং পূর্ণরূপে সিদ্ধ কবেন। স্কৃতরাং নিজেকে এইভাবে সামিত করিবার শক্তি এবং সেই আশ্বসীমার মধ্যে আমনা যাহাকে শুম, আয়াস বা সংগ্রাম ও বাধা বলি অপনা আমরা যাহা অকৃতকার্যতা অপবা অর্দ্ধসকলতার এক পরম্পনা বলিয়া দেখি তাহার মধ্য দিয়া ক্রিয়া কবা এবং এই সমস্ত ক্রিয়ার মধ্য দিয়া তাহার গোপন উদ্দেশ্য সিদ্ধ কবা দৃর্বেলতার চিহ্ন, প্রমাণ বা যত্য রূপ নহে পবস্থ তাহ। পবম বৃহৎ এক চবম শক্তিমভারই চিহ্ন প্রমাণ বা সত্যরূপ।

আমাদেৰ জগৎকে বুঝিবার পথে দুঃখ সতি বড বাধা, ইহা স্পট যে ইহা চৈতন্যের সীমাবদ্ধতানই ফল, চৈতন্যের নিজ শক্তিন এই সঙ্কোচের ফলে यार। यामारनत कारक बना शक्ति मरन रुग ठाराव व्यर्गरक बाग्नरख बानिरख वा পরিপাক কবিষা নিজম্ব উপাদানে পবিবত্তিত কবিতে পাবি না , এই অসামর্থ্য এবং অসামঞ্চল্যের ফলে সে ম্পর্ণেব আনন্দকে খামব। ধবিতে পাবি না ; সে স্পর্শের প্রতিক্রিয়ায় যাহ। আসিয়া পড়ে তাহ। আমাদেব কাছে অস্বস্থি বা বেদনা, সাতিশয়া বা ন্যুনতা, ভিতৰে বা বাহিরেন আখাতেৰ ফলে বিরোধ বা ছন্দের আকাৰ ধাৰণ করে; আমাদেৰ সভাৰ শক্তি এবং যাহ। আদিয়া আমাদিগকে স্পর্শ করে তাহাব সন্তাব শক্তিব ভেদ জ্ঞান হইতেই এ সমস্ত জাত হয়। আমাদের সত্তা এবং চৈতন্যের পশ্চাতে অবস্থিত বিশুপুরুষের সর্ব্ব-আনন্দ সে স্পর্দের হিসাব নেয় অন্যরূপে, প্রথমতঃ দুঃখে ধৈর্য্য বা তিতিকাব আনন্দ, তাহার পর তাহাকে জয়ের আনন্দ এবং অবশেষে যাহা একদিন ঘটিবে সেই রূপান্তরের আনন্দর্রপে ; কারণ দুঃখ এবং যন্ত্রণা সন্থার আনন্দেরই এক বিকৃত এবং বিপরীত দিগ্ৰতী রূপ, এবং তাহারা তাহাদের বিরুদ্ধ বোধে এমন কি মূল সর্বানন্দে রূপান্তরিত ২ইতে পাবে। এই সর্বানন্দ যে শুধু বিশ্বচেতনাতে আছে তাহা নহে, আনাদেব মধ্যেও গোপনে তাহা অবস্থিত, আমরা আমাদের বাহ্যচেতনা হইতে অন্তবেৰ আত্মস্বৰূপে পোঁছিলে তাহাৰ দৰ্শন লাভ করি; আমাদের ভিতরস্থ চৈত্যপুক্ষ তাহার অতি-বিক্ত বা বিকন্ধ এবং মঙ্গলজনক উভয়বিধ মন্তবের হিসাব রাখে এবং তাহাদিগকে গ্রহণ বা বর্জন করিয়া নিজের উনতি

## मिया ७ व्यमिया

ও পৃষ্টিসাধন করে; অতি তীব্র দুঃখ বাধা এবং বিপত্তির মধ্য হইতেও সে এক দিব্য তাৎপর্য্য এবং কল্যাণ বাহির কবে। সর্বে আনন্দ ছাড়া কেইই নিজের অথবা আমাদের উপর এরূপ অনুভবেব ভার চাপাইতে সাহস করিত না, অন্য কেহ সে ভার বহন করিতেও পারিত না ; আর কিছুই তাহাদিগকে এইভাবে নিজের প্রয়োজন এবং আমাদের আধাাত্মিক মঙ্গলসাধনের উপাদানে পরিণত করিতে পাবিত না। অবিভাজ্য অম্বয় সন্তাতে অনুস্যুত এক অচেছদ্য পরম সামঞ্জন্য এবং স্থানস্থতি ছাড়া আৰু কেহু কঠোর আপাত-ছন্দ্র ও বৈষম্য এত পরিমাণে স্বাষ্ট্র করিতে এবং তাহাদিগকে নিজের উদ্দেশ্য-সিদ্ধিতে লাগাইতে পাবিত না ; আব কেহ এমনভাবে তাহাদিগকৈ চালাইতে পারিত না যাহাতে গেই উদ্দেশ্যসাধন এবং রক্ষার কার্য্য ছাড়া অবশেষে আব কিছুই করিতে তাহার। সমর্থ হয় না, এমন কি ক্রমবর্দ্ধমান বিশ্বের ছন্দ এবং চনম স্থান্সভির উপাদানে পবিণত হওয়া ছাড়া ভাহাদের আব উপায় খাকে না। প্রতিপদেই যাহাতে মামরা বাস করি সেই বহিশ্চর চেতনার প্রকৃতি অনুসারে সামরা এখন যাহাকে মদিব্য বলিতে বাধ্য হই, তাহাব পশ্চাতে দিব্য সত্যকে আবিষ্ণার করিতে পারি : এক অথে অদিব্য এই কথাটা আম্যা ঠিকই ব্যবহার করি, কেন্না ইহাদের বাহ্যরূপই আবরণ হইয়া দিব্য পূর্ণভাকে আমাদের নিকটে ঢাকিয়া রাখিয়াছে : এ আবৰণ বৰ্ত্তমান প্ৰয়োজন বটে কিন্তু তাহা সত্যের খাটি ও পূৰ্ণ মৃত্তি একেবারেই न्य ।

কিন্তু যখন আমরা জগৎকে এইভাবে দেখি তথনও আমাদের সীমিত মানব-চেতনা ইহার যে মূল্য দেয় যে অর্থ করে তাহা আমূল মিখা। এবং অবান্তব বলিয়া একেবারে উড়াইয়া দিতে পাবিনা বা তাহা উচিতও নহে। কারণ শোক, দুঃখ, যপ্রণা, ল্রম, মিখাা, অবিদ্যা, দুর্বলতা, দুরাচার, অসামর্থা, ঝাহা কয়া উচিত তাহা না করা এবং যাহা উচিত নয় তাহা করা, সঙ্কলপ হইতে বিচ্যুতি বা তাহাকে অস্বীকৃতি, অহমিকা, গীমাবদ্ধতা, যাহাদের সহিত আমাদেব এক হওয়া উচিত সেই অন্য সত্তা হইতে বিভাগ বা বিভেদ—এই সমস্ত লইয়াই আমরা যাহাকে অনর্থ বা অঙভ বলি তাহার কার্য্যকরা মূতি গড়িয়া ওঠে, কিন্তু ইহারাই পাথিব চেতনার তথ্য বা সত্য, তাহাবা মিখ্যা বা অলীক এবং অবান্তব ত নয়; যদিও অবিদ্যার দৃতে লইয়া আমরা তাহাব যে মূল্য না অর্থ নির্ণয় করি তাহাই তাহাদের পূর্ণ অর্থ বা ঝাটি মূল্য নহে। তথাপি তাহাদের সম্বন্ধে আমাদের অনুভব তাহাদের ঝাটি পরিচয়েরই অংশ, তাহাদের পূর্ণ মূল্য নির্দ্ধারণের

### দিব্য জীবন বার্ত্তা

জন্য সামাদের দেওয়া মূল্যেরও প্রয়োজন আছে। যথন আমরা গভীরতর এবং বৃহত্তর চৈতন্যে অনুপুবিষ্ট হই তথন এই সমন্তের সত্যেব একটা দিক আবিষ্কাব কবি, কেননা আমরা দেখিতে পাই যাহা আমাদের কাছে প্রতিকূল বা অনর্থ বলিয়া মনে হয়, বিশু ও ব্যাষ্ট্রিব দিক দিয়া তাহাবও একটা সার্থকতা আছে। যাহাকে প্রসব কবিবে বলিয়া দঃখেব এই বেদনা, সে দিব্য আনন্দের অফুরম্ভ বা অনন্ত অভিব্যক্তিন উপলব্ধি আমাদের হইত না, যদি এই দুঃধেব অনুভব আমাদের না হইত : জ্ঞানেব জ্যোতির্মগুলেব চতুদ্দিকে বেষ্টিত সমস্ত অবিদ্যা তাহাবই ত উপচ্ছায়া (penumbra), প্ৰত্যেক ল্ৰান্ডি তাহার সঙ্গে সত্য আবিষ্ণাবের সন্থাবনা এবং চেষ্টা লইযা আসে ; প্রত্যেক দুর্বেলতা এবং ব্যর্থতা শক্তি ও সম্ভাবনা সমুদ্রেব গভীরতা পবিমাপ করিবাব পূথম চেটা; মিলনেৰ বহুবিচিত্ৰ মাধুৰ্য্য এবং একখোপলন্ধিৰ আনন্দকে সমৃদ্ধ কৰাই সকল বিভাগ বা বিচেছদেব উদ্দেশ্য। এই সমস্ত অপূর্ণতা আমাদের কাছে অশিব রূপেই দেখা দেয়; কিন্দু আমাদেব মধ্যে শাশুত শিব জনমগ্রহণ কবিবেন,— সকল মশিবই তাহাব প্রসব বেদনা, কেনন। যে পবিপূর্ণ গোপন দিবাসতা প্রকাশ পাইবেন তাহাব প্রকাশেব পুখম বিধি এই অপূর্ণ রূপে প্রকাশ হওয়া ; নিশ্চেতনা হইতে যে জীবন উন্মিষিত হইনা উঠিতেছে তাহার বিধানই এই। কিন্তু সঙ্গে সঙ্গে ইহাও বলিতে হইবে যে বৰ্ত্ত্ৰমানে এই অপূৰ্ণত। এবং এই অশিবেৰ যে অনুভূতি, তাহাৰ বিৰুদ্ধে আমাদেৰ চেতনাতে যে বিদ্যোহেৰ ভাৰ ৰহিয়াছে তাহারও দার্থকতা আছে, কাবণ আমাদিগকে যদিও প্রথমে বৈর্যা ও তিতিক। লইয়। তাহাদের স্প্রীন হইতে হইবে, তথাপি আমাদের উপব অনুক্রা এই যে, অবশেষে তাহাদিগকে পৰাজ্য ও বর্জন এবং প্রাণ ও প্রকৃতিব দিব্য রূপান্তব সাধন করিতে হইবে। এইজন্যই তাহাদেব তীব্তাকে হাস পাইতে দেওয়া হয় ना : অবিদ।ার কি ফল তাহ। আমাদিগকে বুঝিতে ও শিখিতে হইবে, শামাদের উপৰ তাহাদের প্রতিক্রিয়াব যে বোধ শাসিবে তাহারি তাড়না, পুথমে তাহাদিগকে জ্ব ব। তাহাদিগের উপর প্রভূব স্থাপন করিবার জন্য আমাদিগকে উষুদ্ধ করিবে এবং অবশেষে তাহাদিগকে অতিক্রম এবং তাহাদিগের রূপান্তর সাধনেব জন্য বৃহত্তর সাধনায় আমাদিগকে পুৰুত্ত কবাইবে। ইহা অবশ্য সম্ভব যে আমাদের সত্তাব গভীবে ভবিষা ভিতবের সাম্য এবং শান্তিতে বাস করিতে পাবি, যেখানে বাহ্য প্রকৃতিব কোন প্রতিক্রিয়াই আমাদিগকে স্পর্ণ করিতে পারে না, ইহা একটা বড় মক্তি কিন্তু তথাপি অপূর্ণ, কারণ বহি:-

### দিবা ও অদিবা

প্রকৃতিরও মুক্তির একটা দাবী আছে। যখন আমাদের ব্যক্তিগত মুক্তি পূর্ণতা লাভ করে তথনও তো অন্যের দুঃধ যন্ত্রণা থাকে, পৃথিবীর প্রসক-বেদনা দূর হয় না, যাহাদের আদ্ধা মহান, তাহারা ইহাব প্রতি উদাসীন থাকিতে পারেন না। সকলের সহিত আমাদের যে একম্ব আছে, আমাদের মধ্যের কিছু তাহা অনুভব করে, তাই নিজমুক্তির মত অপরের মুক্তিও আমাদের পরম কাম্য বোধ করিতেই হয়।

ইহাই তাহা হইলে এ জগতে প্রকাশের বিধান, এবং অপূর্ণতার কারণ।
সত্য বটে যে ইহা কেবল প্রকাশের বা বিশুস্টির একটা বিধান, যে বিশিষ্ট জাগতিক গতি ও ক্রিয়ার মধ্যে আমনা বাস করি, তাহার একটা বিশেষ বিধান, যদি বিস্টির ক্রিয়া অথবা যদি তাহাতে এই ভাবেব গতিপুবৃত্তি না থাকিত তাহা হইলে এরূপ বিধানের প্রয়োজন হইত না, একখাও আমরা বলিতে পারি; কিন্তু যখন বিস্টি এবং এই গতিক্রিয়া আছে তখন এ বিধানও প্রয়োজন। যদি আমরা কেবল এই কথাই বলি যে, এই বিধান ও তাহাব পরিবেশ মানস চেতনার স্ট এক ল্রম, বুদ্রের মধ্যে ইহার অন্তিত্ব নাই, এবং এই সমস্ত ছল্ফে উদাসীন হওয়া অথবা সকল স্টে, সকল প্রকাশ হইতে সরিয়া গিয়া বুদ্রের কথা নহে। ইহা সত্য যে এসমন্ত মানস চেতনাব স্টে কিন্তু মন এ স্টের গৌণ কাবণ মাত্র; নিজের সর্বেশন্তি, সর্বেজ্ঞান, সর্বেআনন্দ, সর্ব্ব এবং অহয় সত্তার বিপবীত এবং বিরোধী ভাবের লীলা অনুভব কবিবার জন্য দিন্য চেতনাই নিজের সর্বর্জ্ঞান ইইতে মনকে প্রতিক্ষিপ্ত করিয়া এ সমস্ত স্টি করিয়াছে, গভীর-ভাবে দেখিলে ইহা আমবা বৃঝিতে পাবি—এ কখা প্রের্হিই আম্বা বিল্যাছি।

শাইতঃ দিব্যচেতনাব এই ক্রিয়া এবং পবিণামকে আমর। অবাস্তব বলিতে পারি শুধু এই অর্থে যে, ইহারা সত্তাব শাশুত এবং মূল সত্য নস; অথবা মূলে এবং চরমে যাহা সন্তাব সত্য তাহাকে অস্বীকার কবে বলিয়া ইহাদিগকে মিথ্যা বলিয়া অভিযুক্ত কবিতেও পারি; কিন্ত তৎসন্বেও বিস্ফটিব বর্ত্তমান পর্বেও তাহাদেব একটা দৃঢ় বাস্তবতা এবং প্রয়োজনীয়তাও আছে; অথবা একখাও বলিতে পারি না যে দিব্যচেতনার একটা ভুলবশতঃই তাহানা দেখা দিয়াছে, দিব্য প্রজ্ঞায় তাহাদের কোন সার্থকতা নাই, তাহাদেব অন্তিঃর কোন সমর্থন হইতে পারে এমন কোন উদ্দেশ্য বা অভিপ্রায় সেই দিব্য আনন্দ শক্তি বা গ্রানের মধ্যে নাই। সার্থকতা এবং সমর্থন তাহাদের নিশ্চয়ই আছে যদিও যতক্ষণ

### দিব্য জীবন বার্ডা

আমরা শুধু বহিশ্চর অভিজ্ঞতার ক্ষেত্রে বাস করি ততক্ষণ তাহা আমাদের কাছে রহস্যে ঢাকা মীমাংসার অযোগ্য এক প্রহেলিকারপেই থাকিয়া যায়।

প্রকৃতিব এই দিকটা স্বীকার কবিয়া যদি আমবা বলি যে, সন্তার বিধান নিদিটভাবে বিধিবদ্ধ এবং একরূপে স্থিত বলিয়া মানুমকে তাহার অপূর্ণতা, অজ্ঞান, পাপ, দুর্ব্বলতা, নীচতা এবং দুঃখে অচলভাবে বন্ধ থাকিতেই হইবে, তাহা হইলে জীবনেব কোন খাঁটি মূল্য থাকে না। তাহা হইলে, মানুঘ যে তাহাব পুকৃতিৰ অন্ধকার এবং দৈনা হইতে মুক্ত হইবার জন্য নিয়ত চেষ্টা করিতেছে, জগতে অখবা জীবনে তাহার কোন সার্থকতা সম্ভব হইতে পারে না ; অখবা একমাত্র কোন সার্থকতা যদি সম্ভব হয় তবে তাহা হইবে জীবন হইতে জগৎ হইতে মানবৰূপে তাহার যে অস্তিত্ব আছে তাহা হইতে এবং অপুর্ণ সত্তার অসম্যোঘজনক শাশুত বিধান হইতে পলায়ন করিয়া দেবতাগণের স্বর্গে বা ঈশুরের পনমধামে অথবা শুদ্ধ অনির্ব্বচনীয় জগদতীত নিত্যস্থিতিতে প্রবেশ। এ সমস্ত আমূদ ভাবেব যন্তরালে গোপনভাবে অবস্থিত চিৎসতাতে ভত দৈবী সম্পদসমূহ বর্ত্তমান আছে এবং তাহাদেব প্রতিকূল এবং বিরোধী এই সমন্ত ভাব তাহাদেন উন্মেষ ও প্রকাশের প্রথম বা পূর্বে অবস্থা; কিন্ত জগৎ হইতে পলায়ন করিলে, মানুষেন পক্ষে অনিদ্যা এবং মিখ্যার মধ্য হইতে সতা এবং জ্ঞানকে, অশিব এবং অস্তুলৰ হইতে শিব ও স্থলরকে, দুর্বলতা এবং নীচতা হইতে শক্তি এবং মহন্তকে, দুঃখ এবং যন্ত্রণা হইতে হর্ষ ও আনন্দকে বস্তুতঃ তো মুক্ত কৰা সম্ভব হইবে না। সে কেবল তাহার মধ্য হইতে অপূর্ণ এই সমস্ত অন্ততকে কাটিয়া ফেলিবে কিন্তু সঙ্গে সঙ্গে তাহাদের বিপরীত শুভ-ভাব সক নকেও,—তাহাবাও অপূর্ণ—বর্জন করিবে, সঞ্জানের সঙ্গে তাহার মানবীয় জ্ঞানকে, অণ্ডভেৰ সঙ্গে মানুষেৰ শুভকে দুৰ্ব্বলতার সহিত তাহার মানবীয় শক্তি ও সামর্থ্যকে, সংঘর্ষ ও দুঃখের সহিত মানুষেব প্রেম ও আনন্দকেও দুর করিতে হইবে, কারণ এই সমস্ত শুভ এবং <mark>অশুভ আমাদের</mark> বর্ত্তমান প্রকৃতিতে পরম্পবের সহিত বিজড়িত, তাহারা হৈত হইলেও পরম্পরের সহিত অভেদ্যভাবে যুক্ত, চম্বকের দুই মেরুর (pole) মত যাহাদের একের অস্তিম্ব অন্যেব উপব নির্ভর কবে, তাহারা একই অসত্যের সেইরূপ দুইটি প্রাস্ত, এবং যেহেত তাহাদিগকে উনুত এবং রূপান্তরিত করা সম্ভব নয়, তাহা-দিগের উভয়কেই ত্যাগ করিতে হইবে; দিব্যভাবের মধ্যে নিজেকে পূর্ণ করিয়া তোলা মানুঘভাবের পক্ষে অসম্ভব, স্থতরাং এ মানুঘভাবকে উচেছদ

#### ्पिना ७ ञपिना

এবং বর্জন করিতে, পশ্চাতে ফেলিয়া অগ্রগামী হইতে হইবে। এই ত্যাগের ফল কি হইবে তাহা লইয়া ধর্মে ও দর্শনে মততেদ আছে, কেহ বলেন যে তাহাতে চরম দিব্যপুকৃতি এবং দিব্যপত্তার প্রমানন্দময় আস্বাদন জীব লাভ করিবে, আবার কেহ বলেন যে বাষ্টি-সত্তা নিন্বিশেষ সর্ব্রলক্ষণবজিত চরম তবের মধ্যে নির্বাণ বা লয় পাইবে; এ উভয়েনই মতে পৃথিবীতে মানুঘের যন্তিম তাহার সন্তার বিধান অনুসারে চিবকালই অপূর্ণ থাকিবে: দিবা সন্তার মধ্যে মানুঘ চিবকালই অদিব্য প্রকাশ থাকিয়া যাইবে, তাহার পরিবর্ত্তন অসত্তব। আত্ম মনুঘ্য-ধর্ম গ্রহণ করাতে, হয়ত বা মানুঘরূপে জন্ম লইবাবই ফলে দিব্য-ভাব হইতে পতিত হইয়াছে, সে এক মূল পাপ ল ভ্রম করিয়া বিস্যাছে, তাই মানুঘেব জ্ঞানলাভ হইবার সঙ্গে সক্ষেই তাহাব অধ্যাত্ম-সাধনাব লক্ষ্য হইবে, এ সমস্তকে পূর্ণরূপে বর্জন, কঠোবভাবে ইহাদেন মূলোচেছদ।

ইহা সতা হইলে এ জগতের প্রহেলিকাময় প্রকাশ বা বিস্পষ্টিব একমাত্র যক্তিয়ক্ত ব্যাপ্যা এই হয় যে, বিশু দিবাসন্তার একটা পেলা একটা লীলা একটা কৌতুকাভিনয়। ইহা হইতে পাবে যে তিনি যদিব্যভাবেৰ ভান করি-েহছেন, অভিনেতার উপযোগী অদিব্য ভাবের মুখোস ধারণ বা পনিচছদ গ্রহণ ক্বিয়াছেন, কেবলমাত্র ভান বা অভিনয় কবিবাবই আনন্দলাভেব জন্য। অথবা তিনি অদিব্যভাব—অবিদ্যা, পাপ এবং যন্ত্রণার নৈচিত্রা স্কষ্টি করিয়াছেন কেবল বহুভাব স্বষ্টি করিবাব আনন্দলাভেব জনা। আবাব কোন কোন শংর্ল এমন অছুত ক**ল্পনাও আছে যে, ঈশুর স্ঠাষ্ট ক**রিয়াছেন এইজন্য যে তাহার মধ্যস্থ নিমুত্র প্রাণীবা তাহার নিত্য শিবময়তা, জান, আনন্দ, ধর্বশক্তিমতান জন্য তাঁহার যে সমস্ত গুণ ও মহিমা কীর্ত্তন করিবে তাহা শুনিবার জন্য, কিন্তু িগীৰ তাহাৰ মঙ্গলম্য সানিধ্যে গিয়। তাহাৰ আনন্দের অংশ এহণেৰ জন্য শাস্তিৰ ভবে অতিকটে এক আধ ইঞ্চি মাত্র অগ্রসব হইতে চেষ্টা কবিবে, আনাব কাহাবও কাহানও মতে শান্তির ব্যবস্থা এমন যে, যদি কেহ তাহাদেব চেটায় অকৃতকার্য্য হয--- অধিকাংশ জীবই অপুর্ণতার জন্য অক্তকার্য্য হইবেই--- তবে তাহাদের বাদ হইবে অনন্ত নবকে। এমন স্থলভাবে বণিত এইরূপ লীলাবাদের বেশ কড়া জবাব দেওয়া যায়, যে ঈশুর নিজে আনল্ময় হইয়াও ভাঁহার স্বষ্ট জীবের দুঃখে আনন্দ নোধ করেন এথবা তাহাব নিজের অপূর্ণ স্থান্ধব দোমেন জন্য তীবের উপর এরূপ দারুণ দুঃখের বোঝা চাপাইয়া দেন, তাগাকে ঈশুন বলা চলে না এবং মানুষের নৈতিক বোধ এবং বৃদ্ধিকে তাহার নিকদ্ধে বিদ্রোহ ঘোষণা

١.

#### দিব্য জীবন বার্ড়া

অথবা তাহার অন্তিম্বকে অস্বীকার কবিতেই হয়। কিন্তু মানুষের আত্মা যদি হয় ঈশুরের অংশ, যদি দিব্য চিন্ময় পুরুষই মানুষের মধ্যে অস্থ্য নৃতাবে বর্ত্তমান থাকিয়া এই অপূর্ণতা নিজে স্বীকার কবিয়া থাকেন এবং মানুষের দুংখভোগ কবিতে পুস্তত হইযা থাকেন, অথবা মানবাত্ম। দিব্য চিন্ময় সন্তায় পৌ ছিবে ইহাই যদি মানবতাব অর্থ, এবং এখানে এই অপূর্ণতার খেলায় এবং পরলোকে তাহার পূর্ণসন্তাব দিব্যানন্দে তাহার সে যদি হয় নিত্য সহচর, তথন লীলা একটা পুহেলিকা থাকিয়া গেলেও সে পুহেলিকার মধ্যে নিষ্কুরতার যে অভিযোগ এবং বিদ্রোহ উত্তেজক যে ভাব ছিল তাহা সন্তহিত হয়; তখন তাহার বিকদ্ধে বড় জার বলা যায় যে ইহা একটা অন্তত রহস্য এবং যুক্তিতর্কের কাছে অবোধ্য । লীলাবাদকে ব্যাখ্যা কবিতে হইলে দুইটি নিরুদ্ধিই উপাদান প্রযোজন, একটি এই প্রকাশ বা স্ফিতে জীবাত্মার সন্মতি, দ্বিতীযটি সর্বজ্ঞানের মধ্যে যাহা এই লীলা বা খেলাকে সার্থক এবং বোধগ্য্য কবিতে পারে, এমন একটা যুক্তিযুক্ত কাবণ।

যদি আমৰা আৰিষ্কাৰ কৰি যে প্ৰকৃতিৰ মধ্যে যখোপযুক্ত শৃঙালাৰ সহিত বক্ষিত নিয়মিত স্তব বিভাগ আছে এবং তাহারা জডদেহধারী আন্থান ক্রমোনুতি পথেব দৃচ সোপানাবলী, যদি দেখিতে পাই অচেতন হইতে মতিচেতন বা গর্বচেতনের দিকে একটা ক্রমোনুত দিবাপ্রকাশ চলিতেছে, মানুষী চেতনা দেখা দিয়াছে তাহাব মধাপথে এমন একটা সন্ধিস্থানে, যথা হইতে প্রি-বর্ত্তনের এক নৃত্তন ধাৰা স্থিনীকৃত এবং প্রবাহিত হইবে, তবে বিশ্বের খেলাকে আৰু তত অহুত ৰোধ হয়না এবং তাহাৰ প্ৰহেলিকা আৰু তত দুৰ্বেধিয় থাকেনা। অপূর্ণতা তখন হয় সেই প্রকাশের একটা প্রযোজনীয় অবস্থা, কারণ নিশ্চেতনের মধ্যে যে পূৰ্ণ দিবা পুকৃতি লুকাযিত খাছে তাহ। ক্ৰমশঃ মুজিলাভ বা আছ-প্রকাশ কনিবে , ক্রমেব জন্য প্রযোজন প্রথম আংশিকভাবে ফোটা, এবং এই আধা ফোটা বা পুবা না ফোটার অর্থই তো অপূর্ণতা। ক্রমবিকাশের পণে প্রকাশের একটা দারী এই যে, সে একটা মধ্যবত্তী অবস্থা চাং তাহাব উপনে এবং নীচে খাকিবে নানা স্থন-বিভাগ—ঠিক তেমনি একটা অবস্থায় রহিয়াছে মানুধের মনোম্য চেতনা, তাহার মধ্যে কিছু জ্ঞান আছে, কিছু অজ্ঞানও আছে; সে সন্তাব একটা মধ্যবন্তী শক্তি, এগনও নিশ্চেতনের উপবই সে বুঁকিয়া পড়িয়। আছে, কিন্তু ধীৰে ধীরে সংর্বজ্ঞানম্বনপা দিব্য প্রকৃতির দিকে অগ্রসর হইতেছে। এর্দ্ধবিকশিত হওয়া— যাহাব অর্থই অপর্ণতা এবং অবিদ্যা — তাহার অবশ্যম্ভারী

#### मिया ७ व्यक्ति

গুঞ্চীরূপে হয় ত বা কোন কোন ক্রিয়াব ভিত্তি রূপে, সন্তাব মূল সত্যের এক এাপাতবিকৃতি লইয়া আসিবে। কাবণ অবিদ্যা বা অপূর্ণতাকৈ স্থায়ী হইতে চইলে, যাহার। দিব্য প্রকৃতির পরিচয় দেয়,—-যেমন তাহার একস্ববোধ, তাহাব দর্বেচেতনা, তাহার সর্বেশক্তি, তাহার সর্বেশক্ষতি, তাহান সর্বেশিবময়তা, তাহার সবৰ্ব মানন্দ,—তাহাদের আপাত বিবোধী কিছুকে দেখা দিতেই হইবে ! তাই ভাহাদেব স্থানে দেখা দিবে সীমাবদ্ধতা, সংদর্ম বা বিবোধ, অচেভনা, অসঙ্গতি, অসামর্থ্য, সংবেদনহীনতা, দুঃখ এবং অনর্থ। কাবণ এই সমস্ত বিকৃতি না থাকিলে এপর্ণতাব দাঁডাইবাব কোন দুচ ভূমি থাকে না, এবং অন্তবস্থিত দিব্যসন্তার গানেশের বিক্ষে নিজেকে সে তেমন স্বাধীনভাবে প্রকাশ কবিতে বা তাহার নিজ পুকৃতিকে বজায় বাখিতে পারেনা। আংশিক ভানেব অর্থ অপর্ণজ্ঞান, এবং অপূর্ণজানে যে পবিমাণে জ্ঞানেব ন্যুনতা আছে, ততখানি তাহাতে অবিদ্যা খাছে. এবং তত্তখানি তাহা দিন্যপ্রকৃতিৰ বিবোধী কিছু ; তাহার জ্ঞানেৰ যাহা বাহিবে তাহাৰ দিকে তাকাইতে গিয়া, বিৰুদ্ধ ভাবেৰ এই সঞ্জান বা নেতিবাচক ভাৰ, বিবোধী এক ইতি ভাবে পৰ্য্যবসিত হল, তথন তাহা হইতে ভ্ৰান্তি জাত হন ; জানে, কর্ণো, জীবনে সর্বাত্ত বাস্তি আসিয়া পড়ে ; রাস্ত জ্ঞানই প্রকৃতিব মধ্যে ব্রান্ত বা বিপর্থগামী ইচছারূপে দেখা দেয়, হযত পুর্থমে তাহা শুধু ভূলের জন্যই হব, তান পন বিপথ আমবা বাছিয়া লই মিখ্যার উপন আস্তিকে জনা মিশায আনন্দ পাই বলিয়া ; এইভাবে প্রখমে যাহা ছিল সহজ বা সরল একটা নিবোধী ভাব শুধু, ভাহা পৰিবাত্তিত চইয়া একটা জাটিল বিকৃতিৰ আকাৰ ধান্ত কৰে। নিশ্চেতন এবং অবিদ্যাকে একবাৰ মানিলে যুক্তিযুক্ত ভাবেই তাহাদেৰ দাভাবিক এবং অপবিহার্য্যফলরূপে এ সমস্ত আসিয়া পড়িবে। এখন কেবল এই পুশু বহিল কেন এইরূপের একটা ক্রমবর্দ্ধনান প্রকাশের পুনোজন হইয়াছিল . ন্দ্রিন কান্ডে এই একটি বিষয়েব কারণই কেবল এখন অম্পষ্ট বহিল।

এই ভাবেব একটা প্রকাশ, আন্ধবিস্মষ্টি বা নীলাকে সমর্থন করা যায়না, যদি তাহা ঘনিচতুক জীবেব ঘাড়ে চাপাইযা দেওবা হয়। কিন্তু ইহা স্পষ্ট দেখা থাইনে যে পূর্বে হইতেই ইহাতে দেহশানী চিৎসত্তান সন্মতি চিল, কারণ পুক্ষেব সন্মতি ছাড়া প্রকৃতি কিছুই কবিতে পারে না। নিশুস্মষ্টি সন্তব শুধু দিবাপুরুষেব ইচছা ছিল বালিয়াই যে হইয়াছে তাহা নহে, ব্যষ্টি ভাবেন প্রকাশ সন্তব কনিনাব জন্য ব্যষ্টিপুরুষের সন্মতিও তাহাতে আছে। অবশ্য ইহা বলা যাইতে পারে দিবাপুরুষের ইচছা এবং আনন্দ এরপ দুর্গন এবং বেদনাসক্কুল

### দিৰা জীবন বাৰ্ডা

ক্রমবিকাশের পথ কেন বাছিয়া লইল এবং ব্যষ্টিপুরুষই বা কেন তাহাতে সন্মতি দিল, তাহা ত এখনও রহস্যপূর্ণ রহিয়া গেল। ইহা তেমন পূর্ণরূপে আর রহস্য থাকেন। যদি আমরা নিজেদের প্রকৃতির উপর লক্ষ্য করি এবং মনে করি বিশ্ব-স্ষষ্টির প্রারম্ভে সভাতে সেই জাতীয় একটা গতিপ্রবৃত্তি দেখা দিয়াছিল। বরং নিজেকে লুকাইয়া বাখিয়া আবার নিজেকে খুঁজিয়া বাহিব করিবার এই পরম মনোহারী এবং লোভনীয় খেলায়, সচেতন সত্তা অতি তীব্র আনন্দ অনুভব করিতে পারে—বিশ্বের কোখাও বুঝি সে আনন্দের তুলনা নাই। জয়োলাস অপেকা বড় স্থুপ মানুঘ পাইতে পারেনা ; জয় তো বাধাকে জয়, জ্ঞানে জয়, শক্তিতে জয়, যেখানে মনে হয় স্পষ্টি অগন্তব গেখানে স্থাষ্ট করিয়া সেই অসম্ভবতাকে জয়. বেদনাজড়িত কৃচ্ছু তপস্যা দারা জন্যেব ও দুঃখের অগ্রিপরীক্ষায় জয়ের মধ্যে बाए जानन, विटम्ह्रान्य जरस्टे मिनत्नय श्रवम जानन, त्य जान्ना इटेट जामता বিচিছ্নু হইনা পড়িয়াছিলাম তাহার সহিত মিলনের পূর্ণ আনন্দ। অজ্ঞানের একটা প্ৰবল আকৰ্ষণ আছে, কেননা তাহাই তে৷ দেয় নূতন আবিক্ষারেব আনন্দ, আনে নৃতন এবং অদৃষ্টপূর্বে স্বাষ্টির প্রম বিসময়, জাগাইয়া তোলে নিকদেশের বিপদসন্ধূল অভিযানেব প্রতি আন্ধার প্রেবণা; পথ চলায আছে আনন্দ; অন্মেঘণে আনন্দ, পাওয়ায় আনন্দ ; যুদ্ধে আছে আনন্দ, যুদ্ধ জয়ে আছে আনন্দ, সাধনায আনন্দ, সিদ্ধিতে আনন্দ। আনন্দই যদি হয় স্ঠাইব গোপন রহস্য, তবে ইহাও তো এক আনন্দ; আনন্দকেই ধরা যাইতে পাবে এই আপাত পুহেলিকাময় দদ লইয়া খেলার মূল, অন্ততঃ ইহাই তাহার কারণসমূহের অন্যতম। কিন্তু ব্যাষ্টপুক্ষেব এই নির্বোচন ছাড়িয়া দিলেও, মূল সংস্বরূপের মধ্যে অনুগ্যুত হইয়া একটি গভীবতর সত্য আছে, নিশ্চেতনের মধ্যে ডুবিয়া গিশাই যাহা স্ফুবিত হয় ; তাহারই ফলে হয় নিজেব আপাত বিরোধী ভাবের মধ্যে সদিচদানন্দেব এই নূতন আৰপুতিষ্ঠা। বহুবিচিত্ররূপে আন্ধপ্রকাশের অধিকার অনন্তের আছে ইহা স্বীকান করিলে, এই ভাবেও আম্বপ্রকাশেব সন্তাৰনা বোধগম্য হয় এবং ইহাৰ একড়া গভীর সার্থকতা আছে বুঝা যায়।

## পঞ্চম অধ্যায় বিশ্বভান্তি

#### মন স্বপ্ন ও চিত্তবিভ্রম

অনিতা এবং অহুধকর এই জগতে আসিয়া আমারুই ভজনা কর। গীতা (১।৩৩) এই আন্তা বিজ্ঞানময়, হদয়ে তিনি অন্তর্জোতি; এই পুরুষ সভার সকল অবস্থাতে সমানরূপে অবস্থিত আলেন এবং উভয়লোকে সঞ্চরণ করেন। প্রধ-পুরুষ ২ইয়া তিনি এইলোক এবং ইহার মধ্যে মৃত্যুর যত রূপ আছে তাহা অতিক্রম করিংা বান। ০০০ এই চিমার পুরুষের ছুইটি স্থান আছে, এক ইহলোক অপব প্ৰলোক; সন্ধিভূমি বা একটি তৃতী হয়ন অছে ভাহা শ্বপ্নস্থান এবং এই সন্ধিস্থানে থাকিয়া তিনি জাহাব সন্ধার উভয়স্থান ইহলোক এবং পরলোক দেখেন: তিনি যথন নিদ্রিত হন তথন এই জগতের—যাহার মধ্যে দব আছে -উপাদান লইয়া তিনি নিজের জ্যোতিতে নিজের আলোকে নিজেই সব ভাঙ্গেন এবং নিজেই সব গড়েন: এই চিনায় পুরুষ ধর্মন নিদ্রাপত হন তথন তিনি হন তাহার আত্মজ্যাতিতে জ্যোতিমান।... সেখানে পথ নাই, রণ নাই, সেখানে নাই আনন্দ বা প্রমোদ, নাই পুকুর বা নদা ; কিছু তিনি নিজের আলোক দারা তাহাদিগকে সৃষ্টি করেন, কেননা তিনিই কর্জা। স্থিতে শরীর ছাডিযা অমুপ্ত থাকিয়া যাহার৷ মুপ্ত আছে তাহাদের দেখেন : প্রাণবায় দিয়া নিম্নের এই বাসাটিকে রক্ষা করিয়া, স্অমুভ্যরূপ তিনি ভাঁহার বাসার বাহিরে চলিয়া দান; হির্ময় অমুভপুরুষ তিনি সজীশুনা হংসু তিনি যথা ইচছা তথার চলিয়া যান। লেক্টেইবলে "ভাগরণের দেশ শুধু তাহার, কারণ তিনি জাগিয়া যাহা দেখেন নিক্রিত হইয়াও তাহাই দেখেন"; কিন্তু সেধানে ভিনি নিজের আমুল্যোতি।

बृहमात्रगुक উপनियम (८।७,१,०-১२,১८)

যাহা দৃষ্ট এবং যাহা অদৃষ্ট, যাহা অনুভূত এবং যাহা অনুভূত, যাহা আছে এবং যাহা নাই —সকলই তিনি দেখেন; সবই তিনি তিনি দেখেন। প্রশ্ন উপনিবদ ( গাং )

মানুষেব সকল চিন্ধা, মনোময় মানুষেব সকল অভিজ্ঞতা সর্বেদাই দুলিতেছে ভাব বা অস্তি এবং অভাব বা নাস্তি রূপ দুই প্রান্তের মধ্যে; তাহার মনের পক্ষে এমন কোন সত্য নাই, এমন কোন অভিজ্ঞতা নাই, যাহাব ভাব বা হাঁ, এবং অভাব বা না, এই দুই-ই হয় না। যেমন মন বলিয়াছে যে ব্যষ্টি জীব নাই, জগতের

#### पिया जीवन वार्ख्।

অন্তিম্ব নাই, বিশুগত হইযা বা বিশ্বের ভিত্তিম্বনপ কোন সত্য বস্ত নাই, জীন এবং জগতের ঘতীত কোন তব্ব নাই : তেমনি আবাব এ সমস্তকেই সে সর্বেদ। স্বীকার করিয়াছে, কথনও কেবল তাহাদের একটিকে, কথনও দুইটিকে কথনঙ সকলকে একত্রযোগে। তাহাকে ইহা করিতেই হয়, কেননা সঞ্জানাচছনু প্রাকৃত মনের স্বভাবই এই যে, সম্ভাবনা সকল মাত্র লইয়া সে কারবার করে, তাহাদের কাহারও পশ্চাতে অবস্থিত সত্ত্যের সাক্ষাৎ সে পায় না, তাই একের পর আব একটা বা একসঙ্গে অনেক গুলিকে লইয়া সে প্ৰীক্ষা কৰে, বাজাইয়া দেখে, এই উপায়ে ইহাদেৰ জ্ঞান অথবা কোন স্থিব বিশ্বাস, কোন নিশ্চয়তা যদি দে লাভ কৰে—এই আশায় : অথচ সে সম্ভাবনা এবং আপেফিক সত্যেব জগতেই বাস কৰে, তাই কোন কিছু সম্বন্ধে চৰম নিশ্চযতা অথবা এণৰ বিশ্বাস লাভ তাহাৰ ভাগ্যে ঘটেনা। এমনকি যাহা বাস্তব যাহাকে সে উপলব্ধি করিতেছে তাহান মনে তাহা 'হইতে পাবে বা নাও হইতে পাবে এ সংশ্বেৰ মন্য দিয়াই আসিয়। উপস্থিত হয় : যাহা 'হইয়াছে' সেও 'না হইতেও পারিত' এই বোণেব ছাযাব মধ্যেই দেখা দেয়, তেমনি তাহ। পৰে থাকিবে না এ শঙ্কাও তাহাৰ দূৰ হয় না। আমাদেৰ প্ৰাণ্যত্তাৰ উপৰও এই একই অনিশ্চৰতাৰ পীড়ন আছে . জীৰনেৰ রূপে এমন কোন উদ্দেশ্য যে দেখিতে পায় না যাহার উপন নির্ভব কবিয়া যে স্বান্তিব নিঃশ্বাস ফেলিয়া মনে কবিতে পাবে, ইহা হইতে নিশ্চিত এব চবম ত্রপ্তি এখনা কোন স্থানী সাধকতা লাভ করিবে। আমাদেব পুক্তি, যাং। ষ্টিয়াড়ে যাহা বাস্তব বলিয়া মনে কৰে, তাহা সত্য বলিয়া ধ্বিয়া লইয়াই যাত্রা-বস্তু কৰে, কিন্তু সমস্ত 🕊 তে বিচ্যুত হুইয়া অনিশ্চিত সম্ভাবনাৰ পশ্চাদন্যবৰ্ণ কবিতে দে বাধ্য হয় এবং অবশেষে যাহ। সত্য বলিয়া মনে কবিয়াছিল তাহাকৈ ও সংশয় করিতে আবন্ত কৰে। কারণ সে মূলতঃ এক অবিদ্যা হইতেই যাত্রারম্ভ কবিয়াছিল, সত্যেব গাঁটি রূপকে ধবিতে পারে নাই ; তাই সত্য মনে কবিয়া কিছু সমধ্যের জন্য যে সমস্ত সত্যের পরে নির্ভর কবিয়া ছিল দেখা যায যে তাহা আংশিক, অপূর্ণ এবং সন্দেহজনক।

মানুষ পুথনে বাস কবে দেহগত মনেব ভূমিতে; এ মন যাহ। বাস্তব, যাহাব জড়সতা মাছে, যাহা তাহাব বিষয়রূপে অবস্থিত আছে তাহাকেই সতা বলিয়। স্বীকার কবে, সে সতা তাহাব কাছে স্বতঃসিদ্ধ, সংশারহিত মনে হয়; যাহা তাহাব কাছে বাস্তব জড় বা ইন্দ্রিয়াহা বিষয় নয়, তাহা তাহাব কাছে অসত্য বা অনুপানর, কেবল যখন তাহা বাস্তব হইবে, জড়ভাব স্বীকার করিবে আধা

#### . বিশ্বভান্তি

ই ক্রিয়গ্রাহ্য বিষয়রূপে পরিণত হইবে তখনই এ মন তাহাকে সত্য বলিয়া পবোপরি স্বীকার করিবে; তাহাব নিজের সত্তাকেও সে ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ক্রপেই দেখে, ইক্রিয়গ্রাহ্য স্থল দেহরূপের মধ্যে আছে বলিয়াই নিজের সন্তা সত্য বা বাস্তব সে মনে কৰে; অন্য যে সমস্ত সন্তা বা বস্তুর কথা ওঠে, তাহাদের বাস্তবতা দে ঐ একই **শাক্ষীর কথা গুনিযা বিশ্বাস করে**, তাহাবা আমাদেব স্থাবস্তু ্রাহণে সভান্ত বাহ্যচেতনার কাছে, বাহ্য স্থল বিষয় রূপে যতদ্র উপস্থিত ্ইতে পাৰে, ততদূৰই সত্য বলিয়। মনে কৰে অথবা এই বহিশেচতনাৰ দার। থাহরিত তথাসমূহকৈ জ্ঞানেন একমাত্র পাক। ভিত্তি মনে কবিয়া তাহাদের উপন গড়িয়া তৌলা, আমাদেন বৃদ্ধির যে অংশ আছে, সেই অংশ যখন কিছু শীকানযোগ্য মনে করে, তখনই এ মন তাহা গ্রহণ করে। জড়বিজ্ঞান এই भटनान जित्र এक विभाग राष्ट्रभावन , विज्ञान रेक्किएरात जुन राश्माधन करत, এবা যাহা আমাদেন দেহগত ইক্সিয় ধনিতে পারে না, এমন সমস্ত তথ্য বা বস্তু ব্বিবাৰ উপায় ৰাখিৰ কৰিয়া, সে সমস্তকে বাহ্যবিদ্যের ক্ষেত্রে আনিয়া উপস্থিত কবে, এইভাবে যে ইন্দ্রিযেব প্রাথমিক সীমাকে অতিক্রম করে; কিন্তু তাহার পক্ষে সন্তোর মান ও ধারণা ঐ একই প্রকাবেব, তাহাই সত্য যাহার আছে স্থল বা জড়ীয় ৰাস্তৰতা, যাহা ৰাহ্যবিধ্য ৰূপে দেখা দিতে পারে; স্থুল বস্তুনিষ্ঠ বৃদ্ধি এবং ইন্দ্রিয়াহ্য সাক্ষ্য দিয়া যাহা সম্থিত ও দুটীকৃত হয়, কেবল <mark>তাহাকেই</mark> দে বাস্তব বা যতা বলিয়া স্বীকাব করে।

কিন্তু দেহণত মন ছাড়া মানুষেব প্রাণগত মন আছে যাহা তাহার কামনা বাসনার সাধন বা যন্ত্র; যাহা বাস্তবরূপে আছে তাহাতে, তাহার তৃপ্তি নাই, সম্ভাবনাসকল লইয়াই তাহার কাববাব; নিত্যনূতনেব পুতি তাহার আছে দুনিবাব আকর্ষণ, তাহাব বাসনাব এবং ভোগপিপাসার তৃপ্তি, তাহার অহংকে বিস্তৃত্বত্ব ক্ষেত্রে প্রতিষ্ঠা, তাহাব শক্তি ও সম্পদের রাজ্য বৃদ্ধি করিবার জন্য, যে তাহার অনুভূতির সীমা বিস্তৃত করিবাব জন্য সদা ব্যস্ত । যাহা বাস্তব যাহা বর্ত্তমানে আছে তাহা সে চায়, ভোগ কবে, অধিকার করিয়া থাকে কিন্তু যে স্থাবনাসমূহ এখনও সে লাভ কবে নাই, তাহাদিগেব পিছনেও সে ছুটিয়া যায়, ঐকাত্তিক ভাবে চায় যে তাহারাও রূপ পরিগ্রহণ করুক, তাহাদিগকেও সে অধিকার এবং ভোগ করিতে চায় । কেবল জড় এবং স্থূল বিষয় লইয়াই তাহাব তৃপ্তি নাই, যাহা মানসিক, যাহা কালপনিক, যাহা শুদ্ধ ভাবোচ্ছুাসময়, তাহা হইতেও সে গোঁজে স্থপ এবং তৃপ্তি। এ জিনিষটা যদি মানুষের মধ্যে

### দিব্য জীবন বার্ড)

না থাকিত, মানুষ দেহগত মন লইয়াই যদি থাকিত, তবে সে পশুর মত হইয়াই বাঁচিত, যে দেহগত জীবন তাহার মধ্যে প্রথম ফুটিয়াছে তাহাকেই সে গ্রহণ করিত এবং তাহারই সীমা ও সম্ভাবনার মধ্যে সে বন্ধ থাকিত, জড়পুকৃতির প্রতিষ্ঠিত ব্যবস্থা স্বীকার করিয়া লইয়া, তাহার বাহিরের কিছু চাহিত না। কিন্তু এই প্রাণময় মন, প্রাণের এই চঞ্চল ইচ্ছা ভাহার দাবিসকল লইয়া আসিয়া উপস্থিত হয়, বাত্তবতার সীমার মধ্যে বন্ধ জীবনের বাঁধাধরা ভুণ্ডি ভাঙ্গিয়া দেয়, তাহাৰ অ্যাড়তাকে দূর কৰে; কামনা বাসনাকে বাড়াইয়। তোলে, আনে অতৃপ্তি ও অস্থিনতা. জীবন যাহা দিতে পারে বলিয়া মনে হয় যে তাহার চেয়ে বেশী কিছু চাহিয়া বসে; যে সম্ভাবনাসকল পুর্বে লাভ হয় নাই তাহাদিগকে এই মন সফল কবিয়া তুলিয়া, বাস্তবতার ক্ষেত্রেন বছল প্রসাবতা সাধন কবে, কিন্তু তংগ্ৰেও তাহাৰ দাবির শেষ হয় না, সে বলে আরও চাই, আরও বেশ্য চাই, জয় ও ভোগ কবিবাব জন্য নতন জগৎ চাই, এইভাবে পরিবেশের পরিধিকে এমন কি নিজেকেও অতিক্রম করিবার জন্য চলে একটা নিয়ত চেষ্টা, একটা অবিবাম সংগ্রাম। এই চাঞ্চল্য এবং অনিশ্চয়তার সঙ্গে আসিয়া যোগ দেয় চিন্ত।-শীল মন : যে সৰ কিছুকে তনু তনু ৰু বিষা দেখে, প্ৰত্যেককেই সন্দেহ কৰে, নান। শিদ্ধান্ত খাড়া কৰে, আবাৰ তাহাদিগকে ভাঙ্গিয়া দেয়, নিশ্চিত মতবাদেৰ সৌধ গড়ে কিন্তু অবশেঘে কিছুকেই নিশ্চিত বলিয়া মানে না, ইক্রিয়ের সাক্ষাকে প্রামাণ্য বলে আবাব তাহাতে সন্দেহ হয়, যুক্তির পথ অনুসরণ করিয়া সিদ্ধান্ত খাড়া করে, আবাৰ অন্য অথবা তাহাৰ বিৰোধী সিদ্ধান্তে পৌঁছিবাৰ জন্য সে मिक्का उटक थ उन करत, अनुस्कान भर्यास्त्र ना इरेटन अनिष्किष्ट बहुकान भर्यास्त्र, চলে তাবার এই ক্রিযাপদ্ধতি। মানুষের মননের এবং প্রয়াসের ইহাই ত ইতিহাস : সে ইতিহাসে দেখিতে পাই যে নিয়তই সীমার বন্ধন ভাঙ্গিতেতে, কিন্তু তারপর আবাব সে একইভাবে একই দিকে একই বা অনুরূপ পথে যুরিতেছে, কেবল হয় তে। তাহার চক্রের পবিধি একটু বাড়িতেছে। মানুষের মন চিরকাল গুঁজিতেছে, চিরকাল ক্রিয়াশীল রহিয়াছে মথচ জীবনের উদ্দেশ্য সম্বন্ধে স্থির কোন সত্যে. তাহাব ধ'বণা ভাবনা বা মতবাদের কোন নিশ্চয়তায় অথবা অস্তিম্বেব ধারণার কোন প্রতিষ্ঠিত ভিত্তিতে বা দৃঢ় রূপায়ণে পৌঁছিতে পারিতেছে ना ।

সংবঁদা এই অশান্তি এবং শুমসাধ্য প্রযাসের মধ্যে বাস করিয়া, একটা সময় আসে যথন দেহগত মন পর্যান্ত বাস্তবতার নিশ্চয়তার আস্থা হারাইয়া বসে,

## বিশ্বভান্তি

এক অজ্ঞেরবাদ আসিয়া পড়ে, জীবন ও জ্ঞানের মান ও মূল্য সম্বন্ধে সংশয় জাগে, মনে হয় এ সমস্ত বুঝি সত্য নয়, অথবা যদিই বা সত্য হয় তাহা হইলেও সমস্তই ব্ঝি বৃণা ; জীবনে ব্যর্থ এবং পরাজিত অথবা সকল ভোগে অতৃপ্ত এবং গভীর বিতৃষ্ণ ও নৈরাশ্যে প্রপাড়িত হইয়া, প্রাণগত মনও দেখে যে এ সমস্তই বুধা চিত্তকোভকারী বিড়ম্বনামাত্র, তখন সে জীবনকে এবং অন্তিমকে থসত্য বলিয়া বৰ্জন করিতে চায়, এতকাল যাহ। সে শুজিতেছে সে সমস্ত শ্রম বা নায়া মনে করে; চিন্তাশীল মন এতকাল যে সমস্ত মতবাদ গডিয়াছে তাহ। মনেরই শুধু রচিত কিছু, তাহাদের মধ্যে সত্য নাই ইহা দেখিয়া সে সমস্ত মতবাদ বিসর্জন দেয়, অথবা সে আবিষ্কান কবে যে একমাত্র সভ্য আছে, যাহা এই াগতিক অস্তিমের পরপারে, সে শত্য এমন কিছু যাথা কেহ রচনা বা গঠিত করে নাই, এমন কিছু যাহা চবম এবং নিত্য বস্তু, যাহা কিছু আপেক্ষিক বা স্বিশেঘ, যাহা কিছু কালেন ক্ষেত্রে বর্তমান তাহা একটা স্বপু, একটা চিত্তবিজ্ঞম, একটা বিশান প্রনাপ, একটা বিরাট বিপুর্রাভি, প্রতিভাষের এক বাজিজনক মাঁত। এমনিভাবে অন্তির তথকে পরাজিত করিয়া নাগ্তির তথ পুবল হইয়া উঠে এবং নাপ্তি সার্বজনীন এবং চবম হইয়া পড়ে। ইহা হইতেই জগৎনান্তিবাদী যত বড বঙ ধর্ম ও দশনের জন্ম হয়। ইছা হউতে জীবনেন উদ্দেশ্য হয় ইছ-লোকের এ জীবন হইতে প্রতিকেপ বা পলায়ন, এবং অন্যত্র এক নিঞ্চলঙ্ক ্রানিবিচ্যুতিশূন্য নিত্যজীবনেব অনুেষণ, 'এখবা ইহা হই'তেই এক নিচ্ছিয় এক্ষরতত্ত্বের বা এক আদি অসতেব মধ্যে ডুবিয়া গিয়া, জীবনেব প্রল্য ঘটাইবার জন্য এক ইচ্ছা জাণিয়া উঠে। ভারতবর্ষের দর্শনে জগৎনাস্থিনাদ 'অতি প্রবল শক্তিশালী এবং সার্থক মতবাদরূপে স্থাপিত হইয়াছে, দুইজন মহামনীষী শঙ্কর ও বৃদ্ধ দারা। এই দুই জনের মধাবতী এবং পববর্তী যুগে জন্য অনেক বড় বড় দর্শনের আবিভাব হইয়াছে; ভাহাদের মধ্যে কোন কোন দর্শনের যথেষ্ট প্রচারও হইয়াছে, মনীঘা এবং মাধ্যাগ্রিক অন্তর্দুষ্টেসম্পনু সূক্ষ্মদর্শী অনেক দার্শনিক অলপবিস্তর শক্তি লইয়া এই দুই দার্শনিক মতের সিদ্ধান্তকে খণ্ডন করিবার চেটা করিয়া, ন্যুনাধিক পরিমাণে সাফল্যও লাভ কবিয়াছেন কিন্তু সে সমস্তের কোনটাই এরূপ শক্তিশালী ব্যক্তিমের প্রবল চালনা লাভ করে নাই বা এত জোরের স্থিত নেকের কাছে উপস্থিত কবা হয় নাই অথবা সাধারণের উপর এত প্রবল প্রভাব বিস্তার করিতে পারে নাই। ভারতীয় মনের ঐতি-হাসিক ধারায় শঙ্করই বৃদ্ধের স্থলাভিঘিক্ত হইয়াছেন, তাঁহার মত গ্রহণ এবং

### দিব্য জীবন বাৰ্ছা

তাহাব পূর্ণতা সম্পাদন করিষাছেন; অসাধারণ এই দুই আধ্যাদ্বিক দর্শনের পুকৃতি ও ভাবধারা ভাবতীয় চিন্তা, ধর্ম এবং সাধারণ মননের উপর বিরাট প্রভাব বিস্তার কবিয়াছে, সর্বেত্রই পড়িযাছে ইহার পুরল এবং বিশাল ছায়া, সর্বেত্রই ইহাদের তিনাঁট প্রধান সূত্রের—কর্ম্বের শৃখাল, জনেমর চক্রাবর্তন হইতে মুক্তি এবং **মায়। —ছাপ পডিমাছে। স্তুত্বাং বিশুনান্তিবাদের মু**লে যে ভাৰ বা সত্য আছে তাহাকে পুনবায় দেখিবার এ**ৰং সংক্ষেপে হইলে**৬ তাহাদের প্রধান সূত্রাবলিব ও তাহাদেব ব্যঞ্চনাব মূল্য কি, কোন তবের উপন তাহাব। প্রতিষ্ঠিত, যুক্তি ও অনুভব কতদূর তাহাদের মতবাদ মানিয়। নিতে বাধ্য এ সমন্ত পুনবাৰ বিশেচনাৰ প্ৰয়োজন আছে। বৰ্ত্তমানে বিশাল বিপুলাভি ন। নানার ধাবণা যে সমস্ত মূলভাব লইবা গড়িয়া উঠিয়াছে তাহাদিগের দিকে দৃষ্টি দিলেই আমাদেব কাজ চলিবে, অবশ্য তাহাদিগ**কে আমাদে**র নিজ্ম চিন্তা ও দৃষ্টিশানার সন্মুপেই স্থাপিত কবিতে হইবে; একই সত্তোর ধারণা বা একই অধৈতবাদ হইতেই এই দুই ধানার যাত্রারম্ভ হইয়াছে কিন্তু একধারা পৌ ছিনাছে এক সাৰ্ব্জনীন নামানাদে অপবাট পোঁ ছিথাছে সাৰ্ব্জনীন সত্যতা-বাদে; একমতে অসং বা সদসং এক জগৎ বিশ্বাতীত সত্যে আশ্রিত; অপর মতে জগৎসতা, এবং এমন এক সতোৰ উপৰ সে জগৎ প্ৰতিষ্ঠিত যাহা যুগপৎ বিশ্বাস্থক এবং বিশ্বাতীত চরম বস্তু।

পুনিমৰ সভাব জীবনেব পুতি বিতৃঞা বা প্রাণময় মনের জীবন হইতে প্রাবর্জন বা জুগুপ্যা, নিজ পুকৃতি অনুসাবে বৈধ ও চূড়ান্ত বলিয়া গৃহীত হইতে পাবে না। বিতৃঞার প্রধান কারণ ব্যর্থতা এবং নৈরাশ্যকে স্বীকার করিয়া নেওয়া; কিন্তু ভাহা সত্য বলিয়া মানিবার দাবি, তাহার বিপরীত আদর্শবাদীর অদম্য আশা বিশ্বাস এবং উপলব্ধি বা প্রাপ্তিব ইচছাকেও সত্য বলিয়া স্বীকার কারবার দাবী অপেকা বৃহত্তর নয়। তথাপি এই ব্যর্থতা বোধে মনের সমর্শনের একটা মূল্য আছে; কাবণ চিন্তাণীল মন দেখে যে মানুঘেব সকল চেটা সকল পাথিব সাবনা বৃথা হইয়া যার, এমে পর্য্যবসিত হয়, দেখিতে পায় রাজনীতি এবং সনাজনীতির ক্ষেত্রে যাহা প্রন্থ সত্য মনে করিত তাহা ল্রান্তি, পূর্ণতালাভের জন্য তাহাব নৈতিক পুচেটা লান্তি, তাহার জনহিত এবং লোকসেব। ল্রান্তি, তাহার কর্ম লান্তি, তাহার ফল লাভি , তাহার বান্তি, তাহার মণ, শক্তি এবং সফলতা লান্তি, তাহার সকল লাভ সকল সিদ্ধি লান্তি। মানুঘের সামাজিক এবং নৈতিক পুচেটা সর্ব্বাই বৃত্তাকারে গুরিতেছে, তাহার কোন ফল ফলিতেছে না, মানুঘের জীবন এবং প্রকৃতি

#### বিশ্বভান্তি

একরপই আছে, সর্বেদাই অপূর্ণ রহিয়াছে; আইন বা বিধান, প্রতিষ্ঠান, শিক্ষা, দুৰ্শন, নৈতিক এবং ধৰ্মশিক্ষা আদৰ্শ মানবসমাজ গড়িয়া তোলা দূবেব কথা, একটি পূর্ণ মানুষও গড়িয়া তুলিতে পাবে নাই। কথায় বলে কুকুরেব লেজকে নতই সোজা করিবার চেষ্টা কব না কেন তাহার স্বাভাবিক বক্রতা কিছুতেই দ্র হইবে না। বিশুমৈত্রী, লোকহিত এবং জনসেবা, খৃষ্ণদ্রের প্রেম বা ্বাদ্ধর্মের করুণা জগৎকে এতট্কুও স্থুখী করিতে পাবে নাই; তাহার। এখানে সেখানে ক্ষণিক শান্তির অতি ক্ষুদ্র কণামাত্র বর্ষণ করিয়াছে, জগংভরা দ্যাপের অগ্রিতে কয়েক বিন্দু জনমাত্র নিম্পেপ করিয়াছে; পরিণামে দেখা নাৰ মানুষের সকল উদ্দেশ্য কণস্থায়ী এবং ব্যৰ্থ তাম প্ৰয়বলিত হয়, কোন লাভ কোন সিদ্ধিই তাহাকে ভূপ্তি দিতে পাবে না বা মুহূর্ত্তের রেণী হামী হয় না ; স্ফলতাৰ এবং বিফলতার সহিত বিজ্ঞিত তাহাৰ স্কল কণ্ম প্ৰল প্ৰাম বৃশাশুনেই হয় পেঘ, তাহা হইতে উল্লেখযোগ্য কোন কিছু লাভ হয় না ; মানুষের জীবনে যে সমস্ত পরিবর্ত্তন আগে তাখাতে বাফা রূপেন গুরু হয় পরি-বত্তন এবং এক রূপের পশ্চাতে অন্য রূপের চক্র বুখা আর্ত্তিত হয় মাত্র ; কারণ ীৰনেৰ মূল বা ভাহাৰ সাবাৰণ পুকৃতি যাহা ছিল ভাহাই থাকিয়। যায়। কিছু এইভাবে দেখিলে তাহাতে অতিনঞ্চন খাকিষা যাইতে পারে নটে কির ইহার মধ্যে যে একটা সত্য, একটি শক্তি আছে তাহা অম্বীকাব কৰা যার না ; ানুষেৰ ৰূপযুগান্তব্যাপী অভিজ্ঞতা ইহাকে দমৰ্থনকৰে এবং ইহার মধ্যে একটা তাংপর্য্য আছে যাহ। কোন না কোন সমযে মানুঘের মনের কাড়ে স্বতংসিদ্ধ गতোর মঁত আসিয়। উপস্থিত হয় এব<sub>ং</sub> তাহাকৈ অভিভূত কৰিয়া ফেলে। **এধু তাই ন**ম, পাখিব জীবনেৰ মূল বিধান এবং সার্থকতা মদি হম নিয়তি নিদ্দিষ্ট, এবং এতকাল যে বিশ্বাস চলিয়া আসিয়াছে সেই বিশ্বাস অনুযায়া এ সমস্ত অপরি-বৰ্ত্তনীয় চক্ৰাবৰ্ত্তনেই চলিতে থাকিবে ইহ। যদি সত্য হয়, তাহা *হইলে* পরিণামে এই নৈরাশ্যের দৃষ্টিদিয়া সকলকে দেখিবার হাত এড়ানো শায়ন।। কারণ পূর্ণতা, অজ্ঞান, ব্যর্থতা এবং দুঃখ অত্যন্ত প্রভাবশালী রূপে বর্ত্তমান জগতের মধ্যে বর্ত্তমান আছে, ইহাদের প্রতিপক্ষ জ্ঞান, স্থুখ, সফলত। এবং পূর্ণতঃ বলিয়া। বাহা আছে, দেখা বায় যে তাহাদেব দাবা প্রায়ই আমন। প্রতাবিত হই অথবা ভাহাদের পূর্ণমূত্তিৰ সাক্ষাৎ পাইনা : আবাৰ এই দুই বিপ্ৰীত পদাৰ্থ এমনভাবে ওতপ্রোত হইয়া আছে যে, ইহা যদি এক মহতুর পূর্ণ তাব দিকে চলিবার পথেব নধ্যবর্ত্তী কোন অবস্থা না হইয়া জাগতিক ব্যবস্থার শাশুত প্রকৃতি হয়, তাহা

### **पिया जीव**न वार्षा

হইলে এ দিদ্ধান্তের হাত এড়ান দায় হয় যে, হয এ জগতে সমস্তই নিশ্চেতন শক্তির স্বাষ্টি—এ দিদ্ধান্ত স্বীকার করিলে অবশ্য আপাত চেতনার কোন কিছুতে পৌঁ ছিবার যে অসামর্থ্য আছে তাহার কারণ পাওয়া যায়,—না হয় এ জগৎ ইচছাপূর্বক অগ্নিপরীক্ষা এবং ব্যথতার ক্ষেত্র রূপে নিন্দিষ্ট করা হইযাছে উদ্দেশ্যদিদ্ধিব ক্ষেত্র ইহা নহে, অন্য কোন স্থান বা লোক; কিছা সমস্ত বিশ্বব্যাপারই হয়তে। একটা বিরাট অর্থহীন লান্তি মাত্র।

এই তিনপ্রকার সিদ্ধান্তেব মধ্যমটি যে ভাবে আমাদিগেব নিকট সাধারণত: উপস্থাপিত কৰা হয় তাহাতে তাহাৰ মধ্যে দাৰ্শনিক যুক্তিৰ কোন স্থান থাকেনা, কেননা তাহাতে ইহলোক এবং অন্যালোক বলিয়া দুইকে প্রস্পাবের বিরুদ্ধে স্থাপিত কৰা হণ, তাহাদেৰ মধ্যে কোন সম্ভোষ্জনক যোগসত্ত্ৰেৰ সন্ধান পাওয় যায়না, কেন যে তাহাদেব সম্বন্ধ অপবিহার্য্যভাবে এইরূপ হইবে তাহার কোন সঙ্গত ব্যাপ্যা দেওয়া হয়না এবং যে পবীক্ষা এবং পনাভবের মধ্য দিয়া জীবকে যাইতে হইবে তাহার কোন মূল সার্থকতা বা প্রযোজনীয়তা দেখান হরনা। বলা যাইতে পাবে যে এক সুষ্টান বহস্যপূর্ণ যথেচতা বা খেযালেন জন্য এ সমস্ত দেখা দিয়াতে , কিন্তু এ মত দার্শনিক যুক্তিব মধ্যে পড়েনা, বা বুদ্ধি তাহাতে তুপ্ত হৰনা। অমৰ চিন্মৰ পুৰুদেনা অবিদ্যাৰ মধে। নিপদসন্ধূল অভিযান যদি স্বেচ্ছাৰ গ্ৰহণ কৰেন এবং যাহাতে তাহাৰ৷ অবিদ্যাচ্ছনু ক্ৰগৎকে বজুৰ্জন ক্রিতে পাবেন সেজনা তাহাব পুরুতি জানিবার প্রযোজন যদি তাহাদের থাকে, তবেই এ সমস্ত কতকটা বৃদ্ধিগ্ৰাহ্য মনে হইতে পাবে। কিন্তু স্বভাবতই সে-রূপভাবে স্কান্ট্র উদ্দেশ্য হইবে আক্সিক এবং স্বতি অল্পকাল স্থায়ী, পুথিবী হইবে ভাহাদেৰ অনভব বা উপলব্ধিৰ একটা নৈমিত্তিক বা আকম্মিক ক্ষেত্ৰমাত্ৰ; কিন্তু কেবল ইহাই এই বিবাট স্থায়ী এবং জটিল বিশ্বব্যাপার স্টিবে ব্যাখ্যা দিতে পারে না। কিন্তু যদি বলি যে জগতেন ক্ষেত্রে এক মহত্তন স্বষ্টির ইচছা ক্রিয়া কবিতেছে, এক দিবাসত্য বা এক দিবাসন্তাবনা এখানে মূর্ভ হইষা উঠিতেছে, সেই ক্রমপ্রকাশের এক বিশেষ অবস্থায় প্রাথমিকভাবে প্রমোজনীয় উপাদান রূপে অবশ্য দেখা দিতে হইবে বলিযাই অবিদ্যা দেখা দিয়াছে এবং বিশু-ব্যবস্থাই এক্লপ যে সেই অবিদ্যা বিদ্যাব দিকে অগ্রসন হইতে বাধ্য হইবে, অপূর্ণ প্রকাশ পূর্ণতাব দিকে চলিবে, ব্যর্থত। শেষজ্ঞের সোপান হইযা দাঁড়াইবে, দু:খ গত্তাব দিব্য আনন্দেব উন্মেষ ও বিকাশের ক্ষেত্র প্রস্তুত <mark>কবিবে, তাহা</mark> হুইলে ইহা জগৎ-রহস্যের একটা সম্থোষজনক সমাধানের কার্য্যকরী **অঞ্চ** 

# , বিশ্বভান্তি

হয়। উঠিতে পারে। যদি তাহাই সত্য হয় তাবে জগৎ শুধু নৈরাশ্য এবং গ্রাভাবের ক্ষেত্র, এখানে সকল পদার্থই লমপূর্ণ এবং বৃধা একথা আর সত্য বিলয়া বোধ হইবে না; তখন দেখা যাইবে যে জন্য জগৎ সেরূপ বোধ হইতেছিল তাহা অতি কঠিন ক্রম পরিণতির একটা স্বাভাবিক ঘটনা বা পরিবেশ মাত্র। বুঝা যাইবে যে আমাদের এই দেহ প্রাণ মন ও আদ্বাকে পূর্ণ আধ্যাত্মিক সন্তার পরিপূর্ণ দিব্য আলোকে উত্তীর্ণ করিবার জন্য বিশ্বব্যাপী সকল সংগ্রাম ও প্রচেষ্টা, সফলতা ও বিফলতা, স্থুখ ও দুঃখ, জ্ঞান ও অজ্ঞানেব এই মিশ্রিত অভিজ্ঞতা লাভ একান্ত প্রযোজন। তখন ইহা আমাদেব নিকট নিজেকে ক্রমপরিণতিব মধ্য দিয়া প্রকাশেব পদ্ধতিরূপে আত্মপুকাশ কনিবে, স্বাষ্ট-তহ্ব্যাখ্যায় স্বেচছাচাবী এক সর্বশক্তিমন্তাব আদেশ, কিছা বিশুল্রান্থি বা অর্থহীন মাযার কুহককে আনিয়া হাজিব কবিতে হইবেনা।

জগৎনাস্তিবাদী দর্শনের উচচতর মনন এবং আধ্যাম্মিকতা জাত এক ভিত্তিও আছে : সেখানে তর্কের ভিত্তি আবও দুচ : কাবণ সেখানে বলা সাইতে পারে জগৎ স্বরূপতঃই ভ্রম, ভ্রমের মধ্যস্থিত কোন ঘটনা বা লক্ষণ হইতে প্রাপ্ত ণুক্তি কখনই সে ভ্রমকে সমর্থন বা তাহাকে সতো উর্ণাত কবিতে পারেনা, ফাদতীত তুৰীয় বুদ্ধই একমাত্র সত্য বস্তু , যতই দিব্যপূণতা লাভ করিন। কেন আমাদেব জীবন যদি দেবতাদের জীবনেন মত হইযাও উঠে তনও তাহার মল স্বভাবগত অসত্যকে মছিয়া ফেলিতে বা নষ্ট কনিতে পানিনা ; তখন সে পূৰ্ণতা হইবে ল্ৰমের একটা উদ্ধল দিক। একান্ত লম না হইলেও আহ। নিমুত্ৰ স্থনেৰ সত্য, যখন আমাদেৰ আন্ধা উপলব্ধি কৰিবে যে একমাত্ৰ বুদ্ধই সতা এবং তখন সেই বিশ্বাতীত অক্ষর বুদ্ধ ছাড়। আব কিছু খাকিবে না, অন্য সব কিছু 'লোপ পাইবে। ইল যদি একমাত্র সত্য হয় তবে আমাদেব দাঁডাইবাব স্থান ধাকে না ; দিব্য প্রকাশ, জডেব উপর আত্মাব বিজয়লাভ, জীবনের উপর পুডুৰ, পুক্তির মধ্যে দিব্যজীবনের বিকাশ এ সমস্তই নিখ্যা হইযা যায, বড় জোর ইহারা এমন কিছু যাহা সত্য হইলেও পূর্ণ সত্য নহে, একথাত্র যাহা সত্য ত্ত্ব তাহার উপর একনি দান্যিক আরোপ। কিন্দু এখানে সমস্তই নির্ভব করে মনের ধারণ। এবং মনোময় সত্তা সত্তা সন্বন্ধে যাহ। অনুভব কবে তাহার উপর ; প্রশ্ন করা যাইতে পারে ানের সেই ধানণা কতদুন প্রানাণক, সেই অনভব আধ্যান্ত্ৰিক উপলব্ধি হইলেও তাহা একান্ত নিশ্চিত এবং তাহাকেই একমাত্ৰ অনুভৰ বলিয়া মানিয়া লইতে আমরা বাধ্য কিনা।

### দিব্য জীবন বার্ছা

যে অনুভবের অনুরূপ কোন বস্তু নাই বিশ্বভান্তিকে তেমন এক মনোমন অনুত্ৰ (subjective experience) মাত্ৰ বলিয়া কথনও কখনও বলা হয়, যদিও এ মত সর্বেসন্মত নয়; তাহা হইলে বিশু এক শাশুত স্থপ্তির মধ্যে অথবা এক স্বপুচেতনায় উদ্থাসিত রূপ ও গতি, যাহা শুদ্ধ অলক্ষণ স্বয়ংপ্রক্ত সংস্বরূপের উপব মাত্র সাময়িকভাবে আরোপিত হইয়াছে ় এ মতে বিশ্বকে অনম্ভের মধ্যে একটা স্বপুরূপে শুধু দেখা হয়। নেতি-বাদেব বিভিনু দার্শনিক মত আছে, তাহাদের সকলেব মূল ভিত্তি এক, কিন্তু তাহাবা হুবছ এক কণা বলেনা, ছোটখাট বিষ্যে তাহাদের মধ্যে মতভেদ আছে, ইহাদেব সকলেব সাধাবণ নাম মায়াবাদ দেওয়া যাইতে পাবে, মাযাবাদী-দেব দর্শন সমূতে বিশ্বতহ্ব্যাখ্যায় স্বপ্নেব উপমা দেওয়া আছে ; কিন্তু শুধু উপমা রূপে, বিশুলান্তিব মূলীভূত পুকৃতিরূপে নয়। বস্তুতন্ত্র ও দেহগত মনের পঞ এধারণা স্বীকাব করা কঠিন যে, আমাদের চেতনা কেবল মাত্র যাহাদের সম্বন্ধে দ্চ সাক্ষ্য দিতে পানে, সেই আমাদের নিজেদেব, জগতেব এবং জীবনেব কোন অস্তিত্ব নাই, এ সমস্তই আমাদের উপব ঐ চেতনারই একটা বঞ্চনার আরোপ : তাই কতকগুলি উপনা, বিশেষ কবিণা স্বপু এবং চিত্তবিভ্ৰমেন (hallucination) উপনা আনিয়া উপস্থিত কবা হয -- ইহাই পুনাণ কবিবার জন্য যে, চৈতন্যেৰ অনুভবে যেখানে কোন কিছু সত্য বলিয়। প্ৰতিভাত হুইতেছে সেখানে মূলতঃ সত্য নাই অথবা তাহাদের ভিত্তিতে উপযুক্ত পৰিমাণে কোন সত্য নাই। যে স্বপু দেখে তাহার কাচে যতক্ষণ সে নিদ্রিত ততক্ষণ স্বপু সত্য মনে হয কিন্তু জাগ্রত ছইলে দেখা যায় যে তাহা মিখ্যা, তেমনি আমবা যতক্ষণ স্রমেন মধ্যে আছি ততক্ষণ জগৎ সত্য এবং বাস্তব মনে হয় কিন্তু যখন আমরা স্তম হইতে সবিয়া দাঁড়াই তগন দেখি যে এ সমস্তের মধ্যে সত্য ছিলনা। স্বপ্রেব এই উপমার পূর্ণ মূল্য স্বীকার কবিষা জগদনুভবেন সম্বন্ধে আমাদের যে বোধ আছে সে বোধেব মধ্যে অনুরূপ কোন ভিত্তি আচে কিনা তাহা দেখা ভাল। কারণ জগৎ একটা স্বপু একথা অনেক সমৰ স্বীকার করা হয়, তা দে স্বপু মনের হউক জীবচেতনার হউক বা নিতাসত্তাব হউক ; মানুষ বোধে এবং চেতনায় এই স্বপ্রেব উপমা দ্বাবাই জগৎব্রান্তিবাদেব দিকে বেশী অগ্রসর হয়। ইহাব প্রামাণিকতা যদি কিছু না থাকে তবে তাহা আমাদিগকে স্পষ্ট বলিতে হইবে এবং এ উপমা কেন যে প্রযোজ্য হইতে পারে না, তাহার কারণ দেখাইতে হইবে এবং আমাদের বিচারের পথ হইতে ইহাকে সরাইয়া দিতে হইবে : যদি তাহাব

#### , বিশ্বভান্তি

কিছু প্রানাণিকতা থাকে তাহা হইলে দেখিতে হইবে তাহা কি এবং কতদূব আমাদিগকে লইয়া যায়। জগৎ যদি স্বপুবিল্লম না হইয়া শুধু বিল্লম হয় তবে উভয় সিদ্ধান্তের ভেদকে এক দৃঢ় ভিত্তির উপর স্থাপন করিতে হইবে।

প্রথমতঃ স্বপুকে আমবা অবাস্তব বলিয়া বোধ করি, কেননা স্বপ্নের ভূমি হইতে আমাদের স্বাভাবিক জাগ্রতচৈতন্যে ফিরিয়া আসিলে স্বপু আর গাকেনা এবং তাহার কোন মূল্য বা প্রামাণিকতাও খাকেনা। কিন্তু শুধু এ যুক্তি যথেষ্ট নহে ; কারণ ইহা ত হইতে পারে যে চেতনার বিভিনু ভূমি আছে এবং প্রত্যেক ভূমিব নিজস্ব সত্য আছে ; আমব। চৈতন্যের এক ভূমি হইতে যে মুহুর্ত্তে অন্য ভূমিতে যাই তখন যদি প্ৰথম ভূমিব ভাব এবং ভাবনা ঝাপুসা হইয়া যায় অথবা তাহার মধ্যে যাহা ছিল তাহা হারাইয়া যায় অথবা স্মৃতিতে আনিতে পারিলেও তাহা ল্বন বলিয়া বোধ হয়, তবে তাহা স্বাভাবিক বটে কিন্তু তাহাতে বর্ত্তমানে আমরা চেতনার যে ভূমিতে আছি তাহা সত্য এবং যে ভূমিকে ছাড়িযা আসিয়াছি তাহা মিখ্যা ইহা প্রমাণ হয়না। কোন আন্ধা লোকান্তবে অথবা চেতনার অন্য কোন ভূমিতে যখন যাইতে থাকে তখন তাহার কাছে জাগতিক ঘটনা অবাস্তব বলিয়া বোধ হইতে আরম্ভ হয়, কিন্তু তাহাতে জাগরিত কালেব ঘটনা যে বাস্থবিকই অবান্তব তাহা প্রমাণ হযনা; তেমনি যখন আমরা আধ্যাত্মিক নৈঃশবদ্য কিম্ব। নিবর্বাণের মধ্যে প্রবেশ করি তথন জগতেব অস্তিম আমাদের নিক্ট অসত্য বলিয়া মনে হইতে পাবে কিন্তু কেবল তাহাতেই প্রমাণিত হযন। যে জগৎ কথনও সত্য ছিল না। ইহাতে এ জগতের মধ্যে যে চৈতন্য বহিষাছে তাহার পক্ষে এই জগৎই সত্য, যে চৈতন্য নির্বাণে ডুবিয়া গিয়াছে তাহার পক্ষে নির্ন্বিশেষ সংস্করূপ সত্য, ইহাই মাত্র স্থাপিত হয়। আমাদেব স্বপুের অনুভবকে বিশ্বাস কবিতে না চাহিবাব দিতীয় যুক্তি এই যে, ইহা এমন একটা কিছু যাহা শীঘু বিলীন হইয়া যায়, তাহার পূর্বের এবং পবের কোন ঘটনার সঙ্গে তাহার কোন সম্বন্ধ নাই , তাহার মধ্যে সাধারণ দৃষ্টিতে আমাদের জাগ্রত চেতনায়, বিদ্ধিগম্য কোন সঙ্গতি বা তাৎপর্যাও দেখিতে পাই না। যদি স্বপ্রে আমাদের জাগ্রত চেতনার মত একটা সঙ্গতি ও পরম্পরার ভাব থাকিত, প্রতিদিন জাগ্রত হুইয়া চেতনায় জগদনুভবের একটা ধারাবাহিকতা যেমন দেখিতে পাই, স্বপ্রের অন্ভবের মধ্যে প্রতি র।ত্রিতে স্বপু পূর্বে স্বপ্রেব সহিত তেমনি একটা যোগ, একটা ধারা যদি রক্ষা করিয়া চলিত এবং সেই ধারাকে আরও অগ্রসর করিয়া দিত, তাহা হইলে স্বপু আমাদের নিকট সম্পূর্ণ অন্য আকার ধারণ করিত।

### দিব্য জীবন ৰাৰ্ড্য

স্বপু এবং জাগ্রত জীবনের মধ্যে সম্বন্ধগত কোন সাদৃশ্য নাই, এই দুই প্রকারের অনুভব সম্পূর্ণরূপে প্রকৃতিতে বিভিনু, প্রামাণিকতায় বিভিনু, জাতিতে বিভিনু, স্ত্তরাং ইহাদের একটা অপরের উপমারূপে গ্রহণ করা যায় না। অবশ্য আমরা অভিযোগ করি যে জীবনও অচিরস্থায়ী এবং অনেক সময় জীবনেব সবটার দিকে তাকাইয়া ভিতরের সঙ্গতি ও তাৎপর্য্য নাই বলিয়াও নালিশ করি : কিন্তু আমাদের বৃদ্ধির অভাব বা শীমাবদ্ধতার জন্যই হয়ত আমরা পূর্ণ তাৎপর্য ধরিতে পারিনা ; প্রকৃত পক্ষে যখন আমরা অন্তরে প্রবেশ করি এবং ভিতর হইতেই দেখি তখন তাহার মধ্যে স্থশঙ্গতির একটা পূর্ণ এবং অখণ্ডরূপই আছু-প্রকাশ করে ; সেইসফে পূর্বের্ব যেখানে অন্তরেব সঙ্গতির অভাব ছিল বলিয়া বোধ হইয়াছিল তথা হইতে সে অভাব অদৃশ্য হইয়৷ যায় এবং তথন বুঝি অসঙ্গতি ছিল আমাদের অন্তব দৃষ্টিতে এবং জ্ঞানে, জীবনের প্রকৃতি এবং ধর্মে এডটুকুও नग्न। आभारमत कीवरनत विश्वारिश कान अपक्रि नारे, ववः भरन रग्न कार्या-কারণের এক দৃঢ় এবং অবিচিছনু শৃঙ্খলা সেখানে আছে; কেহ কেহ বলেন যে জীবনে এইরূপ শৃঙালা ও সঙ্গতি দেখা মনেব ভল, যে শৃঙালা দেখিতেছি তাহ। মনেরই স্পটি, জীবনে তাহার অস্তিহ নাই ; কিন্তু তাহ। বলিলেও স্বপু ও জাগ্রত এই দুই ভূমিব মধ্যগত ভেদ অপনীত হয় না। কারণ অন্তরেব সাক্ষীচেতনার দৃষ্টিতে যে সঞ্চতি ফুটিয়া উঠে স্বপ্নে তাহাব একান্ত অভাব ; তাহার মধ্যে যেটুকু পারম্পর্য্যবোধ দেখা যায় তাহা জাগ্রত জীবনে যোগাযোগেব একটা অম্পষ্ট এবং মিথ্য। অনুকবণই মনে হয়, সে অনুকরণ হয় অনচেতন ভাবে ; কিন্তু অনুকরণেও যেটুকু পারম্পর্য্য আসে তাহাও ছায়াময এবং অপূর্ণ, প্রতিপদেই তাহা ভাঞ্চিয়া যায় এবং অনেক সময়ে সে টুকুবও পূর্ণ অভাব ঘটে। আমরা খারো দেখিতে পাই যে জাগ্রত চেতনা আমাদেব জীবনের পরিবেশ কতকটা নিয়ন্ত্রিত করিতে পাবে কিন্তু স্বপুচেতনার সে শক্তি একেবারে নাই বলিয়া মনে হয় ; অবচেতন ক্ষেত্রে প্রকৃতির এক স্বতঃসঞ্চাত ক্রিয়াই স্বপুরূপে আত্মপ্রকাশ করে, তাহাতে মানুষের পরিণত মনেন যে সচেতন ইচ্ছাশক্তি আছে এবং ব্যবস্থা ও প্রণালীবদ্ধ করিবার সামর্থ্য আছে তাহা একেবারেই নাই। তারপর দেখিতে দেখিতে মিলাইয়া যাওয়া স্বপ্নের একটা মৌলিক প্রকৃতি ; একটা স্বপ্রের সঙ্গে আর একটা স্বপুের কোন শহম থাকে না, কিন্তু জাগ্রত জীবনে শুধু অনুভবের খুঁটিনাটি বা ক্ষুদ্র অংশগুলি সহজে বিলীন হইয়া যায় আমাদের মধ্যে পরস্পর সংযুক্ত জগদ্ব্যাপার সকলের যে একটা সমগ্র অনুভূতি আছে তাহার মধ্যে সহজে

#### , বিশ্বভ্ৰান্তি

বিলীন হইয়া যাইবার ধর্ম আছে বলিয়া কোন প্রমাণ নাই। আমাদের দেহের বিনাশ হয় কিন্তু আছা যুগযুগান্তর ধবিয়া জন্মের পর জন্মের মধ্য দিয়া অগ্রসর হইতেছে; বছ আলোকবর্ষে বা যুগান্তে গ্রহ নক্ষত্রের প্রনা হইতে পারে কিন্তু বিশ্ব বা বিশ্বসন্তার অন্ত হয় না, কারণ ক্রিয়ান এবং গতিব একটা অবিচিত্নতা একটা নিত্যে প্রবাহ আছে; যে অনন্ত শক্তি স্পষ্ট করে তাহার নিজের অথবা হাহার ক্রিয়ার আদি বা অন্ত আছে তাহা প্রমাণ করিবাব কিছু নাই। স্তত্রাং স্বপু জীবন এবং জাগ্রত জীবনের মধ্যে প্রভেদ এত অবিক যে এককে দিয়া অপবের উপনা দেওয়া চলে না।

কিন্তু প্রশ্ন তোলা যায় যে বস্তুতঃই কি আমাদেব স্বপু পূর্ণ মিখ্যা এবং অর্থহীন ? তাহা কি সত্যবস্তু সমূহেনই এক মূভি বা তাহাদেন প্রতি-মূত্রির এক লিপি অথবা প্রতীকেব ভাষায তাহাদেব প্রতিলিপি বা প্তিরূপ ন্য ? এই পুশু নীমাংসাব জন্য ফ্রেই সংক্ষেপে হউক না কেন, নিদ্রা এবং স্বপ্রের প্রকৃতি আমাদিগকে নিচার বনিষা দেখিতে ছইবে. তাহাদের উৎপত্তি এবং ক্রিযাপদ্ধতি ব্রিতে হইবে। নিদ্রাতে যাহা ঘটে াহা এই যে আমাদেৰ চেতনা জাগুত অন্তবের ক্ষেত্র হইতে গৰিলা দাড়ায়, ববিষা নেওয়া হয় চেত্ৰনা বিশ্ৰান কৰিতেছে, নিক্ৰিয় বা স্থান্তিত হইষা আছে ; কিন্তু এ বোধ আমাদের বাহ্য দৃষ্টিজাত। বাস্তবিকপক্ষে জাগ্রতেব ক্রিযামাত্র ওঞ্জিত থাকে, আমাদের বহিশ্চন মনেন, আমাদের চেতনার দেহগত অংশের শচেতন ক্রিয়ার বিশ্রাম এবং বিবাম খুধু তুপন চলে ় কিন্তু আমাদেব অভংশচতন। তখনও নিজ্ঞিয় নয়, অন্তরে তাহাব নৃতন নৃতন ক্রিয়া চলিতে পাকে, কেবল তাহাৰ এক অংশ আগিয়া আমাদেৰ স্মৃতিতে ধৰা দেয় , আমাদেৰ ৰহিশেচতনার ৰূব কাছাকাছি ক্ষেত্ৰে যে ঘটনা যখন ঘটে বা যাখা লিপিবদ্ধ হৰ এব॰ সেই ক্ষেত্রে অবস্থিত আমাদের সভার কোন অ.শে তাহা যখন প্রতিফলিত হয় তথনই মাত্র তাহার। স্মৃতিতে আসিতে পানে। নিদ্রাতে বাহ্যচে হনান নিকটন ভী স্থানে অবস্থিত একটা অস্পষ্ট অবচেতন উপাদান নিকিত হব, তাহাই আনাদের স্বপা-ন্ভতির আশুয়স্থান অথবা তাহাব মধ্য দিবাই সে সমস্ত অনুভতি আমে, আবাব এই অবচেতনাই স্বপ্রের এক নির্নাতাও হইতে পারে, কিন্তু ইহার পশ্চাতে শাছে অধিচেতনার গভীনতা ও বিশালতা, আমাদেব অস্থ গভার এবং চেতনার গোপন এক পূর্ণ রূপ, যাহাব পুকৃতি সম্পূর্ণ অন্য রূপ। সাধাবণ অবস্থায আমাদের চেতনা এবং পূর্ণ নিশ্চেতনের মধ্য স্থলে স্থিত আমাদেরই অবচেতন

77

#### দিব্য জীবন বার্ডা

অংশ আমাদের বাইশ্চেতনার পথে স্বপ্রের আকারে নিজরূপায়ণ সমূহ পাঠায়, এই সমস্ত স্বপ্রের প্রধান চিহ্ন যে ইহারা আপাত অসঙ্গতিতে ভরা এবং পরস্পন হইতে বিচিছ্ন। ইহাদের অনেকগুলি আমাদের বর্ত্তমান জীবনের পরিবেশ ও উপাদান হইতে দুশ্যতঃ যদুচছাক্রমে গৃহীত ও গঠিত ক্রতবিলীয়মান মুদ্ভি, এবং তাহাদিগকে যিরিয়া বর্ত্তমান খাকে কলপনার নানা বিচিত্র চিত্ররেখা। আবার অন্য অনেক স্বপ্রে অতীতকে ডাকিয়। আনে, অথবা নরং অতীত ষটনা এবং ব্যক্তিব মধ্য হইতে নিংবাঁচিত উপাদান লইযা তাহাদেব আরম্ভ হয এবং অনুরূপভাবে তাহা হইতে পলায়নপব কত মৃতি দেখা দিয়া বিলীন হইয়া যায়। जनत्र जना इरेट जना अटनक अशु छेट्ठ यारा एक कल्शना ना गांबा मतन रय, কোণা ১ইতে তাহাবা আগে বা তাহাদেব ভিন্তি কি তাহা খুঁজিয়া পাওয়া যায না , কিন্তু আধুনিক কালে কতকটা বৈজ্ঞানিক ভাবে পরিচালিত মনঃ-সমীক্ষণেব (Psycho-analysis) নতন পদ্ধতি সর্বপ্রথম স্বপুকে পরীকা ও বিশ্রেঘণ কবিয়া তাহাদেব মধ্যে অর্থপঙ্গতি আবিষ্কার কবিয়াতে, স্বপু সম্বন্ধে জ্ঞাতব্য বিষয় জানিবাব এবং তাহাকে নিয়ন্ত্রণ করিবার কিছু উপায় আমাদেৰ জাগ্ৰত চেতনাৰ হাতে দিয়াছে ; ইহাতেই স্বপান্ভতির পূর্ণ প্রকৃতি এবং সার্থকত। সখন্ধে আমাদেব ধারণাব বহু পবিবর্তুন হইয়াছে। ইহা যেন বোৰ হুইতেছে যে স্বপ্ৰেৰ পিছনে কিছু সত্য আছে, তাহার মধ্যে এমন কিছু আঙে যাহার প্রয়োজনীয়তা ব্যবহারিক ক্ষেত্রেও কম নয়।

কিন্ত একমাত্র অবচেতনাই আমাদের মধ্যে স্বপু স্থান্ট কবে না। আমাদেব গোপন অন্তব সত্তা যেপানে নিশ্চেতনের সঙ্গে মিশিয়াছে সন্তার সেই সীমান্ত দেশের নামই অবচেতনা; ইহা আমাদের সন্তারই একনি স্তব যেপানে নিশ্চেতন অর্দ্ধচেতনার আকারে ফুনিয়া উঠিবার আকুলতায় নিয়ত সচেই; আমাদের দেহগত স্থূল চেতনাও যথন জাগ্রত অবস্থা হইতে পশ্চাদ্দিকে ফিরিয়া নিশ্চেতনের দিকে চলিতে খাকে তথন তাহা মধ্যবর্তী স্থানে অবস্থিত এই অবচেতনায় আশ্র্য নেয়। অথবা আর একদিক ইইতে আমাদের এই নিমুত্রর অবচেতন অংশকে বলিতে পারি নিশ্চেতনের বহির্বাটি, নিশ্চেতনের মূল কক্ষ হইতে আসিয়া যে সমস্ত রূপায়ণ আমাদের জাগ্রত বা অধিচেতন সন্তায় ফুটিয়া উঠে তাহারা এই বহির্বাটির মধ্য দিয়াই আসে। যথন আমরা নিদ্রিত হই তথন আমাদের স্থূল দেহগত চেতনা যে নিশ্চেতন হইতে সে প্রথমে জনিয়াছে তাহার দিকেই ফিরিয়া যাইতে থাকে, তথন সে নিশ্চেতনের বহির্বাটিরপ

#### বিশ্বভান্তি

এই অবচেতনায়, এই অধ:ন্তরে প্রবেশ করে, সেখানে সে দেখিতে পায় তাহার এতীত অভিজ্ঞতা এবং মনের অভ্যন্ত সংস্কারের ছাপ রহিয়াছে, কেননা **জীবনের** সব কিছুই আমাদের অবচেতনায় তাহাদের চিক্ন অন্ধিত করিয়া যায়. এইখানে তাহাদের পুনরভাদয়ের শক্তি গুপ্তভাবে থাকিয়া যায়। ইহারই ফলে অনেক সময় আমাদের জাগ্রত চেতনায় এই পুনরভাূদয় অতীত অভ্যাস, গুপ্ত বা নিরুদ্ধ আবেগ, সামাদের প্রকৃতির বজিত অংশেব পুনরাবিতাবরূপে দেখা দেয়, অথবা এই যে সমস্ত আবেগ এবং উপাদান নিরুদ্ধ ভাবেই রহিয়া গিয়াছে অথবা বঞ্জিত দ্টলেও একেবারে মুছিয়া যায় নাই তাহাব। সূক্ষ্মপে কোন অম্বৃত ছদ্যুবেশে এমনভাবে আসিয়া উপস্থিত হয় যে সহজে তাহাদিগকে চেনা যায়ন।। যাহা **অবচেতনে গোপনে অস্ফূটভাব ৰূপে অন্ত**নিহিত আছে, স্বপুচেতনায তাহারই কোনটাকে অবলম্বন করিয়া অথবা তাহাবই চারিপাশে নানারূপ ও গতির মিশ্রণে আপাতসম্ভূত নান। আকারেব কতকগুলি মৃত্তি ফ্রান্যা ওঠে, তাহাদের একটা অর্থ আছে কিন্তু আমাদের জাগ্রত চেতনা যে অর্থ ধরিতে পারেনা, কেননা অবচেতনাব গঢ় পদ্ধতিব অর্থে পৌঁছিবাব সঞ্চেত্ত তাহার জানা নাই। কিছুক্ষণ পবে অবচেতনার এই ক্রিয়া যেন পুনবায নিশেচতনে ডুবিয়া পোল ইহাই মনে হয়, এই অবস্থাকে আমনা স্বপুহীন গভীর নিদ্রা বা সুষ্পি বলি : তণা হইতে মানরা অগভীব স্বপুরাজ্যে অথবা জাগ্রত অবস্থায় আবার ফিরিয়া আগি।

কিন্ত বন্ততঃ যাহাকে আমবা স্বপুহীন নিদ্রা বলি, তাহাতে আমরা অবচেতনার ঘনতর এবং গভীবতব স্তবে চলিয়া যাই. তপায় চেতনা এমন ভাবে
নিমজ্জিত আচছানু এবং অপ্পাই. এমন অসাড় এবং গুরুভার হইয়া পড়ে যে
তাহা আর উপরে উঠিয়া আমাদেব বাহাজ্ঞানরূপে ফুটয়া উঠিতে পারেনা;
সেখানেও আমরা স্বপু দেখি কিন্তু স্বপুর সে অপ্পাইতর মূতিকে আমাদের
মবচেতনেব সেই অংশ ধনিতে বা ধবিয়া বাখিতে পারেনা যাহার কাজ স্বপুকে
লিপিবদ্ধ করা। আবার এমনও হইতে পারে যে আমাদেব মনের যে অংশ
দেহের নিদ্রার মধ্যেও সক্রিয় থাকে তাহা আমাদেব অন্তরতর পুদেশে, অধিচেতন
মন. অধিচেতন প্রাণ বা সুক্ষাভূতেব স্তবে অনুপুরিই হইযাছে এবং আমাদের
বিহিঃস্থিত অংশের সহিত তাহাব সক্রিয় যোগ ভঙ্গ হইযাছে। আমবা যদি
ব সমস্ত পুদেশের খুব গভীর স্তবে না গিযা থাকি, তবে আমাদের বহির্ভাগের
নিক্টম্ব অবচেতনার যে স্তর নিদ্রার মধ্যে ভাগিয়া থাকে সেই নিপিকাব হয়ত
তথাকার অনুভবের কিছুটা লিপিবদ্ধ করে, কিন্তু তাহার নিজস্ব ভাষায় সে

#### দিব্য জীবন বার্তা

লেখে, অনেক সময তাহাতে স্বাভাবিকভাবেই অসঙ্গতি থাকিয়া যায়, যখন অত্যন্ত সম্পতির সঙ্গে লেখে তখনও সর্বেদা জাগ্রত অনুভবের জগৎ হইতে গুহীত ছাঁচে তাহা ঢালাই কৰা হয় অথবা বিকৃত হইয়া জাগ্ৰত অবস্থারই কোন অনুভূতিব মৃত্তি ধারণ করে। কিন্তু যদি আবও গভীবে চলিয়া যাই তবে তাহার कान अनुनिधि थारकना, अथना थाकिरन 3 ठाशारक धुनक्रमात कता याग्रना, আনরা তখন ভুল করিয়া ভাবি যে কোন স্বপু নাই ; কিন্তু তখন, এখন যাহা নিবর্ণাক এবং নিজ্ঞিণ হইয়া রহিয়াছে শেই অবচেতনের পশ্চাতে অন্তবতর স্বপুচেতনাব জিয়া চলিতে খাকে। স্বপ্রের যে একটা নিরবচিছ্নু ক্রিয়া চলিতেছে তাহা আমন। জানিতে পাৰি গভীনতর অন্ত**েচ**তনায় <mark>যথন জা</mark>গ্ৰত হই, কাৰণ তখন আমৰ। অৰচেতনার আৰও গভীৰ ও গুৰুভাৰ স্তৱের সহিত যোগস্থাপন করিতে পাবি, তখন সেই অসাড় স্তবে আমাদের ডুবিবার সময় কি ঘটিয়াতিল তাহা ঘটনার সময় জানিতে অথবা পরে স্মৃতিব সাহায্যে পুনঃপ্রাপ্ত হইতে পাবি। আনও গভীনে আমাদেব অধিচেতন সন্তায় জাগরিত হইতেও আমব। পাবি, তথন আমাদেব সন্তার অন্য ভূমি, এমনকি জভাতীত লোকসমূহেব অনভব লাভ কবিতে পারি, নিদ্রা এই সমস্ত লোকে গোপনে প্রবেশের অধিকার আমাদিগকে দেব। এইখানকাব অনুভবেবও অনুলিপি আমাদের কাছে পৌছে; কিন্দ লিপিকাব এখানে অবচেতনা নয়, অধিচেতনা, যাহ। স্বপুের বৃহত্তব গ্রম।

এই তাবে অধিচেতনা যখন আমাদেব স্বপুচেতনাব সন্মুখে আসিয়। দাঁড়ায়, তখন কখনও কখনও আমাদের অধিচেতন বুদ্ধি সক্রিয় হয়, স্বপ্রের ধারা চিন্তার ধারায় পরিণত হয়, তাহাব মধ্যে অপরূপ এবং স্পষ্ট কত মূন্তি ভাসিয়া উঠে, জাগ্রত চেতনা যে সমস্যা সমাধান কবিতে অক্ষম হইয়াঢ়িল তাহার সমাধান হয়, ভবিঘাতের সম্বন্ধে সতর্ক তাসূচক ইন্দিত এবং পূর্ব্বাবগতি (premonition) লাভ হয়, অবচেতনাব সাধাব-। অসঞ্চতিব স্থান সফল বা সত্যসন্ধ স্বপু আসিয়া অধিকাব কবে। এই সম্য নানা গৃতীক মূন্তিও দেখা দিতে পারে, যাহাদের কতকের মনোময় কতকেব প্রাণময় প্রকৃতি খাকে; মনোময় প্রতীকের মূন্তি এবং তাহাবা যে অর্থ প্রকাশ কবে তাহা স্কম্পন্ট, কিন্দু প্রাণময় প্রতীক আমাদের জাগ্রত চেতনাব কাছে অনেক সময় জাঁটল ও দুর্বোধ রূপে দেখা দেয়, কিন্দু তাহার মূল সঙ্কেত ধরিতে পাবিলে তাহাদেব অর্থ এবং তাহাদের বিশিষ্ট সঞ্চতির ধারা বুঝা যায়। পরিশেষে আমাদের অথবা বিশ্বসন্তার অন্য কোন ভূমিতে

#### বিশ্বভান্তি

যখন আমরা প্রবিষ্ট হই সেখানে যে ঘটনা দেখি বা অনুভব কবি, ভাহার অনু-নিপিও আমাদের এই চেতনায় আসিতে পারে; প্রতীক স্বপুেৰ মত কখনও ক্রখনও আমাদের অথবা অপরের বাহির এবং অন্তর জীবনেব সঙ্গে তাহাদের গভীর যোগ থাকে, আমাদের জাগ্রত চেতনা যে সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ, আমাদের বা তাহাদের মন বা প্রাণময় সন্তার তেমন উপাদানের অথব। তাহাদের উপর কোনপ্রকাব প্রভাবের খবন আমাদের কাছে প্রকাশ কবিতে পাবে; আবান কখনও কখনও তাহাদের মেরূপ কোন সংযুব গাকেনা, তখন সে অনুলিপিতে পাই আমাদের জড় শত্তা হইতে স্বতন্ত্র চেতনান অন্য কোন বৃহত্তব স্তবেৰ স্বব্যব-হিত প্রকাশ ধারার বিশুদ্ধ পবিচয়। আমাদের স্বপুানুভবেন অধিকাংশেব ক্ষেত্র গবচেত্রন। এবং সাধাবণতঃ ইহাদেব কথাই আমাদেব স্মৃতিতে থাকে; কিন্তু কথনও কথনও অধিচেত্তন সপুসুষ্টা আমাদেন নিদ্রাগত চেতনাতে এমন গভীব ভাবে তাহাৰ ক্রিয়াবনিব বেখাপাত করিতে পাবে যে আমাদেব জাগ্রত চেতনার স্মৃতিতে সে সমস্ত ভাসিয়া ওঠে। যদি আনাদেব অন্তব সত্তা পুষ্ট ও ছাগ্রত হইয়া উঠে, যদি আমবা অধিকাংশ লোকেব চেয়ে বেশী ভাবে অন্তরে বাধ কৰিতে শিখি, তাহা হইলে বৰ্ত্তমান ব্যবস্থার প্রবিত্তন হয় এবং এক বৃহত্তর प्रशुट्ठिन। जांनार्तन कार्ट्ड कृतिंग। छेर्र्छ ; उन्नेन जांनार्तन सरशून मरश जन-চেতনার প্রকৃতি আর থাকে না, তাহাতে ঘটে অধিচেতনান আবেশ এবং তাহার यत्न जामात्मत अशु में जनः वर्ष जना देवेगा छेर्छ।

নিদ্রানু মধ্যে পূর্ণ সচেতন হওয়। এবং আমাদের স্বপ্নানুভূতির বিভিন্ন স্বরপ্তলির আদ্যোপান্ত অথবা তাহাব অনেকটা দেখিয়া বাওয়াও গত্তব ; তথন দেখা যায় যে আমাদেব চেতনা এক অবস্থা হইতে সন্য স্বস্থান চলিতেছে এবং এইভাবে অবশেষে আমরা ক্ষণ কালেব জন্য শান্তিপূর্ণ স্বপুহীন জ্যোতির্ন্তর্ম বিশ্রাম লাভ করি, এই বিশ্রামই প্রকৃতভাবে আমাদেব জাগ্রত পুকৃতিব শক্তি ও সামর্থ্য সঞ্জীবিত এবং পুনঃ প্রতিষ্ঠিত করে, তাহাব পর আবাব সেই একইপথে আমবা জাগ্রত চৈতন্যে ফিবিয়া আসি। সাধারণতঃ এইরূপ এক অবস্থা হইতে অন্য অবস্থায় যাইবাব সময় আমরা পূর্ববর্ত্তী অবস্থাব অনুভূতি সকল ভুলিয়া যাই, ফিরিবার সময় যাহ। অত্যন্ত স্পষ্ট বা যাহা জাগ্রত চৈতন্যের পুব নিকটে তাহাই কেবল মনে থাকে; কিন্তু ইহাব প্রতিকার কবা যাইতে পারে; স্বপ্রের জারও বেশী অংশ স্মৃতিতে আনা সম্ভব, অথবা পশ্চাৎ দিক হইতে আরম্ভ করিয়া পূর্বে পূর্বে স্বপুর বা একই স্বপ্রের পূর্বে পূর্বে অবস্থা স্মৃতিতে আনিবার

#### **पिया कौयन यार्थ्।**

শক্তি বাড়াইয়া তুলিয়া সমগ্র স্বপুই ছবির মত আমাদের চক্ষুর সন্মুখে আনা যায়। স্বপুজীবনের একটা স্থসঙ্গত জ্ঞান লাভ করা খুবই শক্ত, সেই ভাবে জ্ঞানলাভের শক্তিকে স্থপ্রতিষ্ঠিত রাখাও খুব শক্ত, কিন্তু তাহা সম্ভব।

আমাদের অধিচেতনা আমাদের বহিশ্চর জ্বভ্রম্য সন্তার মত নিশ্চেতনের শক্তি হইতে জাত নয় ; যে চেতনা ক্রমপরিণামের ধারা ধরিয়া নিমু হইতে উপবে উঠিতেছে এবং যে চেতনা সংবৃতি ধারা অনুসরণ করিয়া উপর হইতে নীচে নামিয়াছে অধিচেতন হইল তাহাদের মিলন বা সঙ্গম স্থান। তাহার মধ্যে আমাদের সত্তার এক অন্তর্মন এক অন্তঃপ্রাণ এবং সৃক্ষাভূত হারা গঠিত এক অন্তরসত্তা আছে, ইহারা আমাদেব স্থূল সত্তা ও প্রকৃতি হইতে বৃহত্তর। আমাদের বহিশ্চব সত্তাব যে কিছু রূপায়ণ প্রাথমিকভাবে নিশ্চেতন বিশ্বশক্তি হইতে আসে নাই, অথবা যাহ। আমাদেব বহিশ্চৰ চেতনার ক্রিয়ার স্বাভাবিক পরিণান হইতে জাত হয় নাই কিম্বা যাহা অপবা বিশুপ্রকৃতির অভিঘাতে প্রতি-ক্রিয়া রূপে দেখা দেয় নাই, তাহার প্রায সমস্তেরই গোপন উৎস অন্তরের এই অধিচেতন সত্তা, এমন কি যাহা এইরূপে গাক্ষাৎভাবে অধিচেতনসত্তা হইতে আসে নাই সেই সমস্ত রূপায়ণ, ক্রিয়া এবং প্রতিক্রিয়ার মধ্যেও অধিচেতনার আবেশ, অংশ বা প্রভৃত প্রভাব মাছে। এখানে এমন একটা চেতনা আছে যাহাব বিশ্বের সঙ্গে যাক্ষাৎ সংস্পর্শে আসিবার শক্তি আছে, আমাদের বহিশ্চর সত্তার সে শক্তি নাই, অধিকাংশ ক্ষেত্রে জগতের সহিত বহিশ্চর সন্তার যোগ ঘটে পবোক্ষভাবে ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়মানসের মধ্য দিয়া, সাক্ষাৎ ভাবে নয়। অন্তর্তর এই সত্তাব অধিচেত্রন ভাবে দেখিবার, স্পর্শকরিবাব এবং শুনিবার জন্য অন্তরে-ক্রিয় আছে কিন্তু এই সমস্ত সূক্ষ্য ইক্রিয় শুধু সংবাদ বহনের কাজ করে না বরং বলা চলে যে অন্তবস্থ সত্ত। যাহাতে বন্ধর সাক্ষাৎ চেত্রনালাভ করিতে পারে তাহার জন্য ইহার৷ প্রণালী বা পথ ; জ্ঞানের জন্য অধিচেতনাকে তাহার এই সমস্ত ইন্দ্রিয়েব উপব নির্ভব করিতে হয়না, ইহারা বস্তু সম্বন্ধে তাহার সাক্ষাৎ অনুভবকে একটা রূপ দেয মাত্র : ইহানের ক্রিযা ততটা জাগ্রত অবস্থার মধ্যস্থিত বাহ্যেন্দ্রিয়াণের ক্রিয়ার ন্যায় নহে; বাহ্যেন্দ্রিয়গণ বস্তুর রূপরাজি আনিয়া মনের কাছে হাজির কবে যাহাতে মন সেগুলি সংগ্রহ করিয়া রাখিতে এবং কাজে লাগাইতে পারে অথবা যাহাতে এই সমস্ত আহৃত রূপ হইতে যাত্রারম্ভ করিয়া বা তাহাদিগকে ভিত্তিরূপে গ্রহণ করিয়া মন একটা পরোক্ষ অনুভবের রূপ গড়িয়া তুলিতে পারে। অধিচেতনার অধিকার আছে যে সে বিশুচেতনার

#### বিশ্বভান্তি

মনোময় প্রাণময় বা সৃক্ষাভূতিময় ভূমিতে প্রবেশ করিতে পারে, ইহা শুধু জড়ভূমি
বা স্থূল জগতে আবদ্ধ নহে, সংবৃতির অবতরণের পথে যে সমস্ত লোক স্বাই হইযাছে অথবা নিশ্চেতন হইতে অতিচেতনাতে উত্তরপের সাহায্যের জন্য অনুরূপ
যে সমস্ত লোক বা জগৎ ফুর্নিয়া উঠিয়াছে বা গঠিত করা হইয়াছে তাহাদের
যকলের সঙ্গে যোগস্থাপনের উপায় অবিচেতনার আছে। আমাদের মনোময়
এবং প্রাণময় সত্তা বহিঃয় ক্ষেত্রেব ক্রিয়া হইতে বিরত হইয়া অন্তরপত্তাব এই
বিশাল রাজ্যে নিদ্রা, প্রত্যাহার বা সমাধিতে আশ্বনিমজ্জন য়ারা পৌঁছিতে
এবং বিশ্রাম লাভ করিতে পারে।

আমাদের জাগ্রত অবস্থা অধিচেতন সত্তার সহিত তাহার যে যোগ আছে ভাগ জানে ন। অথচ অজ্ঞাতসারে তথা হইতে প্রেবণা, রোধি, ভাব, ইচ্ছা ও ইন্দ্রিয় চেত্রনাব ইঙ্গিত, কর্ম্মেব উদ্দীপনা আগিয়া উপস্থিত হয়, বোধহয় যেন আমাদের সীমিত বহিশ্চর জীবনের নিমুদেশ অথবা পশ্চাদ্দিক হইতে তাহারা আসিতেছে। সমাধিৰ মত স্বপুও আমাদেৰ নিকট অপিচেতনাৰ দার খুলিয়া দেয : কেননা যেমন সমাধিতে তেমনি স্বপ্রে আমরা সঙ্কীর্ণ জাগ্রত ন্যক্তিম্বের আবরণেব পশ্চাতে যেখানে অধিচেতনার অধিষ্ঠান তথায় চলিয়া गाই। কিন্ত নিদ্রাব মধ্যে যে অনুভব হয তাহার খবর গুধু স্বপ্রে এবং স্বপ্রেব তাঘা। আমব। পাই. যে অবস্থাকে অন্তবে জাগরিত হওয়া বলা যাইতে পারে –যাহা সমাধিতে সহজে লাভ হয—সে অবস্থায় নহে, অথব। তখনও নহে যখন অধিচেতন জ্ঞান আমাদের জাগ্রত সত্তার সহিত ক্ষণকালেব জন্য ব। চিবস্তনরূপে যুক্ত হয যাহাতে অনন্যসাধীরণ ও স্থম্পষ্টভাবে দেখিবার শক্তি লাভ হয অখবা অধিচেতন জ্ঞানের বলে যোগাযোগের জ্যোতির্ম্নয় বিশিষ্ট উপায়দকল প্রকাশ পায় । অধিচেতন তাহারই অবচেত্তন অংশকে লইয়া---কারণ অবচেত্ত্রত আববণের পশ্চাদ্ভাগে অবস্থিত সত্তার এক অংশ-অন্তবের ভাব বা পদার্থের অথবা জড়া তীত অনু চবেন দ্রষ্টা : বহিরক্স অনচেতনা তাহার নিপিকার মাত্র। এই জন্য উপনিমদে অধিচেত্রন সন্তাকে স্বপুময় পুরুষ বলা হইযাছে কেননা সাধারণতঃ স্বপুে, অতীক্রিয় দর্শনে বা আন্তব অনুভবের মধ্যে সমাহিত অবস্থায় আমরা তথায় প্রবেশ করিতে এবং দেই অনুভূতির অংশীভূত হইতে পারি; তেমনি উপনিমদে অতিচেতনাকে সুঘুপিময় পুরুষ বলা হইষাছে যেহেতু যথন আমরা তাহাতে প্রবেশ করি তখন সাধাবণত সকল মানস বোধ এবং ইন্দ্রিয়ানুভূতি বিলুপ্ত হইয়া ষায়। কারণ যে গভীরতর সমাধিতে অতিচেতনার সংস্পর্শ আমর। লাভ করি

#### **पिया कीयन वार्छ।**

তাহাতে মনন শক্তি ডুবিয়া যায়, তাহাব মধ্যে যাহা আছে তাহার কোন খবর বা অনুলিপি আমাদের জাগ্রত চেত্নায পৌঁছিতে পারেনা; কেবল সাধনা দ্বার। বিশেষ এবং অসাধারণ উনুতি লাভ কবিলে, চেতনার কোন অপ্রাক্ত অবস্থার মধ্য দিয়া অথবা আমাদেব প্রাকৃত চেতনার কাবাগৃহে কোন ফাটল বা নমু দেখা দিলে তাহার মধ্য দিয়া আমাদের বহিশ্চব চেতনা, অতিচেতনান সংস্পর্ণ বা তথা হইতে আগত কোন বার্ত্তা সময়ে সচেতন হইতে পারে। কিন্তু চৈত্রন্যের এই দুই অবস্থাকে রূপকের ভাষায় স্বপুসান এবং স্মৃথিস্থান বলিয়া বণিত হইলেও এ উভয়কে স্পাইতঃ সত্যেব ভূমি বলিয়াই ঋষিয়া জানিতেন এবং মানিতেন, বাহ্যবস্তুব এবং জডবিপ্রেব সঙ্গে আমাদের সংস্পর্শের অনুলিপি আনাদের যে চেতনায ধাবণা ভাবনাব গতিমপে লিখিত হয় সেই জাগ্রত চেতন। হউতে স্বপু ও অধুপ্তি চেতন। কোন অংশেই কম সত্য নহে। অবশ্য চৈতন্যের জাগ্রত, স্বপু, সুমুপ্তি এই তিন অনহাকেই প্রমের অঙ্গ বলিয়া বর্ণনা কবা যায়, বল। যায় যে তিন ভূমিবই অনুভৃতি এক অমজানেব গড়া মিখা। বোধ মাঞ; স্বপু ও সুনুপ্তি যেক্ৰাপ অলীক জাগ্ৰতও তক্ষণ অলীক; কেননা ৰাক্য মনেব অতীত একনাত্র অধন আন্ধা ন। অনৈত ভন্নই প্রন ভন্ন না স্বরূপস্ত্য, যাহাকে বেলান্তে আশ্বাৰ তুৰীয় বা চতুৰ পাল বলিয়া বলা আছে। কিন্তু ঠিক তেমনি ভাবে একখাও বলা চলে যে এ তিনটি একই সত্যেব তিনটি বিভিন্ন ক্রম ব। একট চৈ গ্রন্যের তিনাটি ভূমি ব। অবস্থা যাহার মধ্যে আমাদের আন্ধানুভব এবং জাদন্তবেন তিনাট নিশেষ ভাবধাৰা বা তিনটি প্ৰকাৰ রূপ পৰিগ্রহ করিয়াছে।

ইহাই যদি স্বপানুভবেন সত্যপনিচ্য হন তবে স্বপুকে, যাহার কোন বাস্তব সত্ত। নাই এনন বস্তুন নিখ্যা আকাবকৈ সত্য বলিনা, আমাদের অর্ক্রচেতনান উপন সান্যিকভাবে চাপাইয়া দেওয়া বলা চলে না; বিশুল্লান্তি মতের সমর্থনে তাহা হইলে স্বপ্রেন উপনা দেওয়া ঠিক হব না। অবশ্য বলা যাইতে পারে যে আমাদের স্বপু নিছে কোন সত্য বন্ধ নহে কিন্তু সত্যেন কেবল একটা অনুলিপি বা প্রতীক মৃত্তি সমূহেন একটা গানা মাত্র, অনুরূপভাবে জগতেব সম্বন্ধে আমাদেন জাগ্রত অনুভবও সত্য নহে কেবল সত্যেব একটা অনুলিপি, প্রতীক মৃত্তিসমূহের সংগ্রহ কবা একটা ধাবা। ইহা ধুবই সত্য যে প্রধানতঃ আমরা নাহ্যজগৎকে আমাদেন ইক্রিবরোধের উপন চাপানো বা ছাপ দেওয়া কতকণ্ডলি প্রতিরূপের মধ্য দিয়া দেখি, এ পর্নান্ত পুর্বেশিক্ত উক্তি ঠিক; ইহাও স্বীকার করা যাইতে পারে যে এক অর্ধে এবং এক বিশেষ দৃষ্টিভঙ্গী লইয়া দেখিলে

#### বিশ্বভাষ্টি

আমাদের অনুভব ও ক্রিয়াবলী এক সত্যের প্রতীকসমূহ বলিয়া বিবেচিত **হইতে পারে, যে সত্যকে আমাদের জীবন প্রকাশ করিতে চাহিতে**ছে কিন্ত বর্ত্তমানে তাহাতে সঙ্গতি অপূর্ণ রহিয়াছে এবং সফলতা আংশিক মাত্র দেখা দিয়াছে। ইহাই যদি সৰ হইত তবে জীবনকে, অনম্ভের চেতনাতে আদ্বা এবং বস্তুব একটা স্বপ্রানুভব বলা যাইতে পাবিত। কিন্তু যদিও বিশ্বেব বস্তু সথদ্ধে আনাদের প্রথম সাক্ষা ইন্দ্রিয় দাবা গৃহীত প্রতিমৃতি বা প্রতিরূপসমূহ দিয়াই গঠিত, তবু আমাদের চেত্তনায় স্বতঃস্ফুর্ত বোধি সে মুভিগুলিকে পুণাস্থ, স্থাবিনাস্থ এবং প্রামাণিক করিয়া তোলে, ঐ বোধিই এই প্রতিমৃত্তিগুলিকে তাহারা যাহার প্রতিমন্তি সেই বস্তুব সঙ্গে তৎক্ষণাৎ যুক্ত করে এবং নম্বন স্ক্রম্পট্ট অনভন আনিয়া দেয ় তাই তখন বস্তুৰ অনুবাদই যে ওৰু আমৰা পাঠ কৰিতেছি, ইন্দ্রিয়েৰ ভাষায় লিখিত সভ্যেৰ অনুলিপিই যে দেখিতেছি তাহা নহে, তখন ইন্দ্রিরণণ খানা আনিত প্রতিরূপের মধ্য দিয়া সত্যকেই দেখিতেছি। বুদ্ধিন ক্রিয়া বধন আসিয়া ইহার সঙ্গে যোগ দেয় তথন ইহা আবও পর্যাপ হইয়া ওঠে. বদ্ধি অন্তত্ত বিদ্যেব বিধান এবং প্রকৃতিকে আবও তলাইয়া নোঝো, ইক্রিয়েব দেওখা অনুলিপিকে শৃন্ধুভাবে দেখিতে, বিচাব কবিতে এবং তাহাব এম ম'শোৰন কৰিতে পাৰে। স্তুত্রাং আমৰা এই সিদ্ধান্ত কৰিতে পারি যে নোধি ও বৃদ্ধির দাহায়। লইয়া ইক্রিয়েব দারা পৃহীত অনুলিপিব মধ্য দিনা আমবা এক স্ত্য বিশ্বকেই দেখি, বোধি দিয়া পাই বস্ত্র স্পর্ণ আন বৃদ্ধি তাহার বাবণাজাত **জান ল**ইয়া বস্থব সত্যকে দেখে বিচাব করিয়া। কিন্তু আনাদেব মনে রাখিতে হইবে যে প্রতিক্রপ ব। প্রতিমৃত্তিব মধ্য দিয়া আমাদেব জ্গৎ দুর্শন বা ইন্দ্রির দিয়া তাহার যে অনুনিপি আমনা পাই, তাহা প্রতীক মুভিব সমাহার হইলেও, সত্যেব খাঁটি প্রতিলিপি বা আক্ষবিক অনুবাদ না হইলেও, প্রতীক মাত্রেই যাহ। বর্তুমান আছে তেমন কিছুবই চিহ্ন, কোন সভোবই অনুনিপি। আনাদের কাচে সে মূর্ত্তি উপস্থিত হইয়াছে তাহাতে ভুল থাকিলেও তাহার। শাহার প্রতিষ্টি গঠিত করিতে চেটা কবে তাহা সতা, লম নম; যখন আমরা একনৈ দৃক্ষা, একখণ্ড পুস্তৰ বা একনৈ জন্তকে দেখি তখন যে বস্তুৰ অভিত নাই এমন কোন বস্তুব মৃত্তি বা একটা চিত্তবিভ্রম মাত্র আমরা দেখিনা; প্রতিমৃত্তিটা যে সংবাংশে খাঁটি এ সন্তম আমবা নিশ্চিত না হইতে 'নারি, ইহাও সীকাব ক্রিতে পার্বি যে অন্যধ্বণের ইন্সিয় তাহাকে অন্যরূপে দেখিতে পারে তথাপি তাহার মধ্যে এমন কিছু আছে যাহাব জন্য তাহার প্রতিমৃত্তি নামটি সার্থক,

### দিব্য জীবন বাৰ্ডা

এমন কিছু আছে যাহার সঙ্গে বস্তুর অনপবিস্তর মিল আছে। কিছ জগদ্দ্রান্তি বাদে ব্রদ্রাই একমাত্র সত্যা, যাহা অনির্দেশ্য অলক্ষণ শুদ্ধ সদ্বস্তু, প্রতীকমূর্ত্তির সমাহারের দ্বারা তাহার সত্য কিয়া মিথ্যা অনুবাদ করা সন্তব নয়, কেননা তাহা সন্তব হইত যদি এই সদ্বস্তব মধ্যে এমন বিশেষ কোন বস্তু বা ভাব অথবা তাহাব সত্তাব এমন কোন অব্যক্ত বা অপুকাশিত সত্য পাকিত, আমাদের চেতনা নাম ও রূপেন মধ্যে যাহাব প্রতিনিপি প্রস্তুত কবিতে পারে। যাহা শুদ্ধ অনির্দেশ্য তাহাকে প্রতিনিপি দ্বারা, স্বরূপেব পরিচয় বা কোন বিশেষ গুণ বা ধর্মেন সমাহার দ্বারা, অগনিত প্রতীক বা প্রতিরূপেব দ্বারাও প্রতিবিদ্বিত করা যায় না; কেননা তাহা এক শুদ্ধ অদম তব্তু,তাহাতে প্রতিনিপি নেওয়ার কিছু নাই; প্রতীকেন ভাষায় প্রকাশ করিবাব কিছু নাই, এমন কিছু নাই যাহার মূর্ত্তি বা প্রতিমূর্ত্তি হইতে পানে। অতএব স্বপুন উপসা একেবারেই খানে না এবং তাহাকে বিচারের পথ হইতে দূর করা উচিত; নিজের অনুভূতিকে দেখিবার জন্য মনেব একটা বিশেষ দৃষ্টিভঙ্গীতে স্কম্পেই রূপক রূপে ইহার ব্যবহার সর্বেদা পাকিতে পানে বটে কিন্তু তহ জিজ্ঞাসায়, সত্য কি, র্ক্পণ্রের মূল তাৎপর্য্য বা উৎপত্তি স্থান কি, এসমন্ত তহাবিচারে তাহার কোন মূল্য নাই।

স্বপুৰ উপমাৰ মত চিত্তবিল্নমেৰ (hallucination) উপমাও বিশ্বলান্তিবাদ বুঝিতে আমাদিগকে অধিকতৰ সাহায্য করে না। চিত্তবিল্লম দুই প্রকাবের, এক বিল্লম ননে বা তাবনায়, তাহাব নাম দেওয়া যাক মনোময় বিল্লম, অন্য বিল্লম দৃষ্টিতে বা কোনভাবে অন্য ইন্দ্রিয়ে। যেখানে যে বন্ধ নাই সেখানে যদি তাহাব প্রতিমূত্তি বা ছবি দেখি তবে তাহা হইবে ইন্দ্রিয়ের একটা তুল স্বষ্টি ইহাকে বলিব দৃষ্টিবিল্লম; যখন কেবল মনদিয়া গড়া কিছুকে বন্ধন্ধপে দেখি, শুধু মনের একটা তুলই যেখানে কোন কিছুকে গড়িয়াছে, অথবা একটা কলপনা বন্ধ রূপে দেখা বিয়াছে, অথবা একটা মানসিক মৃত্তিকে অযথা স্থানে স্থাপন করা হইয়াছে তখন তাহা হইবে মনোময় বিল্লম। প্রথমটির দৃষ্টান্ত মরীচিকা আব দিতীয়ানির বিখ্যাত দৃষ্টান্ত বজ্ জুতে সর্পল্লম। এখানে প্রসক্ষক্রমে বলিয়া রাখি যে যাহা সত্য চিত্তবিল্লম নয় এমন অনেক কিছুকে আমরা চিত্তবিল্লম বলি; অনেক সময় অধিচেতনা হইতে প্রতীকমূত্তি আসিয়া উপস্থিত হয়, অথবা বহিক্তেনার এমন অনুভূতি হইতে পাবে যাহাতে অধিচেতনা বা তাহার কোন ইন্দ্রিয়বোধ আসিয়া পড়িয়া আমাদিগকে জড়াতীত সত্যের সংম্পর্ণে আনয়ন করে, এসমন্ত দর্শন বা অনুভবকে চিত্তবিল্লম বলা চলে না; যখন আমাদের মনের

### বিশ্বভান্তি

গীমার বন্ধন ভাঙ্গিয়া আমরা বিশ্বচেতনায় উত্তীর্ণ হই তথন যে বিশাল সত্যের বোধ আমাদের মধ্যে জাগিয়া উঠে তাহার অস্তিম্বকে স্বীকার করিয়াও এইভাবে অনেকে তাহা চিত্তবিশ্রমের পর্য্যায়ে ফেলিয়াছেন। কিন্তু সাধারণ মনোময় বিভ্রম এবং দৃষ্টিবিভ্রমের দৃষ্টান্ত লইয়া বিচার কবিলে তাহানা প্রথমদৃষ্টিতে দার্শনিক মতবাদে যাহাকে আরোপ বা অধ্যাস বলিয়াছে তাহাবই যেন স্থলর উদাহরণ বলিয়াই মনে হয় ; আবোপ বা অধ্যাস হইল কোন সত্যবস্তুর উপর অবাস্তব কোন বস্তুর বা মৃত্তির স্থাপনা, যেমন মক্ত্রিব শুণ্যবাষ্ব মধ্যে মরীচিকার, অথবা উপস্থিত সত্যবস্তু বজ্জুর উপব অনুপস্থিত নিখ্যা সর্পের। বলিতে পাবি জগৎও তেমনি একটা চিত্তবিভ্রম, তাহা সদাবর্ত্তমান একমাত্র সূত্য বদ্ধের উপর, যাহাব অস্তিত্ব নাই এমন অসত্য বস্তু সমূহেব আবোপ। কিন্তু আমর। লক্ষ্য করিতে পারি যে এই সমস্ত চিত্তবিত্রমের প্রত্যেকের বেলায় যে মিধ্যা মৃত্তি দেখা দিয়াছে, তাহা যাহাব কোথাও কোন অন্তিত্ব নাই এমন কোন বস্তুব যে প্রতিমৃত্তি তাহা ত নহে, যাহাব অস্তিম আতে এবং যাহা যত্য এমন কোন বস্তুরই তাহা প্রতিমৃত্তি, কেবল যেখানে তাহা নাই মনেন বা ইক্রিয়ের ভলে সেখানে ভাষাকে আরোপ কবা হইযাছে। মবীচিকাতে নগর, মকদ্যান, ্র্যোতস্বতী বা অন্য কোন অবর্ত্তমান বস্তুর প্রতিমূত্তি বা ছবি দেখা যায ; কিন্তু দেই সমস্ত পদার্থ বর্ত্তমান না থাকিলে তাহাদের ভুল ছবি, তা সে মনের কলপনাই হউক বা মরুভূমির উপবিস্থ বাযুতে আলোকের পুতিফলনের ফলেই **ভটক বাস্তবন্ধপে উপস্থিত হই**যা মিখ্যাবোধন্ধপে মনকে বঞ্চিত কনিতে পারিত দর্প আছে, যে ব্যক্তি রজ্জতে দর্প ভ্রম রূপ এই সাময়িক চিত্তবিভ্রম দ্বাবা আক্রান্ত হইয়াছে তাহারও সর্পের অন্তিম্ব ও আকারের জ্ঞান আছে ; যদি তাহা না থাকিত তবে এই বিভ্রম স্বষ্ট হইতে গাবিত না ; কেননা দৃষ্ট বস্তুর সঙ্গে অন্যত্র পৃষ্ট সত্য বস্তুর আকৃতিগত সাদৃশ্যই হইল এই বিভ্রমেন কারণ। ञ्चलताः এ छेराम चात्र। छेटमभामिषि घटेटल शांद्रना, এ छेरामा छेरटयांगी घटेल, यिन যে বিশু এখানে নাই অন্যত্ৰ বৰ্ত্তমান আছে সেই বিশ্বেব একটা মিধ্যা মৃত্তি এই বিশুরূপে দেখা দিত; অথবা কোন সত্যেবই সিথ্যা মৃতি যদি সত্য প্রকাশকে তাহার বিক্ত সাদৃশ্য দিয়া আবৃত করিত বা সেই সত্য-পুকাশের স্থান অধিকার করিত, তবেই এ উপমা খাটিত। কিন্তু বিশুলান্থিবাদী বলেন যে জগতের অন্তিম্বই নাই, তাহা, যাহার মধ্যে কোন বস্তু নাই যিনি রূপ বঞ্চিত, একমাত্র শুদ্ধ যে সদুবন্ধরই অন্তিম্ব আছে, সেই শুদ্ধ সভ্যে আরোপিত একটা

## দিব্য জীবন বার্কা

মিগ্যা বা ভুল রূপ মাত্র। উপমা ঠিক খাটিত যদি আমাদের দৃষ্টিতে মরুভূমিব বায়ুব শূন্যতার মধ্যে কোখাও যাহার অস্তিত্ব নাই, এমন কোন রূপ দেখা দিত অথবা শূন্যভূমির উপব রজ্জু সর্প বা অন্য এমন কোন আকার আরোপ হুইত যাহা কোখাও বর্ত্তমান নাই।

ইহা স্পষ্ট যে এই উপমাতে, যাহানা পরস্পানেন তুলনীয় হইতে পারেনা এমন পু ইটি বিভিনু ধরণেব বিল্লম ভুল কৰিয়া মিশ্রিত করা হইয়াছে এবং তাহা-দেব প্রকৃতি যেন এক, এমনভাবে গ্রহণ করা হইযাছে। প্রকৃতপক্ষে, যাহাবা নিজে বর্ত্তমান বা সম্ভাবনা রূপে আছে অথবা যাহার৷ কোনরূপে শত্যের রাজ্যে বা তাহাব সহিত সম্বন্ধযুক্ত প্রদেশে বাস করে, এমন সব বস্তুর ভুলভাবে স্থাপন বা রূপায়ণ বা তাহাদেন অসম্ভব যোগাযোগ বা মিখ্য। পরিণামেন দলেই সকল पृष्टिविना यथेवा गत्नागय विच्ना (पर्या । भत्नव मकन जुन ७ वांखि यखान ব। অবিদ্যাবই ফল, অবিদ্যাই লব্ধ জ্ঞান সমূহকে অযথাভাবে যুক্ত করে অথব। অতীত বর্ত্তনান বা সম্ভবরূপে স্থিত জ্ঞানের মুব্যস্থিত বস্তু লইয়। ভূল পথে চলে ! কিন্তু বিশুল্রান্তিতে একাপ কোন সত্য বা বান্তব পদার্থেব ভিত্তি নাই, ইহা কারণ-শুনা একনা আদিম ভ্ৰম, এমন এক ভ্ৰম বাহা হইতে সব জাত হইয়াছে : এই ভ্ৰম, যাহাতে কোন কিছু ঘটে নাই বা কখনও ঘটিবেনা যাহাতে কোন নাম রূপ নাই, ছিলনা বা খাকিবেনা, মেই সত্য বস্তুর মধ্যে যাহাব কোন বাস্তুব অস্তিত্ব নাই শেইরূপ ঘটনা, নান বা রূপের এক গুদ্ধ আবিদ্ধার। এ ক্ষেত্রে মনোময় বিশ্রনের উপম। খাটিত যদি নাম রূপ বা সম্বন্ধ পবিশ্ন্য বুদ্ধ এবং নাম রূপ ও সম্বন্ধযুক্ত জগৎ এ উভয়কে সনান সত্য বলিয়া স্বীকার করিয়া একের উপর অন্যের আবোপ হইতেছে, রজজুব স্থানে সর্প বা সর্পস্থানে রজ্জু দেখিতেছি ইহা বলিতাম,—যদি সত্য সগুণের ক্রিয়াবলি সত্য নিষ্ক্রিয় নিশ্চল নির্গু ণের উপর আরোপ বলা যাইত। কিন্তু যদি উভযই সত্য হয়, তাহা হইলে উভয় একই সত্য বস্তুর পৃথক বা পরস্পরের সন্দিত সংযুক্ত ও সংশ্লিষ্ট বিভাব বা ভাব ও অভাবৰূপী (positive and negative) দুই মেৰু ছাড়া আৰ কিছু হইতে পারে না। यদি তাহাদের মধ্যে মনেব কোন ভুল অথবা এককে অন্য বলিয়া বুঝা আসিযা পড়ে, তবে তাহাতে স্ষ্টিশীল বিশুল্রান্তি জাত হইবে না, তাহা হইবে সত্যের অবিদ্যাকৃত অযথা অনুভব অথবা অযথা সম্বন্ধ দর্শন মাত্র।

মায়ার খেলাকে ভাল বুঝিবার জন্য আর যে সমস্ত দৃষ্টান্ত বা উপমা দেওয়া হয়, তাহাদিগকে সূক্ষ্মভাবে দেখিলে বুঝা যায় যে তাহারাও ঠিক খাটে না, দলে

### , বিশ্বজ্ঞান্তি

ভাহাদেরও মূল্য বা গুরুষ লোপ পায়। সর্প ও রজ্জুর মত গুক্তি ও বজতেব প্রিচিত উপমাতেও দেখা যায় বর্ত্তমানে সত্য একটা বস্তুর সঙ্গে অন্য একটা অনুপস্থিত সতাবস্তুর সাদৃশ্য হইতে ভূলেন উদ্ভব হয়; অনিকাবী পবিবর্ত্তন-শ্ন্য এক অন্বিতীয় বস্তুব উপর বহু এবং পবিবর্ত্তনশীল অসত্যবস্তুর আরোপের ক্ষেত্রে এ উপমাও খাটে না। আর একটা দৃষ্টাও আছে দৃষ্টিবিভ্রমবশতঃ আমবা কখনও কখনও একনৈ বস্তুকে দুই বা ততোধিক রূপে দেখি, যেমন কখনও কখনও আমবা চক্রকে একটা না দেখিয়া দুইটা বলিয়া দেখি; এরূপ কেত্রে আমনা একই পদার্থেব দুই বা ততোধিক রূপ দেখি তাখাব একটা সত্য এবং বাকিটা বা বাকিগুলি লম; ইহাও বুদ্ধ এবং জগতের একতারস্থানের উপমারূপে ব্যবস্ত হইতে পাৰে না, কেননা মামান খেলাতে ব্যাপাবনা यात 3 क्रांतिन, यात्रात পविवर्त्तन वा निकात व्याप्तव त्मरे व्यव ज्राह्मन উপর সেই একেবই ভ্রমান্থক ব্যুক্তপ আবোপিত হুইযাছে, একই ব্যুক্তপে দেখা দিয়াছে তাহা না হয় মানিলাম, কিন্তু সেই একেন উপন প্রকৃতিব বৈচিত্র্য, বিপুল এবং বিধিবদ্ধ অগণিত রূপ এবং গতিব আবোপ দেখ। যাইতেছে অপচ মূল সতো এ সমস্তেব কিছুই ছিল না—ইহা কিন্ধপে সম্ভব হইল ? স্বপু, সতীন্দ্রিয় দর্শন অথবা শিল্পী বা কবির কলপনাতে এইরূপ বিধিবদ্ধ অবান্তব বহুত্ব পাকিতে পাবে। কিন্তু সেখানে একটা অনুকরণ আছে, সত্যই যাহান অস্তিৰ আছে এমন এক বিধিনদ্ধ বহুত্বেন তাহা অনুকরণ ; অথব। সেইরূপ অনুকবণ হইতেই সে ভাবেব সূচন।, এমন কি তাহাব অতিবিপুল বৈচিত্রা এবং উদ্ধার্ম কলপনাৰ মধ্যেও অনুক্রণেৰ কোন না কোন উপাদান বর্ত্তনান আছে তাহা দেখা যায়। কিন্তু মানার খেলা সম্বন্ধে যাহা বলা হয তাহাব কোথাও কোন অনকরণ নাই, তাহা নিখা। রূপ কিম্বা গতিরূপে যাহা স্পট্ট কবিয়াছে তাহা একেবাবে নৃত্রন, তাহাব মূলে কিছু নাই, আর কোখাও তাহাব অস্তিম নাই, তাহা সতাবস্তুর মধ্যে যাহা আবিন্ধার কনিতে পানি এমন কোন কিছুব অনুকরণ, প্রতিফলন, পরিবর্ত্তন বা পরিণতি নয! মনোম্য বিশ্রমের ক্রিয়াধারার মধ্যে এমন কিছু নাই যাহা এই রহস্যের উপর আলোকপাত কবিতে পারে; এই প্রকারেব বিশাল বিশুল্রান্তিব অনুরূপ কিছু নাই, গাকিতে পাবে না। কিন্তু আমরা দেখিতে পাই যে বিশুপ্রকৃতিন মৌলিক ক্রিযাধারা ্ই যে, সর্বত্ত একই বহুরূপে প্রকাশিত হইতেছে; কিন্তু তথায় তাহা ব্রমরূপে উপস্থিত হয় না. এক মূলবস্তু হইতেই বহু সত্য রূপায়ণ প্রকাশ পায়। সর্বেত্রই আমাদের

### দিব্য জীবন বার্ড্রা

চোখে পড়ে যে এক অন্ধয় সত্য নিজ সন্তার অগণিত সত্য ও শক্তিরূপে নিজেকে প্রকাশ করিতেছে। সন্দেহ নাই যে এ খেলা রহস্য বিজড়িত, এমন কি একটা ইন্দ্রজালেব মত; কিন্তু যাহাতে সর্বেশক্তি বিদ্যমান আছে এমন এক সন্তাব চৈতন্য ও শক্তির খেলা বা শাশুত আন্ধন্তান দ্বারা পরিচালিত আন্ধ-বিস্ফটি ইহা নয় ইহা শুধু অসত্যের এক ইন্দ্রজাল, এমন কথা বলিবার মত কারণ কিছুই দেখিতে পাওয়া যায় না।

এখানে প্রশু উঠে এই সমস্ত লান্তির জনক মনেব প্রকৃতি কি এবং মূল সংস্করপের সঙ্গে তাহার সম্বন্ধই বা কি । মন কি আদিম ভ্রান্থির সন্তান ও যন্ত্র অথবা সে নিজেই বিভ্রম স্বষ্টিকারী কোন আদিম শক্তি বা চেতনা ? অথবা স্বরূপ সত্যেব অন্যখাগ্রহণই কি মনোময় অবিদ্যারূপে আরূপুকাশ করে কিয়। যাহ। প্রকৃতপক্ষে জগৎস্থা — সেই আদি ঋতচিতের কি ইহা এক বিকৃতি বা বিচ্যুতি 

শ্ যাহাই হউক না কেন আমাদের এই প্রাকৃত মন চৈতন্যের আদিন এবং প্রথম স্বষ্টিশক্তি ইহা সতা নহে ; ইহা এবং এই প্রকৃতির সকল ননট অন্য কিছু হইতে উদ্ভূত পদার্থ, ইহা সম্ভ্রনপী বিশুবিধাতা বা মধ্যবতী শ্রুষ্টা হইতে পাবে কিন্তু মূল যুষ্টা নহে। যাহা নিজে মধ্যবতী এক অবিদ্যা হইতে জাত সেই মন যে সমস্ত ভুল করে তাহাদের কোন উপমা দিয়া মূল স্কট্টিশীল ল্রম বা সর্বোবিদ্ধাবক এবং সর্বেপুকাশক মায়ার প্রকৃতি বা ক্রিণাধাবা বুঝা না যাওগাই তো সম্ভব। আনাদেব মন একদিকে অতিচেতন অন্যদিকে নিশ্চেতন এই দুয়ের মধ্যে অবস্থিত, এবং এই দুই বিপবীতধর্মী শক্তিব বীর্য্য তাহার মধ্যে সংক্রামিত হয়; আবার মনেব একদিকে আছে গোপন এক অবিচেতন সন্তা অন্য দিকে রহিয়াছে বাহ্য জাগতিক ঘটনা বা প্রতিভাস ; অন্তবের অজানা উৎস হইতে তাহার কাচ্ছে আদে প্রেবণা, বোধি, কল্পনা, জ্ঞান ও কর্শ্বের আবেগা, মনোময সত্য ব। সম্ভাবনাৰ মূৰ্ত্তি সমূহ ; অন্য দিকে দৃশ্যমান বিশ্ব প্ৰতিভাস হইতে সে পায়, যাহা সে লাভ করিয়াছে তাহাব রূপ এবং আবে৷ যাহা সম্ভাবনারূপে আছে তাহাব ন্যঞ্জনা ও ইঙ্গিত। যাহা সে প্রেয় তাহা মলতঃ সত্য, হয় বাস্তবে পরিণত হইয়াছে বা সম্ভাবনারূপে আছে; জড়জগতেব যাহা কিছু সে বাস্তবরূপে লাভ করিয়াছে সেই সমস্ত হইতে সে যাত্রা করে এবং তাহার অন্তর্গ্রী ক্রিয়াধাবাতে তাহাদের মধ্যে যাহাব৷ অন্তর্শিহিত আছে অথবা তাহার৷ যাহাদের আভাস দেয় অথবা তাহাদিগকে যাত্রার আদিবিন্দু করিয়া অগ্রসর হইবার ফলে যাহা-দিগকে পাওয়া যাইতে পারে সেই সমস্ত অলব সম্ভাবনা বা অসিদ্ধ ভব্যার্থ

#### , বিশ্বভান্তি

সকল (unrealised possibilities) বাহির করিয়া আনে; এই সমস্ত সন্তাবনার মধ্য হইতে কতকগুলি তাহাব মনের আন্তর ক্রিয়ার জন্যই বাছিয়া লয় এবং কলপনা বা অন্তংশ্চতনাব দ্বারা গঠিত তাহাদের রূপ লইয়া থেলা করে, তাহাদের জন্য কতগুলি সন্তাবনাকে বান্তব বা সিদ্ধ করিয়া তুলিতে চায় এবং তজ্জন্য চেষ্টা করে। কিন্তু তাহা ছাড়া সে যে কেবল দৃশ্য জাগতিক ব্যাপারের অভিযাত হইতে শুধু প্রেবণা লাভ করে তাহা নহে, যাহাব উৎস অদৃশ্য, যাহা তাহার ভিতরে এবং উপরে অবন্ধিত তণা হইতেও প্রেবণা পায়; বহির্জগতের পরিবেশ বা তাহাব ইন্ধিত হইতে প্রাপ্ত সত্য ছাড়া অন্য সত্যের দেখাও সে পায়, এখানেও যে সত্য অব্যক্ত হইতে আসিয়াছে অথবা সত্যেব যে সমন্ত রূপ সে গড়িয়াছে তাহা লইয়া তাহার অন্তবেব খেলা চলে অথবা তাহাদেব কোন কোনটিকে বাস্তবে মূর্ত্ত করিয়া তুলিবাব জন্য বাছিয়া লইয়া তজ্জন্য সাধনা করে।

আমাদের মন বাস্তবাবস্থা সমূহকে পর্য্যবেক্ষণ এবং ব্যবহার কবে, যাহ। এখনও বাস্তব হইয়া উঠে নাই বা অজ্ঞাত আছে সে সমস্ত সত্যের অনুমান বা গ্রহণের শক্তিও তাহার আছে ; অমর্ত্ত এবং মর্ত্ত সত্যেব মধ্যে যাহারা মধ্যস্থতা করে তেমন সম্ভাবনাসকল লইয়াও সে কারবার করে। কিন্তু অনন্ত চেতনার দর্বজ্ঞতা তাহার নাই; তাহাব জ্ঞানের সীমা সন্ধৃচিত, সীমিত; জ্ঞানের পরিপ্রণ জন্য তাহাকে কল্পনা এবং আনিষ্কারের আশুয় লইতে হয ; অনন্ত চেত্রনার মত সে জানাকে প্রকাশ কবে না, তাহাকে অজাতকে আবিষ্কারের তপ্য্যা কবিতে হয় : সে অনম্ভের সম্ভাবনাসকলকে ধবিতে পাবে কিন্তু তাহা-দিগকে এক অব্যক্ত সভ্যেব পবিণাম বা ন্মপনৈচিত্র্য ন্মপে ধানণা কনিতে পাবে না. তাহাদিগকে তাহার সীমাহীন কল্পনাব সৃষ্টি বা রূপায়ণ বলিয়া মনে কবে যখবা স্বকপোল কলিপত বিষয় বলিয়া দেখে। অনম্ব চিংশক্তিৰ সূৰ্বশক্তি-মত্তা তাহাতে নাই, বিশুশক্তিব নিকট হইতে যাহ। গ্রহণ কবিবে কেবল তাহাই সে ব্যক্ত বা মৰ্ত্ত কবিতে পারে ; অথবা যে দিব্যপুরুষ গোপনে অতি-চেতনা বা অধিচেতনাতে অধিষ্ঠিত আছেন এবং যিনি মনকে ব্যবহার করেন, তিনি যাহ। প্রকৃতির মধ্যে ব্যক্ত কবিতে চাহেন কেবল মাত্র তাহাই সমষ্টিব লীলায় আরোপ বা প্রবর্তিত কবিবার শক্তি মাত্র তাহার আছে। তাহার জ্ঞানের সঙ্কোচ শুধু অপূর্ণতার জন্যই যে হয় তাহা নহে, প্রান্তি এবং অবিদ্যার দিকেও নিজেকে খোলা রাখিয়াছে বলিয়াও তাহার জ্ঞান সীমাবদ্ধ। যাহা তাহার কাছে

### দিব্য জীবন বাৰ্ড্ৰা

মূর্ত্ত বা বাস্তব হইয়াছে তাহাদিগকে লইয়া কাববাব করিতে গিয়া পর্য্যবেক্ষণে, ব্যবহারে এবং স্বষ্টিতে সে ভুল করে, যাহা সম্ভাবনারূপে আছে তাহাদের বেলায় সংযোগে, গঠনে, প্রোগে এবং স্থাপনে তাহার ভুল হয়, যে সত্য তাহার কাছে উর্দ্ধ হইতে আদিয়া প্রকাশিত হইয়াছে সে সত্যকে বিক্ত করে, প্রান্তভাবে দেখে বা তাহাকে বৈধম্য দোঘদুষ্ট কবিণা তোলে। তাহা ছাডা যাহার সহিত বাস্তব পদার্খের যোগ নাই, যাহা লাভ করিবাব সম্ভাবনা নাই, অখবা পশ্চাতে অবস্থিত সত্যেব সমর্থন যাহাব নাই এনন নিজস্ব রূপায়ণ সমূহও মন গড়িয়া তুলিতে পাবে; কিন্তু সেখানেও ৰাস্তবের অবৈধ গ্রসাবণ করিতে, যে সমস্ত সম্ভাবনা বাস্তবে পরিণত হওনাব অনুমতি পায় নাই, তাহাদিগকে ধবিতে বা সত্য যেগানে প্রযোজ্য নর সেখানে প্রয়োগ কবিতে যাওয়াতেই এ সমস্ত রূপায়ণের সূচনা হয়। মন স্বাষ্ট্র কৰে, কিন্তু সে আদি শ্রুষ্টা সর্ব্বেক্ত বা সর্ব্বশক্তিমান নয এমন কি সর্ব্বদা সে ঈপুনাধীন কার্য্যক্ষম বিধাতা (demiurge) নয। পক্ষান্তরে সায়া না বিভ্ৰমকপিনী শক্তি আদ্যাস্ত্ৰাষ্ট্ৰী, ইহা একেবাৰে শণ্য হইতে ঘটায় বিশ্বেস আধি ঠা অবশ্য আমনা মনে কনিতে পানি যে সত্যবস্তুর উপাধান লইয়া সে স্টেই কনে. কিন্তু তাহা হইলে যাহা যে স্বাষ্ট্ৰ কৰে তাহা কোন ন্ধপে যত্য ইহা স্বীকাৰ কৰিতে হয় ; যাহা স্ফট্ট কবিতে চাৰ তাহার পূর্ণঞান মালাৰ আছে, যাহা স্ফট্টি কবিবে স্থিব করে তাহা সাধন কবিবাবও আছে তাহার পুর্ণশক্তি; কিন্তু এই সর্বজ্ঞতা এবং সর্বেশক্তিমত। আছে কেবল তাহাব নিজের বিভ্রম সম্বন্ধেই, ভ্রম গুলিকে সে ইন্দ্রজালের মত নিঃসংশয়ে সুবর্বার্থসাধক সামর্থ্যের সহিত **সঞ্চতি** এবং সামগুন্যে সংহত এবং যুক্ত কৰে , জীনেৰ বুদ্ধিৰ উপৰ নিজেৰ ৰূপায়ণ বা মিখ্যা বস্তু সমূহকে সত্য সম্ভাবনা বা বাস্তবতা ক্রপে চালাইবাব ব্যাপারে সে অদ্বিতীয কুপে কর্মাক্ষ্য।

যখন কোন ৰান্তব পদার্থ লইয়া কাজ কবিতে দেওয়া হয় অথবা অভতঃ পাক্ষে ঐরূপ বস্তুকে তাহাব ক্রিয়াধারার ভিত্তিরূপে যখন সে গৃহণ করিতে পাবে অথবা যাহাব সম্বন্ধে তাহাব জ্ঞান লাভ হইয়াছে এইরূপ কোন বিপুশক্তিকে লইয়া নাড়াচাড়া করে, তখনই মন দৃঢ় বিপুাস লইয়া ভালভাবে কাজ করিতে পাবে; যখন বাস্তব লইয়া তাহাব কাববাব তখনই নিশ্চিত এবং নিশ্চিন্তভাবে পদক্ষেপ কবিতে পারে; বাস্তবকে আবিষ্কৃত এবং মর্ত্ত কবিবাব এবং তথা হইতে নূতন স্পষ্টিব কাজে অগ্রসর হইবার এই বিধি পালনই জড় বিজ্ঞানের বিপুল সিদ্ধির কাবণ। কিন্তু স্পষ্টতই এখানে বিপুলাভির সম্বন্ধে বেমন বলা হয

#### **বিশ্বভান্তি**

তেমন কোন জম স্বাষ্ট্ট করা হয়না, মহাশূন্যে অসৎ পদার্থকে সৃষ্টি করিয়া তাহাকে আপাত বান্তব বলিয়া চালাইয়া দেওয়া হয়না। কাবণ মনের স্টি, বস্তু হইতে যাহ। সম্ভব তাহারই স্বষ্টি ; প্রকৃতির শক্তির যেটুকু যেভাবে প্রকাশ করা তাহার পক্ষে সম্ভব তাহা লইয়াই চলে মনের ক্রিয়া ; প্রকৃতির মধ্যে সত্য এবং সম্ভাবনা রূপে যাহা পূর্ব্ব হইতেই বর্ত্তমান আছে কেবল তাহাই সে আবিষ্কার করিতে পারে। অন্যদিকে নিজের অন্তশ্চেতনা অখবা উদ্ধ ভূমি হইতে মন স্বাষ্টির প্রেরণা পায় ; কিন্তু যদি তাহারা সত্য অথবা ভব্য বা ভাবি সম্ভাবনান্ধপে বর্ত্তমান থাকে তবেই সে প্রেরণা রূপ নেয়, মনের যে আবিষ্কার করিবার অধিকার আছে তাহাব জন্যই নহে, কারণ যাহা সত্য বা ভব্য নয় মন যদি তেমন কিছু গড়িয়া তুলিতে চায় তবে তাহাতে সফলকাম হয়না, তাহা প্রকৃতির মধ্যে বাস্তবে পরিণত হয়না। অন্য পক্ষে নায়া সত্যবস্তুর ভিত্তির উপর গড়িলেও সে ভিত্তিকে আশ্রয় করিয়া উপরে যে সৌধ নির্ম্মাণ করে তাহার সহিত সত্যের কোন সম্বন্ধ নাই, তাহা সত্যও নয় ভব্যও নয় : যদি সে সত্যবস্তু হইতে কিছু উপাদান গ্রহণও করে তবে সে উপাদান হইতে যাহা গড়িয়া তোলে, তাহা সে সত্যের পক্ষে সম্ভব নয় বা তাহার অনুগত বা অনুরূপ নয়, কারণ ব্রদ্ধকে ধরিয়া নেওয়া হয় অরূপ এবং রূপ গ্রহণের শক্তিশন্য অথচ মায়া স্মষ্টিকরে রূপ, ধরিয়া নেওয়া হয় যে সত্যবস্তু একান্তই নিবিবশেষ অথচ মায়া বছ বিশেষই স্থাষ্ট করে।

কিন্তু আমাদের মনের একটা বৃত্তি আছে, কলপনা শক্তি; এ বৃত্তি স্বষ্টিসমর্থ, নিজের মানসিক উপাদান দিয়া গড়া বস্তকে সে সত্য এবং বাস্তব বলিয়া
গ্রহণ করিতে পারে; ইহা মনে করা যাইতে পারে যে ইহা মায়ার ক্রিয়ার
অনুরূপ কিছু। কিন্তু আমাদের মনোময়ী কলপনা অবিদ্যার একটা যন্ত্র; জ্ঞানের
সামর্থ্য এবং কর্ম্মের ফলপুসূ শক্তি যেখানে সীমাবদ্ধ সেখানে একটা কৌশল
বা আশুয়রূপে ইহাকে গ্রহণ করা হয়। কলপনাশক্তি দিয়া মন তাহার জ্ঞান
ও শক্তির দৈন্যকে পূরণ করে; এই বৃত্তি দিয়া মন যাহা স্পষ্ট এবং দৃশ্য তাহা
হইতে যাহা তাহার কাছে অস্পষ্ট এবং অদৃশ্য তাহা বাহিব করিতে চেটা করে;
সম্ভব ও অসম্ভবের মূত্তিসকল নিজের মত করিয়াই স্বাষ্টি করিবার প্রশ্নাস
পায়; ইহা শ্রমপূর্ণ বাস্তব স্বাষ্টি করে অথবা আশাজ করিয়া সত্যের এমন একটা
কৃত্রিম রূপ গড়ে বা ছবি নাঁকে, বাহা অনুভবের কাছে যাহা সত্য নয়। অস্ততঃ
পক্ষে তাহার ক্রিয়ার বাহ্যরূপ ইহাই মনে হয়; কিন্তু ইহা মনের একটা উপায়
বা বহু উপায়ের মধ্যে একটা উপায়, যাহা ঘারা সত্যার অনন্ত সপ্তাবনার মধ্য হইতে

25

#### **चिया जीवन वार्छ**!

কিছু সে ডাকিয়া আনে এমন কি অনন্তের মধ্য যাহা জ্বজানা সম্ভাবনা রূপে ছিল তাহাকে আবিষ্ণার বা আয়ম্ব করে। কিন্তু যেহেতু যে জ্ঞান তাহার আছে তাহা দারা সে ইহা করিতে পারেনা, তাই সত্য এবং সম্ভাবনা এবং যাহা এখনও ৰান্তৰ ৰূপে দিদ্ধ হইয়া উঠে নাই তাহাদিগকে লইয়া পরীক্ষামূলকভাবে এই বৃত্তি দিয়াই মন তাহাদের কল্পনাময় রূপ দেয়; প্রেরণা বা বোধিঘারা সত্য-লাভেব শক্তি তাহার শীমাবদ্ধ বলিয়া সে কলপনা করে, অনুমান করিয়া সত্য কি হইতে পারে তাহা বাহির কবিতে গিয়া অভ্যপগমকে (hypothesis) খাড়া করে—সত্য কি ইহা অথবা তাহা এরূপ নানা প্রশু করে; সত্য সম্ভাবনাকে আহ্বান কবিয়া আনিবার শক্তি তাহার সঙ্কীর্ণ ও বাধাযুক্ত বলিয়া ইহা সন্তাবনার রূপ নিজে গড়ে এবং আশা করে যে তাহা বাস্তব হইবে অথবা কামনা করে যে তাহ। বাস্তব হউক ; তাহাব রূপায়ণের শক্তি জড় জগতের প্রতিক্লতার দ্বাব। সন্ধৃচিত ও আড়ষ্ট বলিয়া, তাহার স্ফাষ্টর ইচ্ছা এবং আত্মপ্রদর্শনের আনন্দকে তৃপ্তি দিবার জন্য বাস্তবের মন গড়া মূর্ত্তি আনিয়া সে হাজিন করে। কিন্তু একথা মনে রাখিতে হইবে যে কল্পনার সাহায্যে সে সত্যেব একটা প্রতিমৃত্তি দেখিতে পায়, এমন বহু সম্ভাবনাকে আহ্বান করিয়া আনে যাহা পরে লব্ধ বা সিদ্ধ হয়, অনেক সময় তাহার কল্পনা জগতের বাস্তব সমূহেব উপর ফলপ্রস্ চাপ সময চরিতার্থতায় পর্যাবসিত হয় যেমন মানুষের আকাশপথে লমণেব কলপনা; ব্যক্তিমনেব কল্পনায় গড়া রূপও অনেক সময় বাস্তব হইয়া উঠে যদি সে রূপের বা সে রূপস্রষ্টা মনেব যথাযোগ্য শক্তি থাকে। কল্পনা তাহার নিজের সম্ভাবনা সকলকেও গড়িতে পারে বিশেষতঃ যদি সমষ্টিমনে তাহার সমর্থন পাকে এবং পরিণামে একদিন তাহা বিবাট ইচ্ছাময় পুরুষের অনুমোদন আকর্ষণ করিয়া আনিয়া নিজের উপর ফেলিতে পারে। বস্তুতঃ সকল কল্পনাতে সম্ভাবনা স্কলই প্রকাশ হয়: তাহাদের মধ্যে কোন কোনটা একদিন কোনও বিশেষ-ভাবে বাস্তব হইয়া উঠে যদিও সে বাস্তবতার রূপ অন্যবিধ হইতে পারে : কিন্ত তদপেক্ষা অধিক সংখ্যক কলপনা হয় বন্ধ্যা, কারণ তাহারা বর্ত্তমান স্বষ্টির নকুসা বা ক্রিয়াধারার সঙ্গে মিলেনা; অথবা হয়ত যাহার মনে তাহারা উঠে তাহার জন্য নিরূপিত সম্ভাবনার মধ্যে পড়েনা, অথবা হয়ত তাহারা জাতিগত বা সমষ্টিগত তবের সহিত অসমঞ্জস অথবা উপস্থিত জগৎভাবের প্রকৃতি বা পরিণামের সহিত তাহাদের সঞ্চতি নাই।

#### <u>১ বিশ্বভারি</u>

তাহা হইলে প্রকৃতপক্ষে মনের কলপনা পূর্ণরূপে এবং মৌলিকভাবে বিভ্রম নহে ; বাস্তবের অভিজ্ঞতাই তাহার ভিত্তি অস্ততঃ তাহাই তাহার সূচনা, তাহা বাস্তবতারই রকমফের অথবা অনন্তের মধ্যে যাহারা 'হইতে পারে'' ব৷ ''হইতে পারিত'' রূপে আছে কল্পনা তাহাদেবই মৃত্তি দেয় ; অন্য সত্যের যদি প্রকাশ হইত, যে সমস্ত অব্যক্ত শক্তি বর্ত্তমান জগতের বিধিব্যবস্থা গড়িয়া তলিতেছে তাহাদের ব্যহ যদি অন্যভাবে রচিত হইত, যে সমস্ত সম্ভাবনা বর্ত্তমান জগদ্ব্যবস্থায় স্বীকৃত হইয়াছে তাহা ছাড়া নূতন কোন সম্ভাবনার শক্তি যদি আদিয়া পড়িত, তাহা হইলে কি হইত তাহাবই রূপ যেন আমরা কলপনায় পাই। তাহা ছাড়া, জড়জগতের বাস্তবতার বাহিরে যে সমস্ত জগৎ আছে তাহাদেব রূপ বা শক্তি এই কল্পনা বৃত্তির মধ্য দিয়া আমাদের মনোময় সন্তার স্হিত যোগস্থাপন করে। এমন কি কল্পনা যখন সীমাতিক্রম করে অথবা যখন ভ্রম বা বিভ্রমের আকার ধাবণ করে তখনও বাস্তব বা সম্ভাবনাই হয় তাহার ভিত্তি। মন কল্পনা খারা মৎস্যনারীর (marmaid) রূপ স্থাষ্ট করিয়াছে, কিন্তু এখানে দুই বাস্তবতাকে এমনভাবে একত্রে জোড়া হইয়াছে যাহাতে, পুথিবীর সাধাবণ অবস্থায় যাহার কোন স্থান নাই এমন এক স্বষ্টিছাড়া মূর্ত্তি দেখা দিয়াছে। এইরূপে কল্পনা দেবদৃত (angels), শ্যেন সিংহ (griffin— প্রাচীন উপক্থার বর্ণিত দৈত্যবিশেষ, ইহার পক্ষ ও মন্তক ঈগল পক্ষী সদৃশ এবং দেহ সিংহের মত ) কাইমেরা (Chimera - গ্রীক পুরাণের বিকটাকার অপুৰ বিশেষ ইহার মন্তক সিংহের, লাঙ্গুল সর্পের এবং দেহ ছাগেব মত) প্রভৃতি স্ষষ্টি করিয়াছে। কখনও বা কল্পনার মধ্যে থাকে অতীতের কোন বাস্তব মৃতির ন্দৃতি যেমন গ্রীক পুরাণোক্ত ড্রাগনে (dragon—সপক্ষ, সনথর সর্পবিশেষ); কখনও কখনও চেতনার অন্য কোন ভূমিতে অস্তিম্বের অন্য কোন অবস্থায় যাহা সত্য বা সম্ভব কলপনায় তাহাব রূপ ফুটিয়া উঠে। এমন কি পাগলের বান্তিদর্শনের মধ্যেও বাস্তবতা আছে, তবে বাস্তবতা সেখানে শীমাকে অতিক্রম করিয়াছে বা যে বাস্তবতা যেখানে খাটেনা তাহাকে সেখানে লাগান হইয়াছে, যেমন রাজা এবং ইংলণ্ড এই দুই বাস্তবভাব নিজের মধ্যে জুড়িয়া কোন পাগল कन्পनाम मत्न करत य रम देश्नए छत्र ताष्ट्रा । वातात वामता यथन मानिमक বান্তির মূলানুসন্ধান করিতে যাই তখন দেখিতে পাই যে তাং। সাধারণতঃ অনুভব ও জ্ঞানের উপাদান সমূহের অযথাভাবে মিলন, অযথারূপে স্থাপন, অযথা ব্যবহার, অযথোচিত বোধ ও অযথোচিত প্রয়োগ ছাড়া আর কিছু নয়। সত্যতর

### দিব্য জীবন বাৰ্ডা

চেতনার সম্ভাবনাকে যে বোধিছারা জানা যায় জামাদের এই নিমুতর চেতনায় কল্পনা তাহার পুকৃতি অনুসারে সেই বোধিরই অনুকর বা প্রতিনিধি; মন যে পরিমাণ উর্দ্ধ স্থিত সত্যচেতনার দিকে উঠিয়া যাইতে থাকে, মনের এই প্রাকৃত কলপনা সেই পরিমাণে সত্যকলপনার আকার গ্রহণ করিতে থাকে, তাহা তখন যে জ্ঞান পুৰ্বেই লব্ধ এবং প্ৰণালীবন্ধ হইয়াছে তাহার সীমাবন্ধ পর্য্যাপ্তি বা অপর্য্যাপ্তির মধ্যে উচ্চতর জ্ঞানের আলোক ও বর্ণচ্ছটা ঢালিতে থাকে, এবং অবশেষে দিব্য রূপান্তর আনয়নকারী আলোকের মধ্যে সে নিজেকে উচ্চতর সত্যের শক্তির কাছে সঁপিয়া দেয় বা নিজেই বোধি বা প্রেরণা রূপে রূপান্তরিড হইয়া যায়; এই উদ্ধায়নের ফলে মন নিজে বিভ্রম স্বাষ্টি করিতে অথবা ভুল লইমা কারবার করিতে বিরত হইমা পড়ে। অতএব মন অসৎ বা শূনো কলিপত অনের প্রধান স্মষ্টিকর্ত্তা নয়; ইহা অবিদ্যা কিন্ত জ্ঞানকে খোঁজে; তাহার মধ্যে যে শ্রম দেখা দেয় তাহার সূচনাতে কোন না কোন ভিত্তি আছে, তাহার। সীমিত জ্ঞান অপবা অর্দ্ধ অবিদ্যার পরিণাম। মন বিশুগত অবিদ্যার ষম্ব বটে কিন্তু তাহাকে বিশু-ম্রান্তির শক্তি বা যন্ত্র বলিয়া মনে হয় না অথবা সেরূপ ভাবের কাজও ইহা করে না। ইহা সত্য, সম্ভাবনা এবং বাস্তবতার অনুেমক, আবিষ্কারক, সুষ্টা অথবা ভাবীসুষ্টা এবং ইহা মনে করাই যুক্তিযুক্ত যে, যে আদি চৈতন্য এবং শক্তির সে গৌণ বিভূতি তাহাও সত্য, সম্ভাবনা এবং বাস্তবতার স্রষ্টা হইবে, তবে তাহা মনের মত সীমাবদ্ধ নয়, তাহা বিশুময় প্রসারিত, সকর প্রকার অবিদ্যা হইতে মুক্ত বলিয়া তাহাতে ভুল বা লান্তির সম্ভাবনা নাই ; যে পরম চৈতন্য বা শক্তি সর্বেজ্ঞ এবং সর্বেশক্তিমান, এক শাশুত প্রজ্ঞা ও জ্ঞান, ইহা তাহার পরম যন্ত্র বা আত্মশক্তি।

তাহা হইলে দেখিতেছি যে আমাদের সন্মুখে দুইটি সম্ভাবনা উপস্থিত হইয়াছে। তাহার একটি এই :—মানুষের এবং পশুর মনকে যন্ত্র অথবা বাহন করিয়া এক আদি চৈতন্য এবং "জি লম এবং অবাস্তবের স্পষ্ট করিতেছে, স্থতরাং বৈচিত্রাময় পরিদৃশ্যমান এই বিশু মিথ্যা মায়ার ছলনা মাত্র, সত্য শুধু কোন অনির্দেশ্য এবং অনির্দেশ্য এক নির্দিশেষ চরম তত্ব। তুলাবল আর একটা সম্ভাবনা এই :—পরাৎপর বা বিশান্ত্রক অনাদি এক সত্য চেতনা বাহুব বিশ্বই স্পষ্ট করিয়াছে, সেই বিশ্বে মন রূপে এক অপূর্ণ চেতনা ক্রিয়াশীল রহিয়াছে, সে মনে অজ্ঞানতা আছে, সে অংশত জানে অংশত জানে না, সে চেতনা অবিদ্যা এবং সীমিত জ্ঞানের জন্য তুল করে এবং তুল দেখায়; যাহা সে জানে

### **১ বিশ্বভারি**

তাহা হইতে যাত্রা করিয়া ভুল করিয়া বা ৰাজভাবে চালিত হইয়া পরিণামের পথে অগ্রসর হয়, অজানাকে জানিবার জন্য অন্ধের মত অনিশ্চিতভাবে হাত-ভাইয়া বেড়ায়, সে যাহা স্বাষ্টী বা গঠন করিতে চায় তাহা কেবল অংশত: সফল হয় : সত্য ও ভ্রম, জ্ঞান ও নিশ্চেতনার মধ্য পথে সে সর্বেদা অবস্থিত। কিন্ত বস্তুত:মনের এই অবিদ্যা যতই হোঁচট খাইয়া চলুক না কেন জ্ঞানকে অবলম্বন করিয়া জ্ঞানের দিকেই অগ্রসর হইতেছে ; এই সীমাকে অতিক্রম বা এই মিগ্রণকে দ্ব করিবার শক্তি মনের স্বভাবধর্ম্মে নিহিত আছে, এবং তাহার ফলে সে ঋত-চিতে, মূল জ্ঞানের শক্তিতে পরিবাত্তিত হইয়া **যাইতে পারে**। সত্যানুসন্ধান আমাদিগকে এই দিতীয় মতবাদের দিকেই লইযা গিয়াছে; সেই অনুসন্ধানই আমাদিগকে দেখাইয়াছে যে আমাদের চেতনার প্রকৃতি এমন নয়, যাহাতে বিশ্বভ্রান্তি দিয়াই সমস্যার সমাধান করিতে হইবে এ সিদ্ধান্ত সমর্থিত হয়। গমস্য। আছে বটে, তাহা হইল এই যে আত্মা এবং বিষয়ের সঙ্গে আমাদের পরি-চনের মধ্যে বিদ্যা ও অবিদ্যার মিশ্রণ আছে ; এই অপূর্ণতার কারণ আমাদিগকে আবিষ্কার করিতে হইবে। তাহার জন্য শাশুত সত্যের মধ্যে সর্বেদা যাহা রুস্যুপূর্ণ দুর্বেবাধ্যভাবে বর্ত্তমান ব্রমের তেমন এক আদি শক্তিকে টানিয়া আনিবার অথবা যে চেতনা বা অতিচেতনা সদা শুদ্ধ, নিত্য এবং নিবিবশেষ তাহার মধ্যে অন্তিছহীন এক রূপের জগৎ টানিয়া আনা অথবা তাহার উপর তাহা আরোপের কোন প্রয়োজন নাই।

# ৬ষ্ঠ অধ্যাই সম্বন্ধ এবং বিশ্বভাস্থি

ব্ৰহ্ম সত্য জগৎ মিথ্যা।

বিবেক চূড়ামণি ( ২٠ )

মারার যিনি অধীধর—তিনিই এই বিধ স্থাষ্ট করেন তাঁহার মারার ধারা, ভাঁহারি মধ্যে নিরুদ্ধ আছে আর একজন। ভাঁহার মারাকে প্রকৃতি বণিয়া এবং মারার অধীধরকে মংহধর বলিয়া জানিবে।

বেতাম্বতর উপনিষদ (৪: ৯, ১০)

পুরুষই এই সৰ যাহা কিছু আছে, যাহা কিছু হইরাছে বা যাহা কিছু হইবে; অমৃতত্ত্বও তিনি প্রস্তু — যাহা অর বারা বন্ধিত হয় তাহাও তিনি।

বেজায়কর উপনিষদ্ ( ॰। ১৫ ) গীতা ( ৭। ১৯ )

বাস্থদেক্ট সব

এতক্ষণ ধরিয়া যে আলোচনা চলিয়াছে তাহাতে আমাদের অনুসন্ধানের ক্ষেত্রের সন্ম্বভাগেব এক অংশ মাত্র পরিকৃত কর৷ হইয়াছে, পশ্চাদ্ধিকে সমস্যাটা পূর্ণই রহিয়া গিয়াছে, তাহার সমাধান হয় নাই। সমস্যাটা এই— য়ে মূল চৈতন্য বা শক্তি বিশ্বস্থাটি করিয়াছে, অথবা কলপনা খারা গড়িয়াছে অথবা প্রকাশ কবিয়াছে তাহার প্রকৃতি কি? তাহাব সঙ্গে জগৎজ্ঞানের সম্বন্ধ অর্থাৎ এই বিশু কি ভ্রান্তির এক প্রমাশক্তি ছারা আমাদের মনের উপর আরোপিত একটা মিখ্যা চেতনা ১ অখবা তাহা কি বিশ্ব সন্তার এক সত্য যাহার অনুভব আমরা আজিও অবিদ্যাচছনু কিন্তু প্রগতিশীন জ্ঞান বারাই করি ? আসল প্রশু শুধু মনের অথবা মন হইতে জাত বিশুস্বপু বা বিশুবিভ্রমের সম্বন্ধে নয়, কিন্তু সত্যবস্তুর স্বন্ধপ বা প্রকৃতি কি, তাহাব মধ্যে যে স্বাষ্টি ক্রিয়া চলিতেছে বা যাহা আরোপিত হইয়াছে তাহার কোন প্রামা-ণিকতা বা বান্তবতা আছে কিনা ? তাহার বা আমাদের চৈতন্যের মধ্যে অথবা তাহার বা আমাদের দৃষ্টিপথে সত্যবস্ত কিছু আছে কিনা ? সন্তার সত্য সম্বন্ধে আমরা যাহ। বলিয়াছি তাহাব উত্তরে ব্রমবাদী বলিবেন যে সে সমস্তই বিশ্ব-শ্রান্তির সীমার মধ্যেই সত্য বা প্রামাণিক হইতে পারে; এসমস্ত ব্যবস্থা যে মায়। অবিদ্যার মধ্যে ক্রিয়া করে এবং অবিদ্যার মধ্যে নিজেকে বজায় রাখে তাহারই ব্যবহারিক যম্ভ; কিন্তু বিশ্বব্যবস্থার মধ্যে যে সত্য যে সম্ভাবনা বা যে

## সাৰ্ভন্ত এবং বিশ্বজ্ৰান্তি

বাস্তবতা আছে তাহা ৰমের মধ্যে সত্য এবং বাস্তব, তাহার ইক্রজানের গণ্ডির বাহিরে তাহাদের কোন প্রামাণিকতা বা বাস্তবতা নাই ; তাহারা ধ্রুব ও শাশুত স্ত্য নয় : বিশ্বে সবই ক্ষণস্থায়ী তা সে বিদ্যার খেলাই হউক অবিদ্যার খেলাই হউক। ইহা বলা যাইতে পারে যে জ্ঞান মায়ার লমের একটা প্রয়োজনীয় গাধন-যন্ত্র, ইহার সাহায্যে মায়া নিজের নিকট হইতে মুক্তি পাইতে পারে এবং মনের মধ্যে নিজেকে বিলয় করিয়া দিতে পারে: আধ্যান্ত্রিক জ্ঞান একটি অপরিহার্য্য বস্তু : কিন্তু একমাত্র খাঁটি বা শাশুত সত্য হইল বিদ্যা এবং অবিদ্যার সকল মন্দের পরপারস্থিত এক পরম আন্ধা বা সর্ব্বসম্বন্ধরহিত নিত্য শুদ্ধ নির্নিব-শেষ সদু বস্তু। এ জগতে সকলই নির্ভর করে মনের ধারণার বা সংস্কার এবং মনোময় সন্তার সভ্যবস্তকে অনুভব করিবার ধারার উপর , কেননা, তথ্যসমূহ বা জাগতিক ব্যাপাব, ব্যক্তিচেতনার অভিজ্ঞতা, বিশ্বাতীত প্রমসভার উপনব্ধি প্রভৃতি অন্য হিসাবে এক হইলেও মনের অনুভূতি এবং সত্য সম্বন্ধে ধারণার ভঙ্গীর দ্বারাই তাহাদের তাৎপর্য্য নির্ণীত হয়। সমস্ত মানস জ্ঞান নির্ভর করে তিনটি উপাদানের উপর ; যে অনুভব করে বা জ্ঞাতা, যাহা অনুভূত হয় বা জ্ঞান, অথবা যে পদার্থ অনুভূত হয় বা জ্ঞেয়। ইহাদের সকলের অখবা ইহাদের যে কোনটির বাস্তব অস্তিম স্বীকাব এবং অস্বীকার দুইই করা যাইতে পারে, প্রশু এই যে ইহাদের মধ্যে কোনটাই কি সত্য নহে ? যদি সত্য হয় তবে কোনুটা সত্য এবং কিভাবে এবং কতগানি সত্য 

। যদি এ তিনটিই নিপুলান্তির যন্ত্র বলিয়া মিথ্যা বিবেচিত হয়, তাহার পরে আরও প্রশু উঠে তাহাদের বাহিরে কি কোন সত্য বস্তু আছে ? যদি থাকে তবে সেই সত্যের সজে ভ্রমের সম্বন্ধ কি ১

অনুভবকারী বা ব্যাষ্ট জ্ঞাতা এবং জ্ঞানের বাস্তবতাকে অস্বীকার করিয়া অথবা তাহাদিগকে নূদতর সত্য মনে কবিয়া একমাত্র জ্ঞেয় বা দৃশ্য জগৎকে সত্য বলিয়া মনে করা সম্ভব। একমতে জড়কে একমাত্র সত্য পদার্থ বলিয়া মনে করা হয়, সে মতে চৈতন্য জড়ের আধারে জড়শক্তির ক্রিয়া নাত্র,—মন্তিক্ষকোমে কম্পন বা তাহা হইতে কিছু ক্ষরণ, বস্তব্য স্থূল প্রতিবিশ্ব গ্রহণ এবং মস্তিকের প্রতিম্পদন, জড়ের অভিবাতে জড়ের প্রতিক্রিয়া বা প্রতিক্ষেপ। এই উক্তির দৃঢ়তা কতকটা শিখিল করিয়া অন্যভাবে টৈ তন্যের উদ্ভব হইতে পারে ইহা স্বীকার করিলেও বলা হয় যে চৈতন্য অন্য বস্ত হইতে জাত একটা ক্রপন্থায়ী ব্যাপার, শাশুত সত্য নহে। ব্যক্তিরূপী জ্ঞাতা দেহ এবং মস্তিক

### **पिया कोयन याखी**

দিয়া গড়া একটি যন্ত্রমাত্র, তাহাতে যান্ত্রিক প্রতিক্রিয়া হইতে পারে, সেই প্রতি-ক্রিয়ারই একটি সাধারণ সংজ্ঞা দিয়া তাহাকে আমরা চৈতন্য বলি : ব্যক্তিসন্তার ঙ্ধ একটা আপেক্ষিক মূল্য আছে তাহা ঙধু সাময়িক হিসাবে সত্য। জড় যদি নিজে অবাস্তব এবং অন্যবস্ত হইতে জাত পদার্থ হয়, এবং তাহা যদি শক্তিরই কোন ব্যাপার বা প্রতিভাগ মাত্র হয়—এবং ইহাই সম্ভব বলিয়া বর্ত্ত-মানে মনে হইতেছে—তাহা হইলে শক্তিই একমাত্র সত্যপদার্থ হইয়া দাঁড়ায়, জ্ঞাতা, তাহার জ্ঞান এবং জ্ঞেয় পদার্থ সকলই শক্তিরই খেলা ছাড়া আর কিছু নয়। কিন্ত শুধু শক্তি আছে তাহার অধীশুর কোন শক্তিমান বা সত্তা নাই অথবা এমন কোন চৈতন্য নাই যাহা শক্তি সরববাহ করিতেছে, শক্তি আদিতে মহা-শ্ন্যের মধ্যে ক্রিয়া করিয়াছে—কারণ যে জড়ের ক্ষেত্রে আমরা তাহার ক্রিয়া দেখিতেছি তাহাও শক্তি হইতে জাত স্নতরাং তাহা শক্তির আশ্রুয় হইতে পারে না —এ সমস্ত কথা মন দিয়া গড়া এবং অসত্য বলিয়াই মনে হয় ; অথবা শক্তি হইয়া দাঁড়ায় একটা আকস্মিক ক্ষণস্থায়ী গতি বা স্পন্দনের প্রাদুর্ভাব, যাহার কোন ব্যাখ্যা নাই এবং যাহা যে কোন মুহূর্ত্তে ব্যাপার বা প্রতিভাগ ষটাইতে বিরত হইতে পারে; তখন অনন্তের মহাশুন্যতাই একমাত্র ধ্রুব সত্য হইয়া পড়ে। জ্ঞাতা, জ্ঞান এবং জ্ঞেয় কর্ম্মজাত, এক বিশুগত কর্ম্ম-পদ্ধতি হইতে তাহারা আসিয়াছে এই বৌদ্ধমত স্বাভাবিক ভাবে এইরূপ সিদ্ধা-ন্তেই পৌঁছে, কেন না তাহারই যুক্তিযুক্ত পরিণাম এইরূপ অসংবাদ বা শৃন্যবাদ। ইহাও সম্ভব হইতে পারে যে যাহা ক্রিয়া করিতেছে তাহা শক্তি নয়, চৈতন্য ; যেমন সুক্ষ্মভাবে দেখিলে জড় শক্তিতে পরিণত হয়, যাহা আমর৷ বস্তুস্বরূপে দেখিনা, কিন্তু কার্য্য ও ফলম্বারা অনুমান করি, তদ্রুপ শক্তিও যে চৈতন্যের ক্রিয়াতে পরিণত বা পর্য্যবিগিত হইতে পারে তাহাও আমরা স্বরূপতঃ ধরিতে পারিনা, কিন্ত ফল এবং কার্য্যদারা অনুমান করিতে পারি। কিন্ত যদি ইহা ধরিয়া লওয়া হয় যে এই চেতনাও অনুরূপভাবে শুন্যের মধ্যে ক্রিয়া করে, তাহ। হইলে আমরা পূর্বেরই সিদ্ধান্তে আবার উপস্থিত হই যে এ চৈতন্য অচিরস্থায়ী প্রাতিভাসিক বিভ্রমই ভধু স্টি করে এবং ইহা নিজেও এক শ্রম : এক অনন্ত শুন্য এক আদি অসৎই কেবল ধ্রুব সত্য। কিন্তু এই সমস্ত সিদ্ধান্ত আমর। স্বীকার করিতে বাধ্য নই, কারণ কার্য্যানুমেয় এই চৈতন্যের পশ্চাতে এক অদৃশ্য অনাদি সংস্করপের অধিষ্ঠান থাকিতে পারে; তাহারি এক চিৎ শক্তিও তাহ। হইলে সত্য হইতে পারে : তাহার বিস্ফটিও সত্য হইতে পারে : আদিতে

## স্থান্ত এবং বিশ্বভাষ্টি

ইন্দ্রিয় যাহা ধরিতে পারেনা, এইরূপ অণুপ্রমাণ বস্তু হারাই হইবে সে বিস্ফার্টির আরম্ভ কিন্তু শক্তির ক্রিয়াধারার এক বিশেষ পর্বের তাহা ইন্দ্রিয়গোচর জড়রূপে দেখা দিতে পারে; এইভাবে জড়ের রূপায়ণ যেমন সত্য তেমনি ভাবে জড় জগতের মধ্যে আবার সেই আদি সংস্বরূপের সচেতন বিগ্রহরূপে ব্যাষ্টিজীবের উন্দেষ ও বিকাশ হওয়াও সম্পূর্ণ স্বাভাবিক। এই মূল সত্য বা তব হইতে পারে বিশ্ববিগ্রহ বা বিশ্বগত এক অধ্যাদ্বসভা; অথবা তাহার অন্য প্রকার স্থিতি বা বিভাবও থাকিতে পাবে; কিন্তু তাহার স্বরূপ যাহাই হউক তাহার স্বষ্ট বিশ্ব লম বা কেবল প্রতিভাস হইবেনা সত্য বিশ্বই হইবে।

পুচলিত মায়াবাদে অহিতীয় পরাৎপর এক চিন্ময় সহস্ত একমাত্র সত্য; ইহা স্বরূপতঃ আন্ধা; তথাপি যে প্রাকৃত জীবসমূহের তাহা আন্ধা, তাহারা কণস্বায়ী প্রতিভাস মাত্র; নির্ব্বিশেষরূপে ইহাই সর্ব্বপদার্ধের আধার বা আশুর কিন্তু সেই আশুরের উপরে যে বিশু গঠিত হইয়া উঠিয়াছে হয় তাহা এমন বস্তু যাহার কোন অন্তিম্ব নাই, অথবা তাহা একটা আভাস মাত্র অথবা কোন ভাবে তাহা অবাস্তব সৎ বা সদসৎ (অর্ধাৎ যাহা আছেও বটে নাইও বটে); মোটের উপর ইহা একটা বিশ্বগত ল্রান্তি। কারণ সত্য বস্তু এক এবং অন্বিতীয়, শাশুত নির্ব্বিকার এবং অপরিবর্ত্তনীয়, একমাত্র তাহানই অস্তিম্ব আছে, তাহা ছাড়া অন্য কিছু নাই, তাহার সন্তার কোন সত্য সন্তুতি (becoming) নাই; তাহা শাশুত কালের জন্য নাম, রূপ, ক্রিয়া, সমন্ধ এবং বিশেঘর বজিত; যদি ভাহার কোন চেতনা থাকে তাহা শুশু তাহার নির্ব্বিশেঘ সত্তার শুদ্ধ টাহার কোন বহু হইতে পারেনা। কিন্তু এই সত্য বন্তুর সহিত লাভির সম্বন্ধ কি? কোন্ রহস্যের প্রভাবে এই অনির্ব্বিচনীয় মায়ার আলির্ভাব, কালের মধ্যে ইহা কি করিয়া আসিল বা কি করিয়া নিত্য অবস্থিতি লাভ কবিল?

একমাত্র ব্রন্ধই যথন সত্য তথন ব্রদ্ধেরই কোন চেতনা বা শক্তি সত্য স্থায়ী বা সত্যবন্ধর স্থায়ী হইতে পারে। কিন্তু যেহেতু এ মতে শুদ্ধ নির্বিশেষ অপরিবর্তনীয় সন্তা ছাড়া আর কোন সত্য বন্ধ নাই স্থতরাং ব্রদ্ধের প্রকৃত কোন স্কল-শক্তি থাকিতে পারে না। সত্য সন্তা, রূপ বা ঘটনার জ্ঞান যদি ব্রদ্ধ চৈতন্যে থাকে তবে বুঝিতে হয় সে সম্ভূতিও সত্য, বিশ্বের চিন্ময় ও জড়ময় রূপ এ উভয় সত্য; অথচ পরম সত্যের অনুভূতিতে এ জ্ঞান লোপ পায়, আবার ব্রদ্ধের অহিতীয় সদ্ভাবের সঙ্গে এ জ্ঞানের ন্যায়তঃ বিরোধ ঘটে। মায়ার বিস্ফের মধ্যে নাম রূপ ঘটনা বন্ধ প্রভৃতি যাহা কিছু উপস্থিত হয় তাহাকে সত্য বলিয়া

# पिया कौरन वार्षा

ষীকার করা অসন্তব, কারণ অথণ্ড সৎস্বরূপের অনির্ণেয় শুদ্ধ নির্বিশেষ ভাবের তাহারা বিরোধী, মায়া নিজেই সত্য নয়, ইহার কোন অন্তিম্ব নাই; সে স্বয়ংই বান্তি এবং অগণিত বান্তির জননী। কিন্তু তথাপি মায়ারূপ এই বান্তি এবং তাহার স্পষ্ট পদার্থের একপ্রকার অন্তিম্ব আছে স্মৃতরাং তাহারা এক প্রকারে সত্য; তাহা ছাড়া বিশ্ব তো শুন্যে অবস্থিত নয় তাহা দাঁড়াইয়া আছে কারণ তাহা বুদ্রে আরোপিত, এক ভাবে সেই অয়য় সত্যবস্থই তাহার ভিত্তি; মায়ার মধ্যে অবস্থিত আমরা নাম রূপ সম্বন্ধ ঘটনা সকলই বুদ্রে আরোপ করি, সব কিছুকে বুদ্র বলিয়া জানি, এই সমস্ত অসত্য বস্তুর মধ্য দিয়া সত্যকে দেখি। অতএব মায়ার মধ্যে একটা সত্য আছে; ইহা যুগপৎ সং ও অসৎ, আছে এবং নাই; অথবা বলা বাউক যে সত্যও নয় মিথ্যাও নয়; ইহা স্ববিরোধে কণ্টকিত আমাদের বুদ্ধির অতীত একটা প্রহেলিক।। কিন্তু কি সে রহস্য গ সে রহস্যেপ কি কোন সমাধান নাই গ বুদ্ধের সদ্ভাবের মধ্যে এই ব্রান্তি কিরূপে আসিয়া পড়িল গ যাহা যুগপৎ এইরূপ সং ও অসৎ সেই মায়ার প্রকৃতি কি গ

প্রথম দৃষ্টিতে বুদ্রই কোন না কোন ভাবে মায়ার জ্ঞাতা এ বোধ হইতে বাধ্য, কারণ বুদ্রই একমাত্র সত্য বস্তু, বুদ্র ছাড়া আর কে মায়ার জ্ঞাতা হইতে পারে ? অপর কোন জ্ঞাতার অস্তিম্বই যে নাই ; আমাদের মধ্যের যে জীব-চেতনাকে মায়ার আপাত সাক্ষী বলিয়া মনে হয় সে নিজে একটা প্রতিভাগ একটা অসৎ পদার্থ, মায়ারই একটা স্বষ্টি। কিন্তু বুদ্ধই যদি জ্ঞাতা হন, তাহ। হইলে মৃহর্ত্তের জন্যও ল্রম কি করিয়া খাকিতে পারে ? কারণ এজ্ঞাতার সত্যকার চৈতন্য ত তাহার আন্ধচেতনা, যাহাতে একমাত্র তাহার নিজের শুদ্ধ সংস্করূপের জ্ঞান ছাড়। অন্য কিছু নাই। বুদ্র নিজের সত্য চেতনায় যদি জগতের এবং বস্তুরাজির জ্ঞাতা হন, তবে তাহারাও হইয়া পড়ে বুদ্রম্বরূপ, অতএব সত্য। কিন্তু তাহারা শুদ্ধ সংস্বরূপ নহে, বডজোর তাহার রূপায়ণ, এবং অবিদ্যাময় প্রতিভাসের মধ্য দিয়াই তাহারা দৃষ্ট হয়, স্মৃতরাং জগৎ সত্য এই সিদ্ধান্ত গ্রহীত হইতে পারে না। তথাপি আপাত হইলেও আমাদিগকে জগংকে একটা ৰাস্তব ঘটন। বলিয়া স্বীকার করিতে হইবে, কিন্তু তাহা যাহা, তাহাতে তাহাকে সতা বলিয়া স্বীকার করাও যায় না অপচ মায়া এবং তাহার ক্রিয়াবলি বর্ত্তমান আছে এবং এ সমস্ত সত্য এই বোধ যতই মিথ্যা হউক না কেন আমাদের চেতনার উপর চাপিয়া বসিয়া আছে। অতএব ইহাকে স্বীকার করিয়া লইয়াই আমাদের সমস্যার বিচার ও সমাধান করিবার চেটা করিতে হইবে।

## সাই এবং বিশ্বজ্ঞান্তি

মায়া যদি কোনভাবে সত্য হয় তাহা হ'ইলে এই সিদ্ধান্ত আসিয়া পড়ে যে সত্যস্বরূপ ব্রদ্রাই সেইভাবে মায়ার জ্ঞাতা। মায়া তাহার ভেদদর্শনের শক্তি হইতে পারে, কারণ যে শক্তিতে মায়ার চেতনা অহয় চিন্ময় আত্মার সত্য চেতনা হইতে পথক মনে হয় তাহা ভেদভাব দেখিবার ও স্টাষ্ট করিবার শক্তি। অথবা এই ভেদ স্বাষ্টি করিবার শক্তিকে মায়াশক্তির স্বরূপ না বলিয়া যদি ভুগু তাহার পরিণাম বলিয়া দেখি, তাহা হইলে অন্ততঃপক্ষে বলিতে হয় যে মায়। ব্রদ্ধ-চৈতন্যেরই কোন শক্তি. কারণ কেবল এক চৈতন্যের পক্ষেই দেখা বা ভ্রম স্ফটি করা সম্ভব, এবং যাহা আদি বা যাহা হইতে কিচু জাত হইতে পারে এমন চৈতন্য ব্রদ্র ছাড়া আর কাহারও থাকিতে পারে না। কিন্তু যখন ব্রদ্রের আত্মজ্ঞান স্ব্বদাই বর্ত্তমান, তথন ব্রহ্মটেডন্যে দুইটি বিভাব কল্পনা করিতে হয় ; ভাহার একটি অখণ্ড সত্যবস্তুর অপরটি অবাস্তব বস্তুপুঞ্জের সম্বন্ধে সচেতনতা, এই শেষোক্ত চেতনার স্বষ্টিশীল প্রত্যয়ই, এ সমস্ত অসংবস্ত কোন প্রকারে আপাত বর্ত্তমান আছে এই বোধ জাগাইতেছে। এই সমস্ত অবাস্থব বস্তু সত্য বস্তুর কোন উপাদান দিয়া গঠিত হইতে পারে না, কেননা তাহা হইলে তাহারা সত্য হইয়া পডে। এই মতে উপনিষদে যে আছে 'এ জগৎ সংমূল, সৎ আয়তন এবং সংপ্রতিষ্ঠ' একথা মানা চলে না, বলা যায় না পরম সংস্বরূপ হইতে যে জগৎ জাত হইয়াছে তাহা নিত্য শাশুত সন্তারই সম্ভূতি বা পরিণাম। ব্রদ্ধ জগতের উপাদান কারণ নহেন ; আমাদের আশ্বার মত আমাদের প্রকৃতি চিন্ময় উপাদানে গঠিত নয়, অবাস্তব বস্তু যে মায়া তাহাই তাহার উপাদান; কিন্তু আমাদের আশ্বার উপাদান বুদ্র অথবা আশ্বা বস্তুতঃই বুদ্র; বুদ্র মায়ার উপরে অবস্থিত কিন্তু তিনিই আবার উপর হইতে এবং মায়ার মধ্য দিয়া তাঁহার নিজ স্ষ্টির দ্রষ্টা বা জ্ঞাতা। এক শাশুত সত্য জ্ঞাতা (ব্রন্ন ) এক অসত্য জ্ঞেয় (জগৎ) এবং একটা জ্ঞান যাহা অসত্য জ্ঞেয় পদার্থের অর্দ্ধ-সত্য সুষ্টা এই সমস্তকে লইয়া যে প্রহেলিকা দেখা দিয়াছে তাহার একমাত্র সঞ্চত সমাধানের চেষ্টারূপে ব্রদ্রের মধ্যে এই দুই চৈতন্য স্বীকার করিতে হয়।

ব্রুদ্ধে এই দুই ভাবের চৈতন্য বর্ত্তমান না থাকিয়া যদি মায়াই ব্রুদ্ধের একমাত্র সচেতন শক্তি হয় তাহা হইলে দুটি মতের একটিকে সত্য বলিয়া মানিতে হয় ; প্রথম মতটি এই যে ব্রুদ্ধের চেতনায় যে ক্রিয়ার ধারা থন্তর্মুখে রহিয়াছে সেই বিষয়ীগত ক্রিয়ার বা প্রত্যক্ বৃত্তির (Subjective action) শক্তিই মায়া শক্তি, যে শক্তি ব্রদ্ধের নিজ্ঞিয় অতিচেতনার নৈঃশবদ্য হইতে উন্মিষিত হইয়া অনুভবের

### पिया जीवन वार्ख

ধারা ধরিয়া চলে সে সমস্ত অনুভব বাস্তব কেননা ভাহা ব্রাম্নী চেডনারই অংশ কিন্ত আবার অবান্তব, কেননা তাহার। ব্রদ্রের সত্তার অংশ নয়। অন্য মতটি এই যে মায়া ব্রদ্ধের বিশ্বগত কল্পনাশক্তি। এ শক্তি তাহার শাশুত সন্তাম নিত্য বর্ত্তমান, এই শক্তিই শুন্য বা অসৎ হইতে নাম রূপ এবং ঘটনা স্বষ্টি করিতেছে। যে স্বষ্টি কোনমতেই সঁত্য নয়। এ ক্ষেত্রে মায়া সত্য কিন্তু তাহার স্বষ্টি সম্পূর্ণ মিধ্যা, নিছক কলপনা; কিন্তু কলপনাই বন্ধের একমাত্র ক্রিয়াশীল স্পষ্টিশক্তি ইহা কি আমরা বলিতে পারি ? অবিদ্যাচছনু অপূর্ণ পুরুষেরই কল্পনা প্রয়োজন আছে ; কারণ তাহার জ্ঞানের ন্যনতাকে পূর্ণ করিতে হয় কল্পনা, অনুমান বা আলাজ করিয়া ; কিন্তু একমাত্র সত্য বস্তুর একমাত্র চৈতন্যে এরূপ কর্পনার স্থান হইতে পারে না. কাবণ যিনি চিরশুদ্ধ এবং স্বয়ংপর্ণ তাঁহার কল্পনা দারা অসৎ বস্তু স্মন্তির প্রয়োজন থাকিতে পারে না। ব্রদ্ধ একমাত্র সদ্বস্তু পূর্ণস্বরূপ, চিরনিত্যানন্দময়, প্রকাশের অপেক্ষায় যাহার মধ্যে কিছুই বসিয়া নাই, যিনি কালাতীতভাবে পূর্ণ ; তাহ। হইলে কাহার প্রেরণাম বা কিসের তাগিদে তিনি নিখ্যা দেশকালের স্বাষ্টি করিয়া তাহার মধ্যে মিখ্যা রূপ মিখ্যা ঘটনার অন্তহীন সমারোহ প্রকাশ করিয়া চিরকাল ধরিয়া তাহা বজায় রাখিতে গেলেন, তাহা কিছুতেই বুঝা যায় না। এ সিদ্ধান্ত ন্যাযত টিকে না।

অপর মতে মায়াকে অন্তর্মুখী (Subjective) চেতনার ক্রিয়াশক্তি জাত অসত্য সত্য বস্তু (unreal reality) বলা হইয়াছিল; প্রাকৃত জগতে মন অন্তর্মুখী এবং বহির্মুখী অনুভবের (Subjective and Objective experiences) মধ্যে যে ভেদ দেখে তাহা হইতেই এ মতের উৎপত্তি হইয়াছে; কারণ মন বহির্মুখী চেতনাতে দৃষ্ট বিষয়কে অবিসম্বাদিতভাবে খাঁটি সত্য মনে করে। কিন্তু এ ভেদ ব্রদ্ধচৈতন্যে কিরপে থাকিবে? কেননা হয় সেখানে বিষয়ী ও বিষয় (Subject and Object) বলিয়া কিছু নাই অথবা ব্রদ্ধই একমাত্র সম্ভব বর বিষয়ী এবং ব্রদ্ধই একমাত্র বিষয় হাজা আর কিছুই ত নাই। যে জগৎ একমাত্র সত্তবস্তু হইতে অন্যবিধ এক মিধ্যা জগৎ—অথবা যাহা সত্যবস্তুকে বিকৃত করিয়া গঠিত করা হইয়াছে তাহা চেতনার এক প্রত্যকৃবৃত্তি বা বিষয়ীগত ক্রিয়া (Subjective action) হারা স্বাষ্ট হইয়াছে, এমন কথা বলিলে তাহাতে আমাদের প্রাকৃত মনেরই সংস্কার ব্রদ্ধের উপর আরোপিত করা হইয়াছে বলিয়াই মনে হয়; ইহাতে

### সাম এবং বিশ্বভান্তি

যাহ। ওদ্ধ এবং পূর্ণ সত্যবন্ধ তাহার উপর আমাদের নিজের অপূর্ণতা চাপানে। হইয়াছে, কিন্তু সে পরমসন্তার ধারণাতে খাঁটিভাবে এ আরোপ ত চলে না। আবার ব্রদ্রের সন্তা এবং চৈতন্যে যে ভেদ করা হইয়াছে তাহাও ত প্রামাণিক হইতে পারে না, ইহাতে স্বীকার করাই হয় যে ব্রদ্রের সত্তা এবং চৈতন্য দুইটি বিভিনু বন্ধ, চৈতন্য সত্তার শুদ্ধ অন্তিম্বের উপর নিজের অনুভব আরোপ করিতেছে বটে কিন্তু তাহাকে স্পর্ণ বা প্রভাবিত করিতে বা তাহাতে অনুপ্রবিষ্ট হইতে পারতেছে না। তাহা হইলে, অদিতীয় পরম স্বয়ম্ভ সন্তাই হউন অথবা মায়ার মধ্যস্থিত সদসৎ ব্যক্তিচেতনার আদ্বাই হউন, ব্রদ্ধাই তাঁহার সত্যচেতনা ছারা আরোপিত লমকে জানিবেন এবং লমকে লম বলিয়া বুঝিবেন; কেবল মায়া প্রকৃতির কোন শক্তি বা তাহার মধ্যস্থিত কোন কিছু নিজের আবি-**काর দার। নিজেই বিভাস্ত হইবে অথবা বন্ধতঃ বিভাস্ত না হইলেও আচরণে এবং** বোধে প্রকাশ পাইবে যেন বিভ্রান্ত হইয়াছে। এমনি একটা হৈতভাব আমাদের অবিদ্যাশ্রিত চেতনাতে দেখা দেয়, যখন সে নিজেকে প্রকৃতির কার্য্য হইতে পৃথক করিয়া নেয়, অন্তরস্থ আশ্বাকে একমাত্র সত্যবস্তু এবং বাকী সকলকে অনাদ্ধ এবং অসত্য বলিয়া জানে, অথচ তখনও বাহিরে তাহাকে এমনভাবে ক্রিয়া করিতে হয় যেন সেই সমস্ত বাকী পদার্থ সতা। কিন্তু এই াসদ্ধান্তে ব্রদ্রের শুদ্ধ সত্তা এবং শুদ্ধ চৈতন্য যে এক এবং অবিভাজ্য ইহা অস্বীকার করিতে হয় ; ইহার ধারা বুদ্রের সকল বৈশিষ্ট্যবঞ্জিত একম্বের নধ্যে একটা হৈত স্ফটি হয়, তাহারু ফলিতার্থ হয় সাংখ্যের মত পুরুষ ও প্রকৃতি এই দুই পৃথক তত্ত্বের স্বীকার। এ সমস্ত সমাধান তাহা হইলে গ্রহণথোগ্য নয় বলিয়া সরাইয়া রাখিতে হয়, নইলে সত্য বস্তু সম্বন্ধে আমাদের প্রথম মতকে পরিবর্তিত করিয়া বলিতে হয় তাহাতে চেতনার বহুভাবে থাকিবার শক্তি অথবা তাহার সন্ধার বহুণা স্থিতির সামর্থ্য আছে।

আবার এই দৈত চেতনাকে যদি আমরা স্বীকার করি তবু এই স্থূন জগতে অবস্থিত আমাদের মধ্যে যেমন বিদ্যা এবং অবিদ্যা এই দুই শক্তি আছে পরষ্ব সংস্বরূপের মধ্যেও তেমনিভাবে দুই চেতনা বা দুই শক্তি আছে তাহা ত বলা চলে না। কারণ ব্রহ্ম যে কোন পুকার মায়ার অধীন একথা আমরা বলিতে পারি না, কেননা তাহ। হইলে নিত্য শাশুত সন্তার আদ্বয়োন অবিদ্যার মেঘাবৃত হইতে পারে ইহাই স্বীকার করিতে হয়; ইহাতে শাশুত সন্তার উপর আমাদেরই সীমা ও সন্ধীর্ণতা আরোপ করা হয়। যাহা বিস্টে বা পরিণতির কোন বিশেষ

### দিবা জীবন বাৰ্ডা

পর্বের চৈতন্যের গৌণ ক্রিয়ার ফলম্বরূপ বিশ্বের দিব্য পরিকল্পনার এবং পরিণতিধারাব তাৎপর্য্যের একটা অঙ্গরূপে উপস্থিত হয় তেমন এক অবিদ্যা আছে ইহা বলা এক কথা, ইহা আমরা ধারণা করিতে পারি এবং তাহা যুক্তি-সঙ্গত বলিয়া মানিয়া লইতে পারি ; কিন্তু সত্যবন্তুর আদি ও শাশুত চেতনার মধ্যে একটা অর্থশূন্য অহেতুক অবিদ্যা বা ব্রম নিত্য বর্ত্তমান থাকা অন্য কথা. তাহা সহজে ধারণা বা স্বীকার করিতে পারা যায় না : ইহা ননগড়া একটা উৎকট কলপনা, ব্রদ্রেব সত্যম্বরূপের মধ্যে তাহার কোন প্রামাণিকতা থাকিবার সম্ভাবনা নাই। ইহা সত্য যে ব্দ্রের হৈত চেতনা কোন প্রকাণে অবিদ্যা হইতে পাবে না : কিন্তু তাঁহাৰ আত্মজ্ঞানেৰ সঙ্গে তিনি ইচ্ছা করিয়াই একটা মাযার জগৎ স্বাষ্ট্র কবিয়া তাহার চৈতন্যেব বহিঃপ্রকোর্চ্চে এমনভাবে স্থাপন कतियाकिन य युगे प्रेर जोशांक जाबुखान विदः समग्र क्रगेरज्त खान जाहि, স্মতনাং তাহার মধ্যে ত্রম নাই, বিশু যে সত্য এ জ্ঞান কখনও আসে নাই। ল্রম দেখা দিয়াছে শুধ মায়ার জগতে, আন্তা বা ব্রদ্র নিজে তথা হইতে পৃথক এবং তাহা দারা অস্পৃষ্ট থাকিয়া স্বাধীনভাবে মায়ার খেলা ভোগ করিতেছেন বা তাহাব সাক্ষীরূপে বর্ত্তমান আছেন, এ খেলা ভুধু মায়াঘাবা স্বষ্ট প্রাকৃত মনের উপর তাহার ঐক্রজালিক প্রভাব বিস্তার কবিতেছে। কিন্তু তাহা হইলে স্বীকার করিতে হয় যে, বৃদ্ধ তাহার শুদ্ধ নিব্বিশেষ সত্তায় সম্ভষ্ট থাকিতে পারেন না. তাঁহার স্ফাষ্ট কবিবাব এবং চিরকাল ধরিয়। নাম রূপ ও ঘটনাবলীব নাটকা-ভিনয়ে ব্যাপত থাকিবার প্রয়োজন আছে; অন্বিতীয় এক বলিয়া নিজেকে বহুরূপে দেখিতে, নিজে শান্তি আনন্দ এবং আন্মজান স্বরূপ বলিয়া জ্ঞান এবং অজ্ঞানের, আনন্দ এবং দু:খের, অসত্যসত্তা এবং অসত্য সত্তা হইতে মুক্তির মিশ্রিত অণ্ডব, বা তাহাদের প্রতিরূপ দর্শন করিতে তিনি চান। এ ক্লেত্রে বন্ধন হইতে মুক্তিব প্রযোজন ওধু অবিদা৷ কল্পিত ব্যক্তিসভার, শাশুত ব্রদ্রের मुक्तित भुरात्राक्रेन नारे, এमनिভাবে स्राप्त এरे नीनाठक जनस्कान भतिया जाव-ত্তিত হইয়া আসিতেছে। অথবা বদ্ধের পক্ষে এ সমস্তের কোন প্রয়োজন নাই, তাঁহার স্বষ্টি কবিবার ইচছা আছে অথবা এই সমস্ত বিরুদ্ধ ধর্মের মধ্যে একটা সংবেগ বা ক্রিয়াশীল হওয়ার একটা স্বতঃপুবুত্তি আছে; কিন্তু সত্য বস্তুকে যদি একমাত্র নিত্য শুদ্ধ সত্তা বলিয়া স্বীকার করি তবে প্রয়োজন, ইচছা, সংবেগ বা স্বতঃপ্রবৃত্তি এ সমস্তই সমানভাবে অসম্ভব হয় এবং ৰুদ্ধির অগোচর থাকিয়া যায়। এ একরকমের ব্যাখ্যা বটে, কিন্তু এ ব্যাখ্যায় স্বাসন রহস্যের

# স্থাৰ এবং বিশ্বভান্তি

মক্রিসঙ্গত এবং বৃদ্ধিগম্য কোন সমাধান পাওয়া যায় না ; কারণ শাশুত সন্তার এই ক্রিয়াশীল চৈতন্য তাহার নিশ্চল নিষ্ক্রিয় সন্তা ও স্বরূপ প্রকৃতির একান্ত নিশ্চয়ই স্বাষ্টি বা প্রকাশেব মূলে একটা ইচছা অথবা শক্তি আছে : কিন্তু তাহা কেবল সত্য বস্তুর সত্যসমূহেরই স্মষ্টির অথবা কালাতীত সত্তার ক্রিয়া-পদ্ধতি নিত্যকালের মধ্যে প্রকাশের জন্যই আছে, কেননা যাহা তাহার নিজন্ম ক্রপের বিবোধী তাহারই প্রকাশ অথবা অলীক বিশ্বে, যাহার অস্তিত্ব নাই এমন মিখ্যা বস্তুর স্টেই সত্যবস্তুর একমাত্র শক্তি—এ কথা বিশ্বাসযোগ্য মনে হয় না। তাহা হইলে এ পর্যান্ত জটিল সমস্যার কোন সন্তোদজনক সমাধান পাওয়া গেল না ; কিন্তু হয়ত আমরা ভুল কবিয়া, মূলতঃ অসত্য হইলেও, মায়া এবং তাহাব ক্রিয়াতে এক প্রকার একটা সত্যের আরোপ করিতেছি; খাঁটি সমাধান পাইতে হইলে সাহস করিয়া এ রহস্যের সন্মুখে দাঁড়াইতে হইবে এবং একান্ত অগৎ বলিযা এ সমস্তকে একেবারে উডাইয়া দিতে হইবে। এক শ্রেণীৰ মায়াবাদী এইরূপ পদ্মাই গ্রহণ করিয়াছেন, অথবা ইহার অনক্লে অনেক যক্তি দিয়াছেন। জগতের আপেক্ষিক বা আংশিক বাস্তবতা যাহার। শ্বীকার করেন, নিশ্চিত্ত হইয়া তাহাদের সিদ্ধান্ত সমালোচনা কবিবান পূর্বে সমস্যার এই দিকটাও বিচাব করিয়া দেখিতে হইবে। এক ভাবের যুক্তি আছে যাহ। সমস্যাটাকে উডাইয়া দিয়া তাহার হাত এডাইতে চাহে : এ यक्ति বলে কি কবিয়া ব্রম জাত হইয়াছে, ব্রদ্রের শুদ্ধসন্তায় জগৎ কোথা হইতে আসিল —এ প্রশুট্র অবৈধ; এ সমস্যাই নাই কেননাজগৎ তো নাই, মায়া অসত্য. বুদ্ধই একমাত্র সত্য, একমাত্র তিনি একাই নিজেতে নিজে নিত্য বর্ত্তমান। ল্মচেতনা ৰুদ্রাকে ম্পর্শ করিতে পারে না, তাহার কালাতীত সত্যের মধ্যে কোন বিশুই আবির্ভ হয় নাই। কিন্তু এইভাবে সমস্যাকে এড়াইয়া যাওয়া একটা বাক্চাত্রী মাত্র, যুক্তির নামে কথা লইয়া কুন্তি বা কসরত, ইহাতে কতগুলি শব্দ এবং ভাবের আড়ালে যুক্তি বুদ্ধিকে লুকাইয়া রাখা হয়, বৃদ্ধি একটা সত্য এবং কঠিন সমস্যা দেখিতে বা সমাধান করিতে অস্বীকৃত হইয়াছে ইহাই ব্ঝিতে হয়, অথবা ইহার অর্থ হয় ব্যাপক, কেননা কার্য্যতঃ ইহাতে মায়া এবং তৎস্প্র জগংকে স্বতম্ব একান্ত অসৎ বলিতে গিয়া ব্রদ্রের সঙ্গে মাধার সকল সম্বন্ধই অস্বীকার করা হয়। সত্য বিশ্বের অন্তিৰ যদি না থাকে, বিশ্ব বলিয়া একটা ৰান্তি ত আছে এবং কিন্ধপে সে ৰান্তি জাত হইয়াছে, কি করিয়া তাহা বর্ত্তমান আছে. ব্রদ্রের সহিত তাহার কোন সম্বন্ধ আছে কি না, যদি থাকে তাহা কি

### **मिया जीवन वार्थ।**

প্রকারের, মায়ার মধ্যে তাহার চক্রাবর্ত্তনের অধীন হইয়া আমাদের অস্তিম এবং তাহার কবল হইতে মুক্তির অর্থ কি, এ সমস্ত সমস্যার বিচার এবং কারণানুসন্ধান করিতে আমরা বাধ্য। অজাতিবাদ নামে খ্যাত এই মতে আমাদিগকে স্বীকার করিতে বলা হয় বুদ্র মায়া অথবা তাহার ক্রিয়ার জ্ঞাতা নহেন; মায়া বুদ্র-চৈতন্যের শক্তিও নহে ; ব্রদ্ধ অতিচেতন বস্তু, তিনি তাঁহার শুদ্ধ সন্তায় সমাহিত হইয়া আছেন অথবা তাহাতে শুধু তাঁহার নিবিবেশ্ব স্বরূপের জ্ঞান আছে ; মায়ার সঙ্গে তাঁহার কোন সম্পর্ক নাই। কিন্তু সে ক্ষেত্রে ভ্রমরূপেও মায়া থাকিতে পারে না, অথবা স্বীকার করিতে হয় হৈতভাববিশিষ্ট এক তম্ব অথবা পরম্পর হইতে পৃথক দুই তম্ব বৰ্ত্তমান আছে ; এক শাশুত বস্তু যাহা চেতনার অতীত অথবা যাহাতে শুধু আন্মজ্ঞান আছে, আর আছে ব্রমের এক শক্তি যাহা মিথা। জগৎ স্বষ্টি করিয়াছে এবং সচেতনভাবে তাহাকে জানিতেছে। পুনরায় আমর। এক উভয় সন্ধটের মধ্যে পডিলাম এবং এ সন্ধট মোচনের কোন পথই দেখা यांग्र ना. त्करन এই সমাধান করিয়া এ সঙ্কট হইতে পলায়ন করিতে পারি যে. দর্শন এবং তরবিচারও যথন মায়ার অংশ তথন সকল দর্শনও ল্রম, স্লভরাং প্রবল সমস্যা থাকিবে কিন্তু তাহার সমাধানের কোন উপায় থাকিতে পারে না। কারণ একদিকে শুদ্ধনিক্রিয় নিব্বিকার এক সত্যবস্তু এবং অপর দিকে এক ল্রমাম্বক সক্রিয়তা এই দুই একান্ত বিরোধী তত্ত্বের সম্মুধে আসিয়া আমর। দাঁডাইয়াছি, অথচ ইহাদিগকৈ অতিক্রম করিয়া বর্ত্তমান এমন কোন বৃহত্তর সত্যও দেখিতে পাইতেছি না, যাহার মধ্যে তাহাদের বহস্যের সমাধান পাওয়া যাইবে এবং এই একান্ত বিরোধ এক পরম সামঞ্জস্যের মধ্যে গিয়া মিলিত হইবে।

ব্রদ্ধ যদি জাতা না হন, তাহা হইলে ব্যাষ্টিজীবকে জাতা বলিতে হইবে; কিন্তু জীব মায়া দ্বারাই স্বষ্ট অতএব অসত্য; জ্ঞেয় বস্তু বা জগৎও একটা ল্লম মায়ার দ্বারা স্বষ্ট এবং অসত্য; জ্ঞাতা এবং জ্ঞেয়ের মত জ্ঞান বা যে চৈতন্যে অনুভূতি হয় তাহাও ল্লম এবং স্কুতরাং অসত্য। কিন্তু ইহা স্বীকার করিলে কোন কিছুরই আর সার্থকতা থাকে না, কালের ক্ষেত্রে আমাদের অন্তিম, মায়ার মধ্যে আমাদের নিমজ্জনের মত আমাদের চিন্নয় অন্তিম এবং মায়ার কবল হইতে মুক্তি সমন্তই সমানতাবে অসত্য এবং অথহীন হইয়া পড়ে। অবশ্য এমন কঠোর দৃষ্টিভঙ্গী না লইয়া একটা মধ্যপথ অবলম্বন করিয়া বলা যাইতে পারে ব্রদ্ধরূপে মায়ার সহিত ব্রদ্ধেব কোন সম্পর্ক নাই, ব্রদ্ধ সর্ব্জেপ্রার ল্লম বা লমের সংস্পর্শ হইতে চিরমুক্ত, কিন্তু ব্যক্টিজ্ঞাতা অথবা সকল সন্তার আশ্বারূপে ব্রদ্ধ

### সধন্ত এবং বিশ্বভান্তি

মারার মধ্যে প্রবিষ্ট হইয়াছেন এবং ব্যক্তির মধ্য দিয়া আবার তিনি নিজ শ্বরূপে ফিবিয়া যাইতে পারেন এবং এই ফিরিয়া যাওয়াই ব্যক্তিপুরুষেব পরমপুরুষাখ। কিন্ত ইহাতেও ব্রদ্রের উপর একটা হৈতসত্তা আরোপ করা হয়, এবং বিশ্ববান্তির মধ্যস্থিত কিছুকে অর্থাৎ মায়ার মধ্যে ব্যষ্টি জীবরূপে ব্রদ্রের অবস্থানকে সত্য বলিয়া মানিতে হয়, কারণ সর্বভৃতের আত্মস্তরূপে ব্রন্নের প্রাতিভাগিক রূপেও কোন বন্ধন থাকিতে পারে না, স্থতরাং মুক্তির প্রযোজন কি কবিয়া থাকিবে ? তাহা ছাড়া বন্ধনই যদি অসত্য হয় তবে মুক্তিরও কোন সার্থকতা খাকে না এবং মাযা ও তাহাব স্বষ্ট জগৎ সত্য না হইলে বন্ধন তো সত্য হয় না। ইহাতে মায়া আর ঐকান্তিক ভ্রম ও মিখ্যা থাকে না পরন্ত খবই ন্যাপক সত্য হইয়া উঠে যদিও হয়ত তাহা শুধু কালিক এবং বাবহারিক সত্য। এই সিদ্ধান্তের হাত হইতে বাঁচিতে গিয়া ইহা বলা যাইতে পারে যে আমাদের ব্যক্তিসত্তা মিখ্যা বস্তু, জীবদের মিখ্যা কলপনায় বদ্ধের প্রতিবিদ্ধ বা ছায়া পড়িবাছিল সেই ছায়া প্রত্যাহত হইলে জীবত্বের নির্বাণ ঘটে তাহাকেই মুক্তি বলে; কিও নিত্যমুক্ত বুদ্ধ বন্ধন দারা দু:খ পাইতে বা তাহা হইতে মুক্তিদার। লাভবান হইতে পারেন না, আর দীব যদি হয় অলীক একটা প্ৰতিবিদ্ধ মাত্ৰ তাহা হইলে তাহা এমন বস্তু হইয়। দাঁড়ায় যাহার মুক্তির প্রয়োজন থাকিতে পাবে না। যাহ। শুধু ছাযা, শুধু মিণ্যা, বঞ্চনাময় মায়ার মুকুরে যাহা শুধু প্রতিবিদ্ব তাহা প্রকৃত বন্ধনদুঃখ পাইতে বা পুকৃত মুক্তি খারা লাভবান হইতে পাবেনা। যদি বলা হয় এ প্রতিফলন চেতনারই প্রতিফলন বলিয়া ইহাতে বন্ধনের দুঃখ এবং যুক্তিব আনন্দ গাকিতে পারে, তাহা হইলে প্রশু উঠে—এই মিখ্যা পবিস্থিতির মধ্যে কাহার চেতনা দু:খেব ভোক্তা হইবে, কেননা সেই অম্বয় সম্বস্তুর চেতনা ছাড়া অন্য কোন সত্য চেতনা তো নাই। অতএৰ আবার বুদ্ধ চেতনায় দৈতভাৰ দেখা দেয একটা ৰম হইতে মুক্ত চেতনা বা অতিচেতনা, অপনটি লনের অধীন চেতনা, এবং তাহা হইলে আমরা আমাদের অস্তিম এবং মায়ার অনুভবেন মধ্যেও কিছু সত্য আছে তাহা প্রমাণ করিতে সমর্থ হইয়াছি। কাবণ বুদ্ধের সন্তায় যদি হয় আমাদের সতা, বৃদ্ধ-চৈতন্যেরই কিছু যদি হয় আমাদের চেতনা তবে যেটুকুই হউক না কেন সে সত্তা এবং চৈতন্যে কিছু সত্য খাকিবে, আমাদের সত্তা যদি এইভাবে কিছু সত্য হয় তবে জগতের সত্তাই বা সত্য হইবে না কেন?

অবশেষে এই সিদ্ধান্ত উপস্থাপিত হইতে পারে যে জাত। ব্যষ্টিজীব এবং জ্ঞেয় বিশ্ব অসত্য কিন্তু মায়া বুদ্ধে আরোপিত হইন। কিছুটা বাস্তবতা লাভ করে

# विया क्षोवन वादी

এবং এইভাবে লব্ধ বাস্তবতার বোধ ব্যাষ্টিজীব এবং তাহার বিশু-শ্রান্তির অনুভবে উপসংক্রান্ত করে এবং যতক্ষণ সে ভ্রমের অধীন থাকে ততক্ষণ এ বোধ বজায় কিন্তু আবার প্রশু করা যাইতে পারে, কাহার জন্য এ অনুভব প্রামাণিক হইবে এবং তাহাব শ্বিতিকালে তাহাকে সত্য বলিয়া প্রতিভাত হইবে ? মুক্তি পাইলে, নিব্রাণ লাভ করিলে বা সরিয়া দাঁড়াইলে কাহার পক্ষে মম নিবৃত্তি হইবে ? কাবণ ভ্রমেব মধ্যম্বিত যে সন্তার কোন অস্তিম্ব নাই সে যেমন বাস্তবতার মূর্ত্তি পরিগ্রহ কবিতে বা বাস্তব বন্ধনের দুঃখ পাইতে পারেনা তেমনি বাস্তব পকে দু:খ এড়াইয়া যাইবাব কোন ক্রিয়া বা আত্ম-বিলোপ দ্বারা মুক্তিলাভও তাহার পক্ষে সম্ভব নয়। কোন সত্য সদ্রারই বোধ হইতে পারে যে সে বর্ত্তমান আছে, কিন্তু তাহা হুইলে এই সত্য আশ্বাই কোন ভাবে বা কতকাঁ৷ মায়াব অধীন হইয়া পডিয়াচে, ইহা বলিতে হইবে। হয় ইহা বুদ্ধেরই সেই চৈতন্য যাহা মায়ার জগতের মধ্যে অভিক্ষিপ্ত হইয়াছে এবং তথা হইতে নিক্ষান্ত হইতেছে, না হয় ইহা বন্ধেন সেই গতা যাহা নিজের কিছু অংশ, নিজের কিছু সত্য মায়ার মধ্যে স্থাপন কবিয়াছে এবং সাযার ক্ষেত্র হুইতে প্রত্যাবৃত্ত হুইতেছে। আবার বুদ্ধেব উপব এই যে সায়া নিজেকে আনোপিত কবিতেছে ইহাবই বা স্বরূপ কি ? যদি তাহা শাশুত চেতনা বা শাশুত অতিচেতনার ক্রিযারূপে বুদ্ধের মধ্যে পূর্বে হইতে বৰ্ত্তনান ছিলনা ইহাই হয় তবে তাহা কোপা হইতে আসিল ? কেবল যদি সত্যবস্থাব কোন সত্তা বা চেতনা ভ্রমের পরিণামকে স্বীকাব করিয়া নেয তবেই মায়াৰ চক্ৰেৰ মধ্যে একটা বাস্তবতা আসিতে পারে বা তাহার একটা মূল্য থাকে, তাহা না হইলে কালেব পটভূমিকার উপর এই সমস্ত ছায়াছবি ফেলিয়া বা পুতুল নাচাইয়া বুদ্ধাই নিজের কৌতুহল চরিতার্থ কনিতেছেন ইহাই বলিতে হয়। । আবাৰ আমনা ৰক্ষেন দ্বৈত সত্তা আছে বা তাহার মধ্যে একদিকে মাযাকবলিত অন্যদিকে মাথামুক্ত এই দুই চেতনা আছে এবং মায়ার সন্তাতে একটা প্রাতিভাগিক সভ্য আছে ইহ। স্বীকার কবিতে বাধ্য হইলাম ; বিশ্বে আমাদেব যে অস্তিৰ এবং বিশু এ উভয়েৰ মধ্যে সত্য আছে ইহা যদি আমৰা স্বীকাব না কবি তবে বিশ্বে আনাদের অভিয কেন রহিয়াছে তাহার কোন সদূত্রব পাইনা —সে অস্থির আংশিক, সীমিত এবং অন্যবস্ত হইতে উৎপনু যাহাই হউক না বেন। কিন্তু অনাদি সর্ব্রেণত একান্ত অহেতুক এবং মৌলিক লমের বাস্তবতা কোখায় ? ইহার একমাত্র উত্তব, মায়ার রহস্য বৃদ্ধির অতীত এবং অনিবৰ্বচনীয়, ইহাৰ ব্যাখ্যা পাওয়া যায়না।

# প্ৰস্তু এবং বিশ্বজ্ঞান্তি

জীব ও বিশু একাম্ভ অবাস্তব এই মত ছাডিয়া দিয়া কতকটা আপোঘ রফা করিতে যদি প্রস্তুত হই তবে দুইটি সম্ভবপর উত্তর পাওয়া যায়। উপনিষদে সুষ্প্তি এবং স্বপু স্টিব যে বর্ণনা দেওয়া আছে, তাহা সম্ভর্মুখী চেতনাতে জগতের এক মিখ্যা জ্ঞান (illusory subjective world-awareness) এই অর্থে যদি গ্রহণ করি, তাহা হইলে ব্রদ্রের সত্তার অংশ হইয়াও যাহা তথ সম্ভবে বোধরূপে অবস্থিত তেমন এক ল্রম চেতনার একটা ভিত্তি স্পৃষ্টি করা যায়। উপনিষদে আন্ধান্নপী বুদ্ধকে চতুষ্পাৎ বলা হইয়াছে, এই আত্মাই বুদ্ধ, যাহা কিছু আতে সবই বুদ্ধ, যাহ। কিছু আছে তাহা আগ্নাই, আগ্না তাহার সভাব চাবিটি অবস্থায় বা ভূমিতে অথবা পাদে অবস্থিত থাকিয়া যাহা কিছু আছে তাহা আল্লা-নপেই দেখিতেছেন। তাহাব শুদ্ধ স্বরূপ স্থিতিতে—যাহাকে তর্বান বা চতর্থ পাদ বলা হয়---আমরা চেতনা বলিতে যাহা বুঝি বুদ্রে তাহা আবোপ করা যায়ন। আবার আমরা যাহাকে অচেতনা বলি ব্দ্রে তাহাও আবোপিত হইতে পাবে না, 'তিনি প্রক্ত নন অপুক্তও নন'; ব্রদ্ধের এ এবখ। অতিচেতন, আৰু সত্তায় একেবাবে নিমজ্জিত, তাহা আশ্বাব এক প্রম নিঃশন্দা বা আশ্বানন্দে বিভোৰতা ; অপৰা তাহা এক স্বতম্ব এবং স্বাধীন অতিচেতনা তাহাৰ মধ্যে দনই আছে, তাহা দকলেবই ভিত্তি ও আধান অথচ কিছু দারা তাহা আচুক্র বা বিজড়িত নহে তাহা কোন কিছু মারা অপবামৃষ্ট। ইহা ছাড়া তাহান আ এক জ্যোতির্শ্বয় পাদ যাহাকে আমবা তৃতীয় পাদ বলি যাহাকে সুমুপ্তি পুক্ষও বলা হয় —তাহা প্রজ্ঞানঘন এবং সর্বধোনি, স্বমুপ্তি দশা হইলেও তাহাব সধ্যে এক সংর্বণক্তিমান প্রক্রা বা জ্ঞানের অধিষ্ঠান আছে তাহা বিশ্বেব বীজ বা কারণা-বস্থা, তাহা হইতে বিশ্ব উদ্ভূত হইয়াছে ; ইহার পর এক খপুপুঝ্ব বা দ্বিতীয় পাদ আছে যাহা সকল সৃষ্ণা অন্তর্মুখী (subjective) বা জড়াতীত অনু-ভবের ক্ষেত্র এবং অবশেষে আছে জাগ্রত পুক্ষরূপী প্রথমপাদ যাহ। স্থল জড়ীয অনুভবের আধার বা ক্ষেত্র ; সুষুপ্তি, স্বপু এবং জাগ্রতের এই তিন ভূমিই মাগার ক্ষেত্ররূপে গৃহীত হইতে পারে ইহার বাহিরে আর তাহাব অবিকার নাই। সুৰুপ্তির অবস্থা হইতে যেমন মানুষ স্বপ্লেব ভমিতে গিয়া স্বৰ্ণচিত অপ্নায়ী নাম. রূপ,সম্বন্ধ এবং ঘটনা অনুভব করে এবং জাগ্রত অবস্থায় নিজের চেতনাকে আপাত দৃষ্টিতে অধিকতর কাল স্থায়ী কিন্তু বস্তুতঃ অচিরস্থায়ী বাহ।চেতনারূপে রূপায়িত করে, সেইরূপ আশ্বা তাহার প্রজানঘন অবস্থা হইতে বিঘয়ী ও বিষয়ক্রপে অন্তর্মুখী এবং বহিশুখী বিশ্বানুভব (subjective and objective

### किया कीयन वासी

cosmic experience) কুটাইয়া তোলেন। কিন্ত এ জাগ্ৰত অবস্থা আদি কারণ নিদ্রা বা সুষ্প্তি হইতে সত্য জাগবণ নয়, সত্যবস্ত বলিয়া চেতনার বিষয়-রূপে যাহা আছে জাগ্রতে তাহা কেবল স্থল জ্ঞেয় বাহ্য বস্তুরূপে পূর্ণ বিকাশ লাভ করে আর স্বপু-জ্ঞানে সেই সমস্ত বস্তু সূক্ষ্মরূপে শুধু অন্তর্মুখী (subjective চেতনাতে ভাসে; অন্তর্শ্বখী এবং বহির্দ্বখী চেতনা বা বিষয়ীগত চেতনা এবং বিষয়গত চেতনা (subjective and objective consciousness) এ উভয় হইতে এবং সুষ্প্তির প্রজ্ঞানঘন কারণ অবস্থা হইতে আন্ধ সংহরণ করিয়া যে অতিচেতনা সকল চেতনার পরপারে স্থিত তাহাতে পৌঁছানই সত্য জাগরণ; কারণ সকল অচেতনা যেমন মায়া, সকল চেতনাও তেমনি মায়া। আসবা বলিতে পারি এখানে মামা সত্য কেননা ইহা আন্ধারই আন্ধানতব, আন্ধান কিছু নাথার মধ্যে প্রবিষ্ট হয়, যাহা প্রবিষ্ট হয় তাহা যে সমস্ত ঘটনা ঘটে তাহাদের দ্বানা প্রভাবিত হয়, কেননা ইহা তাহাদিগকে স্বীকার করিয়া লয়, তাহাদিগকে বিশ্বাস কৰে, তাহাবা তাহার কাছে সত্য অনুভূতি, তাহাবা চেতন সত্তা হইতে বিস্মষ্ট পদার্থ : কিন্তু মায়া আবার অসত্যও বটে যেহেত ইহা স্কুদপ্তি ও স্বপু এবং অবশ্বের এক ক্ষণস্থায়ী জাগ্রত অবস্থা, অতিচেত্রন সন্তার স্বরূপ এবং সত্য ্রিতি নহে। এখানে বস্তুতঃ বুদ্মসত্তাকে দুই ভাগে ভাগ করা হয় নাই ; কিন্তু 🗚 ই সত্তার বহু পাদ বা ভমিকে স্বীকাব করা হইয়াছে ; স্বাষ্টর পরপার স্থিত সত্তাতে অসং বা শুন্য হইতে এক মিখ্যা জগৎ সৃষ্টি কবিবার ইচ্ছার কথা ইহাতে নাই, স্নতরাং আদিতে দুই চৈতন্য স্বীকারের প্রযোজন নাই; কিন্দু এক অদিতীয় সন্তাই চেতনা এবং অতিচেতনার সকল ভূমিতে রহিয়াছেন, প্রতিক্ষেত্রে আছে তাঁহাব স্বানুভবেব এক বিশিষ্ট প্রকার। কিন্তু নিমুব ভূমিগুলিব মধ্যে যদিও এক সত্য আছে তথাপি যাহা সত্য নহে এরূপ সন্তর্মুখী আত্মবিস্মষ্টি আত্মকল্পনা বা আত্মদৃষ্টি দারা সে সত্য অনুবিদ্ধ। নিজেকেই বহুরূপে দেখিতেছেন ; কিন্তু তাহার বছত্ব শুদ্ধ অন্তর্শুখী চেতনায় বা প্রত্যক্ চেতনায় দৃষ্টরূপ মাত্র ; তাহাব চেতনার বল ভূমিও আছে কিন্তু এখানেও বহুৰ শুনু অন্তর্পুর্বী চেতনাতে; সত্যবস্তুর অন্তর্পুর্বী অনুভবের মধ্যেও একটা সত্য আছে কিন্তু কোন বিদয়ক্রপে অবস্থিত জগৎ নাই, অর্থাৎ বিশু প্রজ্ঞা-বিস্ট্রেকপে সত্য--বস্থ-বিস্ট্রেকপে নহে।

একথা এখানে বলা যাইতে পারে যে আদ্ধার এই তিন পাদ যে ভ্রম বা মিখ্যা স্থাষ্ট মাত্র, এমন কথা উপনিঘদে কোথাও উল্লেখ নাই; বরং বারবার এই কথাই

### সইট্র এবং বিশ্বভান্তি

বলা আছে, এই যাহা কিছু আছে—এই বিশু যাহা আজ আমরা মায়া-কল্পিড মনে করিতেছি—তাহা সমস্তই বুদ্ধ বা সতা বস্তু। বুদ্ধই এই সর্বভূতে বা স্বৰ্বসন্তা হইয়াছেন: স্বৰ্বসন্তাকে সত্যবস্ত বা আদ্বাতে, এবং আদ্বাকে এহাদের মধ্যে দেখিতে হইবে, আত্মাই প্রকৃতপক্ষে এইসব সত্ত। হইয়াছেন বলিয়া জানিতে ও বুঝিতে হইবে, কেননা শুধু আন্থাই যে বুদ্ধ তাহা নহে, কিন্ত সবই আ**ন্ধা**, যাহা কিছু আছে সবই বন্ধ সবই সত্যবস্তু। এত জোরে এই <sup>'</sup>যাহা বলা হইয়াছে তাহাদের মধ্যে ভ্রমান্ত্রক সায়ার কোন স্থান নাই : কিন্তু উপনিঘদে পনঃ পুনঃ উক্ত হইয়াছে 'বিজ্ঞাতা ছাড়া অন্য কিছু নাই', এই কখা এবং এই ববণেৰ কতকগুলি উক্তি এবং স্বপু ও সুষ্প্তি নামে ঢেতনাৰ দুইটি ভূমির বর্ণনা হইতে মনে হইতে পারে যে সর্ব্বগত বুদ্ধেব উপর যে জোর দেওয়া হইয়াছিল তাহ। বুঝি ইহা দারা নাকচ করা হইয়াছে; এই সমস্ত উক্তিই মায়াবাদকে প্রবেশ কবিবাব দবজা খুলিয়া দিয়াছে, এবং এই ধরণের চরমপন্থী দার্শনিক মতবাদ জীব ও জগতেব মধ্যে ব্রের অনপনেয় বিবোধকে ভিত্তি করিয়া গডিয়া উঠিয়াছে। উপনিষদেৰ এই যে চানিপাদেন কণা এইভাবে বলা মাছে তাহাতে পাই—বেখানে বিষয়ী বা বিষয় বা জ্ঞাতা ও জ্ঞেয় বলিয়া কিছু নাই সেই অতি-চেতন চতুর্থ পাদ হইতে স্বঘুপ্তি দশা বা জ্যোতির্ম্ময তৃতীয় পাদ প্রকাশ হইল যাহাতে অতিচেতনা প্ৰজ্ঞানঘন হইয়া দেখা দিল, আবাৰ তাহা হইতে স্বপুদশায় অন্ত:প্রাক্ত দিতীয় পাদ (subjective status of being) এবং পৰিশেষে জাগ্ৰত অবস্থায় বহিঃপ্ৰজ্ঞ প্ৰথম পাদ (objective status of being) উন্মিঘিত এবং প্রকাশিত হইল। আমাদের মনে হয় উপ-নিষদের এই বর্ণনা হইতে দৃষ্টিভঙ্গী অনুসারে অবাস্তব লমস্থাই অথবা আত্ম-জ্ঞান এবং সংর্বজ্ঞানের সত্যক্ষিধারা এ উভয়ই আমবা পাইতে পাবি।

আত্মাব নিমূতর এই তিনটি ভূমির বর্ণনায় আছে, প্রজানঘন\* সর্বেজ্ঞ পুরুষ সূক্ষ্মদশী (বা প্রবিবিক্তভুক্) অন্তঃপ্রজ্ঞ পুরুষ এবং স্থূলদশী (স্থূলভুক্) বহি:-

\*প্রজ্ঞা। বৃহদারণাক উপনিষদে যাজ্ঞবন্কা ধুব স্পষ্ট ভাষার বলিরাছেন যে সন্তাব তুইটি ছিভি
বা ভূষি আছে যাহাদিগকে তুইটি লোক ৰলা যায়; স্বপ্রচেতনার অব্যিত্ত মানুষ তুইটি লোককেই
দেখিতে পার, কারণ ব্যাচতনা তাহাদের মধাবলী, তাহাদের সন্ধিভূমি। ইংতে স্পষ্টই বুঝা ঘাইতেছে
যে ভিনি এখানে অধিচেতন ভূমির (subliminal condition of consciousness) কথাই
বলিভেছেন, যে ভূমিকে জড় এবং জড়াতীত লোকের মধ্যন্তিত যোগাযোগের সেতু বলা যাইতে পারে।

# **पिया जीवन** वार्छ

প্রক্ত পুরুষের কথা, ইহা হইতে আমাদের এই মনে হয় যে আমাদের জাগ্রত চেতনার পশ্চাতে এবং তাহাকে অতিক্রম করিয়া যে অতিচেতনা এবং অধিচেতনা বর্ত্তমান আছে তাহাদিগের কথাই স্ব্যুপ্তি এবং স্বপু নামে রূপকের ভাষায় বল। হইয়াছে ; সাধারণ অবস্থায় একমাত্র স্বপু এবং স্ব্যুপ্তিতে অথবা সমাধিতে— সমাধিকেও একপ্রকার স্বপু বা স্ত্র্যুপ্তি বলা যাইতে পারে—বহিশ্চর মনোময় চেত্রনা বাহ্যবস্তুর অনুভূতি হইতে নিবৃত্ত হইয়া অস্তরস্থিত অধিচেতন এবং তাহারও উচেচ স্থিত অতিমানস বা অধিমানস স্থিতিতে (supramental or overmental status) পৌঁছিতে পারে বলিয়া এই রূপকেব ব্যবহার করা হইয়াছে এবং চৈতন্যের এই সমস্ত ভূমিকে স্বপু বা স্ত্যুপ্তি চেতনা বলা হইযাছে। এই অন্তর্গ্নখী অবস্থায় মন জড়াতীত বস্তুপকলকে স্বপু বা সৃস্মুদর্শনের রূপরেখায় অঙ্কিত দেখিতে পায় অথবা তাহারও উদ্ধ্র স্থুপ্তির স্থিতিতে চৈতন্যের এক ঘনীভূত অবস্থাব মধ্যে মন নিজেকে হারাইয়া ফেলে, সে চেতনাকে কোন রূপবেখায় বা ভাবনাব ধরিতে পারে না। এই অবি-চেত্রন এবং অতিচেত্রন ভূমিব মধ্য দিয়া আমাদের আম্বসত্তার উচ্চত্রম স্তরে পরাৎ-পন অতিচেতনার মধ্যে আমরা প্রবেশ করিতে পারি। সাধারণ স্বপু বা স্নুমুপ্তিন মধ্য দিয়া না গিয়া আমাদের অধ্যামচেতনাকে প্রবৃদ্ধ করিয়া চলিবার পথেও এই সমস্ত উচ্চতর ভূমিতে আমরা জাগ্রত হইতে পারি, তখন সমস্তকে এক সংৰক্ষাপী সত্যবস্তু বলিয়াই জানিতে পাই, তাহাব মধ্যে ভ্ৰমাত্মক মায়ার অনু-ভূতির কোন প্রয়োজন খাকে না ; সাধকেব তখন অনুভূতি হয় যে চলিবার পথে সে মননের রাজ্য পাব হইয়া মনের অতীত কোন ক্ষেত্রে পৌঁছিয়াছে, তাই তখন মনের গড়া বিশ্বের রূপ আর তাহার কাছে প্রামাণিক খাকে না, তখন অবিদ্যাচ্ছনু মানসিক জ্ঞানের স্থান অন্য এক সত্যজ্ঞান অধিকার করে। পরিবর্ত্তনের মধ্যে প্রত্যেক ভূমিতে যুগপৎ জাগ্রত থাকিয়া সামঞ্জস্যপূর্ণ এক অদৈতানুভব অথবা সর্বত্র সত্যবস্তু বা ব্রদ্ধকে দেখা যাইতে পারে। কিন্তু

স্থৃতির বর্ণনা পাচ নিম্রা এবং সমাধি এ উভর অবস্থার সহিত মিলে, সমাধির অবস্থার সাধক চৈতজ্ঞের একটি ঘনীভূঠ অবস্থার প্রবিষ্ট হয় যেথানে সন্তার সকল পাঁজেই আছে কিন্তু নিজের মধ্যে সংহত এবং একান্তভাবে অন্তঃসমাহিত হইয়া; যথন তাহাদের মধ্যে ক্রিয়ার প্রবর্তনা দেখা নের তথন যে চৈতজ্ঞে সকলই এক সেই চেঠনার মধ্যে পাকি:।ই ক্রিয়া হর; স্পষ্টতঃ এ অবস্থার আনরা চিৎসভার উচ্চতর ভূমির পরিচয় পাই, যাহা এখন আমানের স্বান্থাবিক কার্যন্ত চেঠনার কাছে অভিচেতন ।

#### সর্থম্ভ এবং বিশ্বভান্তি

গ্রন্য সমস্তকে বর্জন করিয়া চৈতন্যের ব্যতিরেকী কেন্দ্রীকরণ (exclusive concentration) দ্বারা লব্ধ সমাধির ফলে বহস্যপূর্ণ এক স্লুম্বপ্রিতে যদি ডুবি অথবা জাগ্রত মনকে লইয়াই সহসা এতিচেতন কোন ভূমিতে যদি হঠাও উৎক্ষিপ্ত হই তাহা হইলে পথে বিশুশক্তি এবং তার বিস্কৃষ্টিব অলীকতা বোধ আমাদের মনকে অভিভূত কবিতে পারে; তথন অন্তর্মুখী চেতনায় সকলকে মুছিয়া ফেলিয়া পরাৎপর অতিচেতনায় প্রবিষ্ট হওয়া যায়। ''জগও অম, মায়া কলিপত'' এই মতবাদের আন্যাদ্ধিক সমর্থন পাওয়া যায় এই অলীকত্ব বোধ হইতে, এইভাবে উনুয়নের পথে চলিলে। কিন্তু ইহাকেই আমবা চূডান্ত নিপত্তি বলিয়া মানিতে বাধ্য নই. কেনলা অধ্যাদ্ধ অনুভবের দ্বানাই ইহাকে রহিত করিয়া এক বৃহত্তর এবং পূর্ণতব নিপত্তির সাক্ষাও পাওয়াও যাইতে পারে।

মায়ার প্রকৃতি সম্বন্ধে এই সমস্ত এবং এই ধনণেন অন্যান্য মত মনকে ভূপ করিতে পারে না কেননা এই সব সিদ্ধান্ত একেবাবে ন্তুনিশ্চন তাহা মনে হয় না কিন্তু মাযাবাদেব সিদ্ধান্তকে খাড়া কবিতে হইলে তাহা এমন অপবি-হার্য্য হওয়া চাই যে তাহা স্বীকার না কবিষা উপায় নাই : একদিকে নিতা দত্যবস্তুকে স্বরূপতঃ যাহা বলিয়া নির্দেশ করা হইয়াছে এবং অন্যদিকে ভাহার বিপৰাত ধর্মবিশিষ্ট দৃষ্টতঃ অসম্ভব যে বিশ্বভান্তিকে খাড়া কৰা হইনাছে, এই দুই-এব মধ্যে যে বিরাট ব্যবধান আছে এমত দ্বাবা তাহাদের মধ্যে সেত্ৰদ্ধন হয় নাই, বা এমতু তাহার কোন স্থুসঙ্গত ব্যাখ্যা দিতে পাবে নাই। বড জোর ইহাতে একটা পদ্ধতির ইঙ্গিত দেওয়া আছে যাহাতে এই দুই বিৰুদ্ধ ভাব একসঞ্চে খাকিতে পারে ইহা ভাবা যায বা তাহা বুদ্ধিগ্রাহ্য হয ; কিন্দু ইহা যে নিশ্চয়ই দত্য হইৰে এ ৰোধ আমাদেব মধ্যে দুঢ়ভাবে জন্মাইতে পাবে নাই অথবা ইহাৰ নধ্যে আমরা এমন কোন আলোকেব সন্ধান পাই নাই যাহাতে ইহাব মধ্যের অসম্ভাবনা দোষ দূব হইয়া বৃদ্ধির পক্ষে এমত গ্রহণ অপরিহার্য্য হইয়া পড়ে। যে রহস্যময় সমস্যার যে আদিম বিরোধের স্মাধান অন্য উপায়ে হইতে পারে. তাহ। সমাধান করিতে গিয়া মায়াবাদ সে বিরোধ দূব কবিণাছে আর একটি নূতন বিরোধ নৃত্ন রহস্যময় সমস্যার স্ষ্টি কবিষা; এই নূতন নিনোধেব সামঞ্জস্য যাধন বা এই নৃতন সমস্যার সমাধান নায়াবাদ দিতে পারে নাই ---দে ওয়া তাহার পক্ষে সম্ভব নয়। আমরা দুইটি বস্তুর ধারণা বা অভিজ্ঞতা লইনা বিচাবে প্রবৃত্ত হই তাহার একটি এক পরম এবং চরম সত্য বস্তু, এক পরম স্থিতি, যাহা স্বরূপত:

#### দিবা জীবন বার্ত্ত

নিত্য শাপুত, অষয়, বিশ্বাতীত, নিচ্ছিয়, নিশ্চন, পরিবর্ত্তনরহিত, নিজেই নিজের শুদ্ধ সন্তার সম্বন্ধে সচেতন; অপরাট বিশ্বের প্রতিভাস, যাহার মধ্যে আছে গতি ও ক্রিয়া, পরিবর্ত্তনশীলতা, মূল শুদ্ধ সন্তার নানা বিকার, নানা বৈচিত্র্যা, অন্তহীন বহু। মায়াবাদে এই প্রতিভাসকে চিরস্থায়ী মিথ্যা বা মায়ার খেলা বলিয়া উডাইয়া দেওযা হয়। কিন্তু তাহার ফলে ব্রদ্রের অষয় সন্তার স্ববিরোধী হৈত ভাবকে বা হৈত স্থিতিকে দূর করিতে গিয়া অথও ব্রদ্রুচেতনার মধ্যে স্ববিরুদ্ধ হৈতভাব কার্যাতঃ আসিয়া পড়ে। একের মধ্যে যে-বহুত্ব, যে বিশ্বপুতিভাস দেখা যাইতেছে তাহাব সত্যকে খণ্ডন করিতে গিয়া একের মধ্যে এক কলপনাজাত মিথ্যাকে খাড়া কবিতে হইয়াছে, যে মিথ্যা, মিথ্যা বহুয়কে স্বষ্টি করিতেছে। যে অথবা নিজেবই এক মিথ্যা রূপকে নিজের মধ্যে চিরকালের জন্য স্থাপন করিয়াছেন, যে কলপনার বা মিখ্যা রূপের মধ্যে আছে অগণিত অবিদ্যাচছ্মুদুঃখতাপে জর্জরিত সত্তাসমূহ, যাহাবা নিজে কে তাহা জানে না এবং যাহারা একে একে আরক্তান লাভ করিয়া জাগ্রত হইবে এবং তাহাদের ব্যক্টিভাবনা লয করিবে।

বিপুসনস্যার এক হত্বুদ্ধিক্ব জানিলতা দূব করিতে গিয়া তদ্ধপ আর এক অভিনব জানিলতা স্ফাই হইতেছে দেখিয়া আমাদের সন্দেহ হয় যে আমরা যে মূল পূব্বপক্ষগুলি (Premises) লইনা বিচার আবন্ত করিয়াছিলাম তাহাতে কোথাও অসম্পূর্ণতা কিছু আছে, হনতো তাহা ঠিক তুল নহে, তবে তাহাতে একটা প্রথম বর্ণনা এবং অপরিহার্য্য ভিত্তিভূমি শুবু আছে, বোধহয় তাহা আবন্ত গভাব ও সূক্ষ্মভাবে দেখা দরকাব। আমরা দেখিতে আরম্ভ করি যে সতাবস্ত্র শাশুত অন্বয়তা, নিক্রিয়তা শুদ্ধ সংস্করপের নিশ্চল স্থিতিরূপেই নিত্য কালের জন্য গতি ও ক্রিয়ার, নিজের অনস্ত বছর ও বৈচিত্র্যের আধার ও আশুয় হইয়া বর্ত্তমান আছে। অন্বয় তব্বের অক্ষর স্থিতিই নিজের মধ্য হইতে গতি ক্রিয়া এবং বছর বাহিরে প্রকাশ করিতেছে, আবার গতি ক্রিয়া এবং বছর শাশুত অনস্ত ও অন্বয় তব্বের বিলোপ সাধন করিতেছে না বরং তাহাকে আরও স্পাই কবিনা তুলিতেছে। যদি বুদ্ধটেতন্য তাহার স্থিতিতে বা গতিতে হৈত এমন কি বহুভাবাপনু হইতে পারে তাহা হইলে এমন কোন কারণ বা যুক্তি আছে বলিয়া বোধ হয় না, যাহাব জন্য বলিতে হইবে ব্রন্ধের হৈত স্থিতি খাকিতে পাবে না বা তাহাব সন্তার আন্ধানুভূতিতে সত্যরূপেই বছন্ধ দেখা

### সদৃষ্ট এবং বিশ্বভান্তি

দিতে পারে না। তাহা হইলে বিশ্বচেতনা স্থাইশীল একটা লম থাকিবে না. কিন্তু চরম ও পরম বস্তুর কোন সত্যেরই অনুভূতি হইয়া দাঁড়াইবে। এই সূত্র ধরিয়া আলোচনা এবং ব্যাখ্যা করিতে চেটা কবিলে আমরা একটা উদারতর পরিবেশের সাক্ষাৎ পাইব, যাহা আমাদের অধ্যান্ধ ক্ষেত্রেব উর্বরতা বৃদ্ধি করিবে এবং আমাদের আন্ধানুভবেন দুইটি কোটিব মধ্যে অধিকতর ভাবে মিলন ও সামঞ্জস্য স্থাপন কবিবে: এই মতে যুক্তি তর্কেব সমর্থন কোন ক্রমে অপর মত হইতে কম নহে, যে মত বলে যে এক নিত্যসত্য বস্তু এক নিত্য লমকে চিরকাল আশুম দিতেছে, যে লম তাহাব মধ্যস্থিত অথাণিত বহু অবিদ্যাচছনু এবং দুঃশ্বতপ্ত সভার পক্ষে কেবল সত্য এবং যে মাযায় অন্ধকার এবং জোলা হইতে এক এক জন কবিয়া মুক্তি পাইবে, প্রত্যেকে তাহার ভেদভাবেব অন্তিম্ব পৃথকরূপে বিসর্জন দিবে।

মায়াবাদকে ভিত্তি করিয়া বিশু রহস্য সমাধানেন দ্বিতীয় আর একটা চেষ্টা দেখিতে পাই শক্কর দর্শনে,—যে দর্শনকে বিশুদ্ধ মাযাবাদ না বলিয়া বিশিষ্ট মাযাবাদ নামে অভিহিত করা যায়। এরূপ ব্যাপকভাবে তীক্ষবৃদ্ধি সহকারে এবং জোরের সহিত সে মত উপস্থাপিত করা হইয়াছে যে তাহার অসাধাবণ প্রভাবকে সম্বীকার করা কঠিন: শঙ্করের মত আমরা উপরে যে মত দিয়াছি তাহার দিকে আসিবার প্রথম সোপান। এই দর্শনে মায়ান একটা সীমিত বাস্তবতা স্বীকার কবা হইয়াছে; অবশ্য মাযায রহস্যকে অনিব্রচনীয়, ক্লা হইয়াছে, সে রহস্য বুঝা বা বুঝান যায় না, কিন্দু সেই সঙ্গে তত্ববিচারে মনকে যে ইন্দ্র পীড়িত এবং অভিভূত করে তাহার একটা যুক্তিপূর্ণ সমাধানও আমাদিগকে দিয়াছে এবং প্রথম দৃষ্টিতে মনে হয় যে সমাধানটি পূর্ণকপে সম্ভোঘজনক। বিণু সম্বন্ধে আমাদের মনের মধ্যে একটা হন্দ আছে, একদিকে মনে হয় যে বিশু সত্যা, এ বোধ কিছুতেই যাইতে চাহে না, বা অতিক্রম করা যায় না, অপরপক্ষে যেন দেখিতে পাই এখানে সবই অনিশ্চিত, অপর্য্যাপ্ত, তচ্ছ. ক্ষণস্থায়ী জীবন এবং জীবনের ঘটনা যেন কতকটা মিখ্যা, মনের এই ছন্ত্রের একটা সমাধান আছে শঙ্কর-দর্শনে। কারণ সে দর্শনে পাবমাণিক এবং ব্যবহারিক, চরম এবং প্রাতিভাসিক, শাশুত এবং কালিক, সত্যের এই দুইটি বিভাবকে পৃথক করা হইয়াছে ; প্রথমটি বিশ্বার্তাত নিবিবশেষ শাশুত ব্রদ্রের শুদ্ধ সন্তার সত্য, ধিতীয়টি মায়োপহিত ব্রদ্রের বিশ্বগত কালিক এবং আপেক্ষিক সত্য। এখানে জীব এবং বিশ্বের একটা সত্য স্বীকৃত হইয়াছে :

# দিব্য জীবন বার্ভ

কারণ বাষ্টিজীব স্বরূপতঃ ব্রুদ্র, ব্রুদ্রই মায়ার ক্ষেত্রে অবস্থিত হইয়া প্রাতিভার্সিক ব্যষ্টি জীবরূপে মাযার অধীন হইযাছেন বলিয়া বোধ হয় এবং অবশেষে ব্রদ্ধই আবাব জীবের আপেক্ষিক এবং প্রাতিভাসিক সত্তাকে তাহার নিজের শাশুত সত্য স্বরূপের মধ্যে মক্তি দেন। কালেব ক্ষেত্রে সবিশেষ ভাবের মধ্যে যিনি সংবঁসতা হইষাছেন, যে শাশুতসতা বিশু এবং ব্যক্তিরূপে নিজেকে রূপায়িত করিয়াছেন সেই ব্রদ্ধ সম্বন্ধে আমাদের যে অনুভূতি তাহাও প্রামাণিক তাহাকেও মত্য বলিব; বস্তুতঃ মায়। হইতে মুক্তির পথে মায়ান মধ্যস্থিত এই গতি একটি মধ্যবত্তী অবস্থা। কালের মধ্যে অবস্থিত চেতনার পক্ষে বিশু এবং তাহাৰ অনুভব সত্য এবং সে চেতনা নিজেও সতা। কিন্তু তখনই পুশু উঠে এই সত্যেৰ প্ৰকৃতি কি এবং পরিমাণ কত; কাৰণ জীৰ এবং জগৎ এক নিম্ভব প্রকানেব সভ্য হইতে পাবে অথবা ভাহার৷ আংশিক সভ্য এবং আংশিক মিখ্যা হইতে পারে অথবা তাহারা একটা অসত্য সত্য বা অবাস্তব বস্ত (unreal reality) হইতে পাবে। যদি তাহার। পুকুতপকে দত্য হয তাহা হইলে মায়াবাদের কোন স্থান থাকে না ; তখন ত্রম স্ফট্টি থাকে না। তাহ। যংশতঃ বাস্তব অংশতঃ অবাস্তব হয় তবে তাহা হইবে বিশুগত সভাব আৰুজ্ঞানে অথবা আমাদের আম্বদর্শন ও বিশ্বদর্শনে কোনপ্রকাব ক্রটি বিচ্যুতি বা ন্যুনতা আছে—যাহার ফলে সত্তায লম, জ্ঞানে লম অগবা জীবনের গতি-বভিতে ল্ম দেখা দিয়াছে। কিন্তু তাহা ৬ধু স্বিদ্যাজনিত স্থবা জ্ঞান ও অজ্ঞানের মিশ্রণজনিত ভ্রম হইবে ; তাহা হইলে আদি বিশুভ্রান্তিব তথ্ব নিরূপণের প্রব্যোজন আমাদের থাকিবে না. কিন্তু শাশুত অনস্তের স্পট্টশীল চৈতন্য বা তাহার গতি ও ক্রিয়ার মধ্যে অবিদ্যা কোখা হইতে কিরূপে আসিয়া পড়িল, প্রয়োজন হইবে তাহারি মীমাংদা কবা। কিন্তু জীব ও জগৎ যদি অসত্য স্থবা অবাস্তব বস্তু হয়, বিশ্বাতীত চেত্রনায় তাহাদেন অন্তিম্বের কোন সত্য যদি না থাকে, মায়ার নিজ ক্ষেত্র হইতে বাহিরে গেলেই সত্য বলিয়া যাহা বোধ হইতেছে তাহ। যদি লোপ পায়, তাহ। ২ইলে এক হস্তে যাহা দেওনা হইয়াছিল অন্য হস্তে তাহা কাডিয়া নেওয়া হয়; কেননা যাহাকে সত্য বস্তু বলিয়া দেওয়া হট্যাছিল, এখন দেখিতেছি তাহা আগাগোডাই ছিল একটা মিখ্যা. একটা ভ্রম। মায়া, বিশ্ব ও জীব সত্য এবং অসত্য এ দুইই ; ইহা অসত্য সং বা অবাস্থব বস্তু অর্থাৎ অবিদ্যাচ্ছণু দৃষ্টিতে ইহারা সত্যা, প্রকৃত জ্ঞানে অসত্য।

### সৰ্দ্ধী এবং বিশ্বভ্ৰান্তি

জীব ও জগতের কোন সত্য আছে তাহা একবাব যদি স্বীকার কবি তবে ভাহার সীমার মধ্যে তাহা খাঁটি সত্য কেন হইবে না ইহা বঝা শক্ত। একখা স্বীকার করা যায় যে যাহার প্রকাশ হইতেছে তাহা অপেক। শীমিত সত্য যাহা বাহিরে প্রকাশ পাইতেছে, জগৎকে বলিতে পাবি ব্যারে একটা চললীলা, তাই তাহার স্বরূপ সতায় ছাড়া জগৎকে পবিপূর্ণ বা সম্প্র সত্য বস্তু বলিতে পারিনা ; কিন্তু সে জন্য তাহা অসত্য বলিয়া অগ্রাহ্য কবিবাব কোন কারণ দেখিনা। যে মন নিজের নিকট এবং নিজের গড়া রূপরাজি হইতে অন্তবে অন্প্রবিষ্ট হইতেছে যে মনেব নিকট জীবজগৎ মিখ্যা বোধ হইতে পাবে বটে, কিন্তু তাহার কাবণ মন অবিদ্যাবই একটা যন্ত্র, এবং যখন সে নিজের গড়া রূপবাজি, অবিদ্যাচছনু অপূর্ণ বিশ্বের ছবি হইতে সবিয়া দাঁড়ায় তথন তাহাদিগকে নিজেব গড়া মিখ্যা কিছু, যাহার কোন ভিত্তি নাই এমন অসত্য কিছু মনে কবিতে বাধ্য হয় : দে একদিকে প্রম সত্য ও জ্ঞান এবং অন্যদিকে নিজেন অবিদ্যা এ দয়ের মধ্যে বিবাট ব্যবধান দেখে, বিশ্বাতীত সত্য এবং বিশ্বগত সত্যের মধ্যে যে খাঁটি যোগসূত্র আছে তাহা দেখিতে দেয় না। চেত্রনার আরও উচ্চতর ভূমিতে পৌঁছিলে দৃষ্টির এ অক্ষমতা দূব হয় যোগসূত্র আবিকৃত হয় . তখন লমজ্ঞান এবং ব্রান্তিবাদের প্রয়োজন খাকে না, তাহানা অপ্রযোজ্য হইয়া পড়ে। বুদ্ধের পরাচেত্রনা বিশুকে দেখেনা অথবা কালেব মধ্যে অবস্থিত তাহাব আন্ধা নাহাকে সত্য বলিয়া জানে তাহাকে মিথা। বলিয়াই দেখে ইহা চনন সত্য হইতে পাবেনা । বিশ্বগত সন্তা বিশ্বাতীত সন্তার উপর নির্ভব করিয়াই বর্ত্তমান থাকিতে পারে, কার্লের মধ্যস্থিত বন্ধে কালাতীত শাশুত ব্রুবের কোন তাৎপর্য্য নিশ্চয়ই নিহিত **আছে** : তাহা না হইলে বস্তুর মধ্যে কোন আস্থা এবং চিৎসত্তা থাকিতে পারিতনা এবং ফলে কালিক সত্তারও কোন দাঁড়াইবার ভিত্তি থাকিতনা।

বিশ্ব অচিরকালস্থায়ী, শাশুত নয়, যাহ। অবিনাশী এবং অরপ তাহাব উপর আরোপিত এক নশুর রূপ বলিয়। বিশ্ব পরিণামে সত্য নয় বলা হয়। বুদ্রের সঙ্গের বৃষ্টোন্ত মৃত্তিকা এবং মৃত্তিকা-নিশ্বিত ঘটের সম্বন্ধরূপে দেওয়া হয়, য়ট এবং মৃত্তিকা-নিশ্বিত অন্য সব বস্তু তাহাদের মূল সত্য মৃত্তিকাতেই আবার পরিণত হয়, এ সমস্ত কেবল ক্ষণস্থায়ী রূপ, যখন তাহাদের লোপ হয় তখন অরূপ মূল সত্য মৃত্তিকা অবশিষ্ট খাকে অন্য কিছু পাকেনা। কিন্তু এই দৃষ্টান্ত দিয়া ইহার বিপরীত সিদ্ধান্তকেই আরও ভালভাবে পুমাণ করা যায়. বলা চলে যে উপাদানে ঘট পুস্তুত সেই মূল উপাদান মৃত্তিকা সত্য বলিয়া ঘটও

# पिया कौयन वार्ख

সত্য, ঘট একটা ভ্রম নহে, এমন কি যখন ঘট পুনরায তাহার আদি মূল মাটিতে মিশিয়া যায় তখন ও তাহার শতীত অস্তিম্ব অসত্য অবস্তু বা লম ছিল ইহা বলিতে পারিনা। একটি আদি সত্য বস্তু এবং মার একটি প্রাতিভাসিক অসত্যের সম্বন্ধ ইহা নয়: মাটিকে ছাড়িয়া যদি ঘটেব আবও মূলীভূত অদূশ্য সত্য উপাদান আকাশ তবে যাই এবং তাহার সহিত ঘটের সম্বন্ধের বিচাব কবি তবে বুঝি যে প্রকত সম্বন্ধ হইবে আদি অব্যক্ত নিত্য বস্তুর সত্যের সহিত তাহা হইতে কালেব ক্ষেত্রে ব্যক্ত ও প্রকাশিত তাহাতে আণ্রিত এবং তাহার স্বধীন এক সত্য বস্তুর সম্বন্ধ। তাত্বা ছাড়া মৃত্তিকা অখবা আকাশের মধ্যে ঘটের রূপ নিত্য সম্বাবনারূপে কর্ত্রমান আছে এবং যতক্ষণ উপাদান আছে ততক্ষণ যে রূপেবও প্রকাশ যে কোন মূহর্ত্তে হইতে পাবে। রূপেব তিরোভাব ওধু ব্যক্ত অবস্থা হইতে প্রবাক্তে পৌঁছা ছাডা আর কিছু নয়; একটা জগতের ধ্বংস বা প্রলয় হইতে পানে কিন্তু জগদ্বৰ সত্তাও যে ক্ষণিক প্ৰতিভাগ মাত্ৰ এমন কোন প্রমাণ নাই : বরং আমনা ধবিষা লইতে পাবি যে প্রকাশশীলতা ব্রয়েন একটা স্বাভাবিক শক্তি যে শক্তি নিত্যকালেন অবিচিছ্যুপ্রবাহে অথবা নিত্য পুনবা-বৃত্তিব ছন্দে সর্ন্দ। ক্রিয়া কবে। বিশ্বাতীত পরম সতা এবং বিশ্বগত সত্যের মধ্যে প্ৰকাৰ ভেদ আছে ইহা সত্য কিন্তু তাহা বনিষা বিশ্বগত সত্য বিপ্ৰাতীত সত্যেব নিকট কোন ভাবে অসৎ বা অসত্য একখা বলিবাব কোন প্রযোজন দেখিনা। কারণ, শুদ্ধ বৃদ্ধিব ধাবণার কাছে যাহ। নিত্য কেবল তাহাই সত্য; অর্থাৎ তাহাব নিকট কাল্পুবাহের মধ্যে যাহা চিরকাল বর্তমান খাকে তাহা সত্য অথবা কালাতীত তত্বই একমাত্র সন্যা. এইভাবে ভেদ-দর্শন মনেব ধাবণা হইতে জাত, মনের গড়া একটা সংস্কাব; কিন্তু বৃহৎ একটা পূর্ণ অনুভূতি আছে যাহাকে মনেব এ সংস্কাব দারা আবদ্ধ করা যায় না। কালাতীত শাশুত বস্ত যে কালগত সত্তাকে অবশ্য মুছিয়া ফেলিবে একখা সত্য নহে; তাহাদের মধ্যে অত্যন্ত বিবোধেৰ সম্বন্ধ শুধু ব্যবহাবিক ভাষায়ই আছে, ৰম্বতঃ তাহাদের সম্বন্ধ একের অনোর উপব নির্ভরতার সম্বন্ধ হওয়াই অধিকতর শন্তব।

তেননি যে যুক্তি নিতাবস্থর সক্রিয়তাকে অস্বীকাব করে, ব্যবহারিক বলিয়াই ব্যবহারিক সত্যেব উপর অবাস্তব বস্তরূপ কলঙ্ক-কালিমা লেপিয়া দেয় তাহাকে স্বীকার করা শক্ত ; সব দিক দেখিলে বলা চলেনা যে ব্যবহারিক সত্য আধ্যান্ত্রিক সত্য হইতে সম্পূর্ণ পৃথক বস্তু কিম্বা তাহার সক্ষে একেবারে সম্পর্কপুন্য ; তাহা চিদ্বস্তরই শক্তির পরিণাম অথবা তাহার ক্রিয়াশক্তির

#### সহয়ে এবং বিশক্তান্তি

একটা গতি একটা বৃত্তি। দু'এব মধ্যে পার্থক্য নিশ্চমই আছে কিন্তু তাহাদের মধ্যে একান্ত বিরোধ রহিয়াছে তাহা বলিতে গেলে ধনিয়া লইতে হয় যে নিত্য বন্তুর নিশ্চল নৈশ্বদ্যন্তিই কেবলমাত্র সত্য এবং তাহাব সম্প্র সন্তা কিন্তু তাহা হইলে নিতাবস্ততে কোন ক্রিয়া বা গতি নাই, সক্রিয়তা দিব্য নিতা সন্তার পরা প্রকৃতির একান্ত বিরোধী বন্তু ইহাও স্বীকার করিতে হয়। কিন্তু যদি কোনপুকার কালিক এবং বিশ্বগত সত্য থাকে, তাহা হইলে তাহা ফুটাইয়া তুলিবার একটা শক্তি একটা সক্রিয় বীর্য্য স্বাভাবিকভাবেই নিতাবস্ততে আছে, বুদ্রের শক্তি লম স্বাষ্ট্র করা ছাড়া অন্য কিছু কবিতে সমর্থ নহে ইহা ভাবিবার কোন কারণ নাই। বরং বলা উচিত যে যাহা স্বাষ্ট্র করে তাহা সর্ব্বেশন্তিন্যান এক চৈতনোরই শক্তি; যাহা পরম সত্যস্বরূপ তাহার স্কন্তিও হইবে সত্য, প্রম নহে; সেই অন্বয় তত্ত্বই একমাত্র সত্য বলিয়া বিস্কৃষ্টি হইবে তাহাবই আন্ধ্রনপান্য, নিত্যবন্ত্বর প্রকাশ-মূন্তি, তাহা আদি এক মহাশূন্যতা হইতে—সে শূন্যতা সন্তাব শূন্যতা বা চৈতনোর শূন্যতা যাহাই হউক না কেন—মায়ার দ্বাবা স্বান্ট মিথ্যার কোন রূপ নহে।

স্ব্পবিবর্ত্তনশূন্য, অলক্ষণ, নিজ্জিয় এক সত্যবস্থ আছে এবং চেত্রনা নিজে বিত্তিহীন নৈ:শব্দ্য স্থিতিতে অবস্থিত হইলে সে সত্যবন্ধর উপলব্ধি হয়, জগৎ সত্য বলিষা স্বীকাব না করিবাব মূলে এই ধাবণা এবং অনুভব রহিয়াছে। কিন্তু জগৎ ক্রিয়া 'ও গতির পবিণাম, ইহাতে সন্তাব শক্তি ক্রিয়ার ভিতবে নিজেকে ঢালিয়া দিয়াছে, এখানে শক্তি ক্রিয়াশীল, সে শক্তি পবিকল্পনাময় বা যন্ত্রভাবা-পনু যাহাই হউক, তাহাতে আধ্যান্মিক বা মানসিক, প্ৰাণময় বা জডময যে কোন ক্রিয়া বা গতি থাকুক না কেন ; তাই মনে হইতে পারে যে ইহা নিশ্চল নিক্রিয় নিত্য সত্যদস্ত্রব একান্ত বিবোধী স্মৃতরাং মিখ্যা, অখবা ইহা আত্মস্বরূপ হুইতে বিচ্যুত কিছু, দার্শনিক বিচাবে এবং ধারণায় এই মত গ্রহণ কবিতেই হইবে এমন কথা কিছু নাই; বুদ্র যুগপৎ নিচ্ছিয় এবং সক্রিয় কেন হইতে পাবেন না তাহার কোন যুক্তি বা কারণ নাই। সত্যবস্থর নিত্য নিশ্চল স্থিতির মধ্যে তাহার এক নিত্য শক্তি বর্ত্তমান আছে এবং সে শক্তি ক্রিয়। এবং গতিরূপে অবশ্যই নিজেকে ফুটাইয়া তুলিতে পাবে ইহা স্বীকার কবা সম্পূর্ণ যুক্তিযুক্ত : সজার নিশ্চল স্থিতি এবং সচল ক্রিযাশীলতা এ উত্তযই সতা হইতে পাবে। আবার এই দুই ভাব যুগপৎ বর্ত্তমান খাকিতে পারেনা ইহা মনে করিবারও কোন কারণ নাই, বরং যুগপৎ বর্ত্তমান থাকা স্বাভাবিক এবং প্রয়োজন, কেননা স্থিতিকে

#### দিব্য জীবন বার্তা

্ আশ্রুষ করিয়া বা স্থিতি দারা চালিত হইয়াই সকল ক্রিয়া সকল গতিকে বর্ত্তমান থাকিতে হন, নৈলে তাহা স্বষ্টিশীল বা ফলপ্রসু হইতে পারেনা ; স্থিতি না থাকিলে কোন স্ট বস্তু জ্যাট বাঁধিতে পারেনা, তথু এক নিরবচিছ্নু আবর্ত্তন বা গতি থাকিতে পাবে কিন্তু কোন কিছু রূপায়িত হুইয়া উঠেনা : তাই সন্তাৰ সক্রিয়তার জন্য তাহার স্থিতি ও রূপের প্রয়োজন আছে। যেখানে জড জগতে শক্তিই আদি সত্য বস্তু, সেখানেও নিজেরই ক্রিয়াব আশ্রুয়রূপে শক্তিকে নিজেবই একটা স্থিতিকপ বা একটা স্বায়ী আকার গডিতে হয়, একটা বস্তু-ভাবকে কালের মধ্যে বাথি করিয়া ধনিতে হয়। স্থিতি সাময়িক হইতে পানে তাহা নিবৰ্ণচিছন গতির ধাবা স্কষ্ট এবং ৰক্ষিত একটা সাম্য বা স্থিৱতা মাত্রও হইতে পাবে কিন্তু যতক্ষণ তাহা খাকে ততক্ষণ তাহা সত্য এবং তাহা নষ্ট হইয়া যাইবান প্রবও অতীতে তাহা সত্য ছিল ইহা আমবা মনে কবিতে পারি। ক্রিয়ান আধাৰ নপে যে স্থিতিৰক্ষী একটা তম্ব প্ৰযোজৰ ইহা বিশ্বেৰ একটা শাণ্ড विशान, এবং कात्नव निज्ञ श्रवादश्य मध्या এ विशान गर्वमार्थ क्रियानीन। যখন আমনা শক্তির এই সমস্ত গতি এবং রূপ স্পষ্টিব পশ্চাতে অবস্থিত আধারভত স্থিতিব তহকে আবিষ্কার কবি তখন আমরা বুঝিতে পারি বটে যে স্পষ্ট পদার্থের স্থিতি সাময়িক মাত্র: একই ক্রিয়াব পুনঃ পুনঃ আবর্ত্তনে, একই ভঙ্গীতে শক্তির ক্রিয়া পনঃ পনঃ ফিনিয়া আসাতে বস্তুন একই স্থিতিগল্মী রূপায়ণ থাকে ; কিন্তু এ স্থিতি একটা স্বষ্ট বস্তু : আপনাতে আপনি বর্ত্তমান নিত্য স্থিতি, যাহার শক্তিই রূপ স্টাষ্ট কনে, সেই শাশুত সত্তাতে শুধু আছে। কিন্তু সেই জন্য অচিব-স্থায়ী রূপ অসত্য এ সিদ্ধান্তে আনবা পৌঁছিতে পাবি না : কেননা সত্তার শক্তি সত্য বস্থু এবং সেই শক্তি দ্বাবা স্বষ্ট রূপ হইবে সত্তারই রূপ। যাহাই হউক. সন্তান স্থিতিব অবস্থা এবং তাহার নিত্য গতি এ উভয়ই সত্য এবং উভয়ই যগপং বৰ্ত্তমান : স্থিতিভাব ক্রিয়া ও গতিকে স্থাঁকাব কবে আবাব গতি ও ক্রিয়া স্থিতিভাবের বিলোপ সাধন কবে না। অতএব আমাদের সিদ্ধান্ত এই যে যাহা গত্তি ও স্থিতি এ উভয়কে শতিক্রম করিয়া বর্ত্তমান আছে সেই সভাবন্ধর নিতা স্থিতি এবং নিতা গতি এ উভয়ই যতা : যচল বা ক্ষর এবং নিশ্চল বা অক্ষর বুদ্ধ উভ্যই এক ত্র।

কিন্তু অভিজ্ঞতার আমরা দেখি যে সাধাবণ অবস্থায় নিশ্চলতা এবং নৈঃশব্দ্যের মধ্য দিয়া শাশুত এবং অনস্ত সন্তার স্থায়ী অনুভূতি আমরা লাভ করি; আমাদের যন এবং ইন্দ্রিয় আমাদিগকে যে জগৎ দেখাইতেত্তে তাহার পশ্চাতে

## সৰ্বত্ত এবং বিশ্বজ্ঞান্তি

যে কিছু আছে তাহা আমরা প্রশান্ত নীরবতার মধ্যেই সর্বাপেকা দৃঢ় এবং নিশ্চিতরূপে অনুভব করি। আমাদের জ্ঞানান্ত্রক ভাবনা আমাদের প্রাণের আমাদের সন্তার দকল ক্রিয়াই সত্য বা সত্য বস্তুকে যেন ঢাকিয়া রাখিয়া দেয়: তাহার৷ সান্তকেই শুধু ধরিতে পারে অনন্তকে নয়, কালাবচিছ্নু বস্তু লইয়াই তাহাদের কারনার শাশুত সত্য বস্তুকে নইয়া নয়। এই যুক্তি দেখান হয় যে এরপ হওয়ার কারণ সকল ক্রিয়া সকল স্টি সকল বিশেষ অন্ভৃতির কাজই গীমিত করা ; ইহারা সত্যকে ধরিতে পারে ন। ; তাই যথন আমরা সত্যবস্তুর অবিভাজ্য অনির্দ্দেশ্য চেতনায় অনুপ্রবিষ্ট হই তখন এই সমস্তেব দারা গড়া রূপ তিরোহিত হইয়া যায়: এ সমস্ত রূপ কালের ক্ষেত্রে যতই পত্য হউক বা সত্য-বোধ হউক না কেন নিত্যের ভূমিতে অসত্য ; কর্ম্ম অবিদ্যায়, স্টাইতে এবং সান্ত-ভাবের মধ্যে লইয়া যায় : গতি এবং স্পষ্টি নিজ্ঞিয় সত্যের, অজ শুদ্ধ নিশ্চল সংস্বরূপের একান্ত বিরোধী। কিন্ত এই যুক্তিধারাকে আমরা পূর্ণ প্রামাণিক রূপে গ্রহণ করিতে পারি না, কেননা তাহাতে জগৎ ৭বং তাহার গতিবৃত্তিকে আমাদের মনোময় জ্ঞান যে ভাবে দেখে, আমাদের অনুভূতি এবং কর্ম্মকে সেই দৃষ্টিতেই দেখা হইয়াছে ; কিন্তু ইহা শুধু সেই দৃষ্টি দিয়া অনুভব যাহা কালেব পুৰাহে ভাসিতে ভাসিতে আমাদের বহি<sup>\*</sup>চব সন্তাব সদা পরিবর্ত্তনশীল অবস্থাই দেখে, যে দৃষ্টি নিজেই বাহিবের বিষয়ে আবদ্ধ, যাহার পূর্ণরূপে দেখিবার শক্তি নাই, যাহা বস্তুর গভীরে ভূবিয়া দেখিতে শিখে নাই, যাহা বস্তুব একদেশ শুধু দেখে স্মৃতবাং যাহা সীমিত। কিন্তু যখন আমবা ক্ষণিক প্রত্যয় বা ক্ষণিক জ্ঞানের হাত হইতে মুক্ত হইয়া ঋতচিৎ বা সত্যচেতনায় যাহা স্বাভাবিক সেই নিত্যজ্ঞানের ক্ষেত্রে প্রবেশ করি তখন বস্তু তঃই দেখিতে পাই কর্ম বন্ধন করে না সীমা বা সঙ্কোচও আনে না। কর্ম মুক্তপুরুষকে বদ্ধ বা সীমিত করে না; কর্ম নিত্য সম্বস্তুকেও বদ্ধ বা দীমিত করে না; আমরা আরও অগ্রসর হইয়া বলিতে পারি যে কর্ম আমাদেরও শত্য সত্তাকে একটুও বন্ধ ও সীমিত করে না। কর্ম অধ্যাম্ম বা চিন্ময়পুরুষ অথবা আমাদের অন্তবস্থিত চৈত্যপুরুষেব উপর সেন্নপ কোন প্রভাব বিস্তার করিতে পারে না ; বাহিনেব ক্ষেত্রে যে ব্যক্তিপুরুষ ব। কামময় পুক্ষ গঠিত হইয়াছে কর্ম শুণু তাহাকেই বদ্ধ ও শীনিত কৰে। এই কামময় পুরুষ বা অহং কালের ক্ষেত্রে আমাদের আগ্রনন্তার একটা প্রকাশ, তাহারি সদা পরিবর্ত্ত্বশীল একরূপ, তাহারি দারা ইহার অস্তিম্ব সম্ভব হইরাডে. সেই ইহাকে বর্ত্তমান রাখিয়াছে, ইহা নিজেব অন্তিম ও উপাদানের জন্য তাহারি

#### निया कोवन वासा

উপর নির্ভব করিয়া আছে,—এ পুরুষ অচিরস্বায়ী বটে কিন্ত অসত্য দয়। আমানের চিন্তা এবং কর্ম্ম আমাদের এইভাবে প্রকাশের উপায়, কিন্তু এই প্রকাশ অপূর্ণ, কিন্তু পরিণতিশীল, কালের ক্ষেত্রে আমাদের প্রাকৃত সত্তা ক্রমশ: এইরূপে ফুটিয়া উঠিতেছে বলিয়া ভাবনা এবং ক্রিয়া ইহার ক্রমস্ফুরণে সহায়তা করে. ইহাকে পরিবর্ত্তিত ইহার সীমাকে প্রসারিত করিতে অথচ সেই সঙ্গে আবাব শীমাকে বজায় রাখিতেও চায়, এই অর্থেই তাহারা সঙ্কোচ ও বন্ধনের কারণ : তাহার। নিজেবাই আদ্ধার অভিব্যক্তির একটা অপূর্ণ অবস্থা। কিন্তু যখন আমবা আমাদের আত্মস্বরূপে ফিরিয়া আসি যখন আমবা আমাদের সত্য আত্ম। বা সত্য ব্যক্তিয়ে অনুপুর্বিষ্ট হই তখন কর্ম্ম বা অনুভূতির সীমা দ্বাবা আর আমর। বদ্ধ বা গীমিত হই না ; তখন অনুভূতি এবং কর্ম্ম উভয়ই হয়, যিনি স্বয়ংক্রিয় তাঁহার চেতনার ও শক্তির অভিব্যক্তি ব। বিভূতি, তখন তাহার। প্রাকৃত সন্তার স্বাধীন আন্ধনিয়ন্ত্রণেব, আন্ধান স্বতঃপ্রকাশের, যাহা নিজে অসীম কালের ক্ষেত্রে তাহার সম্ভূতির উপায় হইয়। দাঁড়ায়। পরিণতিব ক্ষেত্রে আদ্বনিয়ন্ত্রণের পক্ষে একটা অবস্থায় সীমাব বন্ধন প্রয়োজনীয়; তাহাতে আন্ধার বিলোপসাধন অখবা সত্য বা আত্মস্বরূপ হইতে চ্যুতি ঘটে স্কুতরাং তাহা নিজে মিখ্যা—এমন কথা বলা চলিত যদি তাহাতে সভার স্বরূপ বিকৃত বা তাহার সমগ্রতা ক্ষুণু হইত ; তাহা চিৎসত্তাব বন্ধনের কারণ স্থতরাং অবৈধ এবং অবাঞ্চিত হইত, যদি তাহা যে চৈতন্য জগতেব শ্রপ্তী। এবং সম্ভবতম দ্রপ্তী তাহাকে সনাম। হইতে আগত কোন ভিনু জাতীয় শক্তির আরোপ দারা আচছনু করিয়া ফেলিত অথবা যদি তাহা সত্তাব আম্বচেতনা বা তাহার সম্ভূতিব ইচ্ছার বিরোধী কোন উপসর্প স্টাই করিত। কিন্তু সকল কর্ম্ম এবং রূপায়ণের মধ্যেও সত্তার স্বরূপ যাহা ছিল তাহাই থাকিয়া যায়, এবং স্বাধীন ভাবে সীমাগ্রহণে সন্তার সমগ্রতার কোনও हानि हय ना : गीगात्क हेम्छा कवियाहे शुहन कता हहेशात्छ, नित्कहे नित्कत উপর আরোপ কবা হইয়াছে, বাহির হইতে আরোপিত হয় নাই—স্রামাদের সমগ্রতাকে কালের গতিপ্রবাহের মধ্যে ফুটাইয়া তুলিবাব উপায়রূপেই সীমা গৃহীত হইয়াছে, ইহ। আমাদের অন্তরস্থিত চিন্ময সতা হারা আমাদের বাহ্য প্রাকৃত সত্তার উপর আরোপিত বস্তুর একটা ধানা, চিরস্বতম্ব চিন্ময় সন্তার উপর কোন বন্ধনের আরোপ নয়। স্ত্তরাং এমন কোন যুক্তি পাইতেছি না যাহাতে বলিতে পারি যে অনুভূতি এবং কর্ম্মের সীমা দেখিযা আমাদিগকে সিদ্ধান্ত করিতে হইবে যে এ গতি অসত্য, অথবা চিন্ময় বস্তুর প্রকাশ, রূপায়ণ ব।

# স্থা এবং বিশ্বজান্তি

আন্ধ-বিস্ফটি অসত্য। ইহা সত্য যে ইহা কালের মধ্যে প্রকাশিত সত্যের এক কপ; কিন্তু ইহা সত্যবন্তর একটা সত্য রূপ, তাহা ছাড়া আর কিছু নয়। এই প্রস্কুরণে, এই গতিতে এই ক্রিয়ায় এই স্ফটিতে যাহা কিছু আছে তাহা বুদ্র; সম্ভূতি সন্তারই একটা গতি ও ক্রিয়া; কাল শাশুত বন্তুরই একটা প্রকাশ। সমস্তই এক সন্তা, এক চৈতন্য; অনন্ত বহুদ্বের মধ্যেও এক; বিশ্বাতীত সত্য এবং অসত্য বিশ্বমায়া এই দুই রূপে সেই প্রম একম্বকে বিশ্বতিত করিবার কোন প্রয়োজন নাই।

শক্তরের দর্শন পড়িলে মনে হয় যে একদিকে তিনি বোধিয়ানা জগদতীত চৰমতৰ এবং অন্তরতম শত্য বস্থ সম্বন্ধে গভীরজ্ঞান লাভ কৰিয়াছেন, অপবদিকে এক অতি তীক্ষ বৃদ্ধি এবং প্রবল যুক্তিধাবার মধ্য দিয়া জগংকে দেখিয়াছেন কিন্তু এই দুইভাবের মধ্যে একটা বিবোধ রহিয়া গিয়াছে তাঁহান মহামনীঘা দুই বিরোধের পূর্ণভাবে কোন সমাধান না দিয়া ববং তাহা জোরের সহিত চমৎকার ভাবে সাজাইয়া গুছাইয়া বর্ণনা কবিয়াছে। এ মনীমীর দার্শনিকবৃদ্ধি প্রাতিভাসিক জগৎকে যুক্তির ভূমিতে দাঁড়াইয়াই দেখিয়াছে; যেখানে যুক্তিই বিচারক এবং মীমাংসক; যুক্তির অতীত ক্ষেত্র হইতে লব্ধ প্রমাণের উপবে ভাহার প্রামাণিকতা নির্ভর করেনা : কিন্তু প্রাতিভাগিক জগতেন পশ্চাতে এক জগদতীত সত্য বস্তু আছে শুধু বোধিই তাহা জানিতে পারে; দেগানে বোধিব অন্ভবের মূল্য যুক্তি অপেক্ষা অনেক বে•ী—সম্ভতঃ সাদ্য ভেদান্ত্বক যুক্তি অপেকা যে বেশী সে বিষয়ে সন্দেহ নাই; বুদ্ধি জগৎ এবং জগদতীত সন্তার মঞ্চে যোগসাধন কবিতে পারেনা, স্কুতরাং বিশ্ববহস্য সমাধান তাহার পক্ষে অসম্ভব। যুক্তি প্রাতিভাসিক সত্তাকে সত্য এবং তাহাব সত্যকে প্রামাণিক বলিয়া স্বীকাব কবে কিন্তু তাহা শুধু প্রাতিভাগিক গভাব মধ্যে প্রামাণিক। প্রাতিভাসিক সত্তা সত্য কেননা তাহা নিত্য সত্য বস্তুনই কালের ক্ষেত্রে প্রতিভাস ; কিন্তু তাহ। স্বন্ধপতঃ সেই সত্যবস্থ নহে, এবং আমর। যখন প্রতিভাসকে অতিক্রম করিয়া পরম সত্যে পৌঁছি, তখন প্রতিভাগ থাকে বটে কিন্তু আমাদের চেতনায় তাহার প্রামাণিকতা সার ধাকেনা ; স্থতরাং তাহা অসত্য। আমাদের মনশ্চেতনা যখন সত্তার এই উভয় দিক সম্বন্ধে সচেতন হয় এবং তাহাদের মধ্যে আসিয়া দাঁডায তখন তানার স্বাভাবিক প্রকৃতি অনুসারে তাহাদের একটা বিরোধ দর্শন করে, শঙ্কব এ বিরোধকে স্বীকার করিয়া নিয়া একটা মীমাংসা করিতে চেষ্টা করিয়াছেন : যক্তিকে স্বীকার করিতে

# पिया क्रीवन वार्ड

বাধ্য করিয়াছেন যে তাহার শক্তির সীমা আছে ; অবশ্য সেই সীমার মধ্যে তাহার নিজের রাজন্ব, বিশুলোকে সে একচছত্র সমাট, সেই সঙ্গে মনকে স্বীকার করাইয়াছেন যে বিশ্বাতীত সত্য বস্ত সম্বন্ধে কিছু বলিবার অধিকার আন্ধার বোধিবৃত্তিরই শুধু আছে ; এবং মনের টেপর আরোপিত মায়াকলিপত সীমার বাঁধন কাটিয়া আত্মাকে পলায়নের পথ দেখিতে হইবে ইহ। সমর্থন করিতে তর্কশাস্ত্রানুমোদিত পথেই মনকে বাধ্য করিয়াছেন; অবশ্য ইহা করিতে গিয়া প্রাতিভাসিক এবং যুক্তিসঙ্গত ব্যবহারিক জগতের সমগ্র সৌধকে অবশেষে তিনি চূর্ণ করিয়া দিয়াছেন। শঙ্করের স্ক্রা ও গভীর দর্শনের নানা ব্যাখ্যা थोकिरने अयोगात्मत मरन इस रय जाँदात जग९-तदरागत ममाधान जुँदात मरज এই যে একদিকে এক বিশ্বাতীত বস্তু আছে যাহা স্থাপনাতে আপনি বর্ত্তমান তাহা নিবিবশেষ, তাহার কোন পরিবর্ত্তন নাই আর একদিকে এক জগৎ আছে যাহা প্রাতিভাসিক এবং কালাবচিছনু। নিত্য সত্য বস্তু প্রাতিভাসিক স্বগতে নিজেকে আত্মা ও ঈশুররূপে প্রকাশ করেন। মায়া ঈশুরের প্রাতিভাসিক স্ষ্টির শক্তি, এই মান্না দারা ঈশুর কালের ক্ষেত্রে প্রতিভাসরূপে এই স্ষ্টি করেন. যাহ। চরম এবং পরম সত্য তাহাতে এই প্রাতিভাসিক জগতের কোন অন্তিম নাই—আমাদের ইন্দ্রিয় ও মনগত চেতনার মধ্য দিয়া মায়া অতিচেতন বা শুদ্ধ আন্বচেতন ব্রদ্রে এই প্রতিভাগ আরোপিত করে। সত্যবস্তু বুদ্রকেই প্রাতিভাগিক জগতের মধ্যে সজীব ব্যষ্টির আন্ধা রূপে বোধ হয়, কিন্তু বোধিজাত জ্ঞানে বা অপরোক্ষানভতিতে যখন ব্যাষ্ট্রসত্তা গলিয়া যায় তখন প্রাতিভাসিক সন্তার আত্মসত্তাতে মুক্তি হয়, সে আর তখন মায়ার অধীন থাকেনা, ব্যষ্টিসত্তার ব। জীবত্বের প্রতিভাগ হইতে মুক্ত হইয়। বুদ্ধের মধ্যে লয় বা নিবর্ণাণ হয়; কিন্তু আদি-অন্তহীন জগৎপ্রবাহ দিশুবেব মায়িক স্টিরূপে চলিতে থাকে।

এই ব্যবস্থায় অধ্যাম্ব অনুভবেব তথ্যের সঙ্গে যুক্তি এবং ইন্দ্রিয়জ্ঞান-লব্ধ তথ্যের একটা পরস্পর সম্বন্ধ স্থাপিত হয় বটে এবং বিরোধের হাত হইতে নিক্তি পাওয়ার একটি আধ্যাম্বিক কার্য্যকরী পথাও দেখা দেয় কিন্তু সমস্যার সমাধান তাহাতে হয়না, বিবোধ দূর হয় না। মায়া সংও বটে অসংও বটে; জগং একান্ত অম নয়, কারণ ইহার অস্তিম্ব আছে এবং কালের ক্ষেত্রে ইহা সত্য; কিন্তু তাহা হইলেও শেঘ পর্যাস্থ্য তুরীয় বা জগদতীত ভূমিতে জগং মিধ্যা হইয়া যায়। ইহা এই যে দিখা বা মুর্য স্থাষ্টি করে তাহা নিজেকে অতিক্রম করিয়া বিস্তারিত হইয়া কেবল শুদ্ধ আশ্বসন্তা ছাডা আর যাহা কিছু আছে

# সৰ্ভ এবং বিগ্ৰান্তি

তাহাদের সকলকেই স্পর্শ করিয়া যায়। যেমদ ঈশুর; তিনি মায়া ছারা আবৃত হন না বরং তিনি মায়ার স্রষ্টা, কিন্তু তবু তিনি বুদ্ধের একটা প্রতিভাস, চরম 🔭 সত্য নহেন, তিনি যে কালিক জগৎ স্বষ্টি করিয়াছেন তাহার সম্পর্কেই শুধ তিনি সত্য ; ব্যাষ্ট আত্মার প্রকৃতিতেও এই দ্বার্থই দেখিতে পাই। ক্রিয়া যদি একেবারে বন্ধ হইযা যায় তবে ঈশুর, জগৎ বা বাষ্টিসত্তা কিছুই থাকিবেনা, কিন্তু মায়া নিত্য, ঈশুর এবং জগৎ কালেব ক্ষেত্রে নিত্য : ব্যষ্টিগত্ত। ততদিন থাকিবে যতদিন জ্ঞানদার। তাহার আদ্ববিলপ্তি না দটে। এই সমস্ত ত্রপোব ভাবনাকে স্বীকাব কবিতে গেলে বৃদ্ধি যাহার সমাধানে অক্ষম যুক্তির অতীত তেমন অনিব্রচনীয় বহস্যময় এক ধারণান আশুয় নিতে হয়। কিন্ত এই দ্বিধার সম্মুখীন হইয়া স্ফাষ্টর আদিতে এবং বিচারের শেঘে উভয়ত্রই অসমাধেয় বহস্য থাকিয়া যায় দেখিয়া সংশয আসে যে বিচাবরূপ শিকলের একটা কড়া বোধহয় হারাইয়া গিয়াছে। ঈশুর তো মায়াজাত প্রতিভাস নহেন তিনি সত্য বস্তু, তাহা হইলে তিনি তরীয় বা জগদতীত সন্তাব এক সত্যোরই প্রকাশ অথবা তিনি নিজেই সেই জগদতীত তম্ব যাহা নিজের সতার মধ্যে এক বিশুকে প্রকাশ কবিষা তাহাকে পরিচালিত করিতেছেন: জগতের কোণাও কোন বাস্তবতা যদি থাকে তাহা ২ইলে তাহাও সেই ত্ৰীয় তত্ত্বের কোন সতাই হইবে, কাৰণ একমাত্র ভারতেই কোন বাস্তবতা থাকিতে পাবে। যদি বাষ্ট্রসভার নিজ স্বন্ধকে আবিষ্কার কবিবার কোন শক্তি থাকে, যদি সে জগদতীত নিত্য সত্তায় পুবেশাধিকার লাভ কবিতে পারে এবং যদি মুক্তি তাহাব প্রম পুরুষার্থ হয তবে তাহাবও করিণ এই যে সে জগদতীত তত্বেবই এক সত্য। তাহাকে ব্যক্তিগত ভাবে নিজেকে আবিষ্কাব করিতে হইবে কাবণ ত্বীয তত্ত্বেব মধ্যে তাহার ব্যষ্টিসন্তারও কোন সত্য আছে, যাহা আজ তাহাব কাছে আৰত এবং যাহা তাহাকে লাভ করিতে হইবে। আন্ধা এবং জগৎ সম্বন্ধে আমাদের স্ববিদ্যাকে বিদূবিত করিতে হইবে, ল্ম বা মিখ্যাবস্থ নাম দিয়া জীবজগৎকে নহে।

ইহা স্পষ্ট যে জগদতীত ব্ৰদ্ধ অপুতৰ্ক্য বা বিচারবৃদ্ধির অগম্য, একমাত্র বোধির অনুভূতি এবং উপলব্ধিতে তাহাতে পৌঁছা যায়, ঠিক তেমনি জগৎ-রহস্যও অপুতর্ক্য। তাহাই ত হইবে, কেননা জগৎ তো সেই জগদতীত সত্যেরই পুতিভাস; যদি তাহা না হইত তবে বিচাববৃদ্ধির কাছে সে রহস্য অসমাধেয় থাকিয়া যাইত না। কিন্তু যদি তাহাই হয়, তবে সে রহস্যের মর্ম্ম জানিয়া জগতের সহিত জগদতীতের যোগসূত্র আবিদ্ধার করিবার জন্য আমা-

# विया कीयन वार्ता

দিগকে বুদ্ধির পরপারে যাইতে হইবে; সমাধান না করিয়া বিরোধকে রাখিয়া দেওয়াকে শেষ সমাধান বলিতে পারা যায় না। বিচারবৃদ্ধিই ব্রহ্ম, আছা, ঈশুর, ব্যক্তিসত্তা, পবাচেতনা বা অতিচেতনা এবং মায়িক জগৎ-চেতনার ধারণার মধ্যে বিরোধ এবং বিভাগ স্বাষ্টি করিয়া আপাতবিরোধকে চিরন্তন-ভাবে বজায় রাখিতে চায়। একমাত্র ব্রদ্রাই যদি পাকেন, তাহা হইলে এ সমস্তই ব্রুদ্র, এবং ব্রদ্রটৈততন্যে এক সমনুয়কারী আত্মদৃষ্টির মধ্যে এই সমস্ত ধারণার বিভেদ ও বিভাগ লয় পাইয়াই যাইবে : কোথায় এ সমস্ত আসিয়া মিলিত এবং একীভূত হয় এবং তাহাদের আপাত বহুমুখীনতার সার্থক চিন্ময় সত্য কি, যুক্তি বুদ্ধিব সীমা পার হইগা আধ্যান্মিক অভিজ্ঞতা দ্বারা তাহা জানিতে পারিলে আমরা ইহাদের প্রকৃত একম্ব দেখিতে পাই। বস্তুত: ব্রাদ্লীচেতনায় বিভেদ থাকিতে পাবেনা : আনরা সেখানে পৌঁছিলে দেখিতে পাই যে তাহারা একডে আসিয়া মিলিত হইয়া গিয়াছে ; আমাদের বিচার-বৃদ্ধি-কৃত বিভাগের মধ্যে কিছু সত্য থাকিতে পাবে কিন্তু তাহা বহু বিচিত্র একেরই সত্য। আমরা মন এবং ইন্দ্রিয়ান্ভতি দারা জগৎকে যেভাবে দেখি বুদ্ধ তাহার উপর তীক্ষ মর্শ্বভেদী যুক্তিবৃদ্ধির সঙ্গে সম্বোধির দিব্যদৃষ্টি ফেলিয়া জগতেব গঠনতৰ এবং গঠিত সুৰ কিছ হইতে মুক্তির উপায় আবিষ্কার কবিয়া ছিলেন কিন্তু তিনি আর অগ্রসর হইতে চাহিলেন ন। বৃদ্ধ যুক্তিবুদ্ধির অতীত সত্যকে যবনিকাব অন্তরালে বাখিয়া গিয়াছিলেন এবং বলিয়াছিলেন চেতনার গড়া সমস্ত রূপের লয় করিয়া তথায পৌঁছিতে হইবে, তাহ। চিরকাল যুক্তিবুদ্ধির অতীত থাকিয়াই যাইবে, শঙ্কর আসিয়া আর এক ধাপ অগ্রসর হইয়া সেই সত্যকে দেখিতে পাইলেন। জাগতিক সত্য এবং নিতাসত্যের মধ্যবর্তী স্থানে দাঁডাইয়। তিনি দেখিলেন যে জগং-রহস্য শেষ পর্যান্ত অপ্রতর্ক্য থাকিয়াই যাইবে, আমাদের যুক্তিবুদ্ধি তাহা ধাৰণা বা প্ৰকাশ কবিতে পারিবে না, তাহা অনিবর্বচনীয়; তিনি বুদ্ধি এবং ইন্দ্রিয়গ্রাহ্য জগতেব প্রামাণিকতা স্বীকার করিলেন কিন্তু আরও এক ধাপ অগ্রস্ব হইতে অস্বীকার করিলেন বলিয়া জগৎকে অবান্তব বস্তু বলিতে বাধ্য হইলেন। কারণ জগতেব খাঁটি তত্ত্ব জানিতে হইলে তাহার প্রকৃত সত্য বঝিতে গেলে তাহাকে যুক্তি বুদ্ধির অতীত জ্ঞানের ভূমি হইতে, যাহা জ্ঞাৎকে ধারণ করিয়া অপচ তাথাকে অতিক্রম করিয়া বর্ত্তমান আছে এবং যাহা অতিক্রম করিয়াছে বলিয়াই জগতের সত্য জানে সেই অতিচেতনার প্রজ্ঞা দৃষ্টি দিয়া দেখিতে হইবে ; অতিচেতনার দারা ধৃত বা রক্ষিত এবং

# সদস্ত এবং বিশ্বভান্তি

অতিক্রান্ত যে প্রাকৃত চেতনা, স্ক্তরাং যাহ। জগৎকে জানে না অথবা তাহার বাহ্য রূপ বা প্রতিভাসকে মাত্র জানে যে চেতনার হার। দেখিলে জগৎ রহস্য জানা যাইতে পারে না। যে পরাচেতনা নিজেকেই নানারপে স্টাই করিতেছে তাহার কাছে জগৎ অবোধ্য বা অনির্ব্বচনীয় রহস্য অথবা যাহা একেবারে ব্রম নয় তেমন একটা বিব্রুস যাহা অসত্য তথাপি সত্য, ইহা হইতে পারে না; দিব্যপুরুষের কাছে জগৎ রহস্যের একটা দিব্য তাৎপর্য্য আছে; বিশ্বসন্তার কোন অর্থ কোন সত্য নিশ্চয়ই আছে এবং যে সত্যবস্ত্ব তাহার বিশ্বাতীত অথচ বিশ্বাত্মক অতিচেতনা হারা জগৎ ধারণ করিয়া আছেন তাহার কাছে তাহা জ্যোতির্ম্বয় রূপেই স্পষ্ট।

যদি একমাত্র সত্যবস্থ খাকে এবং সবই যদি সেই সত্য বস্তু হয়, তাহা হইলে জগৎকে সে সত্যবস্তু হইতে বাদ দেওয়া যায় না. জগৎও সত্যবস্তু হইয়া পড়ে। জগতেৰ রূপরাজি এবং শক্তিসমূহ আমাদের কাছে যেভাবে দেখা দেয় তাহাতে জগৎ স্বরূপতঃ যে সত্যবস্তু তাহা যদি আমাদের কাছে প্রকাশ না পায় আমাদের যদি মনে হয় দেশ ও কালের ক্ষেত্রে তাহ। নিয়ত বর্ত্তমান অথচ সদ। পরিবর্ত্তন-শাল একটা গতি দাত্র, তবে তাহার কারণ এ নয় যে ইহা অসত্য অধবা কারণ ইহাও নয় যে সেই সত্যবস্তুই তাহার স্বরূপ নয় : তাহাব কারণ এই যে ইহা একটা ক্রমবর্দ্ধমান আত্মপ্রকাশ বা আত্মবিস্ফটি, যাহা কালের ক্ষেত্রে ক্রমপরিণতির মধ্যে সেই প্রম সত্যবস্তবই আপনাকে আপনি ফুটাইয়া তোলা ; আমাদের চেতনা ইহার পূর্ণ বা মূল অর্থ এখনও ধরিতে পাবে নাই। এই এক অর্থে আমরা বলিতে পারি যে ইহা সেই সত্য বস্তু বটে আবার সেই সত্যবস্তু নয়ও বটে--কেননা তাহার আন্বপ্রকাশের কোন রূপ, বা কোন রূপসমষ্টির মধ্যে তাহার সকল বা পূর্ণ সত্যের পরিচয় পাওয়া যায় না ; কিন্তু তথাপি তাহার সকল রূপই সেই সত্যের সত্তা হইতে সেই সত্যের উপাদানেই গঠিত। সকল সান্তই তাহাদের চিন্ময় স্বরূপে অনন্ত, এবং যদি আমরা তাহাদের গভীরে দৃষ্টি দিতে পারি তবে প্রত্যেকেই বোধিতে আমাদের কাছে একই অহম অনন্তকে প্রকাশ কবে। ইহা বলা হম বিশু তাহার প্রকাশ হইতে পারে না যেচেতু তাহার প্রকাশের কোন প্রযোজন নাই, সেহেত্ তিনি স্বপ্রকাশ, সর্বেদা নিজের কাছে নিজে প্রকাশিত; ঠিক তেসনিভাবে বলা যাইতে পারে যে সত্যবস্তুর আম্মবিভ্রম বা কোন প্রকার ভ্রমেব, মায়িক জগৎ-স্টের কোন প্রয়োজন নাই। ব্রদ্ধের কিছুরই প্রয়োজন থাকিতে পারে

## দিৰা জীবন বাৰ্ত্তা

না, কিন্তু তথাপি তাহার মধ্যে আপনা আপনি কার্য্যকরী এক পরাশক্তির অবশ্য-দ্বাবী প্রবেগে কালের ক্ষেত্রে নিজেকে দেখিবার জন্য আন্ধশক্তি হইতে জাত আন্ববিস্টি সম্বব হইতে পারে, যদিও তাহাতে তাঁহার প্রম স্বাতস্ত্রোর কোন হানি হয় না. তাহাতে কোন বন্ধনের আরোপ করে না.—ইহা তাঁহার আন্ধর্শক্তির প্রকাশ, সম্ভূতিরূপে নিজেকে প্রকাশ করিবার ইচছার ফল। এই অলঙ্খনীয় প্রবেগকে আমবা দেখি স্থষ্টির বা নিজের আত্মপ্রকাশের বা আত্মবিভাবনার ইচ্ছান্নপে ; ইহাকে নিত্যবস্তুর আত্মসত্তার সেই শক্তি বলিলে আরো ভাল হয যাহ। আন্তরীর্য্যের উচ্ছলনে নিজেকে ফুটাইয়া তোলে ক্রিয়াশক্তির আকানে। নিত্যবস্তু যদি নিত্য কালাতীত অবস্থায় নিজেকে নিজে জানিতে পারেন তাহ। হ'ইলে কালেব নিত্য গতির মধ্যেও নিজের কাছে নিজে প্রকাশিত খাকিতে পারেন। বিশ্বের যদি কেবল প্রাতিভাসিক সত্যই থাকে তথাপি তাহা তব্দ্রের প্রতিভাস বা প্রকাশ, কারণ সকলই যথন ব্রদ্র তখন প্রতিভাস এবং প্রকাশও আসলে সেই এক বস্তু; অবাস্তবতাব আবোপ অনাবশ্যক এবং অসার্থক ইহা কেবল বৃণাই জটিলতা স্থাষ্ট করে—কেননা উভয়ের মধ্যে যেটুকু ভেদ রাখ। প্রযোজন তাহা কালগত এবং কালাতীত শাশুতের এবং বিস্ফট্ট বা প্রকাশের ধাবণার মধ্যেই আছে।

ব্যষ্টিভাবে আমরা যে বিবিক্ত সত্তা এই বোধ এবং সান্তকে অনন্তের মধ্যে স্বন্ধংসম্পূর্ণ বস্তু (self-existent object) বলিয়। যে ধারণ। তাহাকেই শুধু অবান্তব বস্তু বলিয়। বর্ণনা করা যায়। বহিশ্চর ব্যক্তিচেতনাব ক্রিয়াধাবাব জন্য এই ধারণা এই বোধ ব্যবহারিক ক্ষেত্রে প্রয়োজনীয় এবং কার্যাকবী এবং তাহা তাহাদের ফল ম্বারা সমর্থিতও বটে; সেইজন্য সান্ত বিচাব বুদ্ধিতে এবং সান্তের আত্মানুভবে তাহা সত্য; কিন্তু একবার যদি আমরা সাত্ত চেতনা হইতে অনন্ত এবং স্বরূপ চেতনাতে, আপাত প্রতীয়মান বিবিক্তপুরুদেব ক্ষেত্র হইতে সত্যপুরুদ্ধের ক্ষেত্রে অনুপ্রবিষ্ট হই, তখনও সান্ত বা ব্যষ্টিসত্তা খাকে কিন্তু তাহার মধ্য হইতে ভেদবুদ্ধি লোপ পাইয়া যায়—সে তখন অনন্তেরই শক্তি এবং প্রকাশরূপে বর্ত্তমান থাকে; তখন তাহা স্বতন্ত্র বা বিবিক্ত সত্য থাকে না। ব্যক্টি-সন্তার বান্তবতা তাহার স্বাতন্ত্র্য এবং একান্ত বিবিক্তন্ত ম্বারা গঠিত নয়, সে বান্তবতার পক্ষে তাহারা অবশ্য স্বীকার্য্য বস্তু ও নয়। পক্ষান্তরে প্রকাশের এই সমস্ত সান্ত রূপের তিরোভাব সমস্যার একটা স্পষ্ট অঙ্গ হইলেও, ইহ। মারাই তাহাদিগকে মিধ্যা বলা যায়না; কারণ তিরোভাব ব্যক্ত হইতে অব্যক্তে

# সদ্বস্তু এবং বিশ্বভ্রান্তি

ফিরিয়া যাওয়া মাত্র হইতে পারে। কালের ক্ষণপরম্পরাকে অবলম্বন করিয়াই কালাতীতের প্রকাশ হয়; তাই ইহাদের রূপগুলি বাহিরে যাহা প্রতীত হইতেছে সেদিক দিয়া শুধু দেখিলে অচিরস্থায়ী বলিয়া ননে হইতে বাধ্য, কিন্তু প্রকাশের স্বরূপযোগ্যত। বা স্বরূপশক্তিতে তাহারা নিত্য; কেননা তাহারা সর্বদা বস্তুর স্বরূপ সন্তায়, যে চৈতন্য হইতে তাহারা প্রকাশ পায় সেই স্বরূপ চৈতন্যে প্রচ্ছনুভাবে অব্যক্ত শক্তিরূপে সর্বদা অবস্থিত থাকে; কালাতীত চেতনা সর্বদাই সেই স্থায়ী অব্যক্ত শক্তিকে কোন বাস্তব রূপে কালের ক্ষেত্রে রূপায়িত কবিয়া তুলিতে পারে। জগৎ এবং তাহার রূপবাজি যদি সত্তাব কোন উপাদান শূন্য ছায়ামাত্র হইত, তাহারা চৈতন্যের একটা মিখ্যা জ্ঞান, নিছক মিখ্যারূপেই সত্যম্বরূপের দ্বারা নিজের কাছে উপস্থাপিত করা হইত এবং তাহার পর যদি চিবতরে তাহা লয় পাইয়া যাইত কেবল তখনই জগৎকে মিখ্যা বলা যাইত। কিন্দু প্রকাশ বা প্রকাশের শক্তি যদি নিত্য হয়, সত্যবস্তু বা ব্রহ্রের সন্তাই যদি সকল বস্তু হয় তাহা হইলে বিশ্ববস্তু সকলের বা যাহার মধ্যে তাহাদের আবির্ভাব হয় সেই বিশ্বের মূল স্বভাবে তাহাবা এই বিজ্ঞা অথবা অবান্তবতা হইতে পারে না।

मात्रा यमि बम इय यमि जाहात अर्थ इत्र त्य क्रगं रिया। जत्व मात्रावात्म विश्व-সমস্যার সমাধান যতট। করে তদপেক্ষা অধিকতর জাটিলতা বা সমস্যার স্ফটি করে—বস্তুতঃ ইহাতে সমস্যার সমাধান হয় না বরং সমস্যাকে চিরতুরে অসমাধেয় কবিয়া তোলে। কারণ মায়া অসত্যই হউক বা অবাস্তব বস্তুই হউক, ইহ্রার চরম ফল হয় সোজাস্থজি সব কিছুকেই উড়াইয়া দেওয়া। আমাদের এবং জগতের অন্তিম্ব মহাশুন্যে মিলাইয়া যায়, অথবা কিছুক্ষণের জন্য তাহার মধ্যে যে একটা সত্য আছে বলিয়া মনে হয় তাহাও কলপনা ভিনু ঘন্য কিছু নহে। মায়াকে যাহার। একান্ত ভ্রম বলেন, তাহাদের মতে জগৎকে গ্ৰহণ এবং জগৎকে বৰ্জন অথবা সকল অনুভূতি, সকল বিদ্যা এবং সকল অবিদ্যা, —যে জ্ঞান অবিদ্যার বন্ধন হইতে মুক্ত করে এবং যে অবিদ্যা আমাদিগকে বদ্ধ করে সমস্তই-একই প্রমের দুই দিক মাত্র; কেননা কাহাকে গ্রহণ বা বর্জন করা হইবে কেই বা গ্রহণ বা বর্জন করিবে । সেরূপ কিছু যে নাই। अनन्छ কাল ধরিয়া এক অতিচেতন অক্ষর ব্রহ্ম মাত্র ছিলেন বা আছেন; বন্ধন এবং মুক্তি দুই-ই প্রতিভাস বা বোধমাত্র, কোনটাই সত্য নহে। সংসারাসক্তি মায়া বটে কিন্তু মুক্তির ডাকও ত একটা মায়িক ঘটনা ; এ ডাক এমন একটা কিছু 

## দিব্য জীবন বাৰ্ত্তা

কিন্তু নায়াবাদ এই যে সবকে মুছিয়া ফেলিয়া সকলকে ধ্বংস করিয়া চলিয়াছে, নাধাবাদেরই আধ্যাম্মিকতাতে তাহার গতিব যে সীমা-নির্দেশ করিয়া দিয়াছে তাহাকে সেখানে থামিয়া থাকিতে ত বাধ্য কবা যাইবেনা। কেননা জগতে ব্যক্তিচেতনার খন্য যব খনুভূতি যদি লম হয় তাহা হইলে তাহার আধ্যাত্মিক অনুভূতি এবং এমন কি যাহাকে বিশুদ্ধ সত্যস্বরূপ বলা হইয়াছে সেই প্রমান্ধার মধ্যে নিবিকল্প সমাধিতে ডুবিয়া গিয়া যে আত্মানুভব হয় ভাহাও যে এম নয় ইচা বলিবার আমাদের কি অধিকার থাকে ? কেননা বিশু যদি মিণ্যা হয় তবে বিশুচেতনা, বিশাস্থা, এই সমস্ত সত্তারূপে বা তাহাদের আত্মারূপে অবস্থিত ব্দ্র, সব্বের্ব মধ্যে যিনি এক, একের মধ্যে যাহা সব্র ইহাদের সম্বন্ধে আমাদের কোন অনুভতিবই কোন নিবাপদ ভিত্তি আব গাকেনা, কেননা যে দুইটি বস্তুৰ মিলনে সে ভিত্তি গঠিত হয তাহাৰ একটি ত মিথ্যা এবং মারা দ্বারা গড়া লম। যেটি এইভাবে মিথ্যা তাহা জগৎবস্ত কেননা যাহাদিগকে আমরা বুদ্র বলিয়া মনে করিয়াছিলাম জগতেব সেই সকল সত্তাই ত ল্লন: তাহা হইলে যে বন্তব অনুভব বা ধাবণা আমবা পাইতেছি মায়াম্বারা গঠিত দেহ মধ্যস্থ লমের ছাঁচে ঢালা মন দ্বাবা সেই শুদ্ধ আত্মা বা অশব্দ, নিষ্ক্রিয় প্রম সংস্বরূপ দ্বিতীয় বস্তুটির অনুভব যে সত্য হইবে তাহা কেমন করিয়া বলি ? স্বতঃ প্রামাণ্যের পরম নিশ্চযায়ক প্রত্যয় অথবা এ তত্ত্বেব নিঃসংশয়িত একান্ত অনুভূতি ব৷ উপলব্ধি হইতেও এমন অখণ্ডনীয় প্রমাণ পাওযা যায়না যাহার জোরে বলিতে পানি যে ইহাই একমাত্র সত্য বা একমাত্র চরম তম্ব ; কেননা অন্য আধ্যান্থিক অনুভূতিও —বেমন যিনি সত্য বিশ্বেব ঈশুর সেই সর্বব্যাপা দিব্যপুরুষের অনুভবে— তেমনি নিশ্চরাম্বক প্রত্যয় জাগায় তাহাও তেমনি একান্ত বলিয়া অনুভূত হয সেখানেও সেই তহকে শেঘ তত্ব বলিয়া বোধে দেখা দেয়। যে বৃদ্ধি यना সকল পদার্থ নিথা। এই প্রতায়ে পৌঁছিয়াছে সে আর এক পদ অগ্রসর হইয়া আন্ধা বা অন্য কোন সত্তা যে সত্য ইহা অস্বীকাব করিয়াও বসিতে পারে। বৌদ্ধেনা এই শেষ পদক্ষেপ কবিয়াছিলেন, অন্য সন পদার্থের মত আত্মাকেও একটা মনগড়া পদার্থ বলিয়া ; আত্মা যে সত্য তাহা তাঁহারা স্বীকার করেন নাই : তাঁহারা খবু ঈশুরকে নয়, শাশুত আন্ধা এবং নৈর্বজ্ঞিক নির্গুণ বুদ্ধাকেও সত্যবস্তুর তালিকা হইতে বাদ দিয়া ফেলিয়াছিলেন।

খাঁটি মায়াবাদে আমাদের জীবনের কোন সমস্যারই সমাধান হয় না ; ইহা কেবল বাটিজীবকে পলায়নেব পথ দেখাইয়া সমস্যা এড়াইয়া যাইতে বলে ,

# সম্বস্ত এবং বিশ্বজ্ঞান্তি

ইহার চরম আকারে ও পরিণামে এই ফল দেখা দেয় যে আমাদের সত্তা এবং তাহার সকল ক্রিয়া মিখ্যা হইয়া যায়, তাহাদের অস্তিত্বের কোন সমর্থন খাকে না ; আমাদের অনুভব, অভীপ্সা, সাধনা সবই নিবর্ধক হয় ; তাহাতে যাহাব সঙ্গে কোন প্রকার যোগস্থাপন করা যায় না সর্ব-সম্বন্ধ-পবিশূন্য তেমন এক সত্য এবং তাহাৰ দিকে ফিৰিয়া দাঁড়ান ছাড়া আৰ পৰ কিছু হইয়া পড়ে সত্তাব বিভ্ৰম, সব কিছু এক বিরাট বিশুল্লমেন অংশ এবং সমস্তই ভ্রম। ঈশুন এবং জীবজগৎ—সবই মায়ার কলপনা; কেননা ঈশুব মায়াতে ব্রদ্রেব প্রতি-বিম্ব মাত্র, মিখ্যা ব্যষ্টিসভারপে আমবাও ব্রুদ্ধেব এক প্রতিবিদ্ধ মাত্র, জগৎ ব্রুদ্রের অনির্বেচনীয় আত্মসত্তাতে একটা মিখ্যাব আবোপ মাত্র। মতটা ইহাপেক্ষা একটু কম দর্বনাশা হয়, যদি লমেব মধ্যে অবস্থিত সভাব কিছু বাস্ত-বতা, এবং যে অভিজ্ঞতা ও জ্ঞানেব দ্বানা আমরা চিৎস্বরূপের মধ্যে ফুটিয়া উঠি তাহার কিছু প্রামাণিকতা স্বীকাব কবি ; কিন্দু তাহা সম্ভব হয যদি কালিক সত্তার থাকে পুমাণসিদ্ধ বাস্তবতা এবং তন্মধ্যস্থ অভিজ্ঞতার থাকে বাস্তব প্রামা-ণিকতা ; কিন্তু তাহা হইলে আমনা যাহা অসত্যকে সত্য বলিয়া মনে কবিতেছে এমন ল্রমের সম্মুখে দাঁড়াইয়া আছি ইহা বলা চলে না, বলিতে হয় আমাদের সন্মুখে আছে এক অবিদ্যা যাহা সত্যকে বিকৃত করিয়া দেখাইতেছে। তাহা না হইলে, ব্রদ্র যাহাদেব আন্ধা তাহারা যদি মিখ্যা হয তবে ব্রদ্রেব আন্ধান্থ (বা আত্মভাব) সিদ্ধ বা প্রামাণ্য হয় না. তাহা হয় এক ভ্রমেনই অংশ; আত্মাব অনুভবও ব্ৰুষ্ণ হইয়া পড়ে, 'অহং ব্ৰুদ্লাসিম' 'আমি হই সেই বুদ্ল'এ অনুভূতিও এক ভ্রান্তধারণা হাবা বিকৃত ও দুষ্ট হইয়া যায় ; কারণ আমি তো নাই কেবল 'সেই ব্রন্ধই' আছে : বলিতে হয়—'আমিই তিনি' ( সোহহং ) এই অনুভূতিতে দুই ভাবে অবিদ্যা আছে, কারণ ইহাতে ধরিয়া নেওয়া হইয়াছে এক নিকা চেতন বিশ্ব পুরুষ আছেন তিনি জগৎপ্রভূ, কিন্তু জগৎই যদি না থাকে তবে জগংপ্রভু থাকে কি করিয়া ? জগংসন্তার খাঁটি সমাধানেব ভিত্তি কেবল সেই সত্যই হঁইতে পারে, যে সত্যের মধ্যে আমাদের এবং জগতেব অর্থ খুঁজিয়া পাওয়া যায়, যাহাতে তাহাদের সত্যের সামঞ্জস্য বিধান হয়, তাহাদের গাঁটি সম্বন্ধ নির্ণীত হয় এবং যাহা, সর্ব্ববস্ত যথা হইতে আসিশাছে সেই তুরীয় সত্যবস্তুর সঙ্গে তাহাদের সম্বন্ধের তত্ত্বকে মিলাইয়া দিতে পারে। কিন্তু তাহা হইলে ব্যষ্টি জীব এবং বিশ্বের কিছু সত্য আছে; অম্বয সত্তা এবং সকল জাগতিক সন্তার অথবা সবিশেষ ভাবের অনুভব এবং নির্গুণ গ্রন্সের

#### দিব্য জাবন বাৰ্জা

অনুভবের মধ্যে একটা খাঁটি সম্বন্ধ আছে তাহা স্বীকার করিতে হয়। মায়াবাদে জগৎসমস্যার গ্রন্থিমোচন হয় না, হয় গ্রন্থিছেদন; ইহা এক পলায়ন---সমাধান নহে ; জগৎসন্তুতির মধাস্থ দেহধারী সন্তার বা জীবেন ইহাতে পূর্ণ বিজয় লাভ হয় না, হয় তন্মধ্যস্থ চিৎসত্তার বণে ভঙ্গ দিয়া পলায়ন : ইহা আমাদিগকে প্রকৃতি হইতে পৃথক করে বটে কিন্তু মুক্তি দেয় না বা আমাদের প্রকৃতিকে সার্থক এবং পরিপূর্ণ করিয়া তোলে না। ইহার চরম ফলে আমাদেব মধ্যস্থিত একটা উপাদান মাত্র তৃপ্ত হয আগাদের সন্তাব একটা আবেগ বা একটা বৃত্তিরই ঘটে উর্দ্ধায়ন; আমাদের অন্য সব বৃত্তি অবহেলিত হইয়া মাধার<sup>`</sup> অবাস্তব বাস্তবতার আলো-আঁধারির মধ্যে বিনাশ প্রাপ্ত হয। বিজ্ঞানেব মত ত্রবিদ্যা বা দার্শনিক চিন্তায়ও, সেই উদার এবং চবম সমাধানই সর্বোত্তম যাহার মধ্যে সকল সত্য এবং অনুভবেন সমাহার ও সমনুয় আছে এবং যাহা তাহাদেব প্রত্যেকের সার্থকতা দেখাইয়া দেয়, প্রতিটি বস্তু সমগ্রতাব মধ্যে যথাযোগ্য স্থানে স্থাপিত হয় বা হইতে পারে। সেই জ্ঞানই সর্বেবাচচ জ্ঞান পদবাচ্য হওয়া উচিত যাহা দকল জ্ঞানের তাৎপর্যা এবং মর্খকে আলোকিত ও উজ্জ্বল করিয়া তোলে তাহাদের এক একত্বে এবং পূর্ণাঙ্গতায় আনিয়া মিশায় এবং এক পরম সামগ্রস্যে গ্রুথিত করে ; যে জ্ঞান অবিদ্যা এবং লমকে যেমন দূব করে তেমনি তাহাদের অর্থ বুঝাইযা দেয়, তাহাদের মূল হেতু কি এবং এমন কি তাহাদের প্রবর্ত্তনার সমর্থক হেতু কি তাহাও বুঝাইয়া দেয় ; ইহা একটা প্ৰম অনুভূতি যাহা সকল অনুভবকে একটা সর্ব্বসমনুয়কাবী পরম অন্বয় তত্ত্বে মধ্যে আনিয়া মিলিত করে। মায়া-বাদ সকলকে বর্জন কবিয়া একটা একত্ব আনে; যাহার মধ্যে সর্বেতত্ত্বের সকল অর্ধের বিলোপসাধন হয় তেমন একটা প্রত্যয় ভিনু অন্য সকল জ্ঞান এবং অনুভূতির সত্য বা তাৎপর্য্য লোপ করিয়া দেয়।

কিন্ত শুদ্ধবুদ্ধিই এসমস্ত বাদানুবাদের ক্ষেত্র অথচ এ ধরণের সত্যের চরম সমাধান তর্কবৃদ্ধি ঘাবা হয় না, তাহার জন্য চাই আদ্যাদ্ধিক অনুভবের জ্ঞানালোক; চিন্মব বস্তুব স্থাবী তথ্যের সমর্থন; সংশ্রোচেছদী একটি মাত্র আধ্যাদ্ধিক অনুভূতি তর্কবৃদ্ধির ঘারা বিচাব এবং সিদ্ধান্তের উপাদানে গঠিত একটা সমগ্র সৌধকে চূর্ণ করিতে পারে। মায়াবাদের পিছনে এইরূপ একটা অতিবড় আধ্যাদ্ধিক অনুভূতিব প্রবল শক্তি আছে; কারণ যদিও ইহা মন দিয়া শড়া একটা মতবাদ মাত্র, কিন্তুবে অনুভূতিকে ভিত্তি করিয়া এদর্শন গড়িয়া উঠিয়াছে,

## সৰম্ভ এবং বিশ্বভান্তি

প্ৰভূত শব্জিশালী এবং আপাতদৃষ্টিতে চরম আধ্যান্মিক এক উপলব্ধিতে শুধু তাহা লাভ হয়। চিত্তে যখন কোন ভাবনা নাই, মন যখন আপন গড়া বিষয় হইতে উপরত হইয়াছে, যখন সকল ব্যষ্টিবোধ তিরোহিত হইয়া শুদ্ধ আত্মপ্রত্যয় বা আত্মভাব মাত্র বর্ত্তমান আছে, যখন চিত্তে জাগতিক কোন বস্তুর লেশমাত্র জ্ঞান নাই তখন সত্যে জাগরণেব দুর্দ্ধ প্রবেগ লইযা এ অনুভূতি আমাদেব মধ্যে নামিয়া আসে। তখন সেই চিন্ময় মন যদি ব্যষ্টি জীব এবং জগতেব দিকে দৃষ্টিপাত কৰে তবে তাহ। ব্রম বলিয়া বোধ বা নাম রূপ ও গতি, স্বয়ন্তু সত্যবস্তুর উপর মিথ্যা আরোপ বলিয়া তাহাব মনে হওয়া স্বাভাবিক। সে অবস্থাকে আত্মবোধ বলাও যেন অপুচুব ; তখন বিদ্যা এবং অবিদ্যা এ উভয এক শুদ্ধ চেতনার মধ্যে তিরোহিত হইয়া যায় এবং চেতনাও সমাধিমণু হইয়া অতিচেতন 😇 সন্তার গভীরে ডুবিয়া যায়। এই একমাত্র নিত্য বর্ত্তমান তর সম্বন্ধে 'তাহা সং'বা 'তাহা আছে' এ কথাও হয় ত বলা যায় না কাবণ ইহাতেও যেন একটু সীমার গন্ধ আসিয়া পড়ে; সেখানে আছে শুধু কালহীন এক নিত্যতা, দেশশুন্য এক অনন্ত, কেবল মাত্র এক শুদ্ধ চরম বস্তু, যাহাব কোন নাম দেওয়া যায় না এমন এক শান্তি, যাহা অন্য সকলকে ডুবাইয়া ভাসাইয়া দিযাড়ে এমন মহেতুক এক প্ৰম আনন্দ। ইহাতে কোন সন্দেহ নাই যে এই অনুভ্ৰ নিজের মধ্যে নিজেই পূর্ণ এবং প্রামাণিক ; ইহার 'একাম্বপুত্যয়সার' তীব্র অনুভূতি যখন সাধকের কাছে উপস্থিত হয় তখন তাহার নিশ্চয়াত্মক জ্ঞানে ও বিশ্বাসে ভাহাকে আচছনু ও অভিভূত করিয়া দেয়। কিন্তু তবু আধ্যান্থিক অনুভব মাত্রই অনন্তের অনুভব, এবং সে অনুভব লাভের ধারাও অনেক; শুধু এই অনুভব নয়, অনুভবসমূহের মধ্যে অন্য কোন কোন অনুভবও দিব্যপুৰুষ বা চরম সত্যস্বরূপের এত নিকটে লইয়া যায়, তাহার সানুধোর সত্য এবং যাহ। তাহা হইতে ন্যূন তাহার বন্ধন হইতে মুক্তিব এমন অনির্বেচনীয় শান্তি ও শক্তি সে অনুভবের মধ্যে দেখা দেয় যে তাহাও নিশ্চিত পূর্ণ এবং চরম, এ বোধ আসিয়া তেমনিভাবেই সাধককে আচছনু এবং অভিভূত করে। নিত্য সত্য-বস্তুতে পৌঁছিবার শতপথ বিদামান, যাহা অনিবর্বচনীয় যাহার কোন থবর মন দিতে বা বাক্য প্রকাশ করিতে পারে না সেই পরম বস্তুর চরম অনুভূতিতে পৌঁছিবার পথ হয় যে প্রকৃতির, অনুভূতিও হয় সেই প্রকৃতির। এই সমস্ত বিশিষ্ট পরম অনুভূতিকে একমাত্র শেষ বা চরম অনুভূতির উপাস্ত্য বা ঠিক পূৰ্ব্বৰ্ত্তী অনুভূতি বলা যাইতে পারে ; ইহারা সেই সমস্ত সোপান যাহা অবলম্বন

# দিব্য জীবন বার্তা

করিয়া আত্মা মনের সীমা পার হইয়া চরমতত্বে পৌঁছে। এখন প্রশু এই বে এই শুদ্ধ অক্ষর আত্মসতা - এই যাহা ব্যষ্টি এবং বিশ্বের লয় বা নির্বোণ স্থান ইহা কি উপান্তা অনুভূতিসমূহেৰ অন্যতম অথবা যাহা সকল পথেরই শেষ যাহ। নিমুত্র সকল অনুভূতিকে অতিক্রম এবং বর্জন করিয়া বর্ত্তমান আছে, ইহা কি সেই শেষ বা চরম ও পবম অনুভূতি? দাবি করা হয়—ইহা সকল অন্ত্রতিব পিছনে এবং তাহাদিগকে অতিক্রম করিয়া অন্য সকল জ্ঞানকে অস্থ্যীকাৰ ও বর্জন করিয়া বর্ত্তমান আছে: হয় তবে ইহাকেই শেষ পযান্ত চৰম বলিয়। স্বীকার করিতে হয়। এই দাবিব উপবেও আর এক দাবি কর। হণ যে ইহা পার হইয়া আরও অথাসর হইয়া এক বৃহত্তর নেতি বা মহত্তর ইতিতে পৌঁছা যায়, ইহার প্রপারস্থিত এক অসতেন মধ্যে আত্মনির্বান লাভ করা যায অথবা যে বিশ্বচেতনা এবং যে অন্বয় সংস্করূপের মধ্যে জগৎ-চেতনার নির্বোণ হয় সেই উভয়ের অনুভৃতির মধ্য দিয়া এক বৃহত্তর দিব্য নিলন ও একম্বে যাওয়া যায় যাহার বিশাল অথও ও প্রাঞ্জ সত্যের মধ্যে এ উভয় অনুভূতিই বর্ত্তমান খাকে। তাইতো বলা হয় যে হৈত এবং অহৈত এ উভয়কে অতিক্রম করিয়া এক 'তং' বা তর আছে—যাহা এ উত্তযকে ধারণ কবিয়া আছে এবং তাহাদের অতীত সেই চরম সত্যের মধ্যে উভযেরই নিজ নিজ সত্য দেখিতে পায়। যে পরম অন্তব অন্য সকল সম্ভাবিত কিন্তু নিমূত্র অন্তবকে নিরাক্ত এবং সতিক্রম করিয়৷ চরম সত্যে পৌ ছিতে স্থাসর হয় তাহাকে একটা ধাপরূপ স্বীকান কনা যায়। কিন্তু যে চনম এবং পরম অনুভব সকল আধ্যান্থিক অনুভূতির সত্যকে স্বীকার করে এবং নিজের অন্তর্ভুক্ত করিয়া নেয়, প্রত্যেক অনুভবকে তাহার চরন সীমায় পৌঁছিতে দেয় ও পরম এবং চরম সত্যের মধ্যে সকল জ্ঞান সকল অনুভূতিকে আনিয়া মিলাইয়া এক ও পূৰ্ণাঙ্গ কবিষা তোলে তাহা আবও অগ্রবর্ত্তী ধাপ হইতে পারে ; তাহাব মধ্যে যাহা। সবকে আলোকিত ও রূপাস্তরিত কৰিতে সক্ষম, সৰ্ব্বপদাৰ্থের তেমন বৃহত্তম সত্য এবং বিশ্বাতীত অনম্বের উচচতম মহিমা যুগপৎ বর্ত্তমান আছে। উপনিষ্দে আছে প্রম সত্যবস্তু ব্রহ্ম তাহাই যাহাকে জানিলে সব জান। হয় ; কিন্তু নাযাবাদের সমাধানে ব্রদ্ধ তাহাই যাহাকে জানিলে দকলই অসত্য এবং অবোধ্য প্রহেলিকা হইয়া পড়ে; এই যে অন্য অনুভূতির কণা হইল তাহাতে সত্য বস্তুকে জানিলে সব কিছু সত্য তাৎপর্য্য লাভ করে এবং নিত্য ও চরম সত্যবস্তুতে তাহাদের যে সত্য আছে তাহ। প্রকাশ পায়।

## সৰম্ভ এবং বিশ্বক্রান্তি

সকল সত্যেরই, এমন কি সত্যে সত্যে আপাতবিলোধ থাকা সম্বেও, একটা প্রামাণিকতা আছে; এসমস্ত সত্যের পক্ষেই প্রয়োজন আছে এমন কোন বৃহত্তম সত্য, যাহা সকল সত্যকে নিজের অন্তর্ভুক্ত করিয়া নিয়া সকলের সামঞ্জস্য সাধন করে ; প্রত্যেক দর্শনের একটা সার্থকতা আছে, অন্য কিছু না হউক তাহারা প্রত্যেকে আন্ধা এবং জগৎকে ব্রদ্ধের যে বহুমুখী প্রকাশ আছে তাহার এক একটা অনুভবের দিক হইতে এক এক দৃষ্টিভঙ্গীতে দেখে এবং সেইরূপ দেখিতে গিয়া অনন্তের মধ্যস্থিত এমন কিছুব উপব আলোকপাত করে যাহা আমাদিগকে জানিতে হইবে। তেমনি সাধকেব প্রতিটি আধ্যান্ত্রিক উপনবি সত্য. কিন্তু তাহাদের সকলেই, যাহা সকল সত্যকে স্বীকার করে অথচ সকলকে অতিক্রম কবিয়া বর্ত্তমান আছে এমন এক উদাবতম এবং উচ্চতম সত্যবস্তুকে ইশারা বা ইঞ্চিতে দেখাইয়া দেয়। আমনা বলিতে পারি—সকল সত্য এবং সকল অভিজ্ঞতা যে আপেক্ষিক ইহা তাহাবই চিহ্ন, কাবণ জ্ঞাতার বা অনুভব-কাবীৰ মন ও সন্তার প্রকৃতি এবং অন্তর্ম্বরী ও ৰহির্মুখী দৃষ্টিভঞ্চী অনুমাবে সত্য এবং তাহার খনুভবে বৈচিত্র্য দেখা দেয ; ইহা বলা হয় যে নিজ প্রকৃতি অনু-সারে প্রত্যেকের নিজস্ব ধর্ম আছে ; তেমনিভাবে বলা যায় যে জীবন বা জগৎ সম্বন্ধে নিজের নৃষ্টিভঙ্গী এবং অনুভব অনুসাবে প্রত্যেক লোকের একটা নিজস্ব দশন আছে যদিও খুব অলপ লোকেবই নিজের দর্শনকে রূপ দেওয়ার সামর্থ্য আছে। কিন্তু আৰু একদিক দিয়া দেখিতে গেলে এই বৈচিত্ৰ্য সনম্ভের অনম্ভ বিভাবের সাক্ষ্য দেয়; প্রত্যেক সাধক সেই অনন্তের এক বা একাধিক বিভাবের বাঁ স্পর্শের আংশিক বা পূণ আভাস পায অথবা তাহার মানসিক বা আধ্যাদ্মিক অনুভবে তাহাব মধ্যে অনুপ্রবিষ্ট হয়। সাধনার একটা বিশেষ ভূমিতে, একটা বৃহৎ উদাবতার বা প্রমৃতস্হিন্দু জটিল অনিশ্চ্যতার মধ্যে, এই সমস্ত দৃষ্টিভক্ষী তাহাদেব নিজ বৈশিষ্ট্য হাবাইয়া ফেলিতে থাকে অথবা একটা সে চরম সত্য বা যাহাতে ভূবিয়া থাকা যায় এমন একটি মাত্র অনুভবকে স্থান দেয় বাকী সকল অনুভব যেন খসিয়া পড়ে। এই অবস্থায় সাধকের মনে হ'ইতে পাবে যে এতকাল ধরিয়া সে যাহা দেখিরাছে বা ভাবিয়াছে অথবা নিজের বা জগতের স্বংশ বলিয়া মনে করিয়াছে তাহা সবই অসতা। তাহার নিজের এই 'সব' মিথ্যা বলিয়া দেখা অবশেষে বিশ্বভান্তি রূপে দেই। দেয় অথবা মনে হয় এ সমস্ত নানামুখী খণ্ড খণ্ড সত্যা, এমন কোন সত্যা বা তব নাই যাহা তাহাদিগকে যক্ত করিয়া এক করিতে পাবে : তখন সে নিত্যবস্তুর শুদ্ধ নেতিবাদের অনু-

## किया कीत्रम तार्श

ভবের মধ্যে প্রবেশ করে, সর্বে তাহা হইতে খসিয়া পড়ে, এবং একমাত্র নিঃশব্দ নিজ্রিয় নিবিশেষ বস্তু অবশিষ্ট থাকে। কিন্তু সাধকের চেতনাকে আরও অগ্রসব হইবার জন্য এবং এক নূতন অধ্যাদ্ধ দিব্যদৃষ্টির আলোকে যাহা দেকেলিয়া আসিয়াছিল তাহাকে পুনরায় দেখিতে আহ্বান করা যাইতে পারে; তখন সে চরমৢসত্যবস্তুর সত্যের মধ্যে সর্বেবস্তুর সত্যকে আবার ফিরিয়া পাইতে পারে; নিব্বাণের নেতি প্রত্যয় এবং বিশ্বচেতনার ইতি প্রত্যয়, এ উভয়ই যাহার আদ্ধ্রপ্রশা সেই তৎস্বরূপের একই দৃষ্টিব নীচে আসিয়া এ উভয়ই পারম সমনুষ ও সামঞ্জস্যে মিলিত হইতে পারে। মানস হইতে অধিমানস জ্ঞানের ভূমিতে আবোহণের পথে এই বহমুখী একছ-বোধই সাধকের মুধ্য অনুভব; সমস্থ বিস্কট সমস্ত প্রকাশ তথন পবম এক স্থবসঙ্গতি এবং সামঞ্জস্যরূপে দেখা দেয এবং যথন আদ্বা অধিমানস এবং অতিমানসের মধ্যবন্ত্রী প্রান্তরেপায় দাঁড়াইয়া একটা সমগ্র দৃষ্টি দিয়া সকল অস্তিত্বকে দেখে তথনই এ স্থবসঙ্গতি চরম চমৎকার ভাবে বৃহত্তম পূর্ণতা প্রাপ্ত হয়।

অন্ততঃপক্ষে ইহাও যথন একটা সম্ভাবনা তথন ভালভাবে অনসন্ধান কবিয়া ইহাব শেষ পবিণাম পর্যান্ত দেখা উচিত। সত্তাব সমস্যা সমাধানেব জন্য একটা বিবাট বিশুল্লান্তিবাদ লইয়া বিচাব করিতে ইইয়াছে, কেননা মন যে চক্রাবর্ত্তনে উপবে উঠিতেছে তাহাব শেষ সীমায়, যে বিশুতে গিয়া মন ভাঙ্গিয়া পড়িতে বা বিলুপ্ত হইতে চায় সেই সময একটা অতি প্রবল অনুভূতির মধ্য দিয়া এ মত আসিয়া উপস্থিত হইয়াছে; কিন্দু চবম সত্যের অপক্ষপাত আলোচনার শেষে একবান যখন স্থিন হইল যে এ মত গ্রহণ অপবিহার্য্য নয়, তথন এ মতকে এক পাশে রাখিয়া দিতে পাবি—অথবা আরও উদার এবং সাবলীল বা নমনীয় ভাবনা এবং বিচাবের প্রসঙ্গে যদি প্রয়োজন হয় তবে কেবল তথনই লান্তিবাদের কথা আবান তুলিতে পাবি। মাথাবাদ যাহাকে বর্জন করিয়া গিয়াছে স্ক্তরাং যাহার সমাধান হয় নাই আমাদেব দৃষ্ট এবার নিবদ্ধ কবা যাক, সেই বিদ্যা এবং অবিদ্যার সমস্যার উপর।

সম্বস্ত কি ? এই প্রশ্নের উত্তরের উপবই সব কিছু নির্ভর করে। যে চেতনা দিয়া আমবা সত্যকে জানি তাহা সীমিত অবিদ্যাচছনু এবং সান্ত . আবাব আমাদের এই সীমিত চেতনা যে বিশেষ ধাবায় বস্তুর সংস্পর্শে আসে তাহার উপর আমাদেব সত্যেব ধারণা নির্ভর করে এবং অনাদি ও চরম চেতনা যে ভাবে দেখে তাহা হইতে জামাদের দেখা ধুবই ভিনু প্রকারের হইতে পারে।

#### সম্ভ এবং বিশ্বভাৱি

শ্বৰূপ সত্য, তাহা হইতে জাত এবং তাহার আশ্রিত প্রাতিভাসিক সত্য, এবং উ উভয়ের সম্বন্ধে আমাদের সীমিত এবং অনেক সময় ব্রান্ত অনুভব বা ধারণা আছে যাহা ইন্সিয়ানুভূতি এবং বিচার বৃদ্ধিরারা আমরা লাভ করিয়াছি, এই তিনের পরস্পরের মধ্যে পার্থক্য কি তাহা বুঝা দরকার। ইক্লিয়বোধে পৃথিবীকে সমতল বোধ হয়, এবং একটা সীমার মধ্যে দৈনন্দিন ব্যবহারের প্রয়োজনে ইন্সিয়ের দেওয়া এই বোধ অনুসাবেই আমাদিগকৈ চলিতে হয়, ধরিয়া লইতে হয় যে পৃথিবীটা সনতল ; কিন্তু প্রতিভাসেরই খাঁটি সত্য এই যে পৃথিবী সমতল নয় ; এবং যে বিজ্ঞান প্রাতিভাসিক সত্যকেই শুধ খোঁজে সেও পৃথিবীকে প্রায় গোলাকার ধরিয়া লইয়া কাজ করে। ভাসের খাঁটি সত্য সম্বন্ধে ইন্দ্রিয়েব দেওয়া সাক্ষ্য বহুস্থানেই বিজ্ঞান বিশ্বাস করে না অথবা উলটাইনা দেয়, কিন্তু তবু ইন্দ্রিয়েব দেওয়া কাঠামো বা ব্যবস্থা আমাদিগকে স্বীকার করিতে হয় কেননা বস্তুর ব্যবহাবিক সম্বন্ধ সম্বন্ধে ইন্দ্রিয় আমাদেব উপবে যে বোধ আরোপ কবে, সত্যের পবিণামরূপে তাহার একটা পামাণিকতা আছে যাহা উপেক্ষা করা যায় না। আমাদের যক্তিব দ্ধি ইক্রিয়-গণের দেওয়া তথ্যের উপর নির্ভব করিয়াও তাহাদিগকে স্বতিক্রম কবিয়া যায়, সত্য এবং অসত্য সম্বন্ধে নিজের বিধান বা ধারণা গডিয়া তোলে, কিন্তু যে সেই যুক্তি দিয়া পর্য্যবেক্ষণ এবং বিচার করে তাহার দৃষ্টিভঙ্গী অনুসারে এই সমস্ত বিধান এবং ধাবণা ভিনু প্রকাবের হয। জড়বিজ্ঞানী প্রাতিভাসিক জগৎকে পবীক্ষা করিয়া বুঝিতে গিয়া বাহ্য এবং প্রাতিভাসিক সত্য এবং ক্রিযাধারার উপর ভিত্তি করিয়া কতকগুলি সূত্র, এবং মান বা আদর্শ খাড়া করেন ; তাহার মনে হইতে পারে যে জড়ই অন্তর্মুখীন পরিণামে মন হইয়া দাঁডাইযাছে, আন্ধা এবং চিদুবস্তু অসত্য ় যাহা মন হইতে স্বতন্ত্ররূপে অবস্থিত, মনের কোন ক্রিয়া-ধাবা \* বা বিশুগত কোন চেতনার আবির্ভাব বা হস্তক্ষেপ যাহার উপবকোন পুতাব বিস্তার করিতে পারে না এমন জড় এবং জড়শক্তি মাত্র আছে. মন যেন সেই স্বতন্ত্র জডবস্থর পর্যাবেক্ষক মাত্র : অন্ততঃ ইহাই মনে করিয়া বিজ্ঞানীকে ক্রিয়া করিতে হয়। মনোবিজ্ঞানী মনেব চেতনা এবং অচেতনা

\*আপেক্ষিক চাবাদ (theory of relativity) এ ধারণার ভিত্তিকে নাড়াইগ। দিয়াছে, কিন্ত পরীক্ষা (experiment) এবং বৈজ্ঞানিক তথ্যের বর্ণনার ক্ষেত্রে, ব্যবস্থারিক ভিত্তিরূপে ইহাকে রাখিবার অয়োজনীয়তা এখনও রহিয়াছে।

## निया कोयन याची

স্বতম্বভাবে পরীক্ষা করিতে গিয়া সত্যের আর এক প্রদেশ আবিকার করেন; সে সত্যেব প্রকৃতি অন্তর্পুরীন, তাহাদের নিজস্ব বিধান এবং ক্রিয়াধারা আছে; তাহার মনে হইতে পারে যে সত্যের রহস্যের চাবিকাঠি মনের কাছে আছে, মনই সত্য বস্তু, জড় মনের ক্রিয়াক্ষেত্র মাত্র; এবং মন হইতে স্বতম্ব কোন চিদ্বস্তু এমন কিছু যাহা অসত্য। কিন্তু আরও গভীরে গিয়া অনুসন্ধান করিলে আত্ম এবং চিদ্-বস্তুর সত্য ভাসিয়া উঠে, সত্যের একটা বৃহত্তর ভূমির বা লোকের সন্ধান পাওয়া যায় যাহাতে আমাদেব অন্তর্পুরী মনোময় এবংবহির্পুরী জড়ময় সত্যসমূহের রূপ বদল হইয়া যায় এবং দেখা যায় তাহাবা প্রাতিভাসিক এবং গৌণ সত্য, আত্মার বা চিদ্বস্তুর সত্যেব উপব নির্ভব কবিয়া ভাহাবা বর্ত্তমান আছে। এই গভীবত্ব অনুসন্ধানেব কলে ননোময় ও জড়ময় বস্তুরাজি একটা নিমুত্রর ভূমির সত্য বলিয়া বোধ হয়, এমন কি সহজে তাহাদিগকে অসত্য বলিয়াও মনে হইতে পাবে।

কিন্তু সান্তকে লইয়াই কারবাবে যে অভ্যস্ত সেই বিচারবৃদ্ধিই এইভাবে বিভাগ এবং বর্জন কবে; ইহা সমগ্রকে খণ্ডে খণ্ডে কাটিয়া ফেলে এবং সমগ্রের এক খণ্ডকে বাছিয়া লইয়া তাহাকে সমগ্র বলিয়াই গ্রহণ কবে। নিজের ক্রিয়াব জন্য ইহা মনের পক্ষে প্রয়োজন, কেননা সান্তকে সান্ত বলিয়া গ্রহণ কবিয়াই তাহাকে কাজ কবিতে হয় ; আমাদিগকেও ব্যবহারিক প্রয়োজনে এবং সান্তকে লইয়া বিচাৰবদ্ধির কাজে মনেব দেওয়া এই ব্যবস্থা মানিয়া চলিতে হয় কারণ সত্ত্যের প্রিণানরূপে ইহার একটা প্রামাণিকতা আছে, স্থত্রাং তাহা উপেক। করা যায় না। যাহা নিজে পূর্ণ অথবা নিজের মধ্যে পূর্ণকে ধারণ করিয়া আছে সেই আধ্যান্ত্রিক সত্যের অনুভবের ক্ষেত্রে আসিয়াও মন তাহার খণ্ডন-কাবী বিচাববৃদ্ধিব ক্রিয়া চালায এবং শাস্তকে যেমন সংজ্ঞা দিয়া সীমা নির্দ্ধারণ করিয়া জানিতে বা দেখিতে হয় তেমনিভাবেব সংজ্ঞা এবং শীমানির্দ্দেশ এখানেও করিতে চায়; সে অনন্ত এবং সাজ্তের, চিদ্বস্থ এবং তাহার প্রতিভাস বা প্রকাশের মধ্যে একটা সীমারেখা টানে এবং বলিয়া বদে যে ঐ দমস্ত সত্য এই সমস্ত মিখ্যা । কিন্তু আদি এবং প্রম চেত্রনাব এক সম্যক্ পূর্ণা**ক দটি**তে সমগ্রেব এমন এক রূপ ভাসিয়া উঠে যাহাব মধ্যে সত্তার সকল অন্তিছই বর্ত্তমান থাকে. সেই চিন্মর অন্বয় অধন্ত স্বরূপ সত্যের সমগ্রতার মধ্যে প্রতিভাসকে দেখা যায় সেই সত্যবস্থর প্রতিভাস বা প্রকাশ রূপে। এই বৃহত্তর চিন্ময় চেত্রনা সকল বস্তুতে যদি শুধু অসত্য দেখিতে পাইত, চিদুবন্ধর সত্যের সহিত

## সৰ্জ্ব এবং বিশ্বক্রান্তি

যদি তাহার৷ একাস্কভাবে সম্বন্ধশূন্য হইত, তাহা হইলে—স্বয়ং ঋতচিৎ বা সত্য চেতনা হইয়া—অনন্তকাল ধরিয়া যাহা বর্ত্তমান আছে বা পুনরাবৃত্ত হইতে**ছে** এনপ সেই অসত্যকে পোষণ করিয়া রাখিবার কোন কাবণ তাহাতে থাকিতে পারিত না ; কিন্তু তবুও যে এইভাবে পোমণ কনিতেছে, তাহার কারণ চিদ্-বম্বর সতাই রহিয়াছে তাহাদের ভিত্তিতে। কিন্তু এইনপ পূর্ণান্দ দুষ্টতে দেখিবার ফলে সাম্ভ সত্তার বিচারবৃদ্ধি এবং ইন্দ্রিযক্তানে প্রাতিভাসিক সত্য যে নপে দেখা দেয় তাহাকে অন্য আকাৰে দেখা দিতেই হইবে ; ইহাব অন্য এক গভীরতর সতা ভাসিষা অন্য এক বৃহত্তব তাংপর্য্য ফ্রান্মা উঠিবে, সভাব গতি পুত্তিতে অন্য এক সুক্ষুতর এবং বিচিত্রতর ক্রিয়াশনা প্রকাশ পাইবে। বিচাব-বৃদ্ধি এবং ইন্দ্রিয়বোধ সভ্যেব যে সমস্ত বিধান এবং মনোম্য ৰূপ গড়িয়া তুলিরাছিল এই বৃহত্তব চেত্রনা তাহা সত্য এবং লম এই উভ্যেব উপাদানে গড়া সাংশিক রূপায়ণ বলিয়া দেখিবে; স্তুতরাং এই সমস্ত গড়া রূপকে যুগপৎ দত্য এবং নিখ্যা বলা যাইতে পাৰে কিন্তু তাহাতে প্ৰাতিভাগিক ম্বাৎ মিখ্যা না অবা প্ৰব বস্তু হইয়া পড়িবে না ; তখন এই জগতেরই ফুনিয়া উঠিবে অন্য এক চিন্ময নপ ; সান্ত অনম্ভেরই শক্তি গতি বা ক্রিযাধার। রূপে আত্মপুকাশ ববিবে। মাদি এবং চনম চেতনা অনম্ভেরই চেতনা, তাই স্বভাবত তাহা বছৰকে মদৈতানৃভবের মধ্যেই দেখিবে, তাহাব দৃষ্টি হইবে সমাক এবং পুর্ণাঞ্চ দৃষ্টি; সে দৃষ্টিতে সৰই গৃহীত হইৰে, সে দৃষ্টিৰ আলিঞ্চন-পাণে সৰই ৰদ্ধ খাৰিবে খাবাব তাহা সুৰ্বনিয়ামক বলিয়া সকল বৈশিষ্ট্যকেও দুৰ্শন কৰিবে , তাহা চইৰে এক অবিভক্ত এবং অবিভাজ্য পূর্ণ দিব্যদর্শন। তাহা বস্তুব স্করপ দোখতে পাইৰে এবং সকল রূপ সকল গতিকে স্বরূপ সত্যেবই প্রতিভাগ এবং পবিণাম রূপে তাহার আরশ্ভিরই রূপায়ণ এবং গতিবৃত্তিরূপে দেখিবে। বিচাব-বৃদ্ধি বলে সত্যের মধ্যে পরম্পর একান্তবিরোধী বস্তুসমূহের স্থান পাকিতে পাবেনা ; তাই যথন প্রাতিভাসিক জগৎ এবং মূল বুর্মবস্থব মজে বিবোধ রহিয়াছে অথবা বিরোধ আছে বলিয়া মনে হইতেছে তখন জগৎ নিধ্যা হইতে ৰাধ্য , **আৰার যেহেতু ব্যষ্টিগন্তার সঙ্গে বিশ্বাতী**ত এবং বিশ্বগত এ উভয়েব

বিরোধ আছে স্মৃতরাং ব্যাষ্ট্রসত্তা বা জীবও মিথ্যা। কিন্তু সান্তকে ভিত্তি করিয়া যে বিচার-বুদ্ধি গঙিয়া উঠিয়াছে তাহার কাছে যাহার। একা ছবিরোধী বলিয়া বোধ হইতেছে তাহারা অনম্ভের উপব প্রতিষ্ঠিত বৃহত্তব বুদ্ধি এনং দিব্য-দৃষ্টির কাছে বিরুদ্ধ ধর্মাক্রান্ত না হইতেও পারে। সামাদের মন যেখানে বিরোধ

#### দিব্য জীবন বার্ডা

দেখে অনন্ত চেতনার কাছে তাহা হয়ত বিরোধ নয়—একে অন্যের পরিপুরক। মূল তথ্য এবং সেই তত্ত্বের প্রতিভাগ পরম্পবের পরিপুরক, বিরোধী নহে— প্রতিভাস তম্বকেই প্রকাশ করে; সান্ত অনন্তের একটি ঘটনা বা ক্রিয়াফল, অনস্তের বিরোধী নয়; ব্যষ্টিসতা বা জীব বিশ্বগত এবং বিশ্বাতীত সন্তারই আম্বপ্রকাশ, তাহা হইতে একেবাবে স্বতম্ব বা তাহার বিরুদ্ধ একটা কিছু নয়; বিশুগত সত্তাই কেন্দ্রীভূত হইযা বিশেষত্ব গ্রহণ করিয়া জীব হইয়াছেন, আবাব তাহার সত্তা এবং প্রকৃতির স্বরূপে সে বিশ্বাতীত সন্তার সহিত এক। সর্বে ্রাহী অহৈতদর্শন যখন দেখে অরূপ এক মূল সন্তার মধ্যে অগণিত রূপরাজি রহিয়াছে, অনন্তেন এক স্থিতি-ধর্ম্ম অনন্তের অনন্ত প্রকার গতি-ধর্ম্মের আশুয়ী-ভূত হইনা আছে অথবা অনন্ত এক অন্বয় বস্তু বহু সত্তা বহু বিভাব বহুশক্তি এবং বহু গতিরূপে আন্নপ্রকাশ করিতেছে তখন সে ত বিবোধ দেখেনা; কেননা যে দেখে এ সমস্ত এক অম্বয়-বস্তুরই নানা সত্তা, বিভাব, শক্তি এবং গতি। ভিত্তিতে জগৎস্ষ্টি সম্পূর্ণ স্বাভাবিক এবং অনিবার্য্য ক্রিয়া, তাহা নিজে কোন সমস্যা স্টি করেনা কেননা অনন্তের ক্রিয়াব মধ্যে ঠিক ইহাই দেখিতে আশা করা যাইতে পাবে। মানসিকক্ষেত্রের যত সমস্যা যত বিরোধ তাহা সাম্ব বিচার-বৃদ্ধিই স্ফাষ্ট করে, অনন্তেব শক্তি এবং তাহ।ব সত্তাকে তাহাব গতি এবং স্থিতিকে ইহান স্বাভাবিক বতৰ এবং মূল একম্বকে সে-ই কাটিয়া পুথক করিয়া তাহাদের মধ্যে বিবোধ আনিয়া ফেলে, যে আত্মা স্বন্ধপতঃ এক তাহাকেও গও করিয়া দেখে, প্রকৃতিকে চিদ্বস্থব বিনোধীরূপে স্থাপন করে। কি করিয়া অনন্ত জগৎরূপে পরিণত হইলেন, কালাতীত নিত্যবস্তু কি করিয়া কালের ক্ষেত্রে আখু-প্রকাশ করিলেন, তাহা ব্ঝিতে হইলে চেতনাকে সান্ত বিচার-বৃদ্ধি, গীমিত ইন্দ্রিন-বোধকে ছাড়াইয়া উদ্ধে স্থিত এক বৃহত্তব বৃদ্ধি এবং চিন্ময় বোধের ক্ষেত্রে পৌ-ছিতে হইবে ; এই উচ্চতর বৃদ্ধি ও চিন্ময বোধ অনন্তের চেতনার সংস্পর্ণে আছে, নিজেরই ন্যায় এবং তাহার বিধান তাহাব নিজেরই সত্যসমূহের আম্বক্রিয়া হইতে অনিবার্য্যভাবে স্বভাবত জাত হয় ; এ ন্যায়ে প্রাকৃত ন্যায়ের মত মননের ধাবা বা সোপান সাজান থাকেনা, তাহাব মধ্যে থাকে সংস্করপেবই আত্মপ্রকাশেব ধারা।

কিন্দু ইহা বলা যাইতে পাবে যে এতক্ষণ যাহা বলা হইল তাহা বিশ্ব-চেতনাব বিবৰণ কিন্তু তাহার পরেও এক চবম ও পরম বস্তু আছে; এই পরম বস্তুকে সীমিত করা যায়না. কিন্তু জগৎ এবং জীব তাহাকে যখন সীমিত বা

## সম্বন্ধ এবং বিশ্বজ্ঞান্তি

খণ্ডিত করে তখন তাহার। অবশ্যই মিথ্যা। পরম বস্তুকে যে সীমিত করা গাযনা ইহা স্বতঃসিদ্ধ বটেইত ; অরূপ বা রূপ, একত্ব বা বহুত্ব, নিঞ্জিয় স্থিতি এবং সক্রিয় গতি কিছু শারাই তাহাকে সীমিত করা যাযনা। তিনি রূপ স্থষ্টি করিলেও রূপ তাহাকে শীমিত কবিতে পারেনা, বছম প্রকাশ করিলেও বছম তাহাকে বিভক্ত করিতে পারেনা, গতি এবং সম্ভৃতিও তাহা হইতে প্রকাশিত হয় কিন্তু গতি তাহাকে স্থানচ্যুত বা বিচলিত করেনা, সম্ভূতিও তাহাতে কোন পৰিবৰ্ত্তন আনে না ; যেমন আত্মবিস্মষ্টিতে তিনি নিজ হন না না ফ্রাইয়া गাননা তেমনি কোন কিছু ছারা তিনি সীমিত হননা। প্রকাশে, মাল হইতে বা মাহাব পুকাশ হয় তাহা নিঃশেষ হয় ন। ইহা জড়েও দেখ, যায় ; পট নিশ্বাণে মৃতিক। শীনিত হয় না, প্রবাহ মারা বায় নিংশেষ হইয়া যাযনা, তবংঙ্গেব উচ্ছাংসঙ সমুদ্র সীমিত বা নিঃশেষ হইয়া পড়েনা। সীমার ধারণা শুধু মন এবং ইক্রিয় বোধেব, কাবণ তাহারা দেখে সাস্ত যেন একটা পৃথক সতা. অনম্ভ হইতে কিছু নিজেকে পুণক করিয়া নিয়াই সাস্তে পৰিণত ছইয়াছে এপনা সাস্ত এমন কিছু যাচাকে সীমার দ্বাবা অনস্ত হইতে কানিয়া ফেলা হইয়াছে , প্রাক্ত বৃদ্ধিব এই ধানণাই ভ্রান্ত, কিন্তু অনস্তও ভ্রম নহে সাস্তও ভ্রম নহে ; কানণ অনস্ত ব। সাও কিছুই মন বা ইক্রিয়ের ধাবণার উপৰ নির্ভব করে না ; ভাহাদের সভার জন্য তাহার। শুধ প্রহ্রামেন উপন নির্ভর কবে।

বিচাব-বুদ্ধি ব্রদ্ধের কোন সংজ্ঞা দিতে পাবে না. বাক্য তাহাকে পুকাশ করিতে পাবে-না, অনুভবেব মধ্য দিযা শুধু তাহাতে পৌঁ ছা যায়। তাহা মেন এক পরম অসৎ, রহস্যপূর্ণ অনির্বেচনীয় অনন্ত এক মহাশূন্য, তাই অক্তিহাবের একান্ত বিলয় সাধনের মধ্য দিয়া তাহাতে পৌঁ ছা যায়। আবাব আমাদেব অন্ধিভাবের যে সকল মূল বিভাব আছে তাহাদেব চনম বা পরম পুতিষ্ঠার ছাবা পরমজ্ঞান ও আলোকের, পরম প্রেম এবং সৌলর্ঘ্যের, পনমশক্তি এবং বীয়ের, পনম শান্তি এবং নৈ:শবেদ্যর মধ্য দিয়াও তাহাতে পৌঁ ছা যায়। শুদ্ধ সৎ, শুদ্ধ চিৎ, শুদ্ধ শক্তি বা শুদ্ধ আনলের অনির্বেচনীয় পনম বহস্যের মধ্যদিয়া তাহার পরিচয় পাওয়া যায়, আবার এমন এক পরম অনুভূতির মধ্য দিয়া সেখানে পৌঁছা যায় যাহাতে সৎ, চিৎ, শক্তি এবং আনল্য অনির্বেচনীয় রক্তম এক পরম চিমংকার অবস্থা লাভ করি যেন অন্তিম্বের জ্যোতির্ম্ম এক অতল গভীরে ভূবিয়া গিয়া এমন এক অতিচেতনায় প্রবেশ করি যাহাকে চরম তত্ত্বের ছার স্বরূপ

## দিব্য জীবন বার্তা

বলা যায়। প্রচলিত ধারণা এই যে কেবল মাত্র ব্যষ্টি জীবভাব এবং জগৎ ভাবের বিলয় সাধন ছারাই আমরা ব্রদ্ধে প্রবিষ্ট হইতে পারি। কিন্তু প্রকৃত পক্ষে ব্যটি জীবকে তাহার ভেদগত অহং সন্তাই শুধু বিসর্জন দিতে হইবে ; তাহাব চিন্ময় ব্যষ্টি সত্তাকে উদ্ধেতিলিয়া বিশুকে আম্বসাৎ এবং অতিক্রম করিয়া গে নিত্য বস্তুতে পৌঁছিতে পাঁরে, অথবা সে নিজেকে একেবারে মুছিয়া ফেলিতে পারে কিন্তু তখনও ন্যাষ্ট সন্তাই নিজেকে অতিক্রম করিয়া ব্রদ্ধে অনুপ্রবিষ্ট হয়। অখবা উত্তরায়ণের সাধনায় তাহার আত্মসভাকে পরম সত্তা বা অতিসভায ( Supreme existence or super-existence ) তাহার আম্ব-চৈতন্যকে পরা-চেতনা বা অতিচেতনায়, তাহার নিজের এবং সভার সকল আনন্দকে প্রম আনন্দে অথবা আনন্দের অতিভূমিতে উনুীত করিয়। সে ব্রদ্ধলাভ কবিতে পাবে। আবার ব্রদ্ধে পৌঁছিবাব আর এক পথ আছে, বাষ্টিচেতন উপরে উঠিয়া বিশ্বচেতনায় অনুপ্রবিষ্ট হইতে পাবে, নিজের মধ্যে বিশ্বচেতনাকে ধারণ কবিতে পারে এবং নিজেকে এবং বিশুচেতনাকে এমন এক অবস্থায উনুীত কবিতে পারে যেখানে এক পনম প্রকাশময় অবস্থাব মধ্যে একম ও বছৰ পূৰ্ণ সামঞ্জন্যে এবং ঐক্যতানে মিলিত হইযা গিয়াছে, যেখানে প্ৰত্যেক ব্যষ্টির মধ্যে সর্ব্ব বা সমষ্টি এবং সর্ব্বেব মধ্যে প্রত্যেক বাষ্টি আছে, আবার সর্ব্ব আছে এমন এক একের মধ্যে যাহা সকল বিশেষ ভাবের অতীত, যেখানে একঃ এবং পরস্পবেৰ মধ্যে অস্তর্ভুক্তি শক্তিয়ভাবে পূর্ণতা লাভ কবিয়াছে; ইতিভাবের সাধনায় প্রকাশের এই পরমা স্থিতি চরমত্ত্বের সর্বাপেক্ষা নিকটে অবস্থিত! প্ৰাকৃত বুদ্ধির কাচে যে ব্ৰহ্ম এক প্ৰহেলিকা আহাব উপলব্ধি এবং অনুভব নেতিভাবেৰ চৰম প্রত্যেয় অথবা ইতিভাবের চরম জ্ঞান দারা কত বিচিত্র উপায়ে হইতে পারে ; কেন যে হইতে পারে সে রহস্য কিছু বুঝা যায যদি বুঝি যে অস্তিহ সম্বন্ধে সামাদের যে ধারণা এবং অনুভূতি আছে তাঁহা হইতে ব্রুদ্রের পরম অন্তিম্ব বা প্রদম সদ্ভাব এত দূরে এবং উপরে যে আমরা যাহাকে অস্তিষের নেতিভাব বলি, অর্থাৎ আমাদের ধারণাস ও অনুভবে যাহা অসং বা অন্তিষশূন্য তাহাও ব্রুদ্র, আবার বিশ্বে যাহা কিছু আছে, প্রকাশের তারতমা সত্ত্বেও সবই স্বরূপতঃ 'তৎ' স্বরূপ, ব্রদ্রাই সর্ব্ববস্তুর পরাৎপর-তত্ত্ব; তাই চরম নেতিবাদ বা চবম ইতিবাদ এ উভয়ভাবের মধ্য দিয়াই ব্রন্ধে পোঁছা যায়: আমরা যাহাকে সৎ বলি এবং যাহাকে অসৎ বলি তাহাদের সকলের যাহা মুলীভূত এবং সকলের মধ্যে অনুস্যুত যাহা সকলের ভিত্তিরূপে সকলকে ঘিরিয়া সকলকে

#### সদ্বস্থা এবং বিশ্বভান্তি

অতিক্রম করিয়া বর্ত্তমান আছে তাহাই সেই অক্তেয় নিত্যবস্তু তাহাই ব্রহ্ম। আমাদের প্রথম বা মূল সিদ্ধান্ত এই যে ব্রদ্ধই প্রবম সত্য বস্তু ; কিন্তু পুশু হয় আর যাহা কিছু আমরা অনুভব কবি তাহা সত্য না মিখ্যা ? সময় সময় সদ্-ভাব বা সত্তা এবং অন্তিম্বের মধ্যে একটা ভেদ করা হয়, বলা হয় সত্তা সত্য কিন্ত অস্তিহ বা যাহা অস্তিহরূপে প্রকাশ হয় তাহা অসত্য : কিন্তু একথা সত্য হইতে পারে যদি অন্ধ বা অন্ধাত নিত্যবস্থ এবং জাত অন্তিত্বেব বা বস্তুবাজিব মধ্যে একটা আত্যন্তিক এবং ঐকান্তিক ভেদ বা বিচেছদ খাকে : তখন অজাত নত্তাকে কেবলমাত্র সত্যবস্থ বলা যাইতে পারে। কিন্তু যাহ। কিছু আছে যাহা কিছু 'সস্তি' তাহা সদ্বস্তবই আন্তোপাদানে গড়া আম্বরূপায়ণ যদি হয় তাহা হুইলে এ সিদ্ধান্ত করা যায় না ; 'অন্তি' যদি অসতেবই একটা রূপ, মহাশূন্য হুইতে জাত বা ব্যক্ত কোন কিছু হুইত কেবল তাহা হুইলে তাহাকে মিখ্যা বলা যাইত। অন্তিমের যে বিভিন্ন ভূমির মধ্য দিয়া আমরা ব্রুদ্রের দিকে অগ্রসর এবং তাহাতে অনুপ্রবিষ্ট হই তাহাবাও অবশ্য সত্য হইবে কেননা অসতা এবং অবস্তু ক্থনও সত্যবস্তুতে লইয়া মাইতে পাৰে না, বা সত্য বস্তুতে পৌঁছিবাৰ পথ হইতে পারে না ; তেমনি বুদ্র হইতে যাহা নিঃসত, বুদ্রই যাহাকে ধারণ কৰিয়া রহিয়াছেন, যাহাকে অনুপ্রাণিত করিতেছেন অথবা নিজেৰ মধ্যে প্রকাশ করিতেছেন তাহাতেও একটা সত্য থাকিবেই। যেমন মন্যক্ত বা অপ্ৰকাশ বস্তু আছে তেমনি প্ৰকাশ বা ব্যক্ত অবস্থা আছে কিন্তু যাঁহা সত্যবস্থ তাহাব প্রকাশ নিজেও সত্য হইবে , কালাতীত যেমন আছে তেমনি কালেব মধ্যে একটা বস্তুর্পুবাহ আছে, কালাতীত সত্যবস্তুতে যাহার মূল নিহিত নাই এমন বিচু কালেন ক্ষেত্ৰে লাগিতে পাৰে না। সামাৰ সায়া এবং তাহাৰ চিংস্বভাৰ যদি গত্য হয় তবে যাহাৰা সেই আয়াৰই প্ৰকাশ আমাৰ সেই সকল ভাৰনা, অন-ভূতি, সকল প্রকাব শক্তি মিখ্যা হইতে পাবে না ; এমন কি আমাব যে দেঁহ, আশ্বাই বাহিবে ৰূপায়িত করিয়া তুলিয়াছে এবং সঙ্গে সঙ্গে যাহাৰ মধ্যে আশ্বা নিজেই বাস করিতেছে, তাহাও অসৎ বা অবাস্তব মাযাব ছায়া হইতে পাবে না। একমাত্র স্থাপ্তত ব্যাখ্যা এই যে কালাতীত নিত্যতা এবং কালেব মধ্যে প্রকাশিত নিত্যতা একই নিত্য এবং চরমত্বেব দুইটি বিতাব এবং উভয়ই জায়া বদিও উভবের মধ্যে পতোৰ पाए ; कानाठी ७ परराप राया प्रवास काराज्य पराय पानाचे निर्वार राख क्रिक्टिं । योदः किंद्र वर्षमान थाएए धारा धारात थानन

## দিবা জীবন বার্ত্তী

প্রকাশের প্রকারে সত্য এবং অনন্ত চেতনা দ্বারা সেই ভাবেই দৃষ্ট হয়। সকল প্রকাশ বা সকল স্বষ্টি যেমন সত্তার তেমনি চৈতন্যের এবং চৈতন্যের শক্তি বা পরিণামের উপর নির্ভর করে; কেননা চেতনার ভূমি যেমন, সন্তাব ভূমিও তদনুরূপ হয়। এমন কি নিশ্চেতনাও সংবৃত চেতনার একটা শক্তি, একটা ভূমি বা স্থিতি, যাহার মধ্যে সত্তা, যাহাকে অসৎ মনে হয় এম অপ্রকাশ অবস্থাব ভিনু বা বিপরীত প্রান্তে গিয়া ডুবিয়া গিনাছে, যাহাতে তাহার মধ্য হইতে জড় বিশ্বের সব কিছু অভিব্যক্ত হইতে পারে; তেমনি আবাৰ চেত্ৰনা যথন চরম সভার মধ্যে অনুপ্রবিষ্ট হয তথন তাহাকে অতিচেত্ন। বলা হয়। কেননা একটা অভিচেতন স্থিতি (status) আছে ফাহার মধ্যে চেতন। যেন জ্যোতিৰ গভীরে সত্তাতে সংবৃত বা অব্যক্ত হইয়া যায়, যেন তাহার আত্ম-জ্ঞান আৰু খাকে না ; আবার সেই অবস্থা হইতে বা তাহারই মধ্যে সভাব সকল চেতনা, সকল জ্ঞান, সকল আত্মদৃষ্টি, সকল শক্তি যেন ফুটিয়া উঠে; এই উন্মেষে আমাদের মনে হইতে পাবে যে যাহা প্রকাশ পাইল তাহা একটা নিমুত্র সত্য, কিন্তু বস্তুত: অতিচেতনা এবং চেতনা একই সত্যবস্তু এবং একই সত্য বস্তুকে দেখে। আবার এমন প্রম ভূমিও আছে যেখানে সত্তা এবং চৈতন্যের মধ্যে কোন ভেদ করা যায় না, কেননা, তাহাবা এমন গভীর ভাবে এক যে তাহাদের কাহারও কোন বিশেষত্ব আবিষ্কার কবা যায় না ; কিন্তু সত্তার এই প্রন্ম অবস্থা সন্তার শক্তির, স্কুতবাং চৈতন্যের শক্তিরও পরম অবস্থা ; কেননা সেখানে সত্তার শক্তি এবং চৈতন্যেব শক্তি এক ও অম্বয় এবং তাহাদিগকে পৃথক করা বার না : শাণুত সভা এবং শাণুত চিংশক্তি যেখানে এইরূপ পূর্ণরূপে একীড্ড তাহাই পরম ঈপুররূপে স্থিতি এবং ভাহার সন্তার শক্তি চরম তথেরই গতি ব সক্রিয়তা। এই স্থিতিতে বিশ্বের প্রতিমেধ নাই, ইহার নধ্যে বিশ্বসভার মূল এবং শক্তি নিহিত আছে।

কিন্ত তবুও তো অসত্য বা অবান্তব বলিয়া জগতে কিছু বর্ত্তমান আছে, এবং সকলই যদি ব্রহ্ম বা সতাবস্ত হয়, তবে সত্যের মধ্যে এই যে অসত্যের একটা উপাদান দেখা যায় তাহাবও তো ব্যাখ্যা দিতে হইবে। অবান্তবতা যদি সন্তার কোন তখ্য বা বিভাব নাও হয়, তবু তো ইহা চেতনার একটা ক্রিয়া বা রূপ, তাহা হইলে চেতনাব এনন একটা অবস্থা বা পরিণাম কি নাই যেখানে ক্রিয়া এবং রূপ পূর্ণরূপে বা অংশতঃ অবান্তব ? এই অবান্তবতা যদি আদি কোন বিশ্বভান্তির বা মায়ার ধর্ম্ম না হয়, তবুও বিশ্বে অবিদ্যাজনিত একটা ভ্রম ডো

#### সম্বস্তু এবং বিশ্বভান্তি

আছে। দেখিতে পাই যে মনের শক্তি আছে যাহার বলে যাহা সত। নয় তাহাকে পে কল্পনা করিতে পারে, এমন কি যাহা সত্য নয় অথবা পুরাপুরি সত্য নয় এমন কিছু স্বষ্টি করিবার শক্তি তাহার আছে; নিজেকে এবং জগৎকে সে যে ভাবে দেখে তাহাও ত একটা গড়া রূপ, যাহা পূর্ণ সত্য নয়, পূর্ণ অসত্যও নয়। অবাস্তবতার এই উপাদান কোথা হইতে আবত্ত হইল কোথায তান শেষ, তাহার কারণ কি ? কারণ এবং তাহার ফল উভয়েরই উচেছদ হইলে কি হইবে ? যদি সকল বিশুসতা ভ্রম নাও হয় তবুও যে অক্তানেব জগতেন মধ্যে গামনা বাস করি, যাহার মধ্যে জন্ম ও মৃত্যু, বার্থতা ও দুঃখ, নান। পবিবর্তন সদা বর্ত্তমান, তাহাও কি অবাস্তব নয় ? অবিদ্যা দূব হইলে সেই অবিদ্যা-স্পষ্ট জগতেব বাস্তবতাও .ক আমাদেব পক্ষে লোপ পাইবে না ? তাহা হইলে জগৎ হইতে প্লায়নই কি আমাদের পক্ষে স্বাভাবিক এবং একমাত্র কর্ভব্য হইবে ন। ১ একথ। সত্য হইত যদি অবিদ্যা নিছক অবিদ্যা বা অক্তান হইত, যদি তাহার মধ্যে সত্য বা জ্ঞানেব কোন উপাদান না খাকিত। কিন্তু বস্তুতঃ আমাদের চেতনায় সত্য এবং মিথ্যাব একটা সংমিশ্রণ বহিয়াছে ; তাহাব ক্রিয়। এবং रुष्टिंदर निष्ठक कल्पना वा একেবাবে ভিত্তিশূন্য क्यायप नला गांग ना। থালা স্বাষ্ট্র করিয়াছে বস্তুর বা বিশ্বের যে নাপ দিয়াছে তাহাকে সভা এবং মিখ্যাব মিশ্রণ না বলিয়া বরং তাহাতে সত্যেব অর্দ্ধবোধ বা অর্দ্ধপুকাশ আছে ইহা বলিলেই ভাল হয়; আবার সব চেতনাই শক্তি, স্তুতবাং স্টেসমর্থ বলিয়া অবিদ্যা-চেতনার ফলে বিকৃত স্টি, বিকৃত প্রকাশ, বিকৃত ক্রিয়া বা প্রাপ্ত ধারণা-্রভ এবং বিপ্রথে চালিভ সভার শক্তি দেখা দিয়াছে। সকল বিশ্বসভা এফটা ্রাকাশ, কিও তাহার মধ্যে আমাদের অবিদ্যা আংশিক, গাঁমিত এবং অজ্ঞা-দ্রাপহত প্রকাশেরই প্রয়োজক ; তাহা অনাদি সতা, চেতন। এবং আনন্দকে খানিকটা প্রকাশ করে আবার খানিকটা ঢাকিয়াও বাখে। এই অবস্থাই যাদ চিরস্থায়ী এবং অপরিবর্ত্তনীয় হয়, এই ভাবেই যদি জগতের চক্রাবর্ত্তন সংবঁদা চলিতে থাকে. এবং একটা অবস্থা বা পৰিবেশ না হইয়া কোন প্ৰকাব অবিদ্যা শদি এখানকার বস্তু ও সংব্ঞিয়ার কাবণ হয় তাহা হইলে বিশু হইতে ব্যক্তি-ান্তার পলায়নই ব্যক্তিগত অবিদ্যা এবং বিশ্বসত্তান বিলোপ সাধনান দারা বিশ্ব-।ত অবিদ্যা দূর বনিবাদ, একমাত্র পত্ন হইনা পড়ে। কিন্তু এই জগতেন न्त यिन क्रमविकात्नर त्कान एउ थात्क, आंशात्मत अविना यिन छानत्क কুটাইয়া তুলিবার পথে অর্দ্ধজ্ঞান মাত্র হয়, তাহা হইলে জড়প্রকৃতির মধ্যে

## দিৰা জীবন বাৰ্ত্তা

আমাদেব সন্তিম্বের আব একটা সার্থকতা আর একটা ফল আর একটা আধ্যাদ্বিক পরিণাম আছে তাহা বুঝা যায় এবং এখানেই মহত্তর এবং বৃহত্তর একটা প্রকাশেব সম্ভাবনা দেখা দেয।

অবিদ্যার সমস্য। বিবেচনা করিতে গিয়া আমরা যে গোলযোগের মধ্যে পড়িতে পারি তাহা এডাইবাব জন্য অবাস্তবতাব আমাদের যে ধারণা আছে তাহার সম্বন্ধে আর একটা কথা ভাবিতে হইবে। আমাদের মন অন্ততঃ তাহার এক অংশ, সত্যকে ব্যবহারিক মাপকাঠি দিয়া পরিমাপ করে, সে তথ্য বা বাস্তব-তাকে বড কবিয়া দেখে এবং সেই দিক দিয়া সত্যকে বিচাব করে। সত্তার তথ্য (fact) তাহাই তাহার কাছে সত্য : কিন্তু তাহার কাছে এই এই তথ্য বা বাস্তবতার সত্য জড়বিশ্বে জড় সতার প্রতিভাস রূপে যাহা দেখা যাব তাহাব মধে।ই সীমাবদ্ধ। কিন্তু পার্থিব জীবন বা জড়জগৎ প্রকাশ বা বিস্টের এক অংশ মাত্র ; সত্তার কতকগুলি সম্ভাবনা বাস্তব হইয়া এই সংস্থিতি গড়িয়া তুলিয়াছে, যাহা এখনও বাস্তব হইয়া উঠে নাই বা এখানে বাস্তব হয় নাই এমন অন্য সমন্ত সম্ভাবন। তাহাতে নিনাকৃত হয় না। কালের ক্ষেত্রের প্রকাশে নতন সত্যেব উন্মেঘ হইতে পাবে; সত্তাব যে সমস্ত সত্য এখনও মুর্ত হয় নাই তাহাদের সম্ভাবনা সকল দেখা দিতে পারে এবং জড়জগতে বা পৃথিবীতে বাস্তব হইয়া উঠিতে পাবে; আবাব এমন জড়াতীত সত্য সকল খাকিতে পাবে যাহাদের প্রকাশের ভূমি এ জগৎ নয, অন্য জগৎ; তাহার। এখানে প্রকাশ পায় নাই, তবু তাহার। সত্য। এমন কি যাহা কোন জগতে বাস্তবৰূপে প্ৰকাশ পায় নাই সন্তাৰ এমন সত্যও থাকিতে পারে তাহা সত্তার गरश खबा क वा मुखावना करले बार्छ এवः छोटा स्ट्रान करलेव गर्मा अर्थन प ফ্টিয়া উঠে নাই বলিমাই তাহালে মিখ্যা বলিতে পারি না। কিন্তু সতা সম্বন্ধে আমাদেব ব্যবহারিক সংস্কার ও ধারণাব বশে আমাদের মন বা মনেব এই অংশ, যাহা তথ্য বা ভূত বা যাহা রূপ গ্রহণ করিয়াছে কেবল মাত্র তাহাকেই সত্য বলিতে অভ্যন্ত, অন্য সম্লকে সে অসত্য বলিতে চায়। ভাবের মনের দৃষ্টিতে এই রূপ ব্যবহারিক পুকৃতির বা ব্যবহারিক ক্ষেত্রেব একটা অবাস্তবতা আছে; এই মনের মতে কোন বিস্ফট্টি বস্তুতঃ অসত্য না হইলেও যদি তাহা বর্ত্তমান অবস্থায় বা আমাদের এই বস্তু জগতে আমাদের কাছে মূর্ত্ত হইয়া না উঠিয়া থাকে বা উঠিতে না পারে তবে তাহা অবান্তব, কিড গ্রকৃতপঁকে ইয়া অসত্য নহে, ইয়া কেবল আমাদের কাছে রূপপরিগ্রহা করে

#### সদ্বস্তু এবং বিশ্বভাস্থি

নাই, ইহাতে সভাব অসত্য নাই, তাহা শুধু আমাদের বর্ত্তমান বা জানা জানের কাছে এক প্রকার অবান্তব। ইহা ছাড়। আর এক ধবণের অবান্তবতা আছে যাহা সত্যবস্তুর ভুল অনুভব বা ধাবণা হইতে জাত হয় ; ইহাও প্রকৃত অসত্য নহে. এখানে অবিদ্যার সীমা ও সঙ্কোচের ফলে চেতনাতে একটা মিখ্যা মনগড়া রূপ দেখা দেয়। এই সমস্ত অথবা অবিদ্যার ক্রিয়ার ফলে এইরূপ যে সমস্ত গৌণ বা ছোট ছোট ভ্রম দেখা দেয তাহা তত ওরতের সম্প্রা। ন্য কেননা সাধারণভাবে এখানে আমাদের চেতনা এবং বিশুচেতনা যেভাবে সঞ্জানতা দ্বারা পীড়িত হয় এসমস্ত তাহাবই ফল; কিন্তু আগল সমস্যা অবিদ্যাব ফলকে লইয়া নয়—মূল অবিদ্যাকে লইষাই। কারণ আমাদেব সকল অনুভৃতি সমগ্র দৃষ্টি চেতনার একটা সীমা ও সঙ্গোচেব মধ্যেই ক্রিয়া করে, ইহা যে কেবল আমাদের জীবধর্মের বৈশিষ্ট্য তাহ। নহে, মনে হয় সমস্ত জডবিস্টার মূলে ইহা বহিয়াছে। যে অনাদি এবং পরম চৈতন্য সত্যকে সমগ্ররূপে দর্শন করে তাহাব স্থানে দেখা যায় যে, একটা সীমিত চেতনা মাত্র সক্রিয় ভাবে বর্ত্তমান আছে : একটা অসমাপ্ত এবং আংশিক স্টে অথবা বিশুগতিব মধ্যে অর্থহীন প্ৰিবৰ্ত্তনেৰ একটা চক্ৰাবৰ্ত্তন নিয়ত চলিতেচে. ইহাই মনে হয। বিশ্বকে একটা প্রকাশ বা বিস্ফাষ্ট বলিয়া মানিলেও আমাদের চেত্রনা সে প্রকাশের এক দেশ বা তাহার খণ্ড খণ্ড অন্সকে শুধু দেখে এবং তাহাকে বা তাহাদিগকে বিবিক্ত পত্তা বলিয়া মনে করে; আমাদের সকল ভ্রম প্রমাদেব মূলে এই ভেদভাবাত্মক গীমিত জ্ঞান, তাহাই অবাস্তৰতাৰ স্বাষ্টি করিতেছে অথবা সত্যকে বিকৃত করিয়া দেখাইতেছে । সমস্যা আরও জানিল হইনা ওঠে নখন আমরা অনুভব কবি যে আমাদের লঙ্কণং কোন এনাদি পতা এবং ১চতনা হইতে গাঁকাংভাবে জাত হয় নাই, কিন্তু নিশ্চেত্নাৰ এক অবস্থা এবং আপাত-প্ৰতীয়মান এক অসৎ হইতে আসিয়াছে; এমন কি আমাদের স্বিদ্যাও যেন এমন কিছু যাহা নিশ্চেতনা হইতে বহু কৃচ্ছুদাধনান ফলে আত্মপ্রকাশ করিযাছে।

তাহা হইলে সমস্যা হইল এই : অথও ও পবিপূর্ণ সন্তার অসীম জ্ঞান ও শক্তি, সীমা এবং ভেদের মধ্যে কি করিয়া পুবিষ্ট হইল । কি করিয়া ইহা সন্তব হইতে পারে, আবার যদিই বা সন্তব হয় তবে সত্যবস্তব মধ্যে ইহাব কি কোন সার্থকতা বা সমর্থন পাছে । অনাদি লমই সমস্যা। না সমস্যা। হইতেছে অবিদ্যা এবং নিশ্চেত্ন কোখা হইতে কি তাবে আসিল, এবং অনাদি চেত্ন বং পরা চেত্নার সহিত জান এবং অক্রান বং বিব্যা এবং অবিদ্যার স্থয় কি

# সপ্তম অধ্যায়

# বিক্তা ও অবিক্তা

মিনি বিখান, মিনি জানেন তিনি চিত্তি বা বিজ্ঞা এবং কচিত্তি বা অবিজ্ঞাকে পুথক করিছা দেখুন।

स्ट्रांप ( ४।२।३३ )

বিষ্ঠা এবং অবিষ্ঠা; এ ডুইই অনন্তের মধ্যে গোপন স্থাবে নিহিত আছে, কিন্তু অবিষ্ঠা ক্ষর স্বভাব বা মরণধর্মী আর বিষ্ঠা অমূত স্বরূপ; আবার ইহা ভিন্ন আর এক জন আছেন, তিনি বিষ্ঠা এবং অবিষ্ঠা এ উভরের প্রভূ।

খেতংশক্তর উপনিষদ (৫।১)

জন্মরহিত ছই জন আছেন, একজন জ্ঞ (জানেন) স্বপরজন অজ্ঞ (জানেন না); ইহাদের একজন ঈশ্বর এবং অপরজন অনীশ্বর; অজা বা জন্মবহিতা একজন আছেন তাহার নবো আছে ভোকো এবং ভোগা বস্তু।

খেতাথতর উপনিষদ (১/৯)

শ্বতায়নী বা সতোর শক্তি এবং মান্নিনী বা নায়ার শক্তি এই ছুটটো যুক্ত হইয়া পাছে, কাহারা শিশুকে নির্দ্ধাণ করিয়াছে, তাহার জন্ম দিয়াছে এবং তাহার দৃদ্ধি সাধন করিয়তছে।

4(\$) ( \$0,4,5)

সপ্তভুকে সূক্ষ্যভাবে বুঝিতে গিয়া আনন। দেখিয়াছি যে মূলতঃ এনং স্বরূপতঃ তাহাবা একই সত্যা, দেখিয়াছি যে অত্যন্ত স্থূল জগতের জড়বস্তুও নিত্য সদ্বস্তুবই ইন্দ্রিয়গ্রাহ্যরূপে প্রকাশিত বা স্বষ্ট একটা স্থিতি বা বিভাব, তাঁহার নিজ চেতনা জড়কে নিজ উপাদানে গঠিত নিজেরই রূপ বলিয়া দেখে; ইহা মদি স্বীকার করি তবে আবও সহজে স্বীকার করিতে হর যে, যে প্রাণশক্তি নিডেকে জড়কপে রূপায়ত করি ততে, যে সামাস্ট্রতনা প্রাণ্করূপে তিত্তিক অভিন্যক্ত কবিতেতে, এবং যে পাতিয়ানসমনকে নিজের এক শক্তিরূপে ফুটাইয়া তুলিতেতে তাহাবাও স্বরূপতঃ সেই চিশ্বস্তু, যাহা মূল

# বিগ্যা ও অবিগ্যা

সত্যম্বরূপ রূপে থাকিয়াও আপাত-প্রতিভাসে বস্তু ও ক্রিয়া-শক্তিরূপে নিজেকে প্রকাশিত করিয়াছে। এ সমস্ত একই সন্তার শক্তি, সকল প্রতিভাসের পশ্চাতে योश शाँछि मञाक्रात्भ আছে সেই मर्न्दम्, मर्न्दि, जर्न्द-एक्ना, मर्न्द-थानम ছাতা আর কিছু নয়। তাহারা যে স্বরূপতঃ এক কেবল তাহাই নয়, তাহাদের গপ্তধারামযী ক্রিয়াতে পবস্পবেব মধ্যে ওতপ্রোতভাবে মিশ্রিত, স্থুতরাং তাহাদের কোনটিকে অপর হইতে একান্তভাবে পূথক কবা যায় না। তাহাবা দিব্য চেতনার আলোকের সপ্তবর্ণ , অনন্তের সপ্তরশিম, চিৎসতা নিজ-চৈতন্যেব বহিৰ্শ্বখী আম্ববিস্তার বা দেশরূপ টানা এবং অন্তর্মুখী আম্ববিস্তার বা কালব্ধপ প'ড়েন দিয়া যে বস্ত্র বয়ন কবিয়াছেন তাহা এই সাতটি মৌলিক বর্ণের সমবায়ে আত্মসত্তার অনন্ত রূপ-বৈচিত্র্যেব ছোট বড় কত আশ্চর্য্য ূবি দিয়া ভরিয়া তুলিয়াছেন , আন্ধ-বিস্মষ্টির এই অতি বিশাল চিত্রপট তাহার নৌলিক বিধান এবং বৃহৎ কাঠামোর নধ্যে স্ক্সক্ষত ভাবে অবস্থিত, তাহাতে কপ ও ক্রিয়ার পরম্পরের মধ্যে নানা জটিল সম্বন্ধেব, সমস্ত এবং প্রতি অঙ্গের মধ্যে প্রস্পরের উপর প্রভাবেব যে কত মনোবম কত চমৎকাব কত বিবিধপুকার কপবৈচিত্রা আছে তাহার অন্ত খুঁজিয়া কে বাহির করিবে ৷ প্রাচীন ঋষিবা এই সাতাঁটকে সপ্ত বাক্ বলিযাছেন ; যে জগৎ আমরা জানি এবং তাহাব প\*চাতে অবস্থিত যে সমস্ত জগতের সম্বন্ধে আমাদের প্রোক্ষ জ্ঞান নাত্র আচে তাহাদেব নধ্যের স্থাসন্ততি ও সামঞ্জয় এই সপ্ততত্ত্ব দ্বারাই, ইহাদের মধ্যস্থিত মর্ম্মালোকে পঠিত হইষা উঠিয়াছে বা উঠিতেছে এবং ইহাদের হারাই তাহাদের সর্মপ্রিণ্ডর পাওয়া যায়। আলোক এক, ধাকু এক, তাহাদের ক্রিয়া যে সত্থাবার।

কিওঁ এনানে দেখিতেছি বেং এবা আদি নিশ্চেতনার ভিত্তিন উপরেই প্রতিষ্ঠিত এক জগৎ রহিয়াছে, এখানে চেতনা অবিদ্যান্তপে মূর্ত্ত হইয়া উঠিয়া জ্ঞানের দিকে অগ্রসর হইবার জন্য প্রবল চেষ্টা করিতেছে। আমরা দেখিয়াছি সৎস্করপের প্রকৃতিতে অথবা তাহার সপ্রতত্ত্বেব আদিম প্রকৃতিতে বা মৌলিক সম্বন্ধের মধ্যে এমন কোন মূল কারণ নাই যাহাতে স্লস্পতির মধ্যে অবিদ্যা এবং বিরোধ, আলোকেব মধ্যে অন্ধকার, দিব্যস্থাষ্টর আঞ্সচেতন অনস্তের মধ্যে বিভাগ এবং শীমা আসিয়া অনবিকার প্রবেশ কবিত্র পারে। কারণ আমরা একটা বিশ্বজনীন স্প্রস্পতির ও শামঞ্জস্যের কলপন। কবিতে পারি যাহার মধ্যে এই সমস্ত বিরোধী উপাদান কিছু, নাই; যথন আমরাই কলপন।

## मिवा कीवन वार्ख।

করিতে পাবি তথন দিব্যপুরুষের কল্পনায় তো আরো বেশী ভাবে তাহা জাগিতে পারে ; আবার যখন কোন অবস্থা কলপনায় আছে, কোণাও তাহার সিদ্ধ রূপ হয় বাস্তবিক রূপে অথবা অভিপ্রেত বা সংকন্ধিত স্পষ্টিব আকারে আছেই। এইরূপ একটা দিব্য আত্মপ্রকাশ বা দিব্যস্পষ্টির কথা বৈদিক ঋষিরা জানিতেন, তাঁহারা জানিতেন যে ক্ষুদ্রতর এই জগৎকে অতিক্রম কবিয়া এক বৃহত্তর জগৎ, চেতনার এবং সত্তার এক বৃহত্তর ভূমি আছে, যাহা মুক্তির ক্ষেত্র : সুষ্টার এই সভানৰ স্ষ্টিকে ভাহাৰা 'সদন্ম্ ঋতস্য' 'স্বে দমে ঋতস্য' 'ঋতস্য বৃহতে' 'সতাং ঋতং বৃহৎ' বা 'সত্যেন গৃহ' 'সত্যের নিজগৃহ' 'বৃহৎ সত্য' বা 'সত্য ঋত বৃহৎ' প্রভৃতি নামে সভিহিত করিয়াছেন; এই লোকের কণাই আবাৰ বলিয়াছেন 'সত্যের ছারা আবৃত সত্যের এক রূপ আছে যেখানে গিয়া সূর্য্য তাহাব গতি শেষ করেন এবং তখায অশ্বগণকে মুক্ত কবেন । যেখানে ''চেতনার সহসুরশ্মি একতা বূাহবদ্ধ হইলে 'তং একং' বা সেই এক রূপে দিব্যপুরুষেব পর্ম প্রকাশ ফুটিয়া উঠে :. কিন্তু যেখানে আমরা বাস কবি সেখানে সতা 'অনৃত্যা ভূরে: বা 'পুভূত মিখাা ছাবা' বিকৃত হইয়া পড়িয়াছে, সেই জগৎ তাহাদেন কাছে 'সত্য এবং মিখ্যা দ্বানা ব্যন করা জাল নলিয়া বোধ হই-তেছে সেখানে আদিম অন্ধকার 'অপুকেতং সলিলং' বা নিশ্চেতনের সম্দ্র হইতে সেই 'অদ্বিতীয় জ্যোতিকে নিছেব বিপুল শক্তিবলে জাত হইতে হইবে', মৃত্যু, অবিদ্যা, দুর্বেলতা, দুঃগ এবং সীমার বন্ধনের মধ্য ছইতে অমৃতত্ব এবং দেবস্বকে গড়িয়া তুলিতে হইবে। যাহা দিব্যপুক্ষের মধ্যে পূর্ণরূপে নিতা অবস্থিত মানুষেব নিজেব মধ্যে সেই জগতের স্কৃষ্টি, অনন্তের সেই সূ-উচ্চ ত্রসক্তিন উদ্বোধনই ঋষিণা মানুষেৰ আশ্বণঠনের তপ্য্য। বলিয়া জানিয়া-ছিলেন। এই নিমুক্তৰ ভূমি সেই উচ্চত্তবে পৌছিবাৰ এখন সোপান, অন্ধকার বস্তুতঃ আলোকের অস্বচ্ছ বিগ্রহ; নিশ্চেতন। নিজেব মধ্যে সমগ্র অতিচেতনাকে গোপনে ৰক্ষা কৰিতেছে; বিভেদ এবং নিখ্যাব শক্তি তাহাদের অবচেতনার গভীব গহনে অহম তত্ত্বের সত্য এবং সম্পদ আমাদের নিকটে পুচছনু রাপিয়াছে এবং তাহাদিগকে জয় করিয়া আমনা যাহাতে সে সত্য ও সম্পদ লাভ করিতে পারি তাহাব জনাই রক্ষা করিতেছে। ঋষিরা সেই जाम्बिकात्व जशागुरुमिक या मन्बीगात्व भुट्टिनिकार्भु जानकानित्वर তাঘার মানুদের বাঙৰ অভিয় এবং জাত বা অক্যাভদাৰে তাখাৰ ভগবদভিমুখী চেটা ও সাবদাৰ অৰ্থ ও সম্বাদ কি লে সহয়ে **ভাঁহাত্তের মত ব্যক্ত** করিয়াছিলেন।

# বিছা ও অবিছা

এইভাবে এ জগতে যাহা কিছু দেখা যায় তাহার এত বিপরীত সেই অমৃত্য, জ্ঞান, শক্তি, আনন্দ, দিব্য অমর সত্তা সম্বন্ধে মানুষের ধারণা এবং সেই সমস্বে পৌঁছিবার জন্য ক্ষণস্থায়ী দুর্বেল, অবিদ্যাচছণু সীমিত জীবের প্রথম দৃষ্টিতে যাহা অসম্ভব মনে হয় এমন যে আকৃতি বহিয়াছে, তাহার কারণ এবং তাহার পরিণাম কি তাহা বুঝাইতে চাহিয়াছিলেন।

কারণ বাস্তবিক যেমন এই আদর্শ-স্টেবি মূলে আছে অনন্ত আত্মা এবং পূর্ণ একছের মধ্যে অবস্থিত এক পূর্ণ আন্তচেতনা এবং আন্ধপ্রতিষ্ঠা তেমনি যে যে স্টির অনুভূতি বর্ত্তমানে আর্মাদের হইতেছে তাহার মূলে আছে ইহাব ঠিক বিপরীত এক অবস্থা ; এখানে এক আদি নিশ্চেতনা প্রাণেব মধ্যে সীমিত এবং খণ্ডিত অ'স্বচেতনা ফুটাইয়া তুলিতেছে, জীবনেব ক্ষেত্রে আপনাতে আপনি বর্ত্তমান আবেগ্যয় এক অন্ধ শক্তিব অসাড় বশ্যতাব মধ্য হইতে এক আশ্বসচেত্ৰন সত্তা নিজেকে এবং সৰ্ববন্ধকে পাইবাৰ এবং স্বধিকাৰ বাৰিবাৰ জন্য কৃচ্ছ্সাধনায রত আছে এবং এই আপাত-মূদ যান্ত্রিক শক্তির রাজ্যে প্রবুদ্ধ জ্ঞান ও ইচছাশক্তির শাসন প্রবৃত্তিত কবিতে চাহিতেছে। আমাদের মনে হয় সে এক অন্ধ জড় শক্তি—অবশ্য আমৰা এখন জানি যে বস্তুতঃ ইহা তেমন কিছু নয়—সৰ্বত্ৰ আমাদেব সন্মুখীন হইযা ৱহিযাছে, যাহা আদি সৰ্বব্যাপ্ত বিপুল পূর্ণশক্তি, যাহাব বিধান মৌলিক বলিয়াই প্রতিভাত হয় ; অপব দিকে আমাদের ইচ্ছাশক্তি ভিনু জ্ঞানালোকিত অন্য কোন ইচ্ছা দেখিতে পাইতেছি না, যে ইচ্ছা পরবত্তীকালে জাত একটা খণ্ডিত পবিণাম বলিয়াই বোধ হয়, যাহা আংশিক প্ৰাধীন, সীমিত, কেবল মধ্যে মধ্যে কোথাও কোথাও দৃষ্ট হয় এমন একটা শক্তিমাত্র : এই সমস্ত কাবণে আমাদেব বোধ হয় যে, যে সংঘাত চালিতেছে তাহাতে ইচ্ছার জয়লাভ ধুবই অনিশ্চিত এবং সন্দেহসঙ্কুল। আমাদের দৃষ্টিতে নিশ্চেতনাই আমাদের আদি ও অন্ত ; আম্বসচেতন আম্বাকে ক্ষণস্থায়ী একটা আকস্মিক ব্যাপাব ভিনু অন্য কিছু মনে হয় না, তাহা অন্ধকানময় বিপুল এবং করাল বিশুরূপ অশ্বর্থ বৃক্ষের একটা পেলব প্রসূন মাত্র। অথবা যদি আদ্বাকে শাশুত বস্তু মনে কবি তাহা হইলেও সে এখানে আগন্তুক মাত্র, সে বৈদেশিক, নিশ্চেতনার বিশাল রাজত্বে সে যেন অবাঞ্ছিত এবং অবজ্ঞাত অতিপি। সে যদি অন্ধ নিশ্চেতনাৰ মধ্যে একটা আকস্মিকতা নাও হয়, তবু হয়ত সে এখানে ভুল করিয়া আসিযাচে, অতিচেতন আলোক হইতে নিমের এই ক্ষেত্রে দৈৰক্ৰমে খসিয়া পডিয়াছে।

#### দিবা জীবন বার্ত্তা

ইহাই যদি পূর্ণরূপে সত্য হয় তবে কোন উচ্চতর ক্ষেত্র হইতে প্রেরিত, নিজের জীবনের ব্রত ভুলিতে অশক্ত, দিব্যোন্মাদনাব অদম্য উৎসাহ হারা পবি-চালিত, অদৃশ্য ভগবানেৰ আলোক, শক্তি এবং বাণী দারা উদ্বোধিত এবং স্থির অনন্ত ধৈৰ্য্যের আশ্রুযে স্থাপিত কোন পূর্ণ আদর্শবাদী এরূপ অবস্থায় মানুষের চেষ্টা পূর্ণ সফলতা লাভ কবিবে এ আশা হয়ত ধরিষা থাকিতে পাবে, কিন্তু এ জগতের সন্দেহপুৰণ সাধারণলোক এরূপ বিশ্বাসে কার্য্য কবিতে পারে না। ক্ষেত্রে সধিকাংশ লোকই হয়ত এরূপ চেষ্টা প্রথম হইতেই বর্জন করে অথব। প্রথমে কিছু উৎসাহ দেখাইয়া পরিশেষে ইহা অসম্ভব প্রতিপন্ন হইয়াছে বলিয়া চেষ্টা ছাডিয়া দেয়। মানুষ যদি তাহার সীমাকে লঙ্খন । কবে, যদি পুকৃতির বিধান মানিনা চলে, পুকৃতিব নির্ম্মন যান্ত্রিকতা তাহাব আলোকিত ৰদ্ধিকে এই সমস্ত বিধানেৰ যতটুকু ব্যবহাৰ করিতে দেয় যদি তাহার সদ্ব্যবহাৰ কৰে তৰে আম্বসচেতন মানুষেব চেষ্টা ও সংগ্ৰামেৰ ফলে প্ৰকৃতিব প্ৰভাবশালী নিশ্চেতন ব্যবস্থা অলপ এবং অলপকালস্থায়ী শক্তি, জ্ঞান বা স্বথ তাহাকে দেয যে জড়বাদী নিজেন মতের সঙ্গে সঞ্চতি বক্ষা কবিয়া চলিতে চায়, সে তাহাই চায এবং তাহাতেই তৃপ্ত পাকে। ধর্মবাদী মনে কবে তাহার প্রবুদ্ধ ইচছা, প্রেম বা দিব্যসন্তাব বাজস্ব এ জগতে নয়, ভগবানের কলক্ষলেশপরিশন্য পবিপূর্ণ গুল্ল দিব্য নিত্য ধামেই গুলু সম্ভব। মরমীয়া দার্শনিক মনের লান্তি বলিয়া সৰ কিছু পরিহাৰ করিয়া নিব্বাণে আন্মবিলয় অথবা অলক্ষণ নিব্বি-শেষ এক চৰমসত্তার মধ্যে আত্মবিসর্জন করিতে চায়; তাহাব মতে ভ্রান্তিখারা পৰিচালিত ব্যষ্টিজীবের আত্মা বা মন, অনিদ্যাচছনু এই ক্ষণবিধ্বংসী জগতে যদি দিবা ভাব দেখা দিবে এই স্থুখস্বপু দেখিয়। থাকে, তাহা হইলে অবশেষে তাহাৰ ভুল ভাঙ্গিয়া যাইবে এবং তাহাকে সেই বুণা চেষ্টা পরিহার কবিতে হইবে। কিন্তু তথাপি জগৎসত্তায় প্রকৃতিব মধ্যে অবিদ্যা এবং চিছস্তুর আলোক এ উভয় যখন আছে এবং এ উভয়ের পশ্চাতে যখন এক দিব্য সত্যবস্তু আছে তখন এ দুবেৰ সমনুষ অথবা অন্ততঃপক্ষে বেদে বহসাম্য আপ্যায়িকায যাহার পূৰ্ব্বাভাগ দেওয়া আছে উভয়ের মধ্যে সেই সেতৃবন্ধন সম্ভব হইতে পাবে। সম্ভাবনাৰ একটা দৃঢ় বোধ শতাবদীর পৰ শতাবদী ধরিয়া নানা আকারে চলিয়া আসিতেছে,—মানুষ পূর্ণতা লাভ কনিবে, তাহার সমাজ সর্বাঙ্গসুন্দর হইবে, আলোয়ারগণ দিব্যদৃষ্টিতে দেখিয়াছিলেন যে ভগৰান বিষ্ণু দেবতাগণকে সঙ্গে লইয়া পৃথিবীতে নামিয়া আসিবেন, 'সাধুনামু রাজ্যং' সাধুদেব বাজ্য বা জগনাথের

## বিভা ও অবিভা

পরী প্রতিষ্ঠিত হইবে, ধরাধামে স্বর্ণযুগের সহস্র বৎসর রাজত্ব চলিবে, দিব্য চেতনার আবির্ভাবে এক নবীন স্বর্গ এবং নবীন পুণিবীর জন্ম হইবে, এমন কত আশা ও আশ্বাসের কথা যুগে যুগে উচচারিত হইয়া আসিয়াছে। কিন্ত বোধির এই সমস্ত বাণীতে নিশ্চিত জ্ঞানের ভিত্তি ছিল না এবং মানুষের মন ভবিষ্যতের উজ্জ্বল আশা এবং বর্ত্তমানের আধা-আলোক ও আধা-অন্ধকারের নিশ্চয়তার মধ্যে দোল খাইয়াই চালিয়াছে, কিন্তু নিশ্চযতার এই ছায়াময অবস্থা যত নিশ্চিত বলিয়া দেখা দেয় তত নিশ্চিত নয় এবং এই পার্থিব প্রকৃতির মধ্যেই যে এক দিবাজীবন প্রস্তুত ও উন্মিষিত হইয়া উঠিতেছে ইহা মিথ্য। মরীচিকা নাও হইতে পারে। প্রথমে মূলত হা ব্যক্ত না হয় অব্যক্তরূপে আমাদেব মধ্যে একটা মূল ছৈতবোধ জাগে এবং তাহাব পব সেই দুই তত্ত্বের, চেতনা এবং নিশ্চেতনাব, স্বৰ্গ এবং পথিবীব, ঈশুর ও জগতের, অসীম এক এবং স্পীম বছর, বিদ্যা এবং প্রবিদ্যাব মধ্যে একটা অনপনেয় বিরোধ দেখিতে পাই—ইহাব জন্যই আমবা পরাত্ব স্বীকাব করি, সীমার বন্ধন মানিয়া লই। নানা প্রকার যক্তিধাবা দারা আমবা এই সিদ্ধান্তে পৌঁছিয়াছি যে এই বিরোধ সত্যেব যাংশিক অনুভবেৰ উপর ভিত্তি করিয়। আমাদের ইন্দ্রিয়মান্স এবং বিচাবশীল বৃদ্ধিই আন্যন করিয়াছে, কিন্তু বস্তুতঃ পূর্ণ সত্যের উপর তাহ। প্রতিষ্ঠিত নহে। আমবা দেখিয়াছি যে আমাদেৰ জয়লাভের আশার পূর্ণ যুক্তিসঙ্গত ভিত্তি থাকিতে পারে এবং আছে : কাবণ এ দৈতেন যে নিমূতর ক্ষেত্রের মধ্যে আমবা বর্ত্তমানে বহিবাছি, তাদার মধ্যেই নিজেকে অতিক্রম করিয়া যাইবার তত্ত্ব এবং অভিপ্রায় বর্ত্তমান আছে এবং এইভাবে নিজেকে অতিক্রম করিয়া নিজের রূপান্তর-সাধন ছাবা ইহা নিজের মূল সত্য বা স্বরূপকে পাইতে এবং সেই স্বরূপেরই পূর্ণ রূপায়ণ গড়িয়া তুলিতে পাবে।

কিন্তু আসাদের যুক্তিধারায় আমর। একটা বিষয়কে এ পর্যান্ত কতকটা সম্পষ্ট রাখিয়া দিয়াছি, সে বিষয়টি বিদ্যা এবং অবিদ্যাব একত্র অবস্থিতি। ইহা স্বীকাব কবি আদর্শ দিব্যসত্যের যাহা বিপরীত তেমন অবস্থা হইতে আমাদের যাত্রারম্ভ হয়; সে বিরোধের সকল উপাদানের ভিত্তি, আয়া এবং বিশ্বান্থার সম্বন্ধে জীবেব অক্ততা; তাহার মূলে আছে এক অনাদি বিশ্বগত অবিদ্যা, যাহার ফলে আন্থসক্ষোচ বা আন্থাব সীমানির্দ্দেশ আসিয়া পড়িয়াছে এবং সন্তার বিভাগ, চেতনার বিভাগ, ইচছা এবং শক্তির বিভাগ, আলোকের বা অন্তর্জ্যোতির বিভাগ, জ্ঞান শক্তি ও প্রেমের বিভাগ ও সক্ষোচের উপর

#### किया कोतन वार्खी

জীবন প্রতিষ্ঠিত হইয়াছে, তাহার ফলে আবার এ সমস্ত বিপরীত ইতিভাবনয বস্তু সকল,—অহমিকা, আবরণ, অসামর্থ্য, জ্ঞান ও ইচ্ছাব অপব্যবহার, অসাম-ঞ্সা, দুব্ৰলত। এবং দুঃখতাপ দেখা দিয়াছে। আমরা দেখিয়াছি যে জড এবং প্রাণে অবিদ্যা খাঁকিলেও তাহার মূল রহিয়াছে মানসপ্রকৃতিতে, কারণ মনের কাজই হইতেছে প্রিমিত, সীমিত, বিশেষিত করিয়া বিভক্ত বা খণ্ডিত করা ; কিন্তু মনও একটা বিশুজনীন তত্ত্ব, সেও ত অছ্য ব্রদ্ধাস্বরূপ, তাই তাহাৰ যেমন পৰিমিত, চিহ্নিত এবং বিশেষিত কৰিবাৰ প্ৰবৃত্তি আছে. তেমনি জ্ঞানকে একঃ বা সার্বেজনীনত্ত পর্যাবসিত করিয়া দেখিবার দিকেও আছে একটা ঝোঁক বা প্ৰবণতা। যখন মন যে উচচতৰ তত্ত্বেৰ সে একটা শক্তি, তাহা হইতে নিজেকে পথক কবিদ। দেখে এবং গুণ নিজের স্বভাবগত বৈশিষ্ট্যের মধ্য দিয়া ক্রিয়। না কবিয়া অন্য সকল জ্ঞানকে বাদ দেওয়াব প্রবণতা লইয়া ক্রিয়া কলে, প্রথমতঃ, প্রধানতঃ এবং সর্বেদা বৈশিষ্ট্য স্পটিব দিকে নজর দেয এবং একত্বকে একটা অস্পষ্ট ধাৰণাক্ষপে ৰাখিষা দেয় এবং যখন বিশেষ স্বৃষ্টি কৰা শেষ হইবে তখন বিশেষ সম্হকে যোগ কবিষা একত্বে পৌঁছিব মনে করিষ। একৰে পৌঁছা স্থগিত বাগে, তুখন মনেব এই বিশেষণী বৃত্তি অবিদ্যা হইয়া পতে। সন্যাধনকে বাদ দিয়া কোন বিশেষেব দিকে ঝোক দেওযাই অবিদ্যাব शान ।

যানাদের সকল অনর্থের মূল চেতনাব এই আশ্চর্যা শক্তি, বাহার ক্রিয়ার তত্ত্ব আমাদিগকে পরীক্ষা করিবা দেখিতে হইবে, কেবল যে তাহাব পুকৃতি ও উৎপত্তির কাবণ বুঝিতে হইবে তাহা নহে: তাহাব শক্তি, ক্রিয়াব ধারা এবং শেঘ পরিণাম কি তাহা জানিতে হইবে এবং কি কবিয়া তাহাকে উচ্চেদ করা যায তাহা আবিকাব করিতে হইবে। অবিদ্যাব অস্তিম্ব কি করিয়া সম্ভব হটল ? অনন্থ আন্তচ্চনার কোন্ তত্ত্ব বা শক্তি কি কবিয়৷ তাহাব আন্তজ্ঞান পশ্চাতে স্থাপিত করিতে এবং তাহার নিজের এই বিশেষণী বৃত্তি ছাডা আব সমন্ত লুকাইয়া ফেলিতে সমর্থ হইল ? কোন কোন দার্শনিক# বলিয়াচেন

শবুদ্ধ জগৎ-রহস্তের তত্ত্ববিচার কবিছে অবীকাব কবিঘাছিলেন; তাঁহার মতে কি করিয়। কোন্
ধ'রা ধবিযা অসতা আমাদের এই ব্যক্তি চেতনা এবং ত্ব:পময় এই জগৎ গঠিত হইয়াছে ও বজায়
রহিষাছে এবং ইহা হইতে নিয়্তির উপায় কি তাহা জানাই গুধু আমাদের পক্ষে প্রয়োজন। কর্ম যে
আছে ইহা একটা তথা; যাহা বস্তুতঃ বর্তমান নাই এরপ বস্তুত্ব এবং ব্যক্তিজীবত্ব বে গড়িয়া উঠিয়াছে

#### বিষ্যা ও অবিতা

যে এ সমস্যার সমাধান হইতে পারে না, কেননা ইহা এক অনাদি রহস্যা, ইহার স্বরূপ প্রকৃতিই এরূপ যে তাহান কোন ব্যাখ্যা। দেওয়া যায় না ; আনরা ৬পু বলিতে পারি যে ইহা আছে এবং এই তাহাব কর্মধারা ; অপনা অনাদি পরম সং বা 'অসং' বস্তুব প্রকৃতি কি এ প্রশ্নেব উত্তর দেওয়া যায় না অথবা উত্তর দেওয়ার প্রয়োজন নাই ; স্কতনাং তাহাবা এ প্রশ্ন তুলিতেই দেন না । কেবল ইহাই বলা যাইতে পাবে যে মায়া তাহার নিজের মূল তত্ত্ব অবিদ্যা বা অমকে লইয়া বর্ত্তমান আছে ; বৃদ্ধের মধ্যে বিদ্যা বা আন এবং অবিদ্যা বা অজ্ঞান উত্তর শক্তিই স্বভাবতঃ অনুস্যুত এবং প্রকাশ সমর্থ হইয়া কর্ত্তমান আছে ; এই তথ্য স্বীকাব কবিয়া অবিদ্যাব হাত হইতে উদ্ধাব পাইবান উপায় বাহিব কবিতে হইবে ;—জ্ঞানের দ্বানা উদ্ধান পাইতে হইবে কিন্তু যে অবহান পোঁছিব তাহা বিদ্যা ও অবিদ্যা এ উভ্যেব প্রপালে অবস্থিত—সর্বব্য অচিরস্থায়ী জানিয়া এবং বিশুসভার অ্যাবতা উপলব্ধি করিয়া জীবন সন্যাগই হইল তাহাব উপায়।

সমস্ত বাপোরের মূলীভূত বিষয়ের সমস্যা এ ভাবে এড়াইযা গিরা মানুষের মন তৃপ্ত হইতে পাবে না, বৌদ্ধগণের মনও তৃপ্ত হইযা পাকিতে পারে নাই, প্রথমতঃ দেখিতে পাই যাহাবা মূল প্রশা মীমাংসা না কবিনাই চলিতে চাহিয়াছেন সে সমস্ত দার্শনিকেরাও অবিদ্যারূপ ব্যাধির কোন কোন ক্রিয়াধারা কোন কোন লক্ষণ শুধু যে বর্ণনা করিয়াছেন তাহা নহে, ভাহাব মূল প্রকৃতি সম্বন্ধে দূরপ্রসারী অনেক সিদ্ধান্তের অবতারণা কবিয়াছেন এবং হাহা হইতেই তাঁহাবা রোগের ঔষধ নির্ণয় কবিয়াছেন : অবশা ইহা স্পষ্ট যে এইভাবে রোগের মূল কারণ নির্ণয় না কবিয়া ঔষধের যে বারস্থা করা হয় তাহাকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা যায় না। রোগের প্রকৃত নিদান বা মূলের খবব না দিলে যে সমস্ত উক্তি বা যে ঔষধের ব্যবস্থা করা হইল তাহা ঠিক কিনা তাহা বিচার করিবার কোন উপায় থাকে না : এমনও ত হইতে পাবে যে এ সমস্ত উগ্র এবং মূলতঃ ধ্বংসকারী ভীষণ উপায়ের মধ্যে না গিয়া, নেপ্রোয়া ভাবে সম্প্রচালনার শ্বারা রোগীকে চিববিকলাক্ত অথবা বোগের বিনাশ করিতে গিয়া

তাহাই ছুংখের মূল; কর্ম, জাবত বোধ এবং দুঃথকে দূর করাই আম'দের একনাত্র উদ্দেশ্য চওয়া উচিত; এই সমজ্যের পরিহার ধারা, বেথানে এই সমজ্যের কোন অধিকার নাই তেমন এক সত্য এবং নিত্য অবস্থায় আমরা পৌছিতে পারিব, এইভাবে মুক্তির পথ নির্ণাই একমাত্র প্রয়োজনীয় বস্তু।

## দিবা জীবন বার্ত্তা

রোণের সঙ্গে রোগীরও বিনাশ না করিয়া অন্য কোন স্বাভাবিক উপায়ে তাহাকে পূণভাবে নিরাময় করা যাইতে পারে। দিতীয়ত: মননধর্মী মানুষের কাজ সব সময়ই হইল জানা। অবশ্য মানসিক উপায়ে অবিদ্যা বা বিশু-স্থিত কোন বন্ধব স্বৰূপ এমনভাবে জানা সম্ভব না হইতে পাৱে যাহাতে তাহার পূর্ণ সংজ্ঞা নির্দ্দেশ করা যায়; কেননা আমাদের মন বস্তুকে তাহার লক্ষণ, পুকৃতি, আকাব, বিশিষ্টধর্ম, ক্রিয়াধারা এবং অপর বস্তুর সহিত তাহান শম্বন্ধ, এই সমস্ত দারা জানে, তাহার অতীক্রিয় আন্মসত্তাব স্বরূপোপলন্ধি দাব। অবিদ্যার প্রাতিভাসিক প্রকৃতি এবং ক্রিয়াধাবা অধিকতর গভীর-রূপে এবং সৃক্যানুস্ক্সভানে পর্য্যবেক্ষণ করিবাব ফলে তাহাব রূপ আমাদের কাছে ক্রমশঃ অধিকতন ভাবে ফুটিয়া উঠিতে থাকে এবং এইভাবে অনশেষে এক দিন খাঁটিভাবপুকাশক বাক্যাটিব, বস্তুর স্বরূপ নির্দেশক অর্থ বা বোধাটিব আমনা সাক্ষাৎ পাই ; তখন বুদ্ধি দারা নয়, দিব্যদর্শন এবং অভিজ্ঞতা দারা সভ্যকে আমাদেব নিজ দন্তায় উপলব্ধি করিয়া অবিদ্যার তম্ব জানিতে পাবি। মানু-মের উচ্চতম মানসিক জ্ঞানেন সমগ্র ধারা এইরূপ স্তদক্ষভাবে আলোচনা এবং বিচারের মধ্য দিয়া এমন এক স্থানে পৌঁছে, যেখানে সত্যেৰ আববণ সবিয়া যায এবং সে দিবাদৃটি লাভ কৰে; স্বৰেশ্ছে আমরা যাহ। দেখি তাহা ছইয়া উঠিতে, যেখানে কোন অবিদ্যা নাই এমন পরম জ্যোতিব মধ্যে প্রবেশ কবিতে সাহায্য কবিবার জন্য আধ্যান্ত্রিক জ্ঞানেব ধারা উপর হইতে নামিয়া আগে।

ইহা সত্য যে অবিদ্যাব প্রথম উৎপত্তিব বিষয় জানা মনোময় জীবেন সাধ্যাতীত: কেননা আমাদের বুদ্ধি অবিদ্যার মধ্যে বাস ও বিচরণ করে এবং ততদূব উঠিতে বা সে স্তবে প্রবেশ করিতে পানে না যথা হইতে ভেদচেতনার প্রথম উন্মেষে ন্যষ্টি মন স্পষ্ট হইযাছে। কিন্তু সর্ব্বেপদার্থেরই প্রথম উৎপত্তি এবং মূল সত্য সম্বন্ধে এ কথা খাটে; এরূপ ক্ষেত্রে অজ্ঞেরবাদই একমাত্র সত্য বলিয়া চুপ কবিয়া বিসিয়া থাকাই যুক্তিযুক্ত বোধ হয়, কিন্তু মানুষ তাহা পারে না এবং বোধ হয় পারা উচিতও লহে। মানুষকে অবিদ্যার মধ্যেই কাজ করিতে হয়, তাহাব দেওয়া বিধানকে লইয়া শিপিবার এবং জানিবার চেষ্টা কবিতে হয়: যেখানে আসিয়া তাহা সত্যেব গহিত মিলিত হইয়াছে তাহার সেই উচচত্রম বিন্দু পর্যন্ত জানিয়া তাহাকে অবিদ্যাব শেষ প্রান্তে পৌঁছিতে হয়. সেখানে যে শেষ ভিবংমরপাত্র বা জ্যোতির্দ্ধয় আবরণে সত্যের মুখ আর্ত আছে, তাহাকে প্রশ্ কবিতে হয় এবং এমন শক্তি বা বৃত্তি ফুটাইয়া তুলিতে হয় আছে, তাহাকে প্রশ্ কবিতে হয় এবং এমন শক্তি বা বৃত্তি ফুটাইয়া তুলিতে হয়

### বিছাও অবিছা

মাগ বারা অতি দৃঢ় কিন্তু বস্তুত: অলীক বেষ্টনী সে পার হইযা যাইতে পানে। অবিদ্যারূপিণী এই শক্তিবা তত্ত্বে পুক্তি এবং ক্রিয়াধারা লইমা এ পর্যান্ত যে বিচার করিয়া আসিয়াছি তদপেক্ষা গভীকতবন্ধপে বিচাব কবিয়া তাহার বুকৃতি এবং উৎপত্তি সম্বন্ধে স্পষ্টতন ধানণা এনাব আমনা গঠিত কনিতে চাই। পুথমে এ শব্দ দ্বানা আমরা কি বুঝি তাহা স্পট্টনপে স্থির কবিয়া লইতে হইবে। ঋণেদেন স্তোত্তে বিদ্যা এবং অবিদ্যান ভেদ দেখা আবম্ভ করা হইযাছে।\* ননে হয় সেখানে যে চেতনা সতা এবং গাঁটি 'সতাং ঋতং' এবং যাহা সেই সতা 9 ঋতের একই পর্যাায়ে অবস্থিত তাহাই জ্ঞান, চিভি বা বিদ্যা : এব ত বিদ্যা হুইল সত্য এবং ঋতের সচেত্রনা বা 'অচিত্রি', তাহা সত্য এবং ঋত্তর ক্রিয়াকে বাধা দেয় এবং মিথ্যা বা বিকৃত ক্রিয়া স্পষ্টি করে। সমূত্রতিব যে দিব্যদ্ধিতে খামরা অতিমান্স সত্যের সাক্ষাং পাই তাহার অভারই খ্রিদ্যা : তাই বৈদিক ঋষিব অবিদ্যা বা 'অচিত্তি' চেতনাৰ অসামৰ্থ্য বা অন্নভবেৰ তথ্ন, আৰু জ্ঞান ৰা চিত্তি তাহাৰ বিপরীত, তাহা হইল সত্যেৰ অনুভূতি, চিম্ম দৃষ্টি। বাস্তবিক ক্রিয়াধাবার মধ্যে এই অননুভূতি কিন্তু পবিপূর্ণ নিশেচতন। নয, ইহ। সেই নিশ্চেতনাৰ সমুদ্ৰ† যাহা হইতে পৃথিবী জাত হইয়াছে, ভাহা হয় সাঁখিত জান না হয় মিপা। জান, তাহা অথও বা অবিভাজ্য সন্তার থও বা বিভাগেন ভিডিতে গঠিত জান ; যাহা ভুমা বিশালতা এবং পূর্ণতাব জ্যোতির্গ্য জান ইহা তাহার বিপ্ৰীত অৰপ না অংশেব জ্ঞান ; ইহা হইল সেই জ্ঞান যাহ। গীনিত গুওবাৰ ফলে নিগ্যাজ্ঞানে প্ৰিণত হয় এবং সেই অবস্থায় অজ্ঞান এবং ভেদেন (পিতিৰ) পুত্রগণ, মানুনেৰ দিব্য পুচেটাৰ শত্ৰুগণ, আক্ৰমণকাৰী দস্যগণ এবা হাছাৰ জ্ঞানালোকেৰ আৰ্বৰণকাৰীগণেৰ দাৱা পুঠ হয়। সেইজন্য যাহা মিপা। মানসরূপ এবং প্রতিভাস স্বষ্ট করে ইহাকে সেই 'অদেনী মারা বলা ইইয়াছে : মাযা শব্দেৰ প্রাচীন অর্থ মনে হয় ছিল জ্ঞানেৰ ৰূপায়ণী শক্তি না সঞ্চনেৰ দিবা প্রতিভা, যাহা দিবা প্রম মানী বা মাযাধীশেব সত্য মাশা, কিন্তু কখনও ক্থনও বঞ্চনা, ভ্রম, রাক্ষ্যের চিত্তবিভ্রমকারী ইন্দ্রজাল প্রভৃতি নিমুতর জ্ঞানের প্রতিক্ল স্ভনশক্তি সর্থেও ব্যবহৃত হইত। কিছু পরেন যুগে মাযা শব্দের

কিন্তু বেদে বিজ্ঞা ও অবিজ্ঞা নাম না দিয়া সাধারণতঃ ইহাদিগকে চিঙি ও অতিতি নামে
 অভিহিত করা হইবাছে।

<sup>†</sup> অপ্রকেতং স্লিলং

### विवा कीवन दाव।

অর্থ সন্ধৃচিত হইয়া বিল্লম ও প্রতিভাসস্ষ্টিকারিণী অদৈবী শক্তি অর্থেই ব্যবহৃত হইয়াছে। বস্তুব স্বৰূপ সত্যেব, তাহার বিধান এবং ক্রিয়াধারার জ্ঞানই হইন দিব্য মায়া ; দেবতাদের আছে এই দিব্যমায়া এবং তাহাকে ভিত্তি করিয়াই তাহাদের নিত্যক্রিয়া ও স্বষ্টিধারা, 'দেবানায় অদনা বতানি' চলে, এবং এই মায়াকে আশ্রা করিয়াই মানুষের মধ্যে তাহাদের শক্তি নামিয়া আসে। বৈদিক অব্যাস্ব রসিকগণের এই ভাবকে দার্শনিক চিন্তা এবং ভাষায় অনুবাদ করিলে এই দাঁড়ায় যে অবিদ্যা মলে একটা মনোময় জ্ঞান, বিভাগ কবাই তাহার ধর্ম : সৰ্ব্ব বস্তুব স্বৰূপ এবং আম্ববিধান যে মূল এক সাৰ্ব্বভৌম অহয় তত্ত্বে অবস্থিত তাহার জ্ঞান তাহার নাই ; বরং অন্যদিকে বিভক্ত বৈশিষ্ট্য, বিবিক্ত প্রতিভাগ এনং আংশিক সম্বন্ধেন উপরই তাহাব দৃষ্টি, ভেদভাবাপনু সেই সমস্তই সত্য विनया आमापिशतक शुरुभ कवित्व इरेत देशहे जाहान नित्र्म्भ : जाहात्मन পশ্চাতে অবস্থিত একবের দিকে দৃষ্টি না কনিয়া, সার্বেভৌম বস্তুকে না পবিয়া শুধু বিশেঘকে অবলম্বন কবিয়া বস্তুর সতা জ্ঞান হইতে পারে এই বোধ ও বিশ্বাস লইয়া চলাই যেন তাহার স্বভাব। জ্ঞানের লক্ষ্য একত্বেব দিকে, সে চায় অতি-মানগ বৃত্তিতে পৌঁছিতে, একম, বস্বব স্বৰূপ এবং সন্তার আম্ববিধান ব্ঝিতে এবং সেই জ্যোতির্মার ভূমার ভূমি হইতে, দিব্যপুক্ষ তাহাব উচ্চতন স্থানে বসিয়। জ্পংকে আলিদ্দন-পাশে বন্ধ করিয়া যেমনভাবে জগং দেখেন এবং জগতে ক্রিয়া ক্রেন, ক্তক্টা সেইরূপে বছয়কে দেখিতে এবং তাহাদের সহিত কার্বার করিতে। ইহা মনে রাখিতে মইনে যে বৈদিক ঋষিগণের ধারণায় অচিত্তি বা অবিদ্যা একপুকার জ্ঞান কিন্তু তাহা সীমিত বলিয়া, মিখ্যা এবং ভ্রম যেকোন ম্বান হইতে ভাহার মধ্যে প্রবিষ্ট হইতে পারে , এইভাবে ভাহা বস্তুৰ বিকৃত ধাবণায পরিণত হয এবং সত্যজ্ঞানের বিরোধী হইয়া দাঁডায।

উপনিঘদের বৈদান্তিক ভাবনায আমরা দেখিতে পাই প্রাচীন বৈদিক শংদ চিত্তি এবং অচিত্তির স্থানে আমাদেব পরিচিত্ত বিদ্যা এবং অবিদ্যা পরম্পর-বিরোধী এই দুই শব্দ ব্যবহৃত হইয়াছে; শব্দেব এই পরিবর্ত্তনের সঙ্গে সঞ্চোদের মধ্যে নূতন অর্ধও কিছু গঠিত হইয়া উঠিয়াছে, যেহেতু জ্ঞানের প্রকৃতিই সত্তোর আবিদার এবং বিশ্বের মূলগত সত্য যখন সংস্করূপ এক. বেদে যাহাব কথা 'তং সং' 'একং তং' 'সেই সত্য' 'সেই এক' এইভাবে পুনঃ পুনঃ বলিয়াছে. তখন বিদ্যা বা জ্ঞান তাহার শ্রেষ্ঠ আধ্যাত্মিক অর্ধে শুদ্ধ এবং কঠোরভাবে সেই একেরই জ্ঞান বলিয়া বিবেচিত হইতে লাগিল, তেমনি অবিদ্যা পূর্ণ এবং কঠোর-

#### বিছা ও অবিছা

ভাবে অষয় সত্যবস্তুর অধৈতচেতনা হইতে বিচ্যুত বহুত্বের জ্ঞান—যে প্রকাব বহুৰের জ্ঞান আমব। জগতে দেখিতে পাই—হইযা দাঁড়াইল। বৈদিক শবেদ সর্থের যে বিচিত্র সমাহার, ব্যঞ্জনাব যে অপরূপ ঐশুর্য্য ছিল তাহাব জ্যোতির্শ্বয় উপচছাযার (penumbra) মধ্যে বহু বিচিত্র ভাব অনুমান এবং দার্থকরূপের যে প্রাচুর্য্য দেখা যাইত তাহাব অধিকাংশ প্রবর্ত্তী কালের দার্শনিকেব ওজন করিয়া বলা অধিকত্তব স্থুম্পষ্ট ভাষাব মধ্যে হারাইয়া গেল, বৈদিক ভাষায় যে মনস্তত্ব এবং সাবলীলতা বা নমনীয়তা ছিল তাহাও এখানে কতকটা নষ্ট চ্ট্যা গেল, তথাপি আয়া এবং চিদ্বস্তুৰ খাটি সত্য এবং এক আদি মাযা কিম্ব। এক স্বপু বা বিভ্রম চেতনাৰ মধ্যে একান্ত বিভেদেৰ যে অতিৰঞ্জন প্র-বত্তী যুগে আসিয়া পড়িযাছিল, অবিদ্যাব সম্বন্ধে তখনকাৰ বৈদান্তিক ধাৰণাৰ মধ্যে প্রথমে তাহা প্রবেশ কবে নাই। উপনিষদে যেমন বলা হইমাছে 'বে লোক অবিদ্যাৰ মধ্যে বাস ও বিচরণ কৰে সে অন্ধেৰ খাবা পৰিচালিত খন্দেৰ মত হোঁচট খাইয়াই চলে এবং জন্ম ও মৃত্যুৰ যে খাল পাতা ৰহিয়াছে গ্রহার মধ্যে আসিয়া পড়ে'; তেমনি উপনিমদেবই অন্যত্ত বলা আছে 'মে गरिषाान अप यनुगर्न करन रम रम यक्षकारन थारक उपरायक। गर्जीत उन यक्ष-भारत প্রবেশ করে যে अधु विদ্যাকে ধরিয়াই থাকে, আবাব যে লোক বুদ্রকে নিদ্যা এবং অনিদ্যা, এক এবং বহু, সম্ভূতি এবং অসম্ভূতি এ উভ্স বলিষাই ভানে সে অবিদ্যার দার। বছাদের অনুভ্তি দাবা মৃত্যুকে অতিক্রম করে এব° বিদ্যান্বারা অমৃত্যর প্রাপ্ত হয়' ; কাবণ সেই স্বয়ন্তু একই পবিভূ বা বহু হইযাছেন। তাই ভুল নির্দেশ দিতেতি না মনে করিয়া উপনিমদ দিব্যপুরুষকে ওকণভীব ভাবেই বলে 'ভূমিই ত এই বৃদ্ধপুক্ষ হইথা যাষ্ট ভব কবিয়া চলিতেছ, ভূমিই ঐ কুনার ও কুমাবী, তুমিই এই নীলপক এবং ঐ বক্তলোচন বিশিষ্ট পক্ষী", याञ्चतक्षनाकारी অবিদ্যাচ্ছ্যু মনকে এ কখা ত বলে না ''তুমি এই সমস্ত বস্তু বলিয়া বোধ হইতেছ''। সম্ভূতির স্থিতি সত্তার স্থিতি হইতে নিমুস্তরের হইতে পা**রে** কিন্ত তথাপি সত্তাই জগতের সর্ব্বসম্ভূতি হইমাছে।

কিন্তু বিদ্যায় এবং অবিদ্যায় যে ভেদ উপনিঘদ দেখিয়াছে সেখানেই তাহ।
নামিনা থাকিতে পাবে নাই, তাহাকে যুক্তি যে চনম অবস্থা দেখায় সেখানে
পৌঁচিতে হইয়াছে। যেহেতু একেব জ্ঞানই বিদ্যা এবং বছর জ্ঞান অবিদ্যা
তখন একাস্তভাবে বিশ্লেঘণকারী এবং ভেদদশী তর্কবৃদ্ধিন কাছে এই দুই শবদ
দ্বারা যাহাদের কথা বলা হয় সে দুই অবস্থার মধ্যে একান্ত বিরোধই দুই হয়,

### দিবা জীবন বাৰ্ডা

'ठाशांपन मर्था (मोनिक कान এक बनारे, ठाशांपत ममनुष मछन नष्। युक्ता, विमा ७४ छान, यविमा ७६ वा यविभिन् यक्षान, এই ७६ यविमा যদি ইতি বা ভাববাচক রূপ নিযা খাকে তবে তাহার কারণ এই যে ইহা কেবল সত্যকে না ছানা নয়, কিন্তু ইহাতে একটা ল্ৰম এবং বঞ্চনা স্বাষ্টি আছে. আঙে ৰাম্ভৰ বলিয়া ৰোধ হইতেছে এমন এক অবাপ্তৰতা, সম্বাদীভাবে সভ্য বলিয়া বোধ হইতেছে এমন এক মিখন। তাহা হইলে স্পষ্টতঃ অবিদ্যার বস্তু বা বিষয়েব কোন প্রকৃত এবং স্বায়ী সত্তা পাকিতে পারে না. স্কুতরাং বছম্ব এক লাস্তি, জগতের বাস্তব গ্রন্থিয় নাই। অবশ্য যতক্ষণ তাহ। বর্ত্তমান ততক্ষণ তাহার এক ধনণের মপ্তির মাছে, কিন্তু সে অস্তিম্ব স্বপ্রের অন্তিমের মত অথবা বিকাবগ্রস্ত বোগ। না বিৰুত্যপ্তিৰ পাথল যেৱপে দেখে তদুপ একটু দীৰ্ঘকাল স্বায়ী বিল্লম মাত্ৰ. ্রাহার চেমে বেশী কিছু নয। এক বহু হয় নাই, এক বছু হইতে পাবে না, আত্ম এই সমস্ত বহু সভা হয় নাই, হইতে পাবে না , ব্রদ্ধ নিজের মধ্যে বাস্তব জগৎ সৃষ্টি বা প্রকাশ করেন নাই, কবিতে পারেন না , মন অথবা মন যাহাব এক পৰিণাণ এখন কোন ততুই, একমাত্র সত্য বস্তুব অলক্ষণ অশ্বয়তত্ত্বে উপৰ নাম ও রূপেৰ ছায়া ফেলিয়াছে; অহুয় বস্তু মূলতঃ বৈশিষ্ট্যহীন বলিয়া বস্তুন কোন নিশেঘ না বৈচিত্র্য প্রকাশ করিতে পানে না, অথবা যদি সেই অঘ্য তত্ত্ব এ সমস্তকে প্রকাশ কবিষ। পাকে তবে তাহা মাত্র কালের ক্ষেত্রে একটা ক্ষপস্থায়া বাস্তবতা এবং খাটি ভানেব আলোকে তাহা সম্ভহিত হইয়া যাইবে এবং দেখা যাইবে যে তাহাদেব কোন বাস্তবতা নাই।

চরম সত্যবস্তু এবং মায়ার খাঁটি প্রকৃতি সম্বন্ধে, পববতী কালে তর্কবুদ্ধি তাছাব সূক্ষ্য বিচারে যে আত্যন্তিক ভেদ দর্শন কবিয়াছে আমাদের সিদ্ধাণ্ড তাহা পরিবর্জন এবং প্রাচীন বৈদান্তিক ধাবা প্রহণ করিতে বাধ্য হইয়াছে। এই সমস্ত চরম সিদ্ধান্তের মধ্যে যে দুর্জয় সাহস আছে এবং যেভাবে তীক্ষ বিচার এবং অতিপুবল যুক্তি নার। সে সমস্ত স্থাপিত ছইয়াছে তাহা শতমুখে প্রশংসা করি, ইহাও মানি যে ইহাদের ব্যাপ্তি বা পূর্ব্বপক্ষ সকল (premises) স্বীকার করিয়া লইলে এ সব সিদ্ধান্তকে মুছিয়া ফেলা য়য়য়না, ব্রদ্ধই যে একমাত্র সত্ত এবং আমাদের নিজেদের এবং জগতের অন্তিম্ব সম্বন্ধে আমাদের সাধারণ ধাবণা এবং সংস্কাব যে অবিদ্যাচছনু, অপূণ এবং অমপূণ, মায়াবাদীর এ দুইটি প্রধান তর্কের বিষয় সম্বন্ধ আমার তাহাদের সহিত একমত; তথাপি আমবা মনের উপর মায়াবাদের এই দোর্দ্ধ ও প্রভাবের বিক্রেদ্ধ দাঁড়াইতে বাধ্য

## বিছা ও অবিছা

হৰ্চয়াছি। বছদিনেৰ প্ৰতিষ্ঠিত এই মত আমাদিগকে এমনভাবে আৰিট কারিয়া রাখিয়াছে যে তাহাকে পূর্ণভাবে দূর করিতে হইলে অবিদ্যার খাঁটি পুকৃতি এবং বিদ্যার খাঁটি ও পূর্ণ সভাব আমাদিগকে একেবালে মূলে গিয়া ব্রিতি হইবে। কেননা এই দুইটি যদি চেতনাব স্বতম্ব সমান ও আদিম ু শক্তি বা বৃত্তি হয় তাহা হইলে নিখুনিল্নমেন হাত হইতে নিস্তাব পাওয়ার উপায় খাকে না। অবিদ্যাই যদি জ্পৎভাবেব বা বিশ্বসন্তাব মূল প্রকৃতি হয়, তাহা इरेटन क्र १९ ना रुरेटन ७ क्र १८७२ यनुज्वत्क वम विनया श्रीकान किनट ३ घर । কিন্তা যদি অবিদ্যা আমাদের প্রাকৃতিক সত্তার মূল উপাদান না হইযা আমাদের চেতনার এক সাদি ও নিত্য শক্তি হয়, তাহা হইলে জগতের একটা যত্য থাকিতে পাবে কিন্তু বিশ্বেৰ অন্তৰ্ভক্ত থাকিয়া বিশ্বেৰ মধ্যে কাহানও সে সভ্য জানিবাৰ গন্তাবনা খাকে না : সত্য জ্ঞান লাভ কবিতে হইলে আমাদিগকে মন ও মননের মতীত বিশুসভার প্রপাবে কোন বিশ্বাতীত অতিচেতনায় অনুপুরিষ্ট হইতে হয, এবং সেই প্ৰমধাম হইতে, যাহাৰ। শাশুভ পুরুদেৰ গৃহিত সাধৰ্ম। লাভ কবিষা তাহার মধ্যে বাস কবিতেচেন যাহাবা 'স্টুতিত উপজাত বা প্রলয়েও ্ত হন না'\* তাহাদেৰ মত, উপর হইতে সর্ববস্থা দেখিতে হয়। কিন্তু বা ভাবের পরীক্ষা অথবা বিপুল তর্কজাল বিস্তার কবিয়া ওবু তাহাদের ভিত্তিতেই এ সমস্যাব স্থমীমাংশা হইতে পাবে না : তাহাব জন্য চেতনাৰ সকল ভূমিতে, চেতনাৰ যে খাশ ৰহিশ্চৰ ক্ষেত্ৰে বহিয়াছে ভাহায় এবা যে খংশ যে ক্ষেত্রের উপরে নীচে ব। পশ্চাতে রহিয়াছে সেই সমস্ত অংশেন সকল প্রাস-সিক তুণ্যের মধ্যে অনুপ্রবি**ট হইযা, সম্যক্তাবে পর্যা**বেক্ষণ ও প্রিণীলন

কিন্তু বিচাববুদ্ধি আধ্যান্থিক বা স্বক্ষপ সত্যেব খাঁটি বিচাবক ছইতে পারে না; তাহা ছাড়া যে শব্দ এবং বস্তুবিচিছনু ভাবসমূহকে (abstract ideas) লইয়া তাহাৰ কারবাব, যেন তাহারা অবিচলিত সতাবস্থ এই ভাবে ধরিয়া লইয়া চলিবার প্রবৃত্তির জন্য, অনেক সমর তাহারাই সত্যের আবরণ হইয়া দাঁড়ায়, তাহাদেব অতীত ক্ষেত্রে আমাদেব অন্তিম্বের যে মূল এবং পূর্ণসত্য আছে বুদ্ধি তাহাদেব মধ্য দিয়া তাহা পূর্ণক্রপে দেখিতে পাবে না। আমাদেব মনে, নেজাজে বা আমাদেব পুক্তির কোন পুর্তির মধ্যে

দ্বানা ভাহাদেৰ তাৎপৰ্য্য গভীৰভাবে উপলব্ধি কবিতে হইনে।

<sup>\*</sup> গীতা

### দিব্য জীবন বাৰ্ড।

যে ভাবে দেখা পূৰ্বে হইতে সংস্কাররূপে বর্তুমান আছে তাহারই বর্ণনা মন অনেক সময় আমাদেব বৃদ্ধিব কাছে উপস্থিত করে, এবং তর্কবিচার ভাহারই সমর্থন করে, বিচার যাহাকে স্থাপন করিল বলিয়া দাবি করে তাহাই গোপনে পূর্বে হইতে মনে অবস্থিত খাকিয়া সে বিচাবধারা কোন পথে চলিনে তাহা পূর্বে হইতেই নিয়ন্ত্রিত করিয়া দেয়। বস্তুর যে অনুভূতি বা দর্শনের উপন বিচারের ভিত্তি তাহা যদি সত্য এবং সমগ্র দর্শন হয় তবেই যুক্তি খাঁটি সিদ্ধান্তে পৌ ছিতে পানিনে। এই প্রসঙ্গে আমাদেন চেতনার প্রকৃতি ও প্রামা-ণিকতা এবং আমাদের মনন ধর্মের উৎপত্তি ও অধিকার খাঁটি সমাকৃদৃষ্টিতে দেখিতে হইবে : কেননা কেবল তাহা হইলেই আমাদের ও জগতের সন্তা এবং প্রকৃতির মত্য আমবা জানিতে পারিব। আমাদিগকে প্রভ্যক্ষ উপলব্ধি দিয়া দেখিতে এব° জানিতে হইবে. ইহাই হইবে আমাদের অনুসন্ধানের বিধান. এই ভাবে আমাদের উপলব্ধ দর্শন এবং জ্ঞানের প্রকাশকে সমর্থন এবং তাহা যাহাতে স্পষ্ট হয় এমন ভাবে তাহাকে সাজাইয়া গুছাইয়া বাখিবার কাজে কেবল তর্কবিদ্ধিকে ব্যবহার করা যাইতে পারে, কিন্তু ইহা ছাড়া তাহা আমাদের ধার-ণাকে সন্যরূপে শাসন করিতে পানিবে না, যে সত্য যুক্তির কঠোর কাঠামোর মধ্যে পড়ে না তাহাকে ছাঁটিয়া ফেলিবাৰ অধিকার তাহাকে দেওয়া হইবে না। ভ্রমই হউক বিদ্যাই হউক আন অবিদ্যাই হউক ইহাবা সকলেই চেত্নার বিভাব ব। তাহার পবিণাম , বিদ্যা এবং অবিদ্যা অথবা ভ্রম বলিয়া যদি কিছু খাকে তাহা এবং সত্যবস্থর প্রকৃতি ও পরস্পরের সম্বন্ধ কি তাহা কেবল চেতনারই গভীরে ভবিয়া আমরা নির্ণয় বা আবিষ্কার কবিতে পাবি। ইহা ঠিক যে সত্তা কি, বস্তু সকলের স্বরূপ কি এবং তাহাদের প্রকৃতিই বা কি তাহাই আমাদেব অনুসন্ধানের মুখ্য বিষয়; কিন্তু কেবল চৈতন্যেব মধ্য দিয়াই আমরা সত্তাতে পৌঁছিতে পাৰি। অথবা যদি ইহা বলা হয় যে সত্তা চেতনাতীত বস্তু বলিয়া ্রাছাতে আমরা চৈত্ন্যকে বিলোপ বা অতিক্রম না করিয়া পৌ ছিতে পারি না অখবা চেতনা নিজেকে অতিক্রম এবং রূপান্তরিত করিয়াই সন্তাতে পৌঁছিতে পারে, তাহা হইলেও এই প্রয়োজনেব জ্ঞান অথবা এই আম্ববিলোপ সাধনের —বা আপনাকে এই অতিক্রম এবং রূপান্তরিত করিবার শক্তি ও পদ্ধতির— জ্ঞান একমাত্র চেতনার মধ্য দিয়াই আমরা পাইতে পারি : তাহা হইলে আমাদের পর্ম প্রয়োজন হইতেছে চেতনার ভিতর দিয়া অতিচেতন সত্যকে জানা, এবং চৈতনোর সেই শক্তি ও ক্রিয়া পদ্ধতি বাহির করা যাহা গারা চেতনা অতি-

#### বিছা ও অবিছা

চেত্রনার পরম সত্যে পৌ<sup>\*</sup>ছিতে পারিবে এবং তাহাই হইবে তাহার পরম আবিষ্কার।

কিন্তু আমাদের নিকট মন এবং চেতনা একই বস্তু বলিয়া বোধ হয়, অস্ততঃ-পক্ষে ইহা সত্য যে মন আমাদেব সন্তার এক প্রবল শক্তিশালী উপাদান, স্ত্তরাং তাহার মৌলিক গতিবৃত্তিকে পবীক্ষা কবিয়া দেখা আমাদেব সর্বাথ্যে প্রযো-ছন। বস্তুতঃ কিন্তু মন আমাদের সত্তাব স্বপানি নয়; তাহার মধ্যে মন ছাড়াও আছে প্রাণ এবং দেহ, আছে অবচেতনা এবং অচেতনা ; তাহা ছাডা এক চিন্ময় বস্থ আছে যাহার উৎপত্তিস্থান এবং গোপন সত্যকে গুঁজিতে গেলে আমরা এক ওপ্ত অন্তল্পের এবং অতিচেতনায় পৌঁছি। ানই যদি সব হইত অথবা থাদিন চেতনাৰ প্ৰকৃতি যদি মনোন্য হইত, তাহা হইলে বস্তুতঃ আমাদের প্রাকৃত সত্তার উৎপত্তিস্থান অম বা অবিদা৷ হইতে পারিত : কেন না মানস-্ৰকৃতিই জ্ঞানকে সন্ধুচিত এবং আচছাদিত কৰিয়া ত্ৰম এবং প্ৰমাদের স্কষ্টি করে : ননের ক্রিয়ার দ্বারা যে ভ্রম স্কট্টি হয তাহা আমাদের চেত্রনাব প্রথন প্রকাশিত ত্থ্যাবলিব মধ্যেই দেখা যায়। স্তুত্বাং সহজেই মনে হইতে পারে যে মনই অবিদ্যার জননী : মনই আমাদের কাছে এক মিণ্যা জগৎ স্বাষ্ট করে অথবা মিখ্যা জগতের বোধ জন্মায, জগৎ আমাদের অন্তর্পুখী বা প্রত্যক্ চেত্নাব ধারা গঠিত একটা ভ্রম ছাড়া আব কিছু নয়। অথবা এক আদি ভ্রম অবিদ্যা না মায়া এই অচিবস্থায়ী বিশ্বের বীজ মনেব গর্ভে নিক্ষেপ করিয়াছে ; সে-ক্ষেত্রেও মন্ট্র জননী, তবে কিনা বন্ধ্যাজননী, কেননা ভাষার সন্তান এমণ যাহার কোন বাস্তব অস্তিত্ব নাই, অবশ্য সে-শ্বেতে নায়া বা অনিদ্যাকে জগতের মাতামহী মনে করা যাইতে পাবে কেননা মন নিজেই মায়। হইতে উৎপণ্র হইয়াছে। কিন্তু অন্ধকারে ঢাকা প্রহেলিকামণী এই মাতামহীর মখের আকৃতি দেখা শক্ত বা যেটুকু দেখা যায় তাহা হইতে তাহার প্রকৃতি নির্ণয় করা কঠিন, কারণ এই ভাবের এক মায়াকে স্বীকার করিলে, নিত্য সত্য বস্তুর উপর এক বিশ্ব কল্পনা বা ভ্রমচেতনার আরোপ কবিতে হয়, অথবা বলিতে হয় যে সত্য বস্তু বা বুদ্রাই স্পট্টশীল মন অথবা মন হইতে বৃহত্তর অথচ মনের প্রকৃতিবিশিষ্ট কোন গঠনশীল চেতনা, অখবা তাঁহাব সেরূপ এক চেতনা আছে. অথবা সে চেত্রনাকে আশুয় দিয়াছেন, নিজের ক্রিয়। বা অনুমোদন মারা তাহার শুষ্টা হইয়াছেন, এমন কি হয়ত এক রকমে যখন তাহার ক্রিয়ার অংশ গ্রহণ করিয়াছেন তথন নিজের লম এবং পুমাদের জালে নিজে জড়াইয়। পড়িয়াছেন,

#### দিব্য জীবন বাণ্ডা

ইহ। যদি বলা যায় যে মন কেবল এক নাধ্যম বা দর্পণ, এবং তাহাতে আদিন বিভ্রম প্রতিফলিত হয় অথবা সতাবস্তব মিখ্যা প্রতিবিশ্ব বা ছায়া পড়ে, তাহা হইলেও দুৰ্বোধ্যতা কিছু কমে না ; কেননা কোখা হইতে এই দৰ্পণ আসিল এবং সে নিখা। প্রতিবিম্ব পড়িল তাহাব উৎপত্তি কোখায় এসৰ প্রশ্রের কোন সদুত্তৰ পাওন। যায় না। নিবিবশেষ এবং অনির্দেষ ব্রদ্ধের প্রতিবিদ্ধ নিবিবশেষ এবং অনির্দেশ্য হইবে, বছম্ব প্রিপূর্ণ বিশুরূপে হইতে পাবে না। যদি বলা হয় যে ইহার কারণ দর্পণেৰ বন্ধবতা, কেননা দর্পণ ফুদ্র ফুদ্র তবঙ্গমালা বিস্কৃত্ত চঞ্চল স্বসীৰ্কেৰ মত অসমান ৰা উচুনীচু হইলে সতাবস্থার এইরপে খণ্ড খণ্ড এবং বিকৃত প্রতিবিম্ব দেখা দিতে পাবে, তাহার উত্তবে বলি যে সেরূপ ক্ষেত্রে ভঙ্গ হউক ব। বিকৃত হউক তাহ। হইবে মহেতাবই প্রতিবিশ্ব, মতাবস্তুতে যাহাৰ উৎস ব। ভিত্তি নাই এমন মিথ্যা নাম রূপ ত একপ ভাবে উদ্বুত হুইতে পারে না : বলিতে হয় যে সতাবস্তুৰ মধ্যে বহু সতা আছে তাহা যতই অপূৰ্ণ এবং ভ্রমপূর্ণ ভাবে ইউক না কেন মনেব জগতেব বছ প্রতিবিম্বরূপে প্রতিফালত হুইতেছে। তাহা হুইলে বলা যাইতে পাবে যে ভগং হয়ত একটি মত্য পদাৰ্থ এবং মনই তাহাৰ ভ্ৰমপূৰ্ণ এবা অপূৰ্ণ ছবি দেখে। কিন্তু ইহাতে, যাহাকে জানাব চেঠা মাত্র বলা যায় আমাদেব সেই মনোময় ভাবনা , ধাবণা বা জ্ঞান ছাড়া একটা পুক্ত জ্ঞান আছে ইহারই ইপিত পাও্যা যায় , মে জ্ঞান যতা-ৰস্তুকে জানে এবং যে জগৎ বস্তুতঃ বৰ্তুমান সাছে তাগাৰ মতাও জানে।

কাবণ যদি দেখিতে পাইতান যে উচচতন এক সত্যবন্থ এবং এক অবিদ্যাচত্যু মন ছাড়া আব কিছু নাই তাহা হইলে অবিদ্যাকে ব্রদ্ধেন এক অনাদি শব্দি
এবং অবিদ্যা বা নামাকে সন্ববস্থার জননী বলিয়া স্থাকার করা ভিনু গত্যস্থান
পাকিত না . তাহা হইলে মায়া যিনি স্বযংপ্রস্তা বা সন্বাদা যাহার আক্সনান
বর্ত্তমান আছে, সেই ব্রদ্ধের নিজেকে নিজে নোহিত কবিবার অপবা বরং যাহাকে
তাহার নিজকপই মনে হইতেছে অপচ যাহা মায়া দ্বারা স্পষ্ট এরূপ কোন কিছুকে
ভুলাইবার এক শাশুত পক্তি হইয়া পড়ে। সেক্ষেত্রে মন, মাহা শুধু মায়াব
অংশকপে বত্তমান আছে এমন এক আস্থাব অবিদ্যাচছানু চেত্তনা হইয়া দাঁছায়।
যে শন্তিতে ব্রন্থ নিজের উপব নামকপ আবোপ কবেন তাহাই মায়া এবং নামরূপকে যত্তা বাল্যা গ্রহণ কবিবার শক্তিই হইকে মন। অথবা ব্রদ্ধের যে শক্তি
অম বলিয়া ছানিয়াই এম স্কষ্টি কবে তাহা মায়া, আর যে শক্তি তাহারা যে
এম একখা ভুলিয়া তাহাদিগকে গ্রহণ করে তাহাই মন। কিন্তু ব্রদ্ধ যদি

### বিষ্ণা ও অবিছা

স্বরূপতঃ এবং সর্বেদাই আন্ধ সচেতন হন তবে এ কৌশল খাটে না। ব্রহ্ম यिन निष्क्रिक এইরূপে ভাগ করিতে পারেন, याহাতে যুগপৎ জানা এবং না জানা বর্ত্তমান থাকিতে পাবে অথবা তাহার এক অংশ জানে এবং অপব এক খংশ জানে না এরূপ যদি হয কিমা নিজের কোন একটু খংশ যদি মারার মধ্যে ম্বাপিত করিতে পাবেন, তাহা হইলে মানিতে হয় যে ব্রুদ্ধের চৈতন্য দ্বিধা বা বছধা বিভক্ত ক্রিয়া হইতে পাবে, যাহার একটি সত্যবস্তুর চেত্রনা আব একটা ভ্রমচেত্রনা অথবা একটা অতিচেত্রনা অপবটা অবিদ্যা চেত্রনা। দৃষ্টিতেই বুঝা যায় যে যুক্তিসঞ্চতভাবে এক্লপ দ্বিবা বা বছৰা বিকাশ থাকিতে পারে ।। তথাপি এমতে তাহাই সভার চরম তথা (crucial fact) হইয়া দাড়ায়, তখন বলিতে হয় যে ইছা একটা আধ্যান্ত্ৰিক রহস্যা, এমন একটা প্রহেলিকা বা স্ববিরোধী সিদ্ধান্ত যাহ। যুক্তিবৃদ্ধিব এতীত। কিন্তু বস্তুর উৎপত্তিব তম্বকে যদি যুক্তিৰ অতীত ৰহস্য বলিয়া একবাৰ স্বীকাৰ কৰিয়। লই ভাহ। হইলে আমবা, এই যে অন্য চরম তথ্য আছে, এই থে এক সুর্বদা বল ছইতেছে বা বহু হইয়া আছে, এবং বহু যে এক হই**শাচে বা হইতে**ছে ইহাকে শুমান ভাবে বৰং অধিকতৰ ন্যায্যভাবে স্বীকাৰ কৰিতে পারি , অবশ্য প্রথম দৃটি অনুসাবে শুক্তিতে ইহা অসম্ভব, ইহা যেন একটা স্ববিরোধী রহস্য মনে হয়, যাহ।ব মঞ-ভেদ যক্তির সাধ্যাতীত, তথাপি ইহা নিতা তথা এবং মঙাব বিধানরূপে আমা-দের কাছে উপস্থিত হইতেছে। কিন্তু ইহা শ্বীকাণ কবিলে বিশ্ব্যাপারের কাখ্যায় আৰু ভ্ৰমক্ৰপা নায়াকে টানিয়া আনিতে হন না। অথবা সে ক্ষেত্ৰে এক অনম্ভ এবং শাশুত বস্তু তাহার চেতনাৰ আত্মশক্তিৰ বলে তাহার অমেৰ এবং অতলম্পূৰ্ণ সতাকে বছবিচিত্ৰ ভঙ্গীতে ও ছলে, অগণিত সাৰ্কিরূপ ও গতিতে প্রকাশ করিতে সমর্থ এই যে সিদ্ধান্ত আমন। স্বীকার কবিষ। লইয়াছি তাহাকেও তেমনি সমান ভাবে মানিয়া লইতে কোন বাব। পাকে না . এই ভঙ্গী ও ছক্ত এই সমস্ত রূপ এবং গতিকে নিত্যবস্তুর অনম্বসত্যেন সত্যপ্রকাশ বা সত্য পরি-ণাম বলিয়াই গ্রহণ করিতে পাবে; এমন কি সেই সমস্ত সত্য পবিণামেন মধ্যে নিশ্চেতনা এবং অবিদ্যাকেও উল্টামুখী ভঙ্গী বা বিভাব বলিয়া সংবৃত চেতনা এবং নিজের ইচ্ছাক্ত সীমিত জ্ঞানেন শক্তিরূপে গ্রহণ কৰা বাইতে পারে ; বলা যাইতে পারে যে কালের এক গতিব মধ্যে শত্যবস্ত্রণ আত্মগংবৃতি এবং আত্মবিবৃতি রূপ ক্রিয়ার জন্য প্রয়োজনীয় বস্তু বলিয়াই তাহাদিগকে সম্মধে আনয়ন করা এবং স্থান দেওয়া হইয়াছে। এ সিদ্ধান্তের ভিত্তি যুক্তির

#### দিবা জীবন বাৰ্ডা

উপরেন ক্ষেত্রে অবস্থিত, কিন্তু ইহাব সমগু ধারণা একেবারে স্ববিরোধ কণ্ট-কিত নয় ; ইহা বৃঝিতে গোলে অনস্তের সম্বন্ধে আমাদের ধারণার পরিবর্ত্তন এবং পরিবর্দ্ধন করা শুধু পুযোজন।

কিন্তু কেবল মন বা মনেব অবিদ্যাপজ্জিকে দিয়া সত্যজগৎকে জানা যায না অথবা এই সমস্ত সম্ভাবনাকে পরীক্ষা করা চলে না। কিন্দু মনের সত্যাভি-মুখী একটা শক্তিও আছে, মন তাহাব ভাবনার মন্দিবে বিদ্যা এবং অবিদ্যা এ উভয়কেই প্রবেশাধিকাব প্রদান করে এবং যদিও সে অবিদ্যা হইতে যাত্রাবত্ত কবে এবং ব্রমেব কটিল পদ্বায়ই চলে, তথাপি জ্ঞানে পৌঁছাই সর্বদা ভাহাব চৰম লক্ষা ; তাহাৰ মধ্যে মত্যকে শুজিবার এক অভীপ্সা ও আবেগ আছে. সত্যকে পাইবার এবং সত্য স্কট্ট কবিবাব একটা শক্তিও আছে যাদও সে শক্তি গৌণ এবং গীমিত, যদিও মন সত্যেব প্রতিবিদ্ধ, ভাবচছায়া বা কম্থনিরপেন মান্সরূপই (abstract expressions) মাত্র আমাদিগকে দেখাইতে পারে তথাপি তাহারা তাহাদেব মত ভাবে সত্যেরই প্রতিরূপ বা রূপায়ণ , মনেব ক্ষেত্রের এইরূপ যে প্রতিক্রপ বা কপায়ণ দেখা যায় তাহার মূল বাস্তর সত্য (concrete truth) আমাদেব চেতনার অতি গভীরে অথবা চৈতন্য-শক্তির কোন উচ্চতর স্থানে অবস্থিত। জড় ও প্রাণ সতোর এমন রূপ হইতে পাবে মন যাহার আকানেৰ অতি অলপ অংশই স্পর্দ কবিতে পাবে। চিৎবস্তুন মধ্যে অব্যক্ত বা গোপন যে সমস্ত লোকোত্তব সত্য আছে নন তাহার অতিঅংপ এবং প্রাথমিক অংশ মাত্র গ্রহণ কবিতে, লিখিয়া লইতে বা অপরকে জানাইতে পানে। তাহা হইলে অতিমানস এবং অবমানস ক্ষেত্রে, মনেব গভীবতব এনং উচ্চতর ভূমিতে চেতনান যে সমস্ত শক্তি আছে তাহাদের সকলকে পরীক্ষা ও পর্যাবেক্ষণ কবিষাই কেবল আমবা সমগ্রসত্যেব রূপ দেখিবার আশা করিতে পাবি। ঘৰশেষে যব নির্ভব করে উচ্চত্রম যতাবস্তুতে যে পরাচেতনা বা অতিচেতনা আছে তাহাব সত্যের উপন এবং তাহার সহিত মন, অতিমানস, অব্যান্স এবং নিশ্চেত্রনার সম্বন্ধের উপর।

যখন আমব। নিমুত্ব এবং উচ্চতর উভয় চেতনার গভীরে ডুবিতে এবং তাহাদিগকে সংবঁগত সতাবস্তুব সহিত যুক্ত করিতে পারি তখন দেখি সবই পরিবাঁত্তিত হইন। যায়। যদি আমরা আত্মসতা এবং জগৎসভার তথাসকল পর্যাবেক্ষণ কবি তবে দেখিতে পাই যে অস্তিম্ব বা সত্তা সংবঁদ। একবন্তু, বহুছের চরম প্রকাশেও রহিয়াছে একজের প্রশাসন; কিন্তু স্পষ্টতঃ বহুছকেও অস্থীকার

### বিশ্বা ও অবিশ্বা

করা যায় না। আমরা দেখিয়াছি একত্ব সর্বেক্রই আমাদিগকে অনুসরণ করে; যখন আমরা ভিতরে প্রবেশ কবি তখন দেখি যে সেখানে বন্ধন করিবার জন্য কোন হৈত নাই; আমাদের বৃদ্ধি যে হন্দ্র ও বিরোধ সৃষ্টি করে তাহার৷ সেখানে একই মূল সত্যের দুই বিভাব রূপে দেখা দেয় ; সেখানে একত্ব এবং বছত্ব একই সত্যবস্তুর দুই মেরু বা দুই প্রাস্ত; যে ছন্দসকল আমাদেব চেতনাতে নানা বাধা স্ঠাষ্ট করে তাহারা সেখানে একই সত্যোন বিপরীতমুখী দুই দিক। সকল বহুত্ব একই সন্তাব, সন্তার একই চেতনার এবং সত্তাব একই আনন্দের বহুধা কপায়ণ বলিয়া প্রতীত হয়। আমবা স্থথ এবং দুঃখের ছন্দকে লইয়। দেখিয়াছি যে দু:খ সত্তাব একই আনন্দের এক বিপরীতমুখী পবিণাম, অনুভব-কাবীৰ দুৰ্ব্বলতাৰ জনাই তাহ। ঐক্লপ গ্ৰহণ কৰে, যে শক্তি তাহাৰ কাছে উপস্থিত হয় তাহাকে নিজস্ব উপাদানে পরিণত করিবাব অসামর্থ্যের অথবা যাহা অন্যথা তাহার কাচে আনন্দ রূপে দেখা দিত তাহাকে স্পর্ণ কবিবার অপারগতাব জন্যই দুঃখ দেখা দেয়; আনন্দেব অভিবাতে ইচা চেতনার একটা বিকৃত প্রতিক্রিয়া, ইখা নিজে মূলতঃ আনদের বিরোধী কিছু নয়, ইহার প্রমাণ পাওয়া। গাস যথন স্থপ দুঃখে বা দুঃখ স্তথে অথবা উভয়ে আনন্দরূপে পবিবন্দিত হইয়। যাওয়া রূপ গুলির্থসূচক ব্যাপার আমাদেব চোপে পড়ে। তেমনি প্রত্যেক পুকার দুর্বলতা মূলতঃ এক দিব্য ইচ্ছাশক্তি বা এক বিশুশক্তিব কোন বিশেষ ক্রিয়াভঙ্গী মাত্র; সে শক্তিতে দূর্বলতা অর্থ শক্তিকে ধাবণ কবিয়া বাধা বা সংহরণ কবিষা নেওয়া বা পরিমিত করা, তাহার শক্তিব ক্রিয়াকে কোন বিশেষ ধাৰাৰ সহিত্যুক্ত কৰা, আশ্বার পূর্ণশক্তিকে নিবৃত্ত কৰিয়। রাখা বা শক্তিৰ অভি-ঘাতে প্রতিক্রিয়। অলপ করিয়া ফুটানই অসামর্থ্য বা দুর্বেলতা ; মূলতঃ তাহা শক্তির বিনোধী কম্ব নয। 'তাই যদি হয, তবে ঠিক একই ধার। অনুসারে বলিতে পানি যে যাহাকে আমনা অবিদ্যা বলি তাহা অন্বয় দিন্য জ্ঞান-সঙ্কলপ ( knowledge-will ) বা দিব্য নায়াব এক শক্তি ছাড়া আবা কছু নয়; ইহা অন্বয় চিৎস্বরূপেবই সেই শক্তি যাহা দ্বারা তিনি ঠিক তেমনি ভাবে তাহাব জ্ঞানের ক্রিয়া নিয়ন্ত্রিত করিতে, ধারণ বা সংবক্ষণ কবিতে, পবিমিত করিতে বা কোন বিশেষ ভাবেৰ সহিত সম্বন্ধযুক্ত কৰিতে পাৰেন। বিদ্যা এবং অবিদ্যা তাহা হইলে এমন দুই পরম্পব বিরোধী তত্ত্ব নয় যাহাদের একে লগৎস্টি করিতেছে এবং অপরে তাহা সহা করিতে ন। পারিয়া ভাঙ্গিয়া দিতেছে, কিন্তু তাহার উভয়ে একত্রে জগতে বর্ত্তমান সাছে, তাহাদের ক্রিয়া-ধারাতে তাহারা ভিনুন্ধপে

#### দিবা জীবন বার্ত্তা

কাজ করিতেছে কিন্তু তাহাদের মূল সত্যে তাহার। একই বস্তু এবং স্বাভাবিক-ভাবে তাহাদের মধ্যে এক অন্যে রূপান্তরিত হইতে পাবে কিন্তু মূল সম্বন্ধ ধরিয়া বিচাব করিলে উভযে একত্র বিদ্যমান খাকিলেও উভয়ে সমান নয়; অবিদ্যা বিদ্যাব অধীন, অবিদ্যা বিদ্যারই সক্ষুচিত এবং বিপরীভভাবে ক্রিয়াশীল বৃদ্ধি।

খাঁটিভাবে জানিতে হইলে সর্ব্বদা স্বিদ্যাচছনু এবং একগুঁয়ে বৃদ্ধির গড়। কঠিন ধারণা সকল ভান্ধিয়া দিয়া স্বাধীন এবং সাবলীল ভাবে অস্তিত্বের তথ্যা-বলিব দিকে দৃষ্টিপাত কনিতে হইনে। বিশ্বের মূল তথ্য চৈতন্য এবং চৈতন্যই আমনা বস্তুতঃ দেখি যে চিংশক্তি তিন ধাবাতে ক্রিয়া **করে**। আমৰা দেখিতে পাই যে গ্ৰুলেৰ প্ৰচাতে সকলকে আলিজন করিনা সকলের অন্তরে এক চেত্রন। আছে সে-চেত্রনা একেব না বছৰ মধ্যে অথবা একযোগে উভ্যেব মধ্যে অথবা তাহাদিগকে অতিক্রম কবিষা নিজেব প্রম এবং চবম সত্তায় সর্বত্র শাশুত এবং সার্বেটোমন্বপে নিজেকে নিজে পুর্বরূপে জানে। এগানে আছে দিবা আত্মজানেন এবং দিবা সর্বেজানেন প্রনেশুরোব মহাসমনু।। আবার সত্তাৰ অন্য মেৰুতে দেখিতে পাই, যাহ। আপন সত্তাৰ আপাত বিরোধী এমন কিছুকপে চেত্ৰনা অধিষ্ঠিত, যাহা আমাদেব কাছে পূৰ্ণ নিশেচত্ৰনা বোধ হয তাহাতে বিবোধ যেন চৰম অবস্থায় পৌঁছিয়াছে, অথচ দোখতেছি যে এই নিশ্চেত্রনা ক্রিয়াশীল, কার্যসোধক এবং স্পষ্টশীল : কিন্তু আমরা জানি যে মচেত্ন এৰু বাহিবেৰ বোধ মাত্ৰ, নিশ্চেতনাৰ কাৰ্য্যধাৰাৰ মধ্যে পুণ্কপে অক্ষিতভাবে দৃদ নিশ্চযতাৰ সহিত দিবাজানই ক্রিয়া কৰিতেছে। এই দই মেকন মধ্যে মধানতীকপে এক চেতনাকে দেখিতে পাই যাহ। এক প্ৰতিত সামিত আম্বজ্ঞানকথে। ক্ৰিয়া কবিতেছে, কিন্তু ইহাও সমভাবে বহিবছ বোধ মাত্র কেন্ন। ইহারও পশ্চাতে দিন্য স্বব্জান বর্ত্তমান আছে এবং এই চেতনার মধ্য দিয়া ক্রিয়া করিতেছে। মধ্যবত্তী এই অবস্থা পরাচেতনা এবং নিশ্চেতনা এই দুই বিবোধী বস্তুৰ মধ্যে একটা স্বায়ী আপোষ বলিষাই যেন বোধহয়। কিন্তু আমৰা যে সমস্ত বিএয উপস্থিত কৰিয়াছি ভাহাৰ সাহাযে। ৰুহত্তৰ দৃষ্টিতে বোধ হইবে যে এ অবস্থ। ক'হিবেৰ ক্ষেত্ৰে জ্ঞানের অপূৰ্ণ উন্মেষ মাত্র। এই আপোঘ বা অপূর্ণ উন্মেঘকে আমনা আমাদেব দিক হইতে অবিদ্যা विन, त्कनना याथा यथन পূर्व याश्रुखान निर्द्धन गर्वा तका करतन, वाशित পূৰ্ণভাবে প্ৰকাশিত হইতে দেন না তখন তাহাই আমাদেব বিশিষ্ট দৃষ্টিতে অবিদ্যা হইয়া দাঁড়ায়। চিৎশক্তিৰ এই তিন ভাবে স্থিতিব মূল কি তাহাদেৰ মধ্যে

### বিছাও অবিছা

খাঁটি সম্বন্ধ কি. সম্ভব হইলে তাহ। আমাদিগকৈ আবিকার কবিতে হইবে। অবিদ্যা এবং বিদ্যা চেত্রনার দুইটি স্বতন্ত্র শক্তি ইহাই যদি আমরা আবিকার করিতাম, তবে চেতনাব উর্দ্ধ তম অবস্থা পর্যান্ত তাহাদের মধ্যে ভেদ দেখা ্ৰাইত এবং যে চরম তম্ব হইতে এই উভ্যই উদ্ভূত হইয়াচে এবং যেখানে গেলে বিদ্যা এবং অবিদ্যা উভয়ই বিলুপ্ত হইনা মাইতে পাৰিত.\* সেখানে না গেলে তাহাদের প্রস্পবের মধ্যে ভেদ দ্র হইত না। তাহা হইলে এই সিদ্ধান্ত কনা যাইত যে যথার্থ জ্ঞান হইল অতিচেতন নিত্যবস্থন সত্যকে জানা, এবং চেতনাৰ সত্য, বিশ্বেৰ সত্য এবং বিশ্বমধ্যস্থিত জীবের সত্য শতই জানি না কেন তাহা কখনও পর্ণ হইতে পারে না, তাহাব সহচরীকপে অবিদ্যাব অস্তিম অবশাস্থাৰী, তাহাকে ঘিরিষা অবিদ্যাব একটা উপচ্ছায়া (penumbra) गम वर्डमान थात्क वा अविमान এका छाया तम छानतक मर्वम अनुमन् কবে। তথন এমন কি জগতেন মূলে সভা, সামগুদা এবং ছন্দস্মম। ফুনাইয়া তোলে এমন প্ৰমাবিদ্যা এবং ব্রান্তি, অসামঞ্চ্যা ও বিশুখলাৰ প্রেলাই গাহার ভিত্তি, থাহা নিষ্ঠুবরূপে মিথা।, অন্যায় ও সম্ভাপের চনমন্দপকে আশুয দেয় এমন এক প্রমা অবিদ্যা, মালোক এবং তাহাব চিববিনোবী এই অন্ধবাব, এই স্কু এব; কু, এই দুই তত্ত্ব পৰম্পৰ সিশ্বিত গইসা বৰ্ত্তমান আছে ইহা হয়ত শ্বীকার কবিতে হইত। সে ক্ষেত্রে কোন কোন দার্শনিক যে বলেন যাহ। শিব বা মঞ্চলমৰ তাহাৰ এক অনানিৰপেক সভা আছে এবং মাহা অশিব বা यनर्थ छोटाव ९ এक यनानिवर्शक गडा बाल्ड এव॰ এ উভराव मधा निया हवम তত্ত্বে দিকে অগ্রস্ব হওষা যায়, এমতকেও স্থান্সত বলিয়া মানিতে হইও। কিন্তু যদি আমৰা দেখিতে পাই যে বিদ্যা এবং অবিদ্যা একই চেতনাৰ আলোক এবং ছাযাময় দুই দিক, জ্ঞানেৰ উপৰ সীমাৰ আনোপেৰ ফলেই অবিদ্যাৰ আৰম্ভ गीमात वक्षन्य यार्भिक बन ना भुमानकथ लीग वृद्धिन गंखानमा यानगन किन्यारण , জ্ঞান যখন জড়েব নিশ্চেতনাৰ মধ্যে উদ্দেশ্যমূলকভাবে ডুবিয়া গিযাছে তখন এই সম্ভাবনা পূর্ণভাবে রূপগুহণ ক্রিয়াছে; আবও যদি দেখি নিং চতনা

উপনিবদে আছে প্রবংশন মধ্যে বিজ্ঞা এবং অবিজ্ঞা নিত্য বর্ত্তনান আছে; ইহা এই অর্থে এইণ করা যাইতে পাবে যে একছেব চেতনা এবং বহুছের চেতনা পরব্রেজর আত্মজ্ঞানের মধ্যে এক সঙ্গে বর্ত্তমান থাকিয়া স্ষ্টির ভিত্তি বা হেতু হট্যাছে, অতএব তাগারা তথায় নিত্য আত্মজ্ঞানেব ভট্টী দিক।

#### দিবা জীবন বার্স্তা

হইতে চৈতন্যের উদেন্দের সঙ্গে জ্ঞান বা বিদ্যাও উন্মিষিত হইয়া উঠিতেছে, ত্থন আমর। নিশ্চিত হইতে পারি ফে অবিদ্যার এই পূর্ণতা নিজের ক্রমপনি-ণতিব ফলে শীমিত জানে রূপান্তরিত হইতেছে এবং আমরা বোধ করিতে পাবি যে শীমাৰ বন্ধনও দ্রীভূত এবং বস্তুর পূর্ণসত্য প্রকাশিত হইবে, বিশ্ব-সতা বিশু অবিদ্যা হইতে নিজেকে মুক্ত করিবে। বস্তুতঃ যাহা ঘটিতেছে তাহা এই যে, যাহা তাহাব নিজের মধ্যে পূর্বে হইতে লুকায়িত আছে অবিদ্যা সেই জ্ঞানকে খঁজিতেছে এবং তাহার মধ্যস্থ অন্ধকার স্থানসমূহকে ক্রমবর্দ্ধমান ভাবে আলোকিত কবিয়া জানেই নিজেকেই রূপান্তরিত করিবার জন্য প্রস্তুত হইতেছে : সেই রূপান্তনে বিশ্বেব খাঁটি স্বরূপ এবং রূপ সর্ব্বগত পর্ম সতা-বস্তুরই স্বরূপ এবং নূপ বলিয়া আত্মপ্রকাশ কবিবে। বিশুরহস্যেব এই ব্যাখ্য দিয়াই আমনা বিচাৰ আৰম্ভ কৰিয়াছিলাম, এই ব্যাখ্যাকেই সমর্থন এবং প্রতিষ্ঠা কবিবাৰ জন্য আমাদেৰ ৰহিশ্চৰ চেতনার গঠন এবং তাহাৰ মধ্যে উপরে এবং নিমেু যাহ। আছে তাহাদের সঙ্গে তাহাব সম্বন্ধ কি তাহ। আমাদিগকে পর্যবেকণ কবিষা দেখিতে হইবে : কেননা তাহাতেই অবিদ্যার প্রকৃতি এবং অধিকার কি তাহ। তাল তাবে ব্ঝিতে পানিব। এই বিচাবের ধারান মধ্য দিয়াই অনিদা। যাহাব সন্ধৃচিত এবং নিক্ত প্রকাশ সেই জ্ঞানেব প্রকৃতি এবং অধিকানেব পৰিচয়ও পাইন, সেই জ্ঞানেৰ পূৰ্ণতাৰ মধ্যেই অধ্যান্ধ সত্তাৰ শাশুত আন্ধুজ্ঞান এবং জগং-জ্ঞানের সাক্ষাং পাইব।

# অফ্টম অধ্যায়

# স্মৃতি, আত্ম-সংবিৎ এবং অবিতা

কেছ কেছ বভাবের কথা বলেন অপব কেছ কেছ বলেন কালের কথা। বেভাবছর উপান্যদ ( ৬১ )

এক্ষের ছুইরূপ কাল এবং কালা ঠীত।

মৈত্রী উপনিষদ ( ৬)১৪ )

তারপর রাত্তির জন্ম হইল, তাহা হইতে সন্তার প্রবহমান সমুদ্র জন্মিল; সেই সমুদ্রে কালের জন্ম হইল, দৃষ্টিবস্ত সকল প্রাণীই সেই কালের বদীস্তুত বা অধীন হইল।

भारचंत ( ==13त=13-4 )

শুতি বৃহত্তর; শ্বতি ভিল্ল মনন হর না এবং শ্বতি না হঠলে কিছু জানা যার না। ক্ষেত্রপুর শুতির পতি ভত্তপুর সে কামচারী।

ছান্দোগ্য উপনিষদ ( ৭৷১০ )

ইনি সেই চৈতক্সময় পুরুষ যিনি আমাদের মধ্যে থাকিয়া দর্শন, স্পর্শ, এবণ, আণ, রসাধাদন এবং মনন করেন, যিনি আমাদের মধ্যে বোদ্ধা এবং কর্তারূপে অবস্থিত বিজ্ঞানাল্পা।

প্রশ্ন উপনিষদ (৪।৯)

সামাদের চেতনার দুইভাবের প্রকৃতির কণা কোন ভাবে থালোচনা করিতে গোলে আমাদের প্রথমে অবিদ্যাকেই দেখিতে হয়; কেননা আমাদের সাধারণ সবস্থায় অবিদ্যা, বিদ্যা বা জ্ঞানে পরিণত হইতে চাহিতেছে। প্রথম প্রযোজন, জীব এবং জগৎ সম্বন্ধে এই যে খণ্ড জ্ঞান বা অবিদ্যা, একদিকে পূর্ণ আম্বন্ধ্রান ও সর্বব্জ্ঞান এবং অন্যদিকে পূর্ণ নিশ্চেতনা এ দুয়েব মধ্যে মধ্যকর্ত্ত্বীরূপে কাজ করিতেছে, তাহার কোন কোন মূল গতি-প্রকৃতির সম্বন্ধে বিচার কবা; এবং তাহা হইতে আমাদের মধ্যে অন্তর্গু চূভাবে অবস্থিত বৃহত্তর চেতনার সক্ষেত্রাহার সম্বন্ধ স্থির করা। এক ধরণের চিন্তাধারায় স্মৃতির ক্রিয়ার উপর বেশ জোর দেওয়া হইয়াছে; এমন কি একণা বলা হইয়াছে যে মানুম স্মৃতিস্বর্প্ব,

### দিবা জীবন বার্ত্তী

স্মৃতিই আমাদের ব্যষ্টি ব্যক্তিষকে গড়িয়। তুলিয়াছে এবং আমাদের মনোময় সত্তার ভিত্তিকে ধারণ করিয়া জুড়িয়া রাখিয়াছে; কেননা ইহাই আমাদের অনুভবসকলকে যুক্ত করে এবং একই ব্যক্তিসন্তার সঙ্গে তাহাদের সমন্ধ স্থাপন করে। যাহারা এই কথা বলেন, তাঁহারা কালের পরম্পরা বা প্রবহমানতার মধ্যে আমাদের যে সন্তা বা অস্তিম্ব রহিয়াছে তাহাকেই ধারণার ভিত্তিরূপে গ্রহণ করেন এবং যখন সমগ্র সত্তা বা অন্তিম্বকে ক্রিয়াপদ্ধতিরূপে বা পরিবর্ত্তন পরম্পরা অথবা কর্ম্মের মত কোন আম্বনিয়ন্ত্রণকারী শক্তির বিকাশের ক্ষেত্রে কার্য্যকারণ রূপে গ্রহণ নাও করেন, তখনও ক্রিয়া-পদ্ধতির মধ্যেই মল সত্যের সন্ধান মিলিবে ইহা মনে করেন। কিন্তু ক্রিয়াপদ্ধতি কোন কিছু একটা হইবার ধারা মাত্র: কোন পবিণামে পৌঁছিবাব জন্য কার্য্যকরী কোন কোন সম্বন্ধকে যে বিশেষভাবে গ্রহণ করিতে আমরা অভ্যস্ত, তাহাকেই ক্রিয়াপদ্ধতি নলা হয় ; ইহা অনন্ত সম্ভাবনার মধ্যে কোন বিশেষ ভাবকে গ্রহণ, এ গ্রহণ অন্যভাবে হইতে পারিত, এ নমস্ত সম্বন্ধকে অন্য বা ভিনুন্ধপে সাজানো যাইত তাহা হইলে পরিণাম এবং ফলও অন্যরূপ হইত। বস্তুর খাঁটি সত্য ক্রিয়াপদ্ধতিতে নাই. তাহার পশ্চাতে অবস্থিত এমন কিছতে আছে যাহা ক্রিয়াপদ্ধতিকে স্বাষ্ট্র, নিয়ন্ত্রণ এবং শাসন করে; সে সভ্যের সন্ধান, যাহা ঘটে তাহা অপেক্ষা যে ইচছা বা শক্তি তাহা ঘটায় তাহার মধ্যে বেশী পাওয়া যায় আবাব ইচ্ছা বা শক্তি অপেক্ষা. ইচ্ছা যাহার ক্রিয়াশীলরূপ সেই চেতনাতে এবং শক্তি যাহার সক্রিয়তা সেই সত্তাব মধ্যে তাহাব সন্ধান পূর্ণতর রূপে মিলিতে পারে। কিন্তু স্মৃতি চেতনার একটা ক্রিযাপদ্ধতি বা বৃত্তি মাত্র, একটা প্রয়োজন সাধন সে করে; স্তার মূল উপাদান অথবা ব্যষ্টি ব্যক্তিখেন সব কিছু হইতে পারে না ; যেমন বিকিরণ করা আলোকের একটা ক্রিয়া মাত্র তেমনি স্মৃতি চেতনারই বাহ্য-ক্রিয়াসকলের মধ্যে একটা ক্রিয়ামাত্র। আশ্বাই মানুষের সব, স্মৃতি নয়-অথবা যদি আমাদের সাধারণ বহিশ্চন অন্তিত্ব বা জীবনের দিক দিয়া বিচার कवि তবে वनिए इस य मनहे मानुस्वत गव, त्कनना मानुस भरनामस शुक्रम। স্মৃতি মনের বহু শক্তি ব। বৃত্তি বা ক্রিয়া পদ্ধতির মধ্যে একটা মাত্র ; অবশ্য বর্ত্তমানে আন্ধা জগৎ এবং প্রকৃতিকে লইয়া আমাদের যে কারবার তাহার মধ্যে স্মৃতি চিৎশক্তির মুখ্যক্রিয়া।

তখাপি যে অবিদ্যার মধ্যে আমর। বাস করি তাহার প্রকৃতি আলোচনা করিবার জন্য স্মৃতিকে নইয়া বিচার করিতে আরম্ভ করা ভাল, কেনন। তাহাতে

# শ্বৃতি, সাম্ব-সংবিং এবং অবিগ্ৰা

গামাদের সচেতন সত্তার কয়েকটি বিশেষ প্রয়োজনীয় বিভাবের নিগৃচ পরিচয় পাইতে পারি। আমরা দেখিতে পাই যে স্মৃতিরূপ এই বৃত্তি বা ক্রিয়াপদ্ধতিকে মন দুইভাবে প্রয়োগ করে--আম্বস্টিরূপে এবং অনুভবের স্মৃতিরূপে। প্রথমত: মন আমাদের চেতন সম্ভার তথ্য স্মৃতিতে মৌলিকভাবে প্রয়োগ এবং কালের সঙ্গে তাহাকে যুক্ত করে। সে বলে ''এখন আমি আছি, অতীতে খামি ছিলাম, স্মতরাং ভবিষ্যতেও আমি পাকিব, কালের এই তিন চিরঅস্থায়ী বিভাগে একই আমি রহিয়াছি।" এইভাবে সচেতন সন্তার নিত্যতা কালের ক্ষেত্রে নিজের কাছে যেন অনুবাদ করিয়। সে বুঝিতে চায়, ভাহা তথ্য বলিয়। যনুভৰ করিলেও তাহাকে সে জানিতে অখব। সত্য বলিয়া পুমাণ কবিতে পারে না। মন কেবল স্মৃতি দিয়া নিজের অতীতের খবব আর কোন সাক্ষাৎ ঘাস্থজান দারা বর্ত্তমান কণাটকে জানিতে পারে, এই আস্বজ্ঞান এবং যে স্মৃতি আনাদিগকে বলিয়। দেয যে এই আত্মজ্ঞান কতক সময় পর্য্যন্ত অবিচিছনুভাবে বর্তুমান আছে সেই স্মৃতি হইতে শুধু অনুমান কবিয়া এই অবস্থার প্রসারণ দানা মন নিজে ভবিষ্যতে পাকিবে এ ধারণা বা কল্পনা কবে। অতীত বা ভবিষ্যতের সীমা সে নির্ণয় কবিতে পাবেনা, স্মৃতি অতীতের যতদুর পর্যান্ত তাহাকে লইয়া যায় ততদুর পর্য্যন্ত সে দেখিতে পায়, যখনকাব স্মৃতি তাহাব নাই ত্থনও যে তাহার এই চেতন সভা বর্ত্তমান ছিল তাহা। অপবেব দেওয়। সাক্ষ্য হটতে এবং তাহার চারিপাশে জীবনেব যে তথ্যাবলী যে দেখিতে পায তাহা হইতে অনুমান করিয়া লয়। সে জানে যে শৈশবে বিচারশক্তিগীন অনস্থায় গে বৰ্ত্তমান ছিল কিন্তু এখন সে অবস্থাৰ সহিত সমুতিৰ যোগভঞ্চ হইয়। গিয়াছে ; জন্মেব পুর্বেও সে ছিল কিনা প্রাকৃত মন তাহা নির্ণয কবিতে পারেন। কাবণ তাহাব কোন স্মৃতি তাহার নাই। ভবিষ্যতের সপন্ধে সে কিছুই জানেনা: বর্ত্তমান ক্ষণের পরক্ষণে সে বর্ত্তমান থাকিবে ইহার যথেষ্ট নিশ্চযতা তাহার কাছে থাকিলেও সেই মুহূর্ত্তে এমন কিছু ঘটিতে পানে যাহাতে যে নি-চয়ত। লনা**ত্মক হইয়া পড়িতে পাঁরে, কেন**না পূর্বের্ন যে নিশ্চযতা বোধ ছিল তাহা একটা প্রবল সম্ভাবনা মাত্রেব ভিত্তিতে গড়া ছিল; শরীরেব ধ্বংসের সঞ্চে সঙ্গে সচেত্র জীবসন্তার শেষ হইবে কিনা তাহা সে আরও কম জানিতে পারে। ত্থাপি তাহার মধ্যে অবিচিছনভাবে থাকিবার একটা বোধ আছে যাহা সহজেই থুসারিত হইয়া নিত্যতার দৃচ্পুত্যয়ে পরিণত হইতে পারে।

এই দৃচপ্রত্যয়ের কারণ এই হইতে পারে যে মন তাহার সম্ভংগন সতীতের

### निया कीवन वार्षा

কথা ভুলিয়া গিয়াছে কিন্ত তাহার আকারশূন্য যে একটা সংকার মনের মধ্যে কোপাও রহিয়া গিয়াছে তাহা হইতে এ বোধ জাত হইয়াছে; অপৰা যেখানে আমরা আমাদের শাশুত আত্মসন্তার সম্বন্ধে খাঁটিভাবে সচেতন সেই কোন উচ্চতর এবং গভীরতর ভূমি হইতে আম্বন্তানের যে ছায়া মনের উপর পড়ে তাহাই এইরূপে দেখা দিয়াছে। অথবা ইহা হয়ত বা একটা বিভ্রম: যেমন আমাদের চেতনাতে প্রাকৃ দর্শনরূপে মৃত্যুকে আমরা প্রত্যক্ষ বোধ বা অনুভবের মধ্যে আনিতে পারিনা, আমরা অবিচিছনভাবে বর্তমান থাকিব ইহাই কেবল বোধে আনিতে পারি; অস্তিত্বের নাশ আমাদের একটা মানসিক ধারণা বলিয়া নিশ্চয়তার সহিত তাহাকে স্বীকার এমন কি স্কম্পষ্টভাবে কল্পনাও করিতে পারি কিন্তু কখনও তাহা বাস্তবভাবে উপলব্ধি বা অনুভব করিতে পারি না, কেনন। আমরা কেবল বর্ত্তমানের মধ্যেই বাদ করি। তথাপি মৃত্যু, অন্তিম্বের নাণ অথবা আমাদের সত্তার বাস্তব জীবনের ব্যবচেছদ যে হইবে ইহা একটি খাটি তথ্য: ভবিঘ্যতে অবিচেছদে এই শরীরেই বাঁচিয়া থাকিব এই বোধ বা প্রাগন-ভবকে যতই আমরা প্রসারিত করিনা কেন, তবু যাহা আমবা নিদ্দিষ্ট করিয়া বলিতে পারিনা কালের তেমনি এক ক্ষণেব পবে তাহা বিভ্রম হইয়া পড়িবে, স্বামাদের চেতন সত্তাব বর্ত্তমান মানসিক সংস্কারের তাহা একটা মিথ্যা প্রসার ৰা অপপ্রয়োগ—শাশুত চেতনার ভাবনা ব। সংস্কার তেমন একটা কিছু হইতে পারে ইহা ধারণা করা যাইতে পারে। অথবা হয়তো আমাদের বাহিরে চেতন বা অচেতন, বিশ্ব বা বিশ্বাতীত রূপে কোন সত্য নিত্যবস্তু আছে, তাহ। হইতেই এই মিখ্যাবোধ আমাদিগের মধ্যে সংক্রামিত হইয়াছে। আমাদেব চেতনসত্তা হয়তো সেই একমাত্র খাঁটি নিত্য পদার্থের ক্ষণস্থায়ী প্রতিভাস ছাড়া আর কিছু নয়, মন সেই বস্তুর নিত্যতাকে গ্রহণ করিয়া আমাদের সচেতন সন্তাতে তাহাকে তুল করিয়া আরোপ করিয়াছে।

আমাদের বহিশ্চব মনের পক্ষে এই সমন্ত প্রশু সমাধানের কোন উপায় নাই। এ মন শুধু অন্তহীনভাবে ইহা আলোচনা করিতে পারে এবং অলপ-বিশ্বর যুক্তিসঙ্গতভাবে কতকগুলি মতবাদ খাড়া করিতে পাবে। আমরা অমর ইহা আমাদের পক্ষে একটা বিশ্বাস মাত্র, আমরা যে মরণধর্মী ইহাও একটা বিশ্বাসমাত্র। জড়বাদীর পক্ষে প্রমাণ করা অসম্ভব যে দেহের নাশের সঙ্গে আমাদের চৈতন্যের বিলোপ ঘটিবে; জড়বাদী অবশ্য দেখাইতে পারে যে আমাদের মধ্যস্থিত কোন-কিছু দেহনাশের পরেও যে সচেতনভাবে বর্ত্তমান

# শুতি, আত্ম-সংবিৎ এবং অবিগ্রা

খাকে তাহার নি:সংশয় কোন প্রমাণ নাই; কিন্ত ঠিক তেমনিভাবে দেহনাশের পব যে চেতনা বর্ত্তমান থাকেনা এ সমস্ত বস্তুর প্রকৃতি অনুসারেই তাহাব কোন প্রমাণ থাকিতে পারেনা। দেহের বিনাশের পরও মানুষের ব্যষ্টি সন্তা বর্ত্তমান আছে, ইহার পরে হয়ত তাহা এমনভাবে প্রমাণিত হইতে পারে যে অবিশ্বাসীও তাহা বিশ্বাস না করিয়া পারিবে না; কিন্তু তাহাতে চেতনসন্তার নিত্যতা প্রমাণিত হইবে না, দীর্ঘতরকাল স্থায়ীশ্বই শুধু প্রমাণিত হইবে।

বস্তুত: যদি নিত্যতা সম্বন্ধে মনের এই ধারণা লক্ষ্য করিয়া দেখি তবে দেখিতে পাই যে তাহা এক শাশুত কালের মধ্যে সত্তার অবিচিছনু ক্ষণপরম্পর। নাত্র। অতএব কালই শাশুত, ক্ষণে ক্ষণে থাকামাত্র অবিচিছ্নুভাবে যাহাতে বর্ত্তমান সেই চেতন-সত্তা শাশুত নয়। আবাব অন্যপক্ষে মনের সাক্ষ্যে এমন কিছু নাই যাহাতে ইহা প্রমাণিত হয যে নিত্যকান সত্য বর্ত্তমান আছে, অথবা সচেত্রন সন্তাব কোনপ্রকার ধারাবাহিকতাকে দেখিবার একটা ভঙ্গীমাত্র ছাড়া তাহা অন্য কিছু ; অথবা হয়তো শাশুত অস্তিম্বের এক অবিচিছনু পুবাহ চলিয়াছে—যুগপৎ অথবা পরপর অনুভবের বারা প্রনাহকে মনে মনে যে পরিমাপ ক্বা হয় তাহাকেই কাল বলা হয়, সন্তিম্ব কেবল এইভাবেৰ অনুভ্ৰসমূহেৰ মধ্য দিয়াই প্রকাশ পায়। যাহাব অন্তিত্ব শাশুত এমন কোন চেতন-সতা যদি খাকে তবে তাহা কালকে অতিক্রম করিয়াই বর্ত্তমান আছে অথচ কাল তাহার মধ্যেই আছে, এই জন্য সে সন্তাকে আমরা কালাতীত বলি, ইহাই হইবে বেদাস্তের নিত্যবস্তু, আমরা অনুমান করিতে পারি ইনিই আত্মপ্রকাশ দেখিবার জন্য কালকে কেবল একটা মানসিক পবিপ্ৰেক্ষিত (conceptual perspective) নপে ব্যবহার করেন। কিন্তু নিত্যবস্থর এই কালাতীত আমুজ্ঞান মনের উপরের ভূমিতে অবস্থিত ; ইহ। অতি-মানসজ্ঞান আমাদেব কাছে তাহা অতিচেতন ; ইহাকে পাইতে হইলে আমাদের সচেতন মনের কালেব ক্ষেত্রের ক্রিয়াধার। বন্ধ করিয়া অথবা তাহা অতিক্রম করিয়া যাইতে হইবে, আমাদিগকে নৈ:শব্দ্যের মধ্যে প্রবেশ করিতে হইবে অথবা নৈঃশব্দ্যের মধ্য দিয়া নিত্যবস্তুর চেতনাতে छेखीर्व इटेस्ट इटेस ।

এ সমস্ত আলোচনা হইতে একটা বড় কথা স্পষ্ট হইয়া উঠে যে অবিদ্যাই আমাদেব মনের প্রকৃতি; অবিদ্যা অর্থ একেবারে নিশ্চেডনা নয়, কিন্ত তাহা সন্তার সীমিত এবং নির্দ্ধারিত জ্ঞান, তাহা বর্ত্তমানের প্রত্যক্ষ জ্ঞানের, অতীতের স্মৃতির এবং ভবিষ্যতের অনুমানের শ্বারা সীমিত, স্বতরাং তাহার আত্মপ্রত্যয়

# দিবা জীবন বার্ত্তা

এবং তাহার বিষয়ের অনুভব সকলকে কালের এবং ক্ষণপরম্পরার মধ্যে দে তাবে সে দেখে তাহারই মধ্যে তাহা আবদ্ধ। কালিক নিত্যতা যদি বন্ধব সত্য অন্তিম্বের ধর্ম হয়, তাহা হইলে মনের সেই সত্য সন্তার জ্ঞান নাই; কারণ সমৃতি অলপ পরিমাণ যেটুকু রক্ষা করিয়াছে তাহা ছাড়া তাহার নিজেরই অতীতেল সমস্ত জ্ঞান অম্পষ্ট বিস্মৃতির মধ্যে ডুবিয়া গিয়াছে; তেমনি নিজের ভবিঘ্যৎও সে জানেনা, তাহা অজ্ঞানতাব এক আবরণে ঢাকা আছে; তাহার শুধু বর্ত্তমানের কিছু জ্ঞান আছে যে জ্ঞানও ক্ষণেক্ষণে পরিবাজিত হইয়া চলিয়াছে কেননা বর্ত্তমান ক্ষণে ক্ষণে নাম, রূপে, ঘটনা অথবা বিশুশক্তির একটা পুবাহের বা পরক্ষার মধ্যে অসহায়ভাবে ভাসিয়া চলিয়াছে, সে পুবাহ এত বৃহৎ যে তাহার উপব মনের কোন কর্ত্ত্বহ নাই অথবা তাহাকে বুঝিবার শক্তি নাই। পক্ষান্তবে বন্ধর মত্য অন্তিম্ব যদি কালাতীত নিত্যতা হয়, তাহা হইলে মন তাহার সম্বন্ধে আরও বেশী অজ্ঞ; কেননা সেই অন্তিম্ব দেশের এবং কালের মধ্যে বাহিবের ক্ষেত্রে শুধু যেটুকু আম্বপ্রকাশ করে তাহার যে অতি ক্ষুদ্রাংশ মাত্র তাহাব আংশিক অনুভব দিয়া কেবল ক্ষণে ক্ষণে গে ধরিতে পারে তাহারই জ্ঞান্যাত্র তাহাব সম্বল।

অতএব মনই যদি আমাদেব স্বধানি হয়—এবং এই প্রাকৃত মনই যদি আমাদেব পুকৃতির নিদর্শন হয় তাহা হইলে তো আমরা কালের প্রবাহে ভাগিয়া চলা অবিদ্যা ছাড়া আর কিছু নই, তাহারই মধ্যে খাকিয়া কখনও কখনও বড়জোর জ্ঞানের অতি ক্ষুদ্রাংশেব আংশিক আভাস মাত্র আমরা ধরিতে পাবি। কিন্দু মনের অতীত আম্বজ্ঞানের যদি কোন শক্তি থাকে যাহা স্বরূপতঃ কালাতীত অথচ কালকে দেখিতে পাস, যাহার দৃষ্টিতে হয়তো অতীত. বর্ত্তমান এবং ভবিষ্যতের সর্ব্বসম্বন্ধ যুগপৎ একসঙ্গে প্রকাশিত আছে, অন্ততঃপক্ষে যাহা কালাতীত সন্তারই কোন অবস্থা, আম্বর্ণাক্তি বা বিভূতি, তাহা হইলে আমরা চেতনার দুই শক্তি পাই—জ্ঞান এবং অজ্ঞান শক্তি—বেদান্তে যাহাদিগকে বিদ্যা এবং অবিদ্যা বলিয়াছে। তাহা হইলে হয় এই দুইটি পৃথক পৃথক শক্তি তাহাদের পালেরের মধ্যে কোন সম্বন্ধ নাই, তাহারা পৃথকভাবে জাত হইয়াছে এবং তাহাদেব ক্রিয়াধারাও বিভিনু, এক নিত্য ম্বৈভভাবের মধ্যে তাহাবা অন্যনিরপেক্ষভাবে আপনাতে আপনি বর্ত্তমান আছে; না হয় যদি তাহাদের মধ্যে একটা সম্বন্ধ থাকে তবে তাহা এই হইবে যে চৈতন্য জ্ঞান বা বিদ্যারূপে গ্রাহার কালাতীত আম্বন্ধপকে জানে এবং কালকে নিজের মধ্যে দেখে, আবার

# শুভি, আন্ধ-সংবিং এবং অবিদ্যা

চৈতন্যই অবিদ্যারপে সেই বিদ্যার আংশিক এবং বহিশ্চর ক্রিয়াধারা, যাহা নিজেরই কালিক সন্তার ধারণার অবগুণ্ঠনে আবৃত হইয়া কালের ক্ষেত্রের মধ্যে বরং নিজেকে দেখে, আবার আবরণ উন্মোচন কবিয়াই শাশুত আত্মজ্ঞানে ধুনরায় ফিরিয়া যাইতে পারে।

কারণ এ ধারণা যুক্তিসঙ্গত নহে যে অতিচেতন বিদ্যাশক্তি এতদূরে এবং ভিনুরূপে বর্ত্তমান আছে যে তাহা কাল, দেশ, নিমিত্ত এবং তাহাদের ক্রিয়া জানিতে পারে না : কেননা তাহা হইলে এই দাঁড়াইবে যে বিদ্যা অন্য এক প্রকাব অবিদ্যা, তাহা হইবে কালিক সন্তার অন্ধতার অনুরূপ নিত্যবস্তুর এক প্রকার অন্ধতা ; বিদ্যা এবং অবিদ্যা একই চৈতন্যময় গভার দুই মেরু হুইলেও সে সত্তা নিজের সব কিছু পূর্ণরূপে জানিতে সমর্থ নহে, কিয়া হয় তাহ। নিজেকে জানে কিন্তু নিজেরই ক্রিয়া জানে ন। অথবা ক্রিয়াকেই এইরূপ তুল্যবল হওয়া স্পষ্টতঃ <mark>অসম্ভব।</mark> কিন্তু প্রাচীন বেদান্তের বৃহত্তর দৃষ্টিভঙ্গীতে দেখিলে আমরা বুঝিতে পানি যে আমরা নিজদিগকে দ্বিধণ্ডিত বা দ্বৈতসভারপে না ভাবিয়া বিদ্যা এবং শ্ববিদ্যাকে একই সচেতন সভার চৈতন্যের দুইটি বিভাব বা অবস্থ। বলিয়া মনে করিতে পানি : ইহাদেব একটি গচেতন বা অর্দ্ধসচেতন ভাবে আছে আমাদের মনে, অপরটি মনেব পক্ষে অতি-০০তন, একটিতে আছে কালের ক্ষেত্রের মধ্যের জ্ঞান, কালের বিধান অনু-গানেই সে ক্রিয়া করে এবং সেইজন্য নিজের আত্মজ্ঞান পিছনে লুকায়িত রাখে; অপরটি কালাতীত, কালের অবস্থাকে নিজবিগানে নিযন্ত্রিত কবিয়া পূর্ণ-জ্ঞান এবং প্রভূষের সহিত ক্রিয়া করে; একটি কালের মধ্যগত অনুভব সকল হইতে পুষ্টিলাভ করিয়াই কেবল নিজেকে জানিতে পারে অপবটি নিজের কালাতীত আৰুস্বৰূপ জানে এবং কালের অনুভবের মধ্যে সচেতনভাবে আন্ধ-প্রকাশ করে।

এইবার তাহা হইলে উপনিষদ কি অর্থে বিদ্যা এবং অবিদ্যা দুইই ব্রদ্ধ এবং যুগপৎ এ উভযের মধ্য দিয়া ব্রদ্ধকে জানা অমৃত্য লাভের উপায় বলিয়া বলিষাছে তাহা বুঝিতে পারিব। পুজা দেশ-কাল-নিনিত্ত-হীন ব্রদ্ধটেতন্যের মাভাবিক শক্তি যাহা সন্তান্ত স্বরূপ একমবোবরূপে আত্মপ্রকাশ করে; একমাত্র এই চেতনাই সত্য এবং পূর্ণজ্ঞান কেননা ইহার নিত্য শাশুত স্থিতি যে কেবল আত্মসচেতন তাহা নহে পরস্ক ইহা নিজের মধ্যে বিশ্বের শাশুত কালিক

### দিবা জীবন বাণ্ডা

পরম্পরাকে ধারণ করিয়া রাখিয়াছে, তাহাদিগকে উৎপনু প্রকাশ এবং নিয়ন্ত্রিত করিতেছে, পূর্ণভাবে জানিতেছে। সত্তার যে চেতনা কালের ক্ষণপরম্পরাদ মধ্যে রহিয়াছে ক্ষণের মধ্যে বাস করে বলিয়া যাহার জ্ঞান খণ্ডিত, দেশের বিভাগ এবং পরিবেশের সম্বন্ধের মধ্যে অবস্থিত বলিয়া যাহার আম্মসন্তার ধারণাও খণ্ডিত এবং ভেদ-ভাবাপনু, একফের বহুধাবিচিত্র ভাবনায় নিজেরট কারাগারে যে বন্দী তাহাই অবিদ্যা। বিদ্যা বা একত্বের জ্ঞানকে পশ্চাতে অব্যক্তভাবে রাখিয়াছে বলিযা ইহাকে অবিদ্যা বলা হয়, সেইজন্য সে शाँह-ভাবে এবং পূর্ণরূপে আপনাকে অথবা জগৎকে জানে না, জানেনা বিশ্বান্ত্রন সত্তাকে বা বিশ্বাতীত ভত্তকে। অবিদ্যাব ভিতরে ক্ষণ হইতে ক্ষণান্তনে, ক্ষেত্র হইতে ক্ষেত্রান্তবে, সম্বন্ধ হইতে সম্বন্ধান্তবে বাস করে বলিরা সচেত্রন আন্ধা পণ্ডিত এবং আংশিক জ্ঞানের\* স্রম্মারা বাধাপ্রাপ্ত হইযা টলিতে টলিতে চলে। ইহা নিশ্চেতনা নয়, কিন্তু সত্যবস্তুর এমন এক দৃষ্টি এবং অনুভ্র যাহা অংশতঃ সত্যা, অংশতঃ মিখ্যা, যাহা মূল স্বরূপ না দেখিয়া কেবল প্রাতি-ভাসের পলাতক অংশকে শুধ দেখে সেই জ্ঞান এইনপ হইতেই বাধ্য। পক্ষা-ন্তনে অলক্ষণ নিবিবশেষ অধৈত চেতনাতে আবদ্ধ যে বিদ্যা ব্যক্ত সবিশেষ ব্ৰদ্ধকে জানে না ভাহাকেও অন্ধ অন্ধকাৰ বলা দুইয়াছে। ঠিক কণা এই. এ বিদ্যা এবং অবিদ্যাব কেহই পূর্ণ অন্ধকার নয়, একটিতে আছে কেন্দ্রীভূত আলোকেৰ চোখ-ঝল্যানে৷ জ্যোতি, অপরটিতে আছে অস্পষ্ট ও স্থিনিত আলোকে অর্ক্রকাসার মধ্যে অর্দ্ধাবচছনু অর্দ্ধান্তীর দেখা বস্তুর ভ্রমাত্রক বিক্ত-রূপ। দিব্যচেতনা এ উভয়েব কোনটিতেই আবদ্ধ নয়, তাহার শাশুত गरर्वगमनुत्री वाश्वखारनव महाभिननकांत्री मृष्टिव मरश्य व्यक्त এक এवः कत वहन ক্লান যুগপং বিধৃত আছে।

পঞ্চ যেমন অবলম্বন দণ্ডের (crutch) উপব ভর দিয়া কিছুটা চলিতে পারে তেমনি বিভজনশীল চেতনায় মন স্মৃতির উপর ভর দিয়া অসহায়ভাবে টলিতে টলিতে চলিতে থাকে অথচ কালপ্রবাহের প্রবলগতির মধ্যে কোথাও

<sup>\* &</sup>quot;অবিভারাম্স্তরে বর্তমানাং --- জজ্জজমানাঃ পরিয়স্তি মুচাঃ অকেনৈব নীরমানাঃ যথাকাঃ" মুচেরা অবিভার মধ্যে চক্রাবর্তনে পরিচালিত স্টয়া অক্ষের বারা নীরমান অক্ষের মত তোঁচট থাইযা এবং আবাতে জর্জ্জবিত হইয়া চলো "

मुखक छेणनियम ( )।२।৮ )

# শ্বতি, আন্ধ-সংবিৎ এবং অবিদ্যা

সে থামিয়া থাকিতে বা বিশ্রাম করিতে পারে না। স্মৃতি আন্ধার স্থায়ী সাক্ষাৎ পুণচেতনার এবং অপরোক্ষ পূর্ণাঙ্গ ও পরিপূর্ণ অনুভূতিব দাবিদ্রাপ্রপীড়িত প্রতিনিধি মাত্র। মন কেবল বর্ত্তমান ফণে আত্মচৈতন্যের সাক্ষাৎ সংস্পর্শ নাভ করিতে পারে ; কালের বর্ত্তমান ক্ষণে তাহাব পারিপাশ্বিক সঙ্কীর্ণদেশে ইক্রিয়গণের সাহায্যে সে পদার্থের একটা অর্দ্ধসাক্ষাৎ-অনুভতি নাত্র পাইতে পাবে। তাহার অনুভবের এই ন্যুনতাকে সে স্মৃতি, কলপনা, ভাবনা এবং বছপ্রকারের প্রতীক্ষয় চিন্তাব (idea symbols) দারা প্রণ কবিয়া এবং ঠিক পার্গু বভী দেশের মধ্যন্থিত বস্তুর প্রতিভাসসমূহকে ধরে. এবং বর্ত্তমান ক্ষণ বা সন্মিকটবত্তী পনিবেশের বাহিবে যাহা অবস্থিত তাহাব বাহান্ধপের ছবি আরও অলপ প্রত্যক্ষভাবে স্মৃতি, কল্পনা এবং ভাবনা প্রভৃতি যন্ত্র বা কৌশলের সাহায্যে নিজের কাছে যক্ষিত কবে। বর্ত্তমান ক্ষণে তাহান যে সাক্ষাৎ আত্ম-চেতনা আছে কেবল তাহাকে পাইতে ভাহাব কোন কিছুব, কোন যন্ত্রের বা সাধনের বা কৌশলের উপব নির্ভর কবিতে হয় না। স্কুত্রাং ইহার মধ্য দিয়া সর্ব্বাপেক্ষা সহজে সে শাশুত সত্তা বা সতাবস্থব তথ্যকে ধবিতে পাবে ; যখন সে সন্ধীর্ণ দৃষ্টি লইয়া দেখে তখন ইহা ছাড়া অন্যসন কিছকে. কেবলমাত্র প্রতিভাস বা বাহ্যকপমাত্র বলিয়া দেখিতে যে পুলুক হয তাহ। ন্য কিন্তু তাহাদিগকে অবিদ্যা, ভ্রম বা প্রমাদক্ষপেও হযতো বা দেখিতে পালে : কেননা তাহার। সাক্ষাৎভাবে সত্য বলিয়া বোধ হয় না। নপেই এ সর্মন্তকে দেখে ; মনেব বর্ত্তমান সাক্ষাৎ আম্মন্তানেন পশ্চাতে অব-স্থিত শাশুত আত্মা মাত্র তাহার কাছে খাঁটি সত্য। অথবা বৌদ্ধগণের মত বলা যাইতে পারে যে শাশুত আম্বাও একটা বিভ্রম, একটা মন-গড়া প্রতিক্সপ, কেবল একটা কল্পনা একটা মিখ্যা বোধ, সন্তার একটা মিখ্যা ধারণা। তথন মনের নিজের কাছে নিজেকেই মনে হয় যেন সে এক কিন্তুত্তিমাকার যাদুকর, মন এবং মনের ক্রিয়া অঙুতভাবে যুগপৎ যেন আছে এবং নাই : ইহাদের যেন স্থায়ী সত্তা আছে অথচ যেন ক্ষণস্থায়ী ভ্রমনাত্র ; এ অন্তত ব্যাপার কিন্ধপে সম্ভব হয় তাহা সে বুঝিতে চায় অথবা চায়ও না ; কিন্দু गोহাই হউক না কেন নিজেকে এবং নিজের ক্রিয়াকে ধ্বংস এবং নিঃশেঘে বিলয় করিয়া প্রতিভাসের মিখ্যা প্রতিরূপ হইতে বাহির হইয়া নিতাম্বরূপের কালাতীত প্রশান্তিতে লীন হওয়া হয় তাহার স্থির সংকলপ।

### দিব্য জীবন বাৰ্দ্ৰ।

কিন্তু বস্তুত: ভিতরে এবং বাহিরে আত্মচেতনার বর্ত্তমান এবং অতীত অবস্থার মধ্যে যে গভীর ভেদ আমরা দর্শন করি তাহা মনের সীমিত অস্থায়ী ক্রিয়ার ছলনা সাত্র। এই মনের পিছনে যাহা মনকে তাহার বহিশ্চর ক্রিয়ার যম্ভরপে ব্যবহার করিতেছে এমন এক অচঞ্চল চেতনা আছে, যাহার নিকট বৰ্ত্তমান স্থিতি এবং অতীত বা ভবিষ্যৎ স্থিতির মধ্যে কোন অনুত্তবণীয় ভাবনাগত ভেদ নাই; অথচ যে চেতনা কালের মধ্যে বর্ত্তমান, অতীত এবং ভবিষ্যতেন मर्ट्या निर्फारक जारन किन्दु रय अर्थं पृष्टित मार्टारा जारन ठारांत मर्या অচঞ্চল কালাতীত আম্বার ভিত্তিতে কালগত সভার সকল গতিশীল অনুভূতি একসঙ্গে ধৃত আছে। যখন আমরা মন এবং তাহার ক্রিয়া হইতে প্রত্যাহত হই অথবা যখন তাহার৷ নিজ্ঞিয় হইয়া পড়ে কেবল তথনই আমবা এই চেতনাৰ সাক্ষাৎ পাইতে পাবি। কিন্তু প্রথমে ইহার অচল স্থিতিকেই দেখিতে পাই এবং আশ্বার সেই অবিচল স্থিতিকেই যদি একান্ত কবিয়া দেখি তাহা হইলে আমব। বলিতে পাবি ইহা কেবল কালাতীত ন্য ইহা নিজ্ঞিয় এবং নিম্পূল---ইহার মধ্যে ধাবণা, ভাবনা, কল্পনা, স্মৃতি, ইচ্ছা বা তাহাদেব কোন গতি বা ক্রিয়া নাই, ইহা আপ্তকাম এবং আন্ধ-সমাহিত অত্এব বিশ্বেব সকল ক্রিয়া বঞ্জিত। তথন এই চৈতন্যই আমাদেৰ কাছে একমাত্ৰ সত্যবস্তু হইয়া উঠে বাকী যব, যে সমস্ত রূপের বাস্তব অপ্তিম্ব নাই তাহাবই কামনিক দর্শন---অথবা এমন সব রূপ দর্শন যাহার অনুরূপ কোন বস্তু নাই—স্তুত্রাং সে সকলই স্বপুমাত্র। কিন্তু তাহার পূর্বেবর্ত্তী অবস্থাতে মনন, স্মৃতি, সঙ্কল্প পুভৃতি নানারূপে আম্ব-বিকিরণ যেমন চেতনার ক্রিয়া এবং পবিণাম ছিল ঠিক তদুপই এই আম্ব-সমাহিত অবস্থাও শুধ চেতনার এক ক্রিয়া এবং পবিণাম। খাঁটি সত্য দেই শাশুত বস্তু যিনি কালের ক্ষেত্রের সক্রিযতা এবং কালেব ভিত্তিসরূপ নিষ্ক্রিয়তা এ উভয় ভাব গ্রহণ করিতে সমর্থ---এ সামর্থ্যযুগপৎ বর্ত্তমান সাছে, তাহা না হইলে এ উভ্যবৃত্তি বা স্থিতি একত্রে বর্ত্তমান থাকিতে পারিত না, এমন কি ইহাদের একটি বর্ত্তমান আছে এবং সপ্রদানি প্রতিভাগ বা বোধমাত্র স্বাষ্ট্র করিতেছে ইহাও সম্ভব হইত না। গাতাতে 'পরপুক্ম', 'পবনাম্মা', 'পরব্রদ্রা' প্রভৃতি নাম দিয়া ইখারই কথা বলা হইয়াছে যিনি সংবঁভূতায়া এবং সংবঁভূতমহেশুর রূপে ক্ষব এবং এক্ষর সক্রিয় এবং নিক্রিয় এই উত্তয় পুরুষকে ধারণ করিয়া রহিয়াছেন। আমর৷ প্রধানতঃ কালের ক্ষেত্রে মনোময় আন্তচতনার মুখ্য বৃত্তিকে মনন এবং স্মৃতির সাহায্যে বিচান করিয়া এতদুর পৌ ছিয়াছি। কিন্তু যদি

# শ্বৃতি, আত্ম-সংবিং এবং অবিদ্বা

আমর। তাহাদিগকে আশ্বানুভবের সঙ্গে বিচার করি এবং সেই সঞ্চে চৈতন্য এবং অন্য বিষয়ানুভবের সহিত আশ্বানুভব যুক্ত করিয়া দেখি তাহা হইলেও দেখিব যে আমরা একই সিদ্ধান্তে পৌঁছি কিছ এবাব সিদ্ধান্তেব ভিতর আমরা সমৃদ্ধতর তথ্যের সমাবেশ এবং অবিদারে প্রকৃতির উপর আরও উজ্জলতর আলোকপাত দেখিতে পাইব। আপাততঃ আমবা কি কি পাইয়াচি তাহা এইভাবে প্রকাশ করিয়া লই.—চিন্ময এক নিত্য পুরুষ কালের ক্রিয়া হইতে মক্ত তাহার আত্মচেতনাব নিশ্চন নিজ্ঞিয স্থিতিব ভিত্তির উপরে মনের গতি ও ক্রিয়া প্রতিষ্ঠিত করিয়াছেন আবার সেই সঙ্গে তিনিই মনের অতীত জ্ঞান দারা কালের ক্ষেত্রেব সকল গতিবৃত্তিকে আলিঞ্চন কবিয়া রহিযাছেন এবং মনেব ক্রিয়ামারা সেই সমস্ত গতিবৃত্তিব মধ্যে বাস কবিতেছেন। আবাব তিনিই বহিশ্চর মনোময় সভাব রূপ গ্রহণ কবিয়া, নিজের আত্মস্বরূপ হছতে যেন প্রাঙ্ম্থ হইযা কালের গতির মধ্যে তাহাব অনুভবসকলেব সহিত কেবল সম্বন্ধ রাখিয়া ক্ষণ হইতে ক্ষণান্তরে চলিতেছেন: এই গতির মধ্যেও যেখানে এখনও অলব্ধ বা অব্যক্ত পূর্ণতা রহিয়াছে দেই ভবিষাৎকে নিছেব নিকট ঘটনাশ্ন্য অবিদ্যা এবং অসত্তার আববণেব পশ্চাতে লুকাইয। বাখিয়া বর্ত্তমান মনেব জ্ঞান এবং অনুভবকে ঋধু আস্বাদন করিয়া প্রমূহর্টেই আবাৰ তাহাকে অতীতের মধ্যে ঠেলিয়া দিতেছেন, স্মৃতি যেটুকু ককা এবং সঞ্য কৰিয়। নাখিতে পারিযাছে সেই অর্দ্ধালোকের সংশ ছাড়া অতীতের বাকীটাও তাহার নিজেব কাছে যাহাব অস্তিহ নাই, যাহা অবিদ্যায় নাক। এমন এক বস্তুৰ্ণন্য অবস্থায় রক্ষা করিতেছেন; এইভাবে তিনি অধ্রনতা এনং বঞ্চনাব একটা মুখোশ পরিয়া যাহা অধ্রুত্ব এবং চঞ্চল তাহাই অস্থাযীভাবে ধনিতে যেন ছানিতে-ছেন। কিন্তু আমরা একদিন জানিতে পারিব যে সর্বেদা সেই একই নিতাবস্তু, তাহার অতিনান্স জ্ঞানে চিরস্থির এবং আত্মপ্রতিষ্ঠ হইনা আছেন: এবং নাহাকে তিনি গ্রহণ করিতেছেন তাহাও চিনস্থির এবং শাশুত কেননা কালের কণ-পরম্পরার মধ্যে তিনি নিজেই নিজেকে মনোময়ভাবে অনুভব কবিতেছেন। কাল চিৎসত্তার বিশাল ব্যাষ্ক, যাহাতে তাহাব ক্রিয়া এবং অভিজ্ঞতা রূপে সমস্ত মলধন জমা থাকে; বহিশ্চর মনোময় সত্তা অতীতেব (এবং ভবিষ্যতের ও) জমানো সেই মূলধন হইতে তুলিয়া লইয়া বর্ত্তমানের জন্য থাহা প্রয়োজন সেই মুদ্রায় সর্বেদ। রূপান্তবিত করিতেছে ; এই মদ্রা লইয়া যে কারবার সে কনিতেছে তাহার হিসাব রাখিতেছে, যাহা লাভ করিতেছে তাহা আমরা যাহাকে অভাত

## দিবা জীবন বার্ডা

বলি তাহারই ভাণ্ডারে জমা করিতেছে। কিন্তু সে জানেনা যে পতীত আমা-দের মধ্যে কিভাবে নিত্য বর্ত্তমান হইন্স। রহিয়াছে ; সে সেই ভাণ্ডার হইতে তাহার যতটা প্রয়োজন তদনুসারে জ্ঞান ও সিদ্ধির মুদ্রা গ্রহণ করিয়া তাহা जनुमा, भागमा **এবং म**रनामा मुजान्नरं जारात वर्डमान वावनारं शिहा, এवः মনে করে তাহা হইতে ভবিষ্যতের নূতন বিত্তলাভ হইবে। অবিদ্যা সন্তাব আন্বজ্ঞানকে এমনভাবে কাজে লাগানো যাহাতে তাহা কালের ক্ষেত্রে অনুভবের ও কর্ম্মের পক্ষে উপযোগী ও মূল্যবান হয়; তাহাকেই বলা হয় জানি-না যাহা এখনও আমরা ব্যাঙ্ক হইতে তুলিয়া লইয়া আমাদের মনোময অনুভবের চল্তি মুদ্রায় পরিণত করি নাই বা কারবারে খাটাই নাই অথবা যাহা মুদ্রারূপে পরিণত করা বা কারবারে খাটানো শেষ করিয়া দিয়াছি। আবরণেব পশ্চাতে. স্ব্ববস্তুর জ্ঞান বর্ত্তমান এবং সাম্মার ইচ্ছানুসাবে দেশ কাল এবং নিমিত্তেব কারবারে লাগাইবার জন্য সবই প্রস্তুত হইয়া আছে। এমনও বলা চলে যে আমাদের সত্তার গভীরে অবস্থিত শাশুত আবাই যেন কালের ক্ষেত্রে তাখার यनख मञ्जावना नहेशा विभन-मञ्चन भए५ यिखारनत जना यथेवा यरनक स्कि লইয়া ব্যবসায় করিবার অথবা জুয়া খেলিবার জন্য, নিজেকে যে বাহিরে উৎ-ক্ষেপণ করিয়াছেন তাহাই আমাদের বহি\*চর সন্তান্দপে দেখা দিয়াছে : এইজন্য তিনি কালের ক্ষণপ্রম্পরার মধ্যে নিজেকে সীমিত কবিয়াছেন, যাহাতে এই অভিযানের সকল বিসময়, কৌতুক ও আনন্দ উপভোগ করিতে পারেন। ভাঁহার আম্বক্তান এবং পূর্ণ-সত্তা এমনভাবে নুকাইয়া রাখিযাছেন যেন তাহা হারাইয়া গিয়াছে, তাহ।-ই আবার লাভ করিতে হইবে; যুগ-যুগান্তব্যাপী আবেগ আকৃতি এবং চেষ্টার উল্লাস ও যন্ত্রণার নানা বৈচিত্র্যের মধ্যে দিয়া নিজেকেই আবার জয় এবং লাভ করিতে হইবে. এই খেলাই যেন চলিতেছে।

# নব্ম অধ্যায়

# স্মৃতি, অহং এবং আত্মাত্মভব

এইখানে মনোরূপী এই দেবতা, একবার বাহা অস্তুত্ত করিয়াছিলেন বামে তাহা পুনঃ পুনঃ অস্তুত্ত করেন বাহা দৃষ্ট এবং বাহা অদৃষ্ট, বাহা শ্রুত এবং বাহা অশুত্ত, বাহা সং এবং বাহা অসৎ—সে সমন্তই তিনি দেখেন ভিনিই সব, এবং বেংখন।

व्यत्वाभनिवम ( ३।६ )

पत्राण व्यविष्ठिरे मृक्ति ; यत्राण बहेरक बहे बहेरमरे व्यवः वाध स्नारा ।

**बद्धार्थानयम ( 412 )** 

বন্ধ জন্মের মধ্যেও যিনি এক, এক সমুদ্ররূপে যিনি সকল স্রোতের ধারা ধারণ করিরা আছেন তিনিই আমাদের কুদর দেখিতেছেন।

बार्यम ( ३०१० ३ )

মনের বহু বিচিত্র আন্ধ-অভিজ্ঞতার যে প্রবাহ চলিয়াছে তাহার প\*চাতে অবস্থিত তাহার নিজের নামরূপবজিত সন্তার জ্ঞান যাহার হারা লাভ হয়, যাহার উপাদান লইয়া মন গঠিত ইইয়াছে, মনোময় রূপায়ণের প\*চাতে স্থিত সেই নিত্য বস্তু যাহার হারা আবিষ্কৃত হয়, যাহার হারা অহংকারের প\*চাতে অবস্থিত আন্ধার সাক্ষাৎ পাওয়া যায়, মনোময় সন্তার সেই সাক্ষাৎ আন্ধ্রজ্ঞান লাভ কয়িতে হইলে মননের প\*চাতে অবস্থিত কালাতীত নিত্য বর্ত্তমানের ভূমিতে গিয়া উত্তীর্ণ হইতে হয়; এই নিত্যভূমিতে আন্ধ্রজ্ঞান সর্ব্বদা একইভাবে অবস্থিত, কালের ক্ষেত্রে ভূত্ত-ভবিঘ্যৎ-বর্ত্তমানের যে মানসিক ভেদ তাহার কোন প্রভাব সেখানে নাই। দেশ অথবা বাহ্য ঘটনাব কোন ভেদও তাহাকে স্পর্শ করেনা; কারণ মনোময় জীব যদিও সাধারণতঃ নিজের সন্থক্ষে বলে 'আমি দেহে অবস্থিত, আমি এখানে আছি, আমি ওখানে ছিলায়, অন্য কোথাও আমি থাকিব'' তথাপি যখন এই অপরোক্ষ আন্ধ্রজ্ঞানে সে প্রতিষ্ঠিত হয় তখন দেখে যে ইহা পরিবর্ত্তনশীল আন্ধানুভবের ভাঘা, তাহাতে

### मिवा क्रीवन वार्खा

পরিবেশ এবং বহির্জগতের সহিত তাহার নিজের বহিশ্চর চেতনার সম্বন্ধনাত্র প্রকাশ পায়। উভ্য অবস্থার ভেদ দেখিয়া এবং এই সমস্ত হইতে নিজেকে বিমুক্ত কবিয়া সে বুঝিতে পারে যে, যে আদ্বাকে সে সাক্ষাৎভাবে জানিয়াছে, বাহিরেব কোন পবিবর্ত্তনে তাহার কোন পরিবর্ত্তন হয়না তাহা সর্বেদা একই থাকে, দেহের অথবা মননের অথবা যাহার মধ্যে এই সমস্ত রহিয়াছে এবং ক্রিয়া করিতেছে সেই ক্ষেত্রের কোন পরিবর্ত্তন বা পরিণাম তাহাকে স্পর্ণ করিতে পারেনা। তাহা স্বরূপত অলক্ষণ বা বৈশিষ্ট্যশূন্য, সকলসম্বন্ধরহিত তাহাব শুদ্ধ চেতন সন্তায় তাহা আপ্রকাম, শুদ্ধসন্তায় নিত্যত্প্প, আদ্বানন্দে চিরবিভোব, ইহা ছাড়া অন্য কোন ধর্ম্ম বা গুণ তাহাতে নাই। এইভাবে আমরা এক অক্ষব আদ্বাব অনুভব পাই, যাহাকে নিত্য অস্মি'বা 'আছি' এই তাঘায় শুধু প্রকাশ করা যায় অথবা ব্যক্তির বা কালের কোন বিভাবের অতীত শুধু নিবিশেষ এক 'যন্তি'বা 'আছেন' এই বাক্যেই তাহার পরিচয় আরপ্র ভালতাবে দেওয়া নায়।

আম্মাব এই চেত্ৰনা যেমন একদিকে কালাতীত, তেমনি অন্যদিকে স্বাধীন-ভাবে কালকে নিজের মধ্যে প্রতিবিধিত দেখিতে শর্মর্থ এবং তাহা পরিবর্ত্তনশীল অনুভবেন কারণ অথবা তাহান আন্তবক্ষেত্র। তথন তাহাকে নিত্য 'অহমস্মি', 'আমি আছি' বলা যান, ইহ। সেই পৰিবৰ্ত্তনরহিত চেতন। যাহার বহিস্তলে কালেব প্রবাহেব মধ্যে পরিবর্ত্তনশীল চেতন অনুভবের নানা বৈচিত্র্য দেখা বহি\*চব চেতন৷ সর্বেদাই নৃতন অভিজ্ঞতা লাভ অথবা পুরাতন অভিজ্ঞতা বর্জন কবিতেছে এবং এ উভয়ের প্রত্যেকের দ্বাবা নিজে পরিবর্ত্তিত হইতেছে, যদিও যাহাকে আশ্রয় করিয়া এবং যাহাব নধ্যে থাকিয়া পবিবৃত্তিত হইতেছে সেই অন্তর্গু আত্মার কোন বিকাব বা পরিবর্ত্তন হয়না ; কিন্তু বহিশ্চর আত্মাব অনুভবেৰ পুষ্টি সাধনা নিয়তই চলিতেছে তাই তাহা কথনই নিজের সম্বন্ধে অবিসংবাদিতভাবে একখা বলিতে পারেল যে ''এক মুহূর্ত্ত পুর্বের আমি যাহা ছিলাম এখনও তাহা আছি''। যাহাবা এই বহিশ্চর কালগত আদ্মাতে শুধু বাস করে অক্ষব স্থিতির দিকে নিজেদিগকে গুটাইয়া আনা বা তাহার মধ্যে বাস করিবার মভ্যাস যাহাদের নাই, তাহাব। এই চিব আশ্ব-পরিবর্ত্তনশীল মনোময় অনুভব হইতে নিজেদিগকে পৃথক করিয়া দেখিতেও অশক্ত। পক্ষে ইহাই তাহাদেব আৰা, এবং যদি তাহারা অনাসক্ত চিত্তে সমন্ত ঘটনাকে বিচার করে তাহা হইলে শুন্যবাদী বৌদ্ধদের সিদ্ধান্তের সহিত একমত হওয়া

### শ্বতি, অহং এবং আশ্বায়ন্তৰ

তাহাদের পক্ষে খুব সহজ হয়, মনে করিতে পারে যে বস্তুত: আদ্বা বলিয়া কিছু নাই, আছে শুধু ভাবনা, অনুভব এবং মানসিক ক্রিয়ার একটা প্রবাহ, দীপশিখা যেমন স্বায়ী বলিয়া মনে হইলেও প্রতিমুহুর্ত্তে পূর্বেশিখার নাশ এবং নূতন শিখার উম্ভব হইতেছে তেমনি আমাদের আমুবোধ স্থায়ী বলিয়া বোধ হইলেও প্রতি-মুহূর্ত্তে পুরাতন আন্ধবোধের স্থানে নৃতন আন্ধবোধ দেখা দিতেছে স্মতরাং তাচার। সিদ্ধান্ত করিতে পারে যে প্রকৃতপক্ষে কোন সত্য আয়া নাই, আছে শুধু অনুভবের এক প্রবাহ এবং তাহাব পশ্চাতে এক মহাশূন্য ; জ্ঞাতা বনিয়া কিছু নাই আছে ভধু জ্ঞানের অনুভব, শাশুত সৎ বলিরা কিছু নাই আচে ভধু সত্তার একটা অনুভব, কোন খাঁটি সমগ্ৰতা নাই, আছে ঋধু কতকগুলি উপাদান একটা প্ৰাহেব কতকণ্ডলি অংশ ; যাহাবা একত্র হইয়া জ্ঞাতা জ্ঞান এবং জ্ঞেয়েন, সত্তা সৎ ও সত্তানুভবের একটা ভ্রম স্ফাষ্ট কবিতেছে। অথবা তাহাবা এই সিদ্ধান্ত ক্বিতে পাবে একমাত্র কাল্ই স্তাবস্থন্তপে বর্ত্তমান আছে এবং তাহারা সকলেই কালের বিস্ফটি। এইভাবে যাঁহারা প্রত্যাহাব সাধনা করেন তাঁহাদেব পক্ষে বাস্তব কি অবাস্তব এক পগতে আম্বভাব বা সত্তা একটা ভ্রম মনে করা যেমন অপবিহার্য্য, তেমনি যাহারা অক্ষব আশ্বাব মধ্যে বাস কবিষা অন্য সবকিছকে পৰিবৰ্ত্তনশীল অনান্তা বলিয়া দেখেন তাহাদেব পক্ষে বুদ্ধা সত্য জগৎ মিখ্য। এই বিপরীত ভাবেব সিদ্ধান্তে পৌঁছাও অপরিহার্য্য হইনা পড়ে, ইহারা অবশেষে জগৎকে বিভ্রম উৎপাদনকাবী এক চেতনার ছলনার ফল মনে করেন।

কিন্তু কোন খ ন্বাদেব মধ্যে না গিয়া বহিশ্চর চেতনার কেবল তথ্যগুলিকে একটু বিচাব কবিথা দেখা যাক্। প্রথমেই আমরা ইহাকে এক অন্তর্মুখী চেতনা রূপে দেখিতে পাই। দেখিতে পাই যে একটা কাল বিন্দুর (time-point) অবিরাম প্রবাহ কত চলিয়াছে যাহাকে এক মুহূর্ত্তের জন্যও থামাইয়া বাখা অসম্ভব। যেখানে দেশ-সংস্থানের (space-circumstance) কোন পরিবর্ত্তন দেখা যাইতেছে না-—সেখানেও একটা নিতাপনিবর্ত্তন আছে, জীবচেতনা নিজের যে রূপে বা দেহের মধ্যে সাক্ষাৎভাবে এবং অন্যবস্তুর রূপে বা পরিবর্ত্তন হার। গঠিত যে ভগৎদেহে সে অপেক্ষাকৃত স্বন্প সাক্ষাৎভাবে বাস করে, সে উভয়ের নিয়ত পরিবর্ত্তন হইতেছে। এ উভয়ের দাবা চেতনা সমানভাবেই প্রভাবাত্বিত হইতেছে থদিও বৃহৎ হইতে কুদ্র আবাসভূমির, জগংবাপ দেহ হইতে যাহাকে তাহার নিজ দেহ মনে করে তাহার প্রভাব তাহার নিকট বেশী স্পষ্ট, কেননা নিজ দেহ সম্বন্ধে সে সাক্ষাৎ-

### विया जीवन वार्षा

ভাবে সচেতন এবং জগৎরূপ দেহের সঙ্গে ইন্দ্রিয়বোধের, পিণ্ডের উপব ব্রদ্রাণ্ডের অভিযাতের মধ্য দিয়া, পরৌক্ষভাবে শুধু তাহার চেতনার যোগ। কালের পরিবর্ত্তন তাহার কাছে যত ক্রত বা যেমন সতত **স্পষ্টতাবে অনুভূত** হয় তাহার দেহ এবং পরিবেশের পরিবর্ত্তনের অনুভব তেমনভাবে দেখা দেয় না। অখচ প্রতিমুহুর্ত্তেই সে পরিবর্ত্তন চলিতেছে এবং তাহারও গতিরোধ করা সমভাবেই অসম্ভৰ। কিন্তু আমরা দেখিতে পাই যে কেবল তথনই মনোময় জীব এ সমস্ত পরিবর্ত্তন দেখিতে পায় বখন তাহা তাহার মানস চেতনার উপর প্রভাব বিস্তার করে, তাহার মনোময় অভিজ্ঞতা এবং মনোময় দেহের উপর কোন ছাপ ফেলে বা তাহাদের কোন পারবর্ত্তন সাধিত হয়, কেননা একমাত্র মনের মধ্য দিয়াই সে তাহার পরিবর্ত্তনশীল বাহন দেহ এবং পরিবর্ত্তনশীল জগতের কোনপ্রকার অনুভব সম্বন্ধে সচেতন হইতে পারে। স্বতবাং কালবিন্দু এবং দেশসংস্থানেব একটা নিয়ত পবিবর্ত্তন চলিতেছে এবং তাহার সঙ্গে দেশ ও কালের মধ্যে সমগ্র পবিবেশের একটা পরিবর্ত্তন ঘটিতেছে এবং তাহার ফলে যাহ। আমাদেন বহিশ্চৰ এবং আপাতপ্ৰতীয়মান আশ্বার এক ৰূপ সেই মনোময় ব্যক্তিখেবও নিয়ত পরিবর্ত্তন-সাধন হইতেছে। পরিবেশের এই পরিবর্ত্তনকে দার্শনিক ভাষায় নিমিত্ত প্রবাহ বলা হয়; কেননা বিশুগতিব এই প্রবাহের মধ্যে পূর্বেক্ষণেন অবস্থা পরক্ষণেব অবস্থার কারণ বা হেতু বলিয়া অখবা পরক্ষণের অবস্থা ব্যক্তি, বস্তু বা শক্তিব পূৰ্ববৃত্ত ক্ৰিয়ার ফল বলিয়া মনে হয় ; তথাপি যাহাকে সামনা কারণ বা হেতু বলিয়া নির্দেশ করিতেছি তাহা ঘটনা বা প্রত্যয (circumstance) মাত্র হইতে পারে। স্থতবাং মনের সাক্ষাৎ আম্ব-সচেতনতা ছাড়া সম্পনিস্তর পরোক্ষ এবং পরিবর্ত্তনশীল এক অনুভব আছে, এই অনুভবকে মন দুই ভাগে ভাগ করে, একটি তাহার অন্তর্মুখীন অনুভব যাহাতে সে তাহাব ব্যাষ্টিগত্তার মনোময় অবস্থার নিত্যপরিবর্ত্তন দেখে, অপরটি সদা পরিবর্ত্তনশীল বাহ্যবিষয়েৰ অনুভৰ যাহা অংশতঃ বা পূৰ্ণতঃ তাহার ব্যাষ্ট ব্যক্তিষের হেতু বলিয়া भट्न इय, जातान यादा अकड़े सभट्य जादात त्मड़े नाक्टिएबत किया बाता शित-বভিত হয়। মূলতঃ কিন্তু সমস্ত অনুভূতিৰ স্থান মন; কেননা যাহা বিষয়ক্সপে বাহিরে আছে তাহাদের যে ছাপ মনেব উপর পড়ে কেবলমাত্র তাহ। ঘারাই সেই সমন্ত বাহাবস্তকে আমর। জানি।

এখানে স্মৃতির ক্রিয়ার গুরুত্ব ধুব বেশী হইয়া উঠে; কেননা সাক্ষাৎ আয়ুজানের কেত্রে মনকে স্মৃতি কেবল মনে করাইয়া দেয় যে বর্ত্তমানের মত

### শুভি, অহং এবং আশামূভব

মতীতেও সে একইরপে বর্ত্তমান ছিল; কিন্তু বৈশিষ্ট্যপূর্ণ বা বহিশ্চব যে আশ্বান্তব মন লাভ করে তাহাতে সমৃতিব এই বিশেষ প্রয়োজনীয় শক্তি, অতীত ও বর্ত্তমান অভিজ্ঞতা সকলকে এবং অতীত ও বর্ত্তমান ব্যাষ্ট্র ব্যক্তিকে ভুড়িয়া দিয়া বিশৃষ্থলা এবং বিচেছদ ঘটা নিবারণ করে এবং বহিশ্চর মনেব কাছে প্রবাহের ধাবাকে বিচিছনু হইতে দেয় না। কিন্তু এখানেও সমৃতির ক্রিয়াকে অতিরঞ্জিত করিয়া দেখা অপবা চৈতনোব ক্রিয়াধারাব যে সমস্ত অংশ বস্তুতঃ মনোময় সন্তাব অন্যশক্তি বা বিভাব হাবা সাধিত ছইতেছে তাহাও সমৃতিব ক্রিয়াব উপব আনোপ করা চিক হইবে না। আমাদের গহংবাধ শুধু সমৃতি দিয়া গড়া নয়, সমৃতি শুবু ইন্দ্রিয়ানস এবং সমন্ত্রী বৃদ্ধিব মধ্যে মধ্যস্থতার কাজ করে; বহিশ্চর জীবনেব ক্রপানক্রান মধ্য দিয়া তাহার চলিবার পথে অতীত অভিজ্ঞতার যে সঞ্চমকে সর্ব্বদা বহিষা লইয়া চলিতে পাবে না বলিয়া মন নিজেব মধ্যে কোথাও রাখিনা দেন, সমৃতি তাহাই বাহিব কবিয়া আনিয়া বৃদ্ধির কাছে উপস্থাপিত করে।

একট্ বিশ্রেষণ করিয়া দেখিলে ইছা স্পষ্ট হইবে। মনেব দকল ক্রিয়াতেই চাবিটি উপাদান আছে, মনশেচতনাৰ বিষয়, মনশেচতনাৰ ক্ৰিয়া, নিমিত্ত বা উপলক্ষ্য এবং বিষয়ী বা কর্ত্তা। মনোম্য বা অন্তর সভাব আমুদর্শন হইতে নিজেৰ মধ্যে যে অনুভৰ দেখা দেয় তাহাৰ বিষয় হইল চেত্ৰ সভাৰই কোন থবস্থা বা কোন গতিবৃত্তি বা কোন তবঙ্গ---যেমন ক্রোধ, দুঃখ বা অন্যকোন ভাবাবেদের অভিব্যক্তি, ক্ষা বা প্রাণের অন্য কোন ত্যা, মানেগ বা সন্ত:-গ্রাণের কোন প্রতিক্রিয়া অথবা কোন প্রকার ইন্দ্রিয় সার্যেদনা, ইন্দ্রিয়ন্ত্রান বা কোন মননবৃত্তি। আব মনশেচতনার ক্রিয়া হইল এই সমস্ত মানসিক ভাব, গতি বা তরঙ্গের কোনপুকার মানসিক পর্য্যবেক্ষণ এবং মূল্যনিদ্ধাবণ বা বিচাব : অথবা তাহার এমন মানসিক বোধ যাহার মধ্যে পর্যাবেক্ষণ এবং বিচাব সংবৃত এমন কি নিশ্চিহ্ন হইয়া পিয়াছে,—অতএব এই ক্রিয়াতে মনোম্য বাটি-পুরুষ হয় ক্রিয়া এবং বিষয়ের বৈশিষ্ট্য দেখিয়া তাহাদিগকে ধানণায় পুণক বাখিতে পারে অথবা তাহাদিগকে মিলাইয়া মিশাইয়া একাকান করিয়া ফেলিতে পারে। कांश्यक উদাহরণ नहेंग्न: একথা এইভাবে বলা गांहेट পাবে य गटनागय महा হয় ক্রোধ-চেতনায় শুধু ক্রোধরূপ গতিবৃত্তিতে যেন রূপান্থাবত হইয়া গেল এন্ধপ হইতে পাবে, তথন সেই ক্রোণের ক্রিয়া হইতে নিজে यাব পুখকভাবে यन वर्जमान नारे उथन पाव रम निष्कत पिरक ठाकारे. उटह ना, विठातमिक

200

### किया कीयन बार्खा

হারাইয়া গিয়াছে, যে বৃত্তি বা বোধ জাগিয়াছে এবং তাহার আনুসঙ্গিক যে ক্রিয়া আসিতেছে তাহাদিগকৈ প্রশাসন করিতেছে না, অপবা এমন ইইতে পারে যে কী হইয়াছে তাহা পর্যাবেক্ষণ এবং বিচার করিবার শক্তি তাহার আছে, দে দেখিতে পাইতেছে বা বোধ করিতেছে যে ''আমি ক্রন্ধ হইয়াছি''। প্রথম ক্ষেত্রে বিষয়ী বা মনোময় ব্যষ্টিপুরুষ, তাহার নিজের ভিতরের সচেতন অনু-ভবেব किया, এবং নিজের মনের ক্রোধরূপে যে পরিণাম যাহা ভাহার অনুভবেন বিষয়বন্তু, এ সমস্ত মিলিয়া মিশিয়া সচেতন শক্তির একটা গতি বা বৃত্তির তবজ-রূপে দেখা দিয়াছে ; কিন্তু দিতীয় ক্ষেত্রে এ সমস্তের মধ্যস্থিত উপাদানসমূহের একটা দ্রুত বিশ্লেষণ আছে এবং নিজের অনুভবের ক্রিয়া অনুভবের বিষয় হইতে অংশত: নিজেকে বিচিছনু করিয়াছে। নিজেকে অংশত: মুক্ত করিনা এইরূপে চেতনশক্তিব ক্রিয়াধাবার মধ্যে আমরা যে পরিণাম প্রাপ্ত হই তাহা সক্রিয়ভাবে অনুত্রব কবিতে যে সমর্থ শুধু হই তাহা নহে, পরম্ভ আমরা এ ক্রিয়া হইতে নিজে সবিষা দাঁছাইতে, নিজেকে দেখিতে ও পর্য্যবেক্ষণ করিতেও সমর্থ হইতে পারি এবং যদি যথোপযুক্ত পবিমাণে নিজেকে পৃথক করিয়। আনিতে পারি তাহা হইলে আমরা ভাব বা বোধ এবং ক্রিয়াকেও পুশাসন এবং এইরূপ ভাবে বিশেষ বৃত্তিৰূপে পরিণত হওয়াও কতকটা নিয়ন্ত্রণ করিতে পাবি।

কিন্তু সাধাবণতঃ এই আন্নপর্য্যবেক্ষণেও কিছু অসম্পূর্ণতা ব। বুঁত থাকিয়া যায; কেননা এসকল ক্ষেত্রে বিঘয় হইতে ক্রিয়াই অংশতঃ বিচিছ্নু হয় নাত্র, কিন্তু মনোময ব্যষ্টিসন্তা মানসিক ক্রিয়া হইতে বিচিছ্নু হয় না, এদুইটি একেবাবে পরম্পবেব সঙ্গে মিশিয়া এবাকার হইয়া থাকে; মনোময় বাষ্টিপুরুষ আবেগময় পরিণতি হইতে নিজেকে পূর্ণরূপে মুক্ত এবং পৃথক করিতে পাবে না। আমার ক্রোধেব সময় আমি জানিতেছি যে আমার সন্তাব চেতন উপাদান ক্রোধর্মপে পরিণত হইয়াছে এবং সেই সঙ্গে এই পরিণতির একটা মনোময় ধারণাও আমার মধ্যে দেখা দিয়াছে; । কন্তু মনোময় ধারণা মাত্রই একটা পরিণতি, আমার স্বরূপ নয়, একথা আমি তখন সম্যকর্মপে অনুভব করিনা; আমাব চিন্তবৃত্তি বা মনেব ক্রিয়াব সঙ্গে এবং বিবিক্ত রাখিতে পারি না। বৃত্তিরূপে আমাদের পবিণতি এবং তাহাদের অনুভূতি ও বোধ, এ উভয় হইতে পূর্ণ-বিবিক্ত হইয়া আমাব নিজের স্বরূপকে তখনও সাক্ষাৎভাবে জানিনা; যে চেতনশক্তি আমার মনোময় এবং প্রাণময় পুকৃতির উপাদান সেই শক্তির সমুদ্রে উধিত

### শ্বৃতি, অহং এবং আশ্বাহুডব

্য তরঙ্গমালার আকার আমি গ্রহণ কবিযাছি, তাহার সক্রিয়রূপের সহিত আমি তথনও এক হইয়া আছি, তাহা হইতে পৃথক হইয়া আত্মসচেতনত। লাভ কবিতে পারিতেছি না। যখন আমরা মনোময় ব্যষ্টিসভাকে তাহার ানজেব মধ্যস্থিত অনুভবের ক্রিয়া হইতে সম্পূর্ণরূপে বিচিছনু করিয়া দেখিতে পারি তখনই আমরা পুখমে বিশুদ্ধ অহংএব পূর্ণ দাক্ষাৎ পাট এবং অবলেছে আমাদের মধ্যে সাক্ষী আৰু। বা মনোময় পুরুষেব পূর্ণ-চেতনা জাগে, তখন দেখিতে পাই সৈই পুৰুষ ক্ৰুদ্ধ হইয়া ক্ৰোধকে দৰ্শন কৰে কিন্তু যে তাহার সভায় নিজেৰ ক্ৰোধন্নপে ৰা তাহাৰ অনুভূতিতে সীমিত বা বিশেষিত গটনা পাছে না। ববং পক্ষান্তরে সে নিত্যসাক্ষীরূপে সচেতন গতিকৃত্তিব অগণিত পরম্পব। এবং সেই গতিব সচেতন অনুভূতি সকলকে দেখে এবং সেই ক্ষণপ্ৰস্পবাৰ মধ্যে তাহারই নিজ সতা আছে ইহা খনুতন কৰে; খাবান সে ইহাও খনুতব করিতে পারে যে এই পরম্পনান অন্তনালে ইহার আধান ও আশ্রয়রূপে তাহার চিংশক্তির পরিবর্ত্তনশীল রূপ ও সংস্থানের অতীত ক্ষেত্রে ধরূপ স্থিতিতে এবং ম্বরূপ শক্তিতে যে একই রূপে নিতা বর্ত্তমান আছে। এইরূপে একাধারে যে যেমন অক্ষৰ স্বন্ধপে স্থিত কালাতীত আন্ধা তেমনই আবাৰ কালের ক্ষণ-পৰম্পৰাৰ মধ্যে স্থিত নিত্য সম্ভূত আশ্বা।

শ্পপ্টই বুঝা যায় যে বস্ততঃ আশ্বা দুইটি নন; একই চিৎদত্তা তাঁহার নিজের মধ্য হইতে চিৎশক্তিন তরক্ষমালারূপে নিজেকেই উৎশিপ্ত করিতেছেন—নিজের পবিকুর্ত্তনশীল গতিবৃত্তির পরম্পবাব মধ্যে নিজেকেই আশ্বাদন করিবেন নলিয়া; কিন্তু ইহাতে তাঁহার সত্যিকার কোন হ্রাম বৃদ্ধি বা পবিবর্ত্তন হইতেছে না—যেমন কডজগতে মূল পদার্থসমূহেন নিমত পরিবর্ত্তনশীল সংযোগ এবং বিমোগে জড় বা শক্তিব আদি সম্প্র উপাদানের কোন হ্রামবৃদ্ধি হয় না—যদিও অনুভবকারী চেতনা মতক্ষণ পর্যান্ত প্রতিভাসের জ্ঞানের মধ্যে শুধু বাস করে এবং তাহার অন্তর্রালে যে সত্তা, শক্তি বা উপাদান আছে তাহার জ্ঞানের দিকে পুনরায় না ফিবিয়া যায় ততক্ষণ পর্যান্ত তাহার জ্ঞানের কেত্রে প্রবর্শ করে তথন সে দৃষ্ট প্রতিভাসকে মিধ্যা বলিয়া উড়াইয়া দেয় না, তথন সে দেখে যে এক দিকে আছে এক অক্ষর সন্তা, শক্তি বা তাই পাদান যাহা প্রাতিভাসিক নয় অথবা যাহা স্বরূপে ইন্দ্রিয়ের মধীন নয়; তেমনি একই সক্ষে মন্যদিকে দেখে এক সম্ভূতি অথবা সত্তা, শক্তি বা উপাদানের প্রাতিভাসিক

#### দিবা জীবন বার্ডা

কিন্তু সত্যরূপ। এই সম্ভূতি বা পরিণামকে আমরা প্রতিভাস বলি কেননা আমাদের বর্ত্তমান অবস্থায় ইহা ব্যবহারিক ক্ষেত্রে ইন্দ্রিয়সংস্পর্নে ইন্দ্রিয়ানু-ভূতির মধ্য দিয়া আমাদের চেতনাতে আদ্প্রকাশ করে, সর্ব্যবহারী পূর্ণজ্ঞানে শুদ্ধ অবিকৃত অবস্থায় চেতনার কাছে সাক্ষাৎভাবে উপস্থিত হয় না। আদ্মার বেলাতেও তাই, আমাদের আদ্বচেতনায় সাক্ষাৎভাবে দেখি তিনি অক্ষর অপবিণানী সৎ-স্বরূপ, তিনিই আবার মনোময় বোধ ও মনোময় অনুভবের নিকট পরিবর্ত্তনশীল সম্ভূতির বহুবৈচিত্র্যারূপে আদ্বপ্রকাশ করেন—স্কুতরাং আমাদের বর্ত্তমান অবস্থায় চেতনার শুদ্ধ অবিকৃত অবস্থার সাক্ষাৎভাবের প্রকাশ আমরা দেখি না আমরা মননের মধ্য দিয়া যে প্রকাশ তাহাই শুধু দেখি।

অনুভবেব এই প্রম্পরা খাকাতে এবং অনুভবকাবী চেতনাকে মননের বিধানের মধ্য দিয়া অপরোক্ষ এবং গৌণভাবে জ্ঞানলাভ করিতে হয় বলিয়া স্মৃতির প্রযোজন আসিয়া পড়িয়াছে। কেননা কালের ক্ষণপরম্পরাব **যা**ব। বিভাগ কবিষা দেশা আমাদের মনের একটা মূল বিধান; এই দমস্ত ক্ষণ-পরম্পরাব মধ্যে নিজেকে বিভক্ত না করিয়া সে অনুভূতি লাভ করিতে অথবা অনুভূতি সকলকে একত্রে ধবিয়া বাখিতে পারে না। সম্ভূতিব একটা তবস্ব সত্তার একটা সচেত্রন গতি যখন সাক্ষাৎভাবে মনোময় অনুভূতিরূপে দেখা দেয় তখন স্মৃতিব কোন ক্রিযা অথবা তাহার কোন প্রযোজন থাকে না; 'আমি ক্রেদ্ধ হইযাছি'—এই জ্ঞান অনুভূতির ক্রিয়া, স্মৃতির নয়। 'আমি দেখিতে পাইতেছি যে আমি ক্রুদ্ধ হইয়াছি' ইহা বোধ বা ধারণার ক্রিয়া স্মৃতিব যখন আমাব অনুভৃতিকে আমি কালের ক্ষণপ্রস্পবার সহিত যুক্ত কবিয়া দেখিতে আবত্ত কবি, যখন আমার সম্ভূতিকে অতীত বর্ত্তমান এবং ভবিষ্যতে ভাগ কবিষা বলি—'এক মুহূর্ত্ত পূর্বেব আমি ক্রুদ্ধ হইয়াছিলাম' অথবা 'আমি কুদ্ধ হইবাছি, এখনও কুদ্ধ আছি কংবা 'আমি একবার ক্রোধ করিয়াছিলাম এবং আবাব যদি অনুরূপ ঘটনা ঘটে তবে ক্রোধ করিব' কেবল তখনই স্মৃতি আসিয়া পডে। বর্ত্তমান সম্ভূতি বা বৃত্তিপরিণামেব মধ্যেও স্মৃতি সাক্ষাৎভাবে তৎক্ষণাৎ দেখা দিতে পারে যদি চেতনার কোন গতিবৃত্তিব নিমিত্ত বা কারণ অংশতঃ বা সম্পূর্ণরূপে কোন অতীত **খ**টনা হয়, যেমন যখন বর্ত্তমানের সাক্ষাৎ কোন নিমিত্তের জন্য নয় পরস্ক অতীতের অন্যায় বা যন্ত্রণার স্মৃতি জাগিয়। উঠিযা চিত্রে দঃখ বা ক্রোধের মত কোন হৃদয়াবেগ পুনরায় জাগাইয়া তোলে: অথবা বর্ত্তমানের কোন নিমিত্ত অতীত নিমিত্তের কোন স্মৃতিকে পুনরুদ্দীপ্ত

### শ্বৃতি, অহং এবং আত্মানুভব

করে। যদিও অতীত আমাদের বহিশ্চর চেতনার পশ্চাতে অস্তরে অধিচেতনভাবে—এমন কি অনেক সময়ে ক্রিয়াশীলরপে—বর্ত্তমান খাকে কিন্তু তাহাকে আমরা চেতনার বহিস্তলে ধরিয়া রাখিতে পারি না, এইজন্য যাহা খাবাইয়া গিয়াছে বা আমাদের কাছে বর্ত্তমান নাই এইরূপ বস্তুর মত তাবনাময় মনের তাহাকে বুঁজিয়া আবার বাহির করিতে হয—যে বৃত্তি দিয়া এই পুনরাবৃত্তি এবং অতীতের সহিত সংযোগ সাধন করি তাহাকেই স্মৃতি বলি—ঠিক এমনিভাবে যাহাকে কল্পনা বলি আমাদের ভাবনাম্য মনের সেই বৃত্তি বা শক্তির ক্রিয়া হারা যাহা আমাদের সীমিত বহিশ্চর মানসিক অনভবের ব্যবহারিক ক্রের বর্ত্তমান নাই এমন বস্তু বা ভাবকে আনিয়া হাজিব কবিতে পানি; আমাদের সত্তার এই বৃহত্তর শক্তি, সকল সন্তাবনার বিপুল সমাবোহ আমাদের মনিদার ক্রেক্তে আনিয়া উপস্থিত কবিতে পারে—তাহাদিগকে বাস্তবে পবিণত করিবার সাধ্য আমাদের খাক্র আর না খাক্ক।

অবিচিছ্নুভাবে যখন কোন অনুভৃতি হয়, তাহ। কালেব ক্ষণপ্রশ্পরার মধ্যে ঘটিলেও স্মৃতি তাহার কোন মূল উপাদান নয়; যদি আমাদেব চেতন। একটা অবিভক্ত গতিরূপে দেখা দিত, যদি তাহাব অখণ্ড ব্যাপ্তি থাকিত, ক্ষণ **১ইতে ক্ষণান্তরে চলিবার পথে যদি পূর্বক্ষণ মুর্ট্টচাত না হইয়া সাক্ষাৎভাবে** বর্ত্তমান থাকিত এবং পরক্ষণ যদি অন্ধিগত এবং পূর্ণকপে অজ্ঞানে সমাচছণু হইয়া না থাকিত তবে স্মৃতিব কোন প্রযোজনই হইত না। কালের মধ্যে সভূতির সকল অনুভূতি বা উপাদান একটা প্রবাহ বা সমুদ্রের মত যাহার নিজের মধ্যে কোন ভেদ নাই; অনুভবকারী চেতনা অবিদ্যার দীমিত ক্রিযার ফলে তাহাতে ভেদ দর্শন করে কেননা স্রোতের উপর ইতস্ততঃ বিচরণশীল ঝিল্লী ফডিংএর (dragon fly) মত তাহাকে ক্ষণ হইতে ক্ষণান্তরে লক্ষ্য দিয়া চলিতে হয়। তেমনি দেশের ক্ষেত্রে সন্তাব সকল উপাদান একটা পুরহমাণ শমুদ্রের মত তাহারও নিজের মধ্যে কোন ভেদ নাই, এখানেও অনুভবকারী চেতনাই তাহাকে বিভক্ত করিয়া দেখে কেননা আমাদেন ইন্দ্রিয়বৃত্তির ধরিবার ক্ষমতা সীমিত বা সঙ্কীর্ণ, সে শুধু একটা অংশ দেখিতে পায় এইজন্য বস্তুর ন্যপায়ণসমূহকে বস্তুর সমগ্রতা হইতে স্বতম্ব পৃথক পৃথক স্বয়ণসিদ্ধ বস্তু বলিয়া। गतन कतिएक वांशा हर। वञ्चकः म्हान वक् काल वञ्चव वक्रो। विनाम বা সংস্থান আছে আমাদেব অবিদ্যা তাহার মধ্যে তেদ বা ফাঁকের কলপন। করে. কিন্তু কোন সত্য ভেদ বা ফাঁক নাই, মনের অবিদ্যাকৃত ফাঁকের উপর সেত্রন্ধন

### দিবা জীবন বাৰ্ডা

করিতে ভেদকে জুড়িয়া দিতে মনশ্চেতনাকে অনেক প্রকার কৌশল অবলম্বন করিতে হয়, সেই সমস্ত কৌশলের একটি হইল স্মৃতি।

তাহা হইলে, আমার মধ্যে জ্গৎসমূদেৰ একটা প্রবাহ চলিয়াছে, তাহাৰ মধ্যে ক্রোধ বা দুঃখ বা অন্য কোন চিত্তবৃত্তি ঐ অবিচিচনু প্রবাহেব একটা একটু দীর্ঘকালস্থায়ী তরঙ্গরূপে দেখা দিতে পারে। স্মৃতির শক্তিতেই যে তরঙ্গ এরূপ স্থায়ী হয় তাহ। নহে, যদিও যে তরঙ্গ প্রবাহেব মধ্যে হয়তো মিলিয়া যাইত তাহাকে দীর্ঘতরকালস্থায়ী অথবা তাহাব পুনরাবৃত্তি ঘটাইতে স্মৃতি সহায়তা কবিতে পাবে : বস্তুতঃ চেউটা উঠে বা আমাব সন্তার চেতনশক্তির গতিবৃত্তিরূপে অথুসব হইতে খাকে তাহার নিজেবই উৎপত্তিকালীন বিক্ষোতের প্রবেগে। স্মৃতি মাসে পুননাবৃত্তির দার। মনের ভাবনাকে ক্রোধের কারণেব সম্পে পুননার জুড়িয়া দিয়া অথবা সংবেদনশীল মনে বা হৃদয়ে ক্রোধের প্রথম প্রবেণের মনুভূতি আবার জাগাইয়া ভূলিয়া বিক্ষোভকে দীর্ঘতরকালস্থায়ী করিতে; এইভাবে সে নিজের কাছে বিকোভের পুনবাবৃত্তি সমর্থন করে; ইহা না হইনে বিক্ষোত শীষ্ট নিলাইযা যাইত এবং আবার অনুরূপ নিমিত্ত উপস্থিত না হইলে আব দেখা দিত না। বৈমন একবাব কোন বিক্ষোভ উপস্থিত হইলে তাহাকে স্মৃতিব ফল বলা চলেনা তক্ষপ একই বা অনুরূপ কারণে স্বাভাবিকভাবে বিক্ষোভেব একই তরঙ্গের পুনরাবৃত্তি হইলেও তাহাকে স্মৃতির ফল বলিবাব কোন হেতু নাই, যদিও স্মৃতি সে বিক্ষোভকে দৃঢ়তর কবিতে অথবা মনকে তাহাব স্বধীন করিতে সহায়তা কবিতে পারে। ববং একখা বলা চলে যে জড জগতেব শক্তি ও পদার্খের ক্রিয়াধাবায় যেমন একই কার্য্যকারণের যান্ত্রিক-ভাবে আবৃত্তি হয় অর্থাৎ একই কারণের ফলে একই কার্য্য বা পরিণাম দেখা দেয় তন্ত্রপ মনের শক্তি ও উপাদান জড জগতেব শক্তি ও উপাদান হইতে অধিক-তর পবিবর্ত্তনশীল এবং সাবলীল হইলেও মনের জগতেও দেখি কারণ বা নিমিত্তেব আবৃত্তিতে কার্য্য বা পরিণামেব আবৃত্তি ঠিক একইভাবে হয়। ইচছা হইলে আমবা একণা বলিতে পারি যে প্রকৃতির সকল শক্তির মধ্যে এক অবচেত্রন স্মৃতি আছে যাহ। শক্তি এবং তাহার ফল বা পবিণামের সঙ্গে এক অপরি-বর্ত্তনীয় সম্বন্ধেব পুনরাবৃত্তি দান্য: কিন্তু ইহাতে স্মৃতি শব্দের অর্থেব ব্যাপ্তি অত্যন্ত ৰাড়াইয়া ফেলা হয়। বস্তুতঃ থামনা কেবল বলিতে পারি যে চিংশক্তি তরক্ষেব ক্রিয়াতে পুনবাবৃত্তিব একটা বিধান আছে : যে বিধান দিয়া সে নিজেরই উপাদানের এই সমস্ত গতিবৃত্তিকে নিয়ন্ত্রিত করে। ঠিকভাবে বলিতে গেলে

# শ্বতি, অহং এবং আত্মানুভব

দৃতি সাক্ষীমনের একটা কৌশল যাহার সাহায্যে তাহা কালের ক্ষেত্রে অনুভূতির জন্য এই সমস্ত গতিবৃত্তি, ইহাদের সংঘটন বা প্রকাশ এবং পুনরাবৃত্তিসমূহকে কালের ক্ষণ-পরস্পরার মধ্যে একত্রে গ্র্মিত কবে, যাহাতে সমন্যুয়কারী
ইচছাশক্তি এ সকলকে আরও বেশী কবিয়া ব্যবহার করিতে পারে, এবং সমন্যুয়কারী যুক্তিবৃদ্ধি তাহাদিগকে যথাযোগ্য স্থানে স্থাপিত করিয়া ক্রমবর্দ্ধমান্তাবে
এ সমস্তের মূল্যাবধাবণ বা তাৎপর্য্য নির্ণয় করিতে পারে। যখা হইতে
আমাদের যাত্রারন্ত সেই নিশ্চতনা পূর্ণআত্মচেতনাতে, মনোম্য সত্তাব অবিদ্যা
তাহার সম্ভূতির সচেতন পূর্ণজ্ঞানে, যে পদ্ধতি বা ধাবা অনুসরণ করিয়া গঠিত
ও রূপাস্তরিত হইয়া উঠে, স্মৃতি সেই ধাবার বা সাধনার একটা মুখ্য এবং অপরিহার্য্য অঙ্গ হইলেও একমাত্র অঞ্চ নয়। এই সাধনা এবং পুষ্ট ততদিন পর্য্যন্ত
চলিতে থাকিবে যতদিন সমন্যুযকারী জ্ঞানময় মন এবং ইচ্ছাময় মন আত্মঅনুভবেব সকল উপাদানকে পূর্ণভাবে আয়ত্ত এবং ব্যবহার করিতে না পারিবে।
আয়ুসংবৃত এবং আপাত্মনন্তীন জড় জগতের শক্তির মধ্য হইতে পবিণতিব
এইরূপ ধারাবোগে মন গঠিত ও পুষ্ট হইয়া উঠিতেছে, অন্ততঃ পক্ষে ইহাই
পবিণতিধাবা বলিযা মনে হয়।

অহংবোধ মনোময় অবিদ্যার আব একটা কৌশল যাহা দানা মনোময় দান নিজেব সম্বন্ধে নিজে সচেতন হয়—তাহার প্রবৃত্তির বিদ্যা নিনিত্ত বা ক্রিয়ার সম্বন্ধে শুধু যে সচেতন হয়, তাহা নহে, যাহা দানা এ সমস্বের অনুভূতি হয় সেই অনুভূবিতার সম্বন্ধেও সচেতন হয়। প্রখনে মনে হইতে পারে যে স্মৃতিই বুঝি অহংবোধের একমাত্র উপাদান, সেই-স্মৃতিই যেন বলে ''যে আমি পূর্বের্ব কোন সময় ক্রুদ্ধ হইয়াছিলাম সেই আমি আবাব ক্রুদ্ধ হইয়াছি বা এখনও ক্রুদ্ধ আছি'। কিন্তু বন্ধতঃ স্মৃতি তাহার নিজ শক্তিতে শুধু এইটুকু বলিতে পারে, সচেতন ক্রিয়াব সন্ধান্ধ কোন ক্ষেত্রে পূর্বের্ব যাহা ঘটিয়াছিল তদনুরূপ ক্ষেত্রে সেই ঘটনার পুনবাবৃত্তি ঘটিয়াছে। প্রকৃতপক্ষে যাহা ঘটে তাহা এই, মনোময় ঘটনাব একটা পুনরাবৃত্তি হয়, মন যাহা সাক্ষাওতাবে অনুভব করে মনোময় উপাদানের তেমন তরঙ্গ পুনরায় ফিরিয়া আসে; তখন স্মৃতি আসিয়া পুনরাবৃত্তিগুলিকে জুড়িয়া দেয় এবং মনের নোধে এই প্রতীতি জন্মায় যে সেই একই মনোময় উপাদান সেই একই গতিশীল রূপ গ্রহণ কবিনাছে এবং সেই একই মনোময় ক্রপাদান সেই একই গতিশীল রূপ গ্রহণ কবিনাছে এবং সেই একই মনোময় বোধ তাহা অনুভব করিতেছে। অহংবোধ স্মৃতির ফল বা স্মৃতির দারা গঠিত বন্ধ ময়; ইহা পূর্বেক্ব ইতেই একটা নির্দ্ধেশবিন্ধু রূপে

#### দিবা জীবন বাৰ্ত্তা

(point of reference) সংৰ্বদা বৰ্ত্তমান আছে মন তাহার সকল কর্ম যাহান স্হিত যুক্ত করিয়া দেখে, অথবা ইহা এমন একটা কিছু, যাহাকে সমনুয়-কেন্দ্র-क्राप्त यविश्व गत्न कतिया अन्नःकत्रण गर्न्वमा निष्क्रांक किन्नीकृठ करत, है। না থাকিলে অন্তঃকরণ এলোমেলোভাবে অনুভবের সকল ক্ষেত্রে ছড়াইয়া পড়িত. অহংগত স্মৃতি অন্তঃকরণের এইভাবে কেন্দ্রীভূত হওয়া এবং তাহাতে স্থিন থাকার কার্য্যে সহাযতা করে কিন্তু তাহা বলিয়া ইহা স্মৃতি দিয়াই গঠিত নয়। সম্ভবতঃ ইতন প্রাণীর অহং বা ব্যক্তির বোধকে বিশ্লেঘণ কবিলে আমনা দেখিতে পাইব যে তাহা, কালের ক্ষণ সকলেব মধ্যে তাহাব যে স্থাযিম্ব আছে এবং যে য়ে একরূপেই আছে অথবা অপরেব সহিত তাহাব যে ভেদ আছে সে সমস্ত সথন্ধে ইক্রিয়ানুভূতিৰ সম্পষ্ট অথবা অনতিম্পষ্ট একটা অনুভূতি বা বোধ ছাঙ্। গভীরতর আর কিছু নয। কিন্তু মানুষেব মধ্যে ইহাব সঙ্গে এক সমনুয়কার্না জ্ঞানময় নন যুক্ত হইযাছে যাহা অন্তঃকরণ এবং সমৃতিব যুক্ত ক্রিয়াকে ভিডি কবিয়া অহংএর স্পষ্ট এক বোধে পৌ ছিয়াছে — অবশ্য তাহাব আদি বোৰি প্রত্যয়কেও সে সর্বেদা রক্ষা করিতেচে—এই পহং ইন্দ্রিয় এবং হৃদয় দিয়া অন্তব কৰে, ইহাৰ স্মৃতি ও ভাৰনাৰ শক্তি আছে, স্মৃতি এবং বিসমরণ উভয অবস্থান মধ্যেও সেই এক অহংই রহিয়াছে। সে বলে যে এই সচেতন মনোময় উপাদান একই সচেতন ব্যক্তির বিভাব বা বিভৃতি, এই ব্যক্তিই বোধ করে বা বোধ করিতে বিরত থাকে , মনে রাখে বা ভূলিয়া যায় ; বহি চন ক্ষেত্রে সচেত্র হয় অথবা বহিশ্চন চেত্রনা হউতে পুনরায় সমুপ্তিতে ডুবিয়া যায ; স্মৃতি গঠিত হইবার পূর্বের ও সে যাহা ছিল পরেও তাহা আছে ; শৈশবে ও বাৰ্দ্ধকো, নিদ্রায় ও জাগরণে, আপাত চেতনায় ও আপাত অচেতনায় যে একই আড়ে; যে কাজ কবিয়া ভূলিয়া গিয়াছে এবং যে কাজ করিয়। মনে নাখিয়াছে এ উভয় ক্ষেত্রে কর্ত্ত। সেই একই ব্যক্তি, অন্য কেহ নহে : তাহার আন্ধ-ভাবের তাহার ব্যক্তিত্বের সকল পরিবর্ত্তন, সকল পরিণানের মধ্যে সে রহিয়াছে স্বেদা একই ব্যক্তি। মানুষেৰ মধ্যে জ্ঞানের এই ক্রিয়া, এই সমনুষ্বুদ্ধি, আছেচেতন। এবং আশ্বানুভবের এই রূপারণ পশুব স্মৃতিময় এবং ইক্রিয়ানুভূতি-ময় অহং হইতে উচ্চত্ৰ বস্তু তাই আমনা বলিতে পাৰি যে ইহা খাঁটি আখ-জ্ঞানের সারও সন্থিকটে পৌঁছিয়াছে। প্রকৃতিন ব্যক্ত এবং অব্যক্ত ক্রিয়াকে বিশেঘভাবে অনুসন্ধান কবিয়া দেখিলে আমরা দেখিতে পাই যেখানেই অহং-বোধ বা অহংগত স্মৃতি আছে তাহার প\*চাতে বিশ্বচিৎ-শক্তির মধ্যে অবস্থিত

# শৃতি, অহং এবং আত্মানুভব

জ্ঞানের এক সর্বেসমনুয়কারী শক্তি বা জ্ঞানময় এক মন গোপনভাবে আছে বস্ততঃ ব্যবহারিক প্রাাজনে তাহাই এই অহংরূপী কৌশলটি ফুটাইয়া তুলিযাছে, আমাদের ক্রমপরিণতির ক্ষেত্রে এই মনই বিচাববৃদ্ধিরূপে বাহিরে পুকাশ পাইয়াছে, যদিও তাহার ক্রিয়ায় এবং উপাদানে এখনও তাহা সীমিত এবং অপূর্ণ রহিয়া গিয়াছে। নিশ্চেতনের মধ্যেও আছে এক অবচেতন জ্ঞান, আছে মন্থানিহিত এক মহত্তর বিচারবৃদ্ধি যাহা বিশু সন্থাতিব উদ্ধাম গতিবৃত্তির মধ্যেও এক সমনুষ আনয়ন করে যাহাতে সেখানে একপ্রকার যুক্তিবৃদ্ধির ক্রিয়ার আভাস পাওষা যায়।

কোন কোন মানু ঘের জীবনে হৈত ব্যক্তিম্ব (double personality) দেখা যায়, সে ক্ষেত্রে ব্যক্তির যেন দুইভাগে ভাগ হইয়া যায়, এইরূপ দ্বৈত ব্যক্তিরের অবস্থা খুব ভালভাবে পর্যাবেক্ষণ করাও হইয়াছে, সেখানে স্মৃতিব ওক্ত বা প্রােজনীয়তা স্পষ্টভাবে দেখ: যায : এরূপ ক্ষেত্রে প্রপর বা পর্যায়ক্রমে একই মানুষের মধ্যে পুথক মনোভাবযুক্ত দুইটি পুথক অবছাৰ প্রকাশ হয তাহার প্রত্যেক অবস্থায়, সেই অবস্থায় পূর্বের যাহা সে ছিল এবং যাহা সে কবিয়াছে ্তাহা মনে খাকে, এবং সেই অবস্থায় কর্ম্ম ও অনুভাবেৰ মধ্যে সমনুস স্থাপিত হয় কিন্তু অপর অবস্থাব কোন স্মৃতি বা অনুভবের স্থান তাহার মধ্যে তুখন গাকে ইহাতে মনে হয় যেন বিভিন্ন ব্যক্তি বা বিভিন্ন অহং তাহার মধ্যে গড়িয়া উঠিয়াছে, কেননা এক অবস্থায় সে নিজেকে এক ব্যক্তি, অন্য অবস্থায় যাহান নাম, জীবন এবং অনুভূতি অন্যন্ধপ তেমন এক ভিনু ব্যক্তি মনে করে। এ অবস্থায় স্মৃতিই ব্যক্তিত্বেৰ সৰখানি ইহা মনে *হইতে* পারে। কিন্তু পক্ষান্তবে ব্যক্তিম ভাঙ্গিয়া পৃথক হইয়া না গিয়াও স্মৃতি পৃথক হইয়া থাইতে পারে , সন্মোহন ব্যাপাৰে সন্মোহিত ব্যক্তির মধ্যে স্মৃতি এবং অনুভবের এমন এক বাজ্য ভাসিয়া উঠে যাহার সঙ্গে তাহার জাগ্রত অবস্থার কোন পরিচয় ছিল না किन्छ त्माकना तम निर्द्धारक पृथक वार्षिक मरन करन ना ; यानात कथन छ ব। মানুষ তাহাব জীবনের অতীত ঘটনাব কথা এমনকি নিজের নাম পর্যান্ত ভলিয়া যাইতে পারে —তথাপি তাহাব অহং বা ব্যক্তিম বোধের কোন পরি-বর্ত্তন ঘটে না। তাহা ছাড়া চেতনাব এমন ভূমি বা অবস্থা লাভও সম্ভব যেখানে স্মৃতির কোন ফাঁক না **গাাকলেও একটা সতিজত বিকাশের মধ্য দিয়া স**ম্থ্র যত্তা বোধ কৰে যে তাহাৰ মনশ্চেতনার প্রত্যেক বৃত্তির আশ্চর্য্য এক নপান্তর হইয়াছে, তখন তাহাব মনে হয় যে নূতন কোন ব্যক্তিষের মধ্যে সে নবজন্ম

# দিবা জীবন বাৰ্তা

্রহণ করিয়াছে; এতই আমূল ছয় সে রূপান্তর যে যদি সমনুয়কারী মন না থাকিত তবে তাহার বর্ত্তমান অবস্থার ব্যক্তিশ্ব তাহার অতীতের সমস্ত অস্বীকার করিয়া বিসিত,—যদিও সে বেশ জানে তাহার একই দেহে এবং মনোময় উপাদানের একই ক্ষেত্রে ইহা ঘটিয়াছে। মননেক্রিয়কে ভিত্তি করিনা আশ্বানুভবকারী মন সমৃতির সূত্রে অনুভব সকলকে গাঁথিয়া তোলে; মনের সমনুয়কারী বৃত্তিই সমৃতিব ঘারা আহরিত বা আনীত সকল উপাদান, তাহাব অতীতবর্ত্তমান-তবিমাৎ যোগসূত্র এক 'আমি'ব সঙ্গে জুড়িয়া দেয় যে আমি অনুভব এবং ব্যক্তিরের সকল পরিবর্ত্তনের মধ্যে কালেব সকল ক্ষণে একই খাকে।

মনোময় সন্তার গাঁটি আত্মজ্ঞান স্ফুবণের পক্ষে অহংবোধ উদ্যোগ পূর্ব এবং প্রথম ভিত্তি মাত্র। নিশেচতনা হইতে আশ্বসচেতনত। ফুটাইয়া, আশ্বাব এবং জাগতিক বস্তুব অচেত্রনা হইতে সান্ধার এবং বিশ্বের জ্ঞান জাগাইয়া অগ্রসর হইবার পথে রূপজগতেব মধ্যস্থিত মানব মন এতদূব আদিয়া পৌঁছি-য়াছে যে দেখিতেছে তাহাৰ বহি•চৰ সচেত্ৰ সম্ভূতি বা পরিণতিৰ সকল বিষয়ই এব নিতাবর্ত্তমান 'অহং'এব সঙ্গে গাঁপা হইয়া যাইতেছে। সেই 'অহং'কে সে অংশতঃ সচেতন সভূতির সহিত এক কবিয়া দেখে আবাব অংশত: সম্ভূতি হইতে পৃথক এবং তাহা হইতে উচ্চতৰ কিছু মনে কৰে, মনে কৰে যে হয়তো তাহা শাশুত এবং পরিবর্ত্তবশূন্য একনি ততু। শেষ পর্যান্ত, সমনুষ সাধন করিবার জন্য ভাঙ্গিয়। পৃথক করিয়া দেখা যে যুক্তিবুদ্ধির স্বভাব তাহাব সাহায্যে সে তাহাৰ আন্ধানুতৰকে গুৰু সম্ভূতিতে নিত্যপৰিবৰ্ত্তনশীল আন্ধাতে আৰদ্ধ রাখিতে পাবে এবং তাহা ছাডা अन्। সবকিছুকে মনেব গড়া মিখ্যা বোধ মাত্র মনে কবিয়া বর্জন কবিতে পাবে ; সেঁ ক্ষেত্রে ভাহার কাছে সন্তা বলিয়। কিছু নাই আছে শুধু সম্ভূতি অৰ্থাৎ নিত্যস্থিতি বলিয়া কিছু নাই আছে শুধু নিত্য অন্যপক্ষে তাহার আম্বানুভবকে নিজেরই শাশ্বত সভার অপরোক চেতনাতে নিবদ্ধ কৰিয়। সম্ভূতিকে সে বর্জন কবিতে পারে; যখন সে সম্ভূতি महत्क मुरुठन स्टेर्ड वाथा दत उथन ३ जाहारक मन वनः हे क्रियात वक्री ভ্রম অথবা নিমুত্র সত্তার একটা ক্ষণস্থায়ী মিখ্যাবোধ বলিয়া মনে করিতে शात् ।

ইহা স্পষ্ট যে তেদদশী এখংবোধকে আশ্রুষ করিয়া । আঞ্চঞান লাভ হয ভাহা অসম্পূর্ণ, একমাত্র বা মুখ্যতঃ এই বোধকে অপবা ইহার বিরোধী প্রতি-ক্রিয়াকে আশ্রুষ করিয়া যে জ্ঞানসৌধ গঠিত হয় ভাহা দৃচমূল ও নিরাপদ নহে

#### শ্বতি, অহং এবং আত্মানুভব

জ্ববা পূর্ণতা পাইতে পারে না। প্রথমতঃ ইহা আমাদের বহিশ্চর মনের ক্রিয়া ও অনুভবের জ্ঞান, তাহা ছাড়া পশ্চাতে অবস্থিত আমাদের সম্ভূতির ্য অতিবিশাল ভাগ রহিয়াছে তাহার কোন জ্ঞান ইহার নাই। দ্বিতীয়ত: ংহাতে সত্তা ও সম্ভূতির যে জ্ঞান আছে তাহা বাষ্টি আন্ধা এবং তাহার অনুভবের মধ্যে সীমাৰদ্ধ ; বিশ্বের বাকী সমস্তুটা তাহার কাছে অনাম্বা অর্থাৎ সেসমস্তুকে সে আম্মসত্তাব অংশরূপে লোধ কলে না, বাহ্নিরের কোন সত্তা তাহাব বিবিক্ত চেতনাৰ কাছে উপস্থিত হইয়াছে বলিয়া বোধ কৰে। ইহা ঘটিবার কাৰণ ্রাহাব ব্যষ্টি আত্মসত্তা এবং তাহার পরিণতি যেমন তাহার কাছে অপরোক্ষ. এই বৃহত্তব সত্তা ও প্রকৃতির সম্বন্ধে তেমন সচেতন প্রতাক্ষ জান তাহাব নাই। এখানেও বিশাল অবিদ্যাব মধ্যে একটি সীমিত জ্ঞানমাত্র আত্মপ্রতিষ্ঠা করিতেছে। তৃতীয়তঃ ইহাতে পূর্ণ আম্বজ্ঞানেব ভিত্তিতে সতা এবং সম্ভূতিৰ সম্বন্ধের পরিচয় নেওয়। হয় নাই ; বরং অবিদ্যা বা খণ্ডজ্ঞানেব সাহায্যে তাহার অল্পজ্ঞান মাত্র লাভ হইয়াছে। তাহাব ফলে পবম জ্ঞানের দিকে চলিবার আবেগে আমাদের বর্তুমান অনুভব এবং দন্তাবনার উপরই ভিত্তি করিয়া মন তাহার সমনুর্য়ী এবং ভেদকাবী ইচছা ও বিচারশক্তির মধ্য দিয়া এক কঠোব সিদ্ধান্তে পৌঁছে, ইহাদের তীব্ আঘাতে অখণ্ড সত্তাকে দ্বিখণ্ডিত করিয়া তাহাব এক-দিককে বাদ দিতে চায। ইহাতে কেবল ইহাই স্থাপিত হইনাছে যে একদিকে মনোময় সত্তা পরিণামেৰ বা সন্তৃতির সমস্তকে দৃশ্যতঃ বর্জন কবিয়া অপবোক আৰুচেতনাতে সুমাহিত হইয়া যাইতে পারে, অখব। অপর পক্ষে সকল স্থাণু আত্মচেতনাকে আপাততঃ বাদ দিয়া পবিণতির ক্ষেত্রে অভিনিবিষ্ট হইয়া পড়িতে মনের এই দুই দিক তথন পরস্পানেব বিরোধী পক্ষরপে দাঁড়াইয়া প্রত্যেকে যাহা বর্জন করে তাহাকে অসত্য বা চেতন্যনেব পেলানাত্র মনে করে : তখন এক পক্ষের মতে বুদ্র বা আত্মা অপরপক্ষের মতে জগৎ মন-গড়া তত্ত্ব, যতক্ষণ মনের বৃত্তি বা ক্রিয়া চলে ততক্ষণ পর্যান্ত আপেক্ষিকভাবে ঋধু সত্য, একমতে জগৎ যাম্বার ফলপুসূ একটা স্বপু, অন্যমতে ঈশুর বা যাম্বা একটা মন-গড়া বস্তু--একটা ফলপুদ বিভ্রম। মনের নিকট সত্য সম্বন্ধটি ধর। পড়ে নাই, কেন্না যতক্ষণ শুধ খণ্ড বা একদেশদশী জ্ঞান আছে ততক্ষণ আমাদের বুদ্ধিতে গত্তাব এই দুইদিক বিরোধা এবং বেম্বরা রূপেই প্রতিভাত হইনে, তাহাদের সমনুষ সাধিত হুইবে ন। সচেত্ৰ প্ৰিণতির উদ্দেশ্য প্ৰিপূৰ্ণজ্ঞান লাভ ; ণাণিত বৃদ্ধির খাব। চেত্তনার এক অংশকে কাটিয়া অন্য অংশ হইতে পৃথক করিয়া।

# দিবা জীবন বার্ত্তা

নেওয়াকে আদ্বা অথবা জগতের পূর্ণজ্ঞান বলা যাইতে পারে না। কারণ অক্ষর নিজ্ঞিয় আদ্বাই যদি সব হইত তাহা হইলে জগতের অন্তিম্ব হইত অসম্ভব; আবাব সক্রিয় প্রকৃতিই যদি সব হইত, তাহা হইলে বিশ্ব-পরিণামেন একটা চক্রাবর্ত্তন চলিত বটে, কিন্তু নিশ্চেতন হইতে চেতন সত্তার উন্মেঘের কোন আধ্যাদ্বিক ভিত্তি থাকিত না অথবা আমাদের খণ্ড চেতনা বা অবিদ্যার নিজেকে অতিক্রম কবিয়া নিজেসন্তার সচেতন পূর্ণ সত্তো এবং সর্ব্বসন্তাব পূর্ণ সচেতন জ্ঞানে পৌঁছবার যে অনির্বাণ অভীপ্সা আছে তাহার কোন কাবণ শুঁজিয়া পাওয়া যাইত না।

আমাদের প্রাকৃত সত্ত। বহিস্তলে মাত্র অবস্থিত এবং সেখানে অবিদ্যার পূর্ণ রাজত্ব ; জানিতে হইলে আমাদিগকে অন্তরের গভীবে প্রবিষ্ট হইতে এবং এক অন্তব জ্ঞানের সাহায্যে দেখিতে চইবে। বাহিবে যাহা রূপায়িত হইয়। উঠিতেছে তাহা আমাদের গোপন বৃহত্তব সত্তার ক্ষুদ্র এবং হ্রন্ধ প্রতিবিশ্ব মাত্র। কেবল আমাদের মনোম্য ও প্রাণ্ময় ক্রিয়াবলী শাস্ত ও স্তর্জ কবিয়াই আমাদের মধ্যস্থ অক্ষর ও নিষ্ক্রিয় আশ্বার সন্ধান পাওয়া যাইতে পাবে; কাবণ ইহা আমাদের ভিতবে গভীবে অবস্থিত আছে, শুৰু আন্নসত্তাৰ বোধিজাত বোধ মারাই বাহিবেব ক্ষেত্রে তাহাব আভাদ পাওয়া যায, মনোময় প্রাণময় এবং জড়ময় অহংবোধ তাহাকে বিকৃত করিয়া দেখায়, তাই মনেব নৈ:শব্দ্যের মধ্য দিয়া তাহার সত্য অনুভব করিতে হয়। কিন্তু আমাদেন বহিঃসত্তান সক্রিথ সংশসকলও আমাদের অস্তঃপ্রকৃতির মধ্যে গভীনে অবস্থিত বিশাল সত্যবস্থসমূহেব তেমনিভাবের ক্ষুদ্র ও হ্রস্ব প্রতিবিদ্ব। আমাদের অপ্তরে এক অধিচেতন স্মৃতি আছে যাহ। আমাদের সকল জগদনুভব গ্রহণ এবং তাহাদের প্রতিলিপি রক্ষা করে, এমন কি মন যাহা দেখে নাই, বুঝে নাই বা লক্ষ্য করে নাই তাহাদের ছবিও সেখানে গ্রহীত এবং বক্ষিত আছে, আমাদের বহিশ্চৰ স্মৃতি শেই ভাণ্ডাৰ হইতে অপট্ভাবে তাহাৰ অতি অলপ অংশই বাহিৱে আনিয়া পূকাশ কবে। আমাদের অধিচেতনায প্রতিরূপ গঠিত করিবার কাৰ্য্যকবী এক চেতনাৰ শক্তি এবং তাহাৰ অতি বিশাল স্ক্ৰন-সামৰ্ণ্য আছে. আমাদের বহি\*চব কলপনা তথা হইতে অতি অলপ কিছু মাত্র বাহিরে আনিতে পারে। যাহার অমেয় বিপুলতব এবং সূক্ষাতর উপলব্ধি বা অনুভূতি আছে এমন এক মন, যাহাৰ মধ্যে বৃহত্তর গতি ও ক্রিয়া আছে এমন এক প্রাণশক্তি, যাহার <del>ৰুক্ষা</del>তর ও উদাৰতৰ গ্ৰহণশক্তি আছে এমন এক সুক্ষা জড়বস্তু, ভাহাদের নিজে-

# শুডি, অহং এবং আশানুভব

দের মধ্য হইতে উপাদান লইয়া আমাদের বাহ্য পরিণাম গড়িয়া তুলিতেছে। এই সমস্ত গোপন ক্রিয়ার পশ্চাতে এক চৈত্য সত্তা আছে তাহাই আমাদের ব্যক্তিষ্ব-বোধেব খাঁটি আশুয় স্থান; আমাদের অহং বাহিরের ক্ষেত্রে তাহার অযোগ্য বা মিধ্যা প্রতিনিধি; কেননা এই গোপন অন্তবাদ্ধাই আমাদের আদ্ধানুভব ও বিশ্বানুভব উভয়কে ধারণ করিয়া রহিয়াছে এবং উভয়কে মিলিত করিতেছে; দেহ-প্রাণ-মনোময় বাহ্য অহং প্রকৃতির হারা গঠিত একটা বাহ্যবস্তা। কেবল যখন আমরা অন্তরের গভীরে এবং বাহিবে এ উভয়ক্ষেত্রে আমাদের আদ্ধা এবং আমাদের পুকৃতি উভয়কে পূর্ণ অখণ্ডরূপে জানিতে পারি তখনই আমরা জ্ঞানের খাঁটি ভিত্তি স্থাপন করিতে সমর্থ হই।

# দশ্ম অধ্যায়

# তাদাস্ম্য জ্ঞান\* ও ভেদদর্শী জ্ঞান

তাহারা আত্মার মধ্যে আত্মা দারা আত্মাকে দেখে।

গীতা ( ৯২০ )

বেখানে বৈতবোধ আছে, দেখানে এক জন আর এক জনকে দেগে, আর এক জনের কথা শুনে, আর এক জনকে প্রণাকরে, আর এক জনের কথা চিন্তা করে, আর এক জনকে জানে। কিন্তু বথন কাহারও কাছে সবই আন্ধা হইয়া যাত তথন কি দিরা সে কাহাকে ঞানিবে ৷ তথন এই যাহা কিছু আছে তাহা সে আন্ধা দিয়াই জানিবে। …বে আন্ধাতে ছাড়া থার কোখাও সবকে দেখে, সব তাহাকে ছাড়িয়া যায়। কারণ এই যাহা কিছু বর্ত্তমান আছে তাহার সবই ব্রন্ধ—সর্ক্ষ্যনা।

#### वृश्नाद्रगांक উপमिष्म ( १।६। >४, १ )

াধনি স্বয়স্ত তিনি ইক্রিবেব হারগুলি বাহিরের দিকে খুলিয়। দিয়াছেন, ভাই মাসুষ সব কিছু বাহিরেই দেখে, নিজের অস্তরাক্সাতে দেখে না। কণ।চিৎ কোন ধীয় পুরুষ অমুভত্বের আকৃতি লইয়। ভাহার দৃষ্টি অস্তরের দিকে ফিংাইয়া স্বাক্সাকে সম্মুখেই দর্শন করেন।

কঠোপনিবদ ( ৪।১ )

লোপ হয় না স্তার দৃষ্টি, বজার বচন ···শ্রোতার শ্রাতি··অথবা জ্ঞাতার জ্ঞান, কারণ তাহার। অবিনাশী; কিন্তু তাহার দিতীয় বা তাহ। ২ইতে ভিন্ন অক্স কিছু নাই, বাহাকে সে দেখিবে বলিবে শুনিবে কিখা জানিবে।

बृहमादगांक छेर्शानवम ( ॥७२७, २५, २१, ७० )

আমাদের বহিন্দুখী জ্ঞানে, আমাদেব নিজেকে, আমাদের অস্তরের গতি-বৃত্তিকে, বাহ্যজগৎ এবং তন্মধ্যস্থ বস্তু ও ঘটনাবলিকে দেখিবার যে সীমিত এবং সঙ্কীর্ণ মনোময় দৃষ্টিভঙ্গী আমাদের আছে তাহ। এরূপভাবে গঠিত যে জ্ঞানের

<sup>\*</sup> अध्यक्त वां अक्ष (वांध पित्रा सानारक उपांचा स्थान वना स्था । अनुवानक

# ভাদ'ৰা জান ও ভেদদৰ্শী জান

চারি প্রকার বা ধরণ হইতে তাহাদের প্রামাণ্য বা গভীরতার তারতম্য নির্ণীত হয়। জানার আদি ও মূল ধরণ হইল এক হইয়া অথবা তাদাম্ব্য বা একম বোধ দিয়া জানা---সবার মধ্যে অন্তর্গ চূ ভাবে অবস্থিত আত্মার পক্ষে জানিবান স্বাভা-|বৈক ধরণই এই। দ্বিতীয় ধরণটি মৌলিক নয়----উৎপন, ইহাতে সাক্ষাৎ সংস্পর্শ হুইতে জ্ঞান লাভ হয়, ইহা মূলে গোপনভাবে একম্ব বোধ জাত জ্ঞানের সঙ্গে যুক্ত, অথবা তাহা হইতে ইহার আরম্ভ হয় কিন্তু কার্য্যক্ষেত্রে মূল উৎস হইতে বিচ্যুত হইয়া পড়ে, এবং সেই জন্য এ জ্ঞান শক্তিশালী কিন্তু পূর্ণ নয় ; তুতীয় ধৰণের জ্ঞানে পর্য্যবেক্ষণেব বিঘয় হইতে পর্য্যবেক্ষক বা বিঘয়ী পুখক হইয়া পড়ে; তথাপি সাক্ষাৎ সংস্পর্নের আশ্রয়েই এনন কি আংশিক একছবোধের গাহাযে; সে জ্ঞান ফোটে ; চতুর্থ ধবণ হইল পূর্ণভাবে ভেদদর্শী জ্ঞান যাহা গৌণ বা পরোক্ষ ভাবের সংস্পর্শের উপব নির্ভব করে : এ জ্ঞানকে চেষ্টা করিয়া নাভ কবিতে হয়, যদিও ইহাতে জ্ঞাত। নিজেন অজ্ঞাতসারে তাহার অস্তরের গভীবে পূৰ্বে হইতে বৰ্ত্তমান যে জ্ঞান আছে তাহ। হইতে কিছুটা বাহির করিয়া আনে বা তাহাব কোন প্রকার অনুবাদ কবে : অতএব প্রকৃতিব মধ্যে জ্ঞান নাভেন চারিটি উপার-—একরনোধ দিনা জানা, সাকাৎ ও অন্তনন্দ সংস্পর্ণ হইতে জানা, ভেদদশী ভাবে সাক্ষাৎ সংস্পর্ণ হইতে জানা এবং পরোক্ষ সংস্পর্ণ হইতে সম্পূর্ণ ভেদভাবে জানা।

বহিশ্চর মনে প্রথমভাবের জ্ঞানের বিশুদ্ধতম কপ দেখা যাস কেবল তথনই যথন আমরা প্রামাদের নিজেকে বা আনাদেব মূলসন্তাকে সাক্ষাৎ ভাবে জানি; এই জ্ঞানেব মধ্যে আমাদের নিজ সন্তাব বিশুদ্ধ প্রত্যয় ছাড়া ঘন্য কিছু থাকে না, আমাদেব প্রাকৃত মনে জগতের অন্য কোন বিষয় সম্বন্ধে এ ধবণেব জ্ঞান বা বাধ জাগে না। কিছু আমাদেব অন্তর্পুথী যে চেতনাকে প্রত্যক্ চেতনা (subjective consciousness) বলা যায় তাহাব গঠন এবং ক্রিয়ার জ্ঞানের মধ্যেও একম্বোধজাত জ্ঞানেব কিছু উপাদান প্রবেশ করে, কেন না আমরা অভিক্ষেপ (projection) ছাবা নিজেদিগকে সেই সমস্ত গতিবৃত্তির সহিত কতকা একীতৃত করিয়া প্রেলিতে পারি। আমরা ইতিপূর্বে দেখিয়াছি যে ক্রোধ উদ্বিপ্ত হইয়া আমাদিগকে এমনভাবে গ্রাস্করিতে পারে যে তথনকার মত মনে হয় যে আমাদের সমগ্র চেতনা ক্রোধের একটা তরঙ্গ; প্রেম, দুঃখ, উল্লাস প্রভৃতি অন্য ভাবাবেগেরও আমাদিগকে এই একই ভাবে আক্রমণ এবং অধিকাব কবিবার সামর্প্য আছে; চিন্তাও আমা-

#### দিন্য জীবন বার্ত্তা

দিগকে অধিকার করিয়া ডুবাইয়া রাখিতে পারে, চিস্তাকারী আমিকে বা চিস্তককে তুলিয়া তথন আমরা চিস্তাময় বা চিন্তনময় হইয়া যাই। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই একটা ধৈববৃত্তি থাকে, আমাদেব আত্বতাবেব এক ভাগ চিস্তার কিন্তা ভাবাবেগের আকার ধারণ করে, আব এক ভাগ হয় তাহার সঙ্গে কতকটা জড়ীভূত হইয়া থাকে অথবা পাশাপাশি ভাবে অবস্থিত থাকিয়া অন্তরন্ধ সাক্ষাৎসংস্পর্ণ দ্বাবা প্রথমভাগকে জানে কিন্তু এই স্পর্শে পূর্ণরূপে এক হওয়া অথবা সেই গতিবৃত্তির মধ্যে নিজেকে পূর্ণরূপে ভ্রাইয়া দেওয়া পর্যান্ত ঘটে না।

এইভাবে চিত্তবৃত্তির সহিত আমবা এক হইযা যাইতে পাৰি অ'বার যুগপৎ পৃথক এবং কতকটা একীভূত হইতে পানি, কেননা এ সমস্ত আমাদেন আশ্বসভারই সম্ভূতি, আমাদেন প্রাণ এবং মনেন উপাদান ও শক্তিবই নিশেষ প্রকাশ বা পরি-ণতি; কিন্তু চিত্তবৃত্তিসমহ আমাদেন ক্ষু অংশ বলিয়া, ইহাদেব সহিত এক হইযা যাইতে বা ইহাদেব ছার। অধিকৃত থাকিতে আমরা বাধ্য নহি---আমবা নিজেদিগকে বিচিত্রন করিয়া লইতে, আমাদের সন্তাকে তাহার অস্থায়ী পরিণাম হইতে পৃথক কবিতে পারি, তাহাদিগকে পর্য্যবেক্ষণ, নিয়ন্ত্রণ, তাহাদের কাজে সন্মতিদান মণবা তাহাদেব প্রকাশ বন্ধ কবিতে পাবি, এই ভাবে মামরা অস্তরে নিলিপ্ত এবং মনে বা অধ্যান্ধক্ষেত্রে পুথক থাকিয়া আমাদের সভার উপব প্রাণ ও মনোময় অপনাপুকৃতিব যে শাসন খাছে তাহা হইতে নিজেদিগকে অংশতঃ এমন কি পূর্ণরূপে নির্মুক্ত কবিয়া সাক্ষী, জ্ঞাতা এবং শাসনকর্ত্তাব আসনে প্রতি-ষ্ঠিত হইতে পাবি। স্থতবাং আমাদেব সম্ভৰ্মুখী বৃত্তিতে (subjective movement) জ্ঞানের দুই ধার। আছে। চিত্তবৃত্তির উপাদান এবং ক্রিয়ার শক্তির সহিত একত্বোধজাত এক অন্তরঙ্গ জ্ঞান আছে, এই অন্তবঙ্গত। এত নিবিড় যে এ জ্ঞানের সহিত যাহাদিগকে আমরা সম্পূর্ণ অনাম্ববস্ত মনে করি আমাদের বাহিবে অবস্থিত সেই সমস্ত বস্তুব সম্পূর্ণ ভেদাম্বক এবং বহির্দ্মুখী কোন জ্ঞানের তুলনাই হয় না ; আবাব সেই সঙ্গেই নিলিপ্ত থাকিয়া পর্যাবেক্ষণ ষারা লব্ধ আর এক জ্ঞানের ধারা আছে, নির্নিপ্ত হুইলেও সেখানে সাক্ষাৎ সংস্পর্শের শক্তি থাকে, ইহা প্রাকৃত শক্তির মধ্যে ডুবিয়া যাওয়া বা তাহার বশ্ ভূত হওয়া হইতে আমাদিগকে বাঁচায এবং এই গতিবৃত্তিকে আমাদের নিজের অন্তিম্বের বাকি অংশ এবং জগৎসত্তার সহিত যুক্ত করিবাব সামর্থ্য দেয়। এই নিলিপ্ততা না থাকিলে প্রকৃতির পরিণতি, গতিবৃত্তি এবং ক্রিয়ার মধ্যে আমাদের আত্মসত্তা ও শাসনক্ষম জ্ঞান হারাইয়া ফেলি এবং যদিও আমরা

# ভাগায়া জ্ঞান ও ভেগগৰ্শী জ্ঞান

চিত্তবৃত্তিটিকে অস্তরঙ্গভাবে জানিতে পারি, তবু সে বৃত্তিকে যাহাতে আয়তে বাখা যায় এরূপ পূর্ণ জ্ঞান তাহা নয়। শাসনক্ষম পূর্ণ জ্ঞান লাভ সম্ভব হইতে পারে যদি আমাদের চিত্তবৃত্তির সহিত একমবোধেব সঙ্গে, আমাদের অন্তরসতার বাকি অংশগুলিব সহিত একমবোধও বজায় রাখিতে পাবি ; অর্থাৎ ইহা সম্ভব হইবে যদি আমরা একদিকে বৃত্তিকপে পরিণতির তবঙ্গে পুণকপে তুরিয়া এক হইয়া গিয়াও সেই সঙ্গে ডুবিয়া যাওয়ার অবস্থা বা ক্রিয়ার মধ্যেও মনোময় সাক্ষী, দ্রষ্টা বা শাসনকর্ত্তা হইয়া থাকিতে পারি: কিন্ত এরূপ অবস্থা লাভ কবা খুব সহজ নহে, কেননা আমরা হিধাবিভক্ত চেতনায় বাস করি, তাহাতে অবস্থিত আমাদেব প্রাণ্ম্য অংশ, প্রাকৃত প্রাণের ণক্তি, বাসনা, আবেগ এবং ক্রিযা মনকে নিযস্ত্রিত বা গ্রাস কবিতে কারতে চাষ, মাবার মনকে প্রাণেব এই অধীনতা হইতে মুক্ত হইতে এবং প্রাণকে শাসন কৰিতে হইবে; মন নিজেকে পৃথক বাখিতে পানিলেই এ চেষ্টায় সাফলা নাভ কবিতে পারে; কানণ সে যদি প্রাণেন সঙ্গে নিজেকে এক কনিয়া ফেলে তাহা হইলে প্রাণের স্রোতে তাহাকে ভাসাইয়া নিযা যায়, সে আৰুহারা হইয়া পডে। কিন্তু ভেদেন মধ্যেও এক প্রকার হিমুখী একম্ববোধেন হারা একটা সান্য স্থাপন করা সম্ভব, যদিও সে সাম্য বজায় রাখা সহজ নহে : মনেব এক মান্বা আছে যাহ। সাক্ষীরূপে থাকিয়া অভিজ্ঞতা লাভেব জন্য ভাবাবেগকে প্রকাশ হইতে অনুমতি দেয—অথবা জীবনধর্মের চাপে পডিযা অনুমতি নিতে বাধ্য হয় আব্যুর প্রাণনের এক আত্মা আছে যাহ। নিজেকে পুকৃতিব গতিবৃতিব স্রোতে ভাসাইয়া দিতে সম্মতি দেয়। স্বতএব সামাদেব সম্পূর্গা সভিজ্ঞতায় আমাদের চেতনার এক ক্রিয়া-ক্ষেত্র আছে যেখানে জ্ঞানলাভেন তিনাঁট ধানা, এক হবোধজাত জ্ঞান, সাক্ষাৎ সংস্পর্শজাত জ্ঞান এবং ইহাদেবই আশ্রিত ভেদ-দশী জ্ঞান এক সঙ্গে আসিযা মিশিয়াছে।

মননক্রিয়াব মধ্যে মন্তা (thinker) এবং মননকে পৃথক করিয়া দেখা আরও কঠিন। মন্তা মননের মধ্যে ছুবিযা আত্মহারা হইয়া যায় এবং মননের সহিত একীভূত হইয়া তাহাব স্রোতে ভাসিয়া চলে; সাধাবণতঃ মননের সময় অথবা মননক্রিয়ার মধ্যে সে তাহার মননকে পর্য্যবেক্ষণ বা তাহার সমা৸লোচনা করিতে পাবে না। ইহা করিতে হইলে হয় তাহাকে সমৃতির সাহায়ে পশ্চাতে ফিরিয়া দেখিতে হয়, অথবা মনন ধাবার দোমগুণ বিচারের জন্য তাহাকে আর অগ্রসর হওয়া কিছু সমযের জন্য বিরত রাখিতে হয়। কিন্তু তথাপি

२५%

# शिया कीवन वादी

মনন যপন চিত্তের স্বখানি জুড়িয়া না থাকে তখন একই সঙ্গে মনন এবং সচে-তন ভাবে তাহার আংশিক নিয়ন্ত্রণ সম্ভব হয় ; আর পূর্ণভাবে সম্ভব হয় তখন, যখন মন্তা মনোময় পুরুষের মধ্যে নিজেকে প্রত্যাহত করিয়া লইয়া মন:-শক্তি হইতে সরিয়া দাঁড়াইবার ক্ষমতা লাভ করে। সাধারণত: আমরা মননের মধ্যে অভিনিবিষ্ট হইয়া যাই, বড জোর তাহার ক্রিয়াধারার একটা অস্পষ্ট বোধ মাত্র পাকে, কিন্তু তাহা না করিয়া আমরা মনোময় দৃষ্টির দ্বারা কোন মননক্রিয়াব পদ্ধতি, যাহা হইতে এই বিশেষ মননের উৎপত্তি হইয়াছে তাহ। এবং তাহার গতিগাবা পর্য্যবেক্ষণ করিতে পারি এবং কতকটা নীরব অন্তর্দৃষ্টি এবং কতকটা মননের উপর মননের ক্রিয়া খারা তাহাদের দোঘগুণ বিচার এবং মুল্যনিরূপণ করিতে পাবি। কিন্তু আমাদের একীভূত হওয়ার ধরণ যাহা হউক না কেন, ইহা ৰলা যাইতে পারে যে আন্তর গতির জ্ঞানের দুইটি ধারা আছে, একটি ভেনদর্শন এবং অপরটি সাক্ষাৎ সংস্পর্শ, কেননা যখন আমরা পৃথক হইয়া দাঁড়াই তখনও এই নিবিড় সংস্পর্শ বজায় থাকে; আমাদের জ্ঞানেব ভিত্তি-স্বরূপ একটা সাক্ষাৎ সংস্পর্ণ, অপরোক্ষ জ্ঞানেব একটা সাক্ষাৎপ্রতায় সর্ব্বদাই বর্ত্তমান থাকে, তাহাব মধ্যে একস্ববোধের কিছু উপাদানও থাকিয়া যায়। বিচাব বৃদ্ধি দিয়া যখন আমর৷ আমাদেব অন্তরের গতিবৃত্তিকে পর্য্যবেক্ষণ করি বা জানি তখন সাধারণতঃ তাহাতে ভেদ ভাবনা অধিকতর রূপে বর্ত্তমান থাকে, আর যখন আমাদের মনের সক্রিয় অংশ, আমাদের সংবেদন, অনুভূতি ব। কামনার সঙ্গে যুক্ত হয় তখন অন্তরঞ্গ ভাবের অধিকতর সাক্ষাৎ পাই ; কিন্তু এই সংযোগের মধ্যে চিন্তাশীল মন আসিয়া পডিয়া ভেদদশী পর্য্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ আনিয়া উপস্থিত করিতে এবং আমাদের মনের আত্মসংযোগকাবী এই সক্রিয় অংশ ও প্রাণ বা দেহেব গতিবৃত্তি এ উভয়কে শাসিত করিতে পাবে। আমাদের স্থল সত্তাব যে সমন্ত গতিবৃত্তি আমবা পর্য্যবেক্ষণ কবিতে পারি তাহা-দিগকেও আমরা ভেদদর্শী এবং অন্তরঙ্গ এই উভয় উপায়ে জানি বা পরিচালিত করি ; শরীন এবং তাহাব ক্রিয়া সামাদেবই অংশরূপে অন্তবঙ্গভাবে জানি, কিন্তু মন ইহা হইতে স্বতন্ত্র এবং অনাসক্ত ভাবে থাকিয়া ইহার গতিবৃত্তিকে নিয়ন্ত্রিত এইভাবে আমরা আমাদের অন্তর্ম্বর্থীন সত্তা ও তাহার প্রকৃতির যে সাধারণ জ্ঞান লাভ করি তাহা অপূর্ণ এবং অনেকটা উপরভাসা হইলেও, যতটা তাহা নাভ করি তাহাতে কতকটা অন্তরঙ্গতা. অপরোক্ষতা এবং সাক্ষাৎ সংস্পর্গ থাকে কিন্তু বহির্জগতের ও তন্মধান্ত বন্ধ ও ক্রিয়ার জ্ঞানে এ সমস্ত

# ভাগাত্ম জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

গাকে না, কেননা সেখানে যাহা দেখি বা অনুভব করি তাহা অনাদ্বা, আমাদেব সন্তার অংশ বলিয়া অনভত হয় না, সেখানে বস্তুর সহিত চৈতন্যের সাক্ষাৎ সংস্পর্শ একেবারেই সম্ভব হয় না; সংস্পর্শেব জন্য ইন্দ্রিয়েব প্রযোজন হয় কিন্তু ইন্দ্রিয় আমাদিগকে সাক্ষাৎ অন্তরক্ষ-জ্ঞান দিতে পাবে না, যাহা দেয় তাহাকে জ্ঞানের প্রতিরূপ এবং প্রাথমিক তখা বলা যাইতে পাবে।

বাহ্যবিষয় সম্বন্ধে বিবিক্ত ভাবনাই আমাদেন জ্ঞানেব ভিত্তি, উপায় বা পদ্ধতিরূপে পবোক্ষ অনভতিকে আশ্রুষ কবিয়াই সে জ্ঞান লাভ হয়। বাহাবস্থাৰ সঙ্গে নিজেদিগকে এক কবিষা দেখি না এমন কি যাহাবা আমাদের গমধর্মী সেই মানুষের সঙ্গেও ন্য , তাহাদেন সভা ে আমাদেন নিজেব, এমন-াাধে আনরা তাহাদের সভাব মধ্যে অনুপুরিই হইতে পারি না, সেরূপ সাকাৎ ্রম্বরক্ষ এবং অপানোক ভাবে আমাদেব নিজেব গতিবত্তি - যদিও অপার্ণরূপে---্রানিতে পাবি অপবেব কিন্তা তাহাদেব ক্রিয়াবাবার বেলায় তাহাও সম্ভব হয় না। কেবল যে একজ্যোধেৰ অভাৰ হয় তাহা নহে, সেখানে যাজাং সংস্পৰ্য লাভও क्वा योग गा: यामारमन এवः छोशारमव रह्छगोन मर्छ रह्छगोन, मन छेलामार गन গহিত নল উপাদানের সভার সহিত সভার সাক্ষাৎ সংস্পৃশ হসনা। সাক্ষাৎ শংস্পূৰ্ণ বা সাক্ষাৎ প্ৰিচ্য যাহ। কিছু পাই বলিয়া মনে হয় তাহ। ইন্দ্ৰিয়েৰ মধ্য भिया : मत्न यस तमन मृष्टि श्वन ना स्पर्तन मना भिया छोत्नन नायानिमय मन्नदक्ष কিছু সাকাং অন্তৰঞ্চত। আমৰ। লাভ করি কিন্তু প্রকৃত পকে তাহ। নহে, খাঁটি গাঞ্চাৎ অন্তর্বস্কৃত্রা লাভ হয়না, কেননা ইন্সিযের ধানা আমনা যাহা পাই তাহা বস্তুর খাঁটি অন্তব বা অন্তবঙ্গ সংস্পর্ণ নয় : পাই একটা প্রতিবিদ্ধ বা একটা কম্পন মণবা সায়ুর মধ্য দিয়া একটা বার্ডা; এবং এই সমস্ত দিযা বস্তুকে জানা শামাদিগকে শিগিতে হয়। এ সমস্ত উপায় এতই অপুচুর, এতই দীনতামণ্ডিত যে যদি ইহাবাই জানিবার একমাত্র উপায় হইত তবে বিশেদ কিছু জানা যাইত না অথবা যাহা জানা যাইত তাহা অস্পট্টতা এবং কুয়াসা-স্মাচ্ছনু হইত। কিন্তু ইহার মধ্যে ইন্দ্রিয়নানসেব একটা বোধিবৃত্তি আসিমা পড়ে, প্রতিবিশ্ব বা কম্পনের ইঙ্গিত গ্রহণ করে এবং তাহা বস্তুব বোধে রূপান্তবিত করে; সেই সঙ্গে প্রাণময় এক বোধি আসিয়া ইন্দ্রিয়সংস্পর্শজাত জন্য এক প্রকার কম্পনের মধ্য দিয়া বস্তুর শক্তিরূপ বা শক্তিরূপের প্রতিবিম্ব গ্রহণ করে এবং অব-শেষে অনুভবকারী মনেব এক বোধি আসিয়া তৎক্ষণাৎ এই সমস্ত সাক্ষ্য হইতে বস্তুর একটা যথায়থ ধারণা গড়িয়া তোলে। এইভাবে গড়িয়া তোলা প্রতি-

# দিব্য জীবন বার্ডা

বিম্বের অর্থবোধে যে ন্যূনতা থাকে তাহা **যুক্তি বা বস্তকে অর্থওভাবে জা**না যাহার ধর্ম সেই বুদ্ধি আসিয়া পূর্ণ করিয়া দেয়। প্রথমে এইভাবে নানা দিক দিয়া আসিয়া যে বিমিশ্র বোধি দেখা দেয় তাহা যদি বস্তুর সাক্ষাৎ সংস্পর্শের ফল হইত অখব। যদি অনুভূতির উপর যাহার পূর্ণ প্রভুষ আছে তেমন একটা স্ব্ত্তাহী বোধিমানশের ক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ হইত তাহ। হইলে বিচাব-বৃদ্ধিকে ইহার মধ্যে আসিয়া পড়িবার কোন প্রয়োজন থাকিত না, বিচার-বৃদ্ধি তখন ইন্দ্রিয় বা তাহার ইন্ধিত যাহা দিতে পারে নাই এমন জ্ঞানের আবিদ্যান এবং সংগঠন কার্য্যে মাত্র নিযুক্ত থাকিতে পারিত; কিন্তু এ ক্ষেত্রে বোধিকে একটা প্রতিবিম্বের, ইন্সিয়ের দেওয়া একটা দলিলের, একটা পরোক্ষ সাক্ষ্যের উপব নির্ভর কবিষা কার্য্য করিতে হইষাছে, বস্তুর সহিত চেতনাব সাক্ষাৎ সংস্পর্শ জ্বাত প্রত্যয় লইয়া কার্য্য করিতে পারে নাই। কিন্তু ইন্দ্রিয়েব দেওয়া এই প্রতিবিম্ব বা কম্পন বস্তুর অসম্পূর্ণ এবং সংক্ষিপ্ত পরিচয় মাত্র দেয ; নে বোধি দেখা দেয় তাহা নিজে শীমিত এবং তাহাকে অস্পষ্ট অবস্থার মধ্য দিয় আসিয়া একটা আলো-আঁধাবিতে কাজ করিতে হয়, এই সমস্ত কারণে গডিয়া তোলা বস্তুরূপেব যে ব্যাখ্যা পাওয়া যায় তাহার বিশুদ্ধতা সম্বন্ধে সন্দেহেন বা অন্ততঃপক্ষে তাহাতে অসম্পূৰ্ণতাব অবকাশ থাৰিবা যায়। ইন্দ্ৰিয বোধের ন্যুনতা, প্রাকৃত মনেব অনুভূতিতে ভূলেব সম্ভাবনা এবং আহবিত তখ্যের অর্থবোধের দীনতা মানুমকে তাহার বিচারবৃদ্ধি পুষ্ট করিতে বাধ্য করিয়াছে।

স্থৃতবাং আমাদের জগৎজ্ঞান ইন্দ্রিয় প্রতিবিশ্ব দিয়া প্রস্তুত একটা অসম্পূর্ণ দলিল হইতে অতিকটে লাভ করিতে হয়। অনুভবকারী মন, প্রাণময় এবং ইন্দ্রিয়ময় মনের বোধিবৃত্তি দিয়া সে দলিলের একটা ব্যাখ্যা করা হয়, বিচাধবুদ্ধি আসিয়া সে দলিল সংশোধন এবং তাহার পাদপূবণ করে, অনুপূরক জ্ঞান যোগ করিয়া দেয়, একটা সমনুয় ও সঙ্গতি স্থাপনের চেটা করে। কিন্তু তবু যে জগতে আমরা বাস কবি তাহার জ্ঞান আমাদের নিকট আত সক্ষীর্ণ এবং অপূর্ণ, তাহার যে ব্যাখ্যা করি যে অর্ধবোধ হয় তাহা অনিশ্চিত; এই অপূর্ণতা দূব করিতে কলপনা, জলপনা, ভাবনা, নিষ্পান্ধতাবে বিচাব, অনুমান, পরিমাপ, পরীক্ষা, বিজ্ঞানের সাহায্যে ইন্দ্রিয়ের দেওয়া সাক্ষ্যের আরো সংশোধন এবং সম্প্রসারণ প্রভৃতি কত কি উপায় অবলম্বন করা হয়। অথচ তৎসত্ত্বেও আমাদের ভাঙারে অর্ধনিশ্চিত অর্ধ্ব-অনিশ্চিত অর্জিত পরোক্ষ জ্ঞান, বস্তুর অর্ধসূচক

# তাদাখ্য জ্ঞান ও ভেদদৰ্শী জ্ঞান

প্রতিবিশ্ব এবং ভাবের ব্যঞ্জনা, বস্তুনিরপেক্ষ ভাবনা, প্রকলপ (hypothesis) মতবাদ, সামান্যপ্রতায় (generalisation) প্রভৃতির একটা স্তুপ আসিয়া জমিয়াছে, কিন্তু তাহার সঙ্গে সংশয়, অশেষ বিতর্ক, তর্কযুদ্ধ ও অনুসদ্ধানের গুরুভারও আসিয়া পড়িয়াছে। জ্ঞানের সঙ্গে শক্তিও আসিয়াছে, কিন্তু জ্ঞান অপূর্ণ বলিয়া শক্তির খাঁটি ব্যবহাবের কোন ধারণা আমাদেব নাই, এমন কি কোন্ উদ্দেশ্য সাধনের জন্য জ্ঞান ও শক্তিকে নিয়োজিত কবিয়া তাহাদিগকে কার্য্যকরী কবিয়া তোলা যাইবে তাহাও আমরা বুঝি না। আমাদের আম্মজ্ঞানের অপূর্ণতা অবস্থা আরও শোচনীয় করিয়া দিয়াছে; আম্মজ্ঞান যেটুকু আছে তাহা একদিকে যেমন সামান্য এবং অতি অপুচুব অনাদিকে তেমনি হাহা আমাদেব সন্তার বহিন্তলে আবদ্ধ; আমাদের প্রাতিভাসিক ও বহিশ্চব সত্তা এবং প্রকৃতিব জ্ঞানমাত্র তাহাতে আছে, আমাদের খাঁটি আথাও উদ্দেশ্যের জ্ঞান নাই। মানুষেব আম্মজ্ঞান এবং আম্বানিয়ন্ত্রণের শক্তি নাই, জগৎজ্ঞান ও জগৎশক্তি ব্যবহাবেব উপযুক্ত জ্ঞান এবং যথার্থ সম্ভ্রন্পও নাই।

ইহা শ্ৰুষ্ট যে আমাদেব বৰ্তুমান এই প্ৰাকৃত অবস্থা জানেবই একপ্ৰবাৰ यनम। কিন্তু তাহা भविদ্যা খাবা পরিবৃত এবং यাক্রান্ত শীমিত জ্ঞান : এজন্য ্রাহা অনেকটা অবিদ্যাবই পর্য্যায়ে আসিয়া পডিযাছে। বড়জোব বলিতে পারি যে তাহা জ্ঞান ও অজ্ঞানের একটা মিশ্রণ। ইহা অন্য কিছু হইতেও পাবিত না কেননা জগৎ সম্বন্ধে আমাদের জ্ঞান ভেদদশী বহিস্থবের পর্য্যবেক্ষণ হইতে জাত হইযাছে এবং পরোক্ষ সংস্পর্ণ ছাড়া তাহ। লাভ করিবার অন্য উপাব আমাদের নাই ; আমাদেব নিজেদেব সম্বন্ধে জ্ঞান অধিকতৰ সাক্ষাৎভাবে লাভ হইলেও তাহা ব্যর্থ হইয়া পড়ে, কেননা তাহা আমাদের বহিশ্চৰ সত্তাব মধ্যে আবদ্ধ. তাহা আমাদের আশ্বার সত্য স্বরূপ জানে না, আমাদেব প্রকৃতিব মূল উৎসের খবর রাখে না, আমাদের কর্মপ্রেরণা কোথা হইতে আসে তাহা বুঝে না। ইহা খবই স্পষ্ট যে আমাদেব নিজেদের সম্বন্ধে আমাদের যে জান আছে তাহা নিতান্তই ভাসাভাসা — আমাদের চেতনা এবং ভাবনাব উৎস আমাদের কাছে মজানা বহস্য, আমাদের মন. স্দ্যাবেগ ও ইক্রিয়ানুভূতিব খাঁটি পুকৃতি অজানা বহস্য, আমাদের সন্তার আদি কারণ কি, শেষ উদ্দেশ্য কি, আমাদের জীবনের এবং তাহার ক্রিয়াধাবার অর্থ কি তাহাও অজানা রহস্য ; যদি আমাদেন খাঁটি সাম্ব-জ্ঞান এবং খাঁটি জগৎজ্ঞান থাকিত তবে এরূপ হইত না।

# मिवा कीवन वार्खा

যদি এই সঙ্কোচ ও অপূর্ণতার কারণ অনুসন্ধান করি তবে দেখিতে পাই যে আমরা আমাদের সত্তার বহিস্তরেই কেন্দ্রীভূত হইয়া আছি ; আমাদের আম্বার গভীর প্রদেশ আমাদের সমগ্র প্রকৃতিব গোপন সত্য আমাদের বহিন্দ্র চেতনার দারা স্ট এক আবরণের পশ্চাতে আমাদের নিকট হইতে লুকানে আছে ; অথবা হয়ত আমাদের বৃহত্তর সম্ভার উদারতর এবং গভীরতর সত্যের আক্রমণ হইতে বাঁচাইয়া যাহাতে দেহমনপ্রাণকে অহংকেন্দ্রিক ব্যষ্টিভাবারক ক্রিয়া অনুসরণ করিবার স্থবিধা দেওয়া যায় সেইজন্যই এ দেওয়াল স্বষ্ট হইয়াডে এই দেওয়ালের মধ্যে যে দু-একটি ফাঁক বা রন্ধু আছে কেবল তাহার মধ্য দিয়াঃ আমরা অন্তরাম্বার এবং অন্তবস্থিত সত্যের দিকে তাকাইতে পারি কিন্তু সাধারণত একটা বহস্যময় নিষ্প্রভ আলোক ছাড়া আন কিছু তথায় দেখিতে পাই ন। আবার আমাদের অহংকেন্দ্রিক ব্যষ্টিভাবকে একদিকে গভীরে স্থিত নিজেন্ট অশ্বয় অনন্ত আত্ম। অপুৰ দিকে বিশুগত অনন্তের হাত হইতে বাঁচাইনাৰ জন্য আমাদের প্রাকৃত চেতনাকে সতর্ক থাকিতে হয়। ভেদভাবের এক দেওয়াল তোলে, তাহাব অহংকে কেন্দ্র করিয়৷ যাহা নাই তাহাদিশকে অনামা বলিয়া এ দেওয়ালের বাহিরে নির্বাসিং করে। কিন্তু অনাশ্বাকে লইয়া তাহাকে বাস করিতে হয়—সে অনাশ্বাবই অধীন এবং আশ্রিত এবং অনাক্সার মধ্যেই তাহার বাস--সেই জন্য তাহাৰ সঙ্গে যোগাযোগের পথও তাহাকে খুলিয়া রাখিতে হয়; তাহা ছাড়া অনাখা তাহাকে যে প্রয়োজনীয় বস্তু দিতে পারে তাহা সংগ্রহ করিবার জন্য দেহেন মধ্যে অহংএর এবং আত্মসীমার যে দেওয়াল সে তুলিযাছে তাহার বাহিবে তাহাকে আসিতে হয়। যাহা কিছু তাহাকে চারিদিকে ঘিরিয়া আছে তাহা-দিগকে বশে আনিয়া যতটা সম্ভব ব্যষ্টি এবং সমষ্টিগত মানব-জীবন এবং অহ<sup>\*</sup>-এর ভুত্তারূপে খাটাইবার জন্য যে কোন উপায়ে তাহাদিগকে যতটুকু পাশে জানিতেই হয়। বাহিবের সচ্চে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপনের এবং জগৎকে বা বহিঃস্থিত অনান্ধাকে পর্য্যবেক্ষণ এবং তাহাদেন উপন ক্রিয়। করিবার জন্য (प्रञ. हेक्किर्यंत्र चारतत मेथा पिया किल्नारक अर्थ (प्रयः। मन এ-अर्थ व्यवहान করে এবং ইহার অনুপ্রকশ্বরূপ অনা উপায়ও আবিষ্কার করে; এই ভাবে মন কোন একটা কাঠামো, জ্ঞানের একটা কোন ধারা গড়িয়া তোলে, ইহাদাবা তাহার সাশু পুযোজন সিদ্ধ হয়, অথবা এই বিরাট অনাশ্বীয় পরিবেশকে যথা-সম্ভব সংশত বশে মানিয়। তাহাকে কাজে লাখায় এবং যেখানে তাহা সম্ভব

#### ভাদাত্মা জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

ना इय जना**ভাবে जन्नज: कात्रवा**त চালাইবার জন্য যে সাধারণ ইচছা তাহার আছে তাহাকে এই কাঠামে। সাহায্য করে। কিন্তু যে জ্ঞান লাভ করে তাহা কেবল বাহ্য বিষয়ের ; আবার সে-জ্ঞান বস্তুব বহিস্তরে অথবা তাহার অব্যবহিত নিমুবর্তী তলে সীমাবদ্ধ, তাহা ব্যবহারিক, সীমিত এবং অনিশ্চিত। বিশ্ব-শক্তির আক্রমণের অভিষাত হইতে বাঁচিবার জন্য আম্বরক্ষার যে উপায় সে করিয়া বাখিয়াছে তাহাও পূর্ণ বা নিরাপদ নয়; 'বিনানুমতিতে প্রবেশ নিষেধ' এই বিজ্ঞাপন তাহার দরজায় টাঙানে। থাকা সত্ত্বেও জগৎ সৃস্থা ও অদৃশ্যভাবে আসিয়া তাহাকে আক্রমণ করে। সেই অনাম্বা আসিয়া তাহাকে ঘিরিয়া ধরে এবং আপন ছাঁচে তাহাকে ঢানাই করে, তাহার চিন্তা, সঙ্কলপ, হৃদয়াবেগ, প্রাণশক্তির ভিতরে অপর মানুষ এবং বিশুপুকৃতি হইতে ভাবনা, সঙ্কলপ, আবেগ, প্রাণের অভিঘাত এবং সর্বপ্রকার শক্তিব তরঙ্গ বা প্রবাহ আসিয়া অনুপ্রবিষ্ট হয়। তাহার আন্ধবক্ষার জন্য দেওযাল, তাহাকে আবরণ করিবার দেওয়াল হইয়া পড়ে এবং এই দেওয়ালই প্রস্পবের ক্রিয়া-প্রতিক্রিয়া জানিতে দেয় না ; যাহা শুধু ইন্দ্রিয়ের দ্বাবপথে অথবা অনিশ্চিত মানস-প্রত্যযেন মধ্য দিয়া আসে অখবা ইন্দ্রিযেন দেওয়া উপাদান হইতে যাহা সে স্বনুমান করিতে ব। গড়িয়া তুলিতে পারে তাহাই মাত্র যে জানে : আর সমস্তই তাহাব কাছে নিশ্চেতনের অন্ধকারে ঢাকা শুন্যতা। আপনাকে বন্দী এবং আপনাকে রক্ষা করাব জন্য বহিশ্চব অহংএর গীমার যে জোড়া দেওুয়াল আমরা তুলিয়াছি, তাহাই আমাদের শীমিত জ্ঞান বা অবিদ্যাব হেত, এই নিজ-স্বষ্ট কারাগারে বন্দী থাকাই যদি আমাদের সমগ্র সভার প্রকৃতি হইত তাহা হইলে অবিদ্যাকে দূর করা অসম্ভব হইত। কিন্তু প্রকৃতপক্ষে চিংশক্তি সূৰ্বদা এই যে বাহিরের ক্ষেত্রে একটা অহংকে গড়িয়া তুলিয়াছে ইহা একটা সাময়িক কৌশল বা আয়োজন; ইহার উদ্দেশ্য জড়পুকৃতির মধ্যে, আমাদের মধ্যে গোপনে অবস্থিত জীবায়ার একট। প্রতিরূপ না প্রতিনিধি এবং যান্ত্রিক রূপায়ণকে খাড়া করা, স্বিদ্যাচ্ছনু পুক্তিব নধ্যে একটা সাময়িক ব্যষ্টিভাবকে প্রতিষ্ঠা করা; বিশ্বব্যাপী নিশ্চেতনের মধ্য হইতে যে জগৎ উন্মিঘিত হইয়া উঠিতেছে তথায় প্রথমে ইহাই কেবল করা যাইতে পারে। যে অনুপাতে আমাদের সীমিত অহং এবং তাহার অর্ক এর চেতনা, ভিতরের বৃহত্তব খাঁটি আন্নসত্তা ও চেতনার দিকে নিজেকে মেলিয়। দিতে পারে এবং বাহিরের অনামাকে ও আপনার আদা বলিয়া জানিতে পারে সেই পরিমাণে

#### দিব্য জীবন বাৰ্ছা

দেখিতে পারে যে, একদিকে জীব প্রকৃতি যাহার কুক্ষিগত সেই বিশুপুকৃতি এবং অন্য দিকে অমেয় সংস্করপ এ উভয়ই আমাদের আত্মসন্তার বিস্তাব, কেবল সেই অনুপাতে এবং সেই পরিমাণে আত্মা ও জগৎ সম্বন্ধে আমাদের প্রাবিদ্যা পূর্ণাঙ্গ আত্মজ্ঞান এবং পূর্ণজগৎ জ্ঞানের দিকে গড়িয়া উঠিতে থাকে। আমাদের সন্তাকে নিজ হাতে গড়া অহংচেতনার দেওয়াল ভাঙ্গিতে হইবে, তাহার দেহেল কুদ্র পরিসর অতিক্রম করিয়া তাহাকে বিশুদেহে বাস করিতে হইবে। পরোক্ষ সংস্পর্ণ হারা লব্ধ জ্ঞানেব স্থানে অথবা সেই জ্ঞানেব সঞ্চে তাহাকে সাক্ষাৎ সংস্পর্ণ-জাত জ্ঞান লাভ কবিতে হইবে এবং একস্ববোধজাত জ্ঞানে পৌ ছিতে হইবে, তাহার সীমিত সান্ত আত্মাকে সীমাহীন সান্ত এবং অনন্ত হইতে হইবে।

আত্মবোধ এবং জগৎবোধ এই যে দুই পথে চেতনাৰ অভিযান চলিযাছে ইহার মধ্যে আশ্ববোধই প্রথম প্রয়োজনরূপে দেখা দেয় কারণ আপনার মধ্যে আম্বলাভ করিতে পারিলে হিতীয়টি অর্থাৎ বিশ্বেন মধ্যে আম্বলাভ পূর্ণরূপে সম্ভব হইতে পারে, আমাদিগকে আমাদের অন্তব সত্তাব মধ্যে অনুপ্রবিষ্ট হইতে হইবে, সেখানে বাস করিতে হইবে এবং তথায় থাকিয়াই বাহিরেব সঙ্গে সম্বন্ধ স্থাপন কবিতে হইবে; তথন প্ৰাকৃত দেহ-মন-প্ৰাণ আমাদেন চেতনার বহিবানিরূপে মাত্র বর্ত্তমান পাকিবে। বস্তুত আমরা বাহিরে মাহ। কিছু হইযাছি তাহ। ভিতৰ হইতে আমাদের অন্তবেৰ গভীৰ রহস্যময় গোপন প্রদেশ হইতে নিয়ন্ত্রিত হইষাছে, তাহাই আমাদের সকল কার্য্যের গোপন উৎপত্তিস্থান, সেখান হইতে পাই স্বতঃপবিণামী রূপায়ণসমূহ, পাই প্রেরণা, বোধির আলোক, জীবনের উদ্দেশ্য ও एक ; তথা হইতেই উদুদ্ধ হইয়া মন কিছু বরণ কবিয়া নেয, ইচ্ছাশক্তি কোন-কিছু বাছিয়া নেয়, অবশ্য জগৎ হইতেও অভিযাতেৰ তরঙ্গ তেমনিই গোপনভাবে আসিয়া দুঢ়তা সহকাবে আমাদিগকে খনেকটা প্রভাবিত করে আমাদেব মধ্যে খনেক কিছু গড়িয়া তোলে, কিন্ত বাহির হইতে যাহা পা<sup>.</sup>ওয়া যায না এমন জিনিঘেব প্রেরণা আমাদের ভিতর হইতে আসে, কিন্তু আপ্নশক্তির এই উন্নেম্ম এবং বিশুশক্তির এই প্রভাব ব্যব-হারিক জীবনে আমাদের বহিঃপ্রকৃতির মারা কতকটা বিশেষিত, অনেকটা নিরূপিত এবং সর্বোপরি অত্যন্ত গীমিত হইয়। আসে। অতএব যে অন্তরাকা হইতে কাজের প্রবর্ত্তনা আসে তাহার জ্ঞান, আমাদের বহিঃস্থিত যান্ত্রিক আন্ধার খাটি ধারণা এবং এই উভয়ে কি ভাবে আমাদিগকে গঠিত করিয়া তোলে, এসমস্থ আমাদিগকে আবিষ্কার করিতে হইবে।

#### তাদাশ্য জ্ঞান ও ভেদদশী জ্ঞান

সাধারণতঃ আমাদের আদ্ধা বাহিরে যেটুকু মূর্ত্ত হইয়া উঠিয়াছে তাহাই মাত্র আমরা জানিতে পারি কিন্তু তাহারও ৬৬ এক অংশ আমাদের জ্ঞানের গোচরে আসে; কেননা, আমাদেব সমগ্র বহিঃসূত্র আমাদের কাছে সাধারণতঃ একটা অস্পষ্ট পটভূমিকা ; তাহার মধ্যে নিশ্চিত বা সঠিক জ্ঞানের আলোক কোন কোন রূপরেখায় বা কোন কোন বিন্দতে মাত্র দেখিতে পাওয়া যায়। এমন কি যখন আমর। অন্তরে দৃষ্টিপাত এবং অন্মেঘণ কবিয়া দেখি তখনও কতকগুলি খণ্ডিত বেখাচিত্রের সমষ্টিমাত্র দেখিতে পাই, আমাদেব ব্যক্তিসন্তার পর্ণরূপ দেখিতে পাইনা বা তাহার পূর্ণ অর্থবোধ হযনা। আবাব এই দীমিত মান্বজ্ঞানের উপর অবিদ্যাব একটা শক্তি ক্রিয়া করিয়া ইহাকে আবও অস্পষ্ট ও বিক্ত কবিয়া দেয় ; যাহা চিন্তাশীল মনকে নিজেব দাস কবিয়া যন্ত্ৰেব মত সৰ্ব্বদা খাটাইযা নিতে চায় আমাদের সেই বহির্মুখ প্রাণ-আত্মা বা প্রাণময় সত্তার নিযত প্রতিষাতে এবং অনাহত প্রবেশে আমাদেব আম্বদর্শনের নির্ম্মলতা কলুমিত হইযা উঠে, কাবণ এই প্রাণময় সন্তা আম্বক্তান চায়না, নে চায় আম্বপ্রতিষ্ঠা, কামনার প্রপ্রণ, অহংএব পবিতৃপ্তি। তাই নিজের এই সমস্ত উদ্দেশ্য সিদ্ধির জন্য যাহাতে প্ৰাতিভাসিক আম্বান একটা মনোময প্ৰতিকৃতি গড়িয়া উঠে সেজন্য সব্বদা মনের উপব সে ক্রিয়া করে: যাহ। আমাদেব আম্বপ্রতিষ্ঠার আশ্রয়-পদ্ধপ হইবে, কামনা এবং তাহার ক্রিয়াবলিকে সমর্থন কনিবে, সহংবোধকে পষ্ট করিবে আমাদেব নিজের অংশত মিখ্যা তেমন এক প্রতিরূপ, আমাদের এবং অপরের সুমুখে উপস্থাপিত কবিবার জন্য মনকে প্রবোচিত করে। প্রাণের এই হস্তক্ষেপের লক্ষ্য কেবল আন্ধ সমর্থন ও আন্ধ্রপ্রতিষ্ঠা নয়; থনেক সময় আন্থনিন্দা এবং মতিবঞ্জিত ও বিঘাদপীড়িতভাবে আন্থসমালোচনাব দিকেও তাহার ঝোক পড়ে; ইহাও অহংএব একপ্রকাব বিলাস, বিপবীত-ম্ধী বা নেতিধৰ্মী অহংএব খেলা, প্ৰাণম্য অহংএব একটা ভাব বা ভৰ্ফা। কেন্না এই প্রাণময় অহং অনেকসময় হইয়া দাঁড়ায় প্রভারক ও ভণ্ড, সে নানা ভঙ্গী ও নাটকেপনা দেখায়; সে যেন সবসময় কোন ভূমিকা গ্রহণ কবিয়। নিজের এবং অপরেব সম্মুখে অভিনয় করিয়া চলে। স্তর্গঠিত আম্ব-অজ্ঞানেন দঙ্গে এক স্বগঠিত আত্মবন্ধনা এইভাবে জুড়িয়া দে ওয়া হয় ; এই অস্পষ্টতা এবং জটপাকানো জটিলতা হইতে নিচ্চৃতি কেবল তখনই পাই যখন আমরা অন্তরের নধ্যে অনুপ্রবিষ্ট হইয়া তাহাদের উৎসমূলে গিয়া সকলকে দেখিতে পাবি।

कार्तन जामारानत मरक्षा এक वृष्टबत मरनामग्र मछा, अखत्रजत এবং वृष्टबत

# पिया जीवन वासी

এক প্রাণময় সত্তা, এমন কি বাহ্য দেহচেতনা হইতে অন্যতর অন্তরতর এবং বৃহত্তর এক সূক্ষ্যভূতময় গত্তা আছে ; তাহাদের মধ্যে অনুপ্রবিষ্ট হইয়া অখনা একত্ববোধের দ্বারা তাহাদের সহিত এক হইয়া আমরা আমাদের সংবেদন ও ভাবনার উৎস আবিষ্কার কবিতে, কোণা হইতে কি উদ্দেশ্যে কর্ম্মের কোন প্রেরণ। আদে তাহ। জানিতে, শক্তির যে ক্রিয়াধারাতে আনাদের মধ্যে বহিশ্চন ব্যক্তির গডিয়া উঠে তাহাব সন্ধান পাইতে পারি। কারণ যে আমাদের মধ্যে शीপनভाবে দ<del>র্</del>শন ও মনন করে অন্তরের সেই মনোময় সন্তা, যে আমাদের মধ্য দিয়। গোপনে অনুভব কৰে এবং বাহ্য-প্রাণের উপন ক্রিয়। করে সেই शानमय गढ़ा, य जामारेनन राम्य । ই क्रियन मधा मित्रा नञ्जन मःर्र्भ नाउ करन এনং তাহাতে সাডা দেয় সেই সুক্ষাভূতময় সন্তাকে আমনা আবিবাব কবিতে এবং জানিতে পারি। আমাদের ভিত্তব হইতে যে সমস্ত আবেগ ও প্রেবণ। সাসে এবং বাহির হইতে যে সমস্ত অভিঘাত আমন। গ্রহণ করি তাহার। একত্র হইয়া আমাদের বহিশ্চর ভাবনা, সংবেদন ও জদ্যাবেগের মধ্যে একট বিশুখলা ও জাটলতা স্কট্ট কবে, এ সমস্তকে আমরা ভালভাবে ওছাইয়া তুলিতে পারিনা, গুছাইনা ভোলার ভাব যে যুক্তিবৃদ্ধিব উপর তাহা কেবল একটা অপূর্ণ শুখালায ইহাদিগকে আবদ্ধ কবিতে পাবে; কিন্তু এখানে এই অন্তবের ক্ষেত্রে আমাদেৰ মনোময, প্ৰাণময় ও অনুময় শক্তিৰ ভিনু ভিনু উৎপত্তিস্থান দেখিতে পাই, তাহাদের ক্রিযার বিশুদ্ধ ধারা, প্রত্যেকেব বিশিষ্ট শক্তি ও স্বতন্ত উপাদান এবং তাহাদের প্রস্পরের মধ্যে ক্রিয়া-প্রতিক্রিয়া আত্মদৃষ্টির স্ক্রস্পষ্ট আলোকে আনাদেব কাছে পরিস্ফুট হইয়া উঠে। আমরা তখন দেখিতে পাই যে আমাদেব বহিশ্চন চেতনায় যে নানাবিবোধ এবং সংগ্রাম রহিয়াছে তাহা প্রধানতঃ আনা-দের মনোময়, প্রাণময় ও অনুময় অংশ-সমূহের পরস্পর বিনোধী ভাব, প্রবণতা বা শক্তিন--- যাহাদেন মধ্যে আজিও সামগুদ্য স্থাপিত হয় নাই--- সংঘাত হইতে জাত, থাবাৰ ভাহাৰ কাৰণ নানাপ্ৰকার প্ৰবৃত্তির এবং বিভিন্ন প্ৰবণতায়ক্ত আমা-দের বহিঃপ্রকৃতির সম্ভবালে স্থিত আমাদের সম্ভব সন্তার বহুবিভিন্ সম্ভাবনাৰ এমন কি সত্তাৰ প্ৰতিস্তাদে স্থিত বিভিন্ন ব্যক্তিত্বের বিরোধ। কিন্তু বাহিরে এ সমস্ত ক্রিস। মিশিয়া জান্লিতা, বিশুখন। এবং বিরোধ স্বাষ্ট করিলেও, এই-খানে আমাদের সম্বরের গভীবে তাহাদেব প্রত্যেকেন স্বতন্ত্র এবং বিভিনু পুকৃতি এব' ক্রিয়া লক্ষ্য করিয়া আমাদের মধ্যে মনোনয় প্রাণ-শরীর-নেতা\*

<sup>\*</sup> मुखरकार्शनियम ( २।२।१ )

# তাদাস্য জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

্ষ পুরুষ আছেন তাহার হারা—অখবা আরো ভাল হয় যদি আমাদের কেন্দ্র-স্থানীয় চৈত্যপুরুষের হারা ইহা করা হয়—এ সমস্তকে সামঞ্জস্য ও স্তৃসঞ্চতিতে আনা তেমন কঠিন ব্যাপার আর থাকে না,অবশ্য যদি এ-সাধনার পিছনে আমাদের চৈত্যিক এবং মনোময় সম্কল্পের খাঁটি জোর খাকে ; এইখানে আমাদের সতর্ক খাকিতে হয কেননা আমাদের প্রাণময অহংএর প্রেরণায যদি আমরা অধিচেতন স্তার মধ্যে অনুপুরিষ্ট হই তাহা হইলে সমূহ বিপদ বা বিপর্য্য ঘটিতে পাবে, অন্ততঃপক্ষে আমাদেৰ অহংকাৰ, বাসনা এবং আত্মপ্রতিষ্ঠাৰ আকাঞ্জন। অতি-মাত্রায় বৃদ্ধি পায় এবং বিস্তৃত ও শক্তিশালী জ্ঞানের স্থানে বিস্তৃত ও শক্তি-শালী অজ্ঞান আদিয়া উদ্ধ হয়। তাহা ছাড়া, যাহা ভিতৰ হইতে উবিত হয় এবং যাহা বাহিরের অপন জীব বা বিশুপুকৃতি হইতে আলে ভাহাদিগকে পৃথক করিয়া প্রতাক্ষরপে দেখিবাব শক্তি এই অন্তব সভা বা অধিচেতন পুরুষের আছে; তাহার পক্ষে শাসন বা নিমন্ত্রণ এবং নিব্বাচন করা সম্ভব, গুহণযোগ্য বিষয় গ্রহণ, বর্জনযোগ্য বিষয় বর্জন, নির্বাচনযোগ্য বিষয় নিব্বাচনের শক্তি তাহার আছে, সকলকে দামগুদ্য কবিয়া নিজেকে গডিয়। তোলার সামর্থ্য তাহাতে স্পষ্টভাবে বিদামান; এ শক্তি বিশেষভাবে এই অন্তরপুরুষেবই আছে, নানাভাব ধারা গঠিত বহিশ্চর ব্যক্তিচেতনাব যে শক্তি নাই, তাই সে এ সমস্ত কিছু কবিতে পাবে না অথবা অতি অসম্পূর্ণভাবে যল্প-কিছু মাত্র কবিতে পারে। কারণ এইভাবে গভাঁবে প্রবেশ কবিতে পারিলে অন্তব্যতা আর পূর্ণ আবৃত পাকে না. সে যতা এখন ফেরপ আমাদের বাহিরের যান্ত্রিক চেত্নাব মধ্যে ক্ষীণ বা গঙ প্রভাব বিস্তাব কবিতে বাধ্য হইতেছে তাহার স্থানে জড়জগতের মধ্যস্থিত আমাদের জীবনে আরও যালোকোজ্ম্বল ভাবে নিজেকে প্রতিষ্ঠাত কবিতে পাবে।

মূলতঃ অন্তরপুক্ষের জ্ঞানের এবং বাহ্যমনের উপনভাসা জ্ঞানের উপাদান একই, কিন্তু ভেদ এই যে, বহিন্দুপ জ্ঞান অপ্পষ্ট, আলো ও আনারের তাহা নিশ্রণ, তাহা অর্ধঅন্ধ; আর আরও সাক্ষাৎভাবে আরো শক্তিশালী সম্বের মধ্য দিয়া লব্ধ বলিয়া এবং জ্ঞানের উপাদানসমূহ তাহাতে অধিকতর ছন্দোনযভাবে স্লস্কৃত্বিত থাকাতে অন্তরপুক্ষের জ্ঞানে চেতনা এবং দৃষ্টির স্লচ্ছতা অনেক অধিক। বাবহারিক চেতনায় একছবোধ হইতে যে জ্ঞান জাত হয় তাহাতে আমাদের আন্ধ্রসভার একটা ফ্লাণ এবং অপ্পষ্ট বোধ বর্ভ্রমান থাকে এবং সম্ভরের গতিবৃত্তির সহিত আমান অতি আংশিকভাবে একাশ্বতা বোধ কবি; অন্তরসভার

# দিব্য জীবন বার্ত্তা

জ্ঞানে এই সম্পষ্ট মৌলিক বোধ এবং সীমিত অনুভূতি গভীরতা এবং বিস্তান-লাভ করিয়া অন্তরস্থিত সমগ্র সতার স্বাভাবিক সাক্ষাৎ এবং স্কুম্পষ্ট জ্ঞানে পবি-ণত হয়, তখন আমর। সচেতন ভাবে আমাদের সমগ্র মনোময় ও প্রাণময় সত্তান পূর্ণরূপে অনুপ্রবিষ্ট হইয়া তাহাকে অধিকান কনিতে আমাদের মন ও প্রাণশক্তির সম্প্র গতিবৃত্তিন মধ্যে অপরোক্ষ ও অন্তনঙ্গতাবে প্রবেশ করিতে এবং চারি-দিক দিয়া ঘিরিয়া ধবিয়া তাহাদেব সাক্ষাৎ-সংস্পর্শ লাভ কবিতে পারি ; আমাদের সকল পরিণতি না সম্ভৃতির, আমাদের প্রকৃতিন বর্ত্তমান স্থবে অবস্থিত পুরুষের পূর্ণ আত্মপুকাশের সঙ্গে আমরা আরো স্বাধীনভাবে অধিকতৰ জ্ঞানের সহিত অধিকত্তব স্পষ্ট ও অন্তবঙ্গভাবে যুক্ত হইতে এবং তাহাই হইষা যাইতে পাবি। আবাৰ এই অন্তরন্ধ জ্ঞানের সঙ্গে, পুরুষেৰ সাক্ষীরূপে অবস্থিত হইযা৷ পুকৃতিৰ ক্রিয়াকে অনাসক্তভাবে দেখাব শক্তিও আছে বা থাকিতে পাবে এবং জ্ঞানেব এই যুগলধানাৰ ফলে পূৰ্ণভাবে জানা ও শাসন কবিবার বৃহৎ সম্ভাবনা দেখা দেয়। সম্পূর্ণ অনাসক্তভাবে বহিশ্চন সত্তান সকল গতিবৃত্তিকে দেখিবান শক্তি লাভ হয় কিন্তু তৎসঞ্চে চেতনাৰ এমন একটা সাক্ষাৎ দৃষ্টি আসে যাহাৰ ফলে ৰহিশ্চৰ চেতনায় যে আন্ধরঞ্চনা এবং আত্মন্রান্তি থাকে তাহা দূর করা যায়। আমাদের অন্তর্মধীন পরিণতিতে মনের এক তীক্ষতন দৃষ্টি ছার্গে, আমাদের অন্তর্মুখীন সম্ভূতির (Subjective becoming) মনোন্য অনুভূতি ও সংবেদন হয় অধিকতৰ স্পষ্ট স্থানিশ্চিত এবং খানি, সে দৃষ্টি সে অনুভূতি আমাদের সম্প্র প্রকৃতিকে যুগপৎ জানিতে, আদেশ দিতে এবং শাসন কবিতে পারে। যদি আমাদের মধ্যকান চৈত্যিক এবং মনোনয় অংশ শক্তিশালী হয় ভাষা হইলে প্রাণের কামনা-বাসনাব উপর এমন প্রভুত্ব স্থাপিত হয়, তাহাদিগকে এমনভাবে নিয়ন্ত্রিত করিতে পারা যায় যাহ। বহি চব মনের স্বপ্রেবও অগোচর ; এমন কি এই অন্তর্রত্ব মন ও ইচছাশক্তি দেহ এবং জড়শক্তিকে গ্রহণ করিয়া অন্তরান্ধা বা চৈতাপুৰুষের আরও সাবলীল ও নমনীয় যন্ত্রে রূপান্তবিত করিতে পারে। भकाश्वरव यमि मरनामय এবং চৈত্যিक **यश्य मुर्खिल এবং** প্রাণচেতনা প্রবল এবং উচছখন হইয়া পড়ে, তাহ। হইলে অন্তরতর প্রাণে প্রবেশের জন্য শক্তি বাড়ে বটে কিন্তু বিবেক এবং অনাসক্তদৃষ্টির অভাব থাকিয়া যায়; তখন শক্তি এবং প্রসারতা বাড়িলেও জ্ঞানেব মধ্যে আবিলতা এবং মলিনতা আগিয়া পড়ে, সে-জ্ঞান তথন ভুল পথে চালার : বৃদ্ধিযুক্ত আশ্বশাসন ব। আশ্বসংযমের স্থানে এক অনিযত উচছুখল আবেগ অথবা দুচুত্রপে সংযমিত কিন্তু বিপুর্থগামী

# ভাদাসা জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

অহমিকার ক্রিয়াধারা আসিয়া পড়ে। কেননা অধিচেতনাতেও আছে জ্ঞান এবং অজ্ঞানের মিশ্রণ; ইহাতে যেমন বৃহত্তব জ্ঞান আছে তেমনি বৃহত্তর এক অহংএর প্রতিষ্ঠাও হইতে পাবে বলিয়া বৃহত্তব অজ্ঞান আসিয়া পড়িবার সন্তাবনাও আছে। ইহার কারণ, যদিও এখানে জ্ঞানের প্রসারতাবৃদ্ধি খুব স্বাভাবিক কিন্তু সে জ্ঞান পূর্ণাঙ্গ জ্ঞান নম; সাক্ষাৎ সংস্পর্ণ হইতে জ্ঞানলাভই অধিচেতনার প্রধানশক্তি কিন্তু তাহা সেই পূর্ণজ্ঞানলাভেব পক্ষে প্রচুর নয়; কেননা যেমন তাহাতে বিদ্যাব বৃহত্তর পবিণতি এবং শক্তিব সহিত সংস্পর্ণ হইতে পারে তেমনি অবিদ্যার বৃহত্তর পবিণতি ও শক্তির সংস্পর্ণ লাভও সম্ভব হয়।

কিন্তু অধিচেতন সত্তা জগতের সঙ্গে সাক্ষাৎ সংস্পর্শ দ্বারা অধিকতন ভাবে যুক্ত হইতে পারে; বহি\*চব মনেব মত ইদ্রিয়দ্বারা গৃহীত রূপ ও স্পাদকে ব্যাপা। করিয়া এবং তাহার অনুপূবক হিসাবে মনোম্য ও প্রাণ্ময় বোধি ও যুক্তিব সহায়তা গ্রহণ করিয়া তাহাকে জগতের পবিচয় লইতে হয় না। বস্ততঃ অধিচেতন প্রকৃতিতে রূপ বস গদ্ধ ম্পর্শ ও শব্দগ্রহণের সৃক্ষ্য অন্তবেক্রিয় সাছে; কিন্তু সে সমস্ত ইন্দ্রিয়শক্তি জডম্য পনিবেশ হইতে বস্তুব প্রতিরূপ গ্রহণের মধ্যে আবদ্ধ নয়; তাহার৷ দীমিত বাহোদ্রিয় যতদ্র পর্যান্ত যাইতে পারে তাহার বাহিবে অখবা সত্তাব অনাভূমি বা লোকে অবস্থিত বস্থব রূপময়, শব্দম্য বা স্পর্শ ময় এবং অনাভাবন্য প্রতিক্রপ এবং স্পন্দন আমাদেন চেতনাব নিকট উপস্থাপিত কনিতে পাবে। অন্তবেব এই ইন্দ্রিযশক্তি যে সমস্ত ছবি, দৃশ্য বা শব্দ স্পটি বা চেতনাব কাড়ে উপস্থিত করে তাহা অনেক সময় বাস্তৰ অপেক্ষা অধিকত্ত্ব কপে প্রতীকেন কাজ করে, অথবা তাহা যে সম্ভাবনা এখনও ন্ধপায়িত হয় নাই তাহাৰ খবর, অপব কোন যত্তা বা জীবের ভাবনা চিন্তা বা সংকলেপৰ ব্যপ্তনা অথবা বিশুপুক্তিৰ শক্তি বা সম্ভাবনাৰ প্ৰতিৰূপ খানিয়া চেত্ৰনাৰ কাছে হাজিব কবিতে পারে ; জগতে এমন কিছু নাই যাহ। त्म प्रिटिण ना शाय यथवा याद्यात क्ष्मिय श्रुण्डिवित्र कृतिहेंगा जुनिएल यथवा তাহার ইন্দ্রিযগ্রাহ্য রূপায়ণ গড়িয়া তুলিতে না পাবে। বস্ততঃ অধিমানসের চিন্তাসংক্রমণ, পরচিত্তজান, দ্বদর্শন পুভৃতি অনেক অলৌকিক বৃত্তি বা শক্তি আছে যাহা বহি\*চর মনেব নাই; আমাদেব বহির্থ ব্যক্তির ব্যক্তিভাব বন্ধার অন্ধ সাধনার দারা তাহার নিজের এবং সত্তাব অন্তরতর প্রদেশের মধ্যে যে দেওয়াল তলিয়াছে শুৰ্ তাহার কোন ফাঁক বা ফাটলের ভিতর দিযা বহিশেচতনায় এ সমস্ত সিদ্ধি বা শক্তিন প্রকাশ হইতে পারে। ইহ। বলা প্রযোজন যে এই

#### मिवा कोवन वार्डी

জানিভার জন্য অধিচেত্রনবোধের ক্রিয়া আমাদের বহিশ্চর মনে বিশ্বখনতাবে আসিতে অথবা জামাদিগকে বিপখগামী করিতে পারে—বিশেষতঃ বহির্মন যদি এ সমস্ত ব্যাখ্যা করিবার ভার নেয়; কেননা এ মন অধিচেত্রন ক্রিমাধানাব বহস্য জানে না, যে চিহ্ন এবং ইশারা দিয়া যেভাবে ভাহার বোধ বা জান গড়িয়া উঠে সে সমস্তের অর্থ সে বুঝে না, যে রূপক বা প্রতীকের ভাষায় অধিচেত্রনা ভাহাব ভাব বাক্ত কবে তাহারও তাৎপর্য্য বোধ করিতে পারে না; অধিচেত্রনার দেওয়া প্রতিরূপে এবং অনুভব লইয়া ঝাঁটিভাবে বিচার বা ব্যাখ্যা কবিতে গোলে, বহিশ্চব মনের পক্ষে অধিকত্ররূপে বোধি, বিচক্ষণতা এবং সূক্ষা ভেদদর্শন-শক্তি লাভ করিতে হয়। তবু ইহা সত্য যে অধিচেত্রনার বৃত্তিসমূহ আমাদেন জানের পনিষি বিপুলরূপে বাডাইয়া দেয়. ইন্দ্রিযের অধীনতাপাশে বদ্ধ আমাদেন বাহাচেত্রনা যে সংকীর্ণ গতির মধ্যে সক্ষুচিত হইয়া বাস করিতেছে তাহা বহল পরিমাণে প্রমানিত করিবা৷ তোলে।

কিন্তু ইহাপেক। বড অধিচেতনাৰ দেই শক্তি যাহাৰ বলে অপর চেতন। বা বিষয়েব স্থিত তাহার সাক্ষাৎ সংস্পূর্ণ ঘটে, যে শক্তি জন্য কোন যন্ত্র বা ইন্দ্রিয়ের সাহায্য ব্যতীত, নিজেব আম্বভূত উপাদানে অনুসূতে মূল বোধশক্তিব সাহাযে। ননোনয় দৃষ্টি দ্বাবা সাক্ষাৎভাবে বস্তুকে অনুভব করিতে পারে, এমন কি কোন বস্তুকে অন্তর্গুভাবে খিবিয়া ধনিয়া তাঁহান মধ্যে গভীনতরভাবে অনুপুরিষ্ট হইয়া সেই বস্তুর অন্তবস্থিত নিগৃচ রহস্যের পরিচ্য লইয়া সে ফিরিয়া আসিতে পাবে ; তাহাব জন্য কোন বাহ্য চিচ্ন বা প্রতিরূপের সাহায্য তাহাকে লইতে হয় না, নিজেব ভাবনা, বোধ বা শক্তির অর্থাৎ তাহার নিজের মনোময় উপাদানেৰ সহিত বস্তুৰ সাক্ষাৎ আন্ধ-পরিচয় প্রদানকাৰী সংস্পর্শ বা আবেশ দ্বাবা ইহা সম্ভব হয়। যে বিশুপুকৃতি আনাদিগকে দ্বিবিষা বহিষাছে যাহা इटेंट्ड शीलन यम्भागिकिन यिष्ठांठ यांगामिन वाकिष, यांगामिन एक मन ও প্রাণশক্তির উপর নিয়ত আসিয়া পড়িতেছে, সেই বিশুপ্রকৃতির সমস্ত গোপন ও আমাদেব নিকট অদৃশ্যশক্তির এবং বিশ্বের সকল ব্যক্তি ও বস্তুর সাক্ষাৎ, অন্তরঙ্গ, সঠিক এবং স্বতঃস্ফুর্ত্ত জ্ঞান অন্তরপুরুষ এই সমস্ত উপায়ে লাভ করিতে পারে। কখনও কখনও আমাদের মনের বহিস্তলেও এমন এক চেতনার কথা জানিতে পাই যাহা দৃশ্যতঃ কোন ইক্রিয়েব সাহায্য না লইয়াই অপরের মনের চিন্তা এবং সম্ভবেৰ প্ৰতিক্ৰিয়া বা আন্দোলন দেখিতে বা অনুভবে বুঝিতে অথবা কোন বন্ধ বা ঘটনার জ্ঞান লাভ করিতে পারে অথবা সাধারণত: যাহ।

# ভাদায়া জ্ঞান ও ভেদদৰ্শী জ্ঞান

আমাদের সামর্থ্য-বহির্ভূ ত এমন কোন অলৌকিক শক্তি ব্যবহার কনিতে পারে ; কিন্তু সাধারণত: তখন এ সমস্ত শক্তির সাম্যিক অস্পষ্ট এবং প্রাথমিক প্রকাশ মাত্র হয়। আমাদের গোপন অধিচেতন পুরুষ স্বভাবতই এ সমস্ত শক্তির অধিকারী, এবং তাহাবি শক্তি বা ক্রিযাধাবা যখন বাহিরে ভাসিয়া উঠে তখনই বহি:প্রকৃতিতে ইহাদের উন্মেষ ঘটে, অধিচেতন সত্তাব যে সমস্ত ক্রিমাধার। এইভাবে বাহিরের ক্ষেত্রে উন্মিষিত হইতেছে ভাহাদের অথবা তাহাদের মধ্যে কয়েকটিব 'চৈত্যিক বা আধ্যান্ত্ৰিক রহস্য' (psychic phenomena) নাম দিয়া আংশিক আলোচনা আজকাল আরম্ভ হইযাছে কিন্ত চৈত্যসত্তা (psyche) বা অন্তবায়া বা আমাদের মধ্যস্থিত অন্তবতম পুরুষেব সহিত গাধারণতঃ এ সমস্তের কোন সমন্ধ নাই, ইহাদেব সমন্ধ আছে ভধু আমাদের অধিচেতন সন্তার মধ্যস্থ অন্তর্মন, সন্তঃপ্রাণ এবং সন্ফান্ত্তময় অংশসমূহের গহিত। কিন্তু এ সমস্ত আলোচনা যথেষ্ট ব্যাপক হইতে পানেনা অথবা তাহার ফলে কোন স্থনিশ্চিত সিদ্ধান্তও নিণীত হইতে পাবে না ; যেহেতু ইহাতে অনুসন্ধান এবং প্ৰীক্ষাৰ যে উপায় অবলম্বন করা হয়, প্রমাণের যে মান গ্রহণ কৰা হয়, তাহা বহিৰ্মন এবং প্ৰোক্ষ সংস্পৰ্শ হইতে যে জ্ঞান যে লাভ কৰিতে পারে তাহাব সম্বন্ধেই খাটে। এই অবস্থায় যে মনের কাছে তাহারা অসাধারণ অপ্রাকৃত বা অতিপ্রাকৃত এবং সেই জন্য যে মনের মধ্যে তাহাদের আবির্ভাব বা প্রকাশ বিবল, কপ্টসাধ্য এবং অপুর্ণ, সেই মনেব মধ্যে ভাহাদেব যেটকুমাত্র পুকাশ হয় তাহ্ন লইযা গবেষণাব ফল সম্বোষজনক হইতে পাবে না। এই সমস্ত স্বাভাবিক ঘটনারূপে প্রকাশ পায় সেই অন্তর চেতনা এবং আমাদের বাহ্য মনের মধ্যে যে দেওয়াল আছে তাহা যপন ভাঙ্গিয়া দিতে পানিব অথবা কেবল তখনই জ্ঞানেন এই প্রদেশের সত্য পরিচয় লাভ করিতে এবং তাহাকে আমাদের সম্পুচেতনাৰ রাজ্যের মধ্যে অন্তর্ভুক্ত কবিয়া লইতে পারিব এবং আমাদের উদ্বন্ধ প্রাকৃতিক শক্তিব ক্রিয়াধার।ব মধ্যে তাহা আনিয়া ফেলিতে পাবিব।

আনাদের বহিশ্চর নন ধারা অপর মানুষকেও প্রত্যক্ষতারে জানিবার কোন উপায় আমাদেব নাই.—-যদিও তাহাবা আমাদেব স্বজাতি এবং যদিও আমরা একইপুকার মননথর্মী এবং আমাদেব সকলের প্রাণ ও দেহ একই আদর্শে গঠিত, আমরা মানুষের মন ও দেহ সম্বন্ধে একটা সাধারণ জ্ঞান সঞ্চয় করি,

#### विवा की-न वार्ता

আমরা যে সমস্ত মানসিক আন্দোল্ন এবং আলোড়নের সহিত পরিচিত তাহাদের সহিত যে সমস্ত বাহ্য চিহ্ন দেখিতে অভ্যন্ত হইয়াছি বা নিত্য বর্ত্তমান পাকিতে দেখিয়াছি, অপরের মধ্যে তাহা দেখিয়া আমাদের সেই সমস্ত সঞ্চিত্র সাধারণ জ্ঞান প্রযোগ করিয়া তাহাকে জানিতে চেষ্টা করি; এই সংক্ষিপ্ত বিচারের অভাবপূবণের জন্য আমরা তাহার ব্যক্তিগত প্রকৃতি ও অভ্যাস সম্বন্ধে আমাদের অভিজ্ঞতা যোগ কবি, অপবের দম্বন্ধে আমর। যাহা ভাবিয়াছি ও ব্রিয়াছি আমাদের সেই আত্মন্তান সহজভাবে প্রয়োগ কবি : কথা এবং আচরণ হইতে পর্য্যবেক্ষণ এবং সমবেদনার অন্তর্দৃষ্টি হারা অনুমান করিয়া তাহার মনেব ভাব জানিতে চেষ্টা করি। কিন্তু এই ভাবে চেষ্টা কবিয়া যে ফল পাই তাহা সংৰ্বদাই অপূৰ্ণ এবং অধিকাংশ ক্ষেত্ৰে ল্মসন্ত্ৰ; বাহ্যচিক্ৰ দেখিয়া আন্দাকে অনুমান করিয়া যাহা ঠিক কবি তাহাতে প্রায়ই ভুল থাকিয়া যায়, সাধারণ জ্ঞান অথবা নিজেব জ্ঞান পুয়োগ করিয়া যাহা স্থিব করি তাহা, ব্যক্তিগত যে পার্থক্য আমবা সহজে ধরিতে পারি না তাহাব জন্য ব্যর্থ হইবা যায়, এমন কি যাহাকে অন্তর্দুষ্টি মনে কবি, দেখা যায তাহাও অনিশ্চিত এবং বিশ্বাদেৰ অযোগা। এইজনা মানুষ পরস্পবেব নিকট অপবিচিত বৈদেশিকেব মত বাস করে, বঙ জোৰ পৰম্পৰকে আংশিকভাবে জানে, ভাহাদেৰ মধ্যে থাকে সহানুভূতিৰ একট্রানি শুথ বন্ধন। আমাদেব নিজসত্তাবই জ্ঞান আমাদের অতি অলপ. আবাৰ নিজেকে যেটুকু জানি অপৰকে—এমন কি যাহাকে নিকটতম মনে কবি তাহাকে 3—জানি তদপেকা কম। কিন্তু অন্তরেব এই অধিচেতনা, আমাদেব চারিদিকে যাহাবা আছে তাহাদেব ভাবনা, বেদনা সাক্ষাৎভাবে জানিতে পারে, তাহাদের অভিযাত অনুভব কবে, তাহাদের গতি ও ক্রিয়া দেখিতে পার; তখন অপবেব মন ও জদরেব লেখা পাঠ করা অনেক সহজ হয এবং তাহাতে অনিশ্চয়তার সম্ভাবনাও অনেক কম থাকে। যাহারা একত্রে মিলিত হয় বা একত্রে বাস কবে তাহাদেব মধ্যে মন প্রাণ ও সুক্ষাভূতময় একটা আন্যোন্যবিনিময় সংবঁদা চলে কিন্তু তাহার যে অতি অলপ অংশ অভিযাত এবং অনুপ্রবেশের দারা বাক্য, ক্রিয়া বা বাহিরেন সংস্পর্শনপে ইক্রিয়গ্রাহ্য হইয়া চেতনাকে আঘাত ২। স্পর্শ কবে, তাহা ছাড়া তাহার বৃহত্তব অংশেব কোন খবর তাহারা নিজেরাই রাখে না, অধিকাংশ ক্ষেত্রে সৃক্ষ্য এবং অদৃশ্য ভাবে এই বিনিময় চলিতে থাকে. বহিশ্চেতনায় তাহা পরোক্ষভাবে ক্রিয়া করে, কেননা তাহা আমাদের অধিচেতন অংশ স্পর্ণ করে এবং তাহার মধ্য

### ভাদান্তা জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

দিয়াই বাহিরে প্রকাশ পায়। কিন্তু যখন আমরা এই অধিচেতনায় জাগিযা উঠি, তখন পরস্পরের এই ক্রিয়া প্রতিক্রিয়া মনেব ক্ষেত্রেব এই অন্যোন্যবিনিময় প্রস্পারের এই মিশ্রণের সাক্ষাৎ জ্ঞান লাভ করি, ফলে আমাদিগকে অসহায় ভাবে বা অনিচছার সহিত সে সমস্ত অভিযাত সহ্য করিতে বা সে অভিযাতের ফল ভোগ করিতে হয় না, আমরা তখন তাহাদিগকে গ্রহণ বা বর্জন বা আহা-দিগের আক্রমণ হইতে আন্ধরকা করিতে অথবা নিজেরা সে সমন্ত হইতে পর্থক হইয়া থাকিতে পারি। এখন আমরা আমাদের অজ্ঞাত্যারে বা অনিচ্ছা-সহকারে অপরের উপরে ক্রিয়া করি, অনেক সম্য আমাদেব ইচ্ছা না থাকিলেও তাহার ফল ক্ষতিজ্ঞনক হয় কিন্তু অধিমানসে অধিক্ষত হইলে সে ক্রিয়া আমাদের অজ্ঞাতসারে অনিচ্ছাসহকারে হওয়। অথবা তাহার ফলে অপবেব শ্বতি হওয়া আমবা নিবারণ করিতে পাবি, তখন সচেতনভাবে অপবকে সাথায্য সাম কভাবে অপবকে হৃদয়ে স্থান দিতে পারি, হৃদয় দিবা হৃদয়কে বুঝিতে এবং অন্তৰ্মলনের পথে অগ্রসর হইতে পাবি; আৰু এখন ভুষু পাবি ভেদ বাখিয়া অপবের সঙ্গে মিলিতে, সে মিলনে খাকিতে পাবে ৬ধু সাঁফিত অন্ত-বফ হা, তাহাতে না জানাব সঙ্কোচ বহুল পরিমাণে থাকিয়া যায়; অনেক সময ভুল বুঝিবার, পরম্পবকে ভুল কবিয়া বিচাব কবিবাব গুৰুভার যে মিলনকে ভারাক্রান্ত এবং বিপনু কবিয়া তোলে।

অধিচেত্রনায় আরা হইলে আমাদেব চারিদিকে জগতেব যে সমস্ত নৈর্ব্য জিক শক্তি আছে তাহাদেব সহিত আমাদেব কারবাবেও একটা ওকতর পবিবর্ত্তন আগিবে। এই শক্তিওলিকে এখন আমবা তাহাদেব কার্যমাত্র হাবা জানিতে পারি, তাহাদেব দৃশ্যমান ক্রিয়া এবং তাহাব কলেব বেটুকু আমবা ধবিতে পারি কেবল তত্তুকু সাত্র আমরা ভানি। নৈর্ব্যক্তিক বিশুশক্তিসমূহেব মধ্যে প্রধানতঃ জড়শক্তির সম্বন্ধ আমাদের কিছু জ্ঞান আছে, কিন্তু যে অদৃশ্য মনঃশক্তি এবং প্রাণশক্তিসমূহের একটা বিপুল আবর্ত্তেব মধ্যে আমবা সত্ত বাস কবি তাহাদের চিনি না, এমন কি তাহারা যে আছে তাহাও জানি না। আমাদের অন্তর্গু ছ অবিচেতনা এই সমস্ত অদৃশ্য গতি ও ক্রিয়াব জান আমাদের মধ্যে ফুটাইয়া তুলিতে পারে, কারণ অবিচেতন জ্ঞান জানে সাফাংসংস্পন, অন্তর্দৃষ্টি এবং চৈত্যিক সূক্ষ্যানৃভূতি (psychic sensitiveness) হারা। কিন্তু বর্ত্তমানে আমাদের স্থলবৃদ্ধি বর্ত্তমানে আমাদের স্থলবৃদ্ধি বিত্তনাতে অধিচেতনান জ্ঞানালোক

200

#### দিবা জীবন বার্ত্তা

শুধু অব্যাখ্যাত পূর্বোভাগ (premonition) সত্কীকরণ (warning), আকর্ষণ এবং বিকর্ষণ, ইঞ্চিত, ভাবনা, অম্পষ্টবোধি প্রভৃতির আকারে দেখা দেয় ; এখন সেই ক্ষেত্র হইতে এই ভাবের অলপজ্ঞানই শুধু বহিশ্চেতনাৰ ভিতর দিয়া অপূর্ণভাবে আসিতে পারে। অন্তরপুরুষ এই সমস্ত বিশুশক্তিব বর্ত্তমান গতি ও লক্ষ্যই যে শুধু সাক্ষাৎ ও অপরোক্ষ সংস্পর্শ হারা বাস্তবরূপে (concretely) জানিতে এবং তাহাদের বর্ত্তমান ক্রিয়ার কি ফল হইতে পারে তাহা বোধ করিতে পারে তাহা নহে কিন্তু তাহাদের সেই ক্রিয়াকে ছাড়াইয়া দুরে অনাগত আরও যে ক্রিয়া আছে তাহারও কতকটা আভাস পূর্ব হইতেই পাইতে অথবা তাহাদের ভবিষ্যৎ ক্রিয়াধারা কিরূপে চলিবে তাহ। দেখিতে পাবে : আমাদেব অধিচেতনায কালের ব্যবধানকে উল্লঙ্গন করিবান এক বৃহত্তব শক্তি আছে, তাই সে প্রত্যাসনু বা দূব দেশের ঘটনাব স্পন্দন, বোধ বা অনুভব এমন কি ভবিষ্যন্দৃষ্টি লাভ কবিতে পারে। ইহা সত্য যে এই জ্ঞান অধিচেতনাব পক্ষে স্বাভাবিক হইলেও পূর্ণ নয়, কারণ ইহাতে জ্ঞানেব সঙ্গে অজ্ঞানের মিশ্রণ আছে, এ দর্শনে যেমন সত্য অনুভূতি হইতে পারে তেমনি ইহার মধ্যে ব্রমেবও অবকাশ আছে, কেননা অধিচেতনা একম্ববোধ দিয়া জ্ঞান লাভ করে না কিন্তু সাক্ষাৎ সংস্পর্শ দ্বাবা করে। এবং সে জ্ঞানও ভেদদর্শী জ্ঞান, যদিও ভেদের মধ্যেও তাহাতে যে অন্তবঙ্গ সংস্পর্শের নিবিড়তা আছে আমাদের বহিশ্চর প্রকৃতির পক্ষে তাহা লাভ কখনই সম্ভব হয না। অন্তবেৰ মনপ্ৰাণময় প্ৰকৃতির মধ্যে বৃহত্তর জ্ঞানের সক্ষে বৃহত্তর অজ্ঞানের মিশ্রিত হইয়া পড়িবাব এই যে সম্ভাবন৷ আছে, তাহার প্রতিকার হইতে পাবে যদি আমরা ইহারও প\*চাতে আরো গভীরে গিয়া যাহ। আমাদেৰ ব্যষ্টিজীবন এবং দেহেৰ আশ্ৰয় সেই চৈত্যসন্তায় (psychic entity) পৌঁছিতে পাবি। এই সত্তান প্রতিনিধিরূপে আমাদেব মধ্যে এক ব্যাষ্ট অন্তরাক্সা (soulpersonality) গঠিত হইযাছে, যাহা আমাদের প্রাকৃত সাধারণ সত্তাব মধ্যে এক সুক্ষা চৈত্যিক উপাদান (fine psychic element) নিহিত क्रियां हुं कि अ गांनात्मत वात्रशतिक कीवतन এই मृक्षा छेलामान अर्थन अ প্রভাবশালী হুইয়া উঠিতে পাবে নাই, ইহার ক্রিয়া এখনও স্তিমিত এবং সীমিত। আমাদেব অন্তবায়া এখনও আমাদের ভাবনা ও ক্রিয়ার দৃশ্যমান চালক ও প্রভ হইতে পারে নাই, কেননা আত্মপ্রকাশের জন্য মনোময় প্রাণময় এবং জড়ময় যন্ত্রেব উপর তাহাকে নির্ভর করিতে হয় এবং মন ও প্রাণের শক্তিমার। সে

# ভাদায়া জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

সংগণাই অভিভূত হইনা পড়ে, কিন্তু একবাব যদি সে তাহাব বৃহত্তর গোপন স্বন্ধের সহিত নিত্যযোগে যুক্ত হইতে সমর্থ হন—ইহা কেবল তথনই সম্ভব চইতে পাবে যখন আমরা আমাদেব অধিচেতনাব গভীরে অনুপ্রবিষ্ট হই—তাহা হইলে তাহাব অপর কিছুব উপব নির্ভরশীল হইতে হয় না সে তখন শক্তিশালী হয়, প্রভূত্ব লাভ করে; তখন বস্তুর বাঁটি সত্যেব চিন্ময় অনুভূতি স্বাভাবিকভাবে লাভ হয়, যে স্বতঃস্ফূর্ত্ত দৃষ্টিতে অবিদ্যা এবং নিশ্চেতনাব মিধ্যা হান হইতে সত্যকে, প্রকাশেব ক্ষেত্রে অদিব্য হইতে দিব্যভাবকে, পৃথক করিমা দেখা যায় সেই দৃষ্টিব সাক্ষাৎ পাম এবং এই জান ও দৃষ্টিব শক্তিতে স্বস্তৃত্তিত হানা যায় দেব স্থাব অন্য অংশেব জ্ঞানালোকিত নেতা বা চালক হইয়া দাঙায়। বস্তুতঃ ইহা যখন ঘটে তখনই পূর্ণাক্ষ রূপান্তব এবং পূর্ণাক্ষ জ্ঞানেব দিকে জীবনেব মোড় ঘূরিয়া যায়।

ম্পিচেত্ন জ্ঞানেৰ শক্তিশালী ক্ৰিয়া এবং ব্যবহাৰিক মূলোর ইহাই হইল ণ ক্ষিপ্ত পৰিচ্য ; কিন্তু আপাততঃ আমরা এই ৰুম্ভৰ ও গভীৰতৰ জ্ঞানের ক্রিয়ার পদ্ধতি হইতে ইহার সাঁটি প্রকৃতি কি এবং খাঁটি তম্ব ও জ্ঞানেন সহিত ্খান সম্বন্ধ কি তাহাই বিচাৰ কবিয়া দেখিতে চাই। দেখিযাছি এ জ্ঞানের ন্গা লক্ষণ এই যে চৈতন্যেৰ সহিত নিজের বিষয়বস্থার ব। চৈতন্যেৰ সহিত অপৰ চৈতন্যেৰ সাক্ষাৎ সংস্পূৰ্ণ হইতে ইহাৰ উদ্ভৱ , কিন্তু অৰ্ণেয়ে আমৰ। গাবিকান কবি যে এ শক্তিনও গোপন উৎস একম্বোধজাত জ্ঞান , সেই জ্ঞান েটতে অনুবাদ ক্রিয়া আমৰ। বিষয়েৰ এই ভেদ্ঞান লাভ করি। শেমন মামাদের প্রাকৃত চেতনাব বা বহিশ্চব জানেব পক্ষে যাহ। স্বাভাবিক সেই পবোক ग॰ম্পর্নে, জীবসভার সহিত তাহাব বহিঃস্থিত পদার্থেব আঘাতে বা সংঘর্মে গচেতন জানেন স্ফুলিঙ্গ জাগিয়া উঠে, তেমনি অধিচেতন জানে কোন প্রকাব সংস্পূৰ্লে পূৰ্বে হইতে বৰ্ত্তমান বা প্ৰাক্সিদ্ধ গোপন জ্ঞান ক্ৰিনাশীল হইয়া বাহিরে ভাসিয়া উঠে। কাবণ বিষয়ী এবং নিময়েন মধ্যে একই চেত্তনা রহিযাতে; এক সন্তার স্থিত অন্য স্তার সংস্পর্শ বা সংঘাত এই একম বোধই আয়াকে গ্রহার বাহিবে অবস্থিত অন্য আত্মান জ্ঞানকে—যাহা গ্রহাতে নিহিত স্থিচ স্থ্য আছে—প্রকাশ করে বা জাগাইয়া তোলে। কিন্তু পূর্বে হইতে বর্ত্তমান া প্রাক্ সিদ্ধ এই জ্ঞান বহিশ্চর মনে দেখা দেশ অভিত জ্ঞানরূপে, কিন্তু মধি-চেতনায় তাহাই দৃষ্ট, ভিতর হইতে প্রাপ্ত জ্ঞান বা যেন স্মৃতিব জাগবণরূপে **দূটিয়া উঠে, আবার পূর্ণ বোধিজাত হইলে অস্তরে এ জ্ঞান স্বতঃসিদ্ধ বা স্বপ্রকাশ** 

# विवा जीवन वादी

রূপে দেখা দেয়; অথবা বস্তুর সংস্পর্ণ হইতে ইহা অন্তরে নীত হয় কিন্তু তৎক্ষণাৎ তাহার প্রতিক্রিয়ায় যাহা অন্তরঙ্গ ভাবে চিনিতে পারা যায় এমন কোন আকারে প্রকাশ পায়। বাহ্য চেতনায় জ্ঞান বাহির হইতে স্বষ্ট সত্যরূপে প্রতিভাত হয়: এ যেন বিষয় হইতে আমাদের উপরে প্রক্ষিপ্ত হইয়াছে অথবা বিষয় বা বস্তুব সহিত ইন্দ্রিয়ের সংস্পর্ণ হইতে প্রতিক্রিয়ারূপে বিষয়ের বাস্তবরূপের একটা বোধময় প্রতিরূপ দেখা দিয়াছে। আমাদের বহিশ্চর মন নিজের কাছে জ্ঞানের এই পরিচয় দিতে বাধ্য হয় কেননা তাহার এবং বাহ্য জগতের মধ্যে যে দেওয়াল তোলা আছে সে দেওয়াল ভেদ কবিয়া ইক্রিযের জন্য দ্বাব প্রস্তুত করা হইয়াছে : আমাদের মন এই দার-পথে গিয়া বাহ্যবস্তুর বহির্দেশ ঙ্গু দেখিতে পায়, সে সমস্ত বস্তুর অন্তরে কি আছে তাহা দেখিতে পায় না। কিন্তু বাহ্য মন এবং আমাদের অন্তবসত্তার মধ্যে যে দেওয়াল আছে তাহাতে পূর্বে হইতে পুস্তত তেমন কোন ফাঁক নাই ; যেহেতু বাহ্য মন গভীবতর আত্ম বা আপনার অস্তরের সত্তাতে কি আছে অথবা যে ধানার জ্ঞান ভিতর হইতে আইসে তাহা দেখিতে পায় না, তাই যে বাহ্যবস্তুকে শুধু সে দেখিতে পায তাহা-কেই জ্ঞানেন কারণ বলিয়া গ্রহণ কবা ছাড়। তাহাব গতান্তব থাকে না। তাই আমাদেৰ সকল মনোময জ্ঞান বাহ্যবস্থুজাত বলিয়া বোধ হয়, তাহা এমন সত্য যাহ। বাহির হইতে আমাদের উপব যেন আরোপিত হইয়াছে; আমাদের কাছে জ্ঞান, আমাদের আন্মসত্তায় যাহা নাই তেমন একটা কিছুব প্রতিবিম্ব, প্রতিক্রিয়া দানা গড়া তাহার একটা প্রতিরূপ, তাহার একটা মনোময় ছবি বা নক্সা। বস্তুতঃ সংস্পর্ণ হইতে, গভীরে এক গোপন প্রতিক্রিয়া হয়, সেই প্রতিক্রিয়ায ভিতৰ হইতে বস্তুর বা বিষয়ের এক আন্তর জ্ঞান উৎক্ষিপ্ত হয়, কেননা বিষয আমাদের বৃহত্তর আশ্বার অন্তর্ভুক্ত অংশ; কিন্তু আমাদের অন্তরাশ্ব। এব অবিদ্যাচছণু বহিশ্চর আশ্বার মধ্যে যেমন এক দেওযাল আছে, তেমনি আর এক দেওয়ান আছে সেই বহিশ্চব আন্ধা এবং যে বাহ্যবস্তুর সহিত আমাদের সংস্পর্ণ হয় তাহার মধ্যে; এই দুই দেওয়ালের বাধাব জন্য অন্তরের সত্য জ্ঞানের ধ্ব অপূর্ণ একটা প্রতিরূপ বা প্রতিমন্তি মাত্র বাহ্য মনে ফটিয়া উঠে।

এই যোগসূত্র আমাদেব জ্ঞানলাভের এই গোপন পদ্ধতি আমাদের বর্ত্তমান বহির্মনের কাছে অস্পষ্ট এবং অপ্রত্যক্ষ, তাহা স্পষ্ট এবং প্রত্যক্ষ হয় যথন অন্তরের অধিচেতন সত্তা ব্যষ্টিভাবনার সীমা উল্লঙ্ঘন করিয়া বহিশ্চর মনকে সঙ্গে লইয়া বিশুচেতনার মধ্যে প্রবেশ করে। যেমন আমাদের বহিশ্চর

# তাদাস্বান ও ভেদদশী জান

পুকৃতি বিশুপ্রকৃতি হইতে স্থূল অনুময় কোষ বা দেহ দারা পৃথক হইয়া আছে, তক্ষপ আমাদের অধিচেতনা বিশ্বচেতনা হইতে তাহার সূক্ষ্মতর মনোময় পাণময় এবং সৃক্ষ্যভতময় কোষ (sheath) সমূহের গীমা বা বাবধানের জন্য পথক হইয়া আছে। কিন্তু অধিচেতনাকে দিরিয়া যে দেওয়ান আছে তাহা অধিকতর স্বচছ তাহাকে দেওয়াল না বলিয়া বরং যাহার মধ্যে বহু ফাঁক আছে এমন বেডা বলা চলে। তাহা ছাড়া অধিচেতনাতে তাহার নিজ চেতনার এক অংশ এই সমস্ত কোঘের মধ্য হইতে প্রক্ষিপ্ত হইয়া নিজেকেই ঘিবিয়া একটা পরিমণ্ডল স্কৃষ্টি করিয়াছে, ইহার মধ্য দিয়া অধিচেতনা জগতেব সংস্পূর্ণ লাভ কবিতে পারে এবং তাহার ফলে বাহিনের কোন সংস্পর্ণ ব। অভিযাতকে. সত্তার মধ্যে প্রবেশ কবিবাব পূর্বে জানিতে এবং তাহাব সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করিতে পাবে। অধিচেতনা এই পরিমণ্ডলকে যথেচছ বিস্ফাবিত কবিতে পারে এবং তাহার আত্মপ্রক্লেপকে (self projection) প্রসাবিত কবিনা তাহার চাবি পাশে অবস্থিত বিশুসভার মধ্যে ক্রমশঃ অধিকতরভাবে অনুপু বিষ্ট হইতে পারে। ক্রমে এমন একটা সময় আসে যখন ভেদবোধের বেড়া একেবাবে ভাঙ্গিয়া যে বিশুসন্তার সন্দে মিলিত এবং এক হইয়া যাইতে পারে, তখন তাহান চেতনা নিজেকে সার্ব্বভৌম বলিয়। বোধ করিতে, স্বর্বসন্তার সহিত এক বলিয়। বঝিতে পাবে। স্বাধীনভাবে বিশ্বাস্থা এবং বিশ্বপ্রকৃতিন মধ্যে এই প্রবেশের ফলে ব্যাষ্ট্রসত্তান পরম মুক্তিলাভ হয়, তাহার মধ্যে বিশ্বচেতনান প্রকাশ হয় এনং সে নিজে বিশ্বান্ধক ব্যষ্টিপুরুষ হয। এই সাধনা যখন পূর্ণতা লাভ করে তথন প্রথম ফল এই হয় যে বিশান্তাব, বিশ্বের মধ্যে যাহার বাস সেই অঘ্য আত্মার উপলব্ধি হয়, এই মিলনের ফলে ব্যক্তিবোধেৰ বিলয় পর্যান্ত ঘটিতে পাবে বা অহন্তা বিশুসন্তাব সঞ্জে মিশিয়া যাইতে পারে। আর একটা সাধারণ ফল এই হয় যে ব্যষ্টিচেতনা বিশ্বশক্তির কাছে পূর্ণকপে নিজেকে খুলিয়া পরে এবং দেহ মন প্রাণেব মধ্য দিয়া সেই শক্তিপুবাহই বহিষা যাইতেছে এ বোধ জাগে এবং ব্যষ্টি ব্যক্তিব কর্ত্ত্ববোধ বুচিয়া যায়। কিন্তু স্থিকাংশ ক্ষেত্রে ফল এত ব্যাপক হয় না : বিশুসতা এবং প্রকৃতির সাক্ষাৎ জ্ঞান হয়, বিশুমন ও তাহাব শক্তি, বিশুপ্রাণ ও তাহার শক্তি, বিশুজড় এবং তাহাব শক্তিব দিকে মন অধিতকতরভাবে নিজেকে খুলিয়া ধবিতে পাবে। এই খুলিয়া ধরিবার ফলে বিশান্ধার সহিত ব্যষ্টিসত্তাব এক প্রকাব একটা একছবোর্গ জাগে, নিজের চৈতন্যের মধ্যে বিশু এবং বিশ্বচেতনার মধ্যে ব্যষ্টিসত্ত। অন্তরঙ্গভাবে অন্তর্ভুক্ত

# দিব্য জীবন বাৰ্তা

ইইয়া আছে, এই বোধ প্রায়ই অথবা সর্বদ। জাগিতে থাকে; এ অবস্থান স্বাভাবিকভাবে অন্য সকল সন্তার সহিত একম্ববোধ অধিকতররূপে অনুভূত হয়; তথন বিশ্বসন্তার অস্তিম্ব সত্য এবং নিশ্বিত বলিয়া উপলব্ধি হয় এবং তাহা ভাবনাজাত ধাবণা মাত্র আর থাকে না।

বিশুচেতনা একমবোধজাত জ্ঞানের উপব প্রতিষ্ঠিত, কেননা বিশুগঙ আৰা নিজেকে দকলেব আৰা, দকলকেই নিজস্বৰূপ এবং নিজের মধ্যে অবাস্থত, সকল প্রকৃতি নিজ প্রকৃতির অংশ বলিয়া জানেন। তাহার মধ্যে যাহা কিছ সাছে তাহার সহিত এ আন্ধ। এক ; এবং সবকিছুকে একান্বতা-বোধ দিযা এব. নিজের মধ্যে অবস্থিত নিবিড় অন্তরক্ষতাব দারা জানেন। কেননা বিশ্বায়। সর্ব্ব বস্তুর সঙ্গে যেমন এক হইয়া তেমনি একই সঙ্গে তাহাদিগকে অতিক্রন করিয়াও বর্ত্তমান আছেন, তাই এক হওয়াব দিক দিয়। যেমন একাম্বতাবোধ এবং পূর্ণ জ্ঞান আছে তেমনি অতিক্রম করিয়া বর্ত্তমান থাকা বা অতিস্থিতিব দিক হইতে আছে সম্বৰ্ভুক্তি এবং অনুপ্ৰবেশ, প্ৰতি বস্তু এবং সৰ্ববস্তুকে আবেষ্টন করিয়া খাকিবার জ্ঞান ও চেতনা, এবং অনুপুবেশ ও আবষ্টেনজাত বোধ ও দিব্য দৃষ্টি। কাৰণ বিশুপুৰুষ প্ৰতি ব্যষ্টি এবং সমষ্টিন মধ্যে যেমন বাস কবেন তেমনি তাহাদিগকে অতিক্রম কবিয়াও তাঁহার এক অতিস্থিতি আচে বলিয়া তাঁহাব আত্মদৃষ্টি এবং জগদৃষ্টিতে এমন এক শক্তি আছে যাহার ফলে বিশ্বচেত্রনা যেসমস্ত বস্তু ব। সত্তার মধ্যে বাস করেন তাহাদের মধ্যে অবক্ষ হইয়া পড়েন না ; তিনি সংর্বব্যাপী আত্মা এবং শক্তিরূপেই তাহাদের মধ্যে বাস করেন; বস্তু ব। ব্যক্তির মধ্যে তাহাদের স্বধর্মানুকূল যে ব্যষ্টিভাব আছে তাহ। এই বিশুসন্তার বন্ধনেব কোন কারণ হইতে পারে না। তাঁহার যে বৃহত্তর সৰ্বোধার সত্তা আছে তাহা হইতে চ্যুত না হইযাও তিনি প্রতি বস্তুরূপে রূপায়িত হইতে পারেন। এখানে বৃহত্তর সার্বেজনীন একত্বের মধ্যেই ক্ষুদ্রতর ব্যাট-একম্বসমূহ বর্ত্তমান আছে ; কারণ যেটুকু ভেদের জ্ঞান বিশ্বচেতনায় বর্ত্তমান আছে বা তাহাতে অনুপ্রবিষ্ট হইষাছে এই যুগন একমবোধই তাহার ভিত্তি এবং তাহাতে কোন বিবোধের স্মষ্টি হয় না। यদি কখন কোন বস্তু হইতে সরিয়া দাড়াইয়া ভেদ এবং সংস্পর্ন ধারা তাঁথাকে জানিবার প্রয়োজন হয় তবে তাহাও হইবে একত্বের মধ্যে ভেদ, একত্বের মধ্যেই একটা সংস্পণ ; কারণ এ ক্ষেত্রে আধেয়-রূপ। বস্তু আধাররূপা আন্থানই অংশ। কেবল যখন আনও চ্ড়ান্ত ভেদ আগিয়া পড়ে, তথন মভেদভাব নিজেকে আৰুত করিয়া ফেলে এবং সাক্ষাৎ বা পরোক্ষ

# छामात्रा खान ७ (छममनी खान

এক ক্ষুদ্রতর জ্ঞান জাগে, যে জ্ঞান তাহার মূল উৎসকে জ্ঞানে না; অখচ অভেদ ভাব ব। একম্ববোধ রূপ সমুদ্রই সর্ব্বক্ষেত্রে বহির্ভাগে সাক্ষাৎ বা পরোক্ষ জ্ঞানের তরঙ্গ বা শীকরমালা প্রক্ষিপ্ত করে।

এ হইল বিশুচেতনার দিকের কথা, ক্রিয়ার দিক হইতে এবং বিশুশক্তিসকলের দিক হইতে দেখিতে গেলে দেখিতে পাই যে, সে শক্তিব অবিরাম তরঞ্জোচ্ছাস এবং বিপুল প্লাবন দিকে দিকে সর্বদা প্রবাহিত হইয়া চলিয়াছে এবং তাহা কত সত্তা, কত বস্তু, কত গতি এবং কত ঘটনা গডিতেছে ভাঙ্গিতেছে আনার গড়িতেছে, তাহাদের মধ্যে অনুপ্রবিষ্ট হইতেছে আবার তাহাদিগকে অতিক্রম করিয়া যাইতেছে, তাহাদের মধ্যে নিজেদিগকে শ্যুহিত এবং রূপায়িত কবিয়া তুলিতেছে আবাৰ তথা হইতে বাহির হইযা অন্য ব্যক্তি বা বস্তুৰ উপত্ৰ আপতিত হইতেছে। প্রত্যেক প্রাকৃত জীব একাধারে এই সমস্ত বিপুশক্তি গ্রহণের তাও এবং তাহাদিগকে চারিদিকে ছড়াইয়া ফেলিযা দিবার যন্ত্র, প্রত্যেক জীব হইতে অন্য জীবে মনোময় এবং প্রাণময় শক্তির ধারা নিয়ত প্রবাহিত হইতেছে, বাহ্যপ্রকৃতির জড়শক্তিসমূহের মত প্রাণ ও মনোময় বিশুশক্তিব বিপুল उनक्र ६ नगान त्याज्यकन हिन्दि । यामादमत निश्नेष्ठ मद्दान माकार বোধ এবং জ্ঞানের নিকট এ সমস্ত ক্রিয়া ঢাকা পড়িয়া আছে; আমাদের অন্তব-পক্ষ তাহা বোধ করে এবং জানে যদিও কেবল সাক্ষাৎসংস্পর্ণ দ্বাবা : কিন্তু যত। যখন বিশুচেতনায় অনুপ্রিষ্ট হয় তখন বিশুশক্তির এই সমস্ত খেলা আরও এ অবস্থায় জ্ঞান পূর্ণতব হইলেও জ্ঞানের ক্রিয়া বা ক্রিয়াপবিণাম বেবল আংশিক হইতে পারে, কেনন। যখন বিশান্তাব সহিত নৌলিকভাবে বা স্থিতিব ক্ষেত্রে যুক্ত হওয়া সম্ভব হয় তখনও গতির ক্ষেত্রে বিশুপুক্তির সঙ্গে নিলন এপুর্ণ খাকিয়া যায়। বিবিক্ত আশ্বসন্তার লোপ পাইলেও প্রাণ এবং মনেব স্তবে শক্তি-প্রকাশের গতি স্বভাবতঃই নিরূপিত হয় ব্যষ্টিরূপের বৈশিষ্ট্যের মধ্য দিয়া এবং যদিও বিশুশক্তির ক্রিয়া চলে তথাপি জীবন্ত ডাইনামো \* রূপী বাষ্ট রূপা-য়ণের মধ্য দিয়াই সে কর্ম্মেব ধারা চলিতে থাকে। কাবণ বাটিরূপী এই ডাই-নামোৰ কাজই হইল শক্তিসমূহকে নিৰ্বাচিত, কেন্দ্ৰীভূত এব' নিৰ্বাচিত শক্তি-স্কল্কে রূপায়িত করিয়া তোলা এবং তাহাব পব রূপায়িত শক্তিকে একটা

<sup>\*</sup>dynamo-विद्वार छेरशाम्यवर यञ्च

# দিব্য জীবন বাৰ্ছা

বিশিষ্ট খাতের মধ্য দিয়া প্রবাহিত করিয়া দেওয়া ; সমগ্রশক্তিপ্রবাহের অর্থ এই হইবে যে এ ডাইনামোর আর কোন প্রয়োজন নাই, তাহাকে কার্য্য হইতে সরাইয়া রাখা বা তাহার বিলোপ করা যাইতে পারে, সে ক্ষেত্রে ব্যষ্টি দেহ মন প্রাণের ক্রিয়াস্থলে অনিব্রাচিত বিশুশক্তিরাজির এক বাধাহীন প্রবাহ, ব্যষ্টি কিন্তু নৈব্ব্যক্তিক কেন্দ্ৰ বা খাতের মধ্য দিয়া কেবল প্ৰবাহিত হয়। এ অবস্থালাভ সম্ভব কিন্তু তাহার জন্য প্রাক্ত মনেব ভূমিকে ছাড়াইয়। আধ্যাপ্সিকতার উচ্চত্তব ক্ষেত্রে পৌঁছা চাই। একম্ববোধ মারা বিশুজ্ঞানে স্থিতির অবস্থা লাভ হইলে. অধিচেতনা সাব্বজনীনতা লাভ করিয়া নিজেকে বিশ্বান্থার এবং অন্য সকলেব গোপন আত্মাৰ সহিত এক বলিয়া জানিতে পাবে ; কিন্তু সেই জ্ঞানেৰ ক্ৰিয়া-ধারায় এই একত্ববোধকে অনুবাদ করিয়া সকলের সঙ্গে চেতনার সাক্ষাং সংস্পর্দের এক বৃহত্তর শক্তি এবং সম্ভরঙ্গতা লাভ হয় এই একন্ধবোধেন অনুবাদে বৃহত্তর শক্তি ও অন্তরঙ্গতার সহিত সকলের সহিত চেতনার সাক্ষাৎ সংস্পর্ণ ঘটিতে পাবে ; চেতনাব শক্তি বস্তু বা ব্যাষ্টর উপর আরও অন্তর্গ প্রবল ও কার্য্যকরী ভাবে আসিয়া পড়িতে পাবে, কার্য্যকরী ভাবে অন্যকে নিজের অন্তর্ভুক্ত কবিয়া লওয়ার, তাহার মধ্যে অনুপ্রবেশের শক্তি লাভ হয় এবং এই বৃহত্তর প্রকৃতিব পক্ষে যাহ। স্বাভাবিক অন্য ব্যক্তি ব। বস্তু সম্বন্ধে তেমন অন্তবঙ্গ দৃষ্টি এবং অনুভূতি সক্রিয়ন্ধপে লাভ কবা যায কিন্তু সে জ্ঞানেব ক্রিয়াণার। সাধারণতঃ ইহাব চেযে বেশী দূব অগ্রসর হয गा।

অতএব অধিচেতনা যখন প্রসারিত হাইয়। বিশ্বচেতনায় রূপান্তরিত হয তথন আমর। বৃহত্তব জ্ঞান লাভ কবিতে পারিলেও পূর্ণ এবং মৌলিক জ্ঞান পাই না। আবও অগ্রসর হাইয়। যদি একরবোধজাত জ্ঞান বিশুদ্ধ অবস্থায় কিরূপ এবং সে জ্ঞান কতদূর বা কিরূপে জ্ঞানেন অন্যান্য শক্তিকে উৎপন্ন করে, আশ্রয় দেয় অখনা ব্যবহার করে তাহা জানিতে বা দেখিতে চাই তবে আমাদের অন্তর্মন, অন্তঃপ্রাণ এবং সূক্ষাভূতের ভূমি অতিক্রম করিয়। অধিচেতনার দুই প্রান্তে স্থিত স্থিত দুই ভূমির দিকে অগ্রসর হাইতে হয়, তখন আমরা অবচেতনার কাছে এ সমস্ত প্রশ্রের উত্তর চাহিতে এবং অতিচেতনাকে স্পর্শ করিয়। বা তাহার মধ্যে প্রবিষ্ট হাইয়া ইহার সমাধান করিতে চেষ্টা করিতে পারি। কিন্তু অবচেতনায় সব কিছুই অন্ধ, গণচেতনায় যেরূপ দেখা যায় তত্রপ এক সাব্দিজনীনতা তাহার আছে কিন্তু তাহা সন্ধকারে ঢাকা. সেখানে অফ্রুট ব্যক্টিভাবনা আছে যাহা আমাদের কাছে অনৈস্থিক অথবা যাহা শুধু সহজাত সংক্ষার পরিচালিত এবং

# ভাদাস্য জ্ঞান ও ভেদদশী জ্ঞান

বিকৃতাঙ্গ; এখানে এই অবচেতনার ভিত্তিরূপে অন্ধনারচছনুভাবে একাশ্ব-বোধজাত এক জান আছে, যেমন আছে—আমরা পূর্বেই দেখিয়াছি—নিশ্চেতনার মধ্যে; কিন্তু সে জান নিজেকে বা নিজের রহস্যকে পুকাশ করে না। কিন্তু উদ্ধু স্থিত অতিচেতন ভূমিসকল স্বাধীন এবং জ্যোতির্ম্ম অধ্যান্ধচেতনার ভিত্তির উপর প্রতিষ্ঠিত এবং সেখানে গেলেই আমাদের জ্ঞানশক্তির আদিমূল খুঁজিয়া পাইতে পারি এবং একত্ববোধজাত জ্ঞান এবং ভেদবুদ্ধিজাত জ্ঞান, জ্ঞানের এ উভয় ধারার উৎপত্তি-কথা এবং তাহাদেব ক্রিয়াভেদের রহস্য বৃদ্ধিতে পারি। আমাদেব আধ্যান্ধিক অনুভবে কালাতীত সংস্করূপের যে প্রতিবিশ্ব পড়ে তাহা হইতে তাহার সম্বন্ধে আমনা যেটুকু জানিতে পাই তাহাতে দেখি সেখানে সন্তা এবং চৈতন্য একই বস্তু। চেতনাকে মনন এবং বোধেন কতকগুলি ক্রিয়ার সঙ্গে এক কবিয়া দেখিতে আমরা অভ্যন্ত এবং যেখানে এ সমস্ত বৃত্তি নাই বা নীরব ও নিম্পন্দ অবস্থায় আছে, সন্তার সে অবস্থাকে আমরা অচেতনা বলি কিন্তু যেখানে প্রকাশ্যভাবে কোন ক্রিয়াধানা নাই, তাহাকে প্রকাশ করিবার কোন চিন্তু নাই, এমন কি যেখানে তাহা বস্তু হইতে উপসংসত হইয়া শুদ্ধ

# দিব্য জীবন বাৰ্ত্তা

নিজের দিকে দৃষ্টিপাত কবিয়া বা নিজেকে পর্য্যবেক্ষণ করিয়া জ্ঞানের কোন ক্রিয়া দ্বাবা ইহাকে ফুটাইয়া তুলিতে হয়না কিন্তু সেই একই স্বরূপগত সংবিতে ইহা আপনাতে আপনি প্রকাশিত : স্বরূপত ইহা সকলের সহিত এক বলিয়া স্বাতাবিক ভাবেই ইহাতে সর্ব্বসচেতনতা বর্ত্তমান থাকে। এই ভাবে আদ্বা বা পুরুষ নিজের কালাতীত আদ্বসত্তা সম্বন্ধে সচেতন হইয়া সেই ভাবেই তাহার কালগত সত্তা এবং কালেব নধ্যে অবস্থিত সব কিছু সম্বন্ধে সচেতনহন; সে সচেতনতা স্বরূপগত, অন্য নিবপেক্ষ, পূর্ণ এবং তাহার জন্য তাহাকে কোন দিকে দৃষ্টিপাত করিতে বা জ্ঞানের কোন ক্রিয়াকে অবলম্বন করিতে হয়না, কেননা ইহা নিজেই সর্ব্ব। ইহাই স্বরূপগত তাদান্ত্য সংবিৎ বা চেতনা; বিশ্বসভাব এ চেতনা পুযুক্ত হইলে তাহাব অর্থ এই হইবে যে তাহা আদ্বাব মৌলিক স্বতঃপ্রকাশিত স্বয়্যক্রিয় জ্যাৎ-সংবিৎ বা জ্যাৎচেতনা, কাবণ আদ্বাই স্বর্বস্বস্থ হইয়াছেন এবং সর্বব্স্থ তাঁহাব আধ্বস্তাব নধ্যে অবস্থিত আছে।

কিন্তু চিন্ময় সংবিত্তের বা অধ্যান্ত চেত্রনার আর এক স্থিতি বা অবস্থা আছে যাহ। বিশুদ্ধ আশ্বটেতনোৰ এই স্থিতি এবং শক্তি হইতে ছাত বা উৎসাৰিত বলিয়া আমাদিপের নিকট বোধ হয় , হয়ত তাহা একটা প্রথম ব্যতিক্রম মনে হইতে পারে কিন্তু বস্তুতঃ তাহ। তাহান একটা স্বাভাবিক এবং অন্তবন্ধ ভঙ্গী . কেননা পরম পুক্ষেব আত্মজান, আত্মচেতনা বা এক হজাত চেতনার উপাদান দিয়াই তাহা এঠিত ; নিজেব শাশুত প্ৰকৃতিৰ কোন বিকৃতি না পনিবৰ্ত্তন সাধন না কবিয়াই এই আন্নচেত্রনা অন্তর্ভুক্তি এবং অন্তর্য্যামিত্বের যুগপৎ বোনজাত এক গৌণ চেতনাকে নিজের মধ্যে স্থান দিতে পাবে। যিনি স্বয়ন্তু, যিনি প্ৰম পুৰুং তিনি নিজেৰ অদিতীয় অথও সত্তাৰ মধ্যে সৰ্বভূতের সত্তা অনুভ্ৰ করেন; তাহাব মধোই সব কিছু অন্তর্ভুক্ত আছে এবং তাহাদেন গত্তা নিজের সত্তা, তাহাদেব চেতনা নিজের চেতনা, তাহাদেব শব্জি নিজের শব্জি এবং তাহাদের আনন্দ নিজেব আনন্দ বলিয়াই তিনি জানেন; সেই সঙ্গে সূর্বভাতের আশ্বান্ধপে তাহাদের সকলেন মন্যে প্রিথাপ্ত হইয়া সকলের মধ্যে বাস করিয়া অপরিহার্যার,পে তাহাদেব মধাস্থিত সব কিছু জানেন; কিন্তু এখানেও এই সমস্ত চেত্রনা স্বভাবসিদ্ধ, স্বতঃপ্রকাশ এবং স্বয়ংক্রিয়রূপে বর্ত্তমান থাকে, ভাহার জন্য কোন ক্রিয়া, জ্ঞানের দৃষ্টি বা ক্রিয়াশীলতার প্রযোজন হয় না ; কেননা জ্ঞান এখানে ক্রিয়ারূপ নয় কিন্তু বিশুদ্ধ, নিত্য, স্বরূপগত একটা অবস্থা। সমস্ত অধ্যাৰজ্ঞানের মূলে আছে একাশ্বরোধজাত এই তাদাশ্বা চেতনা, যে চেতুনা

### ভাৰাৰ্য জ্ঞান ও ভেদদৰ্শী জ্ঞান

গৰ কিছু জানে, অথবা যাহাতে সৰই যে তিনি এ বোধ সৰ্ব্বদা বৰ্ত্তমান খাকে। আমাদের চেতনায় অনুবাদ করিলে ইহা উপনিষদের তিনটি সূত্রে যাহা ব্যক্ত করা হইয়াছে তাহা পাই:—"তিনি যিনি আত্মাতে সর্বভৃতকে দুর্শন করেন," ''তিনি যিনি সর্বভূতের মধ্যে আন্ধাকে দর্শন করেন'', ''তিনি যাঁহার মধ্যে আশ্বাই সংৰ্বভূত হইয়াছেন — অৰ্থাৎ ইহাতে অন্তৰ্ভুক্তি, অন্তৰ্য্যামিছ এবং একম্ব এই তিন ভাবই বৰ্ত্তমান আছে। কিন্তু মূল চেতনাব এ দর্শন চিন্ময় আন্ধানুভব মাত্র, ইহা সন্তার আন্ধজ্যোতিব দর্শন, ইহা ভেদদশন অথবা আন্ধাকে বিমযক্রপে পরিণত করিয়া সেই আত্মাব উপর দুষ্টিপাত কবা নয়। কিন্তু এই মূল আপ্নানুভবের মধ্যে চেতনাৰ আৰ এক দৃষ্টির প্রকাশ হইতে পালে যাহাকে সেই পরাচেতনার আঙ্গসমাহিত অবস্থাব স্বরূপগত আত্মজ্যোতি এবং স্বপ্রকাশের আদ্য সক্রিয় উপাদান ঠিক বলা যায় না. যদিও স্বন্ধপণত সম্ভাবনান্ধপে তাহা আত্মারই অনিবার্য্য স্বয়ংসম্পূর্ণ এক শক্তি। এই দৃষ্টি চিন্ম্য প্রম চেত্রাব খন্য এক স্থিতির সহিত বর্ত্তপান থাকে অথবা তাহাকে আনয়ন কবে, যে স্থিতিতে আমর। যাহাকে জ্ঞান বলি তাহাব প্রথম সচন। হয় , এখানে চেতনার একটা মবস্থা আছে এবং তাহার মধ্যেও তাহার মঙ্গে মন্তবঙ্গভাবে বর্ত্তমান জ্ঞানের এক ক্রিয়া আছে : এখানে পুক্ষ নিজেকে দেখেন, তিনি নিজেন আরম্ভানের জ্ঞাতা এবং জ্ঞেন হন ; একভাবে বিষয়ী ও বিষয় রূপ ধানণ করেন-স্থাবা বলা উচিত যে বিষয় ও বিষয়ী এই দুই বোধ একেবই মধ্যে বৰ্ত্তমান থাকে। কিন্তু এই দৃষ্টি এই জ্ঞান এখনও স্বরূপানুগত, এখনও ইহা স্বতঃসিদ্ধ, এখনও ইহা একস্ববোধেৰ এক ক্রিয়া ; गাহাকে সামনা ভেদন্তান রূপে অনুভব কবি তাহ। এখনও আবন্ত হয় নাই।

কিন্তু যখন বিষয়ীরূপে স্থিত পুক্ষ বিষযরূপে স্থিত নিজের নিকট হইতে নিজেকে কতকটা সরাইয়া নেন তখন চিন্নৰ জ্ঞান বা একস্বনোধজাত জ্ঞানের তৃতীয় স্থিতির সূচনা দেখা দেয়, তখন প্রকাশ হয় এক অন্তরঙ্গ অধ্যাত্ম দৃষ্টি, একটা চিন্ময় ব্যাপ্তি এবং অনুপ্রবেশ; এক চিন্ময় অনুভূতি যাহা সবকে আত্মরূপ দেখে বা বোধ করে, সকলকেই আত্মস্তরূপে পর্শন্ করে। তথায় বিষয়ের মর্ম্মে পুরেশ করিয়া তাহা স্বরূপতঃ কি এবং তাহাব মধ্যে কি রহিয়াছে তাহা আধ্যাত্মিকতাবে অনুভব করিবার এক শক্তি আছে, একস্বনোধই এ অনুভবকে বিরিয়া ইহার সর্ব্বত্ম পরিব্যাপ্ত হইয়া থাকে, একস্ব বোধ দিয়া এ অনুভব গঠিত হয়। সেখানে আধ্যাত্মিক বা চিন্ময় এক ধারণা বা প্রত্যয় আছে যাহা মননের

#### দিব্য জীবন বার্ত্তা

আদি উপাদান, যে ভাবনা নিজের অজ্ঞাত পদার্থকে আবিষ্কার করিতে চেটা করে ইহা সে মনন নহে, আত্মস্বরূপে স্বভাবসিদ্ধ ভাবে যাহা জানা আছে এ মনন তাহাই বাহিব করিয়া আনিয়া আন্ধার আকাশে বা আন্ধচেতনার প্রসারিত সতাতে আত্মজ্ঞানময় ধারণাব বিষয়রূপে গ্রহণ করিবার জন্য স্থাপিত করে। এ ভূমিতে আছে এক চিন্ময-ভাব-তরঙ্গ, এক চিন্ময় অনুভূতি, আছে একছের সহিত একত্বেৰ, সন্তার সহিত সত্তাৰ, চেতনার সহিত চেতনাৰ, আনন্দের সহিত আনন্দের প্রস্পর সংমিলন। আবার এখানে আছে অভেদেব মধ্যে ভেদাভাসেন উল্লাস, প্রম একম্বে বিধৃত প্রেমের সঙ্গে প্রেমের মিলন ও নানা সম্বন্ধ স্থাপনের পরম হর্ষ, শাশুত অহয স্বরূপেব বহু শক্তি, বহু সত্যা, বহু সত্তাব, অরূপের বহু রূপায়ণের আনন্দ মিলন। সত্তার মধ্যস্থিত সম্ভূতির সকল খেলা আঞ্ব-প্রকাশের জন্য আত্মচেতনার এই সমস্ত শক্তিকেই ভিত্তিন্তরে গ্রহণ করে। কিন্তু তাহাদের চিন্ময় মূলে এ সমস্ত শক্তি আস্থান স্বন্দপ শক্তি, তাহাবা গঠিত, প্ৰবিক্তিপত, বিস্পষ্ট যান্ত্ৰিক বা ক্রণ-শক্তি নহে, চিন্ম্য অন্বয়ত্ত্ব যথন নিজেকে: ক্ষেত্র করিয়া নিজের উপব ক্রিযাশীল হন তথন তাঁহার আত্মচেতনায যে জ্যোতি-রুজ্জন আয়-সচেতন উপাদানের প্রকাশ হয এ সমস্ত শক্তি তাহা ছাড়। অন কিছ নহে, শুদ্ধ চিৎই এখানে দৃষ্টিশক্তি, শুদ্ধ চিত্তের স্পন্দনই এখানে সংবেদন রূপে দেখা দেয়, আম্বজ্যোতিতে উদ্ভাসিত শুদ্ধ চিৎই ধারণ। এবং অনুভূতিরূপে প্রকাশ পায। বস্তুতঃ এ সমস্তই একমবোধজাত জ্ঞান, অধভচেতনাৰ বহু আম্বরূপান্দের মধ্যে তাহার স্বরূপশক্তির স্বতঃসঞ্বরণ। চিংপুক্ষের অন্ত আত্মানভূতিৰ বিচন্ধ-ক্ষেত্ৰেৰ এক প্ৰান্তে আছে শুদ্ধ নিৰুপাধিক তাদাত্ম-প্রত্যয় বা অধৈতানুভূতি, অপব প্রান্থে আছে বছণা রূপায়িত একছবোধ, এক-দিকে আছে আত্মসমাহিত স্বৰূপানন্দ অপন্দিকে আছে অহৈছত-বস-ভাবিত বহুবিচিত্রতার আত্মাভিনিবিষ্ট পরম আনন্দ।

যপন পৃথক করিয়া দেপিবার পুণৃত্তি একস্ববোধকে অভিভূত কবিয়া ফেলে তথন ভেদজ্ঞানেব সূচনা হয়: তথনও আশ্বাতে বিষয়ের স্থিত একস্ববোধ থাকে কিন্তু প্রকৃতিগত ভেদের থেলা সেগানে চরম করিয়া তোলা হয়। প্রথমে ভেদভাবনা আশ্বা এবং অনাস্থারূপে প্রকাশ পায় না, আশ্বা এবং অন্য আশ্বা এই বোধ মাত্র জাগে। একস্ব জ্ঞান বা একস্ববোধ হইতে জ্ঞাত জ্ঞান কতকান তথনও থাকে কিন্তু বিনিম্ব এবং সংস্পর্শ জাত জ্ঞানের গুরুভাব তাহার উপব্পত্যে, তাহাকে ডুবাইয়া দেয় এবং অবশেষে নিজেরা তাহার স্থান এমনভাবে

#### ভাদাস্য জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

অধিকার করে যে অভেদ প্রত্যয় গৌণ হইয়া পড়ে, মনে হয় বিবিক্ত আত্ম সকলের যে পরস্পর সংযোগ, আবেইনকারী এবং ব্যাপক যে সংস্পর্ণ, পরস্পরের মধ্যে অনুপ্রবেশ এবং তজ্জাত যে অস্তরঙ্গতা তখনও বর্ত্তমান খাকে তাহা যেন একম্বোধের ফল আর নয় তাহার কারণ। অবশেষে একম্ববোধ আবরণের পশ্চাতে লুক্কাযিত হইয়া পড়ে এবং তখন সন্তার সহিত অন্য সত্তার, চৈতনার সহিত অন্য চেতনার খেলা চলে ; অন্তর্গ নভাবে একম্ববোধ তখনও খাকে কিন্ত তাহা অনুভূতিতে প্রকাশ পায় না ; তাহার হানে দেখা দেয় প্রতাশগ্রহণ, অন্তরঙ্গ সংস্পর্ণ ও অনুপ্রবেশ, পরস্পরের মিশ্রণ এবং বিনিময়। এই অন্যোন্য ক্রিয়া মারা অনপবিস্তব অন্তবঙ্গ জ্ঞান, অন্যোন্যচেতনা, বিষয়-চেতনা বা বস্তু-জ্ঞান লাভ করিবার সম্ভাবনা বর্ত্তমান থাকে। এখানে আত্মান সঙ্গে আত্মার মিলন বা সংযোগ হইতেছে এ বোধ নাই ; আছে অন্যোন্যাশ্রাক্ষেব অনুভব ; তবু পূর্ণভেদজ্ঞান অপরকে নিজ সত্তা হইতে একেবারে পৃথক জ্ঞান বা পুবাপুরি মবিদ্যা এখনও আসে নাই। চেতনা খব্ৰকায় হইয়া পড়িয়াডে তবু আদি জ্ঞানের শক্তি তাহাতে কিছু আছে, যদিও সে জ্ঞান মূলে এবং স্বরূপে যেরূপ পূৰ্ণ ছিল খণ্ডতাৰ জন্য সে পূৰ্ণতা হারাইয়া অনেকটা বীৰ্যাহীন হইয়া পড়িয়াছে ; তাই তাহা ভেদের মধ্যে ক্রিয়া করিয়া অন্তরক্ষ ঘনিষ্ঠতা গুৰু জাগাইতেছে কিন্ত একস্ববোধ ফুটাইতে পারিতেছে না। চেতনাদ্বানা বিষয়কে অন্তর্ভুক্ত করিবার এবং আবেপ্টন দারা বস্তুচেতনা বা বস্তুজ্ঞান লাভ কবিনাব শক্তি এখনও আছে; কিন্তু এখন যাহা বাহিবের বস্তু চইয়া দাঁড়াইয়াচে তাহাই অন্তর্ভুক্ত করা হইতেছে, এই বাহ্যবস্তুকে আপনাৰ আত্মাব কোন উপাদানে ৰূপান্তরিত করিয়া লইতে হয় অজিত বা পুনর্লন্ধ জ্ঞানের দ্বাবা ; সেজন্য চেতনাকে বিষয়ে অভিনিবিষ্ট এবং কেন্দ্রীভূত হইযা তাহাকে সন্তার এক সংশন্ধপে অধিকাব করিতে হয়। এখনও বিষয়ের মধ্যে অনুপ্রবেশের শক্তি আছে কিন্তু তাহার আর সে স্বাভাবিক ব্যাপকতা নাই এবং তাহা একন্ববোধে লইযা যায় না; বিষয়ে অনুপ্রবিষ্ট চেতনা জ্ঞানেব বিষয় বা জ্ঞেয বস্তুন মধ্যস্থিত যে সকল তখ্য এইভাবে সংগ্রহ বা লাভ করিতে পারে তাহা জাতা বা বিঘয়ীর নিকট উপস্থাপিত এখনও চেতনার সহিত চেতনাব মর্শ্বাবগাহী সাফাৎ সংস্পর্শের শক্তি আছে, তাহার ফলে উক্তরণ ও অন্তরঞ্চ জ্ঞান লাভ হয় কিন্তু সে জ্ঞান, যে সমস্ত ৰিন্দুতে সংস্পৰ্শ হয় এবং যতক্ষণ পৰ্য্যন্ত সংস্পৰ্শ থাকে তাহাতে সীমাৰদ্ধ। এখনও একটা অপরোক্ষ বোধ, চেতনাময় দৃষ্টি, চেতনাময় অনুভবশক্তি আছে

#### विवा क्रीवन वर्षा

যাহা বন্ধর ভিতরে এবং তাহাব বহিস্তলে বা বাহিরে যাহা আছে তাহা দেখিছে ও অনুভব করিতে পারে। এখনও সন্তায় সন্তায় চেতনায় চেতনায় পরস্পরের মধ্যে অনুপ্রেশ এবং অন্যোনাবিনিময় আছে, আছে পরস্পরের ভাবনা, অনুভূতি বা সংবেদন, সকল প্রকার শক্তির তরক্ষমালার অভিঘাত গ্রহণ—যাহাদের লক্ষ্য, সমবেদনা এবং মিলন অথবা বিরোধ ও সংঘর্ষের দিকে। এখনও অপর চেতনা বা অপর সন্তাকে কখনও অধিকার করিয়া কখনও বা তাহাদের হাবা অধিকৃত হওয়া স্বীকার কবিয়া লইয়া ঐক্যসাধনের চেটা চলিতে পারে; অথবা পরস্পরকে অন্তর্ভুক্ত কবিয়া পরস্পরেব মধ্যে ব্যাপ্ত হইয়া পরস্পরকে অধিকান কবিয়া একছিদিন দিকে জোব দেওয়া যাইতে পানে। জাতা সাক্ষাং সংস্পর্ণ দানা এই সমস্ত ক্রিয়া প্রতিক্রিয়া অবগত হয় এবং এই ভিত্তির উপন তাহান পারিপাশ্বিক জগতেন সকল সন্ধন্ধ গড়িয়া তোলে। ইহাই বিষয়ের সহিত চেতনান সাক্ষাৎসংস্পর্শজনিত জ্ঞানের উৎস, এ জ্ঞান আমাদের অন্তরপুক্ষের পক্ষে শ্বাভাবিক কিন্তু আমাদেন বহিঃপুক্তির কাছেইছা অপবিচিত অথবা গতি মপ্রভাবে সাত্র জ্ঞাত।

**जिप्तरी यिवणान এই शुार्शिक वनशाय এখনও জ্ঞানের খেলা আ**ছে যদিও সে জ্ঞান সাঁমিত এবং ভেদদশী : অন্তগুচ একত্বেন এক শক্তির উপর প্রতিষ্ঠিত থাকিয়াই এখানে বিবিক্ত সত্তান খেলা চলিতেছে, তাহার ফলে গোপন একম্বের অপূর্ণ প্রকাশমাত্র সম্ভব হইতেছে। পূর্ণ স্বরূপগত একম্বচেতনা এবং একম্ববোধজাত জ্ঞানের ক্রিয়া প্রার্ধলোকের ধর্ম্ম : এই সাক্ষাৎসংস্পর্ণজ জ্ঞান জড়াতীত মনের উচ্চতম ভূমিদকলেব মুখাধর্ম্ম ; এসব ভূমি আমাদের বহিশ্চর প্রাব কাছে অবিল্যাব আচ্ছাদনে আবৃত হইয়া আছে ; জড়াতীত মনের নিমুত্তব ভূমিতেও এ জ্ঞান প্রকাশ পায় কিন্দু খব্বকায় হইয়া এবং তাহাতে ভেদ-দর্শনের ছাপ স্পষ্টতন খাকে; যাহা কিছু জড়াতীত তাহান মধ্যে এ জ্ঞান একটা উপাদানরূপে আছে বা থাকিতে পারে। আমাদেব অধিচেতন সত্তাব পক্ষে জ্ঞানলাভের ইহাই মুখ্য যায়, তাহার চেত্তনাব প্রধান অবলয়ন ; কেননা অধিচেতন সত্তা বা অন্তরপুরুষ অবচেতন ভূমি সকলেন উপর এই সমস্ত উচচতর ভূমির চেতনার একট। অভিক্ষেপ ( projection ) বা অবতবণ ; তাই তাহার উৎপত্তিস্থানের চেতনাব ধর্ম্মে অধিচেতনাব উত্তবাধিকার আছে ; অর্ধাৎ এ সত্তার সহিত উচ্চতর ভূমিব অন্তরঙ্গ সংস্পর্শ এবং আশ্বীয়তা সূত্রে নিবিড় সংযোগ আছে । আমাদের বাহ্য প্রাক্ত সত্তায় আমর। নিশ্চেতনার সম্ভান ;

### ভাদারা জান ও ভেদদশী জান

আমাদের অন্তবের অধিচেতন সন্তাই আমাদিগকে প্রাণ মন ও চেতনাব উচচতর ভূমিসকলের উত্তরাধিকারী করিয়াছে; তাই যতই আমরা নিজেদিগকে ভিতরের দিকে খুলিয়া ধরি, ভিতরের দিকে গমন কবি, ভিতরে বাস করিতে শিখি, ভিতর হইতে বিত্তলাভ কবি ততই আমবা নিশ্চেতনা জননীব বাহুবন্ধন হইতে মুক্ত হই এবং ততই আমরা সেই সর্বপ্ররূপের দিকে অগুসর হই যিনি আজিও আমাদের অবিদ্যার কাছে অতিচেতনাৰ সধ্যে রহিয়াছেন।

সত্তা হইতে সত্তাৰ সম্পূৰ্ণ বিচেছদ ঘটিলে অবিদ্যা পূৰ্ণ হইযা উঠে, চেতনার সহিত চেতনাৰ সাক্ষাৎ সংস্পৰ্ন তখন সম্পূৰ্ণক্লপে বা গভীৰভাবে আৰুত হইয়া পড়ে, যদিও তখনও আমাদের অধিচেতন অংশেব মধ্যে তাহাব ক্রিয়া চলিতে ণাকে : ঠিক সেখানকাৰ মত ভিত্তিরূপে গোপনে অবস্থিত একম্ব বা একমবোধও শামাদেব মধ্যে সম্পূর্ণ প্রচন্তনু হইয়া আছে যদিও সাক্ষাৎ ভাবে ক্রিয়া কবিতেছে না। সম্ভাব বহিভাগে এক পূর্ণ ভেদ বোধ দেখা দিয়াছে, বিভাগের ফলে আন্ধা এবং অনান্ধা-এই দুই আসিয়া পডিয়াছে ; অনান্ধাৰ সহিত কার-বাব কবিবাব প্রযোজন আসিয়াছে অখচ তাহাকে জানিবাব বা বশে আনিবার কোন প্রত্যক্ষ উপাস নাই, প্রকৃতিকে তখন প্রোক্ষ উপায় স্কট্ট কবিতে ২ইখাছে : সে উপায় এই :---আমাদেন স্থূন ইন্দ্রিয় বস্তুব সংস্পর্ণে আমে, স্নায়ুপুনাহের ভিতর দিয়া বহিনাগত অভিঘাতের খনন ভিতরে প্রবেশ করে, স্থল ইন্দ্রিয়ার সহায ও পরিপূবকরূপে মনে তখন এক প্রতিক্রিয়া এবং সমনুয়কানী বৃত্তি জাগে,—এ সমস্তই পরোক্ষ জ্ঞান লাভের পদ্ধতি : কেননা চেতনাকে এই সমস্ত কৰণ বা যন্ত্ৰেব উপৰ নিৰ্ভৱ কৰিতে বাধ্য হইতে হয়, যেহেতু সে সাক্ষাৎ-ভাবে বস্থ বা বিষয়ের শংম্পর্ণে আসিতে পারে না। এই সমস্ত উপায়ের সঙ্গে যুক্তি, বুদ্ধি ও বোধিকে যোগ কৰা হয়, পৰোক্ষভাবে আনিত হইয়া ১ সমস্ত সংবাদ ইহাদের নিকট উপস্থাপিত করা হইয়াছে ইহাৰা তাহাদিগকে গ্রহণ করে এবং তাহাদিগকে সাজাইয়া গুছাইয়া বাখিয়া, আহবিত তথ্যগুলির সাহায্যে অনাশ্বাকে যতটা পাবে জানিতে, বশে আনিতে, অধিকার কবিতে প্রযাস পায় অথবা মূল ভেদজ্ঞান বিবিক্ত সত্তাকে যতটুকু অনুমতি দেয ততটুকু পরিমাণে অনামার সহিত আংশিক ঐক্য অন্তব দেখা দেন। সমস্ত উপায় অপর্য্যাপ্ত এবং অনেক সময় অযোগ্য এবং মনের ক্রিয়াব অপরোক্ষ ভিত্তি এমনভাবে জ্ঞানকে প্রভাবিত বা পীড়িত করে যে জ্ঞানের গোডায় একটা অনিশ্চয়তা দেখা দেয়: নিশ্চেতনা হইতে আমাদের যে জড

#### शिवा क्रोवन वार्खा

সভা উন্মিষিত হইয়াছে এবং যাহ। এখনও মুক্তিলাভ করিতে পারে নাই তাহার প্রকৃতিতে স্বভাবতঃ জ্ঞানের এই মৌলিক ন্যুনতা থাকিয়াই যায়।

পরম অতিচেতনাই যেন বিপরীতমুখী হইয়া নিশ্চেতনারূপে প্রবায় দেখা দিয়াছে; এ নিশ্চেতনা সেই অতিচেতনারই মত অনাপেক্ষিক বা নিরুপাধিক তাহারি মত স্বয়ংক্রিয়, কিন্তু এখানে চেতনা এক বিরাট সংজ্ঞাহীনতার সংবৃত ; ইহা যেন নিজের মধ্যে নিজে হারাইয়া গিয়াছে, নিজেরই অনস্ত অতলতাৰ মধ্যে নিমজ্জিত হইযা পড়িয়াছে। নিজের স্বয়স্তু সত্তায় নিজের জ্যোতির্দ্বর আত্মসমাধিই যেন রূপান্তরিত হইয়া অন্ধকারময় সংবৃতিরূপ ধারণ করিয়াছে; ঋগ্মেদে ইহাকেই ''তম আদীৎ তমসা গানুম'' 'অন্ধকার যেন অন্ধ-কাবে অবগুষ্ঠিত হইয়াছে' বলা হইযাছে : তাই নিশ্চেতনাকে অসংএব মতুই মনে হয় : স্বরূপানগত জ্যোতির্ম্ম আদ্বসংবিতের স্থানে দেখা যাইতেছে যেন চেতনা আন্ধবিস্মৃতিব অতল গভীবে ডুবিয়া গিয়াছে, সন্তার মধ্যে চেতনা স্বরূপে থাকিয়াও যেন জাগিয়া নাই। অপচ এই সংবৃতচেতনায় প্রচছন হুইয়া আছে এক তাদাস্থ্যবোধ বা একস্ববোধজাত জ্ঞান : ইহার অন্ধ্রকার অনুস্থেব মধ্যে সত্তান সকল সত্তোৰ সংবিৎ বা জ্ঞান গোপনভাবে ৰহন করিতেছে : এবং যথৰ ইহা ক্রিয়া এবং স্বাষ্ট কবে তখন নিজ মধ্যন্তিত স্বরূপগত জ্ঞানের বশেই সমস্ত সঠিক এবং পূৰ্ণভাবে সজ্জিত হইযা উঠে, কিন্তু প্ৰথমে ইহা চেতনা-রূপে ক্রিয়া কবে না. কবে শক্তিরূপে। প্রতি জড বস্তুর মধ্যে আছে এক নিৰ্ন্দাক সম্ভূতবিজ্ঞান ( Real Idea ) বা ঋতচিৎ, প্ৰভূত শক্তিশালী এবং স্বতঃপরিণামী এক বোধি, তথায় অচকু হইয়াও যথাযথঁভাবে সাকাদ্দর্শন ও বোধের এক শক্তি বাস কবিতেছে, তাহাতে স্বযংক্রিয় এক বৃদ্ধি আছে যাহা তাহার অচিস্থিত এবং অব্যক্ত ধাবণা বা কল্পনাকে রূপায়িত করিয়া উঠাইতেছে : তাহার নিনীলিত বৃষ্টিতে আছে অকুণু বৃষ্টিশক্তি, তাহার মধ্যে বোধহীনতার পুলেপ দেওয়া निर्दीक जवकृष्त এक मः तिमन मेक्जि जार्छ योश जवार्थजात যাহা কিছু ঘটাইবার তাহা ঘটাইযা ভুলিতেছে। নিশেচতনার এই স্থিতি ও ক্রিয়া স্পষ্টতই শুদ্ধ অতিচেতনাব স্থিতি ও ক্রিয়াব সনুরূপ, গুধু আদি আন্ধ-জ্যোতির স্থানে আস্ব-অন্ধকারের ভাষাণ তাহাদেব অনুবাদ করা হইয়াছে। জড রূপের মধ্যে স্বরূপগতভাবে থাকিলেও এ সমস্ত শক্তির উপর সে রূপের অধিকার স্থাপিত হয় নাই তথাপি তাহার। নিব্রাক অবচেতনার ভিতর দিয়। ক্রিয়া করিতেছে।

#### ভাদামা জ্ঞান ও ভেদদর্শী জ্ঞান

যাহার কথা সাধানণভাবে আমরা প্রের্ই ব্ঝিতে চেষ্টা করিয়াছি, সংৰুতি হইতে পরিণতির পথে চেতনার সেই উন্নেঘের পর্বে গুলি এই জ্ঞানের সাহায্যে আরও স্পষ্টভাবে বুঝিতে পারি। জড় সন্তায় যে ব্যষ্টিভাব আছে তাহা অনু-ন্য, মনোময় নহে; কিন্তু অচেত্র বস্তুসমূহের মধ্যে একমাত্র যাহা স্চেত্রন এবং তাহাব মধ্যস্থিত অন্তপূ চ শক্তিসমূহের ক্রিয়া সাহা নিয়ন্ত্রিত করিতেছে তাহা তাহার মধ্যে অধিচেতনভাবে বর্ত্তমান আছে। ইহা বলা হইয়াছে যে পুতিজড় বস্তু তাহার পরিবেশের মধ্যস্থ বস্তুসমূহের সংস্পর্ণে আদিয়া তাহাদের ছাপ গ্রহণ করে এবং তাহা বক্ষা করে, এবং তাহা হইতে শক্তি <mark>বিকী</mark>ণ হয়, যাহাতে অলৌকিক উপায়ে লব্ধ এক নিগৃচ জ্ঞান বা ওও নহস্যবিদ্যা সেই বস্তুব সতীত ইতিহাস জানিতে পারে অথবা বস্তু চইতে বিকীণ শক্তি স**হত্তে** यांगां पिशत्क गटाउँ कतिएउ পাবে ; ইহা যদি गত। হয তবে অনিযঞ্জিত যে স্বৰূপগত চেত্ৰা জডেৱ মধ্যে পৰিব্যাপ্ত হইয়া আছে মুখচ এখনও তাহাকে আলোকিত করে নাই তাহাই হইবে বস্তুব এই গ্রহণ এবং শক্তি বিকিবণ করিবার সামর্থ্যের কাবণ। বাহির হইতে আমরা দেখিতে পাই যে জডবস্তু সকলের, য**া উদ্ভিদ এবং খনিজ বস্থনাজির কতক**গুলি <mark>শক্তি, ধর্ম বা স্বাভাবিক প্রভাব</mark> আছে, কিন্তু নাহিনের সঙ্গে তাহাদেব সংযোগসাধনের কোন বৃত্তি না উপায় তথায় নাই বলিয়া, কোন ব্যক্তি বা বস্তুৰ সংস্পূৰ্ণে শুন আসিলে অথবা কোন ' থ্রাণী সচেতনভাবে বাবহার করিলে এই সব শক্তি বা ধর্ম সক্রিয় হইয়। উঠিতে পানে—মানুদ্রেন আনিকৃত অনেক বিজ্ঞানের ব্যবহানিক দিক এই সমস্তেব প্রযোগ ঘইতেই গড়িয়া উঠিয়াছে। কিন্তু এ সমস্ত শক্তি এবং প্রভাব সন্তারই ধর্ম্ম, কেবনগাত্র অনাবস্থিত স্থূন বস্তুন নয, তাহাব। চিন্ময় প্রক্ষেব শক্তি, নিশ্চে তনাব মধ্যস্থিত ভাঁহাবই আন্ত-সমাহিত অবস্থা হইতে তপোবীর্ষে।র প্রভাবে উন্নিষ্ঠিত হইয়া উঠিতেছে। স্বৰূপগত আশ্বসমাহিত চিন্ময় শক্তির স্থল এবং যান্ত্রিক ভাবেন ক্রিয়া প্রথমে ফুটিয়া উঠে প্রাণেন প্রাথমিক রূপ-গম্ভেব মধ্যে অবমানস প্রাণম্পল্ন রূপে, যাহাব মধ্যে সংবৃত ইন্দ্রিয়শক্তির মাভাগ পাওয়া যায়; তথায় জাগে পুষ্টি এবং আলো-বাতাদেব আকাঙ্কা, সে চায় যেন নিজেকে একটু পুসাবিত এবং অন্ধভাবে বাহিবকে বোধ কৰিতে, যদিও এ আকৃতি এখনও শুধু ভিতরেই দেখা দিয়াছে এবং তাহাব নিশ্চল সন্তার কারাগারে বন্দী আছে, তাহাব এই সমস্ত সহজাত আকাঙ্ক্ষাকে বাহিরের রূপ দিতে, বাহিরের মঙ্গে নিজের যোগস্থাপন করিতে বা নিজেকে বাহিরে প্রকাশ

৩২১

#### দিবা জীবন বার্ডা

করিতে এখনও তাহা অসমর্থ। তাহার মধ্যে যাহা এখনও নিশ্চল হইয়। আছে জীবনের বিচিত্র সম্বন্ধ স্থাপনের জন্য গঠিত হইয়া উঠে নাই, তাংগ বাহিরের সংস্পর্ণ সহ্য ও হজম করে, অসাড়ভাবে আঘাত করে কিন্তু ইচ্ছা-পূর্বেক কোন আঘাত দিতে পারে না ; এখনও তাহার মধ্যে নিশ্চেতনা প্রবন, নিশ্চেতনাই তাহার মধ্যস্থিত সংবৃত একমবোধজাত জ্ঞান মারা সকল কার্য্য করে, সংস্পর্ণ হইতে সচেতন জ্ঞান নাভের জন্য তাহার বহিস্তরে কোন উপায এখনও সে গড়িয়া তোলে নাই। প্রাণ যখন ব্যক্ত চেতন হইতে থাকে তখনই এই বৃহত্তর শক্তি লাভ আরম্ভ হইতে থাকে; আমরা দেখি যে কারারুদ্ধ চেতনা বাহিরে বিকাশ পাইবার জন্য সংগ্রাম করিতেছে, এই সংগ্রামের তাড়নায় বিবিক্ত জীবসত্তা প্রথমে যতই অন্ধভাবে এবং যতই সংকীর্ণ সীমার মধ্যে হউক না কেন, জগৎসত্তার বহিঃস্থিত বাকি অংশের সহিত সচেতন সম্বন্ধ স্থাপনের প্রয়াস পায়। একদিকে যে সমস্ত সংস্পর্ণ সে গ্রহণ করিতে বা যাহাতে সে সাড। দিতে পারে তাহার, অপরদিকে সে নিজেব মধ্য হইতে যে আঘাত দিতে বা নিজের প্রয়োজন এবং প্রবৃত্তি চরিতার্থ করিবার জন্য যাহ। অপরের উপব আরোপ করিতে পারে তাহার পরিমাণ ক্রমশ: বাড়াইয়া সজীব জড়সত্তা নিশ্চেতনা হইতে সচেতনতা, অবচেতনা হইতে ভেদাম্বক সীমিত জ্ঞান ফটাইয়া তোলে।

আমরা দেখিতে পাই তাহাব পর ক্রমবর্দ্ধমান ভেদদর্শী চেতনার মধ্যে আদি স্বয়স্থ্র অধ্যান্বচেতনার স্বরূপগত সকল শক্তি ধীরে ধীরে প্রকাশ পাইতে থাকে, এই সমন্ত ক্রিয়াশক্তি একছবোধজাত জ্ঞানের মধ্যে গোপনে স্বভাবসিদ্ধ ভাবে কিন্তু রুদ্ধ হইয়া ছিল, এবার তাহারা ক্রমে ক্রমে প্রথমে অভ্যুতরূপে ধর্বকায় হইয়া যেন পরীক্রামূলকভাবে বাহিবে উন্মিষিত হইতে থাকে। প্রথমে ইন্দ্রিয়বোধের একটা স্থূল বা অবগুষ্ঠিত রূপ দেখা দেয়, ক্রমে তাহা প্রাণেশ সহজাত সংস্কার এবং গোপনে অবস্থিত বোধির সাহায্যে স্কুম্পষ্ট ইন্দ্রিয়-চেতনায় পরিণত হয়, তাহার পর জাগিয়া উঠে প্রাণময় মনের এক সংবেদন, তাহার পশ্চাতে থাকে এক অম্পষ্ট চিৎ-দৃষ্টি এবং বিষযানুত্র ; হৃদ্যাবেগের কম্পন কুটিয়া উঠিয়া চায় অপর হৃদয়ের সহিত পরম্পর-বিনিময় ; অবশেষে বহিশ্চর মনের ধারণা ভাবনা যুক্তি আসিয়া জ্ঞানের সকল তথ্যকে একত্র করিয়া বিষয়কে সামান্য এবং বিশেষভাবে সমগ্ররূপে বুঝিতে চায়। কিন্তু এখনও ইহারা সকলেই অপূর্ণ, এখনও ভেদদর্শী অবিদ্যা এবং আবরণকারী আদি নিশ্চেতনাব জন্য ইহারা বিকলাঞ্ব ; সকলেই বাহ্য উপায়ের উপর নির্ভরশীল, নিজের

#### ভাগাৰা জ্ঞান ও ভেদদৰ্শী জ্ঞান

অধিকারে স্বতম্বভাবে ক্রিয়া করিবার শক্তি এখনও তাহার৷ পায় নাই : চেতনা সাক্ষাৎভাবে চেতনার উপর ক্রিয়া করিতে পারেনা ; মনোময় চেতনা বস্তুকে বিরিয়া এবং তাহার মধ্যে প্রবেশ করিয়া বিষয়ের একটা জ্ঞান গড়িতে চায় কিন্তু তাহা খাঁটি পাওয়া বা খাঁটি জানা হয়না ; একন্ববোধ হারা কোন জ্ঞান লাভ এখনও সম্ভব হয়না। সাধারণ বৃদ্ধির ভাষায় যাহার অনুবাদ হয় নাই অধিচেতনার তেমন কোন শুদ্ধ গোপন ক্রিয়াধাবা বাহ্য মন এবং ইন্সিয়ের উপর যখন বলপূর্বক নিজেকে আরোপিত করিতে সমর্থ হয় কেবল তখনই জ্ঞানলাভের কোন গভীর উপায় প্রথমিকভাবে বহিস্তলে ক্রিয়া কনিতে পারে কিন্তু এই ভাবেৰ উন্নেম এখনও কদাচিৎ ঘটে, তাই আমাদেৰ অজিত এবং অভ্যন্ত সাধারণ জ্ঞানের কাচে তাহার আম্বাদ অনৈস্থািক এবং অভিপ্রাক্ত মনে হয়। কেবলমাত্র অন্তর-সত্তাব দিকে নিজেকে খুলিয়া ধরিতে অথবা তাহাতে অনুপুবিষ্ট হইতে পারিলে আমাদের বাহ্য পবোক্ষচেতনার সহিত সাক্ষাৎ অন্তরঙ্গ চেতনাব যোগসাধন করিতে পারি। কেবলমাত্র যখন আমাদের অন্তরতম আদ্ধা বা অতিচেত্তন সত্তাতে জাগরিত হইতে পারি তথন এমন আধ্যাদ্বিক জ্ঞান লাভ কবিতে আবন্ধ করি—একমবোধ যাহার ভিন্তি, মূলীভূত শক্তি এবং স্বরূপগত উপাদান।

# একাদশ অধ্যার অবিভার সীমারেখা

যে মনে করে এই লোকই গুধু আছে--আর কোন লোক নাই।

কঠোপনিবদ ( ২া৩ )

অনত্তের মধ্যে প্রসারিত হইরা আছে, স্বেক্টান এবং পদহীন (হইরা) তাহার ছুই প্রাপ্ত লুকালয় বাধিবা।

[মস্তক-অভিচেতনা, পদ-নিক্তেনা] i

भारचान ( 81219, 22 )

'আমি ব্ৰহ্ন' ইং। যিনি জানেন তিনি এই যে সৰ কিছু আছে তাহা হন, খার যিনি অংক আস্থাকে ছাডিয়া অন্ত দেবতা উপাসনা করেন এবং জাবনা কবেন "তিনি পৃথক আর আমি পৃথক" তিনি কিছুই জানেন না।

বৃহদারণ্যক উপনিষদ (১।৪।১০)

এই আন্ধার চারিটি পাদ আছে। জাগরিক স্থানে আন্ধার বৃহিন্দ্র বৃদ্ধি আছে, তিনি বৃহিপ্রক্ত এবং এখনে তিনি বাচনত ভোগ করেন—ইহাই তাহার প্রথম পাদ। স্বপ্র স্থানে আন্ধার অন্তরের প্রজ্ঞা (বা বৃদ্ধি) আছে, তিনি অন্তঃপ্রজ্ঞা তথার তিনি স্ক্র পদার্থ ভোগ করেন—ইহা হিতীর পাদ। স্বপুর্ত্তি স্থান আন্ধা একাভূত, প্রজ্ঞানখন, আনক্ষম এবং আনন্দ ভোগ করেন—ইহা হৃত্তীর পাদ। আরব্বর, সর্ব্বক্ত, অন্ত্যানী, অনৃষ্ঠ, অলক্ষ্প, একাক্মপ্রত্যায়সার (self evident in its one selfhood)—ইহাই চতুর্থ পাদ। এইঙো আন্ধা ইহাকেই জানিতে হইবে।

মাণ্ডুক্য উপনিবৰ ( ২-- 9)

অসুষ্ঠপ্র-।গ এক সচেওন সন্তা বা পুরুষ আমাদের সন্তার কেন্দ্র স্থানে আছেন; তিনি অতীত এবং ভবিশ্বতের প্রস্তু--তিনি অস্ত আছেন এবং তিনি কল্য থাকিবেন।

कर्ठ डेशनियम ( 813२, ১৩ )

এই অবিদ্যা বা এই ভেদদশী জ্ঞান যাহ। বহু কপ্তে তাদাম্ব্যবোধের দিকে স্বগ্রসর হইতেছে, এবার তাহার বিস্তৃত পরিচয় নেওয়া সম্ভব হইয়াছে; স্ববিদ্যাই

### অবিভার সীমারেখা

আমাদের মনশ্চেতনা গঠিত করিয়াছে, ইহা এক স্লানতর রূপ ধারণ করিয়া মানুষের নিমুত্র স্তরস্থিত সকল চেতন। উন্মিষ্টিত করিয়াছে। আমরা দেখি যে সত্তা এবং শক্তির তরঙ্গ-মালার পরম্পরা বাহির হইতে আসিয়া আমাদের উপর চাপ দিতেছে, আবার ভিতর হইতেও উথিত হইতেছে, ইহারা, সকলে আমাদের চেতনার উপাদানে পবিণত হইতেছে এবং দেশ ও কালের মধ্যে আন্ধা এবং বস্তুর মনোময় জ্ঞান ও মনোময় ইন্দ্রিয়বোধরূপে রূপাযিত হইয়। উঠিতেছে—আমাদের মধ্যে ইহাই হইল অবিদ্যার পরিচয়। ও বর্দ্ধনশীল চেতনার অভিজ্ঞতার জন্য কাল একটি গতিশীল প্রবাহ এবং দেশ বস্তু বা বিষয়ের বাহ্য অধিষ্ঠানের এক ক্ষেত্ররূপে দেখা দিয়াছে। কালের वटक जाममान मरनारम मङा जाहार अभरताक रहजना महरयार्ग मन्देम। वर्ड-মানের মধ্যে বাস কবিতেছে, আন্ধা এবং বস্তুর সম্বন্ধে তাহার অনুভূতি সকল কালের গ্রোতে ভাসিয়া অতীতে বিলীন হইয়া যাইতেছে, ভাহাব কোন কোন অংশকে অবলোপের সে ধাবা হইতে বাঁচাইয়া স্মৃতিব ভাণ্ডারে সে জমা রাখি-তেছে। ভাবনা সঙ্কলপ এবং ক্রিয়ার সহায়তায় মন-প্রাণ-দেহের শক্তির গাহায্যে স্মৃতি দ্বারা সংগৃহীত বস্তুরাজি ব্যবহার করিয়া সে যাহ। বর্ত্তমানে হইয়াছে তাহা গড়িয়া তুলিয়াছে এবং ভবিষ্যতে ধাহা হইবে তাহা গড়িয়া সত্তার যে শক্তি এখন সে যাহা হইযাছে তাহা গডিয়াছে, তাহাই ভবিষ্যতে তাহাকে দীর্ঘতর কালস্থায়ী পরিণতি দান করিতে তাহার পুষ্টি ও বৃদ্ধিসাধন কবিবার জন্য ক্রিয়া করিতেছে। এই সমস্ত বিষয়ানুভব এবং আছ-প্রকাশের উপোদান, কালের ক্ষণপ্রস্পরার মধ্য হইতে সংগৃহীত আংশিক জ্ঞানের এই পণ্ডগুলি সে সঞ্চয় করিয়া রাখে, যদিও নিবাপদে রাখিনান উপায় না খাকাতে তাহ। হইতে কতক আবার নষ্ট হইয়া যায়; ধারণা, স্মৃতি, বদ্ধি ও সংকলপ তাহার জন্য এ সমস্তকে সমাহিত ও সমন্থিত করে, যাহাঙে তাহার নিত্যনতন অথবা চির-আবর্ত্তিত সম্ভূতির কাজে তাহা লাগিতে পারে; এই সমাহার ও সমনুষের বলে সে যাহা হইয়া উঠিবে তাহা গড়িয়া তুলিবার অথবা এখনই যাহা সে হইয়াছে তাহা প্রকাশ করিতে সাহায্য করিবার জন্য তাহার দেহ-মন-প্রাণের ক্রিয়াবলি পরিচালিত হয়। তাহার চেতনার এই সমস্ত অনুভতি এবং এই সকল সঞ্চিত শক্তির সমষ্টি তাহাব সত্তার চারিপাশেই সে সমাহৃত ও সমন্ত্রিত করে, নিজের এক অহংবোধকে কেন্দ্র করিয়া ইহাদিগকে দানা বাঁধিয়া বা ছলোবদ্ধ করিয়া তুলিতে চেষ্টা করে, এই অহংবোধই চেতন

# पिया जीवन वाछ।

সত্তার স্থায়ী অথচ সীমিত ক্ষেত্রে, প্রকৃতির অভিযাতে সত্তাতে যে সমস্ত অন-ভূতি জাগে তাহাদের প্রতিক্রিয়ার অভ্যাস গড়িয়া তোলে। এই অহংবোধই প্রথম ভিত্তি যাহাকে আশ্রয় করিয়া অনুভব সকল সঞ্চতির সহিত সমাহত হয়, ইহা না থাকিলে তাহারা স্রোতে ভাসমান শৈবালদলের মত পরম্পর বিচিছ্নু হইয়া পড়ে; এইভাবে যাহা অনুভূত হয় তাহা মনশ্চেতনায অবস্থিত অনু-রূপ একটি কৃত্রিম বিশুর, মনোময় অহংজ্ঞানের সঙ্গে যুক্ত করা হয়। প্রাণ-ময় এই অহংবোধ এবং মনোময় এই অহংজ্ঞান একত্র হইয়া আত্মার প্রতীকরূপে একটা কৃত্রিম ভেদদর্শী আত্মসত্তা গড়িয়া তোলে, যাহা আমাদের গোপন খাঁচি আত্মা বা খাঁটি চিন্ময় সন্তাব স্থানে ক্রিয়া করে। তাই আমাদের বহিশ্চর মনোময় ব্যাষ্ট্রসতা সর্ব্বদা অহংকেন্দ্রিক : এমন কি আমাদের পরার্থপরতা বা বিশ্বহিতৈঘণাও স্ফীতকায় অহংএরই একটা রূপ ; আমাদের প্রকৃতির যে চাকা ঘুরিয়া চলিতেছে তাহার গতিবেগকে ধারণ করিবার জন্য অহংরূপা এই কীলক সাবিষ্ণার করা হইয়াছে। এই অহংকেন্দ্রিকতাব বিধান ততদিন বর্ত্তমান থাকে, যতদিন সত্যকার আত্মা বা চিন্ময় পুরুষের আবির্ভাবে ব। প্রকাশে, এরূপ কোন ব্যবস্থা বা কৌশলের প্রয়োজন নিঃশেঘিত হইয়া না যায় —বে চিন্ময় পুরুষ যুগপৎ চক্র ও গতি এবং তাহা, যাহা সকলকে একত্রে ধাবণ কবিযা আছে, যাহা একাধারে কেন্দ্র এবং পবিধি।

কিন্ত যখনই আমরা নিজেদের সম্বন্ধে বিবেচনা করিয়া দেখি, তখন দেখিতে পাই যে নিজের যে সকল অনুভূতি আমরা এইভাবে সমাহত এবং সমন্থিত করি এবং জীবনের কাজে সচেতনভাবে লাগাই তাহা আমাদের জাগ্রত ব্যক্তিচেতনারও স্মতিক্ষুদ্র এক সংশ। যে বর্ত্তমান আমাদের নিকট শ্রোতের মত বহিয়া চলিয়াছে তাহার মধ্যে ব্যক্তিসত্তা এবং বস্তুর যে সমস্ত মনোময় বোধ বা ইল্রিয়ানুভূতি আমাদের বহিশ্চর চেতনায় ভাসিয়া উঠিতেছে, তাহার অতি অলপসংখ্যককে মাত্র আমরা ধেয়ালে আনি; তাহাদের মধ্য হইতেও সামান্য এক অংশ অতীতের বিস্মৃতি-সমুদ্রে ভূবিয়া যাওয়ার হাত হইতে আমরা বাঁচাইয়া সমৃতির ভাগ্রারে জমা রাখিতে পারি; আবার স্মৃতির সঞ্চয়ের অতি সামান্য এক ভাগ মাত্র বৃদ্ধি তাহার জ্ঞান সমনুয়ের কাজে ব্যবহার করে এবং তাহারও অতিক্ষুদ্র এক ভগ্যাংশ আমাদের ইচছাশক্তি কাজে লাগাইতে পারে। যেমন জড়বিশ্বে তেমনি আমাদের সচেতন সম্ভূতির ক্ষেত্রে প্রকৃতির কার্য্যপদ্ধিতি যেন বিশ্বল ভাবেই চলে. সে নিজের বিত্তর অনেকটা হাতে রাখিয়া বা ধর্জন

# অবিভার সীমারেখা

করিয়া কৃপণের মত অলপ কিছু বাছিয়া লইয়া অপব্যয়ীর মত যেন তাহা ব্যয় করে বা নষ্ট করিয়া ফেলে। তাহার সমগ্র সঞ্চয়কে ব্যবহার করে না, যাহা কাজে লাগার অথবা কাজে লাগাইবার উপযোগী ভাবে যাহা হাতে রাখে, তাহা একদিকে পরিমাণে যেরূপ অলপ অন্যদিকে তাহার ব্যবহার ব্যবস্থামত করে না। বহির্দ্দৃষ্টিতে এরূপ মনে হইলেও আসল কথা তাহা নহে, কেননা এই ভাবে যাহা রক্ষিত হয় নাই বা কাজে লাগে নাই, তাহা নষ্ট হইয়াছে অথবা ৰূথায় গিয়াছে, একণা বলিলে সম্পূর্ণ মিধ্যা কথা বলা হইবে। প্রকৃতি নীরবে এবং গোপনে তাহার এক বৃহৎ অংশ আমাদিগকে গডিয়া তুলিবার জন্য ব্যবহার করে, আমাদের পুষ্টি পরিণতি এবং ক্রিয়াব এক প্রধান অংশ আমরা প্রকৃতির হাত হইতে এইভাবে গোপনে লাভ করি, সে ব্যাপাবে আমাদেন সচেতন স্মৃতি, ইচছা বা বৃদ্ধির কোন হাত নাই। আবার ইহার চেয়েও এক বৃহত্তব অংশ প্রকৃতি নিজ ভাণ্ডারে জম। করিয়া রাখে এবং সেই ভাণ্ডার হইতে তুলিয়া আনিয়া যখন আমাদের মধ্য দিয়া কাজে লাগায়, তখন তাহার উৎস বা উৎপত্তিস্থান আমবা একেবারেই ভুলিয়া গিয়াছি এবং ভুল করিয়া নবস্পষ্ট উপাদান বলিয়া আমনা তাহা ব্যবহার কবি ; কেনন। যখন এই যে উপক্বণকে আমনা নৃতন স্ষ্টি কবিতেছি মনে কবি তখন প্রকৃতপক্ষে তাহার কথা ভুলিয়া গিয়াছি কিন্ত পুকৃতি ভুলে নাই, কার্য্য পরিণামের সেই ভাণ্ডার হইতে তাঁহ। আনিয়া সমাহার ও সংযোগ করিয়া কেবল ব্যবহার কবিতেছি। প্রকৃতির কার্য্যপদ্ধতির মধ্যে জন্মান্তহন্তর স্থান আছে, ইহা যদি স্বীকার কবি তবে আমরা বৃঝিতে পারিব সকল অভিজ্ঞতারই প্রয়োজনীয়তা আছে ; কেননা দীর্ঘকাল ধরিয়। আমাদিগকে যে গড়িয়া তোলা হইতেছে সকল অভিজ্ঞতাই তাহার উপাদানরূপে ব্যবহৃত হয়, কেবল যাহার প্রযোজন শেষ হইয়া গিয়াছে এবং বর্ত্তমান পাকিলে ভবিঘাতে একটা বৃথা ভার হইয়া দাঁড়াইবে তাহা ছাড়া আর কিছু বর্জন করা হয় না। সামাদের চেতনার বহিস্তলে যাহা দেখা যাইতেছে মনে করিতেছি, কেবল তাহ। দিয়া বিচার করিলে আমাদের সিদ্ধান্ত ভ্রমপূর্ণ হইবে; কেননা বিচার ও অনুসন্ধান করিলে আমরা জানিতে পারি যে প্রকৃতির ক্রিয়ার এবং তাহার ফলে আমাদের পৃষ্টির অতি অলপ অংশই আমাদেব চেতনায় গ্রন্থাশ পায়, তাহার বেশীর ভাগ কাজ চলে তাহার জড়জীবনের বাকী অংশেরই মত অবচেতনভাবে। আমরা নিজেকে যাহা বনিয়া জানি, প্রত্যুত আমরা তাহা হইতে বছগুণ বড়, কিন্তু আমাদের এই বৃহত্তর অংশকে আমরা চিনি না; পুকৃত প্রস্তাবে

# विया जीवन वार्छ।

আমাদের ক্ষণিক ব্যক্তিসত্তা আমাদের অন্তিৎসাগরের একটি বুং দু নাত্র। আমাদের জাগ্রত চেতনাকে বহিরক্ষভাবে পর্য্যবেক্ষণ করিলেও আমরা দেখিতে পাই যে, আমাদেব ব্যষ্টিগত্তা এবং ব্যষ্টিপরিণামের এক বৃহত্তর অংশ সম্বন্ধে আমরা অজ্ঞ; উদ্ভিদজীবন, ধাতু, মৃত্তিকা প্রভৃতি যেমন আমাদের নিকট চেতনা পরিশূন্য আমাদের এ খংশও যেন তাহাই। কিন্তু গভীর মনস্তাত্ত্বিক পবীক্ষা এবং পর্য্যবেক্ষণ আমাদের জ্ঞানের স্বাভাবিক সীমার পরপারেও যদি প্রসারিত করিতে পারি তবে দেখিতে পাই তথাকখিত নিশ্চেতনা এবং অন-চেত্রনা—যাহা আমাদের কাছে অবচেত্রনাময় মনে হয় অথবা যাহাকে অবচেত্রন। বলি তাহা পুক্তপক্ষে এক গোপন চেতনা,—আমাদের সমগ্র সত্তাব বিশাল এক প্রদেশ গুড়িয়া অবস্থিত আছে এবং আমাদেব জাগ্রত চেতনা তাহাব অতি ক্ষদ্র ভগ্নাংশে মাত্র ব্যাপ্ত আছে। আমর। তথন বুঝি যে আমাদের জাগ্রভ চেত্ৰনা এবং অহং. নিমন্থজিত অধিচেত্ৰন সন্তাৰ (subliminal self) উপরি-বিন্যস্ত অংশ মাত্র —কেননা সে সত্তা আমাদেন কাচে এইরূপ নিমত্ব। জতই বোধ হয়-এই অধিচেতন সত্তাকে আরও ঠিকভাবে বুঝাইতে গেলে বলিতে হয়, তাহ। আমাদেৰ অন্তৰপুৰুষ, যাহাৰ অনুভবেৰ শক্তি জাগ্ৰত চেতনা অপেক। বছ গুণ বেশা; আমাদের সমগ্রসভারূপ মন্দিরের বৃহদংশ যেন জলে নিমজ্জিত হইযা সদৃশ্যভাবে রহিমাছে, কেবল অহং এবং বহিশ্চব মনরূপী চূড়া বা গুদ্ধজানৈ তরদ্দসকলেব উপবে নাথা তুলিয়া বহিষাছে।

এই গোপন আন্না এবং পোপন চেতনাই আমাদের সত্য এবং সমগ্র সন্তা , আমাদেব বহিঃসত্তা তাহান একটা সংশ এবং প্রতিভাস, বাহিরের প্রয়োজনের জন্য বাহাই করা খণ্ড একটা রূপায়ণ। আমাদেব উপন বাহির হইতে থে সমস্ত অভিবাত আসিনা পড়িতেছে তাহার অতি অলপসংখ্যকের অনুভব মাত্র আমরা লাভ কনি, কিন্তু যাহা কিছু আমাদের মধ্যে অনুপুবিষ্ট হয় অখবা যাহা কিছুর সহিত আমাদের বা আমাদেব পরিবেশেন সংস্পর্শ হয়, অন্তরপুরুষ তাহার সকল খবর রাখেন। আমাদেব জীবন ও সত্তার সমস্ত ক্রিয়ার অতি অলপ অংশ মাত্র আমন। অনুভব করি, অন্তরপুরুষ সে সমস্ত এমনভাবে জানেন যে বলা চলে যে কিছুই তাহার দৃষ্টি এড়াইতে পাবে নাই। আমরা আমাদের প্রত্যাকের অতি অলপ-নির্বাচিত এক অংশ আমাদেব স্মৃতির ভাগুরে জমা রাখি, যাহা জমাই তাহারও এক বৃহত্তর অংশ এমন স্থানে রাখি যে প্রয়োজনের সময় তাহা সন্বশি। হাতেব কাচে পাই না; অন্তরপুরুষ যখনই যাহা কিছু পান

# অবিভার সীমারেখা

তাহা সকলই রক্ষা করেন এবং সর্বেদা তাহার সমস্তানীই তাঁহার হাতের কাছে প্রস্তুত থাকে। আমাদের শিকিত বুদ্ধি ও মনের সামর্থ্য আমাদেব অনুভূতি ও স্মৃতির মতখানি আয়ত্তে আনিতে এবং তাহাদের সম্বন্ধে মতখানি বুঝিতে পারে তাহাই উপাদান-স্বরূপ গ্রহণ করিয়া সমনুয়যুক্ত জ্ঞান ও বোধরূপে গড়িয়া তোলে ; কিন্তু অন্তর-পুরুষের বুদ্ধি শিক্ষিত করিবাব কোন প্রযোজন হন না এবং যদিও লোকে পূর্ণরূপে বিশ্বাস বা স্বীকান করিতে চায না তবু একথা সত্য যে, সকল অণুভব এবং স্মৃতির নিখুঁত রূপ এবং বাঁটি সম্বন্ধেব জ্ঞান অন্তবপুরুষের কাছে অকুণু ভাবেই খাকে , যথন তাহাদেব পূর্ণ অথবোধ পূর্ণের হয় নাই. তথনও তাহা আয়ত্ত কৰিতে তাহাৰ এক মৃহূৰ্ত্ত ও বিলম্ব হয় না। তাহা তাভা বাহোক্রিয় গণ তাহাদের উঞ্জুতি দারা অলপ যাহা সংগ্রহ করিয়া আনে আমাদেব জাগ্রত চেতনাকে যেমন তাহার মধ্যেই নিবদ্ধ থাকিতে হম, অন্তবপুৰুঘের তেমন আবদ্ধ থাকিতে হয়না। তাহাব অনুভবেব ক্ষেত্র সাধাবণ ইন্দ্রিয়েব শক্তি ও সীমাব পরেও বছদূর পর্যান্ত যে বিস্তৃত, দূরদর্শন এবং পরচিত্ত জ্ঞানের নানা প্রকারের বহু ঘটনায় তাহাৰ প্ৰমাণ পাওয়া যায়, তাহাৰ মেই মৃন্যু বোধশক্তি এত স্কুৰ-প্ৰসারী যে তাহার কোন গীনা সহজে নির্দেশ কৰা যায় না। বহিশ্চৰ ইচ্ছা ও উচ্ছাসেব সম্সে, যাহাকে ভুল কবিয়া অচেতন অথবা অবচেতন বলা হয় অধিচেতনাৰ দেই আবেগেৰ কি সম্বন্ধ তাহা ভালভাবে আলোচনা বা বিচার করিয়া দেখা হয় নাই , সচরাচব যাহা ঘটে না অথবা আনযঞ্জিতভাবে যাহা প্রকাশ হয় ভুগরা রুগু মানবমনের ক্ষেত্রে যে কতকগুলি অনৈয়গিক ঘটনা দেখা যাব কেবলমাত্র গেই সমন্ত বিষয়েব কিছু আলোচনা হইয়াছে ; কিন্তু আমরা যদি অধিক দূব অগ্রসৰ হইয়া পর্যাবেক্ষণ কবি, তবে দেখিতে পাইৰ যে সামাদের সমপ্ত সচেত্র সম্ভূতি বা পরিণতিব পশ্চাতে পুকৃতপক্ষে সম্ভার জ্ঞান, সংকলপ এবং আবেগময় শক্তি অবস্থিত আছে; তাহার গোপন সাধনা ও সিদ্ধির যে সংশটুকু মাত্র সফলভাবে উপরে ভাসিয়া উঠে তাহাই বাহিলের সচেত্রন সন্তার্রপে প্রকাশ হয়। আমাদের যথার্থ আক্সজান লাভেন প্রথম সোপান হইল আমাদের অন্তনপুক্ষকে জানা।

এইরপে ভালভাবে যদি নিজেকে আবিকাব কবিতে চাই এবং সানাদের অবিচেতন সন্তাব আত্মজান সম্প্রসাবিত করিয়া তাহাব প্রান্তবতী নিমূত্র অব-চেতনা এবং উচ্চত্র অতিচেতনাকে তাহার মধ্যে অন্তর্ভুক্ত করিয়া লইতে পারি তাহা হইলে দেখিতে পাইব যে প্রকৃতপক্ষে এই অবিচেতন সভাই আনাদের

### দিব্য জীবন বার্ডা

ব্যবহারিক সন্তার সকল উপাদান সরবরাহ করে। আমাদের অনুভূতি, স্মৃতি, ইচছা এবং বৃদ্ধির সমস্ত ক্রিয়া তাহারই অনুভূতি, স্মৃতি, ক্রিয়া এবং ইচছা ও বুদ্ধির নানা সম্বন্ধ হইতে সন্ধলিত, আমাদের অহং শুধু তাহার আমুজ্ঞান এবং আন্ধ-অনুভবের একটা কুদ্র বহিশ্চর রূপায়ণ মাত্র। অধিচেতনা যেন উত্তাল সমুদ্র, তাহা হইতে আমাদের গচেতন পরিণামের তরঙ্গমালা উথিত হইতেছে। কিন্তু কোখায় তাহার সীমা ? কতদুর তাহা প্রসারিত ? তাহার স্বরূপ প্রকৃতি কি ? সাধারণত: আমরা এক অবচেতন সত্তার কথা বলি যাহা কিছু আমাদেব জাগ্রত বহিশ্চেতনায় ভাসিয়া না উঠে তাহা তাহার অন্তর্ভুক্ত মনে করি কিন্তু আমাদের অন্তরসতা বা অধিচেতন পুরুষের সমগ্র বা বৃহত্তর অংশকে ইহা বলা চলে না; কেননা অবচেতনা বলিতে আমরা সহজেই ভাবি যে তাহা একটা সম্পষ্ট অচেতনা বা অর্গচেতনা, অথব। মনে করি তাহা আমাদের স্থগঠিত জাগ্রত চেতনার নিমেু স্থিত, তাহা অপেক্ষা যেন কুদ্রতর এবং নিমুতন এক মগুচেত্তনা, অন্ততঃপক্ষে নিজেকে সে জাগ্রতচেত্তনা অপেক্ষা অলপ পরিমাণে লাভ করিয়াছে বা জানিযাছে। কিন্তু আমবা যখন গভীরে অনু-প্রবিষ্ট হই তখন দেখিতে পাই যে আমাদেব অধিচেতনার কোন এক অংশে—-সর্বেত্র নয় কেননাতাহার মধ্যে অম্পষ্ট এবং অবিদ্যাচছ্ট্র প্রদেশও আছে—এক চেতনা আছে যাহা আমাদের যে চেতনা বাহিরে জাগিয়াছে এবং দৈনন্দিন অন্ভব লাভ কবিতেছে তদপেক্ষা অনেক বেশী বিস্তৃত অনেক বেশী জ্যোতিৰ্ক্সয়, তাহা নিজেকে এবং অন্যবস্তুকে অনেক বেশী গভীররূপে লাভ করিয়াছে বা জানিয়াছে। ইহাই আমাদের সন্তরপুরুষ, ইহাকেই আমরা অধিচেতন আত্মা বলিয়া দেখি; নিমুতর অবচেতনা, যাঁহা আমাদের প্রকৃতির গোপন নিমুতর অংশে অবস্থিত তাহ। হইতে ইহা পৃথক। ঠিক তেমনিভাবে আমাদের সমগ্র সত্তার মধ্যে এক অতিচেত্তন অংশ আছে, যেখানে আমাদের উচ্চত্য আন্ধার সাক্ষাৎ পাই, এ অংশকে আমাদের প্রকৃতির উচ্চতর গোপন অংশরূপে পৃথকভাবে দেখিতে পারি।

কিন্তু তাহা হইলে অবচেতনা কি ? কোথা হইতে তাহার আরম্ভ ? বহিশ্চর সন্তার সহিত তাহার সম্বন্ধ কি ? স্বাভাবিকভাবে তাহাকে যে অধি-চেতনার অংশ মনে হয় তাহার সঙ্গেই বা তাহার সম্পর্ক কি ? আমরা জানি যে আমাদের দেহ, আমাদের একটা জড়ময় সন্তা আছে ; এমন কি আমরা নিজেকে বছন পরিমাণে দেহের সঙ্গে এক করিয়া দেখি, তথাপি দেহের অধিকাংশ

### व्यविद्यात गौमार्ट्सची

কিয়া বস্তুতঃ আমাদের মানসসত্তার নিকট অবচেতন; শুধু মন যে এ সমস্ত কাজে অংশগ্রহণ করে না তাহা নয়, আমাদের মনে হয় আমাদের স্থল জড়ময় দত্তা তাহার নিজের গোপন ক্রিয়ার কথা নিজেও জানেন। ; অথবা সে নিজে নিজের অন্তিম সম্বন্ধেও সচেতন নয়, তাহার যেটুকু, মন বা অন্তঃকরণের আলোকে আলোকিত হয় অথবা বৃদ্ধি পর্য্যবেক্ষণযোগ্য করিয়া তোলে তাহার নিজের গম্বন্ধে কেবল সেইটুকুই সে জানে, অখবা বলিতে গেলে সে সম্পর্কে তাহার একটা বোধ বা অনুভূতি মাত্র জাগে। উদ্ভিদ সখবা ইতব প্রাণাজগতেব মত আমাদের দেহগুহের মধ্যে একটা প্রাণের খেলা চলিতেচে ইহা আমরা জানি কিন্তু এই প্রাণময় সন্তার অধিকাংশ ক্রিয়াও আমাদেন কাছে অবচেতন, কেননা দামরা কেবল তাহাব নুএকটি ক্রিয়া এবং প্রতিক্রিয়া দেখিতে পাই। প্রাণ-ক্রিয়াব অতি অলপ অংশই জানি, সকল জানি না, এমন কি তাহাব অধিকাংশ আমাদের অগোচরে ঘটে, যে দুই চারিটি সম্বন্ধে আমরা সদ্যতন তাহাব মধ্যেও স্বাভাবিক ক্রিয়। অপেক্ষা অনৈস্থািক ঘটনাই বেশা ; তাই প্রাণের তৃপ্তি হইতে তাহাব অভাব বা কুধ। তৃষ্ণার, স্বাস্থ্যের নিযমিত ছলের চেয়ে বোগের ছাপ খামাদের চেতনায় বেশী জোরের সঙ্গে পড়ে; জীবন আমাদের কাছে যতটা স্বন্দার মৃত্যু তদপেকা অনেক বেশী যন্ত্রণাদায়ক; প্রাণলীলাব যেটক আমরা সচেতনভাবে দেখিতে বা ব্যবহার করিতে পারি অথবা যেটুকু স্তথ দুঃখ বা অন্য কোন বেদনার আকারে সজোরে আমাদের উপর আসিয়া পড়ে বা তাহার৷ স্নায়ু বা দেহে যেট্কু শ্রভিক্রিয়। জাগাইতে বা আলোড়ন স্কটি করিতে পারে কেবল ততটুকুই জানি. তাহার বেশী কিছু জানি না। তাই মনে হয় আমাদের দেহগত প্রাণময় অংশও নিজের ক্রিয়া সম্বন্ধে সচেতন নয়। হয় উদ্ভিদের মত তাহা কন্ধচেতন বা অচেতন অথবা আদিম প্রাণীজগতের মত চেতনা এখনও তথায় বিপর্যান্ত এবং অনিয়ম্বিত হইয়া রহিয়াছে ; তাহার যতটুকু মন দারা আলোকিত এবং বুদ্ধি দারা পর্য্যবেক্ষণ-যোগ্য ততটুকুই মাত্র সচেতন হয়।

কিন্তু আমাদের চেতনাকে আমরা মনন এবং মনশ্চেতনার সহিত এক করিয়া দেখি বলিয়া এইভাবে অতিরঞ্জন ও বিশৃষ্থলা দেখা দেয়। জড়জীবন এবং দেহের পক্ষে যাহা স্বভাবগত এমন গতিবৃত্তির সহিত আমাদের মন নিজেকে কতকটা এক করিয়া ফেলে এবং তাহাদিগকে মনন জগতের অন্তর্ভুক্ত করিয়া দেখে, তাই সমস্ত চেতনাই আমাদের কাছে মনোময় বলিয়া মনে হয়। কিন্তু যদি আমরা ফিরিয়া দাঁড়াই যদি মনকে আমাদের সন্তাব এই সমস্ত অংশ

# দিবা জীবন ৰাৰ্ত্তা

হইতে পৃথক করিয়া সাক্ষীরূপে স্থাপিত করিতে পারি, তাহা হইলে আমরা দেখিতে পাই যে আমাদের প্রাণের এবং দেহের—এমন কি প্রাণের স্থলতম দেহগত অংশের পর্য্যন্ত—নিজস্ব একটা চেতনা আছে, এ চেতনা অধিকতর-ভাবে তমসাচছনু প্রাণ ও দেহময় সত্তার পক্ষে স্বভাবগত. কতকটা আদিকালের প্রাণীর প্রাথমিক চেতনার মত, কিন্তু আমাদের মধ্যে মন ইহাদিগকে অংশত: গ্রহণ কবিয়া সেই পরিনাণে মনোময় করিয়া তুলিযাছে। কিন্তু আমাদের যে মনশ্চেতনা আছে, এ চেতনাব স্বতন্ত্র নিজস্ব ক্রিয়ায় তাহার স্থান নাই ; যদি ইহাব মধ্যে মন খাকে তবে সে মন দেহ এবং দেহগত জীবনেব মধ্যে সংৰুত এবং গুপ্ত: সেখানে আত্মসংবেদন বা আত্মচেতনা (self consciousness) স্থুগঠিত হইয়া উঠে নাই, সেখানে আছে কেবল ক্রিয়া এবং প্রতিক্রিয়ার একটা ৰোধ, প্ৰাণেৰ স্পন্দন, আবেগ এবং বাসনা, অভাবেৰ তাড়না, প্ৰকৃতি তাহাৰ নিজেব প্রযোজনে যে সমস্ত ক্রিয়া আরোপ করিয়াছে—যেমন ক্র্ধা, সহজাত সংস্কান, দঃধ, বোধশক্তিহীনতা এবং স্তথ। নিমূত্ব হইলেও ইহার অস্পষ্ট সীমিত স্ব<sup>য</sup>্ক্রিয এই ভাবের চেতনা আছে ; নিজেকে পূর্ণরূপে লাভ করিতে বা জানিতে পাবে নাই এবং তাহাতে মননেব ছাপ এখনও প্রাপুরি পড়ে নাই বলিয়া, তাহাকে আমাদেব সভাব অবমানস (submental) অংশ বলিতে পাৰি কিন্তু অবচেতন (subconscious) অংশ বলিলে ততটা ঠিক বলা হইবে না। কেননা যখন আমবা ইহা হইতে সবিয়া দাঁড়াই এবং ইহার বোধ বা অনুভূতি হইতে মনকে পৃথক করিয়া লই তখন দেখিতে পাই যে ইহা চেতনাবই অনুভূতিময় স্বয়ংসক্রিয় এক প্রকাব ভেদ, যাহা স্নায়ুজালের ক্রিয়াব মধ্য দিয়া আত্মপ্রকাশ করে, ইহা সচেতনতার একটা স্তব বটে কিন্ত মন হইতে পৃথক বস্তু: কোন কিছুব সংস্পর্ণে আসিলে ইহ। নিজস্ব পৃথক ধরণে তাহাতে সাড়া দেয় এবং নিজের বৈশিষ্ট্য অনুসারে অনুভব করে, সেজন্য মনেব অনুভৃতি এবং প্রতিক্রিয়াব উপর তাহাকে নির্ভর করিতে হয় না। খাঁটি অবচেতনা এই অনুপ্রাণময় তব হইতে পুথক কিছু; ইহাকে চেতনার প্রান্তে নিশ্চেতনাব স্পন্দন বলা যায়, উপরে আসিয়া চেতনাব উপাদানে পরি-বক্তিত হইবাৰ জন্য তথা হইতে ইহা আপনার গতি উদ্ধে প্রেৰণ করে, অতীত অনভবের ছাপগুলির অচেতন অভ্যাসের বীজন্ধপে নিজেব গভীরে লকাইয়া বাখে এবং তথা হইতে তাহাদিগকৈ বহিশ্চর চেতনায় অধিকাংশ ক্ষেত্রে বিশুঝলভাবে নিয়তই ফিরাইয়া দেয়; এইভাবে আমাদের কাছে যাহার উৎস

#### অবিভার সীমারেখা

শ্বদ্ধকারাবৃত তথা হইতে বহু তুচছু অথবা বিপদজনক উপাদান এই অবচেতনাই আমাদের বহিশ্চেতনায ভাসাইয়া তোলে; স্বপুে, সব্র্বপ্রকার যান্ত্রিক পুনরা-বৃত্তিতে বা মুদ্রাদোষের আকারে, অতাঁকিত সংবেগে, অনির্ণেয় উদ্দেশ্যে, দেহ-মন-প্রাণের বহুবিধ বিক্ষোভ ও উৎক্ষেপে, আমাদের প্রকৃতির তমসাচছনু অংশের স্বতঃস্কূর্ত্ত নিঃশব্দ প্রয়োজনের ভাগিদে তাহাবা আসিয়া উপস্থিত হয়।

কিন্তু আমাদের অধিচেতন সন্তাতে অবচেতনার এই সমন্ত লক্ষণ নাই. মন ও প্রাণশক্তির উপর পূর্ণ অধিকার এবং সক্ষাভতময় পদার্থের স্ক্রম্পষ্ট অনুভৃতি তাহার আছে ; জাগ্রত চেতনার মত সকল সামর্থ্য তাহার আছে, আছে সক্ষা বোধ ও অনুভূতি, অতিব্যাপক পরিপূর্ণ স্মৃতি, অতি তীবু বৃদ্ধি ও বিবেচনা, দুচ সংকলপ, স্কুম্পষ্ট নাম্মচেতনা, কিন্তু বাহ্য মন:শক্তির সহিত এক জাতীয় হইলেও তাহাবা অধিকতর ব্যাপক, পৃষ্ট ও শক্তিশালী। তাহা ছাড়া তাহাতে এমন অন্য সামর্থ্য সকল আছে যাহা প্রাকৃত মনের সামর্থাকে বছণ্যণে অতিক্রম করিয়া গিয়াছে, কেননা সন্তার সাক্ষাৎ সংস্পর্শ লাভ কবিবাব শক্তি থাকাতে, নিজের সম্বন্ধে হউক কিম্বা বাহ্যবস্তুব সম্বন্ধেই হউক, সে অধিকতর ক্ষিপ্রতার সহিত জ্ঞানলাত কবে, তাহার সংকল্প অনেক শীঘু সফল এবং আবেগের অনুভূতি ও তুপ্তি গভীরতব হয়। আমাদের বহি\*চব মনকে বিশুদ্ধ মননধৰ্মী বলা চলে না ; তাহা দেহ, দেহগত প্ৰাণ, স্নাসুম ওলী এবং বাহেঃ-ক্রিয়ের সীমা এবং অক্ষমতাব ছারা অত্যন্ত আচ্চনু, প্রতিকল্প এবং বন্ধ ; কিন্তু অধিচেত্তনাতে গাঁটি মনন-ধর্ম আছে, এ সমন্ত দীমা এবং অসামর্খ্যের মারা সে প্রপীড়িত নয়; স্থল মন এবং ইদ্রিয়কে অতিক্রম কবিণা গেলেও সে তাহাদিগকে এবং তাহাদের ক্রিযাবলিকে জানে এবং বস্তুতঃ বহুল পরিমাধে সে তাহাদেব নিমিত্ত বা শ্রষ্টা। তাহাকে শুধু এই অর্থে এবচেতন বলিতে পারি যে সে নিজেকে অথবা নিজ সতাব অধিকাংশ অংশকে বাহিরে প্রকাশ করে না, সর্বদা আবরণের অন্তরালে থাকিয়া ক্রিয়া করে; তাই তাহাকে অবচেত্রনা না বলিয়া ববং গোপন অস্তশ্চেত্রা প্রিচেত্রনা না প্রিবেইনকারী চেতনা বলা উচিত, কেননা তাহা যেমন বাহ্যপুৰুতিকে আশ্ৰুয় দিয়াছে তেমনি তাহাকে দিরিয়া রাখিয়াছে। যে পরিচয় দেওয়া গেল নতা অধিচেতনার গভীরতর অংশ সম্বন্ধে পর্ণরূপে সত্য ; বহিশ্চেতনার নিকটে অবস্থিত অন্য ন্তর সকলে অবিদ্যার ক্রিয়া প্রবলতর, এবং ভিতরে অন্প্রবিষ্ট হইয়া যেখানে সঙ্গতি অনেক কম, অধিচেতন এবং বহিশ্চেতনার সেই সন্ধিন্দেরে—যাহাকে

#### क्रिया कीवम बार्खा

অধিচেতনা বা বহিশ্চেতনা কাহারও অংশ বলা যায় না—যাহারা পামিয়া দাঁড়ায় তাহার। বিভ্রান্ত এবং হতবুদ্ধি হইয়া পড়িতে পারে; কিন্তু তবু এ অবিদ্যা অবচেতনার অজ্ঞান নয়, মধ্যবন্তী প্রদেশের এই সমস্ত বিশৃঙ্খলার সচিত নিশ্চেতনার কোন আশ্বীয়তা নাই।

তাহা হইলে আমরা বলিতে পারি যে আমাদের সমগ্র সন্তার তিনটি উপাদান আছে, একটি অবমানস ও অবচেতনা, যাহা আমাদের কাছে অচেতনা বলিয়া মনে হয়, আমাদের দেহ প্রাণের অনেকখানি অধিকার করিয়া তাহা আমাদের জড়-ময় সন্তার ভিত্তি গড়িয়া তুলিয়াছে : তাহার পর আছে অধিচেতন। যাহা অন্তর-মন অন্তব-প্রাণ এবং শৃক্ষুভূত সমগ্রভাবে একত্র করিয়া আমানের অন্তর সত্তা-রূপে গডিয়া উঠিয়াছে, আমাদের অন্তবাদ্ধা বা চৈত্যসত্তাকে আশ্রর কবিয়া তাহা বর্ত্তমান আছে ; আব আছে আমাদের এই জাগ্রতচেতনা যাহা অধিচেতনা এবং অবচেতনার গোপন আবেগ হইতে এক তরঙ্গরূপে উৎক্ষিপ্ত হইয়াছে। কিন্তু আমর। যাহা, তাহার সম্পূর্ণ পবিচয় ইহাতেও পাওয়া যায় না ; কেননা আমাদের প্রাকৃত আত্ম-চেতনার পশ্চাতে আমাদের গভীরে যে কিছু আছে ঙ্ধু তাহা নহে তাহাব উপরেও কিছু আছে ; তাহাও স্বরূপতঃ আমরা ; আমা-দের বহিশ্চর মনোময় ব্যক্তিপুরুষ হইতে তাহা পুথক হইলেও আমাদের খাঁট আশ্বার বহির্ভূত কিছু নহে; আমাদের চিৎসত্তাব তাহাও একটা প্রদেশ। কেননা খাঁটি অধিচেতনা আমাদের অন্তর-সন্তা বা অন্তরপুরুষ ছাড়া আর কিছু নয়, তাহা জ্ঞান এবং সজ্ঞানের মিলিত ক্ষেত্রে স্ববস্থিত জ্যোতির্শ্বয় শক্তিশালী এবং ব্যাপক, তাহা আমাদের জাগ্রত চেতনার সীমিত ধারণাকে বহুগুণে স্বতিক্রম করিয়া বর্ত্তমান আছে বটে তথাপি তাহাকে আমাদের চরম সত্ত। আমাদের সত্তার সমগ্রতা অথবা তাহান পরম রহস্য বলিতে পারি না। এমন উপলব্ধি আছে যাহাতে এই তিনকে অতিক্রম করিয়া অতিচেতন ( superconscient ) সন্তার যে ভূমি আছে তাহার সম্বন্ধে আমরা সচেতন হইতে পারি, তথায় আরও এমন কিছুর অনুভূতি হয় যাহ। চরম এবং পরম সত্যরূপে এ শকলকে অতিক্রম অথচ সকলকে ধারণ করিয়া বর্ত্তমান আছে, চিংপুরুষ, ঈশুর, পরমান্ধা প্রভৃতি নাম দিয়া মানুষ যাহার কথা অতি অস্পষ্ট ভাষায় প্রকাশ করে; এই অতিচেতন প্রদেশ হইতেও আমাদেব মধ্যে অনেক সময় কিছু নামিয়া আসে এবং সেই পরম ভূমি বা পরম চিৎস্বরূপের দিকে আমাদের উচ্চতম স্তার নিত্য অভিযান চলে। তাহা হইলে আমাদের সন্তার সমগ্র প্রসারতার মধ্যে যেমন এক

#### অবিভার সীমারেখা

অবচেতনা ও নিশ্চেতনা তেমনি এক অতিচেতনাও রহিয়াছে, যাহ। আমাদের অধিচেতন এবং জাগ্রত আত্মার উপরে প্রসারিত হইয়া এবং তাহাদিগকে সর্ব্বতঃ পরিবেষ্টন করিয়া আছে, কিন্তু আমাদের বহিশ্চেতনা তাহা জানেনা; সে মনে করে এ সমস্ত তাহার পক্ষে অগম্য স্থান যাহার সঙ্গে তাহার কোন প্রকার যোগসাধন সম্ভব নহে।

কিন্তু জ্ঞানের প্রসারের সক্ষে এই চিৎপুরুষ বা পরমান্তার স্বরূপ আমরা জানিতে পারি: পরিশেষে আমরা দেখিতে পাই যে ইনি আমাদেরই উচ্চতম. গভীরতম এবং বৃহত্তম আদ্বা ; সত্তার তৃঙ্গ শৃঙ্গে পৌঁছিলে অথবা আমাদের চেতনায় প্রতিফলিত হইলে তাহার যে পরিচয় পাওয়া যায় তাহাতে জানা যায় তিনি সচিচদানন্দ, তাঁহাব চিন্ময অতিমানস সত্য-সচেতন অনম্ভ জ্ঞানময় ইচ্চাশক্তি দারা আমাদিগকে এবং বিশুকে স্বাষ্টি করিয়াছেন। তিনিই প্রকৃত সম্বস্তু, বিশ্বের প্রভু এবং স্রষ্টা, তিনি বিশ্বাদ্ধারূপে মন প্রাণ এবং জড়ের আনরণে নিজেকে আবৃত করিয়া আমর। যাহাকে নিশ্চেতনা বলি তাহাতে নামিয়া গিয়াছেন, নিজের অতিমানস ইচ্ছা এবং জ্ঞানেব মাবা নিজের অবচেতন রূপ গঠিত করিয়া তাহাকে নিয়ন্ত্রিত করিতেছেন ; আবাব সেই জ্ঞান এবং ইচ্ছা বলেই নিশেচতনা হইতে উথিত হইয়া অধিচেতন পুক্ষের মধ্যে বাস করিয়া নিজের অধিচেতন স্থিতিকে গঠিত ও নিযন্ত্রিত করিতেছেন: অবশেষে অধিচেতনা হইতে আমাদের বহি\*চব সত্তাকে উৎক্ষিপ্ত করিয়াছেন এবং গোপনে তাহার মধেদবাস করিতেছেন এবং সেই সত্তা যে অন্ধকারে হাতড়াইয়া বেড়াই-তেছে বা টদিতে টলিতে এলোমেলোভাবে চলিতেছে তাহ। উপর হইতে সেই একই প্রভুষ ও পরম জ্যোতির মধ্য দিয়া দেখিতেছেন। অধিচেতনা এবং অবচেতনাকৈ যদি সমুদ্রের সঙ্গে তুলনা করি যাহা হইতে বহিশ্চর মনোম্ম শন্তার তরঙ্গসকল উবিত হইতেছে, তাহা হইলে অতিচেতনাকে তুলনা করিতে পারি আকাশের সঙ্গে, যে আকাশ এই সমুদ্র এবং তাহার তরঙ্গের সকল গতি ফুটাইয়া তুলিতেছে, নিজের অন্তর্ভুক্ত করিয়া রাখিয়াছে, ছাদের মত উপরে বিস্তৃত হইয়া রহিয়াছে, আবার ঐ সমুদ্র এবং তরঞ্চমালার মধ্যে বাস ও তাহাদিগকে নিয়ন্ত্রিত করিতেছে। তথায় এই মহাকাশে আমাদের আছা 😘 চিৎসতার সম্বন্ধে স্বরূপ-গত ও স্বভাবিসিদ্ধভাবে আমবা সচেত্রন হই—এখানে নিমুতর ক্ষেত্রে ষেত্রপে প্রশান্ত বা নি:শবদ চিত্তে তাহাকে প্রতিফলিত দেখি অথবা আমাদের মধ্যে অবস্থিত গোপন পুরুষের অজিত জ্ঞানে যেভাবে আমরা অনুভব করি তেমন

### मिया कीवन वार्डी

ভাবে নহে; পরস্ক অতিচেতনাব এই পরমব্যোমের মধ্য দিয়াই আমবা এক চরম স্থিতি পরম জ্ঞান বা লোকোন্তব অনুভূতিতে পৌঁছিতে পারি। যাহান মধ্য দিয়া আমরা আমাদের এই সতা চবম স্থিতিতে, আমাদের পরম আছাতে পৌঁছি সেই অতিচেতন সন্তার সম্বন্ধে আমরা সাধারণতঃ আমাদের সন্তার অন্য অংশ অপেক্ষা অধিকতর অজ্ঞ; অখচ আমাদের সন্তা নিশ্চেতনার সংস্ত অবস্থা হইতে এই জ্ঞানের মধ্যে উন্মিষিত হইয়া উঠিবার জন্য সংগ্রাম করিতেছে। আমাদের বহিশ্চব সন্তার এই সীমান বন্ধন আমাদেব উচ্চতম এবং অন্তরতম আত্মা সম্বন্ধে এই অন্ধতাই আমাদেব প্রথম ও প্রধান অজ্ঞান;

कारलन एकट्य श्रीविभारमन ह्यार्ट्य ग्रांस्य यामना विश्वित कीवन याश्रन কবি, কিন্দ্র আবার এখানে কালেব এই পবিণানেব মন্যে যাহাকে আমবা আমা-দেব স্বরূপ মনে কবি আমাদেব গেই বহিশ্চর মন তাহার নিজেব স্রদীর্ঘ অতীত এবং স্থানুব ভবিঘাতেৰ সম্বন্ধে অজ্ঞ, সে শুধু সংকীৰ্ণ গীমাৰ মধ্যে অবৰুদ্ধ তাহাৰ বর্তুমান জীবনকে জানে, এবং তাহাবও স্বটা জানে না, কারণ ইহার অনেবটা থাকে আমাদেব পর্য্যবেক্ষণেব বাহিবে, স্মৃতির ভাণ্ডাবে যাহা জমা কবিয়া বাখি তাহাবও অনেকটা হারাইয়া যায়। আমনা সহজেই বিশ্বাস কবি যে আমাদেন জড় জন্মেৰ সঙ্গে এই জগতে আমাদেৰ অস্তিত্ব শ্ৰুপম দেখা দিয়াছে এবং দেহেৰ মৃত্যুর সঙ্গে এ অন্তিম্ব লোপ পাইবে, জীবনের সংক্ষিপ্ত ক্রিয়া শেষ হইয়া যাইবে : এইরপ বিশ্বাসেব কাবণ এই যে, এ জীবনেব বাহিবে সন্তিম্বের সম্বন্ধে কোন কণা আমাদের মনে নাই, কোন অনুভূতি নাই, অথবা আমাদিণকে জানান হয় নাই-ইংগ অত্যন্ত সহজ এবং অত্যন্ত পুৰল যুক্তি বটে কিন্তু বিচারশীন মনের পক্ষে পর্যাপ্ত নহে। আমাদেব জড়াশ্রিভ প্রাণ মন বা অনুময় কোমেব সম্বন্ধে একথা খাটে, কেননা আমাদেব জন্মেব সঞ্চে সম্পেই তাহারা গঠিত হয় এবং মৃত্যুতে তাহাদেব প্রলম ঘটে, কিন্তু কালেব মধ্যে আমাদেব যে খাঁটি সম্ভৃতি বহিয়াছে যে খাঁটি পৰিণতি চলিতেছে, তাহার সম্বন্ধে একথা সত্য নয়। কেননা স্তিচেত্নাই জগতের মধ্যে স্থানাদেব আছাব খাঁটি স্বরূপ: তাহাই অধিচেতন আলা হইযা, জনম এবং মৃত্যুৰ সীমাৰ মধ্যে সংক্ষিপ্ত এবং সীমিত এক নিৰ্দ্দিষ্ট ভূমিকা অভিনয়েব জন্য, নিশ্চেতন প্ৰাকৃতিক জগতের উপাদানের মধ্যে সচেত্রন ও সাময়িক এক আত্মরূপায়ণরূপে এই দৃশ্যমান বহিশ্চর আত্মাকে উৎক্ষিপ্ত করিয়াছে। যেমন অভিনেতা যথন একটা ভমিকার অভিনয় শেষ করে তথনই তাহার অস্তিত্ব লোপ পায় না অথবা একটি কবিতার নধ্যে আত্ম

#### অবিভার সীমারেখা

পুকাশ করিয়াই কোন কবিজীবন যেমন নি:শেষ চইয়া যায় না, এক জীবনের সঙ্গে আমাদেব গাঁটি আম্বাবও তদ্ধপ পুল্য ঘটেনা; বস্তুতঃ আমাদেব মর্ক্ত্য-ব্যক্তিম্ব আম্বার তেমন একটি ভূমিকা তেমন একটি স্পষ্টিশীল কবিতা বা আশ্ব-পুকাশ। এই পৃথিবীতে একই আদা বা চৈত্যপুৰুষ যে নানা জন্মে নান। মানবদেহ ধাবণ করে, এই জন্মান্তব্বাদ আমরা স্বীকাব করি বা না কবি ইহা নিশ্চিত যে কালেব ক্ষেত্রে আমাদের সম্ভূতি বা পবিণাম যেমন অতীতে তেমনি ভবিদ্যতে বহু দুর পুসাবী। কেননা অতিচেতনা বা অধিচেতনাকে কালের ক্ষণিক লীলায় বন্ধ কৰা যায় না , অতিচেতনা শাগুত কালাতীত, কাল তাহাৰ বক্ত-বিভাব বা ভঙ্গীর একটি মাত্র ় অর্থিচে তনাৰ কাডে কাল তাখান বিচিত্র অনভবেন এক অনন্ত ক্ষেত্র এবং তাহার অন্তিম হুইতেই ধবিষা লওা। যায় ভাহার পক্ষে সমস্ত অতীত এবং সমগ্র ভবিষ্যং বহিষাছে। কেবল যাহা ১ইতে আমাদের বর্ত্তমান সত্তার অর্থ খুঁজিয়া পাওয়া যাইতে পাবে আমাদেব মন সেই অর্তাতের মধ্যে জানে ৩ধু এই নাস্তৰ স্থূল অস্তিত্ব এবং তাহার স্মৃতি ; যাহা জানে তাহাকেও জ্ঞান বাা যায কিন। সন্দেহ ; সাবার কেবল যে ভবিঘাৎ সামাদেব পবিণামের ষদা কওঁমান ধাৰাৰ ব্যাখ্যা দিতে পাৰে মন তাহার কিছুই জানে না । সংস্কাদে আমৰা এতই আচছনু যে আমৰা বলি যে তাহাৰ পদচিহ্ন দেখিয়াই থতীত সম্বন্ধে আমবা কিছু কেবল অনুমান মাত্র করিতে পাবি, কেননা তাহ। যে লৃপ্ত হইয়া শিষাছে : আর ভবিষ্যৎকে জানাই যায় না কেননা যে ত আসে নাই : লগচ্চুসতীত ও ভবিষাৎ উভয়ই এখানে আমাদেব মধ্যে আছে, মতীত সাঢ়ে আচ্ছাদিত এবং শংৰুত্রূপে কিন্তু ক্রিযাশীল হইয়া, মার ভবিঘ্যৎ আছে গোপন চিংসত্তাম নিরবচিছনু ধাবাবাহিকতার মধ্যে মফুবণোনমুখ হইয়া। এই হইল আর এক অজ্ঞান যাহা আমাদিগকে প্রাজিত এবং সাঁমিত কবিল। বাখিতে চায়।

কিন্তু এইখানেই মানুষের আশ্ব-মজ্ঞানের শেষ নয়, কাবণ গুৰু যে সে তাহার মতিচেতন আশ্বা, অধিচেতন আশ্বা ও অবচেতন আশ্বান সম্বন্ধে অক্ত তাহা নহে; যে জগতের মধ্যে সে বর্ত্তমানে বাস করিতেছে তাহাকেও সে জানে না; অখচ এই জগৎ নিয়ত তাহার মধ্য দিয়া তাহাব উপবে ক্রিণ করিতেছে এবং তাহাকেও নিয়ত তাহাব উপরে এবং তাহাব শ্বারা ক্রিয়া করিতে হইতেছে। যখন সে ইহাকে নিজের সত্তা হইতে সম্পূর্ণ পৃথক বস্তু মনে করে, যখন ননে করে যে যেহেতু জগৎ তাহার বাষ্টি পাক্ত রূপ এবং অহং হইতে ভিনু কিছু,

२२ ७०१

#### विवा जीवन वार्खा

স্কুতরাং তাহা অনাৰা তথন বুঝিতে হইবে তাহার মনে জ্ঞানের ছাপ পড়িয়াছে। ঠিক একই ভুল হয় যখন সে তাহার অতিচেতন আম্বার সম্মুখীন হয়, তখন প্রথনে মনে করে যে তাহা আপন হইতে পৃথক একটা কিছু, একটা বাহিরের বস্তু এমন কি জগৎ ছাড়া এক ঈশুর ; যখন সে অধিচেতন আন্ধার সম্মুখীন হয় এবং তাহাব সম্বন্ধে সচেতন হয় তথনও সে প্রখমে তাহাকে এমন অন্য এক বৃহত্তর ব্যক্তি বা অন্য এক চেতনা বলিয়াই মনে করে যাহা তাহাকে আশ্রয় দিতে এবং পরিচালিত করিতে পারে অথচ যাহ। নিষ্ণ হইতে পৃথক। জগতের দিকে তাকাইয়া তাহার মনে হয় তাহার দেহ প্রাণ বা সে নিজে এই জগত্রপ বিশাল সমুদ্রের একটা ফেন বৃষ্টুদ মাত্র। কিন্তু যখন আমরা আমাদেন অধিচেতনাতে জাগরিত হই তখন দেখিতে পাই যে তাহা বিশ্বব্যাপ্ত ; যখন সামাদেব অতিচেত্তন সাম্বাতে পৌঁছি তখন দেখি যে এ জগৎ শুধ তাহানই এক প্রকাশ, বিশ্বের সমস্তই সেই অঘ্য তত্ত্ব, সমস্তই স্বরূপে আমাদের আন্ধা। আমর। দেখিতে পাই অখণ্ড এক জড়সন্তার মধ্যে আমাদের দেহ জড়ের একটা গ্রন্থি, এক অবিভক্ত প্রাণ-সমদ্রের মধ্যে আমাদেব প্রাণ একটা আবর্ত্ত, এক অখণ্ড মনরূপ মহাদেশেব মধ্যে আমাদেব মন একটা কেন্দ্র বা ষ্টেশন যেখানে বার্ত্ত। গৃহীত এবং লিপিবদ্ধ হয়, যেখানে তাহাদের রূপ দেওয়া বা অনুবাদ কবা হয় অথবা তথা হইতে চতুদ্দিকে প্রেরিত হয় ; দেখিতে পাই আমাদেব আন্ধা এবং ব্যষ্টিসত্তা অহম অবিভাজ্য চিৎসত্তার একটা অংশ বা একটা প্রকাশ। আমাদের অহংবোধই ভেদ ও বিভাগকে দুচ্ভাবে ধরিয়া থাকে, আমাদেব অহংবোধেব ভিত্তিতে আমাদের বহি\*চর অবিদ্যা-চেতনা তাহার চারিদিকে যে কারাগাব নিজেই গড়িয়া তুলিয়াছে সেই কাবাগুহের দেওয়াল যাহাতে বজায় রাখিতে পারে, সে শক্তিও অহংবোধের নিকট হইতেই পায়—যদিও সে দেওয়াল ভেদ কৰা কথনই একেবাবে অসাধ্য নয; অহংবোধই সেই ভীষণতম গ্রুখি যাহ। আমাদিগকে অবিদ্যার সহিত বাঁধিয়া রাখে।

যে স্বল্পসময়ের কথা আমাদেব সমৃতিতে আছে তাহা ছাড়। আমাদেব কালগত সত্তাকে যেমন আমরা জানি না, তেমনি মন ও ইন্দ্রিয় দ্বারা দেশেব যে ক্ষুদ্র অংশের সম্বন্ধে আমরা সচেতন অর্থাৎ একমাত্র যে দেহ দেশের মধ্যে বিচরণ কবে সেই দেহ এবং সেই দেহের সঙ্গে যাহাদিগকে এক করিয়া দেখি সেই প্রাণমন যেখানে অবস্থিত সেই অংশটুকু ছাড়া দেশের বাকী অংশের মধ্যে আমরা আপনাকে দেখিতে পাই না, আমাদের পরিবেশকে আমরা অনায়

#### অবিভার সীমারেখা

বস্তু বলিয়া ভাবি, মনে করি তাহাব সঙ্গে আছে কেবল প্রযোজন এবং ব।ব-হারের সম্পর্ক ; ক্ষুদ্র এক অংশের সহিত এইভাবেব একম্ব বোধ এবং এই ধারণা নইয়াই অহংএর জীবন গঠিত হইয়াছে। এক মতে দেশ কেবন বস্তু বা আদ্বাসকলের সহভাব বা একত্রাবস্থিতি (co-existence); সাংখামতে জীবান্ধা বা পুরুষ বহু এবং তাহাদের প্রত্যেকেব যস্তিত্ব স্বতন্ত্র, তাহাদের সকলের যনুভবের ক্ষেত্ররূপে এক স্বভাবশক্তি বা প্রকৃতি আছে বলিয়াই সহভাব সম্ভব হুইতে পারে; এমন কি ইহা স্বীকার কবিলেও সহভাব আছে তাহা ঠিক কিন্তু শেষ পর্য্যন্ত দেখা যায় যে সহতার একই সত্তার মধ্যে থাকিয়া, সেই অন্ধয় গতাব একটা জ্ঞাননয আত্মপুসারণের নাম দেশ, সেই চিন্ন্য সভা সংখ্ আপনার আশ্বাকেই আধাররূপে গ্রহণ কবিয়া ভাহাব নিজেন চিংশক্তিন গাটন ক্ষেত্র পুস্তত করিয়া তুলিলেন তথন দেশ দেখা দিল। সেই চিংশক্তি নছ দেছ-প্রাণ-মনে কেন্দ্রীভূত হয়, অন্তরাম্বা তাহার মধ্যে একানিতে অনিষ্ঠিত হয় এবং পরি-চালনার ভার নেয়: তাই আমাদের মননশক্তি এই একটিতে অভিনিবিষ্ট হয়, তাহাকেই নিজ-ম্বরূপ মনে কবে এবং বাকি সকলকে অনাঞ্চা বলিয়া দেখে. ঠিক তেমনিভাবে তদনুরূপ অবিদ্যা বশে যাহা হইতে অতীত এবং ভবিঘ্যৎকে ঢাঁটিয়া ফেলা হইয়াছে, নিজেব তেমন এক জীবনে কেন্দ্রীভূত হইয়। তাহাকেই তাহাব সমগ্র জীবন মনে কবে। অথচ অখণ্ড মনকে বাদ দিয়া আমাদেব খণ্ড মননের, অখণ্ড প্রাণকে বাদ দিয়া আমাদেব খণ্ড প্রাণের, অখণ্ড জন্তকে বাদ দিয়া यामारान अंध्रुराहर शाँहि छान क्थनर नां क्वा यांग ना ; क्ना यथ ५ मन দখণ্ড প্রাণ এবং অধণ্ড জড যাহাতে প্রতিষ্ঠিত আছে কেবল তাহার পুকৃতিব ঘারাই যে ইহাদের প্রকৃতি স্থিরীকৃত এবং নিযম্ভিত হয় তাহা নহে, ইহাদেব কর্মা-বলিও প্রতিমৃহত্তে তাহাব হারা প্রভাবিত ও নিযন্ত্রিত হয়। কিন্তু অগও সভার এই যে সমুদ্র আমাদিগকে প্লাবিত করিয়া প্রবাহিত হইতেছে তাহাব চেতনার সঙ্গে আমাদের যোগ নাই, আমাদেব বহির্মনে তাহার যতটুকু আন্য়ন ও সমনুয় করিতে পারি কেবল ততটুকুই আমরা জানি। বিশু আমাদের মধ্যে বাস করি-তেছে, আমাদের মধ্যে ভাবনা করিতেছে, আমাদের মধ্য দিয়া রূপায়িত হইয়া উঠিতেছে, কিন্তু আমরা কল্পনা করি যে জগৎ হইতে বিণিক্ত হইয়া আমরা বাস করিতেছি, ভাবনা করিতেছি, নিজেবাই নিজের জন্য পরিণত্তিব পথে চলিতেছি। যেমন আমরা আমাদেব কালাতীত স্তিচেত্রন, স্থিচেত্রন, অবচেতন আশ্বার সম্বন্ধে অজ্ঞ, তেমনি আমাদের বিশ্বাস্থভাবের সঙ্গেও আমাদের

#### शिवा कीवन वार्का

পরিচয় নাই। কিন্তু আমাদের এই অবিদ্যার মধ্যে তাহার নিজ সন্তার বিধানানুসারে নিজেকে পাওয়ার এবং নিজেকে জানিবার জন্য এক শাশুত আবেগ ও প্রচেষ্টা আছে, তাই নিয়ত এক অব্যাহত সাধনা চলিতেছে—কেবল ইহার জন্যই আমরা বাঁচিয়া যাই। বহুমুখী এক অবিদ্যা সর্ববিৎ এক বিদ্যাশজ্জিতে নিজেকে রূপান্তরিত করিতে সর্বেদা সাধনারত, ইহাই মনোময় মানবচেতনার পরিচয়—অথবা আর এক দিক হইতে বলিতে পারি যে এক সীমিত ভেদদশী বস্তুচেতনা পূর্ণাঙ্গ জ্ঞান এবং অথও চেতনায় পরিণত হইতে নিয়ত চেষ্টা কবিতেছে।

# দ্বাদশ অধ্যায়

# স্ববিদ্যার উৎপত্তিস্থান

তপাংশক্তিতে ব্ৰশ্ব ঘনীভূত হন; তথা হইতে আছ (জড়) এবং আছ হইতে আৰ ও মন এবং লোক সমূহ লাভ হয়।

ৰুপ্তকোপনিষদ (১।১৮)

তিনি কামনা করিলেন "বছরপে আমি জাত হইব", তগংশব্দিতে তিনি কেন্দ্রীভূত হইলেন, তগংশব্দি ছারা বিশ্ব সৃষ্টি করিলেন, সৃষ্টি করিয়া তাহার মধ্যে অনুপ্রবিষ্ট হইলেন, অনুপ্রবিষ্ট হইর যাহা সং এবং বাহা সতের অতীত, যাহা প্রকাশিত এবং বাহা অপ্রকাশিত তাহা হইলেন, বিজ্ঞা ও অবিষ্ঠা, সত্য এবং মিখ্যা হইলেন, তিনি সত্য হইলেন, এই বাহা কিছু আছে হাহা হইলেন; তাহারা ভাহাকে 'ওংসং' বা সেই সত্য বস্তু বলে।

তৈ হিরীয় উপনিষদ ( ২।৬ )

তপঃপজিই ব্রহ্ম।

তৈভিরীয় উপনিযদ ( অং— ৫ )

যধন এতটা পরিকার হইয়া আসিয়াছে, তথন অবিদ্যার সমস্যা আরো গভীররূপে বিচার কবিবার, কোন্ প্রযোজনে. কোণা হইতে চেতনার কোন ধারা ধরিয়া তাহা আসিয়াছে তাহা দেখিবার ও বুঝিবার প্রয়োজন ও সম্ভাবনা দেখা দিয়াছে। অথও একত্ব সন্ভার হাঁটি সত্য এই সিদ্ধান্তকে ভিত্তিরূপে ধরিয়া লইয়া এ সমস্যার সমাধানে আমাদিগকে অগ্রসর হইতে হইবে, দেখিতে হইবে সে ভিত্তিতে এবিষয়ে বিভিনু সম্ভবপর মতনাদ কতান প্রযোগ করা যাইতে পারে। যিনি চরম ও পরম সংস্বরূপ তিনি চরম এবং পরম জান স্বরূপ নিশ্চয়ই হইবেন, স্ক্তরাং তিনি কোনমতেই অবিদ্যাব অধীন হইতে পারেন না; এখন প্রশু এই সেই সংস্বরূপের মধ্যে বছমুখী এই অবিদ্যা খখনা আত্মসক্ষোচক এবং ভেদদর্শী এই সীমিত জ্ঞান কি করিয়া উঠিল, ক্রিয়াশীল হইল এবং ক্রিয়ার মধ্যে নিজের অন্তিত্ব বজায় রাখির ? যাহা অবিভাজ্য সেই বস্তব মধ্যে আপাত-বিভাগের এই সার্থক ক্রিয়াধারা ক্রিরূপে দেখা দিয়াছে এবং কি করিয়াই বা

# पिया **को**यन बार्डा

বজায় আছে ? যে পুরুষ অখণ্ড এক, তিনি তাঁহার নিজেকে জানেন না ইহা ত হইতে পারে না। আবাব সর্ববস্তুই যখন তাঁহার আত্মস্তরূপ, তাঁহার সচেতন আম্বপবিণাম, নিজ সত্তারই বিশেষ প্রকাশ, তখন ইহাও ত হইতে পারে না যে বস্তুরাজি, তাহাদের খাঁটি প্রকৃতি এবং প্রকৃত ক্রিয়াধারার সম্বন্ধে তিনি অজ্ঞ। কিন্ত যদিও আমর। বলি যে 'আমরা ব্রহ্মস্বরূপ', 'জীবাম্বা বা বার্টিসতা পরমান্ব। ব। প্রমুসংস্কর্মপ ছাড়া আর কিছু নয়' তথাপি আমরা আলা এবং বিশ্ববস্ত এ উভয়ের কাহাকেও জানি না ইহাত নিশ্চিত ; সেই অঞ্জতা হইতে আমাদের কাছে একটা একান্ত বিরোধ দেখা দিয়াছে, সে বিরোধ এই যে যাহ। স্বরূপতঃ অবিদ্যালেশশুন্য তাহাৰ মধ্যে অবিদ্যা দেখা যাইতেছে, অখবা নিজসভাৰ কোন ইচ্ছাবশতঃ হউক অখব৷ তাহার প্রকৃতির কোন প্রয়োজন বা সম্ভাবনান তাগিদেই হউক তাহা নিজেকে অবিদ্যার মধ্যে ডুবাইয়া দিয়াছে! যদি বলি যে মন. যাহা অবিদ্যাব আশুয় তাহা অসৎ, বুদ্ধ নয়, একটি মায়িক বস্তু এবং ব্রদ্রা বা অদিতীয় চরম সদ্বস্তা, বাহা অসং বা লমময় সত্তার অংশ সেই মনেব यविमाधान। कानकार अपूर्व हन ना, जाह। हहान व वावा कारहे ना। আমবা যখন এক অখণ্ড অহ্বয়তত্ত্ব স্থীকাৰ কৰিয়াছি, তখন পলায়নের এ প্র আমাদেব নিকট আর খোলা নাই, কেননা যদি বন্ধ ও নাযাব মধ্যে এইরূপ মৌলিক ভেদস্বাষ্ট্ট কৰি আবাব সেইসঙ্গে মায়াকে অবাস্তব বলিয়া উডাইয়া দিতে যাই তবে প্রদ্রের একম্বকে সম্বীকাব কবিয়া তাহাকে যে ভাগ করিয়া ফেলিতেছি এই তথ্য নিজেদের নিকট হইতে ঢাকিয়া রাখিবার জন্য ভাবনা বাক্যেৰ একটা ইন্দ্ৰজাল বা মায়াকে ব্যবহাৰ কৰা হইবে. কেননা আমৰা দুইটি পরস্পরবিবোধী তত্ত্বে খাডা করিয়াছি, একটি যাহার মধ্যে অবিদ্যান ভ্ৰমেব কোন স্থান নাই এমন এক ব্ৰহ্ম, অপবাদি আন্ধ্ৰমোৎপাদিক। মায়া : তাহাৰ পর আমবা জোব কবিয়া তাহাদিগকে এক অসম্ভব একছের মধ্যে মিলাইতে চাহিতেছি। ব্রদ্রই যদি একমাত্র সত্তা এবং সত্যবস্ত হল তবে মারা তাহারই এক শক্তি তাহার চেতনার এক বীর্য্য বা তাহার এক আন্ধপরিণাম ছাড়া আর কিছু হইতে পাবে না ; জীবান্ধা যখন ব্রদ্রের সহিত এক তখন জীবান্থা আন্মনারাব অধীন হইনাছে বলিলে এই বুঝার যে তাহার মধ্যস্থ ব্রদ্রই মায়াব স্বধীন হইযা পড়িয়াছেন, কিন্তু মূলতঃ এবং স্বরূপতঃ তাহা অসম্ভব ; ৰক্ষেৰ বশ্যতাৰ কেবল এই এক অৰ্থ হইতে পাকে যে তাহার আত্মপ্ৰকৃতিৰ মধ্যস্থ কিছু তাহার আমুপুকৃতির ক্রিয়াধীন হইয়াছে, তাহা হইবে চিৎসন্তার

# অবিভার উৎপত্তিস্থান

সচেতন এবং স্বাধীন গতির একটা অংশ, তাহার আত্মপ্রকাশক সর্ব্বক্সতার একটা ধেলামাত্র। অবিদ্যা অন্বয় স্বরূপের ক্রিয়া ও গতির একটা অংশ ছাড়া আর কিছু হইতে পারে না, ইহা তাহার চেতনার সজ্ঞানে এবং স্বেচছায়কৃত এক আত্মপরিণাম, কোন কিছু বাধ্য করিয়া তাহাকে অধীন করে নাই, নিজের। বিশ্ব-গত প্রয়োজনের জন্য নিজেই তিনি এই অবিদ্যা বা আত্মসঙ্কোচ স্বীকার ও ব্যবহার করিতেছেন।

সমস্য। সমাধানের সমস্ত বাধা দ্র করিবার জন্য আমরা বলিতে পারি না যে জীবান্ধা এবং পরমান্ধা এক নয়, ইহাদের মধ্যে নিত্যভেদ বর্ত্তমান, জীব অবিদ্যার অধীন স্বতরাং অলপজ্ঞ আর বৃদ্ধ অখণ্ড এবং পরম সৎ ও চিৎস্বরূপ স্বতরাং সর্বেজ্ঞ; কেননা তাহ। আমাদের চরম এবং পরিপূর্ণ অনুভৃত্তির বিরোধী; প্রকৃতির ক্রিয়াতে যতই ভেদ থাকুক না কেন, সে অনুভৃতিতে আমরা পাই যে সত্তা বা অন্তিম্ব একেবই, তাহাতে হৈত নাই। এ হৈতবাদ অপেক। হৈতাহৈত বাদ স্বীকাব কবা সহজ কেননা স্পষ্টতঃ বিশু ব্যাপারে সর্বত্র ভেদ এবং অভেদের খেলা ব্যাপ্ত আছে মনে হয়; আমবা বলিতে পারি বন্ধ এবং আমাদের সঙ্গে **অভেদ আছে, ভেদও আছে ; স্বরূপ সত্তায় স্কৃতরাং স্বরূপগত প্রকৃতিতে উভয়ই** এক, কিন্তু আশ্বার রূপে, প্রকাশে বা বিভাবে দুইএর মধ্যে ভেদ আছে, তাই পুকৃতির ক্রিয়াতেও ভেদ রহিয়াছে। কিন্তু ইহাতে তথ্য কি কেবল তাহাই বলা হয় কিন্তু সে তথ্য যে সমস্যা স্বাষ্ট করিয়াছে তাহাব সমাধান হয় না. স্বরূপ সভায় বন্ধ বা চৰমত্ত্বের সহিত স্থতরাং চেতনাতেও তাহার এবং সর্বের সহিত যাহা এক বা অভিনৃ তাহা আম্বারই সক্রিয় রূপ ও ক্রিয়ার ক্ষেত্রে কি করিয়া বিভক্ত এবং অবিদ্যার অধীন হইল তাহা বুঝা যায় না। তাহা ছাড়া আর একটি কথা আছে যাহাতে বুঝা যায় এ বিবরণ পূর্ণরূপে সত্য হইতে পারে না, কেননা জীবার। বুদ্ধের নিক্রিয় অহয় সত্তাব সহিত এক হইতে পারে ভধু তাহ। নয় তাহার সক্রিয় পুকৃতির সহিতও একছে অনুপ্রবিষ্ট হইতে পাবে। অথবা, সমস্যা এডাইবার জন্য আমরা বলিতে পাবি, সত্তার এবং তাহার সকল সমস্যার উপরে তাহাদিগকে অতিক্রম করিয়া এক অজ্ঞেয় তত্ত্ব আছে যাহা আমাদের অনুভবের নাহিরে এবং উপরে এবং জগৎ-স্টির পূর্বে সেই অজ্ঞেয়ের মধ্যে মায়ার ক্রিয়া আবন্ত হইযা গিয়াছে, স্কুতরাং মায়াও স্বরূপতঃ অজ্ঞেয়, তাহাকে তাহার উৎসকে বা কারণকে জানিবার কোন উপায় জীবের নাই। জভ বিজ্ঞানের অজ্ঞেয়বাদের বিরুদ্ধে এইরূপ চিদুগত এক অজ্ঞেয়বাদ খাড়া করা

#### দিব্য জীবন বার্তা

যাইতে পারে। কিন্তু সকল অজ্ঞেয়বাদের বিরুদ্ধে এই আপত্তি করা যায় যে ইহা ভ্রানিতে অম্বীকার, চেতনার বর্ত্ত্রমান এবং আপাত প্রতীয়মান বাধা ও সক্ষোচের নিকাট সহজে আশ্বসমর্পাণ, নিজের শক্তিহীনতার একটা বোধ ছাড়। আর কিছু নয়, সাক্ষাৎভাবে সীমিত প্রাকৃত মনের শক্তিহীনতার এ অভিনয় সহ্য করিলেও যে জীবাস্থা বুদ্রের সহিত এক তাহাকে ইহা বলিয়া সমস্যা সমাধানে বিরত গাকিতে দিতে পারি না। বুদ্র অবশ্যই নিজেকে জানেন তেমনি অবিদ্যার কারণকেও জানেন। স্থতবাং জীবাম্বার যে কোন জ্ঞান লাভ সম্বন্ধে নিরাশ হইবার অথবা অথও বুদ্রতথ এবং তাহার নিজের বর্ত্ত্রমান অবিদ্যার মূল কাবণ জানিবার শক্তি তাহাব নাই ইহা মনে করিবার কোন হেতু নাই।

অজ্ঞেয় তত্ত্ব বলিশা কিছু যদি থাকে তবে তাহা সচিচদানদেন এক চরম ও পরম অবস্থা চইবে, যে অবস্থা সত্তা, চৈতেনা এবং আনন্দ সম্বন্ধে আমাদের যে উচ্চত্য ধারণা আছে তাহাকেও অতিক্রম করিয়া বর্ত্তমান আছে : তৈত্তিরীয় উপনিষদে অসং বলিষা যাহা উক্ত হইযাছে তাহা স্পষ্টতঃ এই অর্থেই বলা হইরাছে, সে উক্তিটি এই 'অসৎ ছিল সকলের পূর্বে, তাহা হইতে সতের জন্ম হইয়াছে', বুদ্ধ নিব্ৰাণ বলিনা যাহা বলিযাছেন তাহারও সম্ভবত ইহাই মন্ত্ৰ রহস্য, কেননা আমাদের বর্ত্তমান অবস্থার প্রলয় ঘটাইয়া নির্বাণলাভ এমন এক অবস্থায় পৌঁ ছা হইতে পারে যেখানে আন্থার কোন ধাবণা বা অনুভব পর্যাত্তও নাই, অস্থ্রিব বোধ বা প্রতায় হইতে তাহ। এক অনির্বর্চনীয় মুক্তি। ইহা হয়ত তাহাই, উপনিঘদ যাহাকে চরম এবং পরম অহৈতুকী আনন্দ বলিয়াছে যাহ। মানাদের সকল বাক্য এবং সকল জ্ঞানেব অতীত, কেননা আমরা যাহাকে চৈতন্য বা সন্তা বলিয়া বৰ্ণন। বা ধারণা কবিতে পারি ইহা তাহারও অতীত ! আমর। ইতিপর্বেই অসতের এই অথ গ্রহণ করিয়াছি, কেননা অনন্তের উর্থন গমনের প্রেথ, আগরা কোথাও কোন সীমা নির্দেশ করিতে চাইনা। इंडा यिन ना इस उत्त जायर यर इंडर उ अमन कि योदा निक्रशाधिक अवर निर्दित-কল্প তাহা হইতেও সম্পূর্ণ পুণক একটা কিছু, তাহা শুন্যবাদীৰ চরম অসৎ।

কিন্তু পূর্ণ সংবশূন্যতা কিছুরই কাবণ হইতে পারে না এমন কি প্রতিভাস বা প্রমেরও নয়। চবম অসং যদি তাহা না হয় তবে কেবল এই বলিতে পারি যে তাহা নিবিশেঘ নিতা অব্যক্ত, শক্তি প্রকাশের এক যোগ্যতা (absolute eternally unrealised potentiality) অথবা যে সমস্ত শক্তি প্রকাশ হয় নাই তাহাদের প্রকাশেব এক নিবিশেষ সম্ভাব্যতা, তাহা অনন্তের এমন এক

# অবিভার উৎপত্তিস্থান

প্রেলিকাপূর্ণ শূন্য যাহ। হইতে সবিশেষ ভাবের নানা শক্তি প্রকাশের স্ভাবনা (relative potentialities) যে কোন মুহূর্তে উন্মিঘিত হইয়া উঠিতে পারে; কিন্তু প্রাতিভাগিক ক্ষেত্রে তাহার দু চারিটি মাত্র রূপায়িত হইয়া উঠিতে সক্ষম এই অসৎ হইতে সৰ কিছু প্ৰকাশিত হইতে পারে কিন্তু কি,প্ৰকাশ হইবে বা কেন প্রকাশ হইবে তাহা বলিবাব কোন সম্ভাবনা নাই ; বলিতে গেলে ইহা যেন এক পর্ম বিশুখলা (absolute chaos), যাহার মধ্য হইতে আকস্মিকভাবে সৌভাগ্যের—অথবা ববং দুর্ভাগ্যেন—বশে নিয়মশৃখলাময এক বিশ্ব উদ্ভূত হইয়াছে। অথবা বলিতে পানি—বিশ্বে খাটি নিয়মশুখালা বলিয়া কিছু নাই, যাহা নিয়মশুখালা বলিযা মনে কবি, তাহা ইন্দ্রিয় এবং প্রাণের একটি স্থায়ী অভ্যাস, মনের একটা কালপনিক বে৷ধনাত্র; বিশ্বের আদিকারণ খোঁজ কবিবাব চেটা পণ্ডশুম মাত্র। মহাবিশুখলা হইতে সর্বপ্রকাব স্ববিরোধ অসঙ্গতি জাত হইতে পানে, এ জগৎটা ফেন সেইনপ যুক্তিশন্য একটা স্ববিনোধ, ইচা নিরোধ, বৈষম্য এবং নাধার একটা বহস্যময় সমষ্টি, অথবা যেমন কেহ কেহ ভাবিয়াছেন বা বোধ কবিয়াছেন ইছ। একটা বিশাল ভ্রান্তি, একটা স্ষ্টিছাড়া যন্ত্রহীন প্রলাপ। এমন বিশ্বেব কাবণ হয়ত প্রাবিদ্যা বা প্রমচেত্না ন্য, হয়ত প্রন অবিদ্যা এবং নিশেচত্না হইতেই এ জ্পুৎ উদ্ভত হইয়াচে । ্ৰমন বিশ্বে সৰ কিছু সতা হইতে পাৰে, 'কিছু না' হইতে সব কিছু জাত হুণতে পাবে, ভাবনাময় মন হুমত মননশ্ন্য শক্তি বা নিশ্চেত্রন জড়ের একলৈ ব্যাধি বা বিকৃতি: সর্বেত্র যে নিসমণুখলাব আধিপত্য ভাবি-তেছি, বস্তু-সত্তোৰ জন্যই যাহ। রহিষাতে মনে কবিতেছি, বস্তুতঃ ভাছা হয়ত শাণুত এক আন্ধ-পজ্ঞানের যান্ত্রিক নিয়ম মাত্র, আন্ধনিয়ামক বা সচেত্রন . কোন মহা-ইচ্ছাশব্দিব আয়বিৰৃতি বা সভঃপরিণাম ন্য ; শাশুত স্ভুতি বা নিতা অস্তিৰ হয়ত শাশুত এক মহাশূনাতাৰ একটা নিতা পুতিভাস। এ সিদ্ধান্তে বিশ্বস্থাষ্ট রহস্য সম্বন্ধে সকল মতবাদই তুল্যবল হইয়া পড়ে, কেন্না প্রত্যেক মতেব প্রামাণিকতা বা অধ্যামাণিকতা সমানভাবে যুক্তিযুক্ত হইতে পারে, কারণ যেখানে বিশ্বচক্রাবর্তনের নিশ্চিত কোন আদিবিন্দু অথবা নির্ণয়-যোগ্য কোন লক্ষ্য নাই দেখানে মনে হয় সব কিছুই সম্ভব : মানুষের মন এ সমস্ত মতবাদই গ্রহণ করিয়াছে এবং প্রতি মত হইতেই সে কিছু লাভ কৰিয়াছে— এমন কি যে মত আমরা ভুল মনে কবি সে মত হইতেও ; ভুলেব ঘারাও সত্যের শ্বার খোলা যায় বলিয়াই ননকে ভুল কবিতে দেওয়া হুস ; ভুল নেতিমূলকভাবে

# मिया जीवन वाडी

যেমন বিপরীত ভুলকে ভাঙ্গে, তেমনি ইতিমূলকভাবে নৃতন সিদ্ধান্ত গঠন করিবার উপাদান প্রস্তুত করে। কিন্তু বেশী দুর অগ্রসর ইইতে দিলে এ মত দর্শনশান্ত্রের সমস্ত উদ্দেশ্য ব্যর্থ করিয়া দেয় ; দর্শন জ্ঞানকেই খোঁজে বিশুখলাকে নয় ; জ্ঞানের শেষ কথা যদি অজ্ঞেয়বাদই হয় তবে তাহার খোঁজা সার্থক হইতে পারে না ; সার্থক হইতে পারে যদি শেষ কথা এমন একটা কিছ হয় উপনি-भरमत्र जाघात्र यादात मन्नरक्ष वना यात्र—'यादा ज्ञानितन मव जाना दहेता यात्र'। অজ্ঞের পূর্ণক্লপে অজ্ঞেয় নয়, মন দিয়া যাহাকে জানা যায় না, অজ্ঞেয় সেই কিছুর সত্তার গভীরতার উচ্চতর মাত্রা, এমন এক মাত্রা যাহাকে মনোময় জীব তাহার সন্তার উচচতম শিখরে পৌঁছিয়াও ধবিতে পাবে না : সে বস্ত যদি কাহারও জানা থাকে তবে নিশ্চিতরূপে তিনিই নিজেকে নিজে জানেন. আমরাও যদি ইহা আবিষ্কার করি তবে সে আবিষ্কাবের ফলে আমাদের মনেব ক্ষেত্রের উচচতম সম্ভাবিত যে জ্ঞান তাহ। পূর্ণরূপে নষ্ট ব। বিলুপ্ত হইয়া যাইবে না ; বরং তাহা আমরা নিজের দিকে দৃষ্টিপাত করিয়া এবং বাহিনের বিষয়কে নিজের মধ্যে অনুভব করিয়া যে জ্ঞান লাভ করিয়াছি তাহাকে পূর্ণতব সার্থকতা এবং বৃহত্তর সত্যেব দিকেই লইয়া যাইবে। তাহা হইলে এই যে 'একটা কিছু' এই যে একটা পরম বস্তু আছে তাহাকে এমনভাবে জানা যায় যে, তাহার মধ্যে সকল সত্যের স্থান আছে ইহা দেখ। এবং তাহার দ্বাবা সকল সত্য প্রতিষ্ঠিত ইহা বুঝা যায় এবং তাহাতেই সমস্ত এক মহা সমনুয় বিধৃত আছে এ বোধ জাগে : তাহাকেই আমাদেব জানিতে হইবে, তাহাকেই আমাদের দর্শন ও মননের আদি বিলুরূপে গ্রহণ করিয়া বা তাহাকেই সকল দেখা ও সকল ভাবনার ভিত্তি-ক্রপে নিয়ত গ্রহণ এবং তাহা মারাই সকল সমস্যাব সমাধান করিতে হইবে. কেননা বিশুমধ্যস্থ দক্ষ ও বিরোধ সমাধানেব চাবিকাঠি একমাত্র তাহার মধ্যেই থাকিতে পারে।

এই যে 'একটা কিছু' যাহার কথা বেদান্তে বলা হইয়াছে এবং আমরা বরাবর বলিয়া আসিয়াছি তাহার ব্যক্ত প্রকৃতিতে তাহা সচিচদানন্দ,—পরম সৎ, পরা চেতনা এবং পরমানন্দের ত্রৈক মূন্তি। এই আদি সত্য হইতেই সমস্যা সমাধানের জন্য আমাদিগকে অগ্রসর হইতে হইবে; ইহা স্পষ্ট যে চৈতন্যের এমন এক ক্রিয়ার মধ্যে সমাধান বুঁজিয়া পাওয়া যাইবে, যাহা জ্ঞানরূপে আত্মপ্রকাশ করিয়াও সে জ্ঞানকে এমনভাবে সীমিত ও সঙ্কুচিত করিয়া তুলিয়াছে, যাহাতে অবিদ্যার প্রতিভাস স্বষ্টি করা সম্ভব হইয়াছে; চিৎশক্তির মধ্যে

# অবিভার উৎপত্তিস্থান

স্বাতাবিকভাবে যে গতি ও ক্রিয়া বর্ত্তমান আছে, অবিদ্যা তাহার একটা প্রতিভাস, তাহা একটা বিস্ফট্ট, কোন মূল তম্ব নহে, বস্তুত সেই ক্রিয়াব ফলেই তাহা জাত হইয়াছে ; স্থতরাং অবিদ্যাকে বুঝিবার জন্য চেতনার এই শক্তিরূপ বিভাবকে বিশ্লেষণ করিলে ফল পাওয়া যাইবে। পরাচেতনা স্বভাবতই পর্মশক্তি-রূপিণী, চিতের প্রকৃতিই শক্তি; জ্ঞান বা ক্রিয়ার জন্য স্থাষ্ট এবং পরিণামের দিকে উন্মধ কাৰ্য্যকরী এবং স্পষ্টিশীল বীর্য্যে যখন তপঃশক্তি কেন্দ্রীভূত এবং অভিনিবিষ্ট হয়, তথন বিশুস্টি হয় অর্থাৎ চিন্ময় প্রুঘের তপ:শক্তি\* যেন নিজের উপরে বসিয়া তা দিয়া বা তাপ শারা, তাহার অন্তর্নিহিত সব কিছুর অথবা আমাদের মননের আরও উপযোগী ভাষায় বলিলে চিৎসন্তার সকল সত্য ও সম্ভাবনার মধ্য হইতে বিশ্বের বীজ ও পরিণতিকে ফুটাইয়া তোলে, ইহাই বিশ্বসৃষ্টি। আমাদের প্রাকৃত চেতনাকে পরীক্ষা বা বিশ্রেষণ কবিলেও দেখিতে পাই কোন বিষয়ের প্রতি চেতনার এই তপোবীর্য্য প্রয়োগেব শক্তি দর্বোপেক্ষা প্রভাবশালী এবং কাৰ্য্যকরী বা ইহা তাহার ক্রিয়াশীল শক্তিসকলেব মধ্যে প্রধান ; এই শক্তির দ্বারাই সে সকল জ্ঞানলাভ, সকল ক্রিয়া সাধন, সকল স্বষ্টি করে। কিন্তু আমাদের প্রাকত জগতে অন্তরস্থিত এই তপোবীর্য) দুইটি বিদয়ের উপন ক্রিয়া করিতে পারে : একটি সামবা বা আমাদের অন্তর্জগৎ অপরটি অপর বা আমরা চাড়া যাহা কিছ. সকল প্রাণী বা বস্তু বা আমাদেব চারিদিকে স্থিত বহির্জগৎ। অন্তর ও বাহিবেব এই প্রভেদ এবং তাহাব ফলে তাহাব কার্য্যকরী এবং ক্রিযাশীল পবিণামে যাহা ষটে তাহা স্বেমন আমাদের বেলায় খাটে, তেমনভাবে সচিচদানশেব বেলায় খাটেনা : কেননা বিশ্বের সবই যথন তিনি, সবই যথন তাঁহার মধ্যে আছে তথন আমাদের মন তাহার গীমিত প্রকৃতির জন্য যেরূপ ভেদ স্পষ্টি কবে সেনূপ ভেদ তাহার মধ্যে নাই। দ্বিতীয়তঃ আমাদের সত্তার সমগ্র শক্তির এক অংশমাত্র আমাদের স্বেচ্ছাকৃত কর্ম্মের এবং মনোময ও অন্যপ্রকার ক্রিয়াতে প্রযুক্ত ইচ্ছা-শক্তির সঙ্গে একীভূত হয়, আমাদের বহিশ্চর মনশ্চেতনা আমাদের সন্তার

<sup>\*</sup> তপঃ শব্দের মূল অর্থ তেজ; তাহার পর এ শব্দে শব্দির যে কোন পেলা, তপজা, সচেতন শব্দির আত্মগত বা বিষয়গত অভিনিধে বুঝাইতে থাকে। প্রাচানেরা রূপঞ্চের ভাষার বলিয়াছেন সন্মান্তিতে জগৎ প্রথমে ডিছাকারে স্টে হইয়াছিল, আবার চিন্মর তপঃশক্তি সেই ডিছের উপং ভা বা তাপ দেওরাতে সেই তাপে সে ডিছ ভাঙ্গিরা গেল এবং পুরুষ বা প্রকৃতিস্থ আছা (soul in nature) প্রথম ডিম্ম হইতে বাহির হর তেমনি হাবে আসিয়া বাহিরে প্রকাশিত হইলেন;

# मिया कीवन वार्छ।

বাকী অংশের কোন স্বেচ্ছাকৃত কর্ম দেখিতে পায় না, অথবা তাহার ক্রিয়া থাকে অবচেতন বা অতিচেতন তাবে; এই ভেদ হইতেও ব্যবহারিক জীবনে অনেক-গুলি গুরুতর ফল দেখা দেয়। কিন্তু সচিচদানন্দে এই ভেদ এবং তাহার ফল প্রযুক্ত হইতে পাবে না, কেননা সমস্তই তাহার অথও আন্তম্বরূপ, তাহার সকল ক্রিয়া ও প্রযন্থ এবং তাহার ফল তাহার অথও সত্য সংকলেপর স্পদ্দন ও গতি; তাহাবই চিংশক্তিব সক্রিয় অভিব্যক্তি। সচিচদানন্দেব বেলায়ও আমাদের মত তপঃশক্তিই চেতনার ক্রিযার পুকৃতি, বা তপঃশক্তিব দ্বারাই ক্রিয়ার সকুবণ হয়, কিন্তু সচিচদানন্দে এ শক্তি পূর্ণ তাহা অথও সত্তার মধ্যে অথও চেতনার পূর্ণ তপঃশক্তি।

এইখানে একটা প্রশ্ন উঠিতে পারে, পরম সংস্করপ এবং নহাপুকৃতিতে নিজ্মিয়ত। এবং সক্রিয়তা, অক্ষর ও ক্ষর স্থিতি এই উভয় বিভাব সাছে; যে বিভাবে শক্তির কোন খেলা নাই, যাহ। অচলস্থিতি গোধানে এই তপঃশক্তি এবং তাহার অভিনিবেশের স্থান কি কার্য্য কি 
থু সাধানণতঃ আমনা আমাদের সচেতন পুরুত্ব করিবা দেখি। যাহা আমাদের সচেতন তপঃশক্তিকে আমাদের সক্রিয় চেতনার ব্লিছের হায় আছে তাহা আমাদের ক্রিয়ার দেখি। যাহা আমাদের মধ্যে নিজ্মিয় হাইয়া আছে তাহা আমাদের ক্রিয়ার জনক নহে অথবা তাহা ইচছাবিরহিত (involuntary) বা গান্ত্রিক ক্রিয়ার পুরুত্তক, তাই তাহাকে আমরা আমাদের ইচছা বা চেতনশক্তির সহিত যক্ত ভাবি না, তাাপি যধন তাহার মধ্যে ক্রিয়ার সম্ভাবনা অথবা স্বতঃফুর্ত্ত ক্রিয়ার সন্ধুরণ দেখা যায় তখন তাহার মধ্যে অন্তরঃপক্ষে একটা স্বয়ংক্রিয় অথবা যাহা নিজ্রিয় ভাবেও সাড়া দিতে পারে এমন এক সচেতন শক্তি আছে; অথবা তাহার মধ্যেও গোপনে হয় ভানমূলক (positive) না হয় অভাবমূলক এবং বিক্রম্বার্থী (negative and reverse) তপঃশক্তি আছে। হয়ত আমাদের সভাব মধ্যে এক বৃহত্তর সচেতন শক্তি বা ইচছা আছে যাহা আমাদের কাছে গোপন রহিয়াছে তাহাই

ইংবাজী এন্তে penance শব্দ দিয়া তপতা কথাটার যে অমুবাদ হয় তাহা সম্পূর্ণ অ্যাথ্যক, ভারতীয় ভপত্থীগণের তপত্যায় penance বা প্রাথশিকত্তমূলক কুচছু সাধনার স্থান ছিলনা। এমন কি কঠোরতম এবং আত্মনিএহমূলক তপত্যার মূলগাই ভাবের মধ্যেও শরীরকে পীড়ন করা উদ্দেশ্য ছিলনা; সেধানে লক্ষা ছিল তপত্যা হারা দৈহিক প্রকৃতির হাত হইতে চেতনাকে মৃক্ত করা অথবা আধ্যাগ্মিক বা লোকিক কোন সিদ্ধি লাভের জন্ম চেতনা এবং সংক্ষের মধ্যে অলোকিক শক্তি সঞ্চার করা।

### অবিছার উৎপত্তিস্থান

হয়ত এই ইচ্ছাবিরহিত (involuntary) কর্ম্মেব পশ্চাতে অবস্থিত ; তাহাকে যদি ইচ্ছা নাও বলি তবু তাহাকে একপ্রকার শক্তি বলিতেই হইবে, যে শক্তি নিজেই ক্রিয়ার প্রযোজক, অথবা বিশ্বশক্তির সংস্পর্দে আভাসে বা অভিযাতে যাহা সাড়া দেয়। আমরা ইহাও জানি যে প্রকৃতির যে সমস্ত বস্তু, নিশ্চল অসাড় এবং নিজ্ঞিয় মনে হয় তাহারাও গোপন এক শক্তিব অবিরাম গতি ও স্পন্দন **ছারা এইভাবে থাকিবার শক্তি লাভ করি**য়াছে, শক্তির সক্রিয়তা তাহাদেব আপাতনিক্রিয়তা বজায় বাখিযাছে। এখানেও শক্তির জন্য, শক্তির অভি-নিবিষ্ট ও কেন্দ্রীভত হইবার জন্য অর্থাৎ তপ:শক্তির জন্য এসমস্ত সম্ভব হইযাছে। আমরা দেখিতে পাই যে ব্যবহাবিক ক্ষেত্রেব এই গতি ও স্থিতিকে অতিক্রম করিয়া এমন এক ভূমিতে আমাদের পৌঁছাইবার শক্তি আছে যেখানে মনে হয আমাদের চেতনা এক পরম নিষ্ক্রিয়তা এবং অচলতাব মধ্যে প্রবেশ করিয়াছে. राशान प्रच ७ मानत मकन किया छन इटेया शियाहर । छोटा इटेस्न मरन হয় আমাদের চেতনাব এক সক্রিয রূপ আছে. যেখানে চেতনা শক্তিরূপে ক্রিয়া করে এবং নিজেব মধ্য হইতে জ্ঞান ও ক্রিয়া উৎক্ষিপ্ত করে এতএন তপঃই তাহার ধর্ম, চেতনান আব এক নিজ্জিয রূপ আছে যেখানে চেতনা শক্তিরূপে প্রকাশ হয় না, কেবল এক নিশ্চল স্থিতিতে অবস্থিত থাকে অতএব তপঃ না সক্রিয় শক্তিব অভাবই সেখানকাব ধর্ম মনে হয়। এই যে তপঃশক্তিব আপাত অভাববোধ ইহা কি সত্যকার অভাবেবই জন্য থপবং সচিচদানন্দেব মধ্যে এরপ কার্য্যর্করী কোন ভেদ কি আছে ? কেছ কেছ বলেন যে, আছে ; প্রশান্ত বা নিজ্জিয় এবং স্ষ্টিশীল বা সক্রিয় এই দুই ভাবেব কথা ভারতীয় দর্শনের একটা প্রধান এবং কার্য)করী সিদ্ধান্ত, তাহা ছাড়া অধ্যাম্ব-অনুভৃতিবও ইহা একটা তথা।

এখানে একটা কথা বলি, প্রথমতঃ আমাদের মধ্যের এই নিজ্রিয় ভাবের সাধনার দ্বারা আমনা বিশিষ্ট এবং খণ্ড জ্ঞান পাব হইয়া এক মবিধায়ক বৃহত্তর এক অখণ্ড জ্ঞানে পোঁছিতে পারি; দ্বিতীয়তঃ সেই নিশ্চল স্থিতিতে অবস্থিত থাকিয়া যদি উপরের দিকে নিজেকে সম্পূর্ণরূপে খুলিয়া ধনিতে পারি তাহা হইলে সচেতন হই যে এক শক্তি আমাদেব উপর ক্রিয়া ক্রিতিছে, যাহাকে সীমিত অহংএর নিজ্ঞসম্পদ বলিতে পাবি না, তাহা বিশ্বাদ্বিকা এবং বিশ্বাতীতা; আরও অনুভব করি যে তাহা আমাদেব মধ্যে বৃহত্তব এক জ্ঞান, বৃহত্তর বীর্ষ্য, কর্ম্ম এবং সিদ্ধির প্লাবন আনিবার জন্যই আমাদের মধ্য দিয়া কর্ম্ম করে; বুঝিতে

#### দিব্য জীবন বার্তা

পারি যে সে শক্তি আমাদের নহে, আমাদিগকে ক্ষেত্র এবং প্রণালীরূপে ব্যবহার করিয়া সচিচদানন্দেব শক্তিই নামিয়াছে। এই উভয় ক্ষেত্রেই এ ফল পাওয়া যায় কেননা আমাদের ব্যষ্টিচেতনা তাহার অবিদ্যাচছনু সীমিত ক্রিয়া হইতে বিরত হয় এবং পরাস্থিতি এবং পরমাক্রিয়ার দিকে নিজেকে খুলিয়া ধরে। **দিতীয় পদায় অর্থাৎ পরাগতির দিকে নিজেকে অধিকতররূপে খুলিতে পারিলে** যে শক্তির অবতরণ হয় যে জ্ঞান ও ক্রিযার খেলা দেখা যায় তাহাকৈ তপোবীর্য্য বলি, প্রথমোক্ত পদ্বায় অর্থাৎ নিশ্চল স্থিতির দিকে নিজেকে উন্মিষিত করিতে পারিলেও স্পষ্টতই দেখিতে পাই যে জ্ঞানময়ী এক শক্তি আছে এবং আমরা জ্ঞানে অভিনিবিষ্ট হই অথবা সম্ভতঃপক্ষে চেতনা নিক্সিয়তা এবং আশ্বোপ-লিক্কিতে সমাহিত হয় এবং ইহাও তপ্য। স্বতনাং বোধ হইতেছে যে তপ্স মণবা চিংশক্তির অভিনিবেশ বা কেন্দ্রীকরণ বন্ধেব নিষ্ক্রিয় এবং সক্রিয় এ উভয়-বিধ চেতনারই ধর্ম এবং আমাদেব নিজ্ঞিয়তার প্রকৃতিব মধ্যেও অদৃশ্য আধার-শক্তি ও সাধনযন্ত্ররূপে তপঃশক্তিব এক অবিষ্ঠান আছে। চিংশক্তির এই অভিনিবেশ যতক্ষণ বৰ্ত্তমান খাকে ততক্ষণ সকল স্বাষ্ট্ট সকল ক্ৰিয়া সকল গতিকে তাহা ধাবণ কবিযা নাথে। আবান চিৎশক্তির এক অভিনিবেশই (বা তপঃ শক্তিই) সকল স্থিতির এমন কি একেবারে নিশ্চল নিজিয়তা, অন্তহীন স্তব্ধতা এবং শাশুত নৈ:শব্দ্যেরও অন্তবে সর্বেত্র অনস্যুত পাকিয়া তাহা ধারণ করিয়া আছে।

কিন্ত তথাপি ইহ। বলা যাইতে পারে যে শেষ পর্যান্ত এ দুইটি বিভাব ভিনুবন্ধ, কেননা দুএর ফল বিভিনু এবং বিরোধী: কাবণ নিক্রিয় ব্রদ্ধে অভিনিবেশের ফলে আমাদের এই সত্তা লোপ পায় এবং সক্রিয় ব্রদ্ধে অভিনিবিষ্ট হইলে তাহার ধারাবাহিকতা রক্ষা পায়। কিন্তু এখানেও বলিতে পারি যে, ব্রদ্ধেব এক স্থিতি হইতে অন্য স্থিতির দিকে ব্যক্টি-আত্মার গমনের ফলেই এই পার্চ্যক্রের বোধ দেখা দেয়; বিশ্বেব মধ্যে বুদ্ধচেতনার যে স্থিতিতে তপঃশক্তিকে অবলম্বন করিয়া চলে বিশ্বক্রিয়া, তথা হইতে ব্যক্টিচেতনাব পক্ষে যেগানে এই শক্তি দেখা দেয় বিশ্বক্রিয়াকে প্রভিরোধ কবিয়া রাগিবার বীর্যাক্রপে, বুদ্ধচেতনার সেই বিশ্বাতীত স্থিতিতে বা স্থিতির দিকে পৌঁছিবার সময়ই এ পার্থক্য ফুটিয়া উঠে। তাহা ছাড়া তপোবীর্য্যের শ্বারা একদিকে যেনন বিশ্বক্রিয়াশক্তি নিয়ন্ত্রিত ও পরিচালিত হয় তেমনি আবার সমভাবে অন্যদিকে সেই তপোবীর্য্যের শ্বারা বিশ্বক্রিয়াশক্তি প্রত্যাহ্বত হয়। বুদ্ধের সক্রিয় ও নিক্রিয় চেতনা দুইটি পরস্পর

## মৰিছার উৎপত্তিস্থান

বিৰুদ্ধ বিষম বা পৃথক বস্তু নহে ; তাহারা একই চেতনা একই শক্তি, তাহার এক প্রান্তে আছে আত্ম-সংহরণের স্তরতা, অন্যপ্রান্তে রহিয়াছে আত্ম-উন্মীলন এবং আত্মবিস্তারের গতি ও পুবৃত্তি ; ইহা যেন স্তব্ধ জলাধার এবং তথা হইতে নানামুখে প্রবাহিত প্রণালীর চঞ্চলম্রোত। বস্তুত: প্রত্যেক ক্রিয়া বা গতির পশ্চাতে সন্তার এক নিষ্ক্রিয় শক্তি আছে এবং থাকিবেই, সে শক্তি হইতে এবং তাহার আশ্রুয়ে থাকিয়া সকল কর্মপুবাহ উৎসারিত হয়, এমন কি শেঘ পর্য্যন্ত আমরা দেখিতে পাই যে সেই শক্তি নিজেকে উৎসারিত প্রবাহের সহিত পূর্ণরূপে এক না করিয়াও পিছন হইতে প্রবাহকে নিয়ন্ত্রিত করে—অস্ততঃপক্ষৈ নিজের সত্তা পূর্ণরূপে বিসর্জন দিয়া নিজের সকলটাই প্রবাহের মধ্যে ঢালিযা দেয় না বা তাহাব সহিত পূর্ণরূপে একাকার হইয়া যায় না। নিজ্ঞিয় শক্তিব পক্ষে তেমনভাবে ক্রিয়াশীল শক্তিতে নি:শেষে এক হইয়া যাওয়া অসম্ভব ; কেননা যতই বহুৎ হউক না কেন কোন কৰ্ম্মই এমন হুইতে পাৰে না যাহাতে যাহা হুইতে তাহ। উদ্ভূত হইযাছে শক্তির সেই মূলভাণ্ডাব একেবারে নিঃশেষ হইয়। গিয়াছে এবং তাহাতে কিছুই আর অবশিষ্ট নাই। কর্ম্ম হইতে বিরত হইয়া আমরা যথন সচেত্রন সন্তার মধ্যে ফিবিয়া আসিয়া নিজের কর্ম্ম কিরূপ ঘটিল তাহা বিশ্লেষণ করিয়া দেখি তখন দেখিতে পাই যে কোন নিশেষ ক্রিয়া বা বিশেষ ক্রিয়াসমষ্টির পশ্চাতে আমাদের সমগ্রসত্তা বর্ত্তমান থাকে, সত্তান শক্তির সীমিত এক অংশ হয় ক্রিয়াশীল এবং সমগ্রতার বাকী অংশ খাকে নিজ্রিয় কিন্তু সে নিক্সিয়তা সামর্থ্যহীন জড়তা নহে, উহা আম্মাতে নক্ষিত শক্তির একটা ভাণ্ডার একটা স্থিতি। অনন্ত সত্তার বেলায় এই কথা আরও পূর্ণভাবে সত্য ; নিশ্চল নিঃশব্দ স্থিতি অথবা স্মষ্টিক্রিয়া উভয় অবস্থাই তাহার অনস্ত শক্তির খেলা।

সব কিছু ব্রানের যে নিজ্ঞিয়ত। হইতে উদ্ধৃত তাহা কি একান্ত নিজ্ঞিয়ত। অথবা দৃশ্যমান সক্রিয়তার পশ্চাতে তাহা হইতে নিজেকে বিরত রাখিয়া অবন্ধিত থাকাতে তাহাকে আপেন্দিকভাবে নিজ্ঞিয় বোধ হইতেছে এ পুশ্নের আলোচনা নিশ্পয়োজন; বর্ত্তমানে শুধু এইটুকু জানাই যথেষ্ট যে যদিও প্রাকৃত মনের পক্ষে সুবিধাজনক বলিয়াই আমরা ভেদদর্শন করি কিন্তু নিজ্রিয় ব্রদ্ধ এবং সক্রিয় ব্রদ্ধ দুই নয়, ব্রদ্ধ একই, একই সদ্বস্ত তপঃশক্তিবলে আত্মসংহত হইলে তখন আমরা নিজ্ঞিয় আবার তপঃশক্তিবলে ক্রিযার মধ্যে আত্মপ্রকাশ করিলে তখন সক্রিয় বলি। বিস্টের জন্য ইহা যেন একই সত্তার দুই সেরু (pole) অথবা একই শক্তির দিধাপুকাশ; একটা ক্রিয়াধারা নিজ্ঞিয় স্তরতা হইতে

#### षिया जीवन वार्ता

বাহির হইয়া একটা কুণ্ডলাবর্ত্ত (circuit) রচনা করিয়া **আবার স্তর্জ**তায ফিরিয়া আসে—অনুমান কবা নাইতে পাবে এইভাবে যে শক্তি স্ফুরিত হইযাছিল তাহা আবার এক নৃতন কুওলী রচনায় পুরুত হইবে। বুদ্ধ যখন তাহার তপঃশক্তি সহযোগে আপনার সত্তাতে আপনি অভিনিবিষ্ট, তাহার শক্তি যখন আত্মসাহিত হইয়া নিশ্চল স্থিতিতে অবস্থিত তখন তাহার নিচ্ছিয়তার প্রকাশ হয়, আবান ব্রদ্ধেব সক্রিয়তায় তপঃশক্তিরই প্রভাবে ভাহার মধ্যে নিশ্চন অবস্থায যাহা বিধৃত ছিল তাহা গতির প্রবাহে লক্ষকোটি তরঙ্গেব উচ্ছােসে উদ্বেলিত হইয়া উঠে; তখনও তপঃশক্তি গাকে প্রতি তবঙ্গগতির মধ্যে এবং সেই শক্তিবশেই স্বার স্ফোপন স্তা এবং স্ভাবনংস্কল মুজিলাভ কবিয়। প্রকাশের ক্ষেত্রে আগিয়া উপস্থিত হয়। এখানেও শক্তিব অভিনিবেশ বা কেন্দ্রীকবণ আছে কিন্তু তাহা বহুমধী যদিও আমবা তাহাকে ছডাইয়া পড়া বলিযা মনে করি; কিন্তু প্রকৃত পক্ষে তাহা ছডাইয়। পড়া নহে, বিস্তান লাভ কবা। বুদ্র তাঁহাৰ বহিঃস্থিত কোন শ্নাতাৰ মধ্যে হানাইয়া গাওয়ার জন্য তাঁহার শক্তিব বিক্লেপ করেন না. শক্তি তাঁহাৰ আগ্ৰসভাৰ ভিত্ৰে থাকিষাই ক্রিয়া করে, অফুবন্ত রূপান্তর এবং পরিণায়ের মধ্যেও তাহা একই থাকে, হাস পার না বা সংক্ষিপ্ত হইযা পড়ে না। নিক্রিয় স্থিতি শক্তির বিপুল সংহরণ এবং সংৰক্ষণ, তপঃশক্তি সেখানে বছবিচিত্ৰ গতিব পুৰৰ্ত্তনা, বহু ৰূপ ও ঘটনা রূপে পবিবর্ত্তনের আশুর: শক্তিনতাও শক্তিন সংরক্ষণ কিন্ত তপংশক্তির অভিনিবেশ সেখানে গতি ও রূপান্তবে বা পবিণামে। যেমন জীবে তেমনি বুদ্রে এই দুই বিভাবই প্রস্পাবসাপেক, ইহাদের সহস্থিতি বিদ্যমান, তাহারা একই অগও সতাব ক্রিয়ার দুইটি মেক।

অতএব আমনা সত্যবস্থকে অচল সন্তাব শাশুত নিক্ষিয়তা অথবা সন্তার এক শাগুত গতি বা ক্রিয়া কিম্বা কালেন ক্ষেত্রে এই দুই বিভাবের পর্য্যায়ক্রমে আবর্ত্তন বলিতে পাবি না ; বস্তুতঃ এ দুইয়ের কোনটাই ব্রহ্মের একমাত্র অন্যানরপেক্ষ সত্য নহে, বিরোধ কেবল তথনই বাস্তব হয় ধখন আমনা বুদ্ধটৈতন্যেব ক্রিয়ান দিক হইতে শুধু দেখি। ব্রহ্মেন চিৎ-শক্তির বিশ্বক্রিয়ারূপে আম্ববিস্তার যখন অনুভব কবি তখন বলি যে ব্রহ্ম সক্রিয় গতিশাল ; যে অবস্থায় তাঁহার সেই চিৎশক্তি আপনার সমস্ত বিস্তাবককে সংহৃত করিয়া এবং ক্রিয়াবিরত হইয়া থাকে, সে অবস্থার অনুভূতি লাভ করিলে আমরা বলি ব্রহ্ম নিক্রিয় গতিশূন্য— এই তাবে একই ব্রহ্ম যুগপৎ সগুণ ও নিগ্র্পণ, ক্ষর ও অক্ষর ; ইহা না হইলে

### অবিছার উৎপত্তিস্থান

ঐ সব শব্দের কোন অর্থই হয় না. কেননা বস্তুতঃ একটি সক্রিয় অপরটি নিষ্ক্রিয় এ**রূপ দুইটি স্বতম্ব স**তাবস্তু নাই, সতাবস্তু এক এবং অখণ্ড। প্রবৃত্তিতে আ**দ্বা**র সক্রিয় পরিণতি এবং নিবৃত্তিতে তাহাব নিজিয় সংবৃতির দিকে দৃষ্টি করিয়া সাধারণত: মনে করা হয় যে ব্যষ্টি-আত্মা প্রবৃত্তির ক্ষেত্রে জাগিলে বা ক্রিয়ারত হইলে অবিদ্যাচ্ছ্যু হইয়া পড়ে তখন তাহার নিক্রিয় সন্তার কোন খবর সে রাখে না, এই নিজ্ঞিয় সত্তা তাহার খাঁটি সতাস্বরূপ আবার মনে করা হয় নিজ্ঞিয়তার মধ্যে যখন সে নিদ্রিত বা নিমগু হয় তখন সক্রিয়ভাব সম্বন্ধে তাহান কোন চেতন। পাকে না—এই সক্রিয় ভার তাহার স্বরূপ সত্য নহে, তাহা মিখ্যা বা সত্য বলিয়া প্রতীয়মান হয় মাত্র। আনাদের নিদ্রা এবং জাগরণেন মত পর্য্যায়ক্রমে ব্ৰুদ্ৰের সক্ৰিয় এবং নিক্ৰিয় ভাব অনুভৰ করি বলিয়াই একপ মনে হয় ; ভাগ্ৰত অবস্থায় যেমন আমাদেব নিদ্রিত অবস্থার চেত্রনা থাকে না তেমনি নিদ্রিত অবস্থায় জাগ্রত অবস্থার জ্ঞান লোপ পায। এরূপ ঘটে ভাহার কারণ এই যে আমাদের সতার একাংশ মাত্র নিদ্রিত বা জাগুত হয় এবং আমরা ভুল করিয়া সেই অংশকে আমাদের সমগ্র সত্তা মনে করি, আমাদের অন্তরের গভীরে গেলে এবং আমাদেরই এক বৃহত্তর সত্তার সন্ধান পাইলে আমরা দেখিতে পাই যে সে দত্তা যাহা কিছু ঘটে তাহার খবর রাখে, এমন কি আমাদের বহিশ্চর খণ্ডিত চেতনাৰ কাছে যাহা নিশ্চেতনার ভূমি সেখানেও যাহা ঘটে তাহাও তাহার দৃষ্টি এড়ায় না ; নিদ্রা কিম্বা জাগরণ সে চেতনাকে খণ্ডিত বা সীমাবদ্ধ কবিতে পারে না। স্যে ব্রহ্ম সর্বেজীবের অথণ্ড স্বরূপ সত্তা তাহার সঙ্গে আনাদেব সম্পর্কেও ঠিক তদনুরূপ। অবিদ্যার জন্য মনোম্য অথবা চিন্ম্য ভাবে অনুপ্রাণিত মনোম্য এক খণ্ডিত চেতনার সঙ্গে আমরা নিজেকে একীভূত করিয়া ফেলি, সেই খণ্ডিত চেত্রনা গতির মধ্যে অবস্থিত হইলে আম্বার অক্ষর স্থিতি সম্বন্ধে আমরা নিশ্চেতন হইয়া পড়ি, আবার আমাদের সেই অংশেই যখন আমর৷ গতির জ্ঞান হারাইয়া ফেলি তখন সঙ্গে সঙ্গে নিজ্ঞিযতার মধ্যে প্রবেশ করিয়া ক্রিয়ার মধ্যে অবস্থিত আদ্বাকেও হারাইয়া বসি। পরিপূর্ণ নিষ্ক্রিয়তায় আমাদের মন স্থপ্তিতে প্রবেশ করে অথবা সমাধিস্থ হয় অথবা চিন্ময় নৈঃশব্দ্যের মধ্যে যুক্তি পায়। কর্মেন প্রবাহের মধ্যে অবস্থিত খণ্ডিত সন্তার অবিদ্যা হইতে ইহা মুক্তি আনে বটে, কিন্তু সক্রিয় সতাস্বরূপের উপব একটা জ্যোতির্ম্বয় নিশ্চেতনার আবরণ দিয়া অথবা জ্যোতির্ম্মণ ভাবে তাহা হইতে বিবিক্ত হইয়া এ মৃক্তি অঞ্চিত হয়; তথন চিন্ময় মন সন্তার স্বরূপগত নিক্রিয় এবং নি:শবদ

**ર૭ ૭**૬૭

#### विवा जीवन वादी

শ্বিতিতে আদ্বসমাহিত হইয়া থাকে এবং হয় চেতনাকে সক্রিয় করিবার শব্ধি থাকে না, না হয় কর্ম্বের প্রতি বিরাগ জন্ম; নিত্য সত্য বস্তুতে পৌঁছিবার পথে নৈ:শব্দ্যের মধ্যে শ্বিতিরূপ এক মুক্তির মধ্য দিয়া আদ্বাকে চলিতে হয়। কিন্তু আমাদের খাঁটি অথও সত্তা যেখানে সম্যক্ সার্থকতা লাভ করিতে পারে এমন এক বৃহত্তর ভূমি আছে, সে ক্বেত্রে আদ্বার কাছে ব্রদ্রের ক্ষর বা সক্রিয় এবং অক্ষর বা নিজ্রিয় উভয় ভাবই যুগপৎ মুক্ত হয় এবং যিনি এ উভয়কে ধারণ করিয়া আছেন এবং যিনি গতি ও স্থিতির কোনটার হারাই সীমাবদ্ধ নহেন তাহার স্বরূপে প্রবিষ্ট হইয়া আমরা পর্ম পুরুষার্ধ লাভ করিতে পারি।

কারণ ব্রহ্ম পর্য্যায়ক্রমে নিজ্ঞিয়তা হইতে সক্রিয়তায় এবং সক্রিয়তা হইতে ক্রিয়াশক্তি রোধ করিয়া পনরায় নিজ্রিয়াতায় ফিরিয়া যান না। বস্তুর পক্ষে ইহা যদি সত্য হইত তাহা হইলে, যতক্ষণ জগৎ থাকিত ততক্ষণ নিজ্রিয় ব্রুদ্রের কোন অস্তিম্ব থাকিত না, সকলই শুধু ক্রিয়ারত থাকিত, আবাব আমাদের জগৎ লোপ পাইলে সক্রিয় ব্রহ্ম লোপ পাইতেন এবং নিচ্জিয় নৈ:শব্দ্য ছাড়া আর কিছু থাকিত না। কিন্তু তাহা ত ঘটিতেছে না, কেননা সমস্ত বিশুক্রিযায় তাহার অভিনিবিষ্ট বা কেন্দ্রীভূত গতিবৈচিত্র্যের মধ্যে এক শাশুত নৈ:শব্দ্য এবং আম্মসমাহিত প্রশাস্তি অনুপ্রবিষ্ট থাকিয়। এ সমস্ত গতি ও ক্রিয়া ধারণ করিয়া রহিয়াছে ইহা আমরা অনুভব করিতে পারি—যতক্ষণ ক্রিয়াধাব। বর্ত্তমান ততক্ষণ ইহা সম্ভব হইত না যদি সক্রিয়তার মধ্যে ধনীভূত নিজ্ঞিয়তা অনুসূতে থাকিয়া আশুয় স্বরূপে বর্ত্তমান না থাকিত । পূর্ণব্রদ্রেব নধ্যে সক্রিয়তা এবং নিজ্ঞিয়তা যুগপৎ বর্ত্তমান আছে, আমরা নিদ্রার শেষে যেরূপ জাগ্রত হই অথবা জাগ্রত অবস্থার অন্তে যেমন নিদ্র। যাই, र क्रा সক্রিয়তা এবং নিচ্ছিয়তা এরপ পর্য্যায়ক্রমে প্রকাশ হয় না ; আমাদের সতার একাংশ মাত্র এরূপ বোধ কবে এবং আমরা সেই আংশিক ক্রিয়ার সঙ্গে নিজেকে একীভূত করিয়া মনে করি এক বিভাবের নিশ্চেতনা হইতে অন্য বিভাবের নিশ্চেতনায় পর্যায়ক্রনে যাইতেছি; আনাদের অখণ্ড খাঁটি সত্তা এই সমস্ত হল্বের অধীন নহে: নিক্সিয় সত্তাকে পাইতে হইলে তাহাকে তাহার সক্রিয় সত্তার জ্ঞানকে মুছিযা ফেলিতে হয়না। সঙ্কৃচিত এবং অবিদ্যাচছনু আংশিক সন্তার সামর্থ্যহীনতা হইতে যখন আমাদের আত্মা এবং প্রকৃতি এ উভয়ই পূর্ণ মুক্তি লাভ করে এবং আমরা পরিপূর্ণ জ্ঞানের সাক্ষাৎ পাই তখন আমরা যুগপৎ সক্রিয়তা ও নিক্রিয়তা অধিকার করিতে পারি, এই দুই সার্বেজনীন মেরুকে অতিক্রম করিয়া যাইতেও

#### অবিভার উৎপত্তিস্থান

পারি এবং প্রকৃতির সঙ্গে সম্বন্ধযুক্ত অথবা সম্বন্ধশূন্য আদ্বার এই দুই শক্তির কোনটার দ্বারাই বন্ধ বা সীমিত হইনা।

গীতায় বলা হইয়াছে পরমতন্ত বা পুরুষোত্তম ক্ষর পুরুষ বা সক্রিয় ব্রহ্মের অতীত এবং অক্ষর পুরুষ বা নিজিয় বুদ্র অপেকা উত্তম; এমন কি এই দুই বিভাব একত্রে স্থাপিত করিলেও তাহার পূর্ণ পরিচয় পাওয়। যায় না। ইহা ম্পষ্ট যে যখন আমরা বলি যে পূর্ণব্রদ্রের মধ্যে এ দুই বিভাব যগপৎ বর্ত্তমান আছে তথন তাহা এ অর্থে বলি না যে তিনি সক্রিয়তা এবং নিষ্ক্রিয়তার গোগফল মাত্র। তিনি এমন একটি অথও সংখ্যা নহেন যাহা এই দুইটি ভগাংশ দিয়া গঠিত অথবা তাঁহার সন্তার তিন চতুর্ধাংশ নিক্রিযতা এবং এক চতুর্ধাংশ সক্রিযতা। কেননা তাহা হইলে বলিতে হয় যে বুদ্ধ দুইটি নিশ্চেতনাৰ যোগফল, তাহার নিজ্ঞিয়তার তিন চতুর্ধাংশ শুধু সক্রিয় অংশেব প্রতি যে কেবল উদাসীন তাহা নহে, সে यश्में कि করিতেছে সে সম্বন্ধেও নিশ্চেতন বা সম্পূর্ণ অজ্ঞ ; তেমনি তাঁহাব সক্রিয় এক চতুর্থাংশ নিজিযতা সম্বন্ধে নিশ্চেতন বা সম্পূর্ণ অজ্ঞ এবং ক্রিয়া হইতে নিবৃত্ত না হইলে বা ক্ষর ভাব ত্যাগ ন। কবিলে সক্ষর ভাব লাভ করিতে পারে না। এমন ঝি এমনও কলপনা করা যাইতে পারে যে এ দুইএর সমষ্টিরূপী বুদ্র তাঁহার এ দুই ভগ্নাংশ হইতে সম্পর্ণ স্বতম্ব একটা-কিছু; তাঁহার সত্তার দুই ভগ্নাংশেই চলিতেছে রহস্যময়ী মায়াব খেলা, ক্ষর অংশের মধ্যে মায়া অদম্য উৎসাহ সহকারে ক্রিয়াশীল, অক্ষর অংশে দুচরূপে কর্ম্মবিরত ; তিনি নিজে বেন উপরে বা দূরে অবস্থিত এবং এ সমস্থ কিছু জানেন না বা কোন কিছুর জন্য তাঁহাব দায়িত্ব নাই। কিন্তু স্পষ্টই বুঝা যায় যে প্রমুগৎস্বরূপ বা প্রবুদ্ধ তাঁহার কর ও অক্ষর বা সক্রিয় ও নিচ্ছিয় এ উভয় বিভাবই জানেন. এবং জানেন যে তাহার। তাঁহার চরম ও পরম সত্তা নয়। স্বথচ তাহারা বিপরীত-ধন্মী হইলেও তাঁহার সার্বভৌম চেতনার দুইটি পরম্পরের অনুপরক বিভাব। ইহা কখনই সত্য হইতে পারে না যে তাঁহার অক্ষ্র নিত্যস্থিতিতে স্মাহিত হইয়া বৃদ্ধ তাঁহার নিজেরই শক্রিয়তার কিছুই জানেন না অথবা সে বিভাব হইতে ইহ। সম্পূর্ণ বিচিছ্নু ; তিনি স্বাধীন এবং স্বতন্ত্র, এ উভয়ই তাঁহার মধ্যে আছে তাঁহার প্রশান্ত শক্তি ছারাই উভযকে ধারণ করিয়া আছেন এবং তাঁহার শক্তির শাশুত স্থিতি হইতেই সমস্ত ক্রিয়াধানা নিজেই উৎপন্ ও উৎসারিত করিতেছেন। আবার সমভাবে একথাও কখনই সত্য হইতে পারে না যে ব্রদ্রা ক্ষর স্বভাবে স্থিত হইলে তাঁহার অকর সত্তাব জ্ঞান থাকে

#### विया कोवम वार्डा

না অথবা তাহা হইতে বিচিছ্নু হইনা পড়েন; নিত্য সর্ব্বগত ব্রহ্ম সমস্ত ক্রিয়ার আশ্র হইয়াও এবং ক্রিয়ার মধ্যে থাকিয়াও ক্রিয়া ও গতির অস্তঃস্থলে সদা নিজ্রিয়; শক্তির ভীঘণ গতি ও আবর্ত্তের মধ্যেও তাঁহার শান্তি ও স্তব্ধতা, স্বাত্ত্র্য ও আনন্দ চির-বর্ত্তমান, আবার নিজ্রিয় স্থিতিতে অথবা সক্রিয়তার মধ্যে উভয়ত্রই নিজের পরম সত্তার সম্যক্ জ্ঞানের কোন অভাবই কখনও তাহাতে হইতে পারে না; আবার তিনি ইহাও জানেন যে এ উভয়ের মধ্য দিয়া যাহা কিছু তিনি প্রকাশ করেন তাহাব সকল বীর্য্য ও সার্থকতা তাঁহার পরাম্বিতির শক্তি হইতেই আসে। আমাদের অনুভূতিতে যে অন্যরূপ মনে হয় তাহার কারণ এই যে আমরা তাঁহাব এক বিভাবের সহিত একান্তভাবে এক হইয়া পড়ি এবং সেই ব্যতিরেকী একান্তভাবনার ফলে পূর্ণ সত্যবস্তুর কাছে নিজেকে খুলিয়া ধরিতে পারি না।

ইহা হইতে অনিবার্যারূপে প্রথমতঃ এক গুকতর সিদ্ধান্তে আমরা পৌঁছি — যে সিদ্ধান্ত অন্য দৃষ্টিভঙ্গী হইতে আমরা পূর্বেও প্রাপ্ত হইরাছি। সে সিদ্ধান্ত এই যে প্রবান্ধ বা অখণ্ড সচিচদানন্দ হইতে অনিদ্যান উৎপত্তি অথবা তথা হইতে তাহার তেদদশী বিভঙ্গনক্রিয়া আবম্ব হয নাই : যেমন দেহের মধ্যে যে বহিশ্চৰ খণ্ডচেতনা নিদ্ৰা এবং জাগৰণেৰ মধ্যে পৰ্য্যাযক্ৰমে আনাগোনা কবে তাহাব গঙ্গে আমরা নিজেকে এক কবিষা দেখি তদ্রপ অথও সতার ক্রিয়া-শীল ফুদ্র এক অংশের সহিত আমনা যগন নিজেকে এক করিয়া দেখি তগন অবিদ্যা প্রকাশ পায়, বস্তুতঃ সত্যবস্তুর বাকী সূব কিছুকে আমাদের পশ্চাতে বাখিনা যখন তাহাব একাংশে আমবা অভিনিবিট হইয়া তাহার সহিত একীভত হইয়া যাই তথন অবিদ্যাব উপাদান কারণ দেখা দেয়। অবিদ্যা যথন বুদ্রোব পরা পুক্তির বা তাহাব অখণ্ড সতার কোন উপাদান বা তথায় থাকিবার কোন উপযুক্ত শক্তি নয় তখন অবিদ্যা কোন মূল এবং আদি তত্ত্ব হইতে পারে না, অনাদি অবিদা। বলিয়া কিছু খাকিতে পাবে না। মায়া যদি শাশুত চেতনার অনাদি নিতা শক্তি হয় তবে তাহা স্বয়ং এবিদ্যা বা অবিদ্যার স্বজাতীয় কিছু হইতে পারে না. তাহা আমুঞান এবং সর্বেজ্ঞানের বিশ্বাম্বিকা এবং বিশ্বাতীতা কোন শক্তিই হইবে; অবিদ্যা আংশিক এবং আপেক্ষিক একটা গৌণশক্তি রূপে শুধু মায়াব মধ্যে দেখা দিতে পারে, তাহা পরে দেখা দিয়াছে। এখন প্রশু এই তাহা হইলে অবিদ্যা কি জীবেব বহুত্বের সহিত স্বাভাবিক বা সহজাত ভাবে সম্বন্ধ ? ব্রদ্রের নিজেকে বছরূপে দেখার সঙ্গে সঙ্গেই কি অবিদ্যার

## অবিতার উৎপত্তিশ্বান

উৎপত্তি হয় ? যাহা স্বরূপতঃ খণ্ড এবং চেতনায় অপর সকল হইতে বিভক্ত, অপর সকলকে যাহা জানিতে পানে না. তাহাদিগকে নিজ সন্তার বাহিরে অবস্থিত বোধ করিতে বাধা, বড় জোর দেহ দ্বারা অপর দেহেব, মন দ্বারা অপর মনের সঙ্গে যোগস্থাপন করিবার শক্তি মাত্র যাহার আছে, একত্ব জ্ঞান বা একত্ব-জ্ঞানলাভেব শক্তিও যাহার নাই এমন তাবেব ব্যাট্টজীবসমূহের সমষ্টিই কি বছত্ব ? কিন্তু আমরা দেখিয়াছি যে আমাদের চেতনার সর্ন্বাপেক্ষা বাহিরেব স্তবে আমাদের বাহ্য মন ও দেহে আমবা যাহা হইযাছি বলিয়া মনে কনি সেখানে, কেবল সেখানেই এরূপ বোধ হয ; যখন চেতনাব সূক্ষ্বতন গভীবতর এবং বৃহত্তর ক্রিয়ার মধ্যে পুবেশ কবি তখন দেখিতে পাই যে বিভেনের প্রাচীন ক্রমশঃ স্বচ্ছ হইয়া পাড়ে এবং অবশেষে সে প্রাচীন আন থাকে না, অবিদা। লোপ পায়।

আপাত ভেদেব বাহিবের চিহু দেহেব মধ্যে ফুটিয়া উদিয়াছে, দেহই তাহাব নিমুত্তম ভিত্তি, আবাৰ অবিদ্যা ও আন্ধঞ্জানশ্ন্যতাৰ মধ্যে ভূবিষা যাওয়ার প্ৰ, প্রকৃতি বাটি আত্মাকে আশ্রয় করিয়া একতে যাইতে, বিভক্ত চেতনার বহুধা বিশ্রিষ্ট খণ্ড রূপরাজির মধ্যে একত্বের নোধ জাগাইতে চায এবং দেহকেই এ পুচেষ্টাৰ আদিবিন্দু রূপে গ্রহণ করে। এক দেহ ৬ধু বাহা উপায় অবলম্বন কবিষা বহিবস্কৃতাৰ বিবাট ব্যবধানের মধ্য দিয়া অন্য দেতেৰ স্থিত যোগস্বাপন করিতে পারে: এক দেহেব নধ্যে অন্য দেহ কেবল তথ্যই কিছুটা অন্প্রবিষ্ট इटेंटें श्रीत नथन रा प्रचटक विनीर्भ कता द्या यथवा श्रेस्व इटेंटेंंट कान कांक বর্ত্তমান থাকে : দেহের সঙ্গে দেহের আত্যাধ্রিক মিলন কেবল তথনই হইতে পারে যখন একে অন্যাকে ভান্নিয়া ফেলে এবং ভক্ষণ কবে, গিনিয়া ফেলে এবং জীর্ণ করে, অখবা উভ্য দেহ লয় হইণা প্রস্পুর স্থিনি হয়, মন যখন দেহের সঙ্গে একীভূত হইযা খাকে তথন দেহেব গীমাব জন্য তাহার নিজেব कियात्र वााचा वर्ते, किन्न निजन्न करा मन यात्र मृक्तु, पृष्टे मन अतम्भतरक আহত বা বিভক্ত না কবিষা পরস্পরের মধ্যে অনপ্রবিষ্ট হইতে পাবে ; পব-স্পরকে ক্র্ না করিয়াও ভাব ও চিন্তাধানা বিনিময় করিতে পাবে এবং একভাবে পরস্পরের অন্তর্ভুক্ত হইতে পারে; তবু প্রত্যেক মনেব ুক্টা রূপ আছে যাহ। অন্য মন হইতে নিজেকে পৃথক রাখে এবং এই ভেদ ও স্বাতম্ভ্রেন উপর দাঁড়াইবার একটা পুবৃত্তি মনের মধ্যে বহিয়াছে। কিন্তু যখন আমর। আন্ধার চেতনাতে অনুপ্রবিষ্ট হইতে থাকি তথন একমবোধের বাধা ক্রমশঃ কমিতে খাকে

### দিৰা জীবন বাৰ্ডা

এবং অবশেষে পূণিরূপে অপসারিত হয়। নিজ চেতনার ভূমিতে অবস্থিত আছা অপর সকল আদ্বান সহিত একছে মিলিত হইতে তাহাদিগকে নিজের অন্তর্ভুক্ত করিতে এবং নিজে তাহাদের মধ্যে অনুপ্রবিষ্ট এবং অন্তর্ভুক্ত হইতে, তাহাদের সহিত একছবোধ অনুভব করিতে পারে; সকল বৈশিষ্ট্য যেখানে বিলুপ্ত হইয়া যায় অথবা যথায় এক হইতে আরকে চিনিবার কোন উপায় না থাকে যেমন নিদ্রায় অথবা দেহ-মন-প্রাণের সকল ব্যক্টিভাব সকল ভেদ যেখানে লোপ পায়, সেই সমাধিতে যে কেবল এইরূপ হইতে পারে তাহা নহে, যেখানে সব কিছুকে দেখা যায়, সকল ভেদ ও বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় অথচ সব কিছুকে অতিক্রম করিয়াও বর্ত্তমান থাকা সম্ভব হয় এমন এক পূর্ণ জাগ্রত অবস্থায়ও এ অনুভূতি হইতে পাবে।

মতএব সবিদ্যা এবং আম্বসংকোচকর ভেদজ্ঞান আম্বার বহুত্বের বা প্রদ্রের আম্ববিভাবনা-জাত বহুছের নিতা সহচব বা স্বভাবধর্ম হইতে পারে না. ব্রদ্র যেমন সক্রিয়তা ও নিক্রিয়তা এ উভয় ভাবেব অতীত তেমনি তিনি একঃ এবং বহুমকেও অতিক্রম করিয়। বর্ত্তমান : প্রদ্র আত্মস্বরূপে এক ও অন্বিতীয় তত্ব কিন্তু তাহা আমাদের দেহ ওমনের ভেদের মধ্যে অবস্থিত একত্বের মত ষাহাতে বহুরূপে প্রকাশের ক্ষমতা নাই আম্বৃশক্তির তেমন এক সীমানির্দ্ধারক একম্ব নহে ; ব্রদ্রেব একম্ব, যাহা শতকে বা বহুকে নিজের মধ্যে অন্তর্ভুক্ত করিতে পারে না স্বতরাং যাহা শত হইতে অলপ, গণিতের সংখ্যারূপী তেমন একম্ব নয়। শত ব্রদ্রের একথের সম্বর্ভুক্ত, শতের প্রত্যেকের মধ্যে স্থাবার একরূপী তিনি বর্ত্তমান। নিজে তিনি এক, বছর মধ্যে তিনি এক, এবং বছ তাহার মধ্যে এক হইর। আছে ; অর্থাৎ ব্রদ্ধ নিজের চিৎসত্তার একম্বে নিজেব বহু আত্মার সম্বন্ধে সচেতন, আবার নিজেবই বহু আম্বার চেতনাতে তিনিই সকল আম্বার একম্ব সম্বন্ধে সচেতন। প্রতি আম্বাতে অন্তরস্থ চিৎপুরুষ, প্রতি হাদয়েব প্রভুন্নপে তিনি নিজের একম সম্বন্ধে সচেতন। আবার তাহার জ্যোতিতে জ্যোতিমান হইয়া জীবাদা একদিকে তাহার অহম সন্তার সহিত অপর দিকে বছর সহিত একর সম্বন্ধে সচেতন হয়। যাহ। নিজেকে দেহ, বিভক্ত প্রাণ এব: বিভেদকারী মনের সহিত এক করিয়া দেখিতে অভ্যন্ত আমাদের সেই বহিশ্চন চেতন৷ অবিদ্যাচছণু, কিন্তু তাহাকেও আলোকিও এবং এইভাবে সচেত্রন করা যায়। স্বতরাং বহুত্বকে অবিদ্যার অপরিহার্য্য কারণ বলা याग्र ना।

## অবিভার উৎপত্তিস্থান

আমরা পুর্বেই দেখিয়াছি অবিদ্যা আসিয়া প্রভিয়াছে একটা প্রবর্ত্তী ন্তব্যে একটা পরবর্ত্তী গতিতে : যখন মন তাহার আধ্যান্মিক ও অতিমানস ভিত্তি হইতে চ্যুত ও পৃথক হইয়া পড়ে এবং তাহার শেষ **দী**মায় আসিয়া পাথিব জীবনে পরিণত হয়, যেখানে বছর মধ্যস্থিত ব্যষ্টিচেতনা নিজেকে বিভেদ-কারী মন এবং কেবল মাত্র যাহা বিভেদের নিরাপদ ভূমি সেই বাহ্যরূপের সঙ্গে নিজেকে এক করিয়া দেখে তখন পববর্ত্তী এই গতিধারা ধনিয়া অবিদ্যা আসিয়া উপস্থিত হয়, কিন্তু এই বাহ্যরূপ বা দেহ কি ৷ অন্তত: এখানে যেরূপ দেখিতেছি তাহাতে তাহা কেন্দ্রীভূত শক্তির একটা রূপায়ণ, গতিব মধ্যে চেতুন শক্তির একটা গ্রন্থি, ক্রিয়ার অবিরাম আবর্ত্ত সে গ্রন্থিকে বছার বাগিতেতে; কিন্তু যে লোকোত্তৰ তহু হইতেই তাহা জাত হউক না কেন এবং যে সভাকেই সে প্রকাশ করুক না কেন. প্রকাশের মধ্যে নিজেব কোন অংশেই সে নিত্য বা স্বায়ী নয়। ইহা সমগ্রভাবে নিত্য নয়, যে প্রমাণু দিয়া ইহা গঠিত তাহারাও এ তেদের মধ্যে চিবস্থাশী নয ; অবিবাম আবর্ত্তে কেন্দ্রীভত ক্রিয়ার মধ্যস্থিত শক্তির গ্রন্থি খুলিয়া গেলে এই সমস্ত প্রমাণুও চানিদিকে ছড়াইয়া পড়ে। এই গ্রন্থিই একমাত্র বস্তু যাহা তাহাদের আপাতস্থাবিত্ব বভাগ নাখে। শক্তিন গতিধারার মধ্যে তপঃশক্তি রূপেব উপন কেন্দ্রীভূত হয় এবং তাগান সত্ত। বজায় নাখে, সেই সত্তাই বিভাগেৰ স্থল অবলম্বন হইয়া দাঁড়ায। কিন্তু পর্ণেই দেখিয়াছি প্রকৃতির সর্বব্যাপারে বিষয়েব উপন শক্তিব গতিগানার মধ্যে তপ্তঃ-শক্তির একটা অভিনিবেশ আছে। স্থতরাং অবিদ্যাব মূলেও আছে তপু:শক্তিব একটা আত্মসমাহিত অভিনিবেশ, শক্তির একটা বিবিক্ত গতিব উপর সচেতন শক্তির একটা একাগ্র ভাবনা : আমাদের কাছে ভেদায়ক গতিব সঙ্গে এক হইয়া এবং তাহা হইতে জাত প্রতি রূপের সহিত আবাব পুণকভাবে ও এক হইয়া ইহাই যেন মনের আকান ধাবণ কবে। ইহা এইভাবে একটা ভেদের প্রাচীন গড়িয়া তোলে ফলে প্রতি রূপে অবস্থিত চেতনা একদিকে নিজের অথও আশ্বান জ্ঞান হাবায়, অন্যদিকে অপর দেহধাবী আত্মার এবং বিশ্বাগ্নাব জ্ঞান হইত্তেও বঞ্চিত হয়। এইখানেই আমাদিগকে, দেহধারী মনোময় সভায় যে আপাত-প্রতীয়মান অবিদ্যা এবং জড় প্রকৃতিতে আপাতগ্রতীয়মান যে বিরাট নিশ্চেতনা দেখা দিয়াছে তাহার মূল রহস্য অনুসন্ধান করিতে হইবে। আমাদিগের নিজেকেই জিজ্ঞাসা করিতে হইবে সর্বেগ্রাসী বিভেদকারী আম্ববিস্মরণকর এই অভিনিবেশের, এই তপ:সমাধির, এই অন্ধকারাচছনু বিশুরহস্যের প্রকৃতি কি?

## ত্ৰয়োদশ অধ্যায়

## তপস্ এবং অবিদ্যা

প্রবিশিত তথ্যসন্তি হইতে সভা এবং খত (বা সভ্যের বিধান) জ্ঞাত হইল, ভাষা হইতে রাত্রি এবং রাত্রি ২ইতে (সভার) প্রবহমাণ সমূল জাত হইল।

( 地間 20122012 )

তাগান বিশ্বাম্বভাবে ব্রদ্ধ স্বরূপতঃ এক এবং বহু, এই এক এবং বহু পবম্পরকে জানে এবং একে সন্যেৰ অন্তর্ভুক্ত বলিষা দেখে. মূলতঃ ব্রহ্ম একছ এবং বছছেব অতীত, উভ্যই তাঁহার সম্ভর্কু, উভ্যকে তিনি জানেন: স্বতরাং চিৎশক্তিব এক গৌণ প্রতিভাস রূপেই অবিদ্যার স্বাষ্ট হইতে পাবে। সত্তাব জ্ঞান ও ক্রিয়ার এক সংশে মাত্র কোনো প্রকাবে অভিনিবিষ্ট ও কেন্দ্রী-ভূত হয়, বাকি সবটা চেতনা হইতে বাদ দিয়া ফেলে, শুধু তখনই অবিদ্যা দেখ। দিতে পাবে। বহুকে বর্জন করিয়া শুধু একত্বেব উপন অভিনিবেশ **ছ্টতে পাবে** : অথবা একেন সর্বেগ্রাহী চেতনাকে নাদ দিয়া বছ তাহাদেব নিজ ক্রিয়াতে একান্থ নিবিষ্ট হইয়া পড়িতে পাবে, আবাব একম্বকে এবং বছাম্বের বাকী সবকে বাদ দিয়া শুধু ব্যাষ্ট্ৰসত্তা নিজ চেতনায় অভিনিবিষ্ট হইতে পারে. তথন তাহাৰ সাক্ষাং চেতনাৰ মধ্যে তাহার৷ শকে না, তাহাদিগকে পূথক मृद्धा विनया भएन इय । यथवा जावाब याद्या এই जिल्लब मुकल पिरक्ट कियानीन ঐকান্তিক সভিনিবেশেব তেমন কোন সাধাবণ বিধান থাকিতে পারে বা কোন এক বিন্দুতে আসিয়া পড়িতে পারে তখন ভেদ-ভাবের কোন গতিবৃত্তিতে সক্রিয় ভেদদশী চেতনাব এক একাগ্ৰ বা একান্ত ভাবনা দেখা দেয়; কিন্ত সে অভিনিবেশ খাঁটি আত্মাতে হয় না, সক্রিয় সন্তার শক্তিতে বা প্রকৃতিতে হয়।

আমবা অন্য সকল মত ত্যাগ কবিয়া এই মতকে গ্রহণ করিতেছি কারণ অন্য কোনো মত শুধু নিজের পায়ে দাঁড়াইতে পারে না, সকল তথ্যের সঙ্গে খাপ খায় না অথবা তাহাদের সামঞ্জস্য বিধান করিতে পারে না। অখণ্ড পূণবুদ্ধ তাহার পূর্ণতায় যখন প্রতিষ্ঠিত, তখন তাহা হইতে অবিদ্যা জাত হইতে

## ভপস্ এবং অবিছা

পারে না কারণ তাঁহার পূর্ণছের স্বরূপই হইল পূর্ণ পুজ্ঞা বা সর্ব চেতনা অম্বয় তত্ত্বের পূর্ণ চেতনা হইতে বহু বঞ্জিত হইতে পারে না, কেননা তাহা হইলে বছর অন্তিম্বই অসম্ভব হইয়া পড়ে; শুধু এইটুকু বলা যাইতে পারে বিশ্বলীলা হইতে সরিয়া দাঁড়াইযা বুদ্ধ আন্মচেতনাব কোন ভূমিতে অবস্থিত হইতে পারেন, যাহার ফলে ব্যষ্টিসন্তাব পক্ষে অনুরূপ গতিবৃত্তি দেখা দিতে পারে। আবার বহু তাহার অথও সমষ্টিভাবে অথবা তাহাব মধ্যস্থ প্রত্যেক ব্যাষ্ট্র আশ্লাতে বস্তুত: অম্বয় তত্ত্বকে বা অপর আত্মাকে যে জানে না ইহা হইতে পারে না : কারণ বহু বলিতে সর্নের মবাস্থিত সেই দিবা পুক্ষকেই বুঝায়, যিনি বাষ্ট্ ভাব গ্রহণ কবিয়াছেন বটে, তথাপি সে বাষ্টিসত্তা তাহাব চেতনায় একদিকে মুখণ্ড সুৰ্বোশ্বাৰ মধ্যে সুন্ধের সহিত এবং অন্যাদিকে অনাদি বিশুট্টাত সন্তাব সহিত এক। স্বতরাং অবিদা। আত্মার চৈতন্যেন, এমন কি ব্যাষ্ট্র-আত্মান্ত সভাব-ধর্ম নয়; সচেতন কার্য্যকরী ক্রিয়াণক্তি যথন কোন বিশেষের অভিনখী হইয়া ক্রিয়ার মধ্যে অভিনিবিট হয় এবং আশ্বাকে ৬ প্রকৃতিব পূর্ণ সত্যকে ভুলিযা যায় ত্রখনই অবিদ্যা দেখা দেয়। এখণ্ড সভায় অথবা সভাব অথণ্ড শক্তিতে এরূপ ক্রিয়া হইতে পারেন।, কেননা সে অধণ্ডতাব প্রকৃতিতে পূর্ব চেত্ৰা আছে খণ্ড চেত্ৰনা নাই, অতএৰ অবিদ্যা চেত্ৰনাৰ একটা বহিশ্চর এবং পণ্ডিত গতি বা বৃত্তি, তাহা চেতনার বহিশ্চৰ ও পণ্ডিত ক্রিয়া এবং শক্তিতে, তাহার রূপায়ণে একান্ত এক অভিনিবেশ , ফলে যাহা সেই রূপায়ণের অস্তভুত্ত নয অথবা হাত সেখানে প্রকাশ্যভাবে ক্রিযাশীল নয় তাহার সমস্ত ভলিয়া যাওয়াই ইহাৰ স্বভাৰ। প্ৰকৃতিকে বহিঃসভায যে খেলা খেলিতে হইৰে ভাহাতে একান্তভাবে নিবিষ্ট হইবার জন্য ইচ্ছাপূর্বেক সে আশ্বাকে এবং সর্ব্বকে ভুলিয়াতে তাহাদিগকে নিজের এক পাশে বা পিছনে রাখিয়া দিয়াছে ইহাই অবিদ্যা। সন্তার আনস্ভ্যে এবং তাহাব অনম্ভ চেতনাথ তপ্য বা চেতনাৰ অভিনিবেশ চিংশক্তিৰ এক স্বাভাবিক বীর্যান্নপে সর্ন্বদ। বর্ত্তমান আছে : ইহা শাণুত চেতনার নিজের মধ্যে নিজেতে বা নিজ বিঘয়ে আয়বিধৃত বা আয়-ঘনীত্ত এক অবস্থিতি বা অভিনিবেশ ; কিন্তু সে অভিনিবেশেব বস্থ বা বিষয় কোন না কোন ভাবে নিচ্ছে, নিজের সত্তা অথবা সে সত্তাৰ কোন প্রকাশ বা কোন গতি বৃত্তি। এ অভিনিবেশ স্বরূপগত বা স্বরূপনিষ্ঠ হইতে গারে: এমন কি ইহা হইতে পারে শুধু নিজ সভায় বা স্বরূপে পূর্ণভাবে বাস করা বা

পূর্ণরূপে অভিনিবিষ্ট হইয়া যাওয়া, জ্যোতির্দ্ধয় জ্ঞানে অথবা আন্ধভোলা আন্ধ-

## দিবা জীবন বাড়ী

নিমজ্জনে ডুবিয়া থাকা। অথবা আদ্বাভিনিবেশ হইতে পারে অথও সর্বর্গত অষয় সন্তায়, বা বহুছের সমগ্রতায় অথবা বহুছের কোন অংশে। অথবা নিজের সন্তা বা গতিব কোন একক্ষেত্রে ভেদদশী এক একমুখী দৃষ্টিতে একটিমাত্র কেন্দ্রে অথবা আদ্বসন্তাতে স্থিত একটিমাত্র রূপে অভিনিবেশ এবং একাগ্রভাবনা দেখা দিতে পারে। প্রথম স্বরূপগত অভিনিবেশে আমবা এক প্রান্তে অতিচেতন নেঃশব্দ্য এবং অপব প্রান্তে নিংশচতনার সাক্ষাৎ পাই; ছিতীয় অথও সর্বর্গত অভিনিবেশে বা অতিমানস সমাধিতে আমরা পৌঁছি সচিচদানক্লের পূর্ণ চেতনায়, তৃতীয়ে বহুধাবৃত্ত অভিনিবেশে পবিপূর্ণ এবং পূথতা সম্পাদনকর অধিমানসের (overmental) সংবর্তুল (global) চেতনা ও ক্রিয়া ধাবা প্রকাশ পায়; চতুর্থ ভেদদশী অভিনিবেশই অবিদ্যাব বিশিষ্ট প্রকৃতি। যিনি চরম এবং পনম সত্যবস্তু তিনি তাঁহার নিজ চেতনার এই সমস্ত অবস্থা এবং শক্তি এক সফ্রে নিজের অঞ্চণ্ড সন্তারূপে দেই আম্বদৃষ্টির হাবা দেখেন, যাহা সকলকে এক সঙ্গে দেখিতে পায় এবং যে দৃষ্টিতে সকল প্রকাশ তাঁহাব নিজেরই আম্বপ্রকাশ।

নিজেতে বাস করিষা অথবা নিজেকে বিষয়রূপে গ্রহণ করিয়া তাহাতে উপসংগ্রত হইয়া এইভাবে আন্ধ-সমাহিত হওয়া চিৎসভার স্বভাব-ধর্ম বলা ষাইতে পাবে। কাবণ চেতনার এক অন্তহীন প্রসাবণ অথবা বিকিরণ আছে বটে কিন্তু তাহ। নিজের মধ্যে আম্ববিধৃত প্রসারণ এবং নিজের মধ্যে আম্ব বিধত বিকিরণ। যদিও মনে হয় শক্তির বিক্ষেপ বা অপচয় ঘটিতেছে, কিন্ত যাহা বিক্লেপ মনে হয় প্রকৃতপক্ষে তাহা প্রসাবণ ও সমাবেশ : কেননা আত্ম-বিধত অভিনিবেশ ভিত্তি ও আশ্রুযরূপে পশ্চাতে অবস্থিত খাকে বলিয়াই কেবল বাহিরের ক্ষেত্রে এ বিকিরণ বা সমাবেশ সম্ভব হয়। কোন এক বিশেষ বিষয়ে বা বিষয়ীতে সন্তার এক বিশেষ অংশে কোন বিশেদ গতি বা ক্রিয়াতে ঐকাস্তিক অভিনিবেশ হইলে তাহাতে চিৎসত্তার জ্ঞানকে সম্বীকার কবং বা সে জ্ঞানের বাহিরে চলিয়া যাওয়া হয় না. এ অভিনিবেশ তাহার তপঃশক্তিরই এক ভাবের আত্মসংহরণ। কিন্তু সভিনিবেশ যখন হয় ব্যতিরেকী (exclusive) অর্ধাৎ যখন তাহা হয শুধু একাঙ্গের উপব, তখন ঐকান্তিক সেই অভিনিবেশের প•চাতে বাকী সৰ আম্বজ্ঞান রক্ষিত হয়। সর্বদা এই বাকী সব জান। থাকিতে পারে এবং জান। থাকা সত্ত্বেও যেন জানা নাই এমনভাবে ক্রিয়া চলিতে পারে : তাহা অবিদ্যার অবস্থা বা ক্রিয়া নয় : কিন্তু যখন ঐকান্তিক অভিনিবেশ দারা চেতনা বর্জনের একটা দেওয়াল গডিয়া তোলে এবং গতিবৃত্তির মধ্যস্থ একটিমাত্র ক্ষেত্রে.

## উপস এবং অবিষ্ঠা

বিভাগে বা আধারে নিজেকে আবদ্ধ করিয়া কেবল তাহারই চেতনা নিজের মধ্যে জাগাইয়। রাখে, অপর সকলকে আদ্মস্তার বহির্ভূত মনে করে তথন আদ্ম-সন্ধোচক জ্ঞানের ক্রিয়া আরম্ভ হয যাহা ভেদজ্ঞানে পরিণত হয় এবং চরমে ক্রিয়াশীল ও কার্য্যকরী বাস্তব (positive) অবিদ্যা হইয়া দাঁড়ায়।

ইহার স্বরূপ এবং ব্যবহারিক তাৎপর্যোর কিছু আভাস আমরা পাইতে পারি যদি মনোময় মানুষের মধ্যে ব। আমাদের নিজ চৈতনো ঐকান্তিক অভি-নিবেশের প্রকৃতি কি তাহা লক্ষ্য করিয়া দেখি। প্রথমত: আমবা দেখিতে পাই যে মানুষ বলিতে আমরা সাধারণতঃ তাহাব অন্তবান্ধা বুঝি না, অতীত বর্ত্তমান এবং ভবিদ্যাতের খাতের মধ্য দিয়া চেতনা এবং শক্তির যে একটা আপাত পুৰাহ নিয়ত বহিয়া চলিতেচে তাহার সমষ্টি বা সমগুতাকে আমরা মানুষ নামে অভিহিত করি। মনে হয় ইহাই মানুষের সকল কর্ম্ম সকল ভাবন। বা চিন্তা করে সকল ভাবাবেগ অনুভব কবে। বস্তুত:পক্ষে এ শক্তি কালের ক্ষেত্রে অন্তর এবং বাহিরের কর্ম্মধারার উপর চিৎশক্তির অভিনিবেশের একটা গতি বা প্রবাহ। কিন্তু আমরা জানি এই শক্তি-প্রবাহেন পিছনে চেতনার এক সমগ্র সমুদ্র আছে ; সে সমুদ্র এ প্রবাহকে জানে কিন্তু প্রবাহ সমুদ্রকে জানে না, কেননা বহি\*চর-শক্তিব এই সমষ্টি বাকি যে সব শক্তি অদুশ্য বহিষাছে তাহাবই অংশ, তাহা হইতে জাত বা শংগৃহীত। সেই সমুদ্র হইল অধিচেতন আশ্বা, অতিচেত্ৰন, অবচেত্ৰন, অন্তংশ্চত্ৰন এবং পৰিচেত্ৰন ( বা পৰিবেটনকাৰী ) সত্তা : অন্তর্মকা বা চৈত্যসত্তা চেতনার এই সকল রূপ একত্রে ধারণ কবিয়া আছে। আর বহিশ্চর প্রাকৃত মানুষ্টা হইল এই প্রবাহ, ইহান মধ্যে সন্তার চেতনার সক্রিয় শক্তি বাহিরের ক্ষেত্রে কতকগুলি বাহ্য ক্রিয়াতে ঘনীভূত এবং অভিনিবিষ্ট হইয়া আছে : বাকি সবটা সে পিছনে রাখিয়া দিয়াছে : তাহার সচেতন সন্তার পশ্চাতে অবস্থিত এই যে অংশ যাহ। তাহাব কাছে এখনও রূপায়িত হইয়া উঠে নাই, সন্তাব বহির্ভাগে অবস্থিত অভিনিবিষ্ট প্রাকৃত মানুষ তাহার অস্পষ্ট আভাস পাইলেও এখনও সচেতনভাবে তাহাকে জানে না। ঠিক যে ইহা নিজেকে জানে না তাহা নয়.—অন্তত পশ্চাতে বা গভীরে, আমরা অজ্ঞানত। বলিতে যাহ। বুঝি তাহ। নাই ; কিন্তু নিজের বর্ণ র্মুখী গতিব জন্য কেবল সেই গতির মধ্যে বাহিরের ক্ষেত্রে সে যাহা কবিতেছে তাহাতে শুধু ভ্ৰিয়া গিয়া ব। ঐকান্তিকভাবে অভিনিবিষ্ট হইয়া তাহার বৃহত্তর আন্ধা ভাহার খাঁটি স্বরূপকে সে ভূলিয়া বসিয়াছে। তথাপি প্রকৃতপকে ঐ গোপন সমুদ্রই

### দিবা জীবন বার্ডা

সকল কার্য্য করিতেছে—বাহিরের এ প্রবাহ নয়; এই গতির উৎপত্তিয়ান ঐ সমুদ্র, বহিশ্চেতনা রূপ যে তরঙ্গ ঐ সমুদ্র উৎক্ষিপ্ত কলিয়াছে তাহা নহে, এই গতিতে অভিনিবিষ্ট তরঙ্গন্থিত যে চেতনা, অভিনিবেশের মধ্যেই যাহার বাস এবং ইহা ছাড়া অন্য কিছু যে দেখিতে পায় না সে এ বিষয়ে যাহাই ভাবুক না কেন। সে সমুদ্র, খাঁটি আত্মা, সমগ্র চেতনগত্তা, সন্তার সমগ্র শক্তি অজ্ঞ নয়; এমন কি তরঙ্গকেও স্বরূপতঃ অজ্ঞান বলা যায় না, কেননা তাহাব মধ্যেও যে চেতনাব কথা সে ভুলিয়া বহিয়াছে তাহা রহিয়াছে, সে চেতনা না থাকিলে তাহাব ক্রিয়া কিয়া অন্তিরই থাকিত না; কিন্তু সে এখন আত্মবিস্ফৃত, নিজের ক্রিয়ার মধ্যে অভিনিবিষ্ট, এমনভাবে অভিনিবিষ্ট যে যতক্ষণ তাহাব আবেশে সে আত্মহানা ততক্ষণ পর্যান্ত অন্য কিছু দেখিবার অবসব তাহাব নাই। যতএব এই ঐকান্তিক অভিনিবেশ আত্মস্বভাবে এমন এক স্বরূপগত অবিদ্যা নয় যাহাব হাত এভান অসম্ভব, ইহা ব্যবহারিক প্রের্মান্তনে উদ্ভূত একটা সীমিত বা সাময়িক আত্মবিস্মবণ মাত্র: তথাপি যাহা অবিদ্যারূপে ক্রিয়া হবে ইহাই তাহার মূল।

আমনা ইহাও দেখিতে পাই যে মানুষ যদিও পুক্ত পকে কালের ক্ষেত্রে সচেতন তপঃশক্তিৰ এক সধও প্ৰবাহ, সতীত ক্ৰিয়াশক্তিৰ সমষ্টি দ্বাবা প্ৰভাবিত হইয়া কেবল বর্ডমানে সে ক্রিয়া করিতে পারে, তাহাব অতীত এবং বর্ডমান দ্বাৰ। তাহাৰ ভৰিঘাৎকে গড়িয়া তোলে, তথাপি ৰৰ্ত্তমানে সভিনিবিট হইয়াই, সে ক্ষণ হইতে ক্ষণান্তরের মধ্যে বাস কবে এবং তাই তাহাব চেতনার এই বহি•চর ক্রিয়াতে ভবিষ্যৎ সম্বন্ধে সে অক্ত এবং অতীতেরও যে ক্র্দ্র অংশ সে স্মৃতিৰ সাহায্যে যে কোন সময় ফিরিয়া পাইতে পাৰে তাহা ছাড়া আব কিছু সে জানে না। অতীতেৰ মধ্যেও সে বাস কৰে না; অতীতেৰ যেটুকু সে ফিরাইয়া আনিতে পাবে তাহা ঠিক অতীত নয়; তাহার এক প্রেত মৃত্তি, যাহা তাহাব নিকট এখন বাঁচিয়া নাই—মৃত, অন্তি শূন্য—তাহারই শুধু একমনোময় ছায়া। কিন্তু এ সমস্তই বহিরক্ষ অবিদ্যার খেলা। আমাদের অন্তর্গু খাটি চেতনা তাহার অতীতকে ভোলে নাই তাহাকে ধারণ করিয়া রাখিণাছে, তাহার মধ্যে অতীত অবশ্য স্মৃতিতেই যে আছে তাহা বলা যায় না, তবে জীবস্ত হইয়া সত্তাতে ক্রিয়াশীল ও ফলোন্মুখ অবস্থায় আছে, এবং মধ্যে মধ্যে সমৃতিরূপে অথবা অধিকতর বাস্তবরূপে অতীত কর্ম বা অতীত কারণের ফল রূপে বহিশ্চর চেতনসত্তার নিকট ভাসিয়া উঠে—বস্তুত: কর্ম্মবাদেব ইহাই খাঁটি তত্ত্ব।

## ভপস্ এবং অবিছা

এ চেতনা ভবিষাৎ সম্বন্ধেও সচেতন আছে বা হইতে পারে. কেননা অন্তবসভার মধ্যে কোণাও জ্ঞানের এমন এক ক্ষেত্র আছে যাহার কাছে ভবিষাৎ উন্মুক্ত. যাহার মধ্যে রহিয়াছে অতীত এবং ভবিষাৎ এই দুই দিকে প্রসারিত কালবোধ. কালদৃষ্টি, কাল অনুভূতি; সেই অন্তরগুহায় এমন কিছু আছে যাহা ভূত, ভবিষাৎ এবং বর্ত্তমান এই তিন কালের মধ্যে অবিভক্ত হইয়াই বাস করে, কালের আপাতবিভাগ নিজের অন্তর্ভুক্ত করিয়া রাখে এবং ভবিষাৎকে প্রকাশ কবিবার জন্য প্রস্তুত করিয়াই নিজের মধ্যে ধরিয়া খাকে। তাহা হইলে এই যে তন্ময় হইয়া বর্ত্তমানের মধ্যেই বাস কবা, ইহাই হইল দ্বিতীয় ঐকান্তিক অভিনিবেশ যাহা জটিলতা আরও বাড়াইয়া তোলে এবং সন্তাকে আরও সীমিত কবে, কিন্তু সমগ্র অনন্ত কাল-প্রবাদেব সঙ্গে সমগ্রক্ত না করিয়া নিদ্দিষ্ট ক্ষণপ্রশাস্থার সহিত যুক্ত করে বলিয়া আপাত কর্ম্বের ধারা সহজ ও সবল হয়।

স্থুতরাং তাহার বহিশ্চর চেতনায ব্যবহারিক জীবনেব ক্ষেত্রে সক্রিণভাবে মানুষ শুধু একটা ক্ষণেৰ মানুষ : এক সময় যাহাৰ অন্তিম্ব ছিল এখন নাই সে সেই অতীতেব মানুষ নয় তেমনি আবার সে অনাগত ভবিষাতেব মানুষও ন্য, স্মৃতিই তাহাৰ বৰ্ত্তমানের সহিত অতীতের বোগসূত্র বজার রাশিয়াছে, ভবিষ্যতের সঙ্গে সম্বন্ধ হয় শুধু প্রত্যাশিত ঘটনাব কলপনা দিয়া , তিন কালের মধ্যে অবিচিছ্নুভাবে অহংবোধেব একটা দুত্র মাত্র আছে বটে ঝিন্ত তাহ। কেন্দ্রীভূত একটা মনগড়া বস্তু, অতীতে যাহা ছিল, বর্ত্তমানে যাহা আছে এবং ভবিষ্যতে যাব্র থাকিবে সে সমস্তকে নিজেব অন্তর্ভুক্ত করিয়া রাগিতে পারে তেমন কোন স্বৰূপ বা ব্যাপক সত্তা নহে। ইহাব পশ্চাতে আত্মাৰ একটা বোধিজাত বোধ আছে বটে, সে বোধ ভিত্তিরূপে স্থিত একম্ব হুইতে আগিয়াছে , বাষ্টি ব্যক্তির নানা পরিবর্ত্তন ও পরিণতির কোন প্রভাব তাহার উপব পড়ে না, কিন্তু বাহ্যরূপে প্রাকৃত মানুষ সে নিত্য সতা নয়, সে ৩ ধু বর্ত্তমানে নিজেকে মনে করে সেই ক্ষণিকেব মানুষ। অথচ তাহার এই ক্ষণিক জীবন তাহার সতাৰ খাটি এবং সমগ্ৰ সত্য কখনই নহে, বহিশ্চৰ প্ৰাণক্ৰিয়াৰ প্ৰযোজনে এবং তাহারই গণ্ডির মধ্যে ইহা শুধু একটা ব্যবহাবিক সত্য। অবশ্য ইহাও একটা সত্যবস্থ অবাস্তব নতে কিন্তু ইহা শুধু তাহাৰ ভাৰনাড়ে (positive) জংশে সত্য অথাৎ সমগ্র সতার যে অংশটুকু বাহিবে প্রকাশ হইঘাছে এ শুধু তাহারই সত্য বা জ্ঞান; যে অংশ অভাববাচক (negative) বা অপুকাশ রহিয়াছে তাহাব সম্বন্ধে সে অজ্ঞ, অপ্রকাশের দিকের এই অজ্ঞতা বাবহারিক

#### দিবা দীবন বার্তা

দিকের সত্যক্রেও সর্বদা সীমিত এবং অনেক সময়ে নিকৃত করে, তাই মানুষেব সচেতন জীবন অবিদ্যাবশে অর্ক্ষসত্য অর্ক্ষমিণ্যা আংশিকজ্ঞান হারাই পরিচালিত হয়, তাহার য়রপ সত্যের অনুশাসনে নহে, কেননা সে সত্যের জ্ঞান বিস্মৃতির অতলে ডুবিয়া আছে। তথাপি ইহা বলিতে হইবে যে তাহার খাঁটি আছাই তাহার সত্য নিয়ামক অন্তর্য্যামীরূপে বর্ত্তমান থাকিয়া সমস্ত গোপনে শ্রশাসন ও পরিচালন করিতেছে বলিয়া পশ্চাতে অবস্থিত এক জ্ঞানই জীবনের বাঁধাধরা প্রবাহকে প্রকৃতপক্ষে নিয়ন্তিত করিতেছে; বহিশ্চর অবিদ্যা প্রয়োজনানুরূপ একটা সীমানির্দেশ করে এবং তাহার বর্ত্তমান জীবন এবং বর্ত্তমান ক্ষণেব জন্য প্রয়োজনীয় নানা উপাদান সবনরাহ্য করে, এবং তাহা হাবা তাহাব চেতনা এবং ক্রিয়ার বাহ্য রূপের গতি ও ভঙ্গী নিরূপিত হয়। সেই একই কাবণে এবং একই ভাবে বর্ত্তমানজীবনে যে নামরূপ সে গ্রহণ করিয়াছে তাহাব সঙ্গে মানুষ নিজেকে এক কবিয়া দেখে, তাহাব জন্মের পূর্বের অতীত এবং মৃত্যুর পরবর্ত্তী ভবিঘাৎ জীবন সম্বন্ধে সে অজ্ঞ; অখচ সে যাহা ভুলিয়া যায় তাহার অন্তরম্বিত সমগ্র চেতনা তাহার সর্ব্বগ্রাহী ভাণ্ডারে তাহার সব কিছুকে তাহাদের কার্য্যকরী শক্তি সমেত সর্বাদা রক্ষা করে।

বহিশ্চর জীবনে ব্যবহারিক ক্ষেত্রে ঐকান্তিক অভিনিবেশের দারা একটা গোণ প্রয়োজন সাধিত হয়, তাহা সাময়িক হইলেও আমাদিগকে একটা ইন্ধিত দিতে পাবে। বহিশ্চর মানুদ্ব ক্ষণ হইতে ক্ষণান্তরে বাস করে; তাহার বর্ত্তনান জীবনেব রক্ষমঞ্চে সে যেন নানা ভূমিকায় অভিনয় করিয়া চলিতেছে, য়য়ন জীবনেব রক্ষমঞ্চে সে যেন নানা ভূমিকায় অভিনয় করিয়া চলিতেছে, য়য়ন অভিনয় করে তাহাতেই ঐকান্তিকভাবে অভিনিবিষ্ট এবং তন্ময় হইতে পারে, ফলে সে তাহার বাকি অংশকে সেই সময়ের জন্য নিজের বহিশেচতনার পশ্চাতে রাম্বিয়া সেই পরিমাণে আদ্ববিস্মৃত হইতে পারে। তাহার সন্তার বিশিষ্ট প্রকৃতি অনুয়ায়ী ক্রিয়ার জন্য তাহার তপোবীর্ষ্যের প্রভাবে, তাহার অতীত চেতন শক্তি এবং তাহা হইতে জাত কর্ম্মের বণে সে সাময়িকভাবে অভিনেতা, করি, সৈনিক বা অন্য কিছু রূপে যেন গঠিত বা পরিণত হইয়া পড়ে। সেই সময়ের জন্য নিজেব এই এক অংশে ঐকান্তিকভাবে অভিনিবিষ্ট হওয়ার দিকে যে ঝোঁক দিতে পারে কেবল তাহা নহে, কিন্তু সে যে পরিমাণে তাহার নিজের বাকী সবটা সরাইয়া রাম্বিয়া তাহার ক্রিয়মাণ কর্ম্মের মধ্যেই শুধু বাস করিতে পাবে অনেকটা সেই পরিমাণে পূর্ণতার সহিত সে তাহার কর্ম্মের সক্রতে লাভ করিতে সমর্ম্ব হয়। অথচ আমরা দেখিতে পাই যে এ সময়

## তপস্ এবং সবিভা

সমগ্র মানুষটাই ক্রিয়ারত হইয়াছে শুধ তাহার সেই বিশেষ অংশ নয় ; যাহা সে করে, যে ধরণে করে, কর্ম্মের মধ্যে যে সমস্ত উপাদান আনিয়া ফৈলে কর্ম্মের উপরে যে ভাবের ছাপ ফেলে তাহা তাহার সমগ্র প্রকৃতি, মন, সংগৃহীত সমাচার এবং প্রতিভার উপর যেমন নির্ভর করে তেননি নির্ভর করে তাহার সমগ্র অতীত তাহাকে যে রূপে গড়িয়া তুলিয়াছে তাহার পরে ; এই যে অতীতের কণা হইল তাহা শুধু তাহার বর্ত্তমান জীবনের অতীত নহে, তাহার মধ্যে পূর্বেজন্ম সমূহের অতীতও রহিয়াছে আবার তাহার নিব্সের অতীত ওপু নয় ইহার মধ্যে তাহার এবং তাহার পবিবেশরূপে যে জগৎ রহিয়াছে সে সমস্তের অতীত, বর্ত্ত-মান এবং নিয়তি-নিদ্দিষ্ট ভবিষ্যুৎও আছে,—ইহারা সকলেই তাহাব কর্ম্বের নিয়ন্তা । বর্ত্তমানে সে যে অভিনেতা কবি বা যোদ্ধাব ভূমিকায় অবতীর্ন হইয়াছে তাহ। তপঃশক্তির একটা বিবিক্ত ক্রিয়া ; ইহাতে তাহাব সন্তারই শক্তি, বিশিষ্ট ক্রিয়াব মধ্যে কেন্দ্রীভত হইয়া আত্মপ্রকাশ কবিতেছে, তপঃশক্তির এই বিবিক্ত ক্রিয়াব এমন সামর্থ্য আছে যাহাতে সাময়িকভাবে ভাহাব নিজেব বার্কা অংশ সম্বন্ধে আগ্নভোলা হইয়া একটি বিশিষ্ট ক্রিয়াতে তন্ময় হইয়া যাইতে পারে. যদিও এই যে অংশ ভূলিয়া আছে তাহাও সর্বদা চেতনাব পশ্চাতে এবং ঐ কল্মের মধ্যে গোপনে রহিষাছে এবং তথায় তাহ। ক্রিয়াশীলভাবে থাকিয়া আরন্ধ কর্ম্মের উপর প্রভাব বিস্তাব কবিতেছে এবং তাহাকে বিশিষ্ট আকাবে গড়িয়া ত্নিতেছে : এই সাম্প্য দ্ব্ৰন্তা বা দৈন্যের পরিচয় নয় বরং তাহা চেতনার একটা খব বড় শক্তি। তাহার কর্ম্মে এবং যে ভূমিকায় অভিনয় যে করিতেছে তাহাতে মানুষ এই যে সক্রিয়ভাবে আপনাকে ভুলিয়া বাইতে পারে ইহা, তাহার মধ্যে যে গভীৰতর মৌলিক আম্ববিস্মৃতি আছে তাহা হইতে অন্যবিধ, কেননা এ ক্ষেত্রে যে প্রাচীর খাড়া করিয়া আমাদের দত্তার এক অংশ বাকী অংশ হইতে পৃথক করা হয় তাহা তেমন দৃঢ় বা স্থায়ী নয় ; মন যে কোন সমনে তাহার অভিনিবেশ ত্যাগ কবিয়া বর্ত্তমান কর্মকে ছাড়িয়া এই কর্ম তাহাব বৃহত্তর স্তার যে চেতনার আংশিক ক্রিয়া সেই চেতনায ফিরিয়া যাইতে পারে। বহিশ্চর মান্য তাহার মধ্যস্থিত খাঁটি মানুষের কাছে তেমনভাবে ইচ্ছামত ফিরিয়া যাইতে পারে না , অনৈস্থিক বা অতিপ্রাকৃত উপায়ে, সচরাচব যাহা ষটে না মনের তেমন কোন বিশেষ অবস্থার কখন কখন যে কতকটা অন্তরের খাঁটি মানুষের ক্ষেত্রে পৌঁছিতে পাবে, কিন্তু আরও স্থায়ীভাবে এবং পূর্ণরূপে তথায় পৌঁছিতে গেলে ভাহাকে কঠোর এবং দীর্ঘকানব্যাপী আমু-সাধনায়

#### पिया क्रीयम वार्खा

রত থাকিতে এবং নিজেকে গভীরে ডুবাইতে তাহার আদ্বাকে উচচতর ক্ষেত্রে উনুীত করিতে এবং আদ্ববিস্তার সাধন করিতে হয়। তথাপি সে ক্ষেত্রে সে ফিরিয়া যাইতে পারে; অতএন দুইটি আদ্ব বিস্মৃতির মধ্যে কেবল প্রাতি-ভাসিক পার্থক্য দেখা যায়, মৌলিক পার্থক্য কিছু নাই। মূলতঃ উভয় ক্ষেত্রে ঐকান্তিক অভিনিবেশের ক্রিয়া একইভাবে হয়, উভয়ক্ষেত্রে নিজের কোন বিশেঘ বিভাব, ক্রিয়া, শক্তিপ্রকাশের মধ্যে তন্ময়তা দেখা দেয়, যদিও প্রত্যেক ক্ষেত্রের পরিবেশ এবং কর্ম্বধারা স্বতম্ব।

এই ঐকান্তিক অভিনিবেশ যে কেবল আমাদের বৃহত্তর আত্মভাবেন বিশেষ কোন প্রকৃতিতে বা কর্ম্মণান্নায় নিবন্ধ তাহা নহে পবস্তু যে বিশেষ ক্রিয়াতে আমৰা সে সময়ে রত পাঞ্চি তাহাতে পুৰ্বপে আম্মভোল। ও তন্মর হইয়। যাওয়াতে পর্যান্ত তাহা বিস্তৃত হইয়া পড়িতে পাবে। সভিনয়েব প্রবল প্রগাদতান সময়ে অভিনেতা, সে যে কেবল অভিনেতা তাহা তুলিয়া গিয়া রঙ্গমঞ্চে সে যে ভূমিকাম অবতীর্ণ হইমাছে তাহার সহিত এক হইম৷ যায় ; সে যে নিজেকে সত্য সত্যই রাম বা বাবণ মনে করে তাহ। নহে, কিন্তু ঐ নামে যে ভাবের চবিত্র এবং কর্ম্ম নির্দ্দেশ করে সাম্যিকভাবে তাহাব সহিত এক হয়, এমন পূর্ণরূপে এক হম যে. যে অভিনয় কবিতেছে সেই খাটি মানুষটির কথা আর তাহাব মনে থাকে না। তেমনি কবিও তাহাব কর্ম্মেব মধ্যে ভুলিয়া যায মে সে মানুঘ, সে কৰ্ত্তা : সে তখন প্ৰেবণা-প্ৰাপ্ত এক নৈৰ্ব্যক্তিক তপোবীৰ্য্য মাত্ৰ যাহ। ভাধায় ও ছন্দে প্রেরণ।লব্ধ ভাবকে রূপাণিত করিয়া তুলিতেছে, অন্য কিছুব স্থান তাহার মনে নাই। যুদ্ধেব সময সৈনিকও তেমনি আপনাকে ভুলিনা প্রচণ্ড আক্রমণ ও জিঘাংসার উন্মাদনায় পবিণত হয়। ঠিক তেমনি ভাবে প্রচণ্ড ক্রোধেন সময় চল্তি কথায় মানুষ নিজেকে ভুলিয়া যায় বলা হয়. আরও জোবালো ভাষায় সধিকতব সঙ্গতভাবে বলা যায় সে তখন ক্রোধ মাত্রে পৰ্য্যবসিত হয়। এই সমস্ত বাক্যে একটা খাঁটি সত্যই প্ৰকাশ পায় যদিও তাহা তথনও মানুষের সভাব সমগ্র গতা নম, তাহা ৬ বু ক্রিয়ার মধ্যে সচেতন শক্তিব একটা ব্যবহাবিক প্রকাশ বা তথা। সে তখন নিজেকে ভূলিয়া যায়, তাহার অন্য আবেগ এবং আত্মসংযম ও আত্মনিয়ন্ত্রণের শক্তি লুপ্ত হয়, তাহার মধ্যে আর যাহা কিছু আছে তাহার জ্ঞান লোপ পায়; যে আবেগেব শক্তি তাহাকে অধিকার করিয়া বাধিয়াছে সে তখন সেই রূপেই ক্রিয়া করে, সাময়িক ভাবে সেই শক্তি রূপে পরিণত হয়। প্রাকৃত মানুষেন সক্রিয় চিত্তক্ষেত্রে

### তপস্ এবং অবিছা

আশ্বিস্মৃতি এত দূর পর্যান্ত ঙধু যাইতে পারে; কেননা সে শীষ্ট্র তাহার বৃহত্তর সেই আশ্বস:চতনার মধ্যে ফিবিয়া আসে, তাহাব এই আশ্ববিস্মৃতি যাহার একটা সাময়িক তরঙ্গ মাত্র।

কিন্তু বৃহত্তর বিশ্বচেতনাব মধ্যে এই আন্ধবিস্যৃতির চরম অবস্থায পৌঁছি-বার—কোন আপেক্ষিক গতি ও ক্রিযার পক্ষে যতদূর চরনে পৌঁচা সম্ভব— একটা সামর্থ্য আছে, জড় পুকৃতির নিশ্চেতনাতে বিশুচেতনা সেই চবম অবস্থায় পৌঁ ছিয়াছে, মানুষের অচেতনায় সে চবম অবস্থান সাক্ষাৎ মিলে না কেননা তাহা স্থায়ী হয় না, মানুমেৰ স্বাভাবিক বৈশিষ্ট্য এই যে ভাহাৰ জাগ্ৰত চেতনায মে আত্মসচেতন সত্তা, তাই আত্মবিসমতি হইতে মে স্বৰ্বদাই তাহাব সেই স্বাভাবিক অবস্থায় ফিরিয়া আনে। ঐকান্তিক অভিনিবেশের ফলে নান্দের ছাগ্রভ চেতনাকে শীমিত ও সন্ধূচিত কবিষা যে আম্মবিস্মৃতি স্ততনাং গঞ্জতা সাময়িক-ভাবে দেখা দেয়, মূলতঃ জড় প্রকৃতির এই নিশ্চেতনা ক্রদপেকা অধিকতর সত্যবস্তু নহে: কেন্না আমবা জানি যে যেমন আমাদেব মধ্যে তেমনি পর-মাণুতে, ধাতুখণ্ডে, উদ্ভিদে জড় প্রকৃতির প্রত্যেক রূপে এবং শক্তিতে তাহাদের নিবৰ্বাক আম্ববিষ্ণুত বাহ্য ৰূপ ছাড়া অন্তৰ্গু চভাবে এক আম্বা, এক ইচ্ছাণ্ডিক এক ক্রিয়াশীল বৃদ্ধি আছে ; উপনিঘদে 'অচেতনেবও চেতনা তিনি' এই বালয়া এই গোপন সভার কথাই বলা হইষাছে, ইহার নিত্য সানিুধ্য ইহাব চিংশক্তির আবেশ অথবা তপঃশক্তি ছাতা পুক্তিব কোন কর্ম্মই চলিতে পারে না। এখানে প্রকৃতিই নিশ্চেডন, প্রকৃতি বাহ্যরূপে কর্ম্মের মধ্যে তন্ময এবং ভাহাব সহিত একীভূত হইয়া গতিশীল এক শক্তিরূপে ৩ধু বর্তমান, এমনভাবে তন্ময় এবং একাড্ত হইয়াছে যে একপ্রকার মূচর্ছা, অভিনিবেশ-জাত একপ্রকার জড় সমাধিতে যেন সে বন্ধ হইয়া পড়িযাছে, যতক্ষণ এইভাবে সে আবন্ধ ততক্ষণ তাহাৰ পুকৃত আশ্বাকে, আশ্বসচেতন সমগ্ৰ সত্তা ও তাহার শক্তিকে সে পশ্চাতে রাখিয়াছে, এবং কেবল কর্ম ও জড় শক্তির আনন্দঘন মুচর্ছার মধ্যে খাকিয়া তাহার কথা ভুলিয়া গিয়াছে এবং তাহাতে পনবায ফিরিয়া যাইবার শক্তি তাহার নাই। ক্রিয়াশক্তিকপী প্রকৃতি পুরুষকে, সচেতন সত্তাকে ভূলিয়া গিয়াছে, তাহাকে নিজের মধ্যে গোপনভাবে ধারণ করিয়া রাখিয়াছে এবং নিশ্চেতনার মূচর্ছা হইতে চেতনার উন্মেষের সঙ্গে সঙ্গে ধীরে ধীরে তাহার জ্ঞান ফিরিয়া পাইতেছে। বস্তুত: প্রকৃতি যে আপাতরূপ পুরুষেব জন্য গড়িয়া তুলিতেছে পরুষ তাহা গ্রহণ করিতে স্বীকার করিতেছেন ; তাই মনে হইতেছে

**೦೬៦** 

#### निया जीवन यांचा

পুরুষ নিশ্চেতন, অনুষয়, প্রাণময়, মনোময় সম্ভারপে পরিণত হইতেছেন; অথচ এ সমস্ভের মধ্যেও তিনি যাহা ছিলেন তাহাই রহিয়া গিয়াছেন, এই গোপন চিৎপুরুষের জ্ঞানালোক নিশ্চেতনার ক্রিয়ার এবং প্রকৃতির উন্মেষণ পথযাত্রী চেতন শক্তির মধ্যে অন্তর্গু চভাবে থাকিয়া সকলকে ধারণ করিয়া আছে।

মানুষের জাগ্রত মনের অবিদ্যা অথবা তাহার স্থপ্ত মনের অচেতনা বা অবচেতনার মত জড় প্রকৃতির নিশ্চেতনা একটা বহিরঙ্গ ব্যাপার মাত্র ; বস্তুত তাহার অন্তরে সর্বেদা সর্বেচেতনা বর্ত্তমান আছে, এই নিশ্চেতনা পূর্ণ-রূপেই একটা প্রতিভাস, ইহা প্রতিভাসের একটা চরম অবস্থা বা পরাকার্চা। প্রতিভাস এখানে এমনি পূর্ণ যে, প্রকৃতির যে অন্য উন্মিষন্ত রূপায়ণে নিশ্চেড-নার এই ক্রিয়াধারার দারা চেতনা তেমন পূর্ণরূপে আবদ্ধ নয়, কেবল তথায ক্রমপরিণতিশীল চেতনা তীব আবেগের সাহায্যে আপনার স্বরূপে ফিরিয়। আসিতে পাবে, পশুর মধ্যে আংশিকভাবে সে সচেতনতা লাভ করে অবশেষে মানব চেতনার উচচতম অবস্থায় আরও পূর্ণভাবে সত্যসত্যই সচেতনভাবে ক্রিয়া করিবার শক্তির সূচনা প্রথম দেখা দেয়, কিন্তু পশুচেতন। হইতে পূর্ণতর হইলেও তখনও চেতনা বাহিবের ক্ষেত্রেই শুধু প্রকাশ পায়। কিন্তু তথাপি নিশ্চেতনা এবং সচেতনাৰ মধ্যে পাৰ্থক্যটা প্ৰাতিভাসিক বা আপাতিক মাত্র, বহি\*চব মানুষ এবং খাঁটি মানুষের মধ্যস্থিত পার্থক্যেরই অনুরূপ, তবে তথায় ব্যবধানের প্রাচীরটা দৃঢ়তর। মূলতঃ সার্বজনীন বিধানে মানুষেব জাগ্রত মনের আত্মসক্ষোচের মধ্যে যেরূপ ঐকান্তিক অভিনিবেশ দেখা দেয মানুষের মন যেরূপ কোন কর্ম্মে তন্ময় হইয়া আপনাকে ভূলিয়া বসে ঠিক তক্ষপ ঐকান্তিক অভিনিবেশ, শক্তি এবং ক্রিয়ার মধ্যে বিশ্বচেতনাব তব্দপ তন্ময়তা এবং ডুবিয়া যাওয়ার ফলে নিশ্চেতনা দেখা দিয়াছে. তফাৎ এই যে নিশ্চেতনায় আম্বক্তানের সঙ্কোচ আম্ববিস্ফৃতির চরম প্রান্তে পৌঁছিয়াছে, তাহা আর সাময়িক ব্যাপার নয় ক্রিয়ার বিধান হইয়া দাঁড়াইয়াছে। প্রকৃতির নিশ্চেতনায় আন্ধ-অজ্ঞান পূর্ণতা লাভ করিয়াছে; মানুষের আংশিক জ্ঞান এবং সাধারণ অবিদ্যা হইল তাহার খণ্ডিত বা আংশিক আৰু-অবিদ্যা, তাহা ক্রম পরিণতির পথে সে যে আন্মজ্ঞানের দিকে ফিরিয়া যাইতেছে তাহাই নির্দেশ করে; এ দুই অবিদ্যা এবং বস্তুতঃ সকল অবিদ্যাকে পরীক্ষা করিলে দেখা যায় যে তাহ। বহিব্ৰ্যাপারে তপঃশক্তির আত্মবিস্মৃতিময় ঐকান্তিক অভিনিবেশ,

## তপস্ এবং অবিদ্যা

গতি ও ক্রিয়ার কোন বিশেষ ধারার মধ্যে সচেতন সন্তার শক্তির এমন তন্মরতা. বাহাতে সেই বিশেষ ক্রিয়াধারা অথবা যাহা শুধু বাহিরের ক্ষেত্রে বর্ত্তমান আছে বলিয়া বোধ হইতেছে তাহা ছাড়া অন্য কোন জ্ঞান নাই। অবশ্য সেই ক্রিয়াধারার গণ্ডির মধ্যে অবিদ্যা কার্য্যকরী, উদ্দেশ্য সাধনের জন্য, তাহার মূল্যও আছে কিন্তু তাহা প্রাতিভাসিক, আংশিক, বহিবক্স—'স্বরূপতঃ সত্য' বা অথও বন্ধ নহে। আমরা এখানে বাধ্য হইয়া 'সত্য' শব্দটি মুখ্য অর্থে ব্যবহার করি নাই গৌণ এবং সীমিত অর্থে ব্যবহার করিয়াছি, কেননা অবিদ্যাও সত্য বন্ধ, অবশ্য ইহা আমাদের সন্তান সমগ্র সত্য নতে এবং তাহাকে পৃথকভাবে দেখিতে গোলে আমাদের বহিশ্চব চেতনায তাহার সত্য রূপটি বিকৃত হইয়া পড়ে। অবিদ্যার সেই খাঁটি সত্য এই যে ইহা সংকৃত বা গুপ্ত চেতনাও জ্ঞান, যাহা নিজেকে ফিবিয়া পাইবাব পথে চলিয়াছে কিন্তু বর্ত্তমানে নিশ্বেতনা এবং অবিদ্যার রূপ ধারণ করিয়া ক্রিয়াশীল হইয়াছে।

সচেতন শক্তি যখন নিজের কাজে তন্ময় হইয়া আপনাব সমগ্র এবং সত্য প্ররূপকে বাহাতঃ ভূলিয়া যায় তখন তাহার মধ্যে যে সঙ্কোচ এবং বিভাগ পরমার্থতঃ সত্য না হইলেও ব্যবহাারক ক্ষেত্রে প্রাতিভাগিক সত্যরূপে দেখা দেয়—তাহাই অবিদ্যার মূল প্রকৃতি বলিয়া স্বীকার করিলে কেন কোথায় এবং কিরূপে ইহা জাত হইল তাহাব উত্তর দেওয়া যাইতে পারে। প্রয়োজন ও সার্থকতা ধরা পড়ে, যধন আমরা স্পষ্টভাবে দেখি যে ইহা ছাড়া বিশ্বস্থাট্ট নির্ম্বক এবং অসম্ভব হইত ; সম্ভব হইলেও সে স্টাট্ট ব্যাপার পূর্ণরূপে অথবা যে ভাবে করা উচিত বা যে ভাবে কবা হইতেছে তাহা কখনই সম্ভব হইত বছবিচিত্র অবিদ্যার প্রত্যেক দিকই স্ষ্টিব সমগ্র তাৎপর্যোর কোন না কোন অংশের জন্য প্রয়োজন, অতএব প্রত্যেক বিভাবের অন্তিমকে সমর্থন করা যায়। অবিদ্যা না হইলে নিজের কালাতীত সত্তায় যাহার বসতি সেই মানুষ, যে কালপ্রবাহের ক্ষণ হইতে ক্ষণান্তরে তাহার স্বধীন হইয়া সে বর্ত্তমানে বাস করিতেছে তাহার মধ্যে নিজেকে ভাসাইয়া দিতে পারিত না। মানুষ যদি অতিচেত্তন বা অধিচেত্তন সন্তাতে অধিষ্ঠিত থাকিত তবে তাহার মননের গ্রন্থিতে জগতের নান। সম্বন্ধের যে সমস্ত সূত্রকে গ্রন্থিবদ্ধ এবং গ্রন্থিনুক্ত করিতেছে তাহা সম্ভব হইত না; অথবা তাহা মূলতঃ ভিনুভাবে করিতে হইত। বিবিক্ত অহং চেতনার মধ্যে বাস না করিয়া সে যদি বিশ্বান্ধ চেতনায় প্রতিষ্ঠিত থাকিত তবে বিবিক্ত ক্রিয়ার বা বিবিক্ত ব্যষ্টিসন্তার প্রকাশ সম্ভব হইত না. সে আজ যে

#### দিব্য জীবন ৰাৰ্ডা

দৃষ্টি-ভদীতে দেখিতেছে যে তাহার ব্যক্তি-সন্তার সহিত সম্বন্ধযুক্ত হইয়া, তাহাকে একমাত্র বা আদি কেন্দ্র করিয়া সকল ক্রিয়া ও গতি চলিতেছে, সে দৃষ্টিভঙ্গী আসিতে পারিত না, ইহাই তো বিশু ব্যাপারে অহং-বোধের বিশিষ্ট দান। অনন্তের আলোক এবং বিশুভাবের বিশালতা হইতে নিজেকে রক্ষা করিবার জন্য কালিক, মানসিক এবং অহং মূলক অবিদ্যার এক প্রাচীর তাহাকে খাড়া করিতে হইযাছে, যাহাতে সেই প্রাচীরের অন্তবালে থাকিয়া বিশ্বের মধ্যে তাহার কালাক চিছনু ব্যষ্টিভাবকে গড়িয়া তুলিতে পারে। তাহাকে যেন বর্ত্তমানের এই জীবনেই বাস করিতে হইবে তাই তাহার অনন্ত অতীত এবং ভবিষ্যতের উপর অবিদ্যাৰ আৰৱণ দিতে হইয়াছে : নত্ৰা অতীত যদি সদা বৰ্ত্তনান থাকিত. তাহা হইলে অভিপ্রেত বা পূর্ব্-নির্দ্ধারিত উপায়ে সে তাহার নির্বাচিত সম্বন্ধ-সমূহকে পৰিবেশের সহিত সঙ্গত কবিয়া কাজ করিতে পারিত না, কারণ তাহার জ্ঞানের ভাণ্ডার এত বৃহৎ হইত যে তাহাব ফলে তাহার কর্ম্মের ভারকেন্দ্র পরিবভিত হইয়া যাইত তাহাব কাজের সমগ্র অর্থ এবং ধরণ অনারূপ ধারণ করিত। তাহাকে দৈহিক জীবনে তন্ময হইযা মনের মধ্যে বাস করিতে হইবে, অতিমানসে নহে; তাহা না হইলে মন গীমা, বিভাগ এবং ভেদের বন্দ্রি দিয়া আত্মবক্ষার জন্য অবিদ্যার এই যে সমস্ত প্রাচীর গড়িতে চায় তাহা গডাই সম্ভব হইত না অথবা তাহা এত সৃক্ষ্য এবং স্বচ্ছ হইত যে তাহাতে তাহার কাজ চলিত না।

যে প্রোজনে যাহাকে অবিদ্যা বলিতেছি সেই ঐকান্তিক অভিনিবে-শের প্রোজন হইরাছে তাহা হইল গোপন চিংপুক্ষের আপনাকে বিস্মৃত হইয়া বা হাবাইযা ফেলিয়া আবার আপনাকে বুঁজিয়া পাওয়ার আনন্দ-লীলা; এই আনকের থেলাব জন্যই তিনি পুকৃতির মধ্যে থাকিয়া নিজে অবিদ্যার এই আবরণ গ্রহণ কবিয়াছেন। অবিদ্যা না হইলে যে সকল বিশ্বস্থাই অসম্ভব হইত তাহা নহে; কিন্ত সে ক্ষেত্রে আমবা যে বিশ্বে বাস করিতেছি তাহার ধারা হইতে সম্পূর্ণ ভিনু ভাবের বিশ্ব স্থাই হইত; সে স্থাই শুধু দিব্য সন্তার উচচতব লোকে অথবা পরিণামবিহীন আদর্শ নিত্য জগতে নিবদ্ধ থাকিত, যেখানে প্রতি সন্তা তাহার সাপন প্রকৃতির পূর্ণ আলোকের মধ্যে বাস করিত এবং পবিণামের এই চক্রাবর্ত্তন এই বিপরীতমুখী বিস্মষ্ট অসম্ভব হইত। এখানে যাহা লক্ষ্য তাহা হইত সেখানকার নিত্য অবস্থা, এখানে যাহা পরিণতির একটি স্তর সেখানে তাহা হইত সেপ্তাজ্বর এক ধরণের নিত্য ধারা। যাহা

## ভূপদ্ এবং অবিষ্ঠ।

তাহার সত্তা এবং প্রকৃতির বিপরীত তাহার মধ্যে নিজেকে পাইতে বা নিজেকে আস্বাদন করিতে সচিচদানল জড়েব নিশ্চেতনাতে নামিয়া আসিয়াছেন, বাহিরে অবিদ্যার প্রতিভাসরূপ মুখোশ পরিয়া নিজেরই চিৎ-শক্তি হইতে নিজেকে গোপন করিয়াছেন, তাইতো সে শক্তি আপন-ভোলা হইয়া ্নিজের কর্মে ও রূপে তন্মর হইয়া ডুবিযা আছে। যে জীবাদ্ধা ধীরে ধীরে জাগ্রত হইয়া উঠিতেছে সে এই সমস্ত রূপের মধ্যে অবিদ্যার প্রাতিভাসিক ক্রিয়াধারাকে স্বীকার করিয়া লইতেছে; প্রকৃত পক্ষে এ অবিদ্যা আদি নিশ্চেতনা হইতে ক্রমবর্দ্ধমান ভাবে জাগরিত বিদ্যা বা জ্ঞান ছাডা আব কিছু নয়, এইভাবে জ্ঞানের ক্রমজাগরণের ঘারা স্বষ্ট নৃত্য নৃত্য অবস্থার মধ্যে জীবের আগ্র-আবি-ষারের চেষ্টা করিতে স্ইবে এবং তাহারি জ্যোতিতে ঘটাইতে হইবে সেই জীবনের দিব্য রূপান্তর যে জীবন নিশ্চেতনে অবতবণেব উদ্দেশ্যসিদ্ধিব জন্য এরূপ কঠোর সাধনায় রত আছে। যেখানে পরিপূর্ণ আলোক এবং আনন্দ নিত্য বিরাজিত সেই চিন্ময় ধামে অথবা লোকোত্তব আনন্দেব দিবা ভূমিতে যথাসম্ভব ক্রতগতিতে ফিরিয়া যাওয়া বিশুচক্রাবর্ত্তনের উদ্দেশ্য নয়, আবাব অন্য দিকে উদ্দেশ্য ইহাও নয় যে অবিদ্যার দীর্ঘ অসম্ভোঘজনক খাতে গ্রানকে সে খুঁজিয়া বেড়াইবে কিন্তু কখনও তাহা পূর্ণরূপে পাইবে না, এইরূপ অতুপ্ত ও নিক্ষল এবং উদ্দেশ্যশূন্যভাবে চিরকাল ঘুরিযাই চলিবে,— তাহা হইলে সর্বেচেতনার এক দুর্বেবাধ স্রমবশেই অবিদ্যা জাত হইয়াছে অথবা যাহার কোন व्याथा भिरन-ना এরূপ একটা দুঃখদায়ক উদ্দেশ্যশূন্য নিশতির তাড়নায় অবিদ্যা আসিয়া পড়িযাছে ইহা স্বীকার করিতে হয—কিন্ত দেহের মধ্যে আগ্নার জন্মলাভের মানবজাতির যুগযুগান্তব ধবিয়া আবর্ত্তিত তপস্যাব প্রকৃত উদ্দেশ্য, বিশ্বাতীত সন্তায় নয় বিশ্বসন্তার মধ্যে ব্রহ্মেব নিত্যসিদ্ধ আনন্দ স্বভাবের অনুভূতি, জ্ঞুডদেহে তাহার স্বরূপের যে বিপরীত ধাবার প্রকাশ তাহাব মধ্যে আনন্দ ও জ্যোতির নিত্য ধাম প্রতিষ্ঠা, সংগ্রাম ও সংঘর্ষেব মধ্য দিয়া আন্ধ-আবিকারের প্রমানন্দ লাভ। অবিদ্যা প্রয়োজনীয় বটে কিন্তু তাহা সম্পূর্ণ একটা গৌণ বস্তু, বিশুক্তান যাহাকে স্বেচ্ছায় নিজের উপর আরোপ কবিবাছে যাহাতে এই ভাবের গতি বৃত্তি সম্থাবিত হইতে পারে; ইং। রুম কিম্ব। পতন নয়, একটা উদ্দেশ্যপূর্ণ অবতরণ, একটা অভিশাপ ন্য-একটা দিবা সুযোগ। নিজের বছত্বের প্রগাঢ় এক সংক্ষিপ্ত সংস্করণের অথবা প্রতিরূপ বিগ্রহের মধ্যে সর্বে আনন্দস্বরূপকে খ্রঁজিয়া বাহির করা এবং তাহাকে ফ্টাইয়া তোলা.

#### দিবা জীবন বাৰ্ত্তা

খন্য কোন উপায়ে বা খবস্থায় যাহার ক্লপ দেওয়া সম্ভব হইত না খনস্ত সন্তার তেমন একটা সম্ভাবনাকে মূর্ত্ত করা, জড় বস্তু দিয়া তগবানের মন্দির নির্মাণ করা—জড় বিশ্বে জাত চিৎ-পুরুষের (বা জীবান্ধার) উপর এই মহা তপস্যার দায় বুঝি অর্পণ করা হইয়াছে।

আমাদের অন্তবস্থিত গোপন আশ্বাতে অবিদ্যা নাই, আছে বহিরঙ্গ প্রকৃতিতে, এমনও নহে যে প্রকৃতির সবখানি জুড়িয়া তাহা অবস্থিত, তাহা অসম্ভব কেননা যিনি সর্বে-চিৎ প্রকৃতি তাহারই ক্রিয়াশক্তি, বস্তুতঃ অবিদা। প্রকৃতির অনাদি অখণ্ড জ্যোতি ও শক্তি হইতে উদ্ভূত একটা পরিণতি। কিন্তু কে'থা হইতে এ পরিণতির উৎপত্তি হইল, কোনু তথ হইতে তাহার প্রকাশের স্থযোগ লাভ ব। তাহার বিস্ফটি সম্ভব হইল ? যাহা হইতে অন্ধকারময় দিধাগ্রস্ত এই বিস্মষ্টির মধ্যে অন্য সব কিছুর উৎপত্তি বা অবতরণ হইয়াছে সেই অনন্ত সত্তায় অনম্ভ চেতনায় অনম্ভ আনন্দে সন্তার চরম এবং পরম ভূমি হইতে নিশ্চয়ই নয়। তথায় অবিদ্যার স্থান থাকিতে পারে না। অতিমানসেও অবিদ্যা নাই : কেননা অতিমানসে অনম্ভ আলোক বা জ্ঞান এবং শক্তি সদা বর্ত্তমান. তাহার অতি সাম্ভ ক্রিয়ার মধ্যেও সে জ্ঞান ও সে শক্তিন পূর্ণ আবেশ রহিয়াছে, সেখানে বছরের চেতনাকে আলিঙ্গন করিয়া একছ-চেতনা সদা বিদ্যমান। সত্য আৰক্তানকে পশ্চাতে রাখা মনের ক্ষেত্রেই সম্ভব। কেনন। মন চিৎ-পরুষের সেই শক্তি, যাহা ভেদ স্মষ্টি করে এবং বছত্বের জ্ঞানকে প্রধান করিয়া বৈশিষ্ট্য দিয়া ভেদের ধারা ধরিয়াই চলে, একত্ব-বোধ শুধ পশ্চাতে থাকে, তাহার বিশিষ্ট ধর্ম্ম বা কর্ম্মের উপাদানরূপে থাকে না। একছবোধ মনের বিশিষ্ট ধর্ম্ম নহে, মন অতিমানস হইতে জাত একটা গৌণ শক্তি, সে অতিমানসের কিছু আলোক প্রতিফলিত করিতে পারে আবার তাহার পিছনে অতিমানস আছে, তাই মনে একছ-বোধের একটা অস্পষ্ট আভাস মাত্র বর্ত্তমান থাকে; ষ্ট্নাক্রমে আশ্রয়রূপী এই একছ-বোৎ যদি সরিয়া যায়, যদি মন এবং অতি-মানসের মধ্যে একটা আবরণ আসিয়া পড়ে যাহার ফলে সত্যের আলোক ঢাক। পড়িয়া যায অথবা ইতন্তত: বিক্ষিপ্ত বা প্রতিফলিত দু-একটি রশ্মি মাত্র বিকৃতি এবং বিভাগের মধ্য দিয়া শুধু আসিতে পারে তাহ। হইলে অবিদ্যার প্রতিভাস দেখা দিতে পারে। উপনিষদ বলেন মনের ক্রিয়া দিয়া গড়া দেইরূপ একটা আবরণ আছে : এ আবরণ অধিমানসের সেই 'হিরণময় পাত্র' যাহা অতিমানস সত্যের মুখ ঢাকিয়া রাখিয়া তাহার প্রতিচছবির আলোক শুধু বিকীর্ণ করে,

## উপস্ এবং অবিছা

মনের ক্ষেত্রে আসিয়া আবরণটা আরও অস্বচছ এবং ধূমুমলিন হইয়া পড়িয়াছে, তাহার মধ্য দিয়া অতি অলপ আলোক মাত্র আসিতে পারে। নিমুমুখী হইয়া বছদের দিকে তন্ময়ভাবে দৃষ্টি করাই মনের স্বাভাবিক ধর্ম, বছম্ব যাহাকে প্রকাশ করে সেই পরম একম্ব হইতে মথ ফিরাইয়া বছম্বে অভিনিবিষ্ট হওয়ার ফলই হইতেছে এই আবরণ স্বষ্টি; অবশেদে মন একম্ব-বোধ মনে রাখিতে বা তাহার আশুয় গ্রহণ করিতে একেবারেই ভুলিয়া যায়। কিন্তু তথনও একম্বই মনের আশুয়, একম্ব আছে বলিয়াই তাহার ক্রিয়াবলি সম্বব হয়, কিন্তু অভিনিবিষ্ট মনঃ-শক্তি নিজের উৎপত্তিস্থান জানে না, নিজের বৃহত্তর খাঁটি আম্বাকে চিনে না। মন নিজের উৎপত্তিস্থান জানে না, নিজের বৃহত্তর খাঁটি আম্বাকে চিনে না। মন নিজের উৎস-মুখের খবর রাখে না এবং রূপায়ণা শক্তির ক্রিয়াবলিতে তন্ময় হইয়া যায় বলিয়া সে সেই শক্তিব সহিত এমনিভাবে একীভূত হইয়া যাইতে পারে যে সে নিজেকে পর্যান্ত হারাইয়া ফেলে, কর্ম্ম-সমাধিতে স্বপুসঞ্চরণকাবীর মত সম্পূর্ণ আম্ববিস্মৃত হইয়া কর্ম করিয়া যায় বটে কিন্তু তাহার সম্বন্ধে সচেতন থাকে না। চেতনার অবতরণের ইহাই শেম ধাপ; এ যেন স্পুপ্তির গিভীব গহরের প্রবেশ, জড় সমাধির অতলে চেতনার নিমজ্জন, ইহাই জড় পুকৃতির ক্রিয়ার দূরবগাহ ভিত্তি।

ইহা মনে রাখিতে হইবে যে যখন সীমিত ক্ষেত্রে খণ্ডিত রূপে এবং ক্রিয়াতে তন্ময় হইয়া চিৎ শক্তিব আংশিক ক্রিয়ার কথা বলিতেছি, তাহাব অর্ধ এই নয় যে তাহাতে সমগ্রতায় কোন বাস্তব বিভাগ আসিয়া পড়ে। বাকি সবটা পিছনে রাখিলার শুধু এই ফল হয় যে ক্রিয়ার সীমিত ক্ষেত্রে যে শক্তি পুরোভাগে থাকিয়া সাক্ষাৎভাবে ক্রিয়াশীল হইয়াছে তাহার কাছে সে সব গুপ্ত হইয়৷ গিয়াছে কিন্তু সে ক্ষেত্র হইতে তাহাদিগকে যে বাহির করিয়া দেওয়া হইয়াছে তাহা নহে; বস্তুতঃ সেখানে সমগ্র অর্খণ্ড শক্তি যদিও নিশ্চেতনার আবরণে আবৃত হইয়াছে তবু তাহা বর্ত্তমান আছে; অর্থণ্ড সন্তাতে অধিষ্ঠিত এই অর্থণ্ড শক্তিই পুরোভাগে স্থিত নিজ বীর্য্যের মধ্য দিয়া সকল কর্ম্ম করে; এবং এই ক্রিয়াজাত সমস্ত রূপের মধ্যে বাস করে। ইহাও লক্ষ্য করিবার বিষয় এই যে অবিদ্যার আবরণ দূর করিতে আমাদের মধ্যস্থ সন্তার সচেতন শক্তি ঐকান্তিক অভিনিবেশ বা তপোবীর্য্যের এক বিপরীতমুখী ক্রিয়ার আশুয় নেয়; তখন এই শক্তি ব্যক্তিচেতনার মধ্যস্থ পুকৃতির পুরোভাগেন্থিত গতি ও ক্রিয়া নিরুদ্ধ বা শান্ত করিয়া অন্তরম্ব গোপন সন্তাকে প্রকাশ করিবার জন্য ঐকান্তিকভাবে তাহাতে অভিনিবিষ্ট হয়; সে অন্তর-সত্তা তাহার আদ্মা, অন্তরম্ব খাঁটি চৈত্যপক্ষম,

#### দিব্য জীবন বাৰ্ডা

মনোময় পুরুষ অথবা প্রাণময় পুরুষ। কিন্তু যখন ইহা সাধিত হইয়াছে তখন এই বিপরীতমুখী ঐকান্তিকতাতে আবদ্ধ থাকার আর প্রয়োজন থাকে না ; তখন সে অখণ্ড পরিপূর্ণ চেতনাতে ফিরিয়া যাইতে পারে যে চেতনার মধ্যে পুরুষের সত্তা এবং প্রকৃতির ক্রিয়া, অন্তরান্ধা এবং তাহার করণ বা যন্ত্র, আন্ধা এবং আম্ব-শক্তির সক্রিয়ত। উভয়ই এক সঙ্গে বর্ত্তমান থাকে ; পূর্বেতন সঙ্কোচ ও সীমার বন্ধন হইতে মুক্ত হইয়া প্রকৃতি যে অন্তর্য্যামী চিৎপুরুষকে ভূলিয়া ছিল সে ভুল ভাঙ্গিয়া দিয়া এ শক্তি তখন এক বৃহত্তর চেতনার মধ্যে নিজের সকল বিস্মষ্টকে আলিঙ্গন করিতে পারে। অথবা তাহার স্বষ্ট সকল ক্রিয়া ও গতিকে স্তব্ধ করিয়া আত্মা এবং প্রকৃতির এক উর্দ্ধু তর ভূমিতে অভিনিবিষ্ট ও সমাহিত হইতে, সন্তাকে সেই ভূমিতে তুলিয়া নিতে এবং সেই উচ্চ ভূমি হইতে শক্তি নামাইয়া আনিয়া পূর্বতন বিস্টির রূপান্তর সাধন করিতে পারে; এইভাবে যাহা কিছু রূপান্তরিত হয় তাহার সমস্তই তখন এই নূতন বৃহত্তর আম্ববিস্টির অন্তর্ভক্ত হইয়া তাহার উচ্চতর ক্রিয়া এবং মহত্তর ঐণুর্য্যের অংশরূপে বর্ত্তমান ধাকে। যখন আমাদের সত্তার চিৎশক্তি পারণতির ধারাকে মনের ভূমি হইতে অতিমানসের ভূমিতে উত্তোলিত করা স্থির কবে তগনই ইহা ষাটতে পারে। প্রত্যেক ক্ষেত্রে তপসূই কার্য্যসাধিকা শক্তি, কিন্তু যাহা সম্পাদিত করিতে হইবে তদন্সারে ইহ। অনম্ভেব পূর্বেনিদিষ্ট পদ্ধতি, সক্রিয়তা এবং আম্ববিস্তারের উপযোগীভাবে ভিনু এক ধারায় ক্রিয়া করে।

কিন্তু ইহাই যদি অবিদ্যার ক্রিয়া-পদ্ধতি, তবু এই প্রণ্নু করা যাইতে পাবে যে যিনি সর্বেচিৎ তাঁহার সচেতন-শক্তির আংশিক ক্রিযাতেই বা কিরূপে এই বহিশ্চর অবিদ্যা এবং নিশ্চেতনাতে তিনি পৌ ছিলেন, ইহা কি একটা রহস্য থাকিয়া যায় না ? ইহাকে মানিয়া নিলেও এই রহস্যের প্রকৃত ক্রিয়াপদ্ধতি তাহার প্রকৃতি এবং সীমা নির্দ্ধারণ করিবার প্রয়োজন আছে, যাহাতে ইহা দ্বারা আমরা ভীতিগ্রস্ত না হইয়া পড়ি, এবং ইহা দ্বারা যে উদ্দেশ্য সাধিত হইবার কথা, ইহা যে স্থযোগ প্রদান করে তাহা হইতে আমরা বিপথে চালিত না হই। কিন্তু এ রহস্য বিভজনশীল বৃদ্ধির একটা মিথ্যা জলপনা মাত্র; কেননা সে এ দুই ধারণাব মধ্যে একটা তর্ক-বিদ্যা-বিষয়ক-বিরোধ দেখে বা স্কৃষ্টি করে এবং মনে কনে যে তাহাদের মধ্যে বাস্তব বিরোধ আছে এবং সেইজন্য এক সঙ্গে একত্ব এবং সহতাব (unity and co-existence) বর্ত্তমান থাকা অসম্ভব বোধ করে। আমরা দেখিয়াছি যে অবিদ্যা বস্ততঃ জ্ঞানেরই এক শক্তি, ইহার বলে

## ভপস্ এবং স্বিভা

জ্ঞান নিজেকে সন্ধৃচিত করিতে, উপস্থিত কর্ম্মে অভিনিবিষ্ট হইয়। পড়িতে পারে; কার্য্যতঃ এ অভিনিবেশ ঐকান্তিক হইলেও পশ্চাতে সমস্ত সচেতন সন্তার অবস্থিতি এবং ক্রিয়া-সাধনের কোন বাধা হয় না ; কিন্তু সে ক্রিয়া চলে স্ব-নির্ন্বাচিত অবস্থায়, প্রকৃতির উপর নিজেকে আরোপ করিয়া। স্চেতন-ভাবে সকল স্বেচ্ছাকৃত আত্মসঙ্কোচ বিশেষ উদ্দেশ্যসাধনের জন্য প্রযুক্ত শক্তি, দূর্বেলতা নহে ; সকল অভিনিবেশ চিৎসত্তার শক্তি, অক্ষমতা নহে ; ইহা সত্য যে অতিমানস অখণ্ড পূর্ণতায় সর্ব্বগ্রাহীরূপে, বহু মুখে, অনস্ত ভাবে আম্মাভিনিবেশে সমধ, কিন্তু মনের এ অভিনিবেশ বিভাগ ও সীমাব দারা আচছনু ; ইহাও সত্য যে প্ৰাকৃত অভিনিবেশ বস্তুৰ তথ ও মূল্য সম্বন্ধে বিকৃত বা বিপরীত এবং খণ্ডিত ভাবনাও স্পষ্ট করে, এবং শুধু তাহাব দিকে তাকাইলে তাহা মিথা৷ অথবা অর্দ্ধসতা বস্তু হইয়া পড়ে ; কিন্তু জ্ঞানকে এরূপ খণ্ডিত এবং সীমিত কবিয়া দেখিবার কি পুযোজন ছিল তাহা আমরা দেখিয়াছি, প্রয়োজনকে স্বীকার কবিলে তাহা পূর্ণ কবিবার সামখ্যকেও স্বীকার করিতে হয়: মানিতে হয় যে সে সামখ্যও পরম সংস্করূপের পরা শক্তির মধ্যে আছে। বিশেষ ভাবের কার্যোর জন্য এই সাম্বসকোচেব শক্তি সংস্বরূপের পরাচিৎ-শক্তির সহিত অসমঞ্জস ত নয়ই বরং অনন্তেব বিচিত্র শক্তিমালার মধ্যে ইছাও যে একটা শক্তি ইহাই আশা করিতে পাবি।

যিনি অন্যানিবপেক্ষ পবতর তিনি নিজের মধ্যে আপেক্ষিকতা এবং সম্বন্ধে ভরা ব্রিশ্ব ফুনিইয়া তুলিয়াও বস্তুতঃ তাহাতে সাঁমিত হন না, বিশ্বরূপে পুকাশ সেই পরম সন্তা, চৈতন্য, শক্তি এবং আশ্বানন্দের স্পাভাবিক লীলা। পরস্পরের মধ্যে ক্রিয়া প্রতিক্রিয়াশীল সাম্ব প্রতিভাশের অনন্ত ধাবা নিজের মধ্যে গঠিত করিয়া অনস্ত নিজে সীমিত হন না, বরং তাহাই তাহাব স্বাভাবিক আশ্বপ্রকাশ। যিনি এক, তিনি নিজেই বহুছের মধ্যে নিজের সত্তাকেই বিচিত্ররূপে আস্বাদন করেন বটে কিন্তু তাহার এই বহুছ প্রকাশের শক্তিশ্বর এক অংশ, বস্তুতঃ তিনি আড়েই সান্ত-বুদ্ধি-কলিপত এক নহেন অথবা গণিতের সংখ্যার মধ্যে যে একের দেখা পাই সেই একও নহেন। তেমনিভাবে অনিদ্যাকে চিৎসন্তার বহুভাবে আশ্বাভিনিবেশ এবং আশ্ব-সঙ্কোচকারী এক শক্তিরূপে দেখিলে তাহা তাঁহার আশ্বসচেতন জ্ঞানের বৈচিত্র্য স্পষ্ট করিবার এক স্বাভাবিক সামর্থ্য বলিয়াই বুঝা যায়. আপেক্ষকতার ক্ষেত্রে পরতত্বের আশ্বপ্রকাশের,

## দিবা জাবন বাৰ্ত্তা

অনন্তের সান্তক্রিয়া ধারার, একের বছর মধ্যে আন্ধ-আস্বাদনের যে বছর্ন্থিতি বা বিভাব আছে অবিদ্যা তাহাদের সম্ভাবিত একটা বিভাব। চেতনার সামর্থ্যের এক চরম প্রান্তে আছে আন্ধাতে অভিনিবেশের এক শক্তি, যাহাতে জগৎ সম্বন্ধে সচেতনতা লোপ পায়—যদিও জগৎ সন্তার মধ্যে বর্ত্তমান থাকে, আবার অন্য এক বিপরীত প্রান্তে জগদ্ব্যাপারে সমাহিত হইয়া আন্ধন্মরূপের বিস্মৃতি ঘটিতে পাবে, যদিও তখনও আন্ধাই সে সমস্ত ক্রিয়ার কর্ত্তারূপে বর্ত্তমান থাকেন। কিন্তু বস্তুতঃ ইহার কোন অবস্থাই সচিচদানন্দের অগও স্বয়ংপুজ্ঞ সন্তাকে সীমিত করিতে পাবে না, আপাতবিরোধী এই দুই ভাবের উপরে তিনি অবস্থিত; এমন কি এই বিরোধের মধ্য দিয়া উভয় ভাবই যিনি অনিব্র্বচনীয় এবং অনির্দেশ্য তাহাকে প্রকাশ করিতে সাহায্য করে।

# চতুর্দ্দশ অধ্যায়

# অনৃত, ভ্রম, অধর্ম্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার।

বিভূ কাহারও পাপ বা পুণা প্রহণ করেন না; অজ্ঞানের হারা জ্ঞান আহত রহিয়াছে বলিয়া মন্ত্রা মানুষ বিদৃদ্ধ হইয়া আছে।

गीडा ( else )

সতা ছাড়া আন্ধার অন্য ধারণা পোষণ করিয়া তাহারা বাস করে, ভাই মৃচ ও বন্ধ হয়, মিখাকে প্রকাশ করে—বেন ইন্দ্রভালের বলে, অসত্যকে তাহারা সভ্যের মৃত দেখে।

মৈত্ৰী উপনিষদ ( ৭৷১ - )

ভাহারা অবিভার মধ্যে বাস করে অবিভার হারা পরিচালিত হয়, পুন পুন: আহাতে জর্জনিত হইয়া টলিতে টলিতে ঘুরিতে বাকে অক্ষের ঘারা পরিচালিত অক্যণের মত।

मुख्यकार्थनियम ( )।२।৮)

বাহার বৃদ্ধি যোগযুক্ত হইগছে দে পাপ এবং পুণা উভন্নকেই ত্যাগ করে।

গীঙা ( સc• )

বে এক্ষের আনন্দকে ফানিরাছে ভাষাকে "কেন আমি ভাল কাম করি নাই, কেন আমি কুকাম করিয়াছি" এই ভাবনা আর পীড়িভ করে না। বে আত্মাকে জানিয়াছে সে এই উভর ভাবনা হইতে নিম্নেকে মুক্ত করে।

टेडिडिडोड़ डेशिनियम ( २१० )

লগতে যে বিপুল মিখ্যা রহিয়াছে তাহা ইহারা জানে, ভাহারা সভাের গৃহে বর্দ্ধিত হর, তাহারা অনভের (আগিতির) শক্তিমান এবং অলের পুত্র।

मत्त्रेम ( ११७०१६ )

## দিব্য জীবন বাৰ্ছা

প্রথমে এবং শেষে আছে সভা, মধাছানে মিখাা, ইহা ছুই দিক হইভে সভা ছারা পদ্ধি-গৃহীত হয়, সভা হইভেই ভাহার সভা আসিয়াছে।\*

वृश्लादगाक छेनियल ( etci)

যে আত্মসন্ধোচকারী জ্ঞান পূর্ণ আত্মজ্ঞানকে বিসমৃত হইয়া এক বিশেষ ক্ষেত্রে অথবা বিশুগতির গোপনকাবী কোন এক বহিঃস্তরে ঐকান্তিকভাবে অভিনিবিষ্ট হইয়৷ পডিয়াছে তাহাই যদি অবিদ্যার স্বরূপ হয় তাহা হইলে এই সিদ্ধান্ত অনুসারে অনর্থ বা অশিবেব অন্তিম্বের কি ব্যাখ্যা দেওয়া য'ইতে পারে ? মানুষের মন যখন নিজের জীবন-রহস্য বা জগৎ-রহস্যের দিকে দৃষ্টিপাত করিয়াছে তথন এই বেদনাময় প্রশু তাহাকে চিরকাল পীডিত করিয়; আসিয়াছে। এক গোপন সর্ববিদ্যার আশুয়ে থাকিয়া এক সীমিত জ্ঞান, যন্ত্রনপে ক্রিয়া কবিষা প্রয়োজনীয় সীমার মধ্যে একটি সঞ্চীর্ণ বিশ্ব-বিধান গড়িয়া তুর্নিতেছে, বিশুচেত্রনা এবং বিশুশক্তিব এই কর্মধারা বৃদ্ধি ও যক্তিসঙ্গত বলিয়া স্বীকাব কন। যায়, কিন্তু তাহাব মধ্যে অসত্য এবং ভ্রম, অধর্ম এবং অনর্থ আসা যে অপবি-হার্য্য অথব। দব্রগত দিব্য সতাস্বরূপের ক্রিয়াধারার মধ্যে তাহাদের যে কোন উপযোগিতা আছে তাহা স্বীকার করা তত সহজ নহে। সে সত্যবস্থার সম্বন্ধে আনাদের ধারণ। যদি সত্য হয় তবে এই বিরুদ্ধ প্রতিভাসের আবিভাবেব কোন উপযোগিতা এবং সার্থকতা নিশ্চযই আছে, বিশু-ব্যাপারের কোন ক্রিয়া নিশ্চযই ইহাদের দারা সাধিত হয়। কারণ, এই যাহা কিছু আছে সবই যথন ব্রহ্ম, যখন তাঁহার পূর্ণ এবং অবিচেছ্দ্য আম্বজ্ঞানও সর্ব্ব-জ্ঞানেরই নামান্তর, তখন তাহাব মধ্যে এই সব বিরুদ্ধ প্রতিভাস আক্ষিমক ঘটনারূপে আসিয়া অনুপুবিষ্ট হইতে পারে না, অথবা বিপু-মধ্যস্থ সংর্বজ্ঞান-স্বরূপের চিংশক্তির অনিচছাকৃত বিষ্মৃতি বা বিভ্রমবশতঃও আসিতে পারে না, অথবা সম্ভর্য্যামী চিৎ-পুরুষ যাহার জন্য প্রস্তুত ছিলেন না এমন একটা কুৎসিত

\*দুইটি সত্যের একটি জড় জগতের সত্যা, অপরটী অতিচেতন চিৎ জগতের সত্যা। এ ছুএর
মধাস্থানে আছে অন্তমুখী মনোমর সতাসমূদ, তাংগদের মধ্যে অসত্য অমুপ্রনিষ্ট হইতে পারে, কিন্তু
ইহা উদ্ধি এ : অধঃ উভর দিক হইতে সত্যের উপাদান আহরণ করিয়া তাংগ বারা নিজেকে
গড়িরা তোলে, তাংগর অসত্য কলনাকে জীবন-সত্য এবং চিৎ-জগতের সত্যে রপান্তরিত করিবার
জন্য উভর দিক হইতে তাহার পারে চাপ পড়িভেছে।

## অনুত, জ্বম, অধর্ম এবং অওছের উৎপত্তি এবং প্রতিকার।

অপ্রত্যাশিত দুর্ঘটনা রূপে ইহা দেখা দিয়া, এমন একটা গোলকধাঁধায় তাহাকে বন্দী করিয়াছে যে তাহা হইতে সহজে নিষ্কৃতি পাইবার উপায় আব নাই, ইহাও ত স্বীকার করা যায় না। ইহাও বলিতে পারি না যে ইহা এমন একটা অনাদি শাশুত দুর্বের্বাধ্য প্রহেলিকা, সর্বেগুরু সর্বেক্ত ঈশুরও নিজের অথবা আমাদের কাছে যাহার কোন ব্যাখ্যা দিতে পারেন না। যিনি সর্বেক্তানস্বন্দপ তাহার নিকট ইহার একটা সার্থকতা নিশ্চয়ই আছে, সর্বেচেতনাব একটা শক্তিই ইহাকে আসিবার অনুমতি দিয়াছে, সেই শক্তিই আমাদেব বর্ত্তমান আয়ানুতব এবং জগদনুত্বের ক্রিয়াধারার পক্ষে কোন অপবিহার্য্য প্রেয়াজন-সাধনের জন্য ইহা ব্যবহার করিতেছে। অন্তিবের এই দিকটা আমাদিগকে আবও সাক্ষাৎভাবে আলোচনা এবং নির্প্য কবিতে হইবে, দেখিতে হইবে ইহার উৎস কোথায়, ইহার সত্যের সীমা কি, এবং প্রকৃতিতে ইহাব স্থান কি।

তিন দিক দিয়া এ সমস্যার বিচাব চলিতে পাবে—পরম সংস্করপেব সহিত ইহার সম্বন্ধ, বিশুব্যাপাবের মধ্যে ইহার উৎপত্তি ও স্থান, ব্যষ্টিসতার উপব ইহার প্রভাব বা আধিপত্য ও ক্রিয়া। ইহা স্পষ্ট যে পরম সত্যবস্তুর মধ্যে এই বিরুদ্ধ প্রতিভাসেব সাক্ষাৎ কোন মূল নাই, এ ধনণেন প্রকৃতিবিশিষ্ট কিছুই তাহার মধ্যে নাই; এ সমস্ত অবিদ্যা এবং নিশ্চেতনার বিস্টে, সং-স্করূপের মৌলিক বা প্রাথমিক বিভাব বা বিভৃতি নয, বিশ্বাতীত সত্তা বা বিশ্ব-গত চিৎপ্রুষের অনন্ত শক্তির প্রকৃতি-সিদ্ধ নহে। কখনও কখনও তর্ক উঠে যে সত্য এবং শুভ বা শিবের যেমন চবম কোটি আছে তেমনি আছে অসত্য এবং অনুর্ধেরও : কিম্বা তাহা না হইলে ইহাবা উভয়েই সম্বন্ধ এবং আপেক্ষি-কতার ক্ষেত্রে শুধু বর্ত্তমান থাকিতে পাবে; বিদ্যা এবং অবিদ্যা, সত্য এবং মিখ্যা, শিব এবং অশিব পরস্পারের সহিত সম্বন্ধ অবস্থায়ই খাকিতে পারে, ছন্দাতীত ভূমিতে উভয়েব অস্তিহ অসম্ভব। কিন্তু এই সমস্ত ছন্দ যে সম্বন্ধের মৌলিক সত্য তাহা নহে, কেননা, প্রথম কথা এই যে মিণ্যা এবং অশিব অবিদ্যা হইতে জাত, এবং যেখানে অবিদ্যা নাই তথায় তাহাদের অস্তিত্ব থাকিতে পারে না, কিন্তু সত্য এবং শিবের বেলায় স্কুতরাং দিব্যপুরুষের মধ্যে মিথা। এবং অশুভেব নিজন্ধ অস্তিত্ব গাকিতে পারে না, পরা প্রকৃতির কোন স্বাভাবিক উপাদান তাহাব। নহে। জ্ঞানের যে সঙ্কোচে অবিদ্যার উদ্ভব সেই সঙ্কোচ যদি দূর হয়, অবিদ্যা যদি জ্ঞানের মধ্যে নিজেকে হারাইয়া ফেলে. তাহা হইলে মিথ্যা এবং অণিব আর

#### क्रिया क्रीवन वार्च।

মুহূর্ত্তমাত্র বাঁচিতে পারে না, কেননা তাহারা উভয়েই অচেতনা অথবা বিকৃত চেতনার ফল এবং যদি অবিদ্যাকে অপসারিত করিয়া সত্য এবং অখণ্ড চেতনা তাহার স্থান অধিকার করে, তাহা হইলে তাহাদের অন্তিম্বের ভিত্তিই আর থাকে না! তাই মিথ্যা এবং অশিবের অন্যনিরপেক্ষ কোন সন্তা বা চরম কোটি থাকিতে পারে না; ইহাব বিশু ক্রিয়ার ফলে উপজাত উপস্টি (biproduct) মাত্র, মিথ্যা দুঃখ এবং অশিবের এই সব মলিন তমসাবৃত ফুলের মূল রহিয়াছে নিশ্চেতনার কৃষ্ণমৃত্তিকায়। পক্ষান্তরে সত্য এবং শিবের মধ্যে স্বভাবতঃ এমন কিছু নাই যাহা তাহাদের চরম কোটিতে পৌঁছিতে বাধা দিতে পারে, সত্যে এবং মিথ্যায়, শিবে এবং অশিবে আপেক্ষিকতার হন্দ আছে ইহা আমাদের অনুভব-জাত তথ্য মাত্র কিন্তু তাহাও ঠিক একই ভাবের একটা উপস্টি, তাহা অন্তিম্বের শাশুত স্বভাবধর্ম্ম নয়; কেননা মানুষী চেতনার বিচারে, আমাদের আধাজান এবং আধা অজ্ঞানেই শুধু তাহা সত্য।

আমাদের জ্ঞান অবিদ্যা হারা পবিবেষ্টিত বলিয়াই সত্য আমাদের নিকট আপেক্ষিক, আমাদের দৃষ্টি ঠিক পদার্থের বাহ্য প্রতিভাসকে অতিক্রম করিয়া যাইতে পারেনা, কিন্ত সেখানে পূর্ণ সত্য মিলে না, অন্তন্তনে ডুবিয়া গিয়া আমর। যেটুকু আলোক পাই তাহার মধ্যে থাকে আন্দাজ বা অনুমান বা আভাস— সত্যের স্থানশ্চিত পরিচয় নয়, আমাদের সিদ্ধান্তের মধ্যে একদেশদশিতা, জনপনা বা কৃত্রিমতা থাকিয়া যায়, সত্যের সম্বন্ধে আমাদের পরোক্ষ সংস্পর্শজাত অনুভবকে ভাষায় বর্ণনা করিতে গোলে তাহা হয় সত্যের প্রতিচছবি, রূপরেখা বা বাহ্যাবয়বের অনুরূপ; আমাদের মানস প্রত্যক্ষ নিজেই বস্তুর আভাস মাত্র পায়, বর্ণনায় পাই সেই আভাসেরও শব্দময় আভাস মাত্র, তাহাতে সত্য ন্ধপায়িত হইয়া উঠে না, শাক্ষাৎভাবে যাহা সত্য ও প্রামাণ্য তাহার সাক্ষাৎ মিলে না। এই সকল রূপরেখা বা প্রতিচছবি অপূর্ণ এবং অস্বচছ, আবার তাহাদের মধ্যে নিশ্চেতনা এবং ভ্রমের ছায়া বর্ত্তমান থাকে, তাহারা অন্য সত্যকে অস্বীকার করে বা বাহির করিয়া দেয়, এমন কি যে সত্যকে তাহারা প্রকাশ করিতে চায় সে সত্যেরও পূর্ণ মূল্য বা মর্য্যাদা প্রকাশ করে না, সত্যের একটা প্রান্ত মাত্র ক্সপের মধ্যে প্রক্ষিপ্ত হয় বাকিটা থাকে ছায়ায় ঢাকা, তাহা দেখা যায় না, অথবা অনিশ্চিত বা বিকৃত ভাবে দেখা যায়। প্রায় বলা যাইতে পারে মনের দেওয়া কোন বর্ণনা পূর্ণ সত্য হইতে পারে না, মন যাহা দেখায় তাহা খাঁটি সত্যের উলঙ্গ বিগ্রহ নহে, তাহ। অনুতের পরিচ্ছদে ভূষিত মৃত্তি—আবার অনেক

#### অনৃত, ত্রম, অধর্ম এবং অপ্ততের উৎপত্তি এবং প্রতিকার।

সময় এই পরিচছদই শুধু দৃষ্টিগোচর হয়। কিন্তু চেতনার সাক্ষাৎ ক্রিয়া বা সংস্পৰ্শ বা একমবোধ হারা যে সত্যকে জানা যায় তাহার প্রকৃতি সম্বন্ধে একণা খাটে না, আমাদের সে দেখাও সীমিত হইতে পারে কিন্তু যতদ্র তাহার প্রসার ততটকুর মধ্যে তাহা খাঁটি ও প্রামাণিক, এই প্রামাণিকতা চরম সত্ত্যে পৌঁছিবার প্রথম ধাপ, অপরোক্ষ সংস্পর্ণ বা একম বোধের দৃষ্টিতে মন যদি বাহিরের কিছু **জানিয়া জুড়িয়া দেয়, অথবা যে সীমার মধ্যে সে জ্ঞানলক হইয়াছে যদি ভুল** করিয়া বা অযথাভাবে তাহা ব্যাপ্ত করিয়া সে দীমার বাহিরে তাহার প্রয়োগ করা হয় অপবা মন যদি তাহার ভল ব্যাখ্যা করে, কেবল তাহা হইলেই তাহাতে শ্রান্তির ছায়াপাত হইতে পারে কিন্তু সেই জ্ঞানের নিজস্ব উপাদানের মধ্যে শ্রম প্রবেশ করিতে পারে না। প্রামাণিক বা একন্ববোধের এই দৃষ্টি বা তহারা বস্তুর অনুভবই জ্ঞানের খাঁটি পুকৃতি, এবং তাহা স্বয়ন্তূ বা স্বতঃসিদ্ধভাবে সন্তার মধ্যে বর্ত্তমান আছে, যদিও মন ইহার অনুবাদ করিয়া গৌণভাবেব এমন একটা রূপায়ণ গড়িয়া তোলে যাহ। স্বতঃসিদ্ধ বন্ধ নয়, অন্য বন্ধ হইতে জাত, এবং যাহার প্রমাণসিদ্ধতা নাই। অবিদ্যার স্বরূপে এই স্বতঃসিদ্ধতা, আপনাতে আপনি বর্ত্তমান থাকা, অথবা এই প্রমাণসিদ্ধতা নাই, জ্ঞানেব সঙ্কোচ, অবরোধ বা অভাবের মারাই অবিদ্যার অন্তিম্ব সম্ভব হয়, তেমনি প্রমের মূলে আছে সত্য হইতে বিচ্যুতি, মিধ্যার মূলে আছে সত্যের বিকতি, বিরোধ বা অস্বীকৃতি। কিন্তু জ্ঞানের সম্বন্ধে তেমনভাবে একথা বলা চলে না যে, তাহা স্বরূপতঃ অবিদ্যার সক্ষোচ অবন্ধোধ বা অভাবের ফলে জাত হইয়াছে, মানুষের মনে হইতে পারে যে জ্ঞানের উন্মেম হয় আংশিকভাবে, অবিদ্যার ঐরূপ সঙ্কোচ বা অবরোধের ধারার মধ্য দিয়া. অর্দ্ধাচছনু আলোক হইতে অন্ধকাবের অপসরণের ফলে, অপবা কখনও বা মনে হয় যেন সজ্ঞানই জ্ঞানে রূপান্তরিত হইতেছে, কিন্তু তবু **ধাঁটি তথ্য এই যে আমাদের সত্তা**ন গভীরে জ্ঞানের স্বাভাবিক স্বস্তিম আছে এবং তথা হইতে স্বাধীনভাবেই আমাদের চেতনায় তাহার জন্ম বা আবির্ভাব হয়।

আবার, শিব এবং অশিব সম্বন্ধে ইহ। বলা যাইতে পারে যে সত্য চেতনার 
মারা যেমন শিবের অস্টিম্ব শন্তব হয় তেমনি কেবল অনৃত চেতনার বলেই অশিব 
বাঁচিয়া থাকিতে পারে, অবিমিশ্র সত্যচেতনাতে শুধু শিবেরই স্থান আছে, তথায় 
তাহার সহিত অশিব থাকিতে পারে না কিম্বা সেখানে শিব অশিবের সানিব্রেধ্য 
গড়িয়া উঠে না। সত্য এবং প্রমের মত, শিব এবং অশিব সম্বন্ধে মানুমের দেওয়া

#### किया जीवन वार्खा

মূল্য ও অর্থ বস্তুত: অনিশ্চিত এবং আপেক্ষিক, বিশেষ কোন কালে বা দেশে যাহা সত্য মনে করা হয় অন্য দেশে বা কালে তাহাই লম হইয়া দাঁড়ায়, যাহা শিব বলিয়া মনে হইতেছে তাহাই অন্য স্থানে বা অন্য কালে অশিব মনে হইতে পারে। আবার ইহাও দেখি যাহাকে আমরা অশিব বলিতেছি তাহা কখনও কখনও শিবময় মূত্তিতে পরিণত হয়, আবাব যাহা শিবময় দেখিতেছি তাহা পরিণামে হয়ত অশিব হইয়া দাঁড়ায়। এই যে প্রতিকলভাবে শিবের অশিবে পরিণতি, তাহার কারণ জ্ঞানের সঙ্গে অবিদ্যার, সত্যচেতনার সহিত অনৃত চেতনাব মিশ্রণ এবং তজ্জনিত বিশৃষ্থলা, যাহার ফলে মঙ্গলের প্রয়োগে অজ্ঞতা এবং বন আদিয়া পড়ে অথবা উপদূৰকারী কোন শক্তি আদিয়া পড়িয়া এ বিপর্য্যয় ঘটায। পক্ষান্তরে আবাব যখন অশিব হুইতে শিবেব আবির্ভাব হয়, তখন সে স্থকৰ বিপৰীত পরিণামের মূলে থাকে কোন অন্তগ্ৰুচ সত্যময় চেতনা ও শক্তিৰ অনুপুৰেশ, যাহা অনৃত চেতনা এবং অনৃত সম্কল্প সত্ত্বেও তাহার পশ্চাতে থাকিয়া তাহার বিরুদ্ধে ক্রিয়া করে, অথবা হয়ত প্রতীকার্ণপরায়ণ কোন কল্যাণ শক্তি মধ্যে আসিয়া পড়ে। এই আপেক্ষিকতা এবং সংমিশ্রণ মানব-চেতনার এক ঘটনা এবং মান্বজীবনে বিশুশক্তির ক্রিয়ার ফল, কিন্তু ইহা শিব এবং অশিবের মূলগত সত্য নয। আপত্তি হইতে পারে যে জড় প্রকৃতির অনর্থ —যেমন ক্লেশ ও শাবীরিক যন্ত্রণা—জ্ঞান এবং সজ্ঞান, সত্য এবং অনৃত চেতনার উপব নির্ভব কবে না, তাহার মূল রহিয়াছে জড়-প্রকৃতির মধ্যে, কিন্ত-মূলতঃ गकन मु:थ ও यञ्जभा विश्-ठत मखाय हिए-शक्तित यशाहर्रियत करने एतथा एमय ; এই অপ্রাচুর্ব্যের জন্য তাহার পক্ষে আত্ম বা পুরুষ এবং প্রকৃতির সঙ্গে খাঁটি ব্যবহার সম্ভব হয় না, অথবা বিশুশক্তিব সংঘাতসমূহ আদ্মসাৎ করিতে বা নিজের সঙ্গে তাহাদেব সামঞ্জস্য স্থাপন কবিতে পারে না, আমাদের মধ্যে অখণ্ড সত্তার জ্যোতির্ন্নয় চেতনা এবং দিব্যশক্তির পূর্ণ আবেশ যদি থাকিত, তবে এ সমস্তের অন্তিত্ব গাকিত না। অতএব সত্যেব সঙ্গে মিপ্যার, শিবের **সঙ্গে** অশিবের যে সম্বন্ধ তাহ। এমন নয় যে একের অস্তিত্ব অপরের উপর নির্ভর করে. ইহাদের বিরোধ আলো ছায়ার বিরোধের মত, ছায়াকে নিজের অস্তিম্বের জন্য আলোকের উপর নির্ভর কবিতে হয় কিন্তু আলোকের অস্তিম্ব ছায়ার উপর নির্ভর করে না। নিত্যবন্ধর সহিত তাহারই কোন কোন মূল বিভাবের এই সমস্ত বিরোধী ভাবের সমন্ধ ব্ঝিলে দেখিব যে বিরোধী ভাবসমূহ সেই নিত্য বস্তুর মৌলিক কোন বিভতি নয়, সত্য এবং শিব বদ্ধের মল বিভাব বটে কিন্তু মিথ্যা

### অনৃত, ভ্রম, অধর্ণ্ম এবং অশুনেন্তর উৎপত্তি এব: প্রতিকার।

এবং অশিব কোন মৌলিক বস্তু নহে, অনন্ত বা শাশুত সন্তার কোন মূল শক্তি নহে, স্বয়ন্তু সন্তার মধ্যে অব্যক্তভাবে বা বীজাকারেও তাহাদের কোন অন্তিত্ব নাই, মূলে অনুসূত হইয়া থাকিবাব কোন প্রমাণসিদ্ধতা নাই।

ইহা সত্য যে, সত্য এবং শিবের একবার প্রকাশ হইলে, মিখ্যা এবং অশিবের ধারণা করা সম্ভব হইযা উঠে, কেননা কোন বস্তুর অন্তিম্ব বা ভাব যখন স্বীকার করা হয় তখন তাহার অভাবও বোধগম্য বা কল্পনীয় হইয়া পড়ে। সৎ চিৎ ও আনন্দের প্রকাশে অসৎ, নিশ্চেতনা এবং বোধহীনতার প্রকাশ कन्प्रनाटि एम्था मिटि गक्तम হয় এবং कन्प्रनाटि एम्था मिट्न, এक शिनाटि তাহাদের প্রকাশ অপরিহার্য্য হইয়া পড়ে, কারণ যাহা কিছু সম্ভাবিত তাহাদেব মধ্যে বাস্তবে পরিণত হওযার একটা প্রবেগ খাকে, দিব্য সভাব বিভাব সমূহের এই সমস্ত বিরোধী ভাবের সম্বন্ধেও এ নিয়ম খাটে! এই যুক্তি অনুসারে এই তর্ক তোলা যাইতে পাবে যে, যেহেতু সত্য এনং শিবেন প্রকাশের সচনাতেই যে চেতনা প্রকাশ হইতেছে, তাহার কাছে তৎক্ষণাৎ এই সমস্ত বিরোধী ভাব বোৰগম্য হয়, অতএব তাহার৷ নিত্য বস্তুতে অন্তর্নিহিত ছিল এবং সকল বিশ্বভাবনার সহিত তাহাদেব সম্বন্ধ অবিচেছদ্য। কিন্তু লক্ষ্য করা যাইতে পারে যে বিশ্বে প্রকাশের মধ্যেই কেবল তাহাদেব সম্ভাবনা দেখা দেয, কালাতীত সত্তায় পূৰ্বে হইতে তাহারা বৰ্ত্তমান থাকিতে পাবে না, কেননা যে একম্ব এবং আনন্দ সে সত্তার স্বরূপগত উপাদান তাহার মধ্যে এ সমস্তের কোন স্থান থাকিতে পারে না, কেননা তাহারা সে উপাদানেব বি-সম বস্তু। বিশ্বের মধ্যেও তাহারা ততক্ষণ আসিতে পাবে না, যতক্ষণ পর্য্যন্ত সঙ্কোচের ফলে সত্য এবং শিব খণ্ড এবং আপেক্ষিকরূপে প্রকাশ না পায়, অখণ্ড দত্তা এবং চেতনা ভাঙ্গিয়া গিয়া বিবিক্তসত্তা এবং চেতনায় যতক্ষণ পবিণত না হয়। কারণ বছম এবং বৈচিত্র্যের মধ্যেও যেখানে একজ্ঞান এবং চিৎ-শক্তির অন্যোন্যসঙ্গম পূর্ণরূপে বর্ত্তমান থাকে, সেখানে আত্মজ্ঞান এবং পরস্পরের জ্ঞান স্বতঃস্ফুর্ত্তভাবেই বর্ত্তমান এবং ভ্রমবশতঃ নিজেকে অথবা পরম্পরকে না জানা অসম্ভব। ঠিক তেমনি আত্মজ্ঞানময় একত্বের ভিত্তিতে পূর্ণ সত্য যেখানে প্রতিষ্ঠিত, সেখানে মিখ্যার স্থান নাই, তথায় মনৃত চেতনা এবং অনৃত সংকল্প এবং তজ্জাত মিখ্যা ও দ্রমের সক্রিয়তা নাই অশিবের তথায প্রবেশাধিকার নাই। যে মুহর্তে ভেদজ্ঞান দেখা দেয় তখনই ইহাদের প্রবেশের অধিকার স্থাপিত হয় বটে, কিন্তু ভেদজ্ঞান আসিবামাত্র যে তাহারাও আসিয়াই পডিবে এমন নহে। বিবিক্ত

**964** 

#### शिया जीवन वार्डा

সন্তাসকলের মধ্যে অবৈত চেতনা স্বস্পষ্টভাবে জাগ্রত না থাকিলেও যদি তাহাদের পরস্পরের ভাবের যোগ নিবিড় হয়, খণ্ড বা সীমিত জ্ঞানের স্বাভাবিক নিয়ম বা আদর্শ হইতে বিচ্যুতি বা বিপর্থগমন না ষটে, তবে সেখানে সত্য এবং সামঞ্জস্যের প্রভাব অক্ষ্ণু থাকে এবং অশিবের প্রবেশের কোন পথ থাকে না। অতএৰ মিথাা এবং অশিব যেমন অন্যানিরপেক্ষ চরম বস্তু নয় তেমনি বিশ্বব্যাপারেরও তাহার৷ অপরিহার্য্য অঙ্গ নয়, ক্রমপরিণামের এক বিশেষ ন্তরে তাহারা ঘটনা বা পরিণামরূপে আসিয়া পড়ে, আসিয়া পড়ে যখন ভেদজ্ঞান পরস্পর বিরূদ্ধতায় পর্য্যবসিত হয় এবং অজ্ঞান যখন জ্ঞানেব প্রাথমিক অচেতনারূপে দেখা দেয় এবং ফলে তথা হইতে অনৃত চেতনা ও অনৃতজ্ঞান ফুটিয়া উঠে যাহার মধ্যে অনৃত সঙ্কল্প, অনৃত বেদনা, অনৃত ক্রিয়া এবং অনৃত প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত থাকে। এখন প্রশু এই, বিশু বিস্টির কোন্ পর্বে-সন্ধিতে এই বিরোধ দেখা দেয়; কেননা ইহা হইতে পারে যে ভেদভাবগ্রস্ত মন ও প্রাণে যখন চেতনা অধিকতরভাবে সংবৃত হইয়া পড়িতে থাকে, তখন তাহাব কোন স্তরে অথবা চেতনা নিশ্চেতনার মধ্যে ড্বিয়া যাওয়ার পরেই ঙ্ধু সে অবস্থা দেখা দিতে পারে। তাহা হইলে প্রশুটি রূপান্তরিত হইয়া এই দাঁড়ায় :—মিথ্যা, ত্রম, অধর্ম ও অশিব কি মূলতঃ প্রাণ ও মনের ভূমিতেই অবস্থিত রহিয়াছে, ইহারা কি প্রাণ ও মনের স্বাভাবিক বিভূতি? অথবা তাহার। কি জড বিস্মষ্টির স্বাভাবিক বৈশিষ্ট্য, নিশ্চেতনার তমোভাব দ্বারা মন এবং প্রাণে কেবল সংক্রামিত হইয়াছে মাত্র ? আরও প্রশু করা যাইতে পারে, যদি জড়াতীত মনে ও প্রাণে তাহাদের অস্তিম্ব দেখা যায় তবে তাহার। যুলতঃ তথাকার বস্তু কি না এবং তথায় তাহাদের অস্তিম্ব অপরিহার্য্য কি না, কেননা বরং এমন হইতে পারে জড়াতীত ক্ষেত্রে জড় বিস্মষ্টির বিস্তার বা পরিণামবশতঃ ইহারা দেখা দিয়াছে। আবার এ সিদ্ধান্ত যদি সমীচীন না হয়, তবে ইহা হইতে পারে যে স্পষ্টিশীল নিশ্চেতনার অপরিহার্য্য পরিণামরূপে যে বিস্ফট দেখা দেয় তথায় আরও স্বাভাবিকভাবে তাহাদের স্থান থাকিলেও বিশ্ব প্রাণ মনে তাহার পৃর্ববর্ত্তী প্রয়োজন বা নিয়তিরূপে তাহারা বর্ত্তমান থাকিতে পারে ; তাই ফলোন্স্থরূপে বিশু প্রাণ ও মনে তাহাদের জড়াতীত অন্তিম্বের প্রথম সূচনা দেখা দিয়াছে।

মানুষ চিরাগতভাবে এই জ্ঞান পোষণ করিয়া আসিয়াছে যে জড়ের ভূমি ছাড়াইয়া গেলে, তাহার অতীত লোকসকলের মধ্যেও দেখিতে পাওয়া যায় যে এই সমস্ত অনর্থ বর্ত্তমান আছে। এই সমস্ত লোকে প্রাণের এবং প্রাণময়

# অনৃত, ভ্রম, অধর্শ্ব এবং অক্তভের উৎপত্তি এবং প্রতিকার।

মনের যে সমন্ত রূপ এবং শক্তির জড়াতীত অনুভূতি হয়, তাহাতে যেন মনে হয় যে এই পার্থিব জগতে প্রাণ এবং প্রাণময় মনের রূপ ও শক্তির মধ্যে যে বৈষম্য অসম্পূর্ণতা বা বিকৃতি দেখা যায়, তাহাদের জড়-পূর্ব্ব ভিত্তি ঐ সমস্ত জড়োত্তর জগতেই রহিয়াছে। অধিচেতন ভূমির এই সমস্ত অনুভব যেন বলে যে সেখানে এই সমস্ত শক্তি আছে এব এই সমস্ত শক্তিকে দেহরূপে গ্রহণ করিয়া এমন সব জড়াতীত সত্তা আছে, যাহারা তাহাদের মৌলিক প্রকৃতিতে আসক্ত হইয়া আছে অবিদ্যাতে, চেতনার অন্ধকারে, শক্তিব অপব্যবহারে, আনন্দের বিকৃতিতে, এক কথায় আমবা যাহাকে অনর্থ বা অশুত বলি তাহার সকল কারণ এবং পরিণামে। এই সমস্ত শক্তি বা সত্তা পার্থিব জীবের উপর তাহাদের বিরোধী প্রকৃতি চাপাইয়া দিবার জন্য ক্রিয়াশীল হইযা আছে, জগতের মধ্যে তাহাদের প্রভূষ বজায় রাখিতে তাহারা সর্বেদা ব্যস্ত এবং উৎস্কুক; মালোক, সত্য এবং শিবের উপচয় বা বৃদ্ধির বিরন্ধাচরণই তাহাদেব ধর্ম বিশেষরূপে জীবাদ্ধার দিব্যচেতনা এবং দিব্যসন্তার দিকে অগ্রসর হওযার পথে বাধা স্ঠাষ্ট করাই যেন তাহাদের বুত। এই দিকের পরিচয়, সর্বদেশের প্রাচীন প্রাণে এবং ধর্ম্মে, গুহ্যবিদ্যার সকল পদ্বায় সাধারণ জনশ্রুতি রূপে দেখিতে পাই, এ সমস্তের गरिश जारलोक এবং जन्नकारत्रत्र भेक्तित्र, शिव এवং जशिरवत्, विश्वनामक्षना বিধায়ক শক্তি এবং বিশু বিশুঝলা স্মষ্টির শক্তির মধ্যে নিরন্তর ছন্দ ও সংগ্রামের বিববণ পাই।

ঐতিহ্যের এই জ্ঞান ও মতবাদ পূর্ণরূপেই যুক্তি সঞ্চত, অন্তরের অনুভূতি দিয়াও ইহা সমথিত হয়, যদি জড়োত্তর কিছু আছে ইহা স্বীকার করি এবং জড়গত্তাই একমাত্র সত্তা মনে করিয়া তাহার মধ্যে নিজদিগকে একাস্তভাবে নিবদ্ধ করিয়া না রাখি, তবে এ সিদ্ধান্তের যৌক্তিকতা অস্বীকার করিবার কোন কারণ দেখি না। যেমন বিশু এবং তন্মধ্যস্থ প্রাণীবর্গকে ধারণ করিয়া তাহাদের মধ্যে অনুসূতি হইয়া এক বিশ্বাদ্ধা আছেন তেমনি এক বিশ্বদক্তি আছে যাহা সব কিছু পরিচালনা করে, এই মূলা বিশ্বশক্তির আশ্রয়ে থাকিয়া তাহারই নানা বিভূতি বা বীর্ষ্য, বহু সার্বজনীন শক্তিরূপে ক্রিয়া করে অথবা তাহারা মূলা শক্তির বিশুজ্মীন ক্রিয়ায় রূপায়িত হইয়া উঠে বিশ্বে যাহা কিছু মূর্ত্ত হইয়া উঠিতেছে, তাহার আশ্রয়রূপে এক শক্তি বা শক্তিসমূহ আছে, তাহারা চায় আধারের পূর্ণতা বা পুষ্টি, চায় তাহার সফল ক্রিয়াঘারা নিজেদের আত্মপ্রতিষ্ঠা, তাহার সার্থকতা, পুষ্টি এবং প্রভূত্বে নিজেদের সার্থকতা; তাহার

#### क्ति भीतन वादी

বিজয় বা উষর্ত্তনে ( বাঁচিয়া থাকাতে ) নিজেদের আন্মসম্পূণতা এবং আয়ুবৃদ্ধি দেখিতে পায়। যেমন জ্ঞানের অথবা জ্যোতির শক্তিসমূহ আছে, তেমনি অবিদ্যার এবং অন্ধকারের তামসী শক্তিসমূহও আছে, যাহাদের কাজই হইতেছে অবিদ্যা এবং নিশ্চেতনার রাজম্বকে বজায় রাখা : যেমন আছে সত্যের শক্তি, তেমনি আছে মিথ্যারও শক্তি, যাহারা মিথ্যার দ্বারা বাঁচিয়া থাকে মিথ্যাকে ধারণ করিয়া থাকে এবং মিথ্যার বিজয়ের জন্য ক্রিয়া করে; এমন শক্তিসকল আছে যাহাদের প্রাণ শিব বা শুভের সত্তা, ভাবনা এবং সংবেগের সঙ্গে একান্ডভাবে বন্ধ, আবার এমন শক্তিসমূহও আছে যাহাদের প্রাণ অনর্থের সন্তা, ভাবনা এবং সংবেগের সহিতই সম্বদ্ধ। বিশ্বের এই সমস্ত অদৃশ্য শক্তির কথা প্রাচীনের। রূপকের ভাষায় আলো ও আঁধারেব, শিব ও অশিবের ছন্দ্ররূপে বর্ণনা করিয়াছেন, তাহারা চায় জগৎকে অধিকার করিতে, মানুমেব জীবনকে পরিচালিত করিতে, বেদে দেবতা এবং তাহাদের প্রতিপক্ষগণের, অন্ধকার এবং ভেদের পুত্রদের ( বৃত্র এবং দিতিপুত্রগণের )—পরবর্তী যুগের ঐতিহ্যে বাহাদিগকে অস্ত্রর রাক্ষস ও পিশাচ বলা হইয়াছে—মধ্যে যে ছল্ছের বর্ণনা করা হইয়াছে ইহাই তাহার অর্থ ; জোরোযান্তারের প্রবৃত্তিত ধর্ম্মে যে দৃই শব্জির ছন্দের কথা আছে তাহাতে এবং পরবর্তীযুগে সেমেটিক ধর্মে একদিকে ঈশুর এবং তাহার দেব-বাহিনী (বা দেবদূত্র্গণ ) এবং অন্যদিকে শয়তান এবং তাহার অনুচরবর্গেব বিরোধের চিত্রে এই একই ঐতিহ্যের পরিচয় পাই ; এ সব কাহিনীর তাৎপর্য্য এই যে এমন সব অদৃণ্য শক্তি এবং সত্তা আছে যাহাদের একদল দিব্যজ্যোতি সত্য এবং শিবের পথে মানুষকে টানিয়া লয়, আর এক দল তাহাকে প্রলুক করে অন্ধকার, মিথ্যা এবং অনর্থের অদিব্য ভাবের অধীনতার দিকে। নিক মন্ বিজ্ঞানের আবিকৃত অধব। বৈজ্ঞানিক দারা স্বষ্ট শক্তি ছাড়া অন্য কোন অদৃশ্য শক্তির কথা জানে না; পাথিব জগতে আমাদের চারিদিকে যে মানুষ, পশু, পক্ষী, সরীসপ, মৎস্যা, পোকামাকড়, কীটাণু বা জীবাণু দেখিতেছি তাঁহা ছাড়া অন্য কোন সত্তা বা প্রাণী স্বষ্টি করিবার সামর্থ্য যে প্রকৃতির আছে তাহা বিশ্বাস করে না। কিন্তু যদি জড়ধর্মী অদৃশ্য বিশ্বশক্তি অচেতন জড়বস্তুর উপর ক্রিয়া করিতে পারে, তাহা হইলে প্রাণ ও মনোধর্মী অদুশ্য বিশ্বশক্তি যে মানুষের প্রাণ ও মনেব উপর ক্রিয়া করিতে পারে না, তাহা মনে করিবার কোন যুক্তি-यक कात्रण नारे। यपि জড-জগতে মন এবং প্রাণ নৈব্ব্যক্তিক শক্তি হইয়াও চেতনসত্তাকে রূপায়িত অথবা জড-জগতে সেই শক্তিসকলের জডীয় রূপ দিতে

# অনৃত, ভ্রম, অধর্ম্ম এবং অন্তভের উৎপত্তি এবং প্রতিকার

মানুমকে প্রবৃত্ত করাইতে পারে এবং জড়ের উপর এবং জড়ের মধ্য দিয়া কিয়া করিতে পারে, তাহা হইলে সেই সমন্ত অদৃশ্য বিশ্বশক্তি তাহাদের নিজ নিজ ভূমিতে অবস্থিত থাকিয়া, যাহার সূজা উপাদান আমাদের নিকট অদৃশ্য এমন সচেতন সন্তা সকলকে যে রূপায়িত করিয়া তুলিতে পারে অথবা তাহারা সেই সমন্ত ভূমি হইতে পাথিব প্রকৃতিব মধ্যে অবস্থিত জীবের উপর যে ক্রিয়া করিতে পারে, ইহা অসম্ভব বা অযৌজিক মনে হয় না। মানুমের কিয়্বদন্তী-মূলক বিশ্বাস এবং অভিজ্ঞতা অথবা পুরাণকথা সত্য বলিয়া মানি বা না মানি তত্ত্বতঃ যাহা সত্য এমন কিছুকে অবলম্বন করিয়াই সে সমন্ত ছবি আঁকা হইয়াছে ইহা বলা যাইতে পারে। তাহা হইলে এই দাঁড়ায় যে শিব এবং অশিবের মূল উৎস, পাথিব জীখন অথবা নিশেচতনা হইতে ক্রমপরিণতিব কোন পর্বের্বিহিত নয় কিন্ত কোন জড়াতীত ভূমিতে প্রাণের মধ্যেই সে উৎস অবস্থিত, এবং বৃহত্তর জড়াতীত প্রকৃতি হইতেই তাহার। এখানে প্রতিফলিত হইযাছে।

ইহা নি•িচত যে যখন আমরা বাহ্য প্রতিভাস হইতে আমাদের সন্তাব অতি গভীরে প্রবেশ করি তখন দেখিতে পাই যে, মানুষেব মন ছদয এবং ইন্দ্রিয়-চেত্রনা এমন শক্তিগকল দ্বারা পরিচালিত হয় যাহাদেব উপর তাহার কোন কর্ত্তব নাই এবং সে বিশ্বশক্তিসমূহের হস্তস্থিত যন্ত্র হইয়া পড়ে অথচ তাহার কর্মের উৎস কোখায় তাহা জানে না। জড়ম্য বহির্ভূমি হইতে যখন সে অন্তরের সত্তা বা অধিচেতন ভূমিতে প্রবেশ করে, তখন এই সমস্ত শক্তিকে সাক্ষাৎভাবে জানিতে পাবে এবং তাহার উপর তাহাদের ক্রিয়াকেও সাক্ষাৎ-ভাবে জানিতে সক্ষম হয় এবং তাহাদের সহিত যথায়থ ব্যবহার করিতে পারে। ক্রমে সে জানিতে পারে যে কত শক্তি তাহার মধ্যে আসিয়া, তাহাকে এক অথবা অন্যদিকে পনিচালিত করিতে চায়, কতভাবের ঈপিত এবং প্রবৃত্তির প্রেরণা তাহার আপনার মনের স্বাভাবিক আদিম বৃত্তির ছ্দুবেশে আসিয়াছিল এবং তাহাদের সহিত তাহাকে সংগ্রামরত হইতে হইযাছিল। তথন সে উপলব্ধি করিতে পারে যে সে নিজে অচেতন এক জগতে নিশ্চেতন জডের বীজ হইতে অজানিত রহস্যপূর্ণভাবে উহুত আন্ধ-অবিদ্যার অন্ধকারে বিচরণশীল এক সচেতন প্রাণী নয়, কিন্তু সে নুঝে যে সে এক দেহধারী আত্মা, বাহার ক্রিয়াব মধ্য দিয়া বিশুপুক্তি নিজেকে পরিপূর্ণ করিয়া তুলিতে চাহিতেছে, সে এক জীবন্ত যুদ্ধক্ষেত্ৰ যেখানে, একদিকে যাহা হইতে ইহা এখানে উন্মিঘিত হইয়া উঠিয়াছে. সেই অবিদ্যার অন্ধকার এবং অন্যদিকে উর্দ্ধ স্থিত এক অ-দৃষ্ট দিগন্তের দিকে

### দিবা জীবন বার্ডা

ক্রমবর্দ্ধমান এক জ্ঞানের আলোক এই উভয়ের মহাসংগ্রাম চলিতেছে। তর্থন যেশক্তি সকল তাহাকে পরিচালিত করিতে চাহিতেছে এবং যাহাদের মধ্যে শিব-শক্তি এবং অশিব-শক্তিও রহিয়াছে, তাহারা বিশ্বপুকৃতিরই শক্তি বলিয়া সে বুঝিতে পারে, মনে হয় তাহারা কেবল জড়বিশ্বের শক্তি নয়, জড়োত্তর প্রাণ ও মনোভূমিরও শক্তি।

এই যে সমস্যা আমাদিগকে পূর্বে হইতে অধিকার করিয়াছে তাহার গুরুষ সম্বন্ধে একটা বিষয়ে আমাদিগকে প্রখমে অবহিত হওয়া প্রয়োজন; অনেক সময় দেখা যায় যে ক্রিয়ার মধ্যে এই সমস্ত শক্তি মানুষের বাঁধাধরা শাপকে বহু-গুণে ছাড়াইয়া যায় বলিয়া বোধ হয়, তাহাদের বুহত্তর ক্রিয়াতে যেমন আছে দিব্য, আস্ত্রর বা পৈশাচিক শক্তির অতিমানুষী বিপুলতা, আবাব তেমনি মানুষেব মধ্যেও গড়িয়া উঠে তাহাদের ক্ষুদ্র বৃহৎ নানা রূপায়ণ, মানুঘের মহত্তে এবং ক্ষুদ্রতায় ঘটে তাহাদেন প্রকাশ, কখন অন্ন কখনও বা দীর্ঘকাল ধরিয়া তাহার। মানুষকে আরছে আনে এবং পরিচালনা করে, তাহাদের আবেগ এবং ক্রিয়ার উপর প্রভাব বিস্তার করে, অথবা তাহাদের সমগ্র প্রকৃতি অধিকার করিয়া বসে। এইরূপ অধিকাবের ফলে মানুষ তাহাব স্বাভাবিক সীমা হইতে বহু দ্র চালিত হইতে পারে, ভাল কিয়া মন্দের বিশেষতঃ মন্দেব এমন রূপায়ণ হঁইতে পাবে, যাহাতে মানুষেব পৰিমাণ বুদ্ধিকে স্তম্ভিত করিয়া দিতে, তাহাব ব্যক্তিত্বের সীমা ছাড়াইয়া যাইতে পারে, আসিতে পারে আস্তরিক বিপুলতা এবং হইতে পারে অমেয়তাব দিকে অগ্রসর। তথন পুশু হইতে পারে অশিব শক্তির চরম কোটি থাকিতে পারে না, এই যে বলা হইয়াছে তাহা কি ভুল নয় ? কেননা মানুষের মধ্যে সত্যা, শিব এবং স্থলারের চরম কোটিতে পৌ ছিবার জন্য একটা চেষ্টা একটা অভীপ্সা একটা আকৃতি যেমন দেখিতে পাই, তেমনি আস্কুরী শক্তির এরূপ অতিবৃদ্ধি এবং দুঃখ ও জালার অতি বিপুল তীব্রতা দেখিয়া মনে হয় যেন অশিবও তাহার চরম কোঁটিতে পে"ছিয়া আন্মোপনন্ধি করিতে চাহিতেছে। কিন্তু একটা কিছু অপরিমেয় হইলেই যে তাহার অন্যনিরপেক্ষ একটা চরম কোটি থাকিবে একথা বলা যায় না, কেননা চরম কোটি বা চবম তথা নিজে কোন পরিমাণের বস্তু নয়, তাহা সকল পরিমাণের বা পরিমিতির অতীত বস্তু, তাহার অর্থ শুধু বিপুলতা নহে, তাহার অর্থ তাহার স্বরূপ-সত্তা পূর্ণরূপে স্বাধীন এবং অন্যনিরপেক ; তাই এক দিকে তাহা সূক্ষ্যাতিসূক্ষ্যের অন্য দিকে অনম্ভের মধ্যে তুল্যভাবে আত্মপ্রকাশ করিতে পারে । ইহা সত্য যে মনো-

# অনুত, ভ্রম, অধর্ম এবং অন্তভের উৎপত্তি এবং প্রতিকার

ভূমি হইতে যথন অধ্যান্বভূমির দিকে অগ্রসর হই—এই অগ্রসর হওয়া চরম তত্ত্বের দিকেই অগ্রসর হওয়া—তথন আমরা সক্ষাভাবে বিস্তার লাভ করি, আমাদের মধ্যে আলোক, শক্তি, শান্তি, আনন্দের সংবেগ ক্রমশঃ বাড়িয়া উঠে, বলিতে পারি এ সমন্ত আমাদের সীমার বন্ধন কাটিবার চিহ্ন : কিন্তু এ সমন্ত স্বাধীনতা লাভের উচচন্তরে এবং বিশ্বব্যাপ্তিতে পৌঁছিবার প্রথম চিহ্ন বটে কিন্তু যাহা এখানে মূল কথা, আত্মসত্তার সেই অন্তর্ন্মুখী চরম কোটিতে পৌঁছিবার চিহ্ন ইহা এখনও নয়। দু:খ এবং অনর্থ সে চরম কোটিতে কখনও পৌঁছিতে পারে না, কারণ তাহারা সীমিত এবং অন্য বস্ত হইতে জাত। যদি যন্ত্রণা অপরিমেয হইয়া উঠে তবে তাহা হয নিজেকে অথবা যাহার মধ্যে তাহার প্রকাশ হয় তাহাকে বিনষ্ট করে, নযতো অসাডতাতে পর্য্যবসিত অথবা কদাচিৎ কোন ক্ষেত্রে আনন্দে রূপান্তরিত হয়। যদি অশিব একান্ত এবং অপরিমেয় হইয়া উঠে, তবে তাহা জগৎ এবং নিজের আধার ও আশ্রয়কে বিনাশ করিবে, সমস্ত চূর্ণ বিচূর্ণ করিয়া নিজের এবং অন্য বস্তুর অস্তিত্ব লোপ করিবে। অবশ্য যে শক্তি অন্ধকার এবং অনর্থকে আশ্রয় দেয় তাহ। নিজের অতিস্ফীতি দারা যেন অনন্তে পৌঁ ছিতে চায় বলিয়া মনে হয়, কিন্তু তাহা অতিবিপ্নতায় পৌঁ ছিতে পারে অনন্তে নয়, বড় জোর তাহা নিশ্চেতনার মত একপ্রকার অনন্তের অতলে যেন পৌঁছিয়াছে এমন দেখায় কিন্তু তাহাও প্ৰকৃত অনন্ত নয়। স্বরূপত: অন্যনিরপেক্ষ হইয়া নিজেতে নিজে থাকিবার শক্তি অথবা সেই স্বয়ভূ-সন্তাতে নিত্য অনুসূর্তি হইয়া থাকিবার শক্তিই চরম কোটিছের একমাত্র লক্ষ্ণ ; লম মিথ্যা এবং অশিব বিশুশক্তি হইলেও অন্যনিরপেক্ষ নয়, তাহাত্ম চরম কোটিছের দাবীও করিতে পারে না কেননা, তাহাদের অস্তিম নির্ভর করে তাহাদের বিরোধী তত্ত্বের বিকৃতি বা প্রতিষেধের উপর, তাহারা সত্য এবং শিবের মত স্বয়ম্ভ পরতত্ত্ব অর্থবা যিনি পরমস্বয়ম্ভ-সত্তা তাহাতে নিতা অনুস্যুত কোন বিভাব নয়।

এই সমস্ত তামসী শক্তির জড়াতীত এবং জড়পূর্বে অস্তিম সম্বন্ধে আমর। যে সমস্ত প্রমাণ পাইয়াছি তাহাতে দিতীয় আর একটি সংশয় জাগে, তাহা হইতে যেন ইন্ধিত পাওয়া যাইতে পারে যে তাহারা মৌলিক-বিশ্ব-তত্ত্ব হইতেও পারে । কিন্তু ইহা লক্ষ্য করিবার বিষয় এই যে, জড়াতীত ক্ষেত্রে প্রাণের নিমুতর লোকেই তাহারা দেখা দেয়, তাহার উদ্বে তাহাদের অস্তিম্ব দেখা যায় না। তাহারা ''বায়ুলোকের লোকপালদের শক্তি'' ইহাই তাহাদের সম্বন্ধ প্রাচীনদের উক্তি, প্রাচীনদের রূপকের ভাষায় বায়ু হইল প্রাণতত্বের প্রতীক,

#### দিব্য জীবন বার্তা

তাই বায়ুলোক বলিতে বুঝায় সেই মধ্যবৰ্ত্তী লোক যেখানে মূলতঃ প্ৰাণতৰের প্রাধান্য। স্নতরাং এই সমস্ত বিপরীতমুখী শক্তি মৌলিক বিশুশক্তি নয়; তাহার। প্রাণ অথবা প্রাণময় মনের স্বাষ্ট। তাহাদের জড়াতীত বিভাব এবং পাৰ্থিব প্ৰকৃতির উপৰ প্ৰভাব বিস্তারের ব্যাখ্যা এইভাবে পাওয়া যায়, নিমু৷-ভিমুখা সংবৃতির ধাবাতে জাত লোকসকলের সঙ্গে একত্রে সমান্তরালভাবে অবস্থিত আছে অন্য সব লোক, যাহার৷ উদ্ধাভিমুখী বিবৃতি বা পরিণতির ধারাতে স্প্র হইযাছে, পুর্বোক্ত লোকসকল ঠিক পার্থিব সন্তার বিস্কৃষ্টি নয়; তাহার। পরিণতিশীল পার্থিব রূপায়ণসমূহকে আশ্রুয় দিবার জন্য সংবৃতির নিমাভিমুখী ধারাতে উপভবনরূপে (প্রধান গৃহের পার্শুবর্ত্তী আনুঘদ্দিক ক্দু গৃহ-annexe) পূৰ্বে হইতে স্বষ্ট হইয়াছে; তথায অশিব শক্তি দেখা দিতে পারে, সকল বা সমগ্র প্রাণে অনুসূতভাবে নয়, কিন্তু সভাবিত এবং পূর্ব-গঠিত ভাব বা বীজ্যতারূপে, তাই নিশ্চেতনা হইতে পরিণতি বশে যে চেতনা উন্মিষ্টিত হইয়া উঠিতেছে তাহাব মধ্যে ইহাদের রূপায়ণ অপরিহার্য। যাহ। হউক, মিখ্যা, ভ্রম, অধর্ম এবং অশিবের গতিবিধি সর্বাপেক। ভালভাবে লক্ষ্য করিতে অথবা তাহাদের উৎপত্তিব কারণ বুঝিতে পারি যথন দেখি তাহার। নিশ্চেতনারই পরিণাম: কেননা নিশ্চেতনা হইতে চেতনাতে ফিরিবার পথেই ইহাদের রূপায়ণ দেখা যায়, সেখানে তাহাদের আবির্ভাব স্বাভাবিক এমন কি অপরিহার্য।

নিশ্চেতনা হইতে প্রথম জড় উছূত হইয়াছে, জড়ের মধ্যে মিথ্যা কিষা অশিব বলিয়া কিছু থাকিতে পারে না, কেননা ইহাবা উভয়েই অবিদ্যাচছনু ধণ্ডিত বহিশ্চর চেতনা এবং তাহার প্রতিক্রিয়ায় জাত হয়। জড়ে চেতনা বহির্ভাগে তেমনভাবে সক্রিম হইয়া উঠে নাই, জড়বস্ত বা শক্তিতে তেমনভাবে কোন প্রতিক্রিয়া দেখা দেয় নাই, তাহাতে অন্তর্গুচ ভাবে যে চেতনা আছে মনে হয় তাহা এক এবং নির্বাক, তাহাতে কোন ভেদ দেখা দেয় নাই; যে শক্তি বস্তুরূপে নিজেকে গড়িয়া তুলিতেছে তাহাতে স্বাভাবিকভাবে অনুসূত্য থাকিলেও চেতনা এখানে নিক্রিয় এবং অসাড়, বস্তুর মধ্যে অবস্থিত অব্যক্ত অন্তর্গুচ ভাব বা ভাবনা ম্বারা সে চেতনা বস্তুরূপকে সফল করিয়া তুলিতেছে এবং তাহাকে বজায় রাখিতেছে, কিন্তু অন্য সর্ব্বভাবে সে আম্ববিস্কৃষ্ট শক্তির মধ্যে আম্বসমাহিত বা স্ব্রুপ্ত, বাহিরের সঙ্গে যোগস্থাপন বা বাহিরে আম্বপুকাশ করিবার চেষ্টা-রহিত। যদিও আম্বস্তার রূপ অনুসারে এ চেতনা জড়ের নানা রূপে নিজেকে

# অনৃত, ভ্রম, অধর্ম এবং অওভের উৎপত্তি এবং প্রতিকার

রূপায়িত করিয়াছে—কঠোপনিমদের ভাষায় ''রূপং রূপং প্রতিরূপো বভূব'' —তাহাতে মনোময় চেতনা ফুটিয়া উঠে নাই, সচেতনভাবে ক্রিয়া প্রতিক্রিয়ার ধার। গঠিত হয় নাই। জড়বস্তুসকল কেবল যখন সচেতন সন্তার সংস্পর্দে আসিয়া তাহাদিগের উপর শক্তি ও প্রভাব বিস্তার করে, তখনই তাহাদিগকে जान किश्वा मन वना bcन, किन्ह त्म जान मन निर्भे उ दय वन्नद मः मर्गर्स त्य আসিয়াছে, বস্তু হইতে তাহার ইষ্টানিষ্ট অথবা হিতাহিতেব বোধ দারা ; যে শক্তি বস্তুকে ব্যবহার করিতেছে অথবা যে চেতনা বস্তু দারা স্পষ্ট হইতেছে তাহাদেরই ছার। বস্তুর এরূপ মূল্য নিণীত হয়, বস্তুতঃ জড়বস্তুর নিজেব এরূপ কোন মূল্য বা ধর্ম নাই। আগুন মানুঘকে গরম রাখে বা তাহাকে পোড়াম, তাহাতে আগুনের ইচ্ছা অনিচ্ছা নাই, মানুষ হয়ত ইচ্ছা করিয়া অগ্রি ব্যবহার করিতে অখবা অনিচ্ছাসত্ত্বেও তাহাতে পুডিতে পারে, বনৌষ্ধিতে বোগ স্বারোগ্য হয় বা বিষ প্রাণ হরণ করে, কিন্তু উভয় ক্ষেত্রে দ্রবাগুণের শুভাশুভ নির্ভর করে যে তাহা ব্যবহার কবে তাহার নিজের শুভাশুভের উপর, ইহাও দ্রষ্টব্য যে বিষ প্রাণ হরণ করিতেও পারে আবার ক্ষেত্র বিশেষে প্রাণ দিতেও পারে, ঔষধ যেমন রোগ সারাইয়া উপকাব কবিতে পারে তেমনি বোগ বাড়াইয়া ক্ষতি এমন কি প্রাণনাশ করিতেও পারে। বিশুদ্ধ জড-জগৎ নিরপেক্ষ, ভাল কিম্বা মন্দ কোন দায়ই তাহার নাই, মান্ঘ নিজের দিক দিয়া তাহার উপর ভাল-মন্দের ছাপ ফেলে কিন্তু জড়বস্তুতে ভাল বা মন্দ বলিয়া কিছু নাই ; যেমন উপরের পরাপ্রকৃতি পিব ও অশিবের ছন্দকে অতিক্রম করিয়া বর্ত্তমান আছে, তেমনি নীচের এই অপরা জভপ্রকৃতি সে **ঘন্দে**র নীচে রহিয়াছে অর্থাৎ যে চেতনাতে শিব বা অশিবের জ্ঞান হয় সে চেতনা জাগে নাই। যদি আমরা জড-বিজ্ঞানের রাজ্য পার হইয়া গোপন রহস্য-বিজ্ঞানের সিদ্ধান্ত গ্রহণ করি, তাহা হইলে এ ব্যাপারটা অন্যভাবে দেখা দেয়: কেননা রহস্য-বিদ্যা বলে যে বস্তুব সহিত সচেতন প্রভাব যুক্ত থাকে এবং তাহা শুভ কিম্বা অশুভ উভয়ই হইতে পারে ; কিন্তু তথাপি তাহাতে জড়-বন্তব নিরপেক্ষতা কুণু হয় না, কেননা বন্তু কোন ব্যষ্টি-চেত্রনা নইয়া কাজ করে না. কেবল যে বস্তুকে ব্যবহার করে তাহার পক্ষে হয় শুভ না হয় অশুভ অথবা শুভাশুভ ফল ফলে: অতএব !ণ্ব এবং অশিবের দ্বন্দ্ব জডবস্তুর স্বভাব-ধর্ম্ম নহে জড়-জগতে তাহাদের অস্তিত্ব নাই।

সচেতন প্রাণ জাগিলে ছন্দ আরম্ভ এবং প্রাণের মধ্যে মননের অভিব্যক্তি হইলে তাহার পূর্ণরূপ স্কুরিত হয়; প্রাণময় মন, বাসনাময় মন এবং ইক্সিয়-

# দিব্য জীবন বার্তা

মানস অশিব-বোধ এবং অশিব তথ্যের স্রষ্টা। পশুর জীবনে অশিব বা অনর্থ একটা বাস্তব সত্যা, দৈহিক কষ্ট এবং কষ্টবোধ, উৎপীড়ন এবং ক্রুরতা, সংঘর্ষ এবং বঞ্চনা-এসব অনর্থ পশু-জীবনে প্রত্যক্ষ দেখা যায়, কিন্তু নৈতিক অনর্থ-বোধ পশুর নাই; পশুব জীবনে পাপ-পুণ্যের হন্দের স্থান নাই, তাহার সকল কর্মাই নীতিবোধবজিত, প্রাণের রক্ষণ ও পোষণ এবং প্রাণের সহজাত প্রবৃত্তির পরিত্রপ্তির জন্য যে কোন কর্ম্ম করিবার অধিকার তাহার আছে, যেন তাহাতে জনুমতি-দেওয়া হইয়া আছে। তাহাদের স্থপ এবং দুঃখ-বোধে অথবা প্রাণ-বাসনার তৃপ্তি বা ব্যর্থতায় শিব এবং অশিব জ্ঞান অনুসূতে ও প্রচছনু হইয়। আছে—অনুকূল ও প্রতিকূল ইন্দ্রিয়-সংবেদনের রূপে ; কিন্তু ধর্মাধর্মের ধারণা, এই সমস্ত সংবেদনের প্রতিক্রিয়ার একটা নৈতিক বোধ শুধু মানুষেরই স্বষ্টি। অবশ্য ইহা হইতে তাড়াতাড়ি এই সিদ্ধান্ত কবা উচিত নয় যে পাপপণ্য-বোধ মিথ্যা, মনগড়া বস্তু মাত্র এবং প্রকৃতিব সকল ক্রিয়াতে উদাসীন থাকা বা তাহা-দিগকে সমানভাবে গ্রহণ করা অথবা প্রকৃতি যাহা কিছু করে ভাহা দিব্য বা স্বাভাবিক বিধান মনে করিয়া বৃদ্ধিতে সকলকেই নিরপেক্ষভাবে স্বীকার করা একমাত্র সত্য পত্ন। অবশ্য ইহা সত্যেব একটা দিক, প্রাণ এবং জড়ের একটা অবযৌক্তিক (infra-rational) সত্য আছে যাহা নিরপেক্ষ এবং উদাসীন, সে সত্য সব কিছকে প্রাকৃতিক তথ্য এবং জীবনের স্পষ্ট স্থিতি বিনাশের জন্য প্রয়োজনীয় বলিয়া স্বীকার করে; পরম্পর-সম্বদ্ধ বিপুশক্তির এই তিন প্রকার ক্রিয়ার প্রয়োজনীয়তা অপবিহার্য্য, এবং নিজ নিজ ক্ষেত্রে ইহাদের প্রত্যেকেব মূল্য সমান, প্রত্যেকটিই সমানভাবে প্রযোজনীয়। তাহার পর পক্ষপাত-শুনা বৃদ্ধির এক সত্য আছে যাহা জীবন এবং জড়ের ক্রিয়াধারার নিকট পুকৃতি যাহা কিছু এইভাবে আনিয়া উপস্থিত করে তাহা প্রয়োজনীয় বলিয়া মনে করে, কিছু ঘারা প্রভাবান্থিত না হইয়া উদাসীন এবং নিরপেক্ষভাবে সকল ব্যাপার সমদৃষ্টিতে গ্রহণ করে, এ দৃষ্টি দার্শনিক এবং বৈজ্ঞানিকের, ইহা সাক্ষী-ভাবে সব দেখে এবং বুঝিতে চেষ্টা করে কিন্তু বিশ্বশক্তির ক্রিয়াকে ভাল কি মৃশ সে বিচার করা নিবর্থক মনে করে। ইহার উপরে, যাহা বৃদ্ধিকে ছাডাইয়া গিয়াছে তেমন এক সতিযৌজিক (supra-rational) দত্য আছে যাহা আধ্যাম্বিক অনুভবে রূপায়িত হইয়া উঠে ; যাহা বিশ্ব সম্ভাবনার (বা ভব্য রূপের ) খেলা পর্য্যবেক্ষণ এবং অবিদ্যা ও নিশ্চেতনার জগতের পরিণাম এবং লক্ষণকে সত্য ও স্বাভাবিক মনে করিয়া, নিরপেক্ষভাবে সকলকেই

## অনৃত, ত্রম, অধর্ম্ম এবং অওভের উৎপত্তি এবং প্রতিকার

গ্রহণ করিতে অথবা দিব্যক্রিয়ার অংশ মনে করিয়া প্রশান্তচিত্তে করুণার সহিত সকলকে মানিয়া লইতে পারে; কিন্তু তাহা যাহা আজ অশিবরূপে দেখা দিতেছে তাহার হাত হইতে মুক্তি পাইবার একমাত্র উপায় যে উচচতর চেতনা এবং জ্ঞানের জাগরণ এবং উন্মেদ, তাহার জন্য একদিকে যেমন অপেক্ষা করিতে থাকে, তেমনি অন্যদিকে যেখানে আনুকূল্য সন্তব এবং সার্থক সেখানে সাহায্য দান বা হস্তক্ষেপ করিতেও কখনও বিরত হয় না। কিন্তু তৎসত্বেও আমাদের চেতনার মধ্যলোকের এক সত্য আছে যাহা আমাদেব মধ্যে শিব এবং অশিবের অন্তিত্ব সম্বন্ধ আমাদিগকে সজাগ কবিয়া তোলে এবং তাহাদের মূল্য এবং প্রয়োজনীয়তা সম্যক্তাবে অবধারণ কবে; এ কথা অবশ্যই স্বীকার করিতে হইবে যে কেত্রবিশেষে তাহাব সিদ্ধান্ত বা রায় সত্য এবং প্রামাণিক কি না তাহাতে সন্দেহ থাকিলেও এই জাগরণ, প্রকৃতিব পরিণতি-ধারার অপরিহার্য্য ধাপগুলির মধ্যে অন্যতম।

কিন্তু কোণা হইতে এই জাগরণ আসে? মানুষের মধ্যে এমন কি আছে. ষাহা হইতে শিব-অশিবেব এই জ্ঞান উদ্ভূত হয় এবং তাহাকে আমাদের জীবনে এরূপ স্থান দেয় এমন শক্তিমন্ত করিয়া তোলে ? শুধু ক্রিয়াধারা যদি দেখি তাহা হইলে বলা চলে যে, আমাদের প্রাণময় মনই এ ভেদ বা ছল্ব স্থাষ্ট করে। ইহার মূল্য নিরূপণের প্রথম মাপকাঠি ব্যষ্টি-ব্যক্তিব ইন্দ্রিয-সংবেদন, যাহা কিছু প্রাণময় অহংএর কাছে প্রথকর, হিতকর বা অনুকূল তাহাই শিব বা ভাল, আর যাহা কিছু তাহার কাছে দুঃখকর, অনিষ্টকর প্রতিকূল বা বিনাশের কাবণ তাহাই অশিব বা মন্দ। দিতীয় মাপকাঠি সাধারণের এবং সমাজের হিতবোধ, যাহা কিছু সংখজীবনের হিতকর বা অনুকূল, সংঘবদ্ধ জীবন রক্ষিত বা নিয়ন্ত্রিত করিতে এবং সমাজ ও তন্মধাস্থ ব্যক্তিবর্গকে পুষ্ট, তুপ্ত, উনুত এবং স্থীভাল করিতে ব্যক্টি-ব্যক্তির নিকট যাহা কিছু দাবি করা হয় তাহাই ভাল, আর সামাজিক দৃষ্টিতে যাহা কিছু তাহার বিপরীত বা বিরোধী ফল দেয় বা দিতে চায় তাহাই মন্দ। তাহার পর ভাবনাময় মন লইয়া আসে তাহার নিজের মাপকাঠি: সে ভাল-মন্দের একটা বৃদ্ধিগত ভিত্তি, যুক্তিযুক্ত বা বিশ্বগত একটা তাৰিক রূপ অথবা হয়ত একটা কর্ম্মের বিধান আবিন্ধার করিতে চেষ্টা করে; যুট্টিকে, ভাবাবেগকে, রসবোধকে অথবা স্থখবাদকে ভিত্তি করিয়া একটা নীতিশাস্ত্র গড়িয়া তোলে। আবার নৈতিক কার্য্যের প্রেরণা লইয়া ধর্মবৃদ্ধি আসিয়া উপস্থিত হয় ; বলে যে সত্য এবং মঙ্গলের দিকে চলাই ঈশুরের আদেশ বা বিধান—যদিও প্রকৃতি

# पिया कौरन वार्छ।

বিপরীত পথে চলিতে অনুমতি দেয় এমন কি উত্তেজিত করে, অথবা বলে সত্য এবং শিব বা ঋতই ঈশুর, তাহা ছাড়া অন্য ঈশুর নাই। কিন্তু আচার এবং বিচার ঘারা মানুষের সহজাত নৈতিক বোধ প্রবৃত্তিত করিবার এই সমস্ত চেষ্টার পশ্চাতে একটা অনুভূতি রহিয়াছে যে ইহাপেক্ষা গভীরতর কিছু আছে: এ সমস্ত মাপকাঠিই হুঁয সঙ্কীৰ্ণ এবং আড়ুষ্ট না হয় জটিল, বিশ্রান্ত বা অনিশ্চিত, কেননা মানুষের মন বা প্রাণের পরিবর্ত্তন বা পরিণামের ফলে এ সমস্ত আদর্শ পরিবর্ত্তিত হইয়া পড়ে; অখচ অনুভূতিতে পাওয়া যায় যে একটি গভীরতর শাশুত সত্য আছে, এবং আমাদের মধ্যে এমন কিছু আছে যাহ। সেই সত্যের বোধিজাত জ্ঞান লাভ করিতে পারে—অর্থাৎ খাঁটি প্রেরণা আসে ভিতর হইতে, চৈত্য সত্তা বা চিন্ময় ভূমি হইতে। পরম্পরাগত মত অনুসারে অন্তরের এই সাক্ষী-চেতনাকে আমবা বিবেক বা ধর্মাধর্মবোধ (conscience) বলি ; এই ধর্মাধর্ম বোধ লাভ কবি কতকটা বোধি এবং কতকটা মন হইতে, কিন্তু ইহা অগভীর, কৃত্রিম স্বতরাং সম্পূর্ণ বিশ্বাসযোগ্য নহে; অগচ আমাদের অন্তবেব আরও গভীরে এক আধ্যান্থিক বোধ, আন্ধার এক অন্তর্দৃষ্টি আমাদের প্রকৃতির মধ্যে এক সহজাত আলোক নিশ্চয়ই আছে, যাহা তত সহজে ক্রিয়াশীল इय ना जामार्मित वाहा छेलामारन वा जावतर्य याहा जारवा होका लिखा जारह।

এই চিন্ময় বা চৈত্য সাক্ষীর স্বরূপ কি, তাহার কাছে শুভাশুভবোধের সাথকতাই বা কি ? ইহা বলা হয় যে পাপ এবং অনর্থ বোধের উপযোগিতা এই যে, তাহা হইতে শরীরী জীব নিশ্চেতনা এবং অবিদ্যার জগতেব প্রকৃতি জানিতে পাবে, জগতের অনর্থ এবং দুঃধের জ্ঞান তাহার মধ্যে জাগে এবং সে বুঝিতে পারে যে জাগতিক স্থুখ এবং মঙ্গল আপেন্দিক মাত্র, অতএব তাহার প্রতি বিমুখ হইয়া যাহা অন্যনিরপেক্ষ নিত্য বস্তু তাহার দিকে সে ফেরে। অথবা ইহার আব্যাত্মিক উপযোগিতা এই যে মঙ্গলের অনুসরণ এবং অশিবের বর্জনের ফলে যখন চিত্তশুদ্ধি হয়, তখন সে পরম মঙ্গল কি বুঝিতে পারে এবং জগং হইতে ভগবানের দিকে ফিরিয়া দাঁড়ায়; অথবা বৌদ্ধদের মত নীতিবোধের উপব জাের দিয়া বলা যাইতে পারে যে ইহা অবিদ্যাচছনু অহংগ্রন্থিকে উন্মোচন করিবার এবং ব্যাষ্ট ব্যক্তিক্বে বন্ধন এবং দুঃখ হইতে মুক্ত হইবার জন্য জীবকে প্রস্তুত করে। কিন্তু ইহাও হইতে পারে এই জাগরণ ক্রম-পরিণতিরই একটা আধ্যান্ধিক প্রয়োজন, জীবসন্তার অবিদ্যা হইতে দিব্য আইতে তত্ত্বের দিকে, দিব্য চেতনা এবং দিব্য সন্তার পরিণতির দিকে অগ্রসর

### অনৃত, ভ্রম, অধর্ম এবং অন্তত্তের উৎপত্তি এবং প্রতিকার

ছইবার পথের একটা ধাপ। কেননা আমাদের মন বা প্রাণ, শিব এবং অশিব উভয় দিকেই ঝুঁকিতে পারে, কিন্তু অন্তরাদ্ধা বা চৈত্যপরুষ প্রাণ ও মন হইতে অধিকতররূপে তাহাদের ভেদ-দর্শনের উপর জোর দেয়, তাহা কেবলমাত্র নৈতিকভেদ দেখে তাহা নহে, তাহার মধ্যে একটা বৃহত্তর অর্থও তাহার দৃষ্টি-গোচর হয়। আমাদের অন্তরাদ্বা সর্বেদাই সত্য, শিব এবং স্কুন্সরের দিকে ফিরিয়া থাকে, কেননা এই সমস্ত দিয়া তাহার পষ্টি হয় : বাকী সব অর্ধাৎ ইহা-দের বিপরীত যাহ। কিছু তাহাদের সংস্পর্ণে আসাও তাহার অভিজ্ঞতার একটা অপরিহার্য্য অঙ্গ, কিন্তু সত্তার আধ্যাদ্মিক সম্পদ বাড়িবার সঙ্গে সঙ্গে তাহাদিগকে অতিক্রম করিয়া যাইতে হইবে ইহাই বিধান। আমাদের অন্তরস্থ মূল চৈতাসত্তা জীবনের আনন্দ আখাদন করে, চিৎপুরুষের ক্রমবর্দ্ধমান প্রকাশের অঙ্গরূপে সকল অনুভবকে গ্রহণ করে, কিন্তু তাহার জীবন-বস-আস্বাদনেব মূল তত্ত্ব এই যে, সকল সংস্পর্শ এবং সকল ঘটনার মধ্য হইতে তাহাদের গোপন দিব্য অর্থ এবং সারমর্ম সংগ্রহ করে, তাহাদের দিব্য প্রয়োজন ও ব্যবহাব আবিষ্কার করে, যাহাতে এই সমস্ত অভিজ্ঞতা ছারা আমাদের মন এবং প্রাণ নিশ্চেতনা হইতে পরম চৈতন্যের দিকে, অবিদ্যার ভেদ ও বিভাগ হইতে সম্যক্ চেতনা এবং পূর্ণ জ্ঞানের দিকে অগ্রসর হইতে পাবে। এইজন্যই তাহা নির্ব্বদ্ধাতিশয় সহকারে জন্ম হইতে জন্মান্তবে ক্রমবর্দ্ধমান উর্দ্ধ গতির পথে আরুঢ় হইতেছে ; অন্তরাম্বার পৃষ্টি ও বৃদ্ধি হয়, অন্ধকার হইতে আলোকেন, মিথ্যা হইতে সত্যের, দুঃখ যন্ত্রণা হইতে নিজের বিশ্ববাপী পরমানন্দের দিকে উত্তরণের ফলে। অন্তরাম্বার শিব এবং অশিব বোধ মনের গড়া কৃত্রিম আদর্শেব সহিত না মিলিতে পাবে কেননা চৈত্যপুরুষের বোধ গভীরতর ; কি উচচতর আলোকের দিকে অগ্রসর কবিয়া দেয় এবং কি তাহা হইতে দূবে লইণা যায় তাহার সূক্ষ্য ভেদ দর্শন ক্ষমতা মনের চেয়ে তাহাব অনেক বেশী। ইহা সত্য যে নিমূতর আলোক যেমন ভাল-মন্দ-বোধের নীচে পড়িয়া আছে, তেমনি উচচতর অধ্যাত্ম-ক্ষেত্রের আলোক ভাল মন্দের ছন্দের অতীত : ইহার অর্থ এই নয় যে নিরপেক্ষ উদা-সীনতার সহিত আমরা সব কিছুকে স্বীকার কবিয়া লইব অথবা শিব এবং অশিবের সকল আবেগেই তুল্যভাবে সাড়া দিব। কিন্তু ভাহাব অর্থ এই যে, সন্তার এক উচ্চতর বিধান আসিয়া উপস্থিত হইবে যেখানে মনের দেওয়া এই সমস্ত অর্থ বা মূল্যের কোন স্থান অথবা প্রয়োজন থাকিবে না। পরম সত্যের এক আন্ধবিধান বা স্বধর্ম আছে, যাহা সকল আদর্শের সকল মাপকাঠির উপরে

### দিবা জীবন বার্তা

অবস্থিত ; একটা বিশ্বজ্ঞনীন পরম কল্যাণ আছে যাহা স্বভাবসিদ্ধ, স্বরূপগত, নিজেতে নিজে বর্ত্তমান, নিজেকে নিজে জানে, নিজেকে নিজে শাসন ও নিয়ন্ত্রণ করে—যাহা পরম অনস্ত স্বরূপের জ্যোতির্ম্বয় চেতনার শুদ্ধ সাবলীলতায় অনস্তভাবে সাবলীল বা নমনীয়।

তাহা হইলে অশিব ও মিথ্যা যখন নিশ্চেতনা হইতে স্বভাৰতই জাত হইয়াছে, তাহারা অবিদ্যার ক্রিয়াধারায় যখন নিশ্চেতনা হইতে প্রাণ এবং মনের পরিণতির স্বতঃক্ষুর্ত্ত ফল, তখন আমাদিগকে দেখিতে হইবে কি ভাবে তাহারা উদ্ভত হইয়াছে, অস্তিম্বের জন্য তাহারা কিসের উপর নির্ভর করে. তাহাদের হাত হইতে নিৰুতি পাইবারই বা উপায় কি। নিশ্চেতনা হইতে বাহিরের ক্ষেত্রে প্রাণচেতনা এবং মনশ্চেতনাব উন্মেষ এবং প্রকাশের মধ্যেই কি ভাবে ইহার। জাত হইয়াছে তাহাব রীতিপদ্ধতি দেখিতে পাওয়। যাইবে। এখানে নিয়ামক তম্ব দুইটি, অসত্য এবং অশিবের যুগপৎ উন্নেষের তাহারাই নিমিত্ত কারণ। প্রথমতঃ যাহা এখনও অবাজ্ঞ তেমন এক চেতনা এবং স্বতঃ-সিদ্ধ জ্ঞানের এক শক্তি, ভিত্তি স্বরূপে অন্তর্গ চভাবে বর্ত্তমান আছে : এবং তাহার উপরে বা বহির্ভাগে প্রাণময় এবং জড়ময় চেতনার বিকৃত বা অনিয়ন্ত্রিত উপাদানের একটা স্তর আছে যাহা এখনও স্থগঠিত হইয়া উঠিতে পারে নাই : এই ছায়াচছন কঠিন আবরণের মধ্য দিয়া উন্মিঘন্ত মনশ্চেতনাকে জোর করিয়া পথ প্রস্তুত করিতে এবং যাহ। আর স্বতঃসিদ্ধ জ্ঞান নয়, নিজের গড়া তেমন জ্ঞানের সাহায্যে সেই আবরণের উপর অধিকার স্থাপন করিতে হয়. কেননা তাহার উপাদান এখনও নিশ্চেতনাতে ভরা, জডের অচেতনার দ্বারা ষোররূপে আবৃত এবং ভারাক্রান্ত। তাহার পর বিবিক্ত প্রাণের কোন রূপের মধ্যে এই উন্মেঘ যখন ঘটে, তখন তাহাকে নিম্প্রাণ জডের অসাডতার এবং সে অসাড়তা সেই রূপায়ণকে বিশ্রিষ্ট করিয়া পুনরায় আদি নিশ্রাণ অচেতনায় তাহাকে ফিরাইয়া লইবার জন্য, অবিরত যে আকর্ষণ করিতেছে সেই আকর্ষণের বিরূদ্ধে লডাই করিয়াই তাহাকে আত্মপ্রতিষ্ঠা করিতে হয়। এই বিবিক্ত প্রাণময় রূপের বিভিন্ন উপাদানকে একত্র করিয়া আত্মসংগঠনের যে সীমিত শক্তি আছে তাহা লইয়াই তাহাকে বহিৰ্জগতের বিরুদ্ধে নিজেকে প্রতিষ্ঠিত করিতে হয়, সে জগৎ তাহার অস্তিম্বের পক্ষে শক্রভাবাপনু না হইলেও নানা বিপদে ভরা : তাহার মধ্যেই তাহাকে টিকিয়া থাকিতে হইবে এবং টিকিয়া থাকিতে হইলে জীবনের জন্য এমন ক্ষেত্রকে তাহার জয় করিয়া লইতে হইবে.

## অনৃত, জম, অধর্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার

ষাহার মধ্যে তাহার আত্মপুকাশ এবং পুসারণ সম্ভব হইতে পারে। এই সমস্ত অবস্থার মধ্য দিয়া চেতনার উন্সেদের ফলে, যে নিজেকে প্রতিষ্ঠিত করিতে চায় তেমন এক প্রাণময় এবং জড়ময় ব্যষ্টি-ব্যক্তির পুষ্টি হয় ; প্রাণ ও জড়ের উপাদান দিয়া পুকৃতিই এই ব্যাষ্টি-ব্যক্তিত্ব গড়িয়া তুলিয়াছে, অবশ্য ইহার অন্তরালে গোপনভাবে চৈতা বা চিন্ময় খাঁটি ব্যষ্টি-পুরুষ অবস্থিত আছেন, তাহারই বহিঃ-পুকাশের উপায়স্থরূপ পুকৃতির এই বিস্ষ্টি। মননশক্তি যত বাড়িতে থাকে এই প্রাণময় এবং জড়ময় ব্যষ্টি-ব্যক্তি, সর্বেদা আত্মপ্রতিষ্ঠাকামী মন-প্রাণ জড়ময় অহংরূপে ততই পুষ্ট হইয়া উঠে। পুকৃতি পবিণানের এই দুই আদি এবং মূল তথ্যের প্রেরণা এবং তাড়নায আমাদের বহিশ্চর প্রাকৃত সন্তার প্রকৃতি ও চেতনা পুষ্ট ও গঠিত হইয়াছে এবং বর্ত্তমান রূপ এবং প্রকৃতি গ্রহণ কবিয়াছে।

চেতনার প্রথম উন্মেষ একটা বিস্ময়, একটা অছুত ঘটনা মনে হয়; দেখা যায় জডের সঙ্গে যাহার কোন সম্পর্ক নাই এমন এক শক্তি নিশ্চেতনার জগতে জানি না কেন প্রাদুর্ভূতি হয় এবং মন্থর গতিতে অতি কটে তাহার পৃষ্টি চলিতে থাকে। অবিদ্যাচছনু ক্ষণজীবী জীব যেন শ্ন্য হইতে জ্ঞান উপার্জন এবং তাহার বৃদ্ধিসাধন ও সঞ্চয় কবে অপচ তাহার জনেমব সময় এ জ্ঞানের অস্তিত্ব একেবারেই ছিল না অথবা জ্ঞানরূপে কিছু ছিল না, ছিল শুধু উত্তরাধিকার সূত্রে পাওয়া জানার্জনের এক সামর্থ্য, সে সামর্থ্য, অবিদ্যা ধীরে ধীরে জানের দিকে অগ্রসব হইবার পথে যে স্তবে পৌঁ ছিয়াছে তাহারই উপযোগী। মান কর। যাইতে পারে যে চেতনা আদি নিশ্চেতনারই একটা রূপ ছাড। আর কিছু নয়; নিশ্চেতন এবং যান্ত্রিক মস্তিক কোষেব উপর জীবনের তথ্যাবলির ছাপ পতে বা সে সকল লিপিবদ্ধ হয়, তাহার পব কোঘের মধ্যে তাহার প্রতিক্রিয়। প্রতিম্পলন বা সাডা (reflex or response) দেখা দেয় এবং স্বরংক্রিয়-ভাবে দে লিপি পঠিত বা তাহার উত্তব নির্দ্ধাবিত হয়; মন্তিক্ষ-কোমের উপর এই যাহা লিপিবদ্ধ হয় এবং তাহার প্রতিম্পদন বা প্রতিক্রিয়ার যে সাড়া জাগে তাহাই একত্রে চেতনা বলিয়া বোধ হয়। কিন্তু স্পষ্টতঃ ইহা সমগ্র সত্য নহে : পর্য্যবেক্ষণ দারা যতট্ক দেখা যায় তাহার এবং যান্ত্রিক ক্রিয়ার ব্যাপ্যা হয়ত ইহাতে মিলে—যদিও অভেতন ছাপ বা লিপি এবং তাহার সাড়া কি করিয়া সচেত্রন পর্য্যবেক্ষণে পরিণত হয়, কি করিয়া বিষয়ের এবং সেই সঙ্গে আমাদের নিজের সম্বন্ধে সচেতন বোধ জাগে তাহার কোন স্পষ্ট ব্যাখ্যা ইহাতে পাওয়া যায় না—কিন্তু ইহাতে ভাবনা, কল্পনা, পল্লনা, পৰ্য্যবেক্ষণলৰ বিষয় লইয়া

#### দিবা জীবন বার্ডা

বুদ্ধির নানা স্বাধীন খেলার কোন বিশ্বাসযোগ্য ব্যাখ্যা পাওয়াই যায় না । বস্ততঃ জড়ের মধ্যে চেতনা এবং জ্ঞানের উন্নেম এবং প্রকাশ তবেই সম্ভব হয়, যদি পূর্বে হইতে তাহার মধ্যে চেতনা এবং মহরভাবে তাহা উন্নেমের শক্তি স্বাভাবিকভাবে গোপনে অনুসূতি থাকে । তাহা ছাড়া পশু-জীবনের নানা তথ্য এবং প্রাণের মধ্যে উন্মিমন্ত মনের নানা ক্রিয়াধারা হইতে এ সিদ্ধান্ত জনিবার্য্য হইয়া পড়ে যে, এই নিগূচ চেতনাতে জ্ঞান বা জ্ঞানশক্তির একটা ধারা নিহিত আছে, যাহা পরিবেশেব সহিত প্রাণশক্তির সংস্পর্ণেব প্রয়োজনে বহিশ্চেতনায় আসিয়া প্রকাশ হয়।

বাটি পশু-সত্তা যখন প্রথমে সচেতনভাবে আৰুপ্রতিষ্ঠা করিতে চায়, ত্থন দুই উপায়ে জ্ঞানলাভের উপর তাহাকে নির্ভব করিতে হয়। পশুচেতনা স্বভাবত: অজ্ঞ এবং সহায়হীন, অজানা জগতে অতি সামান্য পৰিমাণে অনভিজ্ঞ বহিশ্চর-চেতনাই তাহাব সম্বল, তাহার অস্তিত্ব বজায় রাখিবার এবং বাঁচিয়া থাকিবার পক্ষে অপবিহার্য্য ক্রিযাধাব। নিষ্পাদনের জন্য, অন্তর্গুচ চিৎশক্তি যেটুকু নইলে নয় কেবল মাত্র তত অলপ মাত্রায় নোধি এই বহিশ্চেতনাব ক্ষেত্রে প্রেরণ করে। এই বোধিকে পশু নিজের বশে আনিতে পারে না বরং সে তাহারই বশে থাকে এবং তাহার দার৷ পবিচালিত হয়, এই বোধি এমন একন কিছু যাহা এক প্রয়োজনের চাপে চেতনার প্রাণময় এবং জড়ময় উপা-দানের মর্ম্মকোষে কোন প্রয়োজনীয় ক্ষেত্রে আপনিই আত্মপ্রকাশ করে, কিন্তু সেই সঙ্গে এই বোধির ফল বহিশেচতনায় অলেপ অলেপ সঞ্চিত হইয়া স্বতঃ-স্ফুর্ত্ত সহজ প্রবৃত্তির (instinct) আকার ধাবণ করে, যাহা প্রয়োজন উপস্থিত হইলে আবাৰ সক্ৰিয় হয়; এই সহজ প্ৰবৃত্তি পশুর জাতীয় সম্পদ, তাই জন্মের সঙ্গে সঙ্গেই ব্যষ্টি-পশু তাহা লাভ করে। বোধি যখন প্রকাশিত এবং পুন:-পুকাশিত হয় তখন তাহা অভ্রান্ত, কিন্তু সহজ পুবৃত্তি সাধারণতঃ অবাস্ত হইলেও ব্রমের অবকাশও তাহাতে আছে, কেননা সে ভুল করে অথবা তাহার প্রয়াদ ব্যর্থ হয়, যখন বহিংশ্চতনা বা অপরিণত বৃদ্ধি প্রতিকূল হইয়া দাঁড়ায় অথবা সহজ প্রবৃত্তি যান্ত্রিকভাবে ক্রিয়া করিতে থাকিলেও যখন পরিবেশ পরিবর্ত্তিত হইয়া যাওযাতে তাহার প্রয়োজন বা প্রয়োজনীয় অবস্থা আর থাকে জ্ঞানলাভের দিতীয় উপায় প্রাকৃত ব্যষ্টিসভার বহির্দ্ধগতের সহিত বহি:-সংস্পর্ণ ; এই সংস্পর্ণ হইতেই সচেতনভাবে প্রথমে ইন্দ্রিয়ানুভূতি এবং ইন্দ্রিয়জ বোধ এবং তাহার পর বৃদ্ধি জাগে। কিন্তু ভিত্তিরূপে অন্তর্গু চু এক চেতনা

### অনৃত, জ্রম, অধর্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার

যদি না থাকিত, তবে সংস্পর্ণ হইতে কোন বোধ বা প্রতিক্রিয়া জাত হইত না; প্রথমে অবচেতন প্রাণশক্তি এবং তাহার প্রাথমিক প্রয়োজন ও আকূতি ব্যক্তিসন্তাতে অবস্থিত অধিচেতনাকে প্রাণময় করিয়া তোলে, তাহার পর বহিজগতের সংস্পর্ণ যখন সেই অধিচেতনায় অনুভূতি এবং বহি:-সাড়া (surface response) জাগায় তখন সন্তার বহি:স্তরে বাহ্য জগতের একটা জান উন্মিঘিত এবং পুষ্ট হইতে থাকে। প্রাণশক্তির সংস্পর্ণে বহিশেচতনার উন্মেদের যথার্থ কারণ এই যে সংস্পর্ণের কর্ত্তা এবং বিষয় এই উভয়েরই মধ্যে অধিচেতনায় অব্যক্ত সামর্থ্যরূপে চিংশক্তি পূর্বে হইতেই বর্ত্তমান আছে; যখন বিষয়টীর বা সংস্পর্ণের গ্রহীতার প্রাণশক্তি প্রস্তুত এবং যথায়পভাবে সংবেদনশীল হইয়া উঠে, তান অভিযাতের সাড়ায় এই অধিচেতনা উন্মিঘিত হয়, সেই উন্মেঘ প্রাণময় মন বা পশু-মন গড়িয়া তুলিতে থাকে; এবং তাহার পর পরিণতির ধারা বাহিয়া মননশীল বুদ্ধি রূপায়িত হয়। এইভাবে গোপদ চেতনার অনুবাদ হয় বহিশ্চর অনুভূতি এবং বোধে, গোপন শক্তি প্রকাশ পায় বহিশ্চেতনার আবেগে।

ভিত্তিরূপে স্থিত এই অধিচেতনা পূর্ণরূপে যদি বাহিরে আসিয়া প্রকাশিত হইত, তবে বিষয়ীর চেতনার সহিত বিষয়ের অভ্যন্তরম্ব বস্তুর সাক্ষাৎ সংস্পর্শ ঘটিত তাহার ফলে অপরোক্ষ জ্ঞান লাভ হইত ; কিন্তু তাহা সম্ভব হয় না. কেননা প্রথমতঃ নিশ্চেতনার বাধা বা নিমেধ আছে, দিভীয়তঃ অপূর্ণ অথচ বর্দ্ধনান বহিকেচতনা ধীরে ধীরে পুষ্ট হইবে ইহাই ক্রম পবিণতির অভিপ্রেত বিধান। সেই জন্য গোপন চিংশক্তিকে অপূর্ণ জ্ঞানের মধ্যে নিজেকে সীমিত করিতে হয় এবং বহিশ্চর মন ও প্রাণের স্পদ্দন ও ক্রিযার্রূপে অপূর্ণভাবে প্রকাশ পাইতে হয়; এবং সাক্ষাৎ জ্ঞানের অভাব অপুকাশ বা অপুাচুর্য্যের জন্য বাধ্য হইয়া পরোক্ষ জ্ঞানলাভের উপায়র্ন্নপে ইন্দ্রিয় এবং সহজ সংস্কার গড়িয়া তুলিতে হয়। অব্যবস্থিত এবং অনিরূপিত রূপে সচেতন যে রূপায়ণ বহিস্তরে প্রথ**নে** পূৰ্ব্ব হইতে গঠিত হইয়াছে তাহার মধ্যেই এই বহিৰ্দ্মুখ জ্ঞান এবং বৃদ্ধি জাত হয়। প্রথমে এই রূপায়ণে থাকে চেতনার একটা ক্ষীণতম আভাস একটা সম্পষ্ট ইন্দ্রিয়ানুভূতি এবং একটা প্রতিক্রিয়ামূলক আবেগ (response-impulse) কিন্তু অধিকতর সুব্যবস্থিত জীবন যত দেখা দিতে থাকে ততই এই অম্পষ্ট ক্ষীণ চেতনা পষ্ট হইয়া প্রাণময়-মন ও প্রাণময়-বৃদ্ধিতে পরিণত হইতে থাকে, গোডার দিকে দে মন-বৃদ্ধিও প্রধানত: যান্ত্রিক এবং স্বয়ংচল ভাবে ক্রিয়া করে

208 802

### দিব্য জীবন বার্ত্তা

এবং ব্যবহারিক প্রয়োজন, বাসনা ও আবেগের মধ্যেই নিবদ্ধ থাকে। প্রথম প্রকাশের সময় এ সমস্ত ক্রিয়ার মূলে বোধি এবং সহজ প্রবৃত্তির প্রেরণা থাকে; অন্তর্গূ চেতনার অনুবাদ রূপে বাহিরে প্রাণ ও দেহের সচেতন উপাদানে স্বতঃক্ষূর্ত্ত গতি ও স্পন্দন দেখা দেয়; মনের প্রথম স্পন্দন যখন জাগে তখন তাহা এই সমস্ত স্বরংক্রিয়তার সহিত জড়ীভূত হইয়া থাকে; চেতনার স্বর-লিপিতে প্রাণময় ইন্দ্রিয়-বোধের স্থর তখনও চড়াভাবে বাজিতে থাকে, তাহার মধ্যে মননের স্থর খাদে অতি গৌণ এবং ক্ষীণভাবে দেখা দেয়। কিন্তু মন ধীরে ধীরে নিজেকে মুক্ত করিবার চেষ্টায় রত হয়, প্রাণের সংস্কার প্রয়োজন এবং বাসনার পরিতৃপ্তিতে সে প্রবৃত্ত থাকিলেও তখন তাহার স্বকীয় বৈশিষ্ট্যের উন্মেঘ হইতে থাকে, সে পর্য্যবেক্ষণ ও আবিষ্ণারে মন দেয়, কলানৈপুণ্য লাভের চেষ্টা করে তাহার মধ্যে উদ্দেশ্য ও তাহা পরিপূরণের ইচছা জাগে; সেই সঙ্গে ইন্দ্রিয়ানুভূতি এবং অন্ধ প্রবৃত্তির মধ্যে ভাবাবেগের আবেশ আসিয়। পড়ে; প্রাণের স্থূল প্রতিক্রিয়ার মধ্যে সূক্ষ্ম এবং স্ত্রুমার ক্ষেহরাগাদি সম্বন্ধীয় একটা সংবেদন দেখা দেয়। কিন্তু এখনে। মন প্রাণের সঙ্গে জড়াইয়া আছে এখনো উচ্চতর অবিমিশ্র মানসিক বৃত্তির প্রকাশ হয় নাই ; আশ্রয়রূপে সহজাত প্রবৃত্তি এবং প্রাণময় বোধির এক বৃহৎ পটভূমিকা মন তখনও স্বীকার করিয়া লয় ; পশু জীবনের উচচতর স্তরে যত পৌঁছিতে থাকে তত বৃদ্ধিও পুষ্টিলাভ করে বটে কিন্তু মন তথনও প্রাধান্য লাভ করে না, বলা যাইতে পারে যে প্রাণময় মূল গৃহে মনরূপ একটা চূড়া মাত্র যোগ করিয়া দেওয়া হইয়াছে।

তাহাব পশুভাবের ভিত্তির সহিত যখন মানুষী বুদ্ধি যুক্ত হয়, তখনও সে ভিত্তি সক্রিয়ভাবে বর্ত্তগান থাকে বটে কিন্তু সচেতন ইচ্ছা ও অভিপ্রায়ের হারা তাহা বহুল পরিমাণে পরিবন্তিত, সূক্ষ্মতা-প্রাপ্ত এবং উদ্ধৃ য়িত হয়; য়য়ংক্রিয় সহজাত প্রবৃত্তি এবং প্রাণময় বোধির প্রকাশ হ্রাস পায় এবং আদ্মসচেতন মনোময় বুদ্ধির বিকাশে তাহার পূর্বেতন প্রাধান অনেক খবর্ব হইয়া পড়ে। পূর্বের মত বোধির মধ্যে শুদ্ধ বোধিভাব আর থাকে না, এমন কি যখন প্রাণময় বোধি প্রবলতাবে প্রকাশ পায় তখনও তাহার প্রাণ-ধর্ম মননের হারা আচছ্ত্র হইয়া পড়ে, আর মনোময় বোধিও অধিকাংশ ক্ষেত্রে একটা মিশ্রিত বস্তু হইয়া দাঁড়ায়, বিশুদ্ধ বোধি থাকে না, কেননা মনের বাজারে তাহাকে মুদ্রারূপে চালাইবার বা তাহারার কাজ পাইবার জন্য তাহার সহিত অন্য কিছু খাদ মিশাইয়া মিশ্র ধাতুতে (alloy) পরিণত করা হয়। অবশ্য পশুর মধ্যেও তাহার বহিশ্বেতনা

## অনৃত, ভ্রম, অধ্র্য এবং অভ্তের উৎপত্তি এবং প্রতিকার

ৰোধিকে বাধা দিতে বা পরিবভিত করিতে পারে, কিন্তু তাহার সামর্থ্য কম বলিয়া প্রকৃতির স্বতঃস্ফূর্ত্ত যান্ত্রিক এবং সহজ ক্রিয়ার বিশেষ ব্যাঘাত স্থাষ্ট করিতে পারে না ; মনোময় মানুষের মধ্যে যখন বোধি বহিশেচতনায় আসিয়া প্রকাশ পাইতে চায় তখন তথায় পোঁ ছিবার পূর্বেই মন তাহাকে ধরে এবং মন তাহার বাণী বুদ্ধির ভাষায় তর্জমা করে এবং তাহার সহিত নিজকৃত টীকা ভাষ্য জুড়িয়া দেয়, ফলে জ্ঞানের উৎপত্তি-স্থান ঢাকা পড়িয়া যায়। সহজ জ্ঞানকেও (instinct) গ্রহণ করিয়া তাহার সহিত মন যখন নিজ ধর্ম মিশাইয়া দেয় তখন তন্মধাস্থ বোধির লক্ষণ লোপ পায এবং এই পবিবর্ত্তনেব ফলে তাহাব মধ্যে কতকটা অনিশ্চযতা আসিয়া পড়ে; বৃদ্ধির এক স্বাভাবিক শক্তি আছে যে, নমনীয় বা সাবলীলভাবে সে বস্তুকে নিজেব উপযোগী এবং নিজেকে বস্তুর উপযোগী করিয়া তুলিতে পারে, কখনও কখনও এই শক্তি তাহার সহজ জ্ঞানের স্থান পূর্ণরূপে অধিকার করে অথবা অধিকান না কনিলেও এই শক্তি সহজ জ্ঞানের অনিশ্চয়তার ক্ষেত্রে তাহাকে অধিকতর সাহায্য করে। প্রাণের মধ্যে মনের উন্মেঘ ক্রমপরিণতিশীল সচেতন শক্তির সামর্থ্য এবং প্রসারত। বহুল পৰিমাণে বৃদ্ধি করিয়া দেয়; কিন্তু তাহার সঙ্গে ব্রমের সন্তাবনা এবং প্রসাবতাও তেমনিভাবে বাডিয়া যায়। কেননা ক্রমপরিণতিশীল মন লমকে নিজের ছায়াব মত সর্ব্বদা সঙ্গে লইয়া ফেরে; চেতনা এবং জ্ঞানের প্রসারের সঙ্গে সঙ্গে এ ছায়ার পরিসরও বাডিয়া যায়।

পরিণতির ক্ষেত্রে বহিশ্চেতনা যদি সর্বদা বোধির ক্রিয়ার দিকে নিজেকে বুলিয়া রাখিতে পাবিত তাহা হইলে প্রমের সম্ভাবনা থাকিত না। কেননা বোধি গোপন অতিমানসের দ্বারা বহিঃপ্রেরিত আলোকের একটা তীক্ষ রশ্মি, সে রশ্মি নিক্ষেপের ফলে সত্য চেতনার যে উল্মেম হইত তাহা যতই সীমিত হউক না কেন, তাহার ক্রিয়া হইত নিশ্চিত। এই অবস্থায় কোন সহজ জ্ঞান (instinct) যদি গড়িয়া উঠিত, তবে বোধির কাছে নমনীয় বলিয়া তাহা পরিণতি-ক্ষেত্রের অথবা অস্তরের বা পরিবেশের পরিবর্ত্তনের সঙ্গে নিজেকে মিলাইয়া লইতে পারিত। তেমনি বুদ্ধি যদি গড়িয়া উঠিত তবে তাহা বোধির অধীন হইত এবং তাহাতে বোধিরই ঠিক মনোময় প্রকাশ ইইত; হয়ত নিমুতর কর্ম্মের উপযোগী হওয়ার জন্য তাহার উজ্জ্জ্বতা কিছু কমিয়া যাইত, এখন যেমন কর্ম্মসাধনের পক্ষে বুদ্ধি একটা মুখ্য বৃত্তি তাহা না হইয়া সে তখন একটা গৌণ বৃত্তিতে পরিণত হইত কিন্তু তাহা হইলেও প্রান্তিবশত: বিপথে চলিত

#### **पिया कोवन वार्खा**

না, নিজের মধ্যস্থিত অন্ধকারময় অংশের জন্য মিধ্যা বা আজি দেখা দিত না। কিন্তু তাহা হইতে পারিল না, কেননা যাহার মধ্যে মন এবং প্রাণকে আজ্মপ্রকাশ করিতে হইবে বহিঃসন্তার সেই জড়ময় উপাদানের উপর নিশ্চেতনার প্রভাব এত বেশী যে, বহিশ্চেতনা অন্ধকারাচছনু হইয়া পড়িয়াছে এবং অন্তরের জ্যোতিতে সাড়া দিতে পারিতেছে না; আরও কথা এই যে ইহা নিজের জাটি বা ন্যুনতা বজায় রাখিবার জন্য এবং যাহার ব্যাখ্যা পাওয়া যায় না এমনভাবে অন্তর হইতে যে আভাস বা ইঞ্চিত আসে তাহার স্থানে নিজের অসম্পূর্ণ হইলেও স্থাপ্ট এবং সহজবোধ্য ভাবনা বা ধারণাকে বসাইবার জন্য প্ররোচিত হয়, কেননা ঋতিচিৎ বা সত্যজ্ঞানের ক্রত প্রকাশ প্রকৃতির অভীপ্সিত নয়। কারণ প্রকৃতি মন্থর এবং কষ্টসাধ্য ক্রমপরিণতির পথই বাছিয়া নিয়াছে, এই পথে অতি ধীরে নিশ্চেতনা অবিদ্যারূপে পরিণত হইতেছে এবং উচচতর ঋতিচিৎ এবং সত্যজ্ঞানে দিব্যভাবে রূপান্তরিত হইবার জন্য প্রস্তুত হইবার পূর্বের্ব, অবিদ্যা মিশ্রিত পরিমিত এবং আংশিক জ্ঞানরূপে গড়িয়া উঠিতেছে। ক্রমপরিণতির পথে এই উচচতর রূপান্তর সম্ভব হইয়া উঠিবার পূর্বের্ব, আমাদের অপূর্ণ মনোময় বৃদ্ধি অবস্থান্তর সাধনের একটা অপরিহার্য্য ধাপ।

ব্যবহারিক জগতে পরিণতির ধারা চিৎসত্তার দুইটি কোটির মধ্যে ক্রিয়াশীল হয়, তাহার একটি বাহিরে অবস্থিত নিশ্চেতনা যাহাকে ক্রমশঃ জ্ঞানে রূপান্তরিত করিতে হইবে, অপরটি গোপন এক চিৎশক্তি, যাহার মধ্যে জ্ঞানের সর্ব্বশক্তি আছে এবং যাহাকে নিশ্চেতনার মধ্যে ধীরে ধীরে আত্মপ্রকাশ করিতে হইবে। বাহিরে স্থিত যে নিশ্চেতনার মধ্যে সংজ্ঞান এবং প্রজ্ঞান\* (comprehension and apprehension) শক্তির কোন প্রকাশ নাই সেই নিশ্চেতনাও জ্ঞানে রূপান্তরিত হইতে পারে কেননা অন্তর্গু চূতাবে তাহাতে চিৎশক্তি আছে; নিশ্চেতনার স্বরূপ যদি চেতনার অত্যন্ত বা একান্ত অভাব হইত তাহা হইলে এ রূপান্তর সম্ভব হইত না, কিন্তু যে চেতনা অন্তর্গু চূতাবে আছে তাহা নিশ্চেতনারূপে ক্রিয়াব মধ্য দিয়া সচেতন হইতে চেষ্টা করিতেছে; প্রথমত: নিশ্চেতনা দেখা দেয় অজ্ঞানের অন্ধতমিশ্রা রূপে, প্রয়োজনের তাগিদে, ও বাহ্য অভিযাতে তাহার মধ্যে জাগে বেদনার সাড়া, এবং তাহার

করিয়া করিয় করিয়।
 করিয়া করিয়।

# অনৃত, স্ত্রম, অধর্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার

পর তাহা জানিবার জন্য ব্যাকুল এবং প্রয়াসশীল পবিদ্যার আকারে ফুটিয়া উঠে। তখন জগৎ এবং তন্মধ্যস্থ শক্তি ও বস্তুনিচয়ের সহিত সংস্পর্শ ই জ্ঞান-লাভের উপায়রূপে ব্যবহৃত হয় ; পাথরে চক্মিক ঠোকার মত প্রতি আখাতে জ্ঞানের এক স্ফুলিঙ্গ বাহির হয় ; ভিতর হইতে যে সাড়া আসে তাহাই এই স্ফুলিঙ্গরূপে আত্মপ্রকাশ করে। কিন্তু বাহিরেব নিশ্চেতনা, ভিত্তিরূপে স্থিত অন্তর্গু চূ জ্ঞানের উৎস হইতে আগত এই সাড়া গ্রহণ করে, এবং তাহাকে বশীভূত করিয়া অস্পষ্ট এবং অপূর্ণ কিছুতে রূপান্তবিত করে : বিষয়ের সংস্পর্ণে জাত বোধির সাড়াকে হয় সে পূর্ণরূপে ধরিতে পাবে না, নগ্নতো অনবধাৰতা-বশতঃ বিকৃত করিয়া ধরে ; তথাপি চেতনার সাড়া দেওয়াব এই প্রাথমিক ক্রিয়া-ধারা হইতেই প্রথমে প্রকৃতিসিদ্ধ অথবা অভ্যাসগত সহজ জ্ঞান সঞ্চিত হইতে আরম্ভ হয়, এবং তাহার পর তাহা হইতে গ্রহণশীল বা গ্রহণক্ষম জ্ঞান প্রাথমিক-রূপে দেখা দেয় এবং ক্রমশঃ তাহার সামর্থ্য পৃষ্টি লাত কবে, তাৎপর্য্যগ্রাহী বুদ্ধিবৃত্তি জাগে, গৃহীত অভিঘাতের জবাব দেওয়াব জন্য ক্রিয়াশক্তি দেখা দেয়, এবং পূর্বেদৃষ্ট কর্ম্মে নিযুক্ত হওয়ার প্রেবণা উপস্থিত হয়—এইরূপভাবে যাহাতে অৰ্দ্ধেক জ্ঞান এবং অৰ্দ্ধেক অজ্ঞান আছে তেমন ভাবের এক চেতনা উন্মিষিত হয়। যাহা কিছু জানা আছে তাহাকে আশ্র্য করিয়া সে সকল অজানাব সমুখীন হয়, কিন্তু তাহাব জ্ঞান অপূর্ণ বলিয়া, এবং বস্তুর সংস্পর্ণ অপুর্ণভাবে গ্রহণ করে ও অপুর্ণভাবে তাহাতে সাড়া দেয় বলিয়া একদিকে অজানার নৃত্তন সংস্পর্শের প্রকৃত মূল্য অবধারণ কবিতে পাবে না অন্য দিকে বোধি-জাত সাড়াকেও বুঝিতে পারে না স্থতরাং বিকৃত কবিয়া দেখে। ভাবে দুই দিক হইতে ভুল দারা সে আক্রান্ত হয়।

ইহা স্পষ্ট যে এই সমস্ত অবস্থায় লম পরিণতির একটা প্রয়োজনীয় অঞ্চ; নিশ্চেতনা হইতে যাত্রারম্ভ করিয়া এবং সাধারণ নিশ্চেতনার উপাদানেব মধ্য দিয়া চেতনার যে ক্রমপরিণতি জ্ঞানের দিকে মন্থর গতিতে অগ্রসর হইতেছে, তাহার প্রায় অনিবার্য্য প্রয়োজনীয় অবস্থা এবং যন্ত্র অথবা প্রায় অপারহার্য্য ধাপ বা স্তর রূপে লম দেখা দেয়। উন্মিষস্ত চেতনাকে এক পরোক্ষ উপায়ে জ্ঞানার্জন করিতে হয়, যাহা আংশিকভাবেও নিশ্চয়তা দিতে পারে না; কেননা বিষয়ের সজে সংস্পর্শে প্রথমে পাওয়া যার কেবল একটা রূপাতাস বা একটা চিহ্ন, একটা প্রতিরূপ বা জড়ধর্মী একটা কম্পন, তাহা হইতে প্রাণচেতনায় জ্ঞাগে একটু অনুভূতি, তাহার পর তাহাকে ইক্রিয় এবং মন দিয়া ব্যাখ্যাত এবং

### দিবা জীবন বাৰ্ত্তী

অনুরূপ মনোময়ভাবে বা রূপে পরিণত করিতে হয়। এইভাবে অনুভঙ এবং মন হারা জ্ঞাত বস্তু বা বিষয়সমূহকে নানা বিচিত্র সম্বন্ধে সম্বন্ধ করিতে হয়, যাহা জানা হয় নাই, তাহাকে পর্য্যবেক্ষণ ও আবিষ্কার করিতে এবং পূর্বে-লব্ধ অনুভূতি ও জ্ঞানের সমষ্টির মধ্যে যথাযথভাবে স্থাপিত করিতে হয়। প্রতি পদে বহু তথ্য , অর্থ, ব্যাখ্যা, বিচার ও সম্বন্ধের নানা বিচিত্র সম্ভাবনা আসিয়া উপস্থিত হয় ; তাহাদিগের কতককে পরীক্ষা ও বর্জন আবার কতককে গ্রহণ ও সমর্থন করিতে হয়; জ্ঞানার্জনের সম্ভাবনাকে সীমিত এবং ক্ষুণু না করিয়া ভ্রমের হাত হইতে মুক্তি পাওয়া অসম্ভব হইয়া পড়ে। পর্য্যবেক্ষণ মনের ক্রিয়াব প্রথম সাধন বা যন্ত্র, কিন্তু তাহা একটি জটিল ক্রিয়াধারা, তাহার প্রতিপদে অবিদ্যাচছনু পর্য্যবেক্ষণকারী চেতনার ভুল করিবার সম্ভাবনা আছে ; ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়মানস সহজেই তথ্যের মূল্য ভুলভাবে অবধারণ করে; তাহা ছাড়া বিষয় গ্রহণের সময় আমরা ভুল করিয়া কতক বাদ দিয়া ফেলি, তথ্য বাছিতে বা তথ্যাবলি একত্র সমাবেশ করিতে ভুল করি ; তদুপরি আমর। আমাদের ব্যক্তিগত সংস্কার বা প্রতিক্রিয়া দারা অজ্ঞাতসারে বস্তুতে প্রান্তি যোজনা করি, তাই বস্তুর প্রতিরূপের যে ছবি অঙ্কিত করি তাহা মিখ্যা বা অপূর্ণ জটিনতায় ভরা বস্তু হইয়া পড়ে; এই সমস্ত ভুলের সঙ্গে অনুমানের ভুল, বিচারের ভুল, বৃদ্ধি দিয়া বস্তু তথ্যের ব্যাখ্যায় ভুল আসিয়া যুক্ত হয়, তথ্যাবলির সন্ধলনই যেখানে নিশ্চিত এবং পূর্ণ নয় সেখানে তাহাদিগকে ভিত্তি করিয়া সিদ্ধান্ত খাড়া করিলে তাহাও যে অপূর্ণ এবং অনিশ্চিত হইবে এ কথা বলাই বাহুল্য।

জ্ঞানার্জনে আমাদের চেতনা জানা হইতে অজানার দিকে অগ্রসর হয়; লব্ধ অভিক্রতা, স্মৃতি, সংস্কার ও বিচার দিয়া আমরা বস্তুর বৈচিত্রো ভরা একটা মনোময় কাঠামো খাড়া করি তাহাতে একটা দৃঢ়তা থাকিলেও, তাহার বিভিন্ন অবয়বের মধ্যে একটা পরিবর্ত্তন, একটা বিকার বা বিবর্ত্তন সর্ব্বদা লাগিয়া থাকে। নূতন কোন জ্ঞান লাভ হইলে তাহা পুরাতন জ্ঞানের আলোকে বিচার করিয়া দেখা হয় এবং পুরাতন কাঠামোর সঙ্গে জোড়া দেওয়া হয়; যদি জোড় না মিলে তবে হয় কিছু ছাঁটিয়া ফেলিয়া নূতনকে পুরাতনের সঙ্গে কোনরূপে জোড়া হয় (dovetailed) অথবা নূতনকে বর্জন করা হয়। কিছু আমাদের বর্ত্তমান জ্ঞান, তাহার কাঠামো অথবা তাহার মানদণ্ড নবলব্ধ বিষয় বা নবলব্ধ জ্ঞানের ক্ষেত্রে প্রযোগ্যোগ্য না হইতে পারে, জোড়া দিতে গিয়া হয়ত জোড়া লাগে নাই অথবা অমসন্ধূল প্রতিক্রিয়াবশেই তাহাকে বর্জন

# অনৃত, ভ্ৰম, অধন্ম এবং অশুভের উৎপত্তি এবং প্ৰতিকার

করা হইয়াছে। এইভাবে তথ্যের বাস্ত মূল্যাবধারণ এবং ভুল ব্যাধ্যার স**ঙ্গে** সাসিয়া জ্ঞানের অপপ্রয়োগ, তথ্যের ভুল যোজনা, অযথার্ধ ব্যাখ্যা, এবং মিথ্যা বর্ণনা যুক্ত হইয়। মনোময় প্রান্তির এক জটিল যন্ত্র প্রস্তুত হয়। আমাদের মনো-রাজ্যের এই আলো-ছায়ার মধ্যে এক অন্তর্গ চ বোধি ক্রিয়াশীল হইয়া আছে. সত্যের একটা আবেগ ও প্রেরণা আছে যাহা ভ্রম সংশোধন করে অথবা ভ্রম সংশোধনের জন্য এবং বস্তুর একটা খাঁটি ছবি আঁকিবার এবং জ্ঞানের খাঁটি ব্যাখ্য। দিবার জন্য চেষ্টা করিতে বৃদ্ধিকে প্রণোদিত করে। কিন্তু মন বোধির দেওয়া খবর বা ইশারার প্রকৃত মূল্যাবধারণ করিতে পারে না, তাই মানুঘের মনে বোধির অধিকার সঙ্কীর্ণ হইয়া পড়ে; বোধি সেখানে নিজে স্বাধীনভাবে ক্রিয়া করিতে পারে না ; কিন্তু অনুময় বা প্রাণময় বা মনোময় যে কোন ভূমিতে বোধি ক্রিয়া করুক না কেন, মন যাহাতে তাহাকে গ্রহণ করিতে পারে তজ্জন্য আমাদের প্রাকৃত চেতনার কাছে সে তাহাব নিরাবরণ বিশুদ্ধ রূপে দেখা দেয় না, দেখা দেয় মনের রংএ রঞ্জিত বা প্রচুব মনোময় পরিচছদে সম্পূর্ণরূপে আবৃত হইয়া; এইরূপ ছ্লুবেশে আসিবাব জন্য তাহাব প্রকৃত রূপটি চেনা যায় না. মনের সঙ্গে তাহাৰ সম্বন্ধ কী তাহা বুঝা যায় না, তাহার কি কাজ তাহা জানা যায় না, মানুষের অবিবেচক এবং অর্দ্ধচেতন বুদ্ধি তাহার কর্ম-পদ্ধতি দেখিতে পায় না বা দেখিতে পাইলেও অগ্রাহ্য করে। বাস্তবতার বোধি, সম্ভাবনার রোধি, বস্তুর পশ্চাতে অবস্থিত নিয়ামক সত্যের বোধি প্রভৃতি নানা প্রকার বোধির স্বতম্ব ধারা সাছে, মন ভুল করিয়া তাহাদের এককে অন্য মনে করে। যাহার মর্ম্ম অর্দ্ধেক মাত্র গ্রহণ করা হইয়াছে এইরূপ কতকগুলি এলোমেলো উপা-দানের এক স্থপ, তাহা দারা পরীক্ষামূলকভাবে গঠিত এক কাঠামো, আন্ধা এবং বস্তুরূপের একটা প্রতিরূপ বা মনোময় ধারণ। যাহা আড়ুষ্ট কঠিন অথচ বিশৃখন, অর্দ্ধেক-গঠিত অর্দ্ধেক-গোছানো অর্দ্ধেক-অগোছানো অর্দ্ধেক-সত্য অর্দ্ধেক-মিধ্যা, কিন্তু সর্ব্বদাই অপূর্ণ ; ইহাই প্রাকৃত মানব-জ্ঞানেব সত্য পরিচয়।

শ্রম মাত্রই যে স্বরূপতঃ মিপ্যা হইয়া দাঁড়াইবে একণা বলা যায় না, তাহা কেবল সত্যের একটা অপূর্ণতা, সম্ভাবনাসমূহের একটা পরীক্ষা, তাহাদিগকে সফল করিবার বা জ্ঞানলাভের জন্য একটা প্রচেটা : কেননা, যথন আমরা জানি না অথচ জানিতে চাই তথন অনেক অনিশ্চিত ও অপরীক্ষিত সম্ভাবনা-কেও প্রথমে মানিয়া লইতে হয়; তাহার ফলে ভাবনার এক অপূর্ণ এবং অযোগ্য ভবন গড়িয়া উঠিলেও তাহা অপ্রত্যাশিত দিক হইতে নূতন জ্ঞান আসিবার

### দিবা জীবন বার্ত্তা

ষার খুলিয়া দিয়া নিজেকে সমর্থিত করিতে পারে এবং তখন সে গৃহকে ভাঞ্চিয়া নূতন করিয়া গঠন অথবা তাহা যাহা ঢাকিয়া রাখিয়াছিল তেমন কোন সত্যকে আবিকার করিয়া, আমরা আমাদের জ্ঞান অথবা অভিজ্ঞতার সঞ্চয বৃদ্ধি করিতে পারি। লমের মিশুণ থাকা সত্ত্বেও চেতনা, বৃদ্ধি এবং বিচার-শক্তি এই লম্মুকুল সত্যের মধ্য দিয়া পুষ্টি লাভ করিয়া আদ্বজ্ঞানের এবং জগৎ-জ্ঞানের ম্পষ্টতর এবং সত্যত্তব মূত্ত্বির সাক্ষাৎ লাভ করিতে পাবে। আবরণকারী আদি নিশ্চেতনার বাধা ক্রমশঃ কমিয়া যাইতে পারে, বর্দ্ধমান এক মনোময় চেতনা স্পষ্টতা এবং সমগ্রতায় পৌ ছিতে পারে যাহা সাক্ষাৎ-জ্ঞান এবং বোধিব ক্রিয়াধারাব গোপন শক্তির উন্মেঘের পথ খুলিয়া দিতে পারে, পরিমাজিত এবং জ্ঞানালোকিত যন্ত্ররাজি ব্যবহার করিতে এবং মনোময় বুদ্ধিকে সাক্ষাৎজ্ঞান এবং বোধির প্রতিনিধি এবং পরিণতির বাহ্য ক্ষেত্রে সত্যক্রপ-নির্মাতা হওয়ার শক্তি দিতে পারে।

কিন্তু এখানে ক্রমপবিণতিব দিতীয় এক অবস্থা বা উপাদান আসিয়া উপস্থিত হয়; কেননা আমাদেব জ্ঞানলাভের যে আকৃতি তাহা যে কেবলমারে মনোময় বুদ্ধির সাধারণ সীমাব দারা বাধাগুন্ত একটা নির্ব্যক্তিক মনোম্য ব্যাপার তাহ। নহে ; আমাদের মধ্যে অহং আছে ; দেহের অহং প্রাণের অহং আছে, তাহার। আত্মজ্ঞান এবং জীবন বা জগৎ-জ্ঞান আবিষ্কার কবিতে চার না. চার প্রাণের আন্বপ্রতিষ্ঠা এবং চরিতার্ধতা ; তাহার পরেও আছে মনোময় অহং, সেও চায় নিজের আম্বপ্রতিষ্ঠা, আবার সে প্রধানতঃ চালিত এবং ব্যবহৃত হয় প্রাণের আবেগ দারা, যে আবেগ প্রাণ-ধর্ম এবং প্রাণ-বাসনার পরিপুরণেই উৎস্কুকা মনেব পুষ্টির সঙ্গে সঙ্গে এক মনোময় ব্যক্তিচেতনাও পরিপুষ্ট হইতে থাকে, তাহার সঙ্গে দেখা দেয় ব্যক্তিভাবাপনু মনের সংস্কার, মেজাজ এবং রূপায়ণ। এই বহিশ্চর মনোময় চেতনা অহংকেন্দ্রিক; সে জগৎ এবং জাগতিক ঘটনা সকল নিজের বিশিষ্ট দৃষ্টি-কোণ হইতে দেখে বলিয়া তাহারা বস্তুতঃ যেরূপ, সেরূপে দেখিতে পায় না, তাহারা যে রূপে তাহাকে প্রভাবিত করে সেই রূপেই দেখে। কোন বস্তুকে দেখিবাব সময় তাহার যেদিকে ঝোঁক আছে, তাহার মেজাজ যেরূপ, সেই দিকে বা সেইরূপে সে বস্তুকে ঘুরাইয়া ধরে; তাহার নিজ মনের পছন্দ এবং স্থবিধা অনুসারে সত্যকে সাজাইয়া বাখে তাহার কোন অংশকে বাছিয়। লয়, কোন অংশকে বর্জন করে, এই মনোময় ব্যক্তিত্ব হার। পর্যাবেক্ষণ বিচার ও যুক্তি প্রভাবিত বা নিয়ন্ত্রিত এবং ব্যষ্টিব্যক্তি এবং অহংএর

# অন্ত, ভ্রম, অধর্ম এবং অন্তভের উৎপত্তি এবং প্রতিকার

প্রয়োজন অনুসারে সে সমস্ত স্বীকৃত ও গৃহীত হয়। এমন কি মন সত্য এবং যুক্তির অবিমিশ্র নৈর্ব্যক্তিকতায় একাস্তভাবে পৌঁছিতে চাহিলেও, তাহার পক্ষে তাহা অসম্ভবই থাকিয়া যায় ; বৃদ্ধি যতই মাজিত সতর্ক এবং কঠোর হউক না কেন, তথ্য ও ভাব সংগ্রহের এবং আহরিত তথ্য দিয়া মনোময় জ্ঞান,গঠনের সময়, সে নিজের অজ্ঞাতনারে সভ্যাকে যেভাবে মোচড় দেয় বা ঘুনাইযা ধরে, তাহা নিজেই ধবিতে পারে না। এইখানেই সত্যকে বিকৃত বা নিখ্যা করি-বার শক্তি বা ঝোঁকের, অচেতন বা অর্দ্ধচেতনভাবে ভুল কবিবার প্রবণতা বা ইচ্ছার এক অফুরম্ব উৎস রহিয়াছে, দেখিতে পাই যে স্পইভাবে সত্য এবং মিখ্যার বিবেক বা অনুভব না কবিয়া ব্যক্তিগত পছন্দ, উপযোগিতা, মেজাজ-গত নিৰ্বাচন অথবা পূৰ্বকৃত সিদ্ধান্ত অনুসারে পবিচালিত হইয়াই আমবা ভাব বা তথ্যাবলি গ্রহণ করি। এখানেই আমবা অসত্যের বীজ অঙ্কবিত এবং বন্ধিত হইবার উর্বের ক্ষেত্র দেখিতে পাই ; অথবা দেখিতে পাই যে একটা বা বহু দরজা খোলা আছে যাহার মধ্য দিয়া মিখ্যা চোরেব মত গোপনে অথবা দস্মার মত সবলে অখচ গ্রহণ-যোগ্যভাবে প্রবেশ করিতে পারে। অবশ্য সত্যও এ পথে প্রবেশ করিতে এবং এখানে বাস করিতে পারে, কিন্তু স্বাধিকারের 

সাংখ্য দর্শনের মনস্তত্ত্ব অনুসারে আমরা ব্যক্তি-সনের তিন প্রকার বিভাব পৃথক কবিয়া দেখিতে পাই; তামসিক, বাজসিক এবং সাত্ত্বিক। যাহা অম্পষ্টতা এবং অসাড়তা হারা শাসিত, যাহা নিশ্চেতনা হইতে প্রথমে জাত হইয়াছে, তাহা তামসিক; যাহা বাসনা বা ভাবাবেগ এবং গতিও কর্ম্মচাঞ্চল্য হারা পরিচালিত তাহা রাজসিক; আর যাহা আলোক, স্থমা এবং সামোর ছাঁচে ঢালা তাহা সাত্ত্বিক। তামসিক বুদ্ধির স্থান অনুময় মন, কোন গ্রন্থ বা ব্যক্তি অথবা স্বীকৃত কোন উৎস হইতে যাহা সে অসাড়, অন্ধ এবং নিশ্চেষ্টভাবে গ্রহণ করে, তাহা ছাড়া অন্য কোন ভাব তাহাতে সাড়া জাগায় না; যেন আচছনু হইয়াই সে ভাব গ্রহণ কবে, নিজের বিস্তার সাধন করিতে সে অনিচছুক, নূতন ভাবের অভিবাতে সে অবাধ্য হইয়া উঠে, স্বভাবতঃ সে গোঁড়া—অচলায়তনের অধিবাসী; জ্ঞানের যে কাঠাযে। একবাব সে গ্রহণ করিয়াছে তাহাকে ধরিয়াই সে বসিয়া পাকে, ব্যবহারিক ক্ষেত্রে পুনঃপুনঃ একই ভাবে কাজ করিবাব শক্তিই তাহার একমাত্র শক্তি, আবাব সে শক্তিও অভ্যন্ত, স্মুম্পষ্ট, পুতিষ্ঠিত, পরিচিত এবং নিরাপদ আচারের অনুবর্ত্তনে নিবদ্ধ;

## किया औरम वार्डी

যাহ। কিছু নূতন এবং যাহ। কিছু তাহাকে ব্যতিব্যস্ত করিয়া তুলিবে মনে করে, তাহাকে সে দূরে সরাইয়া দেয়। প্রাণময় মনই রাজসিক বুদ্ধির প্রধান বাসস্থান; ইহা দুই প্রকার, একটা আশ্বরক্ষার জন্য উগ্র এবং আবেগসম্পন্ন, নিজের মনোময় ব্যক্তিশ্বকে উগ্রভাবে স্থাপনে রত এবং যাহা কিছুর সহিত তাহার মিল আছে, ইচ্ছা করিয়া যাহাকে পছন্দ করিয়াছে, ধাহা কিছু তাহার দৃষ্টিভঙ্গীর অনুক্ল বা উপযোগী তাহা প্রতিষ্ঠা করিতেই সে চায় ; কিন্তু যাহা কিছু তাহার মনোময় অহংএর প্রতিকূল অথবা তাহার ব্যক্তিগত বৃদ্ধির কাছে অপ্রিয় বা গ্রহণের অযোগ্য তাহার প্রতি সে খড়গহস্ত; আর এক প্রকার রাজসিক বৃদ্ধি, নিত্য নৃতনের উপাসক, সে আবগময়, জেদী, দুর্দ্ধান্ত, অনেক সময় অপরিমিত গতিশীল, অস্থির এবং নিতা-চঞ্চল, তাহার ভাবনার সে সত্য এবং আলোকের শাসন মানিয়া চলে না ; মনের ক্ষেত্রে লড়াই করিবার তীব আকাঙকা, গতিব উদ্দাসতা এবং বিপদসন্তুল কার্য্যে প্রবৃত্ত হইবার আনন্দই তাহাকে পরিচানিত করে। সাত্ত্রিক বৃদ্ধি জ্ঞাননাতে সর্বেদা সমুৎস্কুক, সত্যের দিকে যতটা পারে সে নিজেকে ততটা খুলিয়। ধরে, সতর্কভাবে সৰ দিক দেখিয়া বিচার বা সমর্থন করে, সত্য বলিয়া যাহা প্রতিষ্ঠিত হইয়াছে তাহার সহিত নিজ মতকে মিলাইয়া লয়, যাহা তাহার গ্রহণযোগ্য অথবা যাহাকে **আপন** উপাদানে পরিণত করা সম্ভব তাহাকে গ্রহণ করে ; স্কুষমাযুক্ত করিয়া সত্যের মনোময় প্রতিমা গঠন করিতে সে পটু; কিন্তু মনের সকল আলোকই স্বাভাবিক-ভাবে সন্ধৃচিত, তাই এ আলোকও সীমিত, এইজন্য সে আপনাকে ততটা বিস্তৃত কবিতে পারে না যাহাতে সমানভাবে সকল সত্য এবং সকল জ্ঞান গ্রহণ করিতে পারা যায়; তাহার এক মনোময় অহং আছে, এমন কি সে অহং আলোকের মধ্যেও বাস করে, তাহার পর্য্যবেক্ষণ, বিচার, যুক্তি, রুচি. নিব্রাচন এই অহং দার। নিয়ন্ত্রিত হয়। অধিকাংশ মানুষের মধ্যে এই তিন গুণের একটির প্রাধান্যের সঙ্গে অপর দুইটির মিশ্রণও থাকে, তাই একই মন এক বিঘয়ে উদার, নমনীয় (বা সাবলীল), স্থঘমাময়, অন্য এক বিষয়ে উদ্দাম গতিশীল, অসহিঞ্, কুসংস্কারাচছনু, বৈষম্য-প্রপীড়িত; আবার আর এক তৃতীয় দিকে আচছ্যুবৃদ্ধি এবং ভাবগুহণে অক্ষম হইতে পারে। ব্যক্তিম্বের এই সঙ্কোচ, এই আন্ধরক্ষার প্রয়াস, যাহাকে নিজ উপাদানে পরিণত করা সম্ভব নর তাহা বর্জন কবিবার এই চেষ্টা ব্যষ্টিসন্তার জন্য প্রয়োজন, কেননা পরিণতির পথে সে যেখানে পৌঁ ছিয়াছে তথায় এক বিশেষ ভাবের আন্ধ প্রকাশ, এক বিশেষ

# অর্ভ, ভ্রম, অধর্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার

ধরণের অনুভূতি এবং তাহার ব্যবহার যে তাহার প্রকৃতিকে নিয়ন্ধিত করিবে ইহা প্রয়োজন; অন্তঃপক্ষে তাহার প্রাণ ও মনের জন্য। আপাততঃ ইহাই তাহার সন্তার বিধান, তাহার ধর্ম। যতদিন পর্যান্ত ব্যক্টি-চেতনা বিশুচেতনায় না পৌঁছিতেছে যতদিন পর্যান্ত সে মনকে অতিক্রম করিয়া যাইবার জন্য প্রস্তুত না হইতেছে ততঁদিন ব্যক্তিভাবের দ্বারা মনোময় চেতনার এবং মনের রুচি ও মেজাজের দ্বারা সত্যের এই সীমানির্দেশ আমাদের প্রকৃতির বিধান বিলয়া মানিয়া লইতে হইবে। কিন্তু ইহা স্পষ্ট যে এই অবস্থা অপরিহার্য্যরূপে এমের উৎপত্তি-স্থান এবং যে কোন মুহূর্ত্তে জ্ঞানের মধ্যে মিখ্যাজ্ঞান, অচেতন বা অর্দ্ধ-ইচছাকৃত আদ্মবঞ্চনা, সত্য জ্ঞানের প্রবেশে অস্বীকৃতি, ক্রচিসন্মত ব্যান্ত জ্ঞানকে সত্য জান বিলয়া প্রচার করিবান তৎপবতা দেখা দিবার কারণ হইয়া দাঁডাইতে পারে।

এই ত গেল জ্ঞানের ক্ষেত্রের কথা, ইচছা ও ক্রিযার ক্ষেত্রেও এই একই বিধান খাটে। অবিদ্যা হইতে অনৃত চেতনা জাত হয়, তাহা হইতে ব্যক্তি. বস্তু এবং ঘটনার সংস্পর্ণে দুষ্ট বা ল্রান্ত সক্রিয় প্রতিক্রিয়া দেখা দেয় ; গোপন অন্তরতম চেতনা হইতে কোন ক্রিথায় প্রবৃত্ত বা নিবৃত্ত হইবাব জন্য চৈত্য-পুরুষের যে অনুশাসন বা ইঙ্গিত আছে, বহিশেচতনা তাহা উপেক্ষা করিতে, ভুল বুঝিতে বা বর্জন করিতে সভাস্ত হইতে থাকে; ইহাব পবিবর্ত্তে অনা-লোকিত মন প্রাণেব ইঙ্গিতেই সে সাড়া দেয় অথবা প্রাণময় অহংএর দাবি এবং আবেপের বশে ক্রিয়া করে। এইখানে পরিণতি ধারার দ্বিতীয় মূল-সূত্র, অনাম্বা বলিয়া প্রতীয়সান জগতের মধ্যে বিবিক্ত প্রাণসভাব আম্বপুতিষ্ঠার বিধান প্রধান হইয়া উঠে এবং বিপুল মর্য্যাদা লাভ করে। বহিশ্চর প্রাণময় ব্যক্তিম বা প্রাণ-আন্ধা (life-self) উগ্রভাবে নিজের প্রভুত্ব যোষণা করে; অবিদ্যাচছনু প্রাণময় সন্তার এই কর্ভূত্ব বা প্রভুত্বই বিসংবাদ এবং বৈষম্যের প্রধান ও সক্রিয় উৎস ; ইহাই জীবনের ভিতরে এবং বাহিরে বিক্ষোভ আনয়ন করে, ইহাই দুষ্কৃতির এবং অনর্থের প্রধান কারণ এবং প্রবর্ত্তক। আমাদের মধ্যস্থিত প্রাকৃত প্রাণ যতক্ষণ অসংযত অনিয়ন্ত্রিত বা অমাজিত থাকে অথবা তাহার প্রাথমিক ধর্ম্ম যতক্ষণ বজায় রাখিতে পাশে, ততক্ষণ পর্য্যস্ত সে সত্য বা সত্যচেতনা বা যথায়থ কর্ম্মের কোন ধার ধারে না ; সে শুধু চায় আত্মপ্রতিষ্ঠা, প্রাণশক্তির পৃষ্টি, চায় অধিকার ও প্রভূত্ব, চায় সকল আবেগ এবং সকল বাসনার পরিতৃপ্তি। প্রাণসতার এই প্রধান প্রয়োজন এবং দাবি

# দিবা জীবন বার্ত্তা

মিটানই তাহার একমাত্র কাজ এবং কর্ত্তব্য হইয়া দাঁড়ায়; তাই সত্য, ন্যায়, মঙ্গল বা অন্য কোন দিকে দৃষ্টি না করিয়া ঔৎস্কত্য সহকারে সে এই কাজ করিয়া যার; কিন্তু সত্তার মধ্যে মন এবং তাহার এই সমস্ত ধারণা আছে, অন্তরাদ্ধা এবং তাহান এই সমস্ত আশ্বানুভূতি আছে বলিয়া প্রাণ মনের উপব প্রভুষ স্থাপন কবিয়া তাহাব নিকট হইতে নিজের আত্মপ্রতিষ্ঠার সঙ্কল্পের অনুমোদন এবং আদেশ, এবং তাহার নিজের আত্মপ্রতিষ্ঠা, বাসনা ও আবেগ সত্য, ন্যায়সঙ্গত এবং মঞ্চলময় এই ঘোষণা, ছকুম করিয়াই আদায় করিতে চেষ্টা করে; যাহাতে নিকণ্টকভাবে পর্ণরূপে আম্বপুতিষ্ঠা করিতে পারে তাহার জন্য এই আম্বসমর্থন সে চায়। কিন্তু একবার মনের সম্মতি পাইলে এই সমস্ত আদর্শকে সম্পূর্ণ-রূপে অগ্রাহ্য করিবার জন্য সে পূর্ণরূপে প্রস্তুত হয় এবং নিজের সন্মুখে একমাত্র যে আদর্শ স্থাপন করে সে হইল প্রাণময় অহংএর পনিতৃপ্তি, পুষ্টি, শক্তি এবং মহিমা অর্জন। বাট প্রাণ চায় প্রতিষ্ঠা ও আত্মপ্রসারণের প্রশন্ত স্থান, জগতের উপর অধিকাব, বস্তু এবং সত্তার উপর প্রভূষ ও পরিচালনার শক্তি, সে চায এই পৃথিবীতে প্রশস্ত অবকাশেব মধ্যে বাঁচিয়া পাকিতে এবং আত্মপ্রতিষ্ঠা করিতে। তাহার নিজেব জন্য এবং যাহাদের সঙ্গে সে সংঘবদ্ধ তাহাদের জন্য, নিজের অহং এবং সংঘগত অহংএর জন্য সে এই সমস্ত চায়, তাহার ভাব, মত, আদশ্, স্বার্থ ও কলপনার জন্য এইসমস্ত তাহার চাই ; কেননা তাহার অহন্তা এবং মমতার এইসমস্ত প্রতিষ্ঠা এবং জগতেন উপন তাহাদের আরোপ করাও তাহার কাম্য অথবা যদি তাহা তাহার সাধ্যে না কুলায় তবে সে ছলে বলে বা কৌশলে অন্য সকলের হাত হইতে এই সমস্ত রক্ষা কবিষা তাহাদিগকে বাঁচাইয়া রাখিবেই. ইহাই সে চায়। ইহাব জন্য চেষ্টা করিতে গিয়া সে যে পথ ধরে তাহা ন্যায়-সঙ্গত বিবেচনা করে অথবা বিবেচন। করিতে চায় অথবা ন্যায়ানুমোদিত বলিয়া প্রচার করে; ইহ। করিতে গিয়। উলঙ্গ বর্বরতা, বলপ্রয়োগ, ছলনা, মিখ্যা, ধ্বংসকর আক্রমণ, অন্য প্রাণ হনন প্রভৃতির আশ্রয় গ্রহণ করিয়াও বসিতে পারে : যে উপায় অবলম্বন করুক না কেন, নৈতিক বুদ্ধিতে যাহাই বোধ হউক না কেন, সংৰ্বতা এই এক তত্ত্ব বা এক বিধানই ক্ৰিয়া করে। শুধু স্বার্থের জগতে নয়, ভাব এবং ধর্মের জগতেও মানুষের প্রাণসত্তা আম্বপ্রতিষ্ঠা, সংগ্রাম এবং বলপ্রয়োগ, অত্যাচার এবং দমন, অসহিষ্ণৃতা এবং অপরকে আক্রমণ করিবার প্রবৃত্তি ও মনোভাব রক্ষা করিতে দিধা করে না ; বুদ্ধিগত সত্য এবং অধ্যাশ্ব-সাধনার জগৎও প্রাণময় অহংতত্ত্বের আরোপের হাত হইতে নিস্তার পায় নাই।

### অনুত, জ্বম, অধর্ম এবং অগুডের উৎপত্তি এবং প্রতিকার

আদ্বিতিষ্ঠার ব্যাপারে যাহা তাহার পুসারণে বাধা দেয় বা যাহা তাহার অংহকে আঘাত করে, আত্মজাহিরকারী এই প্রাণ তাহার প্রতি ঘৃণা ও বিদ্বেম পোমণ করে, এইভাবে উপায় অথবা আবেগ অথবা প্রাণ প্রকৃতির প্রতিক্রিয়া রূপে, ক্রুরতা, বিশ্বাসঘাতকতা এবং সর্বপ্রকার অনর্থের উদ্ভব হয়; সে ্কেবল কামনা ও প্রবৃত্তির চরিতার্ধতা চায় তাহার জন্য ন্যায়ান্যায়ের বিচার করে না, এই চরিতার্ধতার জন্য জালা-যম্বণার এমন কি মৃত্যুর সম্মুখীন হইতেও পশ্চাৎপদ হয় না, কেননা সে যে শুধু আত্মরক্ষাই চায় তাহা নহে, চায় প্রাণের প্রতিষ্ঠা, প্রাণের চরিতার্ধতা, প্রাণশক্তি এবং প্রাণ-সত্তার রূপায়ণ।

ইহা হইতে এ সিদ্ধান্ত করা ঠিক নয় যে প্রাণময় ব্যক্তি শুধু এই ধাতুতে গড়া এবং অনর্থই তাহার স্বরূপ প্রকৃতি। ইহা সত্য যে সত্য এবং শিবই তাহার প্রাথমিক উপাস্য বস্তু নয়, তবু সত্য ও শিবের প্রতি একটা আকর্ষণ তাহার থাকিতে পারে—যেমন আরও স্বতঃস্কৃত্তভাবে আনন্দ এবং সৌলর্য্যেরও প্রতি তাহার একটা সহজ আকর্ষণ আছে। প্রাণশক্তি যাহা কিছু গড়িয়া তোলে তাহার সঙ্গে তাহার সন্তার গভীরে কোন স্থানে এক গোপন আনন্দ গড়িয়া উঠে, তাই আনন্দ দেখা দিতে পারে কল্যাণে এবং অকল্যাণে, সত্যে এবং আবার দেখা দিতে পারে যেমন নিজের তেমনি পরের হর্ষে, স্থাখে ও কল্যাণে। কেননা প্রাণশক্তি শিব ও অশিব এ উভযের মধ্যেই আত্মপ্রতিষ্ঠা চায়; তাহার মধ্যে অপরকে সহায়তা করিবার এবং অপরের সহিত সংঘবদ্ধ হওয়াব আবেগ আছে, আছে পরোপকারের আগ্রহ, আছে ঔদার্য্য, সেহ, নিষ্ঠা ও আত্মত্যাগ ; যেমন সে আত্মস্বার্থ তেমনি বিশ্বহিত সাধনে রত হয়, যেমন অপরকে হনন তেমনি আন্বোৎসর্গ করে; তাহার সকল কর্ম্মের মলে আছে প্রাণশক্তির একই আন্ধ-প্রতিষ্ঠার আবেগ, একই কর্মানজ্জিব বিকাশ এবং তাহাব চবিতার্থত৷ সাধনের আকৃতি। প্রাণময় সত্তার এই ধর্ম এই ধরণের অন্তিহের স্পষ্ট পরিচয আমর। পাই মানবেতর প্রাণীর মধ্যে, যাহার মধ্যে আমরা যাহাকে ভাল মন্দ বলি তাহার স্থান আছে বটে কিন্তু তাহার৷ তাহার কর্ম্মের প্রধান নিয়ামক নয়; মানুষের মনে ধর্মনোধের এবং চৈত্যসন্তান এক বিবেক-শক্তি জাগিয়াছে এবং তাহ। দারা তাহার প্রাণশক্তি নিয়ন্ত্রিত এবং সংযত হয় অথবা সে নিযন্ত্রিত হইযাছে এরূপ ভাব দেখায়, কিন্তু তাহাতে তাহার স্বভাবের কোন পরিবর্ত্তন হয নাই। অধ্যান্ত্ৰণক্তি বা আন্ত্ৰণক্তির ক্রিয়া প্রকৃত সত্তায় যখন পরিস্ফুট হয় নাই,

### দিব্য জীবন বার্ছা

তথন প্রাণময় সন্তা তাহার প্রাণশক্তি এবং তাহার আত্মপ্রতিষ্ঠার আবেগই প্রকৃতির কার্যাসাধনের প্রধান উপায়, এবং এখানে এই স্থূন জগতে ইহার সাহায্য ব্যতীত মন কিম্বা দেহের সন্তাবনাসমূহের সার্থকতা অথবা তাহাদের উদ্দেশ্য সিদ্ধি সন্তব হয় না। যখন আমাদের অন্তরস্থ প্রাণময় সন্তা বা খাঁটি প্রাণময় পুরুষ জাগরিত হইয়া বহিশ্চর প্রাণ-ব্যক্তির (life-personality) স্থান গ্রহণ করিবে তখনই প্রাণময় অহংএর পরিচালনা হইতে আমরা পূর্ণরূপে মুক্ত হইতে পারিব, তখন প্রাণশক্তি আত্মার ভৃত্য এবং আমাদের খাঁটি চিন্ময় সন্তার ক্রিয়ার শক্তিশালী যন্তরূপে পরিণত হইবে।

তাহ। হইলে ইহাই বাষ্ট্ৰিসভার চেতনায় এবং সন্ধলেপ ভ্রম, মিথ্যা, অধর্ম এবং অশিবেব প্রকৃতি এবং তাহাদেব উৎপত্তির কারণ; পরিণতির পথে নিশেচতনা হইতে উদ্ভূত সীমিত চেতনাই ম্রমের উৎপত্তিস্থান; সেই সঙ্কোচ এবং তজুজাত ল্মের উপর ব্যক্তি চেতনাব আগজি হইতে মিখ্যার উদ্ভব হয়, প্রাণময় অহংএর দ্বারা শাসিত অনৃত চেতন। হইতে হয় অশিবের আবির্ভাব। কিন্তু ইহা স্পষ্ট যে তাহাদের আপেক্ষিক সত্ত্য; পরিণতিব মধ্য দিয়া আত্মপ্রকাশের পথে বিশ্বশক্তির হারা উৎক্ষিপ্ত একটা প্রতিভাস মাত্র, ( phenomenon ) তাই এ প্রতিভাসের সার্থকতা ব্রিতে হইলে সেখানেই আমাদিগকে অনুসন্ধান করিতে হইবে। কেননা, আমরা দেখিয়াছি যে ব্যষ্টিবাক্তিভাব প্রতিষ্ঠার জনা, অবচেতনার অব্যবস্থিত পিণ্ডীকৃত উপাদানের সঙ্গে জড়ীভৃত জীবভাবের মুক্তির জন্য, নিশ্চেতনা দারা প্রস্তুত ক্ষেত্রে চেতন-সতার আবির্ভাবের জন্য, প্রাণময় অহংএর উন্মেঘ বিশ্বপ্রকৃতির একটা কৌশল বা একটা যন্ত্র মাত্র; তাহারই অপরিহার্য্য ফল হইল অহংবোধকে কেন্দ্র করিয়া প্রাণের আত্মপ্রতিষ্ঠা। বস্তুত: বাষ্ট্র অহং ব্যবহারিক ক্ষেত্রে কার্য্যকরী একটা কল্পনা, বহিশ্চেতনার ভাষায় গোপন আশ্বার একটা অনুবাদ, অথবা আমাদের বাহ্য অনুভূতির কাছে সত্য আন্ধাব একটা মনোময় প্রতিভূ বা প্রতিচছবি; অবিদ্যার জন্য অন্য कीवांका এवः अञ्चर्यामी मिवाशुक्तम हैटेटा तम विविक्त अवः विष्ठिन् हहेगा আছে, কিন্তু তবুও পরিণতির পথে গোপনে বছম্বের মধ্যস্থিত একম্বের দিকে সে পরিচালিত হইতেছে; স্মীম সে তবু তাহার অন্তরে অসীমে পৌঁছিবার এক আবেগ রহিয়াছে। ইহারই অনুবাদে অবিদ্যাচছনু চেতনার ভাষার দেখা দেয় আত্মপ্রসারণের একটা ইচ্ছা ও আকৃতি, তাই সসীম হইতে চায় অসীম সান্ত (boundless finite) তাই যাহাকে পারে সে নিজের মধ্যে পুরিতে

## অনুত, ভ্রম, অধর্মা এবং অণ্ডভের উৎপত্তি এবং প্রতিকার

চায়, প্রতি বস্তুর মধ্যে প্রবেশ এবং তাহাকে অধিকার করিতে চায়, এমন কি সে অপরের দাবা অধিকৃত হইতেও চায় যদি সে অনুভব করে যে তাহাতে তাহার তৃপ্তি হইবে এবং অপরের মধ্যে বা অপরের সহায়ে তাহার নিজের পুষ্টি হইবে; অথবা সে চায় অপরকে নিজের অধীন করিয়া তাহাব সত্তা এবং শক্তিনিজের অন্তর্ভুক্ত করিতে অথবা তাহা হইতে এমন সাহায্য বা আবেগ লাভ করিতে যাহার ফলে তাহার প্রাণশক্তির আত্মপ্রতিষ্ঠা, তাহার প্রাণের আনন্দ লাভ হইবে, তাহার মনোময় প্রাণময় বা জড়ময় সত্তা সমৃদ্ধ হইয়া উঠিবে।

কিন্তু বিবিক্ত অহং এবং তাহার বিবিক্ত স্বার্থের জন্য এ সমস্ত কৃত হয়, তাহাতে সচেতনভাবে পরম্পর বিনিময় ব। পরম্পরের মধ্যে অনুপ্রবেশ নাই, তাহা একত্ব হারা অনুপ্রেরিত নহে, এইজন্য জীবনে বিসংবাদ সংঘর্ষ এবং বৈষম্য দেখা দেয়; এই বিসংবাদ এবং বৈষম্যের ফলেই যাহাকে আমব। অধর্ম এবং অনর্থ বলি তাহা জাত হয়। পুকৃতি এ সমস্ত স্বীকার করিয়া নেয়, কেননা পরিণতির পথে তাহাবা অবশান্তাবী ঘটনা, খণ্ডিত বা বিবিক্ত সত্তাব পুষ্টির জন্য প্রয়োজন, তাহারা অবিদ্যারই ফল, যাহা বিভাগেব উপর প্রতিষ্ঠিত এরূপ অবিদ্যাচছণু চেতনা যাহা খণ্ডবোধের মধ্য দিয়া ক্রিয়া কবে এরূপ অবিদ্যাচছণু সঙ্কলপ এবং যাহ। বিভাগেই স্থুখ পায় সত্তাব সেইরূপ অবিদ্যাচ্ছনু আনন্দই তাহাদের আগ্রয়। শিব এবং অশিব উভযের মধ্য দিয়াই পরিণতির উদ্দেশ্য সিদ্ধ হয়, সব কিছ তাহাকে কাজে লাগাইতে হয় কেননা কোন সীমিত কল্যাণের সাধনা লইয়ৰ্হি যদি সে থাকে, তবে সে বদ্ধ হইয়া পড়ে এবং অভীপ্সিত পরি-ণতিতে বাধা পড়ে ; তাই যে উপাদানই সে পায় তাহা যথাসত্তব কাজে লাগায়, তাই দেখিতে পাই যাহাকে আমরা শিব বলি তাহা হইতে অশিব এবং যাহাকে অশিব বলি তাহ। হইতে শিব আবির্ভুত হয়, এবং যদি এমনও দেখিতে পাই যে যাহা অশিব বলিয়া বিবেচিত হইত তাহা শিব বলিয়া এবং যাহা শিব বলিয়া বিবেচিত হইত তাহা অশিব বলিয়া গৃহীত হইতেছে, তাহা হইলে তাহার কারণ এই যে আমাদের শিবত্ব এবং অশিবত্বের আদর্শকে পরিণতির বিধান মানিয়া চলিতে হয়, তাই তাহার। সীমিত এবং পরিবর্ত্তনশীল। বোধ হয় যেন পরি-ণামশীল প্রকৃতি বা বিশুশক্তি প্রথমে এই খন্দের কোনটিকে অধিক পছল করে ना. উভয়কে সমানভাবে নিঞ্চের উদ্দেশ্যসাধনের জন্য ব্যবহাব করে। সেই প্রকৃতি সেই শক্তিই মানুষের মধ্যে শিব এবং অশিবের বোধ জাগাইয়। তাহাকে ভারাক্রান্ত করিয়াছে, এবং দঢ়তা সহকারে সে বোধের প্রয়োজনীয়তার

#### क्या क्रीयम वार्खा

উপর জোর দিতেছে, স্কুতরাং স্পষ্টতঃই পরিণতির পথে এই বোধের একটা উদ্দেশ্য আছে ; নিশ্চয়ই ইহার পুয়োজনীয়তা আছে, মানুদের মধ্যে এ বোধকে আসিতেই হইবে যাহাতে সে কোন কোন বস্তু পশ্চাতে কেলিয়া অন্য কিছুর দিকে অগ্রসর হইতে পারে, অবশেষে ভাল এবং মন্দের ছন্দের মধ্য দিয়া এমন এক পরম শিবের মধ্যে সে উন্মিষিত হইয়া উঠিবে যাহা শাশুত এবং অনস্ত ।

কিন্ত কিন্নপে প্রকৃতিপরিণামের এই আকৃতি সার্থকতা লাভ করিবে? সেজন্য কোন্ শক্তি, উপায় এবং আবেগ, নিব্ৰচিন এবং সামঞ্জস্যের কোন তব ও ধারার আশ্রয় গ্রহণ করিবে ? যুগ-যুগান্তর হইতে মানুষের মন সর্বেদাই গ্ৰহণ এবং বৰ্জনেৰ তৰ ৰাছিয়া লইযাছে, এবং তাহা ধৰ্ম্মের অনুশাসন, সামাজিক বা নৈতিক বিধান বা জীবনের নৈতিক আদর্শের রূপ গ্রহণ করিয়াছে। কিন্ত ইহ। ভুয়োদর্শন হারা প্রতিষ্ঠিত চলুতি উপায় হইলেও, সমস্যার মূলে পোঁছিতে পারে না, কেনন। যে রোগ চিকিৎসার জন্য এ ব্যবস্থা, সে রোগের মূল কারণ এবং উৎপত্তি স্থানের পরিচয় সে পায় নাই ; তাই প্রকৃতির উদ্দেশ্যসাধন-পথে ইহাবা কোন ক্রিযাধাবা সম্পন্ন কবে এবং মন প্রাণের মধ্যে এমন কি আছে যাহা ইহাদিগকে আশুয় দেয় অথবা ইহাদের অস্তিত্ব বজায় রাঝে তাহা না বুঝিয়া বাহ্য লক্ষণ মাত্র ধরিয়া আন্দাজে চিল মাবাব মত ইহা একটা চিকিৎসা। তাহা ছাড়া মানুষের শিব এবং অশিবেব জ্ঞান আপেক্ষিক এবং নীতি বা ধর্ম-শাস্ত্র যে আদর্শ খাড়া করে তাহাও আপেক্ষিক এবং অনিশ্চিত, যাহা এক বা অন্য ধর্ম দারা নিষিদ্ধ, সমাজের মতে যাহা ভাল কিয়া মন্দ বলিয়া বিবেচিত, যাহা সমাজের অনুক্ল বা প্রতিক্ল বলিয়া গৃহীত, মানুষের গড়া সাময়িক বিধান দারা যাহা অনুমোদিত বা অগ্রাহ্য, যাহা নিজের বা পরের হিতকর বা অহিতকর ( বা তদুপ বিবেচিত হয় ), এই বা অন্য আদর্শের যাহা অনুগত. যে সহজ জ্ঞানকে আমরা বিবেক বা ধর্মবৃদ্ধি বলি তাহা হারা যাহা প্রণোদিত বা অননুমোদিত—বিজাতীয় এবং বিসদৃশ বিষয় দ্বাৰা গঠিত এই সমস্ত ভাব এবং দৃষ্টিভঙ্গীর একটা মিশ্রণই আমরা যাহাকে নীতিশাস্ত্র বলি সেই জটিন বস্ত ; এই সমস্ত নীতিশান্তের প্রত্যেকের মধ্যে সর্বেদাই সত্য, অর্দ্ধ-সত্য এবং ল্রনের একটা মিশ্রণ থাকে এবং তাহা আমাদের সীমিত মনোময় জ্ঞান-স্জ্ঞানের সকল ক্রিয়াকে অনুসরণ করে। মানবন্ধপে আমাদের দেহ এবং প্রাণের বাসনা এবং সহজ প্রবৃত্তিব, আমানের ব্যক্তিগত এবং সামাজিক ক্রিয়াবলির, অপরের সঙ্গে আমাদের কর্ম্মের উপর মনের শাসন প্রতিষ্ঠা না করিলেই চলে

#### অনুভ, ভ্রম, অধর্ম্ম এবং সঞ্চভের উৎপত্তি এবং প্রতিকার

তনার মৃতিকার মধ্যে তাহার অনাবিষ্কৃত শিকড়গুলি বর্ত্তমান থাকিবে এবং **অবিদ্যার এই পুষ্টিকর** জলবায়ুর মধ্যে বাস করিবে, ততদিন এই বৃক্ষ পুষ্ট ও ৰদ্ধিত হইবে এবং তাহাতে এই দৈত পূষ্প এবং মিশ্ৰজাতীয় ফল দেখা দিবে। ইহা হইতে এই সিদ্ধান্ত হয় যে, ষতক্ষণ পর্য্যন্ত আমরা আনাদের নিশ্চেতনাকে বৃহত্তর চেতনায় আমাদের অবিদ্যাকে পরাবিদ্যায় রূপাস্তরিত করিতে <sup>'</sup>না পারি-তেছি, আশ্বার চিন্ময় সত্যকে আমাদের জীবনের ভিত্তিরূপে গ্রহণ করিতে সক্ষম না হইতেছি, ততদিন পর্যান্ত এ সমস্যার শেষ সমাধান হইতে পারে না। ইহা ছাড়া অন্য সব উপায় সাময়িক কন-কৌশনমাত্র ; অথবা তাহা অন্ধ গলির মত, বাহাতে বহির্গমনের আর পথ নাই ; আমাদের পুকৃতির পূর্ণ এবং আমূল রূপান্তরই একমাত্র সত্য সমাধান। আমাদের আত্মজ্ঞান এবং জ্বগৎ-জ্ঞানের উপর নিশ্চেতনা তাহার আদিম অন্ধকারের ভার চাপাইয়। দিয়াছে এবং অবিদ্যা তাহাকে অপূর্ণ খণ্ড বা বিভক্ত চেতনার উপর প্রতিষ্ঠিত করিয়াছে এবং আমর। সেই অন্ধকার এবং বিভাগের মধ্যে বাস করি বলিয়া আমাদের মধ্যে অনৃত চেতনা এবং অনৃত সঙ্কল্পের উদ্ভব সম্ভব হইয়াছে ; অনৃত চেতনা না খাকিলে ৰম বা অসত্য আসিতে পারিত না, আমাদের সক্রিয় অংশে যদি ৰম বা মিথ্যা না আসিতে পারিত তবে আমাদের মধ্যে অনৃত সঙ্কলপ দেখা দিতে পারিত না ; অনৃত সঙ্কলপ না থাকিলে অধর্মাচরণ বা অনর্ধের আবির্ভাব সম্ভব হইত না. যতক্ষণ পর্যান্ত এই সমস্ত কারণ টিকিয়া থাকিবে তাহাদের ফনও ততক্ষণ আমাদের ক্রন্ম ও স্বভাবে বর্ত্তমান থাকিবে। মনের শাসন ওধু একটা শাসন. তাহাতে রোগ দমিত হইয়া থাকিতে পারে কিন্তু সারে না, মনোময় শিক্ষা, বিধান বা আদর্শ গতানুগতিক ভাবের একটা কৃত্রিম ধারা শুধু স্টি করিতে পারে. যাহার মধ্যে আমাদের কর্ম্ম, যন্ত্রের মত বহু কষ্টের সহিত আবন্তিত হইতে পারে, এবং তাহা আমাদের প্রকৃতির গতি-পথে বাধাগ্রন্ত এবং সীমিত এক **রূপায়ণ মাত্র আরোপিত করে।** এইজন্য চেতনার পূর্ণ রূপান্তর এবং প্রকৃতির আমূল পরিবর্ত্তনই সকল সমস্যার একমাত্র সমাধান, নিস্তারের একমাত্র উপায়।

সন্তা খণ্ডিত, সীমিত এবং বিবিক্ত হইয়া পড়াই যথন সকল বিপত্তিৰ মূল তখন এই রূপান্তরকে হইতে হইবে অখণ্ড পূর্ণ সন্তাতে রূপান্তর, আমাদের সন্তার চেতনার বিভাগ দূর করিয়া অখণ্ড চেতনায় পুন:-প্রতিষ্ঠা; আবার সেই বিভাগ বা খণ্ড ভাবনা জটিন এবং নানামুখী বলিয়া আমাদের সন্তার এক অংশ বা এক

#### **मिया** जीवन दार्ख।

অবনবের রূপান্তবকে অখণ্ড রূপান্তরের স্থলাভিঘিক্ত করিলে চলিবে না। আমাদেৰ অহং ছারা, বিশেষভঃ এবং প্রধানতঃ প্রাণময় অহং এর ছারাই প্রথমে ভেদ স্ফট হয়; প্রাণ্যয় অহংই গ্রবন প্রতাপে এবং অতি স্পষ্টভাবে অন্য সকল সভাকে অনাথা নলিখা নিজ মতা হইতে দূবে সরাইয়া দিয়া ভেদ স্থাষ্ট করে এবং অহংকেক্রিক ও অহংবাদী আন্তপ্রতিষ্ঠার বিধানে আমাদিগকে বাঁধিয়া বারো। এই আন্মপ্রতিষ্ঠাব লগ গইতেই অধর্ম এবং অনর্ম প্রথমে জাত হয়, অণু হু হেতন। ভাৰনামৰ মনে, জনয়ে, প্ৰাণ্যৱ মনে এবং ইন্দ্ৰিয় চেতনায় এমন কি ব্রেং-চেত্রনার এক কণার আধারের সংব্তি খন্ত সম্বন্ধ উংপাদন করে; অনুভ সম্বন্ধ ১৯তে এই সমস্ত যথে ব। কৰণে খন্ত আচৰণ বা খন্ত কৰ্ম জাত হয়, বহুগুণিত লম, ভারমা, ইচচা, অনুভূতি এবং ইন্দ্রিনবোধের বলশাধাযুক্ত বক্রতা দেখা দেয়। ধাহার। অপর তাহার। যতক্ষণ অপবই থাকিয়া বায়, যতমণ তাহার। আনাদের कांद्र नित्वभीय अनाशाय, जांशास्त्र अखन-८८७मा वा दांबा यन श्रांप क्रमंब দেকেৰ প্ৰযোজন বা আকৃতি যতকৰ অলপ জানি বা কিছুই জানি না, ততক্ষণ ভাষ্যদেশ সঙ্কে আনাদেশ আজননাধা জ্যা বা খাটি হউতে পাৰে না। সংঘণীবনের বিশান, প্রযোজন অথবা একতা বাদোর অভ্যাস ২ইতে আমাদের মধ্যে যে যৎ-সানান্য ও অৰুণ সহানুভতি, ভোন এবং গুভেচছা ছাত হন জীবনেব খাঁটি বা ধাত্যা কর্মের পক্ষে তাহ। একেরারে অবর্ষাও। বৃহত্তর মন, প্রশস্ত্তর গদ্য আন্ত উদাৰ এবং প্ৰবন্ধতৰ প্ৰাণশক্তি আনাদিগকে এবং অপরকে কিছ সাহায্য এনং জ্বন্য দক্তিৰ হাত হইতে রক্ষা কবিতে পারে বটে, কিন্ত তাহাও গপ্রচুৰ, ভাগ বহু বাধা ও অনিষ্ট এবং আমাদের ঈপিসত কল্যাণের সহিত যাববেৰ কল্যাপেৰ সংঘৰ্ষ নিৰাৱণ কৰিতে পাৰে না। এমন কি য**খন আম**রা নিজেদের সাম্থনাতার অতি গ্রন্থ করি অথবা মুখন অবিদ্যাবশে নিজেদের বু।দ্ধি এবং জ্ঞানে । আন্য অতি প্রতিক্ত হই তথনও আমাদের অহং এবং অবিদ্যার প্রকৃতি অনুযাবে অহংকেদ্রিক সাম্বপ্রতিষ্ঠাই করি। বিশ্বহিত-সাধন জীবনের বত এবং বিধান বলিখা প্রতণ করিলেও আমাদেব নিকৃতি নাই; ইহা আন্ধ-প্রদাবাশের শক্তিশালী উপায় হইলেও এবং আমাদের ফুদ্রতর অহমিকার সঙ্কোচ থনেক। কাটাইলা দিলেও, ইহা খহমিকাকে একেবারে মুছিয়া কেলে না থখন। নামাদের যে আদ্ধা সকলের সহিত এক, সে আদ্ধায় তাহাকে রূপান্তরিত কবিতে পাবে না : স্বার্থপনের অভ্নিকার মতই বিশুহিতৈষীর অহং শক্তিশালী এবং সর্বেগ্রাসী হইতে পাবে, বরং সে অনেক সময় আরও শক্তিশালী

## অনুত, ভ্রম, অধর্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার

এবং জেদী হয়, কেননা নিজের ধর্মপ্রাণতা সম্বন্ধে সে সচেতন বলিয়া তাহাব মধ্যে দেখা দেয় এক অতিবন্ধিত অহং। অপবেব আত্মার কাছে নিজের আম্বাকে অধীন বা অবনত করিবার ইচ্ছা লইয়া যদি আমাদের আন্বা. মন. প্রাণ ও দেহকে নিগ্রহ করি তবে তাহা আমাদের মক্তিপথে আরও কম সাহায্য করে। খাঁটি আদর্শ হইল এই যে এমন ঋতময়ভাবে আম্বপ্রতিষ্ঠা করিতে হইবে যাহাতে তাহা সকলেন সহিত এক হইতে পাবে; নিজেব আদ্বাকে বলি দেওয়া বা বিকল কবা আদর্শ নয়। কোন কোন ক্ষেত্রে কোন বিশেষ বতুসাধনের জন্য হৃদযের কোন দাবির অথবা কোন সত্য এবং নহৎ বা উচচ উদ্দেশ্যসিদ্ধিব জন্য আন্থবলি দেওয়া প্রয়োজন হইতে পাবে কিন্তু তাহা জীবনাদর্শের ব্যতিক্রম, বিধান বা প্রকৃতি নহে, আম্ববলি দেওযার ইচ্ছা বা প্রচেষ্টাকে অতিমাত্রায বাড়াইয়া তুলিয়া অন্য অহংএব খোনাক যোগান বা তাঘাদিগকে ৰূণা বাডাইয়া তোলা যাইতে পাবে অথবা তাহাতে কোন সমষ্ট্রগত অহংকে অতিকায় কবিয়া তোলাও সম্ভব হইতে পারে কিন্তু তাহাতে আমাদেব কিমা মানবজাতির সত্যকাব আৰোপলা ব। আৰুপ্ৰতিষ্ঠাব পথে আমাদিগকে লইনা যায না। সর্গ বা আম্বদান জীবনেব একটা গভীব সতা এবং অধ্যাম্ব-সাধনাব একটা অপরিহার্য্য অঙ্গ, কেননা, আমাদের অহংএব অপেক্ষা বৃহত্তব কোন কিছুব কাছে আন্নোৎসর্গ বা আন্ধাহ্নতি না দিলে আমাদেব সত্য আন্নপ্রতিষ্ঠা হয না ; কিন্তু তাহা সত্য জ্ঞানের ভিত্তিতে প্রতিষ্ঠিত ঋতময চেতনা এবং ইচছা বা সঙ্কলপ লইয়াই কবিতে হইবে। আমাদের প্রকৃতির আলোকমন সাহিক অংশের, বুদ্ধি, সমতা, সমনুয়, সহানুভূতি, শুভেচ্ছা, কৰুণা, মৈত্ৰী, আন্ধসংযম, ঋতুময় স্থাসাঞ্জন কর্মাণক্তি, এ সমস্তের পুষ্টি ও বৃদ্ধি করাই মনোময় সভার সাধ্যের শেঘ সীমা, কিন্তু সত্তার প্রগতিব পথে ইহা একটা ধাপ, শেঘ গভন্য স্থান নহে। এ গমস্ত চল্তি পথের সমাধান, ইহাতে রোগ উপশম হইতে পাবে কিন্তু আবোগ্য ২য় না, মূল সমস্যার আংশিক সমাধানের জন্য ইহাদেব খুবই প্রয়োজন আছে. এ সমস্ত আপাত নিয়োজিত আদর্শ এবং কৌশল সাম্যাকিভাবে সাহায্য এবং পরিচালনা করিবার জন্য আমাদিগেব সম্মুখে উপস্থাপিত হইয়াছে, কেননা সত্য এবং পূর্ণ সমাধান কবিবাব মত সামর্থ্য এখনও আমরা লাভ করি নাই, তাহা কেবল তখনই লাভ হইবে যখন প্রগতির পথে যথেষ্ট পরিমাণে অগ্রসব হইব, সে সমাধান কি তাহা দেখিতে পাইব এবং তাহা করাই আমাদের জীবনের প্রধান বৃত বলিয়া গ্রহণ করিতে সমর্থ হইব।

## দিব্য জীবন বার্দ্তা

সত্য সমাধানের দেখা কেবল তখনই পাইব, যখন আধ্যাত্মিক পুষ্টি লাভ কবিয়া আমরা দর্শ্বভূতেৰ দহিত একাশ্ব হইব, তাহাদিগকে আমাদেরই আশ্বার অংশ বলিয়া জানিব এবং তাহাদের সহিত আমাদেব ব্যবহার বা আচবণে তাহারা যে আমাদেবই অন্য আত্মা এ বোধ যখন সর্বেদা বর্ত্তমান থাকিবে, কেননা তথন ভেদের ক্ষত নিরাময় হইবে, বিবিজ্ঞ ভাবের যে আন্মপ্রতিষ্ঠা অপরকে আঘাত কবিষা অপবেৰ বিৰুদ্ধে এতকাল আমাদিগকে নিয়োজিত করিয়া আসিয়াছে তখন তাহাব বিধান হইতে মুক্ত হইয়৷ উদার ক্ষেত্রে অপরেব জন্য আমাদের আম্বপ্রতিষ্ঠা এবং অপবেৰ আস্বোপলব্ধি আমাদেৰই আম্বোপলব্ধি এই জ্ঞান এই বিধান দেখা দিবে। স্বভূতে মৈত্রী ও করুণা স্কল ধর্মের নীতি ও আদর্শরূপে গৃহীত হইয়াছে; সকল ধর্মই বলে, প্রতিবেশীকে নিজের মত ভালবাসিবে অপবের কাছে যে আচরণ প্রত্যাশা কর তুমিও তাহাদের সঙ্গে তেমনি আচনণ করিবে, অপরের স্তুখ দুঃখ নিজের স্তুখ দুঃখ বলিয়া বোধ কবিবে, কিন্তু অহমিকার মধ্যে যাহার বাস এমন কোন মানুষ এ সমস্ত পূর্ণভাবে অথবা সঠিকরূপে করিতে পাবে না; দে কেবল মনের দাবী, হৃদয়েব আকৃতি এবং এক উচ্চ আদর্শে অনুপ্রাণিত ইচ্ছাৰ সহিত এ সমস্ত স্বীকাৰ কৰিতে পারে এবং ঐকান্তিক প্রয়াসের ফলে স্থল অহমিকার প্রকৃতিকে কতকা পবিবর্ত্তিত করিতে পারে। নিজের আত্মস্বরূপ বলিয়া জানিব এবং অন্তরঙ্গভাবে মনুভব করিব কেবল তখন এ আদর্শ আমাদের জীবনেব স্বাভাবিক এবং স্বতঃস্ফুর্ত্ত বিধান হইয়। দাঁড়াইবে, এবং যেমন জ্ঞানে তেমনি আচরণে সত্য হইয়া উঠিবে। সহিত একত্ব অর্থ যদি তাহাদেব অবিদ্যাব সহিতও এক হওয়া হয় তবে তাহা যথেষ্ট নয় : কেননা তাহা হইলে অবিদ্যাব বিধান ও ক্রিয়া চলিতে থাকিবে এবং পরিমাণে কিছু কমিলেও এবং প্রবর্ত্তনা ও প্রকৃতি কিছু কোমল হইলেও কর্ম্মে ভ্রম এবং অধর্ম বাঁচিয়া খাকিবে। অপরের সহিত একম মৌলিক হওয়া চাই, কেবল মনে, হাদয়ে, প্রাণস ায়, অহমিকায় এক হইলে চলিবে না—যদিও যপন বিশ্বান্বচেতন হইব তখন তাহার নধ্যে এ সমস্ত অন্তর্ভুক্ত হইবে; সাশ্বায় এবং চিৎসত্তায় এক হইতে হইবে, ইহ। কেবল তখনই আসিতে পারিবে যখন আমবা আত্মচেত্তন। এবং আত্মজ্ঞানের মধ্যে মুক্তিলাভ করিব। অহমিকা হইতে মুক্ত হইযা আমাদেব গাঁচি আৰম্বরূপ উপলব্ধি করাই আমাদের প্রথম প্রয়োজন; তাচারি জ্যোতির্দ্বয় ফলে, অবশান্তাবী পরিণামরূপে অন্য সমস্ত লাভ হইবে। এইজন্য আত্মাৰ আহ্মান সকলের বড বলিয়া গ্রহণ করিতে

### অনৃত, ভ্ৰম, অধৰ্ম এবং অগুভের উৎপত্তি এবং প্ৰতিকার

হইবে, অবিদ্যার মধ্যে অবস্থিত বুদ্ধি, নীতি, সমাজ প্রভৃতি অন্য সকল দাবির উপরে তাহাকে স্থান দিতে হইবে। কারণ কল্যাণের মনোময় বিধান অবিদ্যার রাজ্যেরই বাসিন্দা, তাহা মূল ব্যাধিকে কিছুটা পরিবন্তিত এবং উপশমিত মাত্র করিতে পারে, কিন্তু আরোগ্য করিতে পারে না, কিছুই আধ্যাদ্ধিক রূপান্তরের স্থলাভিমিক্ত হইতে পারে না, একমাত্র সেই রূপান্তরের ফলেই সত্য এবং পূর্ণ শিবস্বরূপকে উপলব্ধি করা যায়, কেননা চিৎস্বরূপের মধ্য দিয়াই আমরা অন্তিম্ব এবং ক্রিয়ার মর্ম্মুলে প্রবেশ করিতে পারি।

অধ্যান্ধ-শাধনায় আন্থাকে লাভ করিবার তিনটি ধাপ আছে, তাহারা একই জ্ঞানের তিনটি অংশ বা পর্বে। তাহাদেব প্রথমটি হইল অন্তরাষ্কার উপলব্ধি, ইহা ভাবনা বাদনা কামনাময় প্রাকৃত আন্ধা নহে, এ আন্ধা আমাদের মধ্যে পরমান্তার অংশ, গোপন চৈত্যপুরুষ। যখন প্রকৃতির উপর এই চৈত্য-পুরুষের প্রভূষ স্থাপিত হয়, যখন আমরা সচেতনভাবে নিজেকে আন্ধা বলিয়া অনুভব করি এবং যখন মন প্রাণ দেহ এই আত্মার করণ বা যন্ত্ররূপে তাহাদের যথাস্থানে স্থাপিত হয় তথন আমর। অন্তবে এক দিশাবীর সন্ধান পাই, যিনি সত্য শিব স্তুন্দর এবং আনন্দ-স্বরূপকে জানেন, তাহার জ্যোতির্ন্ময় বিধান দার। আমাদের বৃদ্ধি ও হৃদয়কে নিয়ন্ত্রিত করেন এবং আমাদের জীবন এবং সন্তাকে চিন্ময় পূর্ণতার দিকে লইয়া যান। এমন কি অবিদ্যাব অন্ধকারময় ক্রিয়াবলির মধ্যেও তথন এক সাক্ষীপুরুষের সন্ধান পাওয়া যায় যিনি সবকিছু দেখেন এবং বুঝেন, এক জীবন্ত জ্যোতি দেখা যায় যাহ৷ স্বকিছু আলোকিত করে, এক ইচ্ছাশক্তিব দর্শন মিলে যাহাকে বিপথগামী করা যায় ন: এবং যাহা মনের সত্যকে তাহার ভ্রম হইতে পৃথক কবিয়া দেখে, হৃদয়ের গভীর সাড়াকে তাহার উপর অধর্ম্মের আহ্বান এবং দাবি হইতে বিযুক্ত করে, জীবনের বাঁটি উদ্দীপনা এবং প্রবল গতিকে প্রাণের বাসনা, প্রাণ-প্রকৃতির মলিন মিধ্যাচাব এবং অন্ধকার-ময় স্বার্থানের্ঘণের হাত হইতে বাঁচাইয়া রাখে। অহংএর স্থানে অন্তরাদ্বাকে দিব্য চৈত্যব্যক্তিপুরুষকে সিংহাসনে বসানই আন্নোপলন্ধির প্রথম ধাপ। বিতীয় ধাপ আমাদের মধ্যে অজ শাণুত যে আন্ধা যিনি সকল সত্তার আন্ধার স্থিত এক তাঁহাকে জান। এই উপলব্ধিতে আমাদেব মুক্তি হয়, আমাদের চেতনা বিশুময় প্রসারতা লাভ করে; অবিদ্যার ক্রিয়া-ক্ষেত্রের মধ্যে তখনও আমাদের ক্রিয়া চলিতে পারে কিন্তু তাহ। আর বন্ধনের কারণ হয় না বা কুপথগামী করে না কেননা আমাদের অন্তর-পুরুষ তখন আম্বক্তানের আলোকে সমাসীন।

## দিবা জীবন বাৰ্ত্ত।

তৃতীয় ধাপ হইল পুরুষোত্তমকে জানা, যিনি যুগপৎ বিশ্বাতীত পরমান্ধ। এবং আমাদের সার্বজনীনতার অধিষ্ঠানে বিশ্বপুরুষ, আবার তিনি আমাদের প্রত্যেকের হৃদয়-সন্নিবিষ্ট ভগবান, আমাদের চৈত্যপরুষ বা আমাদের প্রকৃতির মধ্যে পরিণামশীল খাঁটি ব্যষ্টিসত্তা যাহার অংশ, একটি স্ফুলিঙ্গ, একটি শিখা : যে শিখা পুষ্ট এবং বন্ধিত হইয়া যাহ। হইতে সে প্ৰজ্ঞানিত হইয়াছে সেই শাশুত প্রদীপ্ত পাবকে পবিণত হয়, যে শিখাই সেই পাবকের সাক্ষীরূপে তাহার আলোক এবং শক্তি, আনন্দ এবং সৌন্দর্য্যের সচেতন বাহক বা যন্ত্ররূপে আমাদের মধ্যে নিত্য অবস্থিত আছে। পুরুষোত্তমকে আনাদেব সত্তা এবং কর্মের প্রভু জানিয়া আমন। তাহার দিব্য শক্তিপ্রবাহের প্রণালিকা বা খাতে পরিণত এবং আমাদেব মধ্যস্থ সেই আলোক এবং শক্তিব বিধান ও নির্দেশ অনুসাবে আমর। ক্রিয়ারত হইতে শিখিতে পারি। আমাদের কর্মেব উপর তখন প্রাণের বাসনাব প্রভুষ থাকিবে না অথবা তাহা মনোময় আদর্শ দ্বাবা শাসিত হইবে না, কারণ সে দিব্যশক্তি বস্তুর শাণুত অথচ সাবলীল সত্য অনুসারেই ক্রিয়া করে—মনগড়া কুত্রিম সত্য অনুসাবে নয়; কিন্তু তাহা হইবে প্রত্যেক ক্রিয়ার প্রত্যেক ঘটনার সেই উচ্চতর গভীবতর এবং সৃক্ষ্যুত্তব সতা, যাহা পরমজ্ঞানের পক্ষে জানা আছে এবং যাহা সফল করিবাব দাবি বিশ্বের পরম ইচছাশক্তির মধ্যে নিহিত আছে। জ্ঞানের মুক্তিতে তখন ইচছা বা সঙ্কলেপরও মুক্তি ঘটে, ইহাই তাহাব সক্রিয পরিণাম; জানই আনাদিগকে নির্ম্মল করে, সত্যই মুক্তি দেয়; অনর্থ আম্ব-মবিদ্যার ফল, চিন্ময় চেতনার উন্মেঘ এবং পুষ্টিতে এবং অধশন্ধ জ্ঞানের আলোকে তাহা দূর হয়। অপর সভার সহিত আমাদের সত্তার ভেদজ্ঞানের ক্ষত কেবল তখনই নিরাময় হইবে যখন আমাদের পুকৃতি এবং অন্তরম্ব আত্ম-সত্যের (soul-reality) বিচেছদ দূব হইবে, আমাদের সম্ভূতি এবং আক্সমভার মধ্যস্থিত আবরণ উন্মোচিত হইবে, পূকৃতির মধ্যস্থিত ব্যষ্টিপক্ষের সঙ্গে সর্ব্বগত দিবা-পুরুষের — যিনি প্রকৃতিব মধ্যস্থ এবং পুকৃতির উপরস্থ সত্য বস্ত — দুরুদ্বের উপর সেত্ৰন্ধন হইবে।

শেষ যে ভেদ দূর করিতে হইবে তাহা হইল এই অপরা প্রকৃতি এবং যাহা ভগবানের আম্মণজ্জি সেই পরাপুকৃতির মধ্যগত বিচেছদ। আজিও যথন জ্ঞান ও অজ্ঞানের সক্রিয় মিশ্র শক্তি আমাদের আধার হইতে দূব করা যায় নাই, যখন চিৎসত্তার বিকল বাহন বা যন্ত্ররূপে সে শক্তি ব্যবহৃত হইতেছে, তখনও

### অনৃত, ভ্রম, অধর্ম এবং অশুভের উৎপত্তি এবং প্রতিকার

দে পরমাশক্তি বা পরাপুকৃতি আমাদের মধ্যে ক্রিয়া করিতে পারে এবং আমরা তাহার ক্রিয়ার ধারা জানিতে পারি, কিন্তু ভগন অপরা প্রকৃতির মধ্যন্থিত মন প্রাণ দেহ যাহাতে গ্রহণ ও ধারণ করিতে পারে তহুজন্য তাহাব আলোক এবং শক্তিকে ন্তিমিত এবং থবর্গাঝাবে আসিতে হয়। কিন্তু এ অবস্থালাভও যথেষ্ট নহে; আমরা যাহা কিছু তাহার সবকে পুনরান পূর্ণক্রপে দির্য পরাপুকৃতির দির্য ভাব এবং দিয়ে বীর্যো নালাই করিতে শইরে, ইহাই প্রযোজন । আমাদেব সন্তা অথও পূর্ণতা লাভ করিতে পারিরে না যদি তাহার সক্রিয় ক্রিয়াশক্তির এই রূপান্তর না ঘটে; প্রকৃতির সকল ভাবধারাকে এই ভাবে উদ্বেশ্ব তুলিতে এবং রূপান্তরিত করিতে হইরে, কেবলমাত্র সন্তার অধ্যার নাবাকে কিছু পরিমাণে আলোকিত এবং পরিবাধিত করিবে আমাদের সাভাবিক সকল ভাব ও ক্রিয়াধারাকে উপরে ভ্রিয়া, দিরাকার করিবে আমাদের হারিয়া, দিরাকার সাধার হারিয়া, তাহার নিজের সন্তা, জান এবং ক্রিয়ানার বিলেত করিবে হারিয়ার হারীয়া, করিয়ানার করিবে মানাকে উপরে ভ্রিয়া, দিরাকার হারীয়ার হারীয়ার হারীয়ার বার্যার স্বান্তর সক্রিয়া অম্বুতি, সত্য গতি এবং সত্যক্রিয়া আমাদের প্রকৃতির প্রির্থি বিনান হইয়া দাঁচাইরে।

#### সংশোধন

নিভূলি করিবার বিশেষ চেষ্টা সংস্থেও কিছু কিছু ছাপার ভূল বহিনা গিরাছে। ছাপিবার সমর কোন কোনও অকরের উপরের নীচের অথবা পার্শ্বের চিহ্ন (বধা আকার, ইকার, উকার, রেফ্ প্রভৃতি) কোথাও কোথাও ভালিয়া গিরাছে। ব্রিবার বিশেষ অস্থ্রিধা হইবে না মনে করিয়া সাধারণতঃ এ ধংপের ভূল সংশোধনে ধরা হয় নাই। যে কয়টি অপেকারুত গুরুতর ভূল চোপে পড়িয়াছে নিয়ে তথু তাহাই দেওয়া হইল।

পৃষ্ঠা	इब	যাহা আছে	থা <b>হা হ</b> ইবে
Œ	২৩	ক্বিতে পারি,	করিতে, তাহাদের অনেককে কাজে লাগাইণ্ডে পারি ;
১৬	>>	তখনই	<b>ও</b> খন <b>ও</b>
₹8	२४	<b>অনভ</b> ব	অনুভব
99	51	জ্ঞানে ও	<b>জালে</b> ও
8 7	74	রা	রাখি
৬৭	•	<b>ম</b> ক্তিতে	<b>মৃক্তিতে</b>
<b>F3</b>	٦	ব্দাত্মার	আত্মারা
202	*	ভগণানের নর-প্রকৃতি	ভগবানের উপর নর-প্রকৃতি
740	•	গঠন- মতা	গঠন-ক্ষমত†
288	36	চম্বকের	চ্ <b>থকে</b> র
200	2¢	। ्व	<b>সূ</b> ল
>09	₹.	পরাভাবের	পরাভবের
744	₹8	গ্ৰহীত	গৃহীত
६७५	>	পরী	পুরী
26)	२७	পারে	পারি
२४१	२७	থেলিতে	দেখি:ত
<b>૭</b> ૨૯	30	<b>সমাহিত</b>	<b>সমাহ</b> ত
P 30	73	পর্ব্ব	পূৰ্ব্ব
<b>960</b>	200	ভাহারা াকে না	ভাহারা থাকে না
<b>GF2</b>	२२	সম্ম	<b>শহ্ব</b>
<b>%</b>	•	<b>हेरा</b> न	<b>रेशको</b>